শ্রীভগবান্ বলিলেন,—পণ্ডিতগণ কাম্য কর্ম্মসমূহের পরিত্যাগকে সন্ন্যাস বলিয়া জানেন ও জ্ঞানিগণ নিখিল কর্ম্মের ফলত্যাগকে ত্যাগ বলিয়া থাকেন॥ ২

সাংখ্যবেত্তাসকল 'কর্ম্ম দোষবিশিষ্ট' এই হেতু পরিত্যাগ করা কর্ত্তব্য বলেন। মীমাংসকগণ 'যজ্ঞ, দান ও তপস্যাকর্ম্ম পরিত্যাজ্য নহে' ইহা বলিয়া থাকেন॥ ৩

নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সম্প্রকীর্ত্তিতঃ॥ ৪
যজ্ঞ-দান-তপঃকর্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্॥ ৫
এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুত্তমম্॥ ৬
নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্মণো নোপপদ্যতে।
মোহাৎ তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ॥ ৭
দুঃখমিত্যেব যৎ কর্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ॥ ৮

গুরুপাঠাদ্ অনুশ্রূয়ত ইত্যনুশ্রবো বেদস্তদ্বোধিতঃ। তত্রাবিশুদ্ধির্হিংসা তয়া ক্ষয়ো বিনাশঃ। অগ্নিহোত্র-জ্যোতিষ্টোমাদিজন্যং স্বর্গেষু তারতম্যং চ বর্ত্ততে, পরোৎকর্ষস্তু সর্ব্বান্ দুঃখীকরোতি। অপরে তু মীমাংসকা যজ্ঞাদিকং কর্ম্ম ন ত্যাজ্যমেবেতি প্রাহুঃ। অয়ং ভাবঃ—ক্রত্বর্থাপি সতীয়ং হিংসা পুরুষেণ কর্ত্তব্যা, সা চান্যোদ্দেশেনাপি কৃতা পুরুষস্য প্রত্যবায়হেতুরেব, তথাহি বিধির্বিধেয়স্য তদুদ্দেশেনানুষ্ঠানং বিধত্তে, তাদর্থ্যলক্ষণত্বাত্তচ্ছেষত্বস্য ন ত্বেবং নিষেধো নিষেধস্য তদর্থ্যমপেক্ষতে প্রাপ্তিমাত্রাপেক্ষিতত্বাৎ, অন্যথা অজ্ঞানপ্রমাদাদিকৃতে দোষাভাবপ্রসঙ্গাৎ, তদেবং সমানবিষয়ত্বেন সামান্যশাস্ত্রস্য বিশেষেণ বাধান্নাস্তি দোষবত্ত্বম্, অতো নিত্যং যজ্ঞাদি কর্ম্ম ন ত্যাজ্যমিতি অনেন বিধিনিষেধয়োঃ সমানবলতা বার্য্যতে সামান্যবিশেষন্যায়ং সম্পাদয়িতুম্॥ ৩

টীকা—এবং মতভেদমুপন্যস্য স্বমতং কথয়িতুমাহ—নিশ্চয়ং শৃণ্বিতি। তত্রৈবং বিপ্রতিপন্নে ত্যাগে নিশ্চয়ং মে বচনাচ্ছৃণু। ত্যাগস্য লোকপ্রসিদ্ধাৎ কিমত্র শ্রোতব্যমিতি মাবমংস্থা ইত্যাহ—হে পুরুষব্যাঘ্র! পুরুষশ্রেষ্ঠ! ত্যাগোঽয়ং দুর্বোধো হি যস্মাদয়ং কর্ম্মত্যাগস্তত্ত্ববিদ্ভিস্তামসাদিভেদেন ত্রিবিধঃ সম্যগ্বিবেকেন প্রকীর্ত্তিতঃ। ত্রৈবিধ্যঞ্চ—নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণ ইত্যাদিনা বক্ষ্যতি॥ ৪

টীকা—প্রথমং তাবন্নিশ্চয়মাহ—যজ্ঞেতি দ্বাভ্যাম্। মনীষিণাং বিবেকিনাং পাবনানি চিত্তশুদ্ধিকরাণি। যেন প্রকারেণ কৃতান্যেতানি পাবনানি ভবন্তি তৎপ্রকারং দর্শয়ন্নাহ—এতান্যপীতি। যানি যজ্ঞাদীনি কর্ম্মাণি ময়া পাবনানীত্যুক্তানি এতান্যপ্যেবং কর্ত্তব্যানি। কথম্? সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ত্যক্ত্বা কেবলমীশ্বরারাধনতয়া কর্ত্তব্যানি, ফলানি চ ত্যক্ত্বা কর্ত্তব্যানীতি নিশ্চিতং মে মতম্; অতএবোত্তমম্॥ ৫-৬

টীকা—প্রতিজ্ঞাতং ত্যাগস্য ত্রৈবিধ্যমিদানীং দর্শয়তি—নিয়তস্যেতি ত্রিভিঃ। কাম্যস্য কর্ম্মণো বন্ধকত্বাৎ সংন্যাসো যুক্তঃ; নিয়তস্য তু নিত্যস্য পুনঃ কর্ম্মণঃ সংন্যাসস্ত্যাগো নোপপদ্যতে সত্ত্বশুদ্ধিদ্বারা মোক্ষহেতুত্বাৎ। অতস্তস্য পরিত্যাগ উপাদেয়ত্বেঽপি ত্যাজ্যমিত্যেবং লক্ষণান্মোহাদেব ভবেৎ; স চ মোহস্য তামসত্বাত্তামসঃ পরিকীর্ত্তিতঃ॥ ৭

টীকা—রাজসং ত্যাগমাহ—দুঃখমিতি। যঃ কর্ত্তা আত্মবোধং বিনা কেবলং দুঃখমিত্যেবং মত্বা শরীরায়াসভয়ান্নিত্যং কর্ম্ম ত্যজেদিতি যত্তাদৃশস্ত্যাগো রাজসো

হে ভরতপ্রধান পুরুষশ্রেষ্ঠ! এই ত্যাগবিষয়ে আমার বাক্য হইতে নির্ণয় শ্রবণ কর,—ত্যাগও ত্রিবিধ বলিয়া কথিত হয়॥ ৪

যজ্ঞ, দান ও তপস্যারূপ কর্ম্ম ত্যাগ করা উচিত নহে, তাহা করা অবশ্য কর্তব্য, কেননা যজ্ঞ-দান-তপস্যা জ্ঞানিগণের পবিত্রতা-বিধায়ক॥ ৫

হে পার্থ! এই কর্ম্মসকল আসক্তি ও ফল-কামনা ত্যাগ করিয়া অনুষ্ঠান করা উচিত। ইহা আমার নিশ্চিত সর্ব্বোৎকৃষ্ট অভিমত॥ ৬

সন্ধ্যা প্রভৃতি নিত্যকর্ম্ম ত্যাগ করা যুক্তিসঙ্গত নহে; অজ্ঞানবশে তাহার পরিত্যাগ তামস বলিয়া কথিত হইয়া থাকে॥ ৭

যে কর্ত্তা আত্মজ্ঞান ব্যতীত কর্ম্ম করা দুঃখকর বলিয়া শরীরের আয়াস-ভয়ে নিত্যকর্ম্ম ত্যাগ করে, (দুঃখ রাজস) সে তজ্জন্য রাজস ত্যাগ করত জ্ঞাননিষ্ঠা-লক্ষণ ত্যাগফল লাভ করে না॥ ৮

কার্য্যমিত্যেব যৎ কর্ম নিয়তং ক্রিয়তেঽর্জুন।
সঙ্গং ত্যক্ত্বা ফলং চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ ॥ ৯
ন দ্বেষ্ট্যকুশলং কর্ম কুশলে নানুসজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ ॥ ১০
ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্মাণ্যশেষতঃ।
যস্তু কর্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে ॥ ১১
অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্মণঃ ফলম্।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ ॥ ১২
পঞ্চৈতানি মহাবাহো কারণানি নিবোধ মে।
সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্বকর্মণাম্ ॥ ১৩

দুঃখস্য রাজসত্বাৎ, অতস্তং রাজসং ত্যাগং কৃত্বা স রাজসঃ পুরুষস্ত্যাগস্য ফলং জ্ঞাননিষ্ঠালক্ষণং নৈব লভত ইত্যর্থঃ ॥ ৮

টীকা—সাত্ত্বিকং ত্যাগমাহ—কার্য্যমিতি। কার্য্যমিত্যেবং বুদ্ধ্যা নিয়তমবশ্যকর্ত্তব্যতয়া বিহিতং কর্ম্ম সঙ্গং ফলঞ্চ ত্যক্ত্বা ক্রিয়ত ইতি যত্তাদৃশস্ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ ॥ ৯

টীকা—এবম্ভূতসাত্ত্বিকত্যাগপরিনিষ্ঠিতস্য লক্ষণমাহ—ন দ্বেষ্টীত্যাদি। সত্ত্বসমাবিষ্টঃ সত্ত্বেন সংব্যাপ্তঃ সাত্ত্বিকত্যাগী। অকুশলং দুঃখাবহং শিশিরে প্রাতঃস্নানাদিকং কর্ম্ম ন দ্বেষ্টি, কুশলে চ সুখকরে কর্ম্মণি নিদাঘে মধ্যাহ্নস্নানাদৌ নানুষজ্জতে প্রীতিং ন করোতি। তত্র হেতুঃ—মেধাবী স্থিরবুদ্ধিঃ। যত্র পরপরিভবাদি মহদপি দুঃখং সহতে স্বর্গাদিসুখঞ্চ ত্যজতি; তত্র কিয়দেতত্তাৎকালিকং সুখং দুঃখঞ্চেত্যেবমনুসন্ধানবানিত্যর্থঃ। অতএব ছিন্নঃ সংশয়ো মিথ্যাজ্ঞানং দৈহিকসুখদুঃখয়োরুপাদিৎসাপরিজিহীর্ষালক্ষণং যস্য সঃ ॥ ১০

টীকা—নন্বেবম্ভূতাৎ কর্ম্মফলত্যাগাদ্ বরং সর্ব্বকর্ম্মত্যাগস্তথা সতি কর্ম্মবিক্ষেপাভাবেন জ্ঞাননিষ্ঠা সুখং সম্পদ্যতে, তত্রাহ—ন হীতি। দেহভৃতা দেহাত্মাভিমানবতা নিঃশেষেণ সর্ব্বাণি কর্ম্মাণি ত্যক্তুং ন হি শক্যম্। তদুক্তং, "ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ" ইত্যাদিনা। তস্মাদ্ যস্তু কর্ম্মাণি কুর্ব্বন্নপি কর্ম্মফলত্যাগী স এব মুখ্যঃ ত্যাগীত্যভিধীয়তে ॥ ১১

টীকা—এবম্ভূতস্য কর্ম্মফলত্যাগস্য ফলমাহ—অনিষ্টমিতি। অনিষ্টং নারকিত্বম্, ইষ্টং দেবত্বং, মিশ্রং মনুষ্যত্বম্ এবং ত্রিবিধং পাপস্য চোভয়মিশ্রস্য চ কর্ম্মণো যৎ ফলং প্রসিদ্ধং, তৎ সর্ব্বমত্যাগিনাং সকামানামেব প্রেত্য পরত্র ভবতি; তেষামেব ত্রিবিধকর্ম্মসম্ভবাৎ; ন তু সন্ন্যাসিনাং ক্বচিদপি ভবতি। সন্ন্যাসিশব্দেনাত্র ফলত্যাগসাম্যাৎ প্রকৃতাঃ কর্ম্মফলত্যাগিনো গৃহ্যন্তে, "অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ। স সন্ন্যাসী চ যোগী চ" ইত্যেবমাদৌ কর্ম্মফলত্যাগিষু সংন্যাসিশব্দপ্রয়োগদর্শনাৎ তেষাং সাত্ত্বিকানাং পাপাসম্ভবাদীশ্বরার্পণেন চ পুণ্যফলস্য ত্যক্তত্বাৎ, ত্রিবিধমপি কর্ম্মফলং ন ভবতীত্যর্থঃ ॥ ১২

টীকা—ননু কর্ম্ম কুর্ব্বতঃ কর্ম্মফলং কথং ন ভবেদিত্যাশঙ্ক্য সঙ্গত্যাগিনো নিরহঙ্কারস্য সতঃ কর্ম্মফলেন লেপো নাস্তীত্যুপপাদয়িতুমাহ—পঞ্চেতি পঞ্চভিঃ। সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে নিষ্পত্তয়ে ইমানি বক্ষ্যমাণানি পঞ্চ কারণানি মে মম বচনান্নিবোধ জানীহি। আত্মনঃ কর্ত্তৃ-

---

হে অর্জুন! কর্ম্মে অনুরাগ ও ফলত্যাগপূর্ব্বক, অবশ্যকর্ত্তব্য—ইহা বোধ করত যে নিত্যকর্ম্ম অনুষ্ঠিত হয়, সেই ত্যাগ সাত্ত্বিক ইহা আমার মত ॥ ৯

সত্ত্বগুণসম্পন্ন, মেধাবী, প্রজ্ঞাবান্, সন্দেহরহিত ত্যাগী দুঃখপ্রদ কর্ম্মে দ্বেষ করেন না, মঙ্গলকর কর্ম্মেও অনুরক্ত হন না ॥ ১০

দেহধারী সম্পূর্ণভাবে নিখিল কর্ম্মত্যাগ করিতে সমর্থ হন না, পরন্তু যিনি কর্ম্মফল ত্যাগপূর্ব্বক কর্ম্মানুষ্ঠান করেন, তিনি ত্যাগী বলিয়া উক্ত হইয়া থাকেন ॥ ১১

সকাম ব্যক্তিগণের পরলোকগমনের পর অনিষ্ট (নারকিত্ব), ইষ্ট (দেবত্ব) ও মিশ্র (মনুষ্যত্ব) এই ত্রিবিধ কর্ম্মের ফল হইয়া থাকে, কিন্তু সন্ন্যাসিগণের হয় না। সন্ন্যাসী শব্দের অর্থ এখানে যাঁহারা প্রকৃত কর্ম্মত্যাগী সাত্ত্বিকপ্রকৃতি, তাহাদের পাপঅনুষ্ঠান অসম্ভব আর ঈশ্বরে অর্পণের দ্বারা পুণ্যফল ত্যাগ হেতু ত্রিবিধ কর্ম্মফল হয় না ॥ ১২

হে মহাবাহো! বেদান্তসিদ্ধান্তে সমস্ত কর্ম্মের সিদ্ধির জন্য এই পাঁচটি কারণ আমার নিকট অবগত হও ॥ ১৩

অধিষ্ঠানং তথা কর্তা করণঞ্চ পৃথগ্বিধম্।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবং চৈবাত্র পঞ্চমম্ ॥ ১৪
শরীর-বাঙ্-মনোভির্যৎ কর্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ ॥ ১৫
তত্রৈবং সতি কর্তারমাত্মানং কেবলং তু যঃ।
পশ্যত্যকৃতবুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্মতিঃ ॥ ১৬
যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাঁল্লোকান্ন হন্তি ন নিবধ্যতে ॥ ১৭
জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্মচোদনা।
করণং কর্ম কর্তেতি ত্রিবিধঃ কর্মসংগ্রহঃ ॥ ১৮

ত্বাভিমাননিবৃত্ত্যর্থমবশ্যমেতানি জ্ঞাতব্যানীত্যেবং তেষাং স্তুত্যর্থমেবাহ—সাংখ্য ইতি। সম্যক্ খ্যায়তে জ্ঞায়তে পরমাত্মা অনেনেতি সাংখ্যং তত্ত্বজ্ঞানম্। প্রকাশমান আত্মবোধঃ সাংখ্যম্. তস্মিন্ কৃতং কর্ম তস্যান্তঃ সমাপ্তিরস্মিন্নিতি কৃতান্তস্তস্মিন্ বেদান্তসিদ্ধান্ত ইত্যর্থঃ। যদ্বা, সংখ্যায়ন্তে গণ্যন্তে তত্ত্বান্যস্মিন্নিতি সাংখ্যং, কৃতোঽন্তো নির্ণয়োঽস্মিন্নিতি কৃতান্তং সাংখ্যশাস্ত্রমেব তস্মিন্ প্রোক্তানি অতঃ সম্যক্ নিবোধেত্যর্থঃ ॥ ১৩

টীকা — তান্যেবাহ — অধিষ্ঠানমিতি। অধিষ্ঠানং শরীরং, কর্তা চিদচিদ্গ্রন্থিরহঙ্কারঃ, পৃথগ্বিধমনেকপ্রকারম্। করণং চক্ষুঃশ্রোত্রাদি, বিবিধাঃ কার্য্যতঃ স্বরূপতশ্চ পৃথগ্-ভূতাশ্চেষ্টাঃ প্রাণাপানাদীনাং ব্যাপারাঃ ; অত্র চ এতম্বেব পঞ্চমং দৈবঞ্চ কারণং চক্ষুরাদ্যনুগ্রাহকমাদিত্যাদিসর্ব্বপ্রেরকোঽন্তর্য্যামী বা ॥ ১৪

টীকা -- এতেষামেব সর্ব্বকর্ম্মহেতুত্বমাহ—শরীরেতি। যথোক্তৈঃ পঞ্চভিঃ প্রারভ্যমাণং কর্ম্ম ত্রিম্বেবান্তর্ভাব্যম্, শরীরবাঙ্মনোভিরিত্যুক্তম্। শারীরং বাচিকং মানসঞ্চ ত্রিবিধং কর্ম্মেতি প্রসিদ্ধেঃ। শরীরাদিভির্যৎ কর্ম্ম ধর্ম্ম্যমধর্ম্ম্যং বা করোতি নরস্তস্য কর্ম্মণ এতে পঞ্চ হেতবঃ ॥ ১৫

টীকা—ততঃ কিমত আহ তত্রেতি। তত্র সর্ব্বস্মিন্ কর্ম্মণি এতে পঞ্চ হেতব ইত্যেবং সতি কেবলং নিরুপাধিকমসঙ্গমাত্মানং যঃ কর্ত্তারং পশ্যতি শাস্ত্রাচার্য্যোপদেশত্যাগেনাসংস্কৃতবুদ্ধিত্বাৎ দুর্ম্মতিরসৌ সম্যক্ ন পশ্যতি ॥ ১৬

টীকা—কস্তর্হি সুমতির্যস্য কর্ম্মলেপো নাস্তীত্যুক্তমিত্যপেক্ষয়ামাহ — যস্যেতি। যদ্বা অহমিতি কৃতোঽহঙ্কর্ত্তেত্যেবম্ভূতো ভাবোঽভিপ্রায়ো যস্য নাস্তি, অহঙ্কৃতোঽহঙ্কারস্য ভাবঃ, স্বভাবঃ কর্ত্তৃত্বাভিনিবেশো যস্য নাস্তি শরীরাদীনামেব কর্ম্মকর্ত্তৃত্বালোচনাদিত্যর্থঃ, অতএব যস্য বুদ্ধির্ন লিপ্যতে ইষ্টানিষ্টবুদ্ধ্যা কর্ম্মসু ন সজ্জতে, স এবম্ভূতো দেহাদিব্যতিরিক্তাত্মদর্শী ইমান্ লোকান্ সর্ব্বানপি প্রাণিনো লোকদৃষ্ট্যা হত্বাপি বিবিক্তয়া স্বদৃষ্ট্যা ন হন্তি, ন চ তৎফলৈর্নিবধ্যতে বন্ধং ন প্রাপ্নোতি। কিং পুনঃ সত্ত্বশুদ্ধিদ্বারা পরোক্ষজ্ঞানোৎপত্তিহেতুভিঃ কর্ম্মভিস্তস্য-বন্ধশঙ্কেত্যর্থঃ। তদুক্তং — "ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা" ইতি ॥ ১৭

টীকা—হত্বাপি ন হন্তি ন নিবধ্যতে— ইত্যেতদেবোপপাদয়িতুং কর্ম্মচোদনায়াঃ কর্ম্মাশ্রয়স্য চ কর্ম্মকলাদীনাঞ্চ ত্রিগুণাত্মকত্বান্নির্গুণস্য আত্মনস্তৎসম্বন্ধো নাস্তীত্যভিপ্রায়েণ কর্ম্মচোদনাং কর্ম্মাশ্রয়ঞ্চাহ—জ্ঞানমিতি। জ্ঞান-

শরীর ও কর্ত্তা (অহঙ্কার), ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়, বহুবিধ চেষ্টা, আর পঞ্চম দৈব অথবা চক্ষু আদি প্রেরক আদিত্য প্রভৃতি সকলের প্রেরক অন্তর্য্যামী ॥ ১৪

মনুষ্য কায়মনোবাক্যের দ্বারা যে যোগ্য বা অযোগ্য কর্ম্মানুষ্ঠান করে, এই পাঁচটি তাহার কারণ ॥ ১৫

অখিল কর্ম্মে শরীর, অহঙ্কার, চক্ষুরাদি ইন্দ্রিয়, বিবিধ পৃথক্ পৃথক্ চেষ্টা আর দৈব—এই পাঁচটি হেতু হইলেও নিরুপাধি, অসঙ্গ আত্মাকে যে কর্ত্তারূপে দর্শন করে, শাস্ত্রাচার্য্য-সেবা বিমুখ সেই দুর্ব্বুদ্ধি দেখিতে পায় না—সে সত্যদর্শনে বঞ্চিত ॥ ১৬

যাঁহার "আমি কর্ত্তা" এইরূপ স্বভাব নয়, যাঁহার বুদ্ধি ইষ্ট অনিষ্ট বুদ্ধিতে কর্ম্মে আসক্ত হয় না, তিনি সমস্ত প্রাণিগণকে লোকদৃষ্টিতে হনন করিলেও অসম্পৃক্ত স্বকীয় দৃষ্টির দ্বারা কাহাকেও বিনাশ করেন না বা তাহার ফলে নিবদ্ধ হন না ॥ ১৭

জ্ঞান—ইহা ইষ্টসাধন এই বোধ, জ্ঞেয়—ইষ্টসাধন কর্ম্ম, পরিজ্ঞাতা—এই জ্ঞানের আশ্রয়, এই ত্রিবিধ কর্ম্মপ্রবৃত্তির কারণ। আর করণ সাধকতম, কর্ম্ম কর্ত্তার ঈপ্সিততম, কর্ত্তা ক্রিয়ানির্বর্ত্তক এই করণাদি ত্রিবিধ কারক ক্রিয়ার আশ্রয় ॥ ১৮

জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসংখ্যানে যথাবচ্ছৃণুতান্যপি ॥ ১৯
সর্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষতে।
অবিভক্তং বিভক্তেষু তজ্জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকম্ ॥ ২০
পৃথক্ত্বেন তু যজ্‌জ্ঞানং নানাভাবান্ পৃথগ্বিধান্।
বেত্তি সর্বেষু ভূতেষু তজ্জ্ঞানং বিদ্ধি রাজসম্ ॥ ২১
যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পঞ্চ তৎ তামসমুদাহৃতম্ ॥ ২২
নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্।
অফলপ্রেপ্সুনা কর্ম যত্তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩

মিষ্টসাধনমেতদিতি বোধঃ, জ্ঞেয়মিষ্টসাধনং কর্ম্ম, পরিজ্ঞাতা এবম্ভূতজ্ঞানাশ্রয়ঃ, এবং ত্রিবিধা কর্ম্মচোদনা চোদ্যতে প্রবর্ত্ত্যতেঽনয়েতি চোদনা জ্ঞানাদিত্রিতয়ং কর্ম্মপ্রবৃত্তিহেতুরিত্যর্থঃ। যদ্বা চোদনেতি বিধিরুচ্যতে, তদুক্তং ভট্টৈঃ, —"চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিনঃ" ইতি। ততশ্চায়মর্থঃ—উক্তলক্ষণং ত্রিগুণাত্মকং জ্ঞানাদিত্রয়মবলম্ব্য কর্ম্মবিধিঃ প্রবর্ত্তত ইতি। তদুক্তং—'ত্রৈগুণ্যবিষয়া বেদা' ইতি। তথা করণং সাধকতমং, কর্ম্ম চ কর্ত্তুরীপ্সিততমম্। কর্ত্তা ক্রিয়ানির্ব্বর্ত্তকঃ, কর্ম্ম সংগৃহ্যতেঽস্মিন্নিতি কর্ম্মসংগ্রহঃ; করণাদিত্রিবিধং কারকং ক্রিয়াশ্রয় ইত্যর্থঃ। সম্প্রদানাদি-কারকত্রয়স্ত পরম্পরয়া ক্রিয়াপ্রবর্ত্তকমেব কেবলং, ন তু সাক্ষাৎ ক্রিয়ায়া আশ্রয়ঃ। অতঃ করণাদিত্রয়মেব ক্রিয়াশ্রয় ইত্যুক্তম্। ততঃ কিমত আহ—জ্ঞানমিতি। গুণাঃ সম্যক্ কার্য্যভেদেন খ্যায়ন্তে প্রতিপাদ্যন্তেঽস্মিন্নিতি গুণসংখ্যানং সাংখ্যশাস্ত্রম্, তস্মিন্ জ্ঞানঞ্চ কর্ম্ম চ কর্ত্তা চ প্রত্যেকং সত্ত্বাদিগুণভেদেন ত্রিধৈবোচ্যতে, তান্যপি জ্ঞানাদীনি বক্ষ্যমাণানি যথাবচ্ছৃণু। ত্রিধৈবেত্যেবকারো গুণত্রয়োপাধিব্যতিরেকেণাত্মনঃ স্বতঃ কর্ত্তৃত্বাদিপ্রতিষেধার্থঃ, চতুর্দ্দশাধ্যায়ে 'তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ' ইত্যাদিনা। গুণানাং বন্ধকত্বপ্রকারো নিরূপিতঃ, সপ্তদশাধ্যায়ে 'যজন্তে সাত্ত্বিকা দেবান্' ইত্যাদিনা গুণকৃতত্রিবিধস্বভাবনিরূপণেন রজস্তমঃস্বভাবং পরিত্যজ্য সাত্ত্বিকাহারাদিসেবয়া সাত্ত্বিকস্বভাবঃ সম্পাদনীয় ইত্যুক্তম্। ইহ তু ক্রিয়াকারকফলাদীনামাত্মসম্বন্ধো নাস্তীতি দর্শয়িতুং সর্ব্বেষাং ত্রিগুণাত্মকত্বমুচ্যতে ইতি বিশেষো জ্ঞাতব্যঃ ॥ ১৮-১৯

টীকা—তত্র জ্ঞানস্য সাত্ত্বিকাদিত্রৈবিধ্যমাহ—সর্ব্বেতি ত্রিভিঃ। সর্ব্বেষু ভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু বিভক্তেষু পরস্পরং ব্যাবৃত্তেষু অবিভক্তমনুস্যূতম্ একমব্যয়ং নির্ব্বিকারং ভাবং পরমাত্মতত্ত্বং যেন জ্ঞানেনেক্ষতে আলোচয়তি, তৎ জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধীতি ॥ ২০

টীকা—রাজসং জ্ঞানমাহ—পৃথক্ত্বেনেতি। পৃথক্ত্বেন তু যৎ জ্ঞানমিত্যস্যৈব বিবরণং সর্ব্বেষু ভূতেষু দেহেষু নানাভাবান্ বস্তুত এবানেকান্ ক্ষেত্রজ্ঞান্ পৃথগ্বিধান্ সুখিত্বঃখিত্বাদিরূপেণ বিলক্ষণান্ যেন জ্ঞানেন বেত্তি, তৎ জ্ঞানং রাজসং বিদ্ধি ॥ ২১

টীকা—তামসং জ্ঞানমাহ—যদিতি। একস্মিন্ কার্য্যে দেহে প্রতিমাদৌ বা কৃৎস্নবৎ পরিপূর্ণবৎ সক্তম্ এতাবানেবাত্মা ঈশ্বরো বেত্যভিনিবেশযুক্তম্। অহৈতুকং নিরুপপত্তিকম্, অতত্ত্বার্থবৎ পরমার্থাবলম্বনশূন্যম্ অত এবাল্পং তুচ্ছম্ অল্পবিষয়ত্বাৎ অল্পফলত্বাচ্চ। যদেবম্ভূতং জ্ঞানং তত্তামসমুদাহৃতম্ ॥ ২২

টীকা—ইদানীং ত্রিবিধং কর্ম্মাহ — নিয়তমিতি ত্রিভিঃ। নিয়তং নিত্যতয়া বিহিতং সঙ্গরহিতমভি-

---

সাংখ্যশাস্ত্রে জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তা সত্ত্ব, রজ ও তম এই গুণত্রয় ভেদে তিন প্রকার কথিত হয়, তাহাও যথার্থরূপে শ্রবণ কর ॥ ১৯

যে জ্ঞানের দ্বারা ব্রহ্মাদি স্থাবরান্ত বিভিন্ন ভূতসকলে অভিন্ন এক অব্যয় নির্ব্বিকার পরমাত্ম-তত্ত্ব আলোচিত হয়, সেই জ্ঞান সাত্ত্বিক জ্ঞান জানিবে ॥ ২০

ভিন্নত্বহেতু যে জ্ঞান প্রাণিসকলে বিবিধ আত্মাকে নানাভাবে জ্ঞাত হওয়া যায়, সেই জ্ঞান রাজস বলিয়া জানিবে ॥ ২১

এবং যে জ্ঞান এক শরীরে অথবা প্রতিমাদিতে পরিপূর্ণের 'ইহাই আত্মা বা ঈশ্বর' এই প্রণিধানযুক্ত, যুক্তিহীন, পরমার্থ অবলম্বনরহিত; তুচ্ছ সেই জ্ঞান তামস নামে ভাবিত হয় ॥ ২২

নিষ্কাম ব্যক্তির দ্বারা নিত্য আগ্রহবিরহিত, অনুরাগ বিরাগ বিবর্জ্জিতভাবে অনুষ্ঠিত যে কর্ম্ম, তাহা সাত্ত্বিক বলিয়া উক্ত হইয়া থাকে ॥ ২৩

যত্তু কামেপ্সুনা কর্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্ রাজসমুদাহৃতম্ ॥ ২৪
অনুবন্ধং ক্ষয়ং হিংসামনবেক্ষ্য চ পৌরুষম্।
মোহাদারভ্যতে কর্ম যত্তৎ তামসমুচ্যতে ॥ ২৫
মুক্তসঙ্গোঽনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্বিকারঃ কর্তা সাত্ত্বিক উচ্যতে ॥ ২৬
রাগী কর্মফলপ্রেপ্সুর্লুব্ধো হিংসাত্মকোঽশুচিঃ।
হর্ষশোকান্বিতঃ কর্তা রাজসঃ পরিকীর্তিতঃ ॥ ২৭
অযুক্তঃ প্রাকৃতঃ স্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোঽলসঃ।
বিষাদী দীর্ঘসূত্রী চ কর্তা তামস উচ্যতে ॥ ২৮
বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু।
প্রোচ্যমানমশেষেণ পৃথক্ত্বেন ধনঞ্জয় ॥ ২৯
প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥ ৩০

নিবেশশূন্যম্, অরাগদ্বেষতঃ পুত্রাদিপ্রীত্যা বা শত্রুদ্বেষেণ বা যৎ কৃতং ন ভবতি ফলং প্রাপ্তুমিচ্ছতীতি ফলপ্রেপ্সুস্তদ্বিলক্ষণেন নিষ্কামেণ কর্ত্রা যৎ কৃতং কর্ম্ম তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩

টীকা—রাজসং কর্ম্মাহ — যদিতি। যত্তু কর্ম্ম কামেপ্সুনা ফলং প্রাপ্তুমিচ্ছতা সাহঙ্কারেণ বা মৎসমঃ কোঽন্যঃ শ্রোত্রিয়োঽস্তীত্যেবং নিরূঢ়াহঙ্কারযুক্তেন চ ক্রিয়তে। যচ্চ পুনর্বহুলায়াসমতিক্লেশযুক্তং তৎ কর্ম্ম রাজসমুদাহৃতম্ ॥ ২৪

টীকা—তামসং কর্ম্মাহ—অনুবন্ধমিতি। অনুবধ্যত ইত্যনুবন্ধঃ পশ্চাদ্ভাবি শুভাশুভং, ক্ষয়ং বিত্তক্ষয়ং বিত্তব্যয়ং, হিংসাং পরপীড়াং, পৌরুষঞ্চ স্বসামর্থ্যমনপেক্ষ্য অপর্য্যালোচ্য কেবলং মোহাদেব যৎ কর্ম্ম আরভ্যতে তত্তামসমুদাহৃতম্ ॥ ২৫

টীকা—কর্ত্তারং ত্রিবিধমাহ—মুক্তসঙ্গ ইতি ত্রিভিঃ। মুক্তসঙ্গস্ত্যক্তাভিনিবেশঃ, অনহংবাদী গর্ব্বোক্তিরহিতঃ, ধৃতির্ধৈর্য্যম্, উৎসাহ উদ্যমস্তাভ্যাং সমন্বিতঃ সংযুক্তঃ। আরব্ধস্য কর্ম্মণঃ সিদ্ধাবসিদ্ধৌ চ নির্ব্বিকারো হর্ষবিষাদশূন্যঃ স এবম্ভূতঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে ॥ ১৬

রাজসং কর্ত্তারমাহ—রাগীতি। রাগী পুত্রাদিপ্রীতিমান, কর্ম্মফলপ্রেপ্সুঃ কর্ম্মফলকামী, লুব্ধঃ পরস্বাভিলাষী, হিংসাত্মকো মারকস্বভাবঃ, অশুচিঃ বিহিতশৌচশূন্যঃ, লাভালাভয়োর্হর্ষশোকাভ্যাং সমন্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ। ২৭

তামসং কর্ত্তারমাহ—অযুক্ত ইতি। অযুক্তোঽনবহিতঃ, প্রাকৃতো বিবেকশূন্যঃ, স্তব্ধোঽনম্রঃ, শঠঃ শক্তিগূহনকারী, নৈষ্কৃতিকঃ পরাপমানী, অলসোঽনুদ্যমশীলঃ, বিষাদী শোকশীলঃ, যদদ্য বা শ্বো বা কর্ত্তব্যং তন্মাসেনাপি ন সম্পাদয়তি যঃ, স দীর্ঘসূত্রী এবম্ভূতঃ কর্ত্তা তামসঃ। কর্ত্তৃত্রৈবিধ্যেনৈব জ্ঞাতুরপি ত্রৈবিধ্যমুক্তং ভবতি, কর্মত্রৈবিধ্যেন চ জ্ঞেয়স্যাপি ত্রৈবিধ্যমুক্তং বেদিতব্যম্। বুদ্ধেস্ত্রৈবিধ্যেন করণস্যাপি ত্রৈবিধ্যমুক্তং ভবিষ্যতি ॥ ২৭-২৮

টীকা—ইদানীং বুদ্ধের্ধৃতেশ্চ ত্রৈবিধ্যং প্রতিজানীতে বুদ্ধের্ভেদমিতি। স্পষ্টোঽর্থঃ ॥ ২৯

টীকা—অত্র বুদ্ধেস্ত্রৈবিধ্যমাহ—প্রবৃত্তিমিতি ত্রিভিঃ। প্রবৃত্তিং ধর্ম্মে, নিবৃত্তিমধর্ম্মে, যস্মিন্ দেশে কালে চ যৎ

সকাম পুরুষ 'আমি কর্ত্তা' এই অহঙ্কার সহ অত্যন্ত ক্লেশকর যে কর্ম্ম আচরণ করে, তাহা রাজস বলিয়া কথিত হইয়া থাকে ॥ ২৪

ভাবি-মঙ্গলামঙ্গল, ধনক্ষয়, পরপীড়ন ও স্বকীয় সামর্থ্য পর্য্যালোচনা করিয়া অজ্ঞানবশে যে কর্ম্ম আরম্ভ করা হয়, তাহা তামস কর্ম্ম নামে উদাহৃত হয় ॥ ২৫

আগ্রহ-বিবর্জ্জিত, গর্ব্বোক্তিবিহীন, ধৈর্য্য, উদ্যমসংযুক্ত, সিদ্ধি ও অসিদ্ধিতে হর্ষ-বিষাদশূন্য কর্ত্তা সাত্ত্বিক বলিয়া উক্ত হন ॥ ২৬

পুত্রাদিতে অনুরাগসম্পন্ন, কর্ম্মফলকামী, পরস্ব অভিলাষী, মারক-স্বভাব, শাস্ত্রবিহিত শৌচাচার-বিবর্জ্জিত, আনন্দ-দুঃখ সমন্বিত কর্ত্তা রাজস বলিয়া পরিকীর্ত্তিত হয়। ২৭

অমনোযোগী, বিবেকহীন, নম্রতাশূন্য, শঠ, গোপনে অনিষ্টকারী, পরাপমানী, উদ্যমবিহীন, বিষাদসম্পন্ন শোকশীল, চিরকারী (এক দিনের কর্ম্ম যে এক মাসেও সম্পন্ন করে না) কর্ত্তা তামস বলিয়া উক্ত হয় ॥ ২৮

হে ধনঞ্জয়! বুদ্ধি এবং ধৃতির সাত্ত্বিকাদি গুণানুসারে তিন প্রকার ভিন্নত্ব-হেতু সমগ্ররূপে কথ্যমান প্রভেদ শ্রবণ কর ॥ ২৯

হে ধনঞ্জয়! ধর্ম্মে প্রবৃত্তি, অধর্ম্মে নিবৃত্তি দেশ ও কালে যে কার্য্য এবং অকার্য্য, কার্য্যাকার্য্য নিমিত্ত অর্থ ও অনর্থ, বন্ধ কি এবং মোক্ষ কি প্রকার—যে বুদ্ধি (অন্তঃকরণ) অবগত হয়, তাহা সাত্ত্বিকী বুদ্ধি ॥ ৩০

যয়া ধর্ম্মমধর্ম্মঞ্চ কার্য্যঞ্চাকার্য্যমেব চ।
অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ রাজসী ॥ ৩১
অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী ॥ ৩২
ধৃত্যা যয়া ধারয়তে মনঃ প্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥ ৩৩
যয়া তু ধর্ম-কামার্থান্ ধৃত্যা ধারয়তেঽর্জুন।

কার্য্যমকার্য্যঞ্চ, ভয়াভয়ে কার্য্যাকার্য্যনিমিত্তৌ অর্থানর্থৌ কথং বন্ধঃ, কথং বা মোক্ষ ইতি যা বুদ্ধিরন্তঃকরণং বেত্তি, সা সাত্ত্বিকী। যয়া পুমান্ বেত্তীতি বক্তব্যে করণে কর্তৃত্বোপচারঃ কাষ্ঠানি পচন্তীতিবৎ ॥ ৩০

টীকা—রাজসীং বুদ্ধিমাহ—যয়েতি। অযথাবৎ সন্দেহাস্পদত্বেনেত্যর্থঃ। স্পষ্টমন্যৎ ॥ ৩১

টীকা—তামসীং বুদ্ধিমাহ—অধর্ম্মমিতি। বিপরীত-গ্রাহিণী বুদ্ধিস্তামসীত্যর্থঃ। বুদ্ধিরন্তঃকরণং পূর্ব্বোক্তং, জ্ঞানন্তু তদ্বৃত্তিঃ, ধৃতিরপি তদ্বৃত্তিরেব। যদ্বা, অন্তঃকরণস্য ধর্ম্মিণো বুদ্ধিরপ্যধ্যবসায়লক্ষণা বৃত্তিরেব। ইচ্ছাদ্বেষাদীনাং তদ্বৃত্তীনাং বহুত্বেঽপি ধর্ম্মাধর্ম্মভয়সাধনত্বেন প্রাধান্যাদে-তাসাং ত্রৈবিধ্যমুক্তম্। উপলক্ষণঞ্চৈতদন্যাসাম্ ॥ ৩২

টীকা—ইদানীং ধৃতেস্ত্রৈবিধ্যমাহ—ধৃত্যেতি ত্রিভিঃ। যোগেন চিত্তৈকাগ্র্যেণ হেতুনাব্যভিচারিণ্যা বিষয়ান্তর-মধারয়ন্ত্যা যয়া ধৃত্যা মনসঃ প্রাণস্য ইন্দ্রিয়াণাঞ্চ ক্রিয়া ধারয়তে নিযচ্ছতি, সা ধৃতিঃ সাত্ত্বিকী। ৩৩

রাজসীং ধৃতিমাহ—যয়া ত্বিতি। যয়া তু ধৃত্যা

প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী ॥ ৩৪
যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি দুর্মেধা ধৃতিঃ সা পার্থ তামসী ॥ ৩৫
সুখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ।
অভ্যাসাদ্ রমতে যত্র দুঃখান্তঞ্চ নিগচ্ছতি ॥ ৩৬
যত্তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমম্।
তৎ সুখং সাত্ত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্ ॥ ৩৭

ধর্ম্মার্থকামান্ প্রাধান্যেন ধারয়তে ন বিমুঞ্চতি, তৎপ্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী চ ভবতি সা রাজসী ধৃতিঃ। ৩৪

তামসীং ধৃতিমাহ—যয়েতি। দুষ্টা অবিবেকবহুলা মেধা যস্য স দুর্ম্মেধাঃ পুরুষো যয়া ধৃত্যা স্বপ্নাদীন্ ন বিমুঞ্চতি পুনঃপুনরাবর্ত্তয়তি। স্বপ্নোঽত্র নিদ্রা। সা ধৃতিস্তামসী ॥ ৩৫

টীকা—[ইদানীং] সুখস্য ত্রৈবিধ্যং প্রতিজানীতে অর্দ্ধেন—সুখন্ত্বিতি। স্পষ্টোঽর্থঃ ॥ ৩৬

টীকা—তত্র সাত্ত্বিকং সুখমাহ—অভ্যাসাদিতি সার্দ্ধেন। যত্র যস্মিন্ সুখে অভ্যাসাদতিপরিচয়াদ্ রমতে ন তু বিষয়সুখ ইব সহসা রতিং প্রাপ্নোতি। যস্মিন্ রমমাণশ্চ দুঃখস্যান্তমবসানং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি। কীদৃশং তৎ? যত্তৎ কিমপি অগ্রে প্রথমং বিষমিব মনঃসংযমাধীনত্বাদ্ দুঃখাবহমিব ভবতি, পরিণামে স্বমৃত-সদৃশম্ আত্মবিষয়া বুদ্ধিরাত্মবুদ্ধিস্তস্যাঃ প্রসাদো রজস্তমোমলত্যাগেন স্বচ্ছতয়াবস্থানং ততো জাতং যৎ সুখং তৎ সাত্ত্বিকং প্রোক্তং যোগিভিঃ ॥ ৩৭

হে পার্থ! যে বুদ্ধির দ্বারা ধর্ম ও অধর্ম্ম, কার্য্য-অকার্য্য সন্দেহাস্পদ বলিয়া বিদিত হয়, তাহা রাজসী বুদ্ধি ॥৩১

হে পার্থ! যে বুদ্ধি অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া বোধ করে ও সকল অর্থ বিপরীতভাবে মনে বিবেচনা করিয়া থাকে, অজ্ঞান অন্ধকারে সমাচ্ছন্ন সে বুদ্ধি তামসী ॥ ৩২

হে পার্থ! চিত্তের একাগ্রতা-হেতু বিষয়ান্তর ধারণ না করিয়া যে ধৃতির দ্বারা মন, প্রাণ এবং ইন্দ্রিয়সকলের ক্রিয়া নিয়মিত হয়, সেই ধৃতি সাত্ত্বিকী ॥ ৩৩

হে অর্জ্জুন! ধৃতির দ্বারা ধর্ম্ম কাম অর্থসমূহ প্রধানভাবে ধৃত হয়, ত্যাগ করে না, তৎ প্রসঙ্গক্রমে ফলের আকাঙ্ক্ষা করিয়া থাকে, তাহা রাজসী ধৃতি ॥ ৩৪

হে পার্থ! দুর্বুদ্ধি পুরুষ যে ধৃতির দ্বারা নিদ্রা, ভয়, কোপ, বিষণ্ণতা এবং মদ (গর্ব্ব) ত্যাগ করিতে সমর্থ হয় না সেই ধৃতি তামসী ॥ ৩৫

হে ভরতর্ষভ! অধুনা ত্রিবিধ সুখও আমার নিকট শ্রবণ কর—যে সুখানুভবে অভ্যাসনিমিত্ত আসক্ত হয় এবং দুঃখের অবসানও হয়, তাহা প্রথমে বিষের তুল্য, পরিণামে অমৃতের সদৃশ, আত্মবিষয়িণী বুদ্ধির প্রসন্নতা হইতে জাত সেই সুখ সাত্ত্বিক বলিয়া কথিত হয় ॥ ৩৬-৩৭

বিষয়েন্দ্রিয়সংযোগাদ্ যত্তদগ্রেঽমৃতোপমম্।
পরিণামে বিষমিব তৎ সুখং রাজসং স্মৃতম্ ॥ ৩৮
যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ।
নিদ্রালস্যপ্রমাদোত্থং তত্তামসমুদাহৃতম্ ॥ ৩৯
ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাৎ ত্রিভির্গুণৈঃ ॥৪০

টীকা—রাজসং সুখমাহ — বিষয়েতি। বিষয়াণামিন্দ্রিয়াণাঞ্চ সংযোগাৎ যত্তৎ প্রসিদ্ধং স্ত্রীসংসর্গাদিসুখম্, অমৃতমুপমা যস্য তাদৃশং ভবতি অগ্রে প্রথমং, পরিণামে চ বিষতুল্যম্ ইহামুত্র চ দুঃখহেতুত্বাৎ তৎ সুখং রাজসং স্মৃতম্ ॥ ৩৮

টীকা—তামসং সুখমাহ—যদিতি। অগ্রে প্রথমক্ষণে অনুবন্ধে চ পশ্চাদপি যৎ সুখমাত্মনো মোহকরং তদেবাহ। নিদ্রা চালস্যঞ্চ প্রমাদশ্চ কর্ত্তব্যার্থাবধানরাহিত্যেন মনোরাজ্যমেতেভ্য উত্তিষ্ঠতি যৎ সুখং তত্তামসমুদাহৃতম্ ॥ ৩৯

টীকা—অনুক্তমপি সংগৃহ্নন্ প্রকরণার্থমুপসংহরতি ন—তদস্তীতি ত্রিভিঃ। এভিঃ প্রকৃতিসম্ভবৈঃ সত্ত্বাদিভিস্ত্রিভির্গুণৈর্মুক্তং হীনং সত্ত্বং প্রাণিজাতম্ অন্যদ্বা যৎ স্যাত্তৎ পৃথিব্যাং মনুষ্যাদিষু দিবি দেবেষু চ কাপি নাস্তীত্যর্থঃ ॥ ৪০

টীকা—নন্বু যদ্যেবং সর্ব্বমপি ক্রিয়াকারকফলাদিকং প্রাণিজাতঞ্চ ত্রিগুণাত্মকমেব, তর্হি কথমস্য মোক্ষ ইত্যপেক্ষায়াং স্বস্বাধিকারবিহিতৈঃ কর্ম্মভিঃ পরমেশ্বরারাধনাত্তৎপ্রসাদলব্ধজ্ঞানেনেত্যেবং সর্ব্বগীতার্থসারং সংগৃহ্য প্রদর্শয়িতুং প্রকারান্তরমারভতে—ব্রাহ্মণেত্যাদি যাবদধ্যায়সমাপ্তি। হে পরন্তপ! হে শত্রুতাপন! ব্রাহ্মণানাং

ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ।
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ ॥ ৪১
শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জ্জবমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম স্বভাবজম্ ॥ ৪২
শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম স্বভাবজম্ ॥ ৪৩

ক্ষত্রিয়াণাং বৈশ্যানাং শূদ্রাণাঞ্চ কর্ম্মাণি প্রবিভক্তানি প্রকর্ষেণ বিভাগতো বিহিতানি। শূদ্রাণাং স্বভাবাৎ পৃথক্করণং দ্বিজত্বাভবেন বৈলক্ষণ্যাৎ। বিভাগোপলক্ষণমাহ—স্বভাবঃ সাত্ত্বিকরাজসাদিঃ প্রভবতি প্রাদুর্ভবতি যেভ্যস্তৈর্গুণৈরুপলক্ষণভূতৈঃ। যদ্বা, স্বভাবপ্রভবৈঃ পূর্ব্বজন্মসংস্কারপ্রাদুর্ভূতৈরিত্যর্থঃ। তত্র সত্ত্বপ্রধানা ব্রাহ্মণাঃ, সত্ত্বোপসর্জ্জনরজঃপ্রধানাঃ ক্ষত্রিয়াঃ, তম উপসর্জ্জনরজঃপ্রধানা বৈশ্যাঃ, রজঃ-উপসর্জ্জনতমঃপ্রধানাঃ শূদ্রাঃ ॥ ৪১

টীকা—তত্র ব্রাহ্মণস্য স্বাভাবিকানি কর্ম্মাণ্যাহ—শম ইতি। শমশ্চিত্তোপরমঃ, দমো বাহ্যেন্দ্রিয়োপরমঃ, তপঃ পূর্ব্বোক্তং শারীরাদি, শৌচং বাহ্যাভ্যন্তরং, ক্ষান্তিঃ ক্ষমা, আর্জ্জবমবক্রতা, জ্ঞানং শাস্ত্রীয়ম্; বিজ্ঞানমনুভবঃ, আস্তিক্যমস্তি পরলোক ইতি নিশ্চয়ঃ, এতচ্ছমাদি ব্রাহ্মণস্য স্বভাবাজ্জাতং কর্ম্ম। ৪২ ক্ষত্রিয়স্য স্বাভাবিকং কর্ম্মাহ — শৌর্য্যমিতি। শৌর্য্যং পরাক্রমঃ, তেজঃ প্রাগল্ভ্যং, ধৃতিঃ ধৈর্য্যং, দাক্ষ্যং কৌশলং, যুদ্ধে চাপ্যপলায়নম্ অপরাঙ্মুখতা, দানমৌদার্য্যম্, ঈশ্বরভাবো নিয়মনশক্তিঃ, এতৎ ক্ষত্রিয়স্য স্বাভাবিকং কর্ম্ম ।৪৩

বৈশ্যশূদ্রয়োঃ কর্ম্মাহ—কৃষীতি। কৃষিঃ কর্ষণং, গাঃ রক্ষ-

বিষয় ও ইন্দ্রিয়গণের সংযোগ নিমিত্ত যে সুখ প্রথমে অমৃতের মত এবং শেষে বিষের ন্যায় যন্ত্রণাদায়ক, সেই সুখ রাজস বলিয়া স্মৃত হয় ॥ ৩৮

নিদ্রা, আলস্য, অনবধান সঞ্জাত যে-সুখ প্রথমে এবং পরে আত্মার মোহজনক, তাহা তামস সুখ নামে কথিত ॥ ৩৯

পৃথিবীতে, স্বর্গলোকে অথবা দেবগণের মধ্যেও এই প্রকৃতিসম্ভব সত্ত্বাদিগুণহীন প্রাণিজাত বা অন্য কিছু নাই ॥ ৪০

হে শত্রুতাপন! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণের কর্ম্মসমূহ পূর্ব্বজন্মসংস্কার প্রাদুর্ভূত গুণসকলের দ্বারা প্রভেদ অর্থাৎ উত্তমরূপে বিভাগক্রমে বিহিত হইয়াছে ॥ ৪১

শম (চিত্তের উপরম), দম (বাহ্যেন্দ্রিয় দমন), শারীর বাচিক মানস তপস্যা, শৌচ (মলনিরসন শরীর মনের শুদ্ধি), ক্ষমা, সরলতা, জ্ঞান (শাস্ত্রীয়), বিজ্ঞান (অনুভব), আস্তিক্য (পরলোক আছে ইহা নিশ্চয়) ব্রাহ্মণের স্বভাবজাত কর্ম্ম ॥ ৪২

শৌর্য্য (বল, সাহস), তেজঃ (প্রতাপ, পৌরুষ প্রয়োগ সকলে অমূঢ়তা), ধৈর্য্য, কৌশল, যুদ্ধে অপরাঙ্মুখতা, দান ঔদার্য্য, ঈশ্বরভাব (নিয়মনশক্তি) ক্ষত্রিয়ের স্বাভাবিক কর্ম্ম ॥ ৪৩

কৃষি-গৌরক্ষ্য-বাণিজ্যং বৈশ্যকর্ম স্বভাবজম্।
পরিচর্য্যাত্মকং কর্ম শূদ্রস্যাপি স্বভাবজম্ ॥ ৪৪
স্বে স্বে কর্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ।
স্বকর্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছৃণু ॥ ৪৫
যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্বমিদং ততম্।
স্বকর্মণা তমভ্যর্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ ॥ ৪৬

তীতি গোরক্ষস্তস্য ভাবো গৌরক্ষ্যং পাশুপাল্যমিত্যর্থঃ। বাণিজ্যং ক্রয়বিক্রয়াদি, এতদ্বৈশ্যস্য স্বাভাবিকং কর্ম্ম। ত্রৈবর্ণিকপরিচর্য্যাত্মকং শূদ্রস্যাপি স্বভাবজং কর্ম্ম ॥ ৪৪

টীকা—এবম্ভুতস্যাপি ব্রাহ্মণাদিকর্মণো জ্ঞানহেতুত্ব-মাহ—স্বে স্বে ইতি। স্বস্বাধিকারবিহিতে কর্ম্মণ্যভিরতঃ পরিনিষ্ঠিতো নরঃ সংসিদ্ধিং জ্ঞানযোগ্যতাং লভতে। কর্মণা জ্ঞানপ্রাপ্তিকারমাহ—স্বকর্মেতি সার্দ্ধেন। স্বকর্ম-পরিনিষ্ঠিতো যথা যেন প্রকারেণ তত্ত্বজ্ঞানং লভতে, তং প্রকারং শৃণু ॥ ৪৫

টীকা— তমেবাহ — যত ইতি। যতোঽন্তর্য্যামিণঃ পরমেশ্বরাদ্ভূতানাং প্রাণিনাং প্রবৃত্তিশ্চেষ্টা ভবতি। যেন প্রকারেণাত্মনা সর্ব্বমিদং বিশ্বং ততং ব্যাপ্তম্, তমীশ্বরং স্বকর্মণাঽভ্যর্চ্চ্য পূজয়িত্বা সিদ্ধিং লভতে মনুষ্যঃ ॥ ৪৬

টীকা—স্বকর্ম্মণেতি বিশেষণস্য ফলমাহ—শ্রেয়ানিতি। বিগুণোঽপি স্বধর্ম্মঃ সম্যগনুষ্ঠিতাদপি পরধর্ম্মাৎ শ্রেয়ান্ শ্রেষ্ঠঃ, ন চ বন্ধুবধাদিযুক্তাদ্ যুদ্ধাদেঃ স্বধর্ম্মাদ্ভিক্ষাটনাদি-পরধর্ম্মঃ শ্রেষ্ঠ ইতি মন্তব্যম্। যতঃ স্বভাবেন পূর্ব্বোক্তেন নিয়তং নিয়মেনোক্তং কর্ম্ম কুর্ব্বন্ কিল্বিষং নাপ্নোতি ॥ ৪৭

টীকা—যদি পুনঃ সাংখ্যদৃষ্ট্যা স্বধর্ম্মে হিংসালক্ষণং দোষং মত্বা পরধর্ম্মং শ্রেষ্ঠং মন্যসে, তর্হি সদোষত্বং

শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ পরধর্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বভাবনিয়তং কর্ম কুর্বন্ নাপ্নোতি কিল্বিষম্ ॥ ৪৭
সহজং কর্ম কৌন্তেয় সদোষমপি ন ত্যজেৎ।
সর্বারম্ভা হি দোষেণ ধূমেনাগ্নিরিবাবৃতাঃ ॥ ৪৮
অসক্তবুদ্ধিঃ সর্বত্র জিতাত্মা বিগতস্পৃহঃ।
নৈষ্কর্ম্যসিদ্ধিং পরমাং সন্ন্যাসেনাধিগচ্ছতি ॥ ৪৯

পরধর্মেঽপি তুল্যমিত্যাশয়েনাহ—সহজমিতি। সহজং স্বভাববিহিতং কর্ম্ম সদোষমপি ন ত্যজেৎ। হি যস্মাৎ সর্বেঽপ্যারম্ভা দৃষ্টাদৃষ্টার্থানি সর্ব্বাণ্যপি কর্ম্মাণি দোষেণ কেনচিদাবৃতা ব্যাপ্তা এব, যথা সহজেন ধূমেনাগ্নিরাবৃতস্তদ্বৎ; অতো যথাগ্নের্ধূমরূপং দোষমপাকৃত্য প্রতাপ এব তমঃশীতাদিনিবৃত্তয়ে সেব্যতে, তথা কর্মণোঽপি দোষাংশং বিহায় গুণাংশ এব সত্ত্বশুদ্ধয়ে সেব্যত ইত্যর্থঃ ॥ ৪৮

টীকা—ননু কথং কর্মণি ক্রিয়মাণে দোষাংশপ্রহাণেন গুণাংশ এব সম্পদ্যত ইত্যপেক্ষায়ামাহ—অসক্তবুদ্ধিরিতি। অসক্তা সঙ্গশূন্যা বুদ্ধির্যস্য, জিতাত্মা নিরহঙ্কারঃ বিগতা স্পৃহা ফলবিষয়েচ্ছা যস্মাৎ স এবম্ভূতেন, "সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ" ইত্যেবং পূর্ব্বোক্তেন কর্মাশক্তিতৎফলয়োস্ত্যাগলক্ষণেন সংন্যাসেন নৈষ্কর্ম্মসিদ্ধিং সর্ব্বকর্ম্মনিবৃত্তিলক্ষণাং সত্ত্বশুদ্ধিমধিগচ্ছতি। যদ্যপি সঙ্গ-ফলয়োস্ত্যাগেন কর্মানুষ্ঠানমপি নৈষ্কর্ম্ম্যমেব কর্ত্তৃত্বাভিনি-বেশাভাবাৎ। তদুক্তং—"নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ" ইত্যাদি শ্লোকচতুষ্টয়েন, তথাপ্যনেনোক্ত-লক্ষণেন সন্ন্যাসেন পরমাং নৈষ্কর্ম্মসিদ্ধিং "সর্ব্বকর্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী" ইত্যেবং লক্ষণং পারমহংস্যাপর-পর্য্যায়াং প্রাপ্নোতি ॥ ৪৯

কৃষি, গোরক্ষণ, পশুপালন, ক্রয় বিক্রয় আদি বাণিজ্য ইহা বৈশ্যের স্বাভাবিক কর্ম্ম। ত্রৈবর্ণিক পরিচর্য্যা (সেবা) শূদ্রের স্বভাবজাত কর্ম্ম। ৪৪

স্ব স্ব অধিকারবিহিত কর্ম্মে নিযুক্ত সন্তুষ্ট মানব জ্ঞান-যোগ্যতা লাভ করেন। আপন আপন কর্ম্মে অনুরক্ত মানব যেরূপে সিদ্ধি অর্থাৎ চিত্তশুদ্ধি লাভ করেন, তাহা শ্রবণ কর ॥ ৪৫

যে অন্তর্য্যামী পরমেশ্বর হইতে প্রাণিগণের প্রবৃত্তি (চেষ্টা) হয়, যাহা দ্বারা এই চরাচর বিশ্ব সমাচ্ছন্ন মানব স্বীয় কর্ম্মের দ্বারা সেই ঈশ্বরকে পূজা করত সিদ্ধি (জ্ঞানযোগ্যতা) লাভ করেন ॥ ৪৬

অঙ্গহীন স্বধর্ম্মও উত্তমরূপে অনুষ্ঠিত পরধর্ম্ম হইতে অতি প্রশস্ত, স্বভাববশীভূত কর্ম্ম করিয়া অপরাধী হয় না ॥ ৪৭

হে কৌন্তেয়! দোষযুক্ত ও স্বভাববিহিত কর্ম্ম ত্যাগ করিবে না, যেহেতু দৃষ্টাদৃষ্ট সকল কর্ম্ম কোন না কোন দোষের দ্বারা সহজ ধূমের অগ্নির ন্যায় আচ্ছাদিত দেখা যায় ॥ ৪৮

সকল বিষয়ে অনাসক্ত বুদ্ধি, অহঙ্কারবিহীন, সকল ইচ্ছা-বিহীন, সন্ন্যাসের দ্বারা অত্যুত্তমা সর্ব্বকর্ম্মনিবৃত্তিলক্ষণা চিত্তশুদ্ধি লাভ করেন ॥ ৪৯

সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম তথাপ্নোতি নিবোধ মে।
সমাসেনৈব কৌন্তেয় নিষ্ঠা জ্ঞানস্য যা পরা ॥ ৫০
বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো ধৃত্যাত্মানং নিয়ম্য চ।
শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা রাগ-দ্বেষৌ ব্যুদস্য চ ॥৫১
বিবিক্তসেবী লঘ্বাশী যতবাক্কায়মানসঃ।
ধ্যানযোগপরো নিত্যং বৈরাগ্যং সমুপাশ্রিতঃ ॥ ৫২

টীকা—এবম্ভূতস্য পরমহংসস্য জ্ঞাননিষ্ঠয়া ব্রহ্মভাব-প্রকারমাহ—সিদ্ধিং প্রাপ্ত ইতি ষড়্ভিঃ। নৈষ্কর্ম্যসিদ্ধিং প্রাপ্তঃ সন্ যথা যেন প্রকারেণ ব্রহ্ম প্রাপ্নোতি, তথা তং প্রকারং সংক্ষেপেণৈব মে বচনান্নিবোধ। প্রতিষ্ঠিতা যা ব্রহ্মপ্রাপ্তিস্তামিমাং তথা দর্শয়িতুমাহ—নিষ্ঠা জ্ঞানস্য যা পরেতি। নিষ্ঠা পর্য্যবসানাং পরিসমাপ্তিরিত্যর্থঃ ॥ ৫০

টীকা—তদেবাহ—বুদ্ধ্যেতি। উক্তেন প্রকারেণ বিশুদ্ধয়া পূর্ব্বোক্তয়া সাত্ত্বিক্যা বুদ্ধ্যা যুক্তো ধৃত্যা সাত্ত্বিক্যা স্বাত্মানং কার্য্য-কারণসঙ্ঘাতরূপাং তামেব বুদ্ধিং নিয়ম্য নিশ্চলাং কৃত্বা শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা তদ্বিষয়ৌ রাগ-দ্বেষৌ চ ব্যুদস্য বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্ত ইত্যাদীনাং ব্রহ্মভূয়ায় কল্পত ইতি তৃতীয়েনাণ্বয়ঃ।৫১ কিঞ্চ বিবিক্তেতি। বিবিক্ত-সেবী শুদ্ধদেশাবস্থায়ী, লঘ্বাশী মিতভোজী, এতৈরূপা-য়ৈর্যতবাক্কায়মানসঃ সংযতবাগ্দেহচিত্তো ভূত্বা নিত্যং সর্ব্বদা ধ্যানেন যো যোগো ব্রহ্মসংস্পর্শস্তৎপরঃ সন্ ধ্যানাবিচ্ছে-দার্থং পুনঃ পুনর্দৃঢ়ং বৈরাগ্যং সম্যগুপাশ্রিতো ভূত্বা। ৫২

কিঞ্চ অহঙ্কারমিতি। ততশ্চ বিরক্তোঽহমিত্যাত্মহঙ্কারং

হে কৌন্তেয়! চিত্তশুদ্ধি লাভের পর যেরূপে ব্রহ্মপ্রাপ্ত হওয়া যায়, তাহা সংক্ষেপে আমার নিকট অবগত হও এবং জ্ঞানের পারসমাপ্তি তাহাও জ্ঞাত হও ॥ ৫০

পূর্ব্বকথিত সাত্ত্বিকী বুদ্ধিসম্পন্ন, সাত্ত্বিকী ধৃতির দ্বারা আত্মাকে কার্য্যকারণ সঙ্গত সেই বুদ্ধিকে নিশ্চলা করিয়া শব্দাদি বিষয়সমূহ পরিত্যাগপূর্ব্বক তদ্বিষয়ক অনুরাগ-বিরাগ ত্যাগ করত শুদ্ধ নির্জ্জনদেশে অবস্থানকারী, মিতভোজী, বাক্য, শরীর, চিত্ত সংযত করিয়া ধ্যানযোগে পরম আসক্ত, উত্তমরূপে বৈরাগ্য আশ্রিত, অহঙ্কার, বল, দর্প, কাম, ক্রোধ পরিগ্রহ বিশেষভাবে বিমুক্ত হইয়া মমত্তাবিহীন শমগুণসম্পন্ন 'ব্রহ্মাহং' এইরূপ নিশ্চল-

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্।
বিমুচ্য নির্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৫৩
ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ৫৪
ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্ ॥ ৫৫

বলং দুরাগ্রহং দর্পং যোগবলাদুন্মার্গপ্রবৃত্তিলক্ষণং প্রারব্ধ-বশাৎ প্রাপ্যমাণেষ্বপি বিষয়েষু কামং ক্রোধং পরিগ্রহঞ্চ বিমুচ্য বিশেষেণ ত্যক্ত্বা বলাদাপন্নেষু নির্ম্মমঃ সন্ শান্তং পরমামুপশান্তিং প্রাপ্তো ব্রহ্মভূয়ায় ব্রহ্মাহমিতি নৈশ্চল্যে-নাবস্থানায় কল্পতে যোগ্যো ভবতি ॥ ৫৩

টীকা—ব্রহ্মাহমিতি নৈশ্চল্যেনাবস্থানস্য ফলমাহ—ব্রহ্মেতি। ব্রহ্মভূতো ব্রহ্মণ্যবস্থিতঃ প্রসন্নচিত্তঃ নষ্টং ন শোচতি ন চাপ্রাপ্তং কাঙ্ক্ষতি দেহাত্মাভিমানাভাবাৎ। অতএব সর্ব্বেষ্বপি ভূতেষু সমঃ সন্ রাগদ্বেষাদিকৃত-বিক্ষেপাভাবাৎ। সর্ব্বভূতেষু মদ্ভাবনালক্ষণাং পরমাং মদ্ভক্তিং লভতে ॥ ৫৪

টীকা—ততশ্চ ভক্ত্যেতি। তয়া চ পরয়া ভক্ত্যা তত্ত্বতো মামভিজানাতি, কথম্ভূতম্, যাবান্ সর্ব্বব্যাপী যশ্চাস্মি সচ্চিদানন্দঘনস্তথাভূতং, ততশ্চ মামেবং তত্ত্বতো জ্ঞাত্বা তদনন্তরং তস্য জ্ঞানস্যোপরমে সতি মাং বিশতে পরমানন্দরূপো ভবতীত্যর্থঃ ॥ ৫৫

ভাবে অবস্থানে সমর্থ হন ॥ ৫১-৫৩

ব্রহ্মপ্রাপ্ত প্রহৃষ্টচিত্ত কোন বিষয়ে শোক করেন না, অপ্রাপ্ত কিছুর আকাঙ্ক্ষা করেন না, সকলভূতে সমভাবাপন্ন হইয়া আমার প্রেমলক্ষণা পরা ভক্তি লাভ করেন ॥ ৫৪

সর্ব্বব্যাপী সচ্চিদানন্দঘনরূপ আমাকে পরা ভক্তির দ্বারা স্বরূপতঃ অবগত হয়, অনন্তর আমাকে যথাযথতঃ অর্থাৎ একমাত্র অদ্বয় তিনিই মায়াবলম্বনে বিশ্বে সৃষ্টি স্থিতি নাশ করেন, একমাত্র পরম জ্যোতি অদ্বয়জ্ঞানই পরম সত্য এইভাবে অবগত হইয়া আমাতে প্রবিষ্ট হন ॥ ৫৫

সর্বকর্মাণ্যপি সদা কুর্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্॥ ৫৬
চেতসা সর্বকর্মাণি ময়ি সন্ন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব॥ ৫৭
মচ্চিত্তঃ সর্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষ্যসি॥ ৫৮

টীকা—সকর্ম্মভিঃ পরমেশ্বরারাধনাদুক্তং মোক্ষপ্রকারমুপসংহরতি — সর্ব্বকর্ম্মাণীতি। সর্ব্বাণি নিত্যানি নৈমিত্তিকানি কাম্যানি চ কর্ম্মাণি পূর্বোক্তক্রমেণ মদ্ব্যপাশ্রয়ঃ সন্ সর্ব্বদাঃ কুর্ব্বাণঃ অহমেব ব্যপাশ্রয়ঃ আশ্রয়ণীয়ো ন তু স্বর্গাদিফলং যস্য স মম প্রসাদাৎ শাশ্বতমনাদি অব্যয়ং নিত্যং সর্ব্বোৎকৃষ্টং বৈষ্ণবং পদং প্রাপ্নোতি॥ ৫৬

টীকা—যস্মাদেবং তস্মাৎ — চেতসেতি। সর্ব্বাণি কর্ম্মাণি চেতসা ময়ি সংন্যস্য সমর্প্য, মৎপরঃ অহমেব পরঃ প্রাপ্যঃ পুরুষার্থো যস্য স ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা যোগমুপাশ্রিত্য সততং কর্ম্মানুষ্ঠানকালেঽপি ব্রহ্মার্পণং ব্রহ্ম হবিরিতি ন্যায়েন ময্যেব চিত্তং যস্য স তথাভূতো ভব॥ ৫৭

টীকা — ততো যদ্ভবিষ্যতি তচ্ছৃণু—মচ্চিত্ত ইতি। মচ্চিত্তঃ সন্ মৎপ্রসাদাৎ সর্ব্বাণ্যপি দুর্গাণি দুস্তরাণি সাংসারিকাণি দুঃখানি তরিষ্যতি। বিপক্ষে দোষমাহ, অথ চেৎ যদি পুনস্ত্বমহঙ্কারাৎ জ্ঞাতৃত্বাভিমানাৎ মদুক্তমেবং ন শ্রোষ্যসি, তর্হি বিনঙ্ক্ষ্যসি॥ ৫৮

সতত সকল কর্ম্ম অনুষ্ঠান করিয়াও একমাত্র আমাকে অনন্যভাবে আশ্রয় করত আমার প্রসাদে শাশ্বত (সদা একরূপ) অব্যয় আদ্যন্তরহিত, সর্ব্ববিকারশূন্য, সর্ব্বোৎকৃষ্ট পরমপদ প্রাপ্ত হইয়া থাকে॥ ৫৬

চিত্তের দ্বারা নিখিল কর্ম্ম আমাতে সমর্পণপূর্ব্বক মৎপরায়ণ হইয়া ব্যবসায়াত্মিকা অর্থাৎ ভগবদারাধনে আমি অবশ্যই কৃতার্থ হইব এই বুদ্ধিযোগ আশ্রয় করত সতত নিখিল কর্ম্মানুষ্ঠানকালে মদ্গতচিত্ত হও॥ ৫৭

তুমি সতত আমাতে সমর্পিতচিত্ত হইয়া আমার অনুগ্রহে দুস্তর সাংসারিক দুঃখসমূহ উত্তীর্ণ হইবে। আর যদি তুমি "আমি কর্ত্তা জ্ঞাতা" এই অভিমানবশে আমার বাক্য গ্রহণ না কর, তাহা হইলে পুরুষার্থ হইতে ভ্রষ্ট হইবে॥ ৫৮

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈব ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি॥ ৫৯
স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্মণা।
কর্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ॥ ৬০
ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেঽর্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া॥ ৬১

টীকা—কামং বিনঙ্ক্ষ্যামি, ন তু বন্ধুভির্যুদ্ধং করিষ্যামীতি চেত্তত্রাহ—যদিতি। মদুক্তমনাদৃত্য কেবলমহঙ্কারমবলম্ব্য যুদ্ধং ন করিষ্যামীতি ত্বং যন্মন্যসে অধ্যবস্যসি, এষ তে অধ্যবসায়ো মিথ্যৈবাস্বতন্ত্রত্বাত্তব। তদেবাহ—প্রকৃতিস্ত্বাং রজোগুণরূপেণ পরিণতা সতী নিযোক্ষ্যতি যুদ্ধে প্রবর্ত্তয়িষ্যত্যেব॥ ৫৯

টীকা—কিঞ্চ স্বভাবেতি। স্বভাবঃ ক্ষত্রিয়ত্বহেতুঃ পূর্ব্বকর্ম্মসংস্কারস্তস্মাজ্জাতেন স্বীয়েন কর্ম্মণা শৌর্য্যাদিনা পূর্ব্বোক্তেন নিবদ্ধো যন্ত্রিতস্ত্বং মোহাৎ যৎ কর্ম্ম যুদ্ধলক্ষণং কর্ত্তুং নেচ্ছসি, অবশোঽপি তৎ কর্ম্ম করিষ্যস্যেব॥ ৬০

টীকা—তদেবং শ্লোকদ্বয়েন সাংখ্যাদিমতেন প্রকৃতিপারতন্ত্র্যং স্বভাবপারতন্ত্র্যং চোক্তম্; ইদানীং স্বমতমাহ—ঈশ্বর ইতি দ্বাভ্যাম্। সর্ব্বভূতানাং হৃদ্দেশে হৃদয়মধ্যে ঈশ্বরোঽন্তর্য্যামী তিষ্ঠতি। কিং কুর্ব্বন্? সর্ব্বাণি ভূতানি মায়য়া নিজশক্ত্যা ভ্রাময়ংস্তৎকর্মসু প্রবর্ত্তয়ন্, যথা দারুযন্ত্রমারূঢ়ানি কৃত্রিমাণি ভূতানি সূত্রধারো লোকে ভ্রাময়তি তদ্বদিত্যর্থঃ। যদ্বা, যন্ত্রাণি শরীরাণি আরূঢ়ানি ভূতানি দেহাভিমানিনো জীবান্ ভ্রাময়ন্নিত্যর্থঃ।

যদি তুমি অহঙ্কার আশ্রয়পূর্ব্বক "আমি যুদ্ধ করিব না" মনে কর, তবে তোমার সে নিশ্চয় মিথ্যাই; কেন না তুমি স্বাধীন নহ—তোমার ক্ষাত্র প্রকৃতি তোমাকে অবশ্যই যুদ্ধে নিযুক্ত করিবে॥৫৯

হে কৌন্তেয়! অজ্ঞানতাপ্রযুক্ত যাহা করিতে ইচ্ছা করিতেছ না, তোমার জন্মান্তরীয় কর্ম্মজাতস্বভাব উৎপন্ন স্বীয় কর্ম্মের দ্বারা নিয়ন্ত্রিত তুমি অবশভাবে সেই যুদ্ধই করিবে॥ ৬০

হে অর্জ্জুন! সকলভূতের হৃদয়মধ্যে ঈশ্বর সমস্ত ভূতকে নিজশক্তি মায়ার দ্বারা দারুযন্ত্রারূঢ় কাষ্ঠপুত্তলিকাগণকে যেমন সূত্রধার ভ্রমণ করায়, তদ্রূপ ভ্রমণ করাইয়া অর্থাৎ তৎ তৎ কর্ম্মে প্রবর্ত্তিত করত অবস্থান করিতেছেন॥ ৬১

তমেব শরণং গচ্ছ সর্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতম্॥৬২
ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু ॥ ৬৩
সর্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥ ৬৪
মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে ॥৬৫
সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ৬৬

তথা চ শ্বেতাশ্বতরাণাং মন্ত্রঃ, "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ, সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ, সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চ"॥ ইতি অন্তর্যামিব্রাহ্মণঞ্চ, "য আত্মনি তিষ্ঠন্নাত্মানমন্তরো যময়তি যমাত্মানং বেদ যস্যাত্মা শরীরম্ এষ তে অন্তর্য্যাম্যমৃত" ইত্যাদি ॥ ৬১

টীকা—তমিতি—যস্মাদেবং সর্ব্বে জীবাঃ পরমেশ্বরপরতন্ত্রাস্তস্মাদহঙ্কারং পরিত্যজ্য সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা তমীশ্বরমেব শরণং গচ্ছ, ততশ্চ তস্যৈব প্রসাদাৎ পরামুত্তমাং শান্তিং স্থানঞ্চ পারমেশ্বরং শাশ্বতং নিত্যং প্রাপ্স্যসি ॥ ৬২

টীকা—সর্ব্বগীতার্থমুপসংহরন্নাহ—ইতীতি। ইত্যনেন প্রকারেণ তে তুভ্যং সর্ব্বজ্ঞেন পরমকারুণিকেন ময়া জ্ঞানমাখ্যাতমুপদিষ্টম্। কথম্ভূতম্, গুহ্যাৎ গোপ্যাৎ রহস্যমন্ত্রযোগাদিজ্ঞানাদপি গুহ্যতরম্, এতন্ময়োপদিষ্টং গীতাশাস্ত্রমশেষতো বিমৃশ্য পর্য্যালোচ্য পশ্চাদ্ যথেচ্ছসি তথা কুরু। এতস্মিন্ পর্য্যালোচিতে সতি তব মোহো নিবর্তিষ্যতে ইতি ভাবঃ ॥ ৬৩

টীকা—অতিগম্ভীরং গীতাশাস্ত্রমশেষতঃ পর্য্যালোচয়িতুমশক্নুবতঃ কৃপয়া স্বয়মেব তস্য সারং সংগৃহ্য কথয়তি—সর্ব্বগুহ্যতমমিতি ত্রিভিঃ। সর্ব্বেভ্যোঽপি গুহ্যেভ্যো গুহ্যতমং মে বচস্তত্র তত্রোক্তমপি ভূয়ঃ পুনরপি বক্ষ্যমাণং শৃণু। পুনঃ পুনঃ কথনে হেতুমাহ—দৃঢ়মত্যন্তং মে মম ত্বমিষ্টঃ প্রিয়োঽসীতি মত্বা তত এব হেতোস্তে হিতং বক্ষ্যামি ; যদ্বা ত্বং মমেষ্টোঽসি ময়া বক্ষমাণং চ দৃঢ়ং সর্ব্বপ্রমাণোপেতমিতি নিশ্চিত্য ততস্তে বক্ষ্যামীত্যর্থঃ। দৃঢ়মতিরিতি কেচিৎ পঠন্তি ॥ ৬৭

টীকা—তদেবাহ—মন্মনা ইতি। মন্মনা মচ্চিত্তো ভব, মদ্ভক্তো মদ্ভজনশীলো ভব, মদ্‌যাজী মদ্‌যজনশীলো ভব, মামেব নমস্কুরু, এবং বর্ত্তমানস্ত্বং মৎপ্রসাদাৎ লব্ধজ্ঞানেন মামেবৈষ্যসি প্রাপ্স্যসি, অত্র চ সংশয়ং মা কার্ষীঃ। ত্বং হি মে প্রিয়োঽসি, অতঃ সত্যং যথা ভবত্যেবং তুভ্যমহং প্রতিজানে প্রতিজ্ঞাং করোমি। ততোঽপি গুহ্যতমমাহ—সর্ব্বেতি মদ্ভক্ত্যৈব সর্ব্বং ভবিষ্যতীতি দৃঢ়বিশ্বাসেন বিধিকৈঙ্কর্য্যং ত্যক্ত্বা মদেকশরণো ভব। এবং বর্ত্তমানঃ কর্মত্যাগনিমিত্তং পাপং স্যাদিতি মা শুচঃ শোকং মা কার্ষীঃ, যতস্ত্বা ত্বাং মদেকশরণং সর্ব্বপাপেভ্যোঽহং মোক্ষয়িষ্যামি মোচয়িষ্যামি ॥ ৬৫-৬৬

হে ভারত! কায়মনোবাক্যে সর্বপ্রযত্নে সেই অন্তর্যামী ঈশ্বরেরই শরণ গ্রহণ কর। তাঁহার প্রসাদে পরমা শান্তি এবং নিত্য পরমেশ্বর স্থান প্রাপ্ত হইবে ॥ ৬২

এই গুহ্য হইতে অর্থাৎ রহস্যমন্ত্র যোগাদি জ্ঞান হইতেও গুহ্যতর তোমাকে উপদেশ করিলাম। আমার উপদিষ্ট এই গীতাশাস্ত্র অশেষভাবে পর্যালোচনা করত অনন্তর যাহা ইচ্ছা হয় তাহা কর ॥ ৬৩

তুমি আমার সর্বগুহ্যতম পরমবাক্য পুনরায় শ্রবণ কর—আমার অত্যন্ত প্রিয় তুমি, তজ্জন্য তোমার হিত আবার বলিতেছি ॥ ৬৪

তুমি মচ্চিত্ত হও, আমার ভজনপরায়ণ হও, আমার যজনশীল হও, আমাকে নমস্কার কর—এরূপ করিলে আমার অনুগ্রহলব্ধ জ্ঞানের দ্বারা আমাকেই প্রাপ্ত হইবে। সংশয় করিও না—যেহেতু তুমি আমার প্রিয়, তজ্জন্য আমি তোমায় সত্য প্রতিজ্ঞা করিয়া বলিতেছি ॥ ৬৫

সর্বধর্ম পরিত্যাগপূর্বক একমাত্র আমার শরণাগত হও। আমার ভক্তি দ্বারাই সমস্ত হইবেই এই দৃঢ় বিশ্বাসে বিধি কৈঙ্কর্য্য ত্যাগ করত মদেকশরণ হও। এরূপ করিলে কর্মত্যাগজনিত পাপ হইবে এরূপ অনুশোচনা করিও না, যেহেতু একমাত্র আমার শরণাপন্ন তোমাকে আমি সমস্ত পাপ হইতে মুক্ত করিব ॥ ৬৬

ইদং তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
ন চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি ॥ ৬৭
য ইমং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।
ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ ॥ ৬৮
ন চ তস্মান্মনুষ্যেষু কশ্চিন্মে প্রিয়কৃত্তমঃ।
ভবিতা ন চ মে তস্মাদন্যঃ প্রিয়তরো ভুবি ॥ ৬৯
অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ ॥ ৭০
শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপি মুক্তঃ শুভাঁল্লোকান্ প্রাপ্নুয়াৎ পুণ্যকর্ম্মণাম্ ॥৭১

টীকা—এবং গীতার্থতত্ত্বমুপদিশ্য তৎসম্প্রদায়প্রবর্ত্তনে নিয়মমাহ — ইদমিতি। ইদং গীতার্থতত্ত্বং তে ত্বয়া অতপস্কায় স্বধর্মানুষ্ঠানহীনায় ন বাচ্যম্, ন চ অভক্তায় গুরাবীশ্বরে চ ভক্তিশূন্যায় কদাচিদপি ন বাচ্যম্, ন চাশুশ্রূষবে পরিচর্য্যামকুর্বতে শ্রোতুমনিচ্ছতে বা বাচ্যম্, মাং পরমেশ্বরং যোঽভ্যসূয়তি মনুষ্যদৃষ্ট্যা দোষারোপেণ নিন্দতি, তস্মৈ ন চ বাচ্যম্ ॥ ৬৭

টীকা—এতৈর্দ্দোষৈর্বিরহিতেভ্যো গীতাশাস্ত্রোপদেষ্টুঃ ফলমাহ—য ইমমতি। মদ্ভক্তেষ্বভিধাস্যতি মদ্ভক্তেভ্যো যো বক্ষ্যতি স ময়ি পরাং ভক্তিং করোতি, ততো নিঃসংশয়ঃ সন্ মামেব প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৬৮

টীকা—কিঞ্চ ন চেতি—তস্মান্মদ্ভক্তেভ্যো গীতাশাস্ত্র-ব্যাখ্যাতুঃ সকাশাদন্যো মনুষ্যেষু মধ্যে কশ্চিদপি মম প্রিয়কৃত্তমোঽত্যন্তং পরিতোষকর্ত্তা নাস্তি, ন চ কালান্তরে ভবিতা ভবিষ্যতি। মমাপি তস্মাদন্যঃ প্রিয়তরোঽধুনা ভুবি তাবন্নাস্তি, ন চ কালান্তরেঽপি ভবিষ্যতীত্যর্থঃ। পঠতঃ ফলমাহ — অধ্যেষ্যত ইতি। আবয়োঃ শ্রীকৃষ্ণার্জ্জুনয়োরিমং ধর্ম্ম্যং ধর্মাদনপেতং সংবাদং যোঽধ্যেষ্যতে জপরূপেণ পঠিষ্যতি, তেন পুংসা সর্ব্ব-যজ্ঞেভ্যঃ শ্রেষ্ঠেন জ্ঞানযজ্ঞেন অহমিষ্টঃ স্যাং ভবেয়মিতি মে মতিঃ। যদ্যপ্যসৌ গীতার্থমবুধ্যমান এব কেবলং জপতি, তথাপি মম তচ্ছৃণ্বতো মামেবাসৌ প্রকাশয়তীতি বুদ্ধির্ভবতি। যথা লোকে যদৃচ্ছয়াপি যদা কশ্চিৎ কদাচিৎ কস্যচিন্নাম গৃহ্ণাতি, তদাসৌ মামেবায়মাহ্বয়তীতি মত্বা তৎপার্শ্বমাগচ্ছতি, তথাহমপি তস্য সন্নিহিতো ভবেয়ম্, অতএব অজামিলক্ষত্রবন্ধুপ্রমুখাণাং কথঞ্চিন্না-মোচ্চারণমাত্রেণ প্রসন্নোঽস্মি, তথৈবাস্যাপি প্রসন্নো ভবেয়মিতি ভাবঃ ॥ ৬৯-৭০

টীকা—অন্যস্য জপতো যোঽন্যঃ কশ্চিচ্ছৃণোতি তস্যাপি ফলমাহ—শ্রদ্ধাবানিতি। যো নরঃ শ্রদ্ধাযুক্তঃ কেবলং শৃণুয়াদপি। শ্রদ্ধাবানপি যঃ কশ্চিৎ কিমর্থময়-মুচ্চৈর্জ্জপতি অসম্বদ্ধং বা জপতীতি দোষদৃষ্টিং করোতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ — অনসূয়শ্চাসূয়ারহিতো যঃ শৃণুয়াৎ, সোঽপি সর্ব্বৈঃ পাপৈর্মুক্তঃ সন্নশ্বমেধাদিপুণ্যকৃতাং লোকান্ প্রাপ্নুয়াৎ ॥ ৭১

এই গীতার্থ তত্ত্ব স্বধর্ম-অনুষ্ঠানহীনকে বলিবে না। আর গুরু এবং ঈশ্বরে ভক্তিশূন্যকে বলিবে না, যে শুশ্রূষাকারী নহে তাহাকে বলিবে না এবং পরমেশ্বর আমাকে যে মনুষ্যদৃষ্টিতে নিন্দা করে, তাহাকে বলিবে না ॥ ৬৭

যিনি পরম গোপনীয় আমার এই গীতাশাস্ত্র আমার ভক্ত-গণকে বলিবেন, তিনি আমাতে প্রেমলক্ষণা ভক্তিলাভ করত নিশ্চয়ই আমাকেই প্রাপ্ত হইবেন ॥ ৬৮

অতএব আপনার ভক্তগণের নিকট গীতাশাস্ত্র ব্যাখ্যাতা হইতে মনুষ্যগণের মধ্যে কেহই আমার নিরতিশয় পরিতোষকর্ত্তা নাই; কালান্তরেও হইবে না, আমারও তাহা হইতে অন্য প্রিয়তর অধুনা সংসারে নাই—কালান্তরেও হইবে না ॥ ৬৯

এবং যিনি আমাদের এই ধর্ম্মযুক্ত সংবাদ পাঠ করিবেন, তাঁহার দ্বারা আমি সর্ব্বযজ্ঞের শ্রেষ্ঠ যজ্ঞ জ্ঞানযজ্ঞের দ্বারা অর্চ্চিত হইব। যদি কেহ গীতার্থ না বুঝিয়াও পাঠ করে, তাহা হইলেও আমি তাহার প্রতি প্রসন্ন হইব। যেমন কেহ কাহাকেও যদৃচ্ছাক্রমে নাম ধরিয়া আহ্বান করিলে সে তাহার নিকট উপস্থিত হয়, তদ্রূপ গীতাপাঠকারী আমাকেই আহ্বান করিতেছে মনে করিয়া তাহার নিকট উপস্থিত হইব ॥ ৭০

শ্রদ্ধাসম্পন্ন ও গুণে দোষাবিষ্কারহীন যে মানব কেবলমাত্র শ্রবণও করিবেন, তিনিও সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া অশ্বমেধ যজ্ঞকারিগণের লোকসমূহ প্রাপ্ত হইবেন ॥ ৭১

কচ্চিদেতচ্ছ্রুতং পার্থ ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয় ॥ ৭২

অর্জ্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥ ৭৩

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং রোমহর্ষণম্ ॥ ৭৪
ব্যাসপ্রসাদাচ্ছ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫
রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ ॥ ৭৬
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্ হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥ ৭৭

টীকা — সম্যগ্ বোধানুৎপত্তৌ পুনরুপদেক্ষ্যামীত্যাশয়েনাহ— কচ্চিদিতি। কচ্চিদিতি প্রশ্নার্থঃ। অজ্ঞানসম্মোহস্তত্ত্বাজ্ঞানকৃতো বিপর্য্যয়ঃ। স্পষ্টমন্যৎ ॥ ৭২

টীকা — কৃতার্থঃ সন্নর্জ্জুন উবাচ — নষ্ট ইতি। আত্মবিষয়ো মোহো নষ্টঃ, যতোঽয়মহমস্মীতি স্বরূপানুসন্ধানরূপা স্মৃতিস্ত্বৎপ্রসাদান্ময়া লব্ধা; স্থিতোঽস্মি, যুদ্ধায়োত্থিতোঽস্মি। গতঃ ধর্ম্মবিষয়ঃ সন্দেহো যস্য সোঽহং তবাজ্ঞাং করিষ্যে ইতি ॥ ৭৩

টীকা—তদেবং ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদং প্রস্তুতাং কথামনুসন্দধানঃ সঞ্জয় উবাচ—ইতীতি। রোমহর্ষণং রোমাঞ্চকরং সংবাদমশ্রৌষং শ্রুতবানহম্। স্পষ্টমন্যৎ ॥ ৭৪

আত্মনস্তস্য শ্রবণে সম্ভাবনামাহ—ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদি মহ্যং দত্তম্, অতো ব্যাসস্য প্রসাদাদেতৎ অহং শ্রুতবানস্মি। কিং তদিত্যপেক্ষায়ামাহ—পরং যোগম্। পরত্বমাবিষ্করোতি —যোগেশ্বরাৎ শ্রীকৃষ্ণাৎ স্বয়মেব সাক্ষাৎ কথয়তঃ শ্রুতবানিতি ॥ ৭৫

টীকা—কিঞ্চ— রাজন্নিতি। হৃষ্যামি রোমাঞ্চিতো ভবামি হর্ষং প্রাপ্নোমীতি বা। স্পষ্টমন্যৎ ॥ ৭৬

টীকা—কিঞ্চ—তচ্চেতি। তদিতি বিশ্বরূপং নির্দ্দিশতি। স্পষ্টমন্যৎ ॥ ৭৭

টীকা—অতস্ত্বং পুত্রাণাং রাজ্যাদিশঙ্কাং পরিত্যজেত্যাশয়েনাহ—যত্রেতি। যত্র চ যেষাং পাণ্ডবানাং পক্ষে যোগেশ্বরঃ শ্রীকৃষ্ণো বর্ত্ততে, যত্র চ পার্থো গাণ্ডীবধনুর্ধরস্তত্রৈব চ শ্রীঃ রাজলক্ষ্মীস্তত্রৈব চ বিজয়স্তত্রৈব চ ভূতিরুত্তরোত্তরাভিবৃদ্ধিশ্চ। নীতির্নয়োঽপি তত্রৈব। ধ্রুবা সর্ব্বত্র নিশ্চিতেতি সম্বধ্যতে ইতি মম মতির্নিশ্চয়ঃ। অত ইদানীমপি তাবৎ সপুত্রস্ত্বং শ্রীকৃষ্ণং শরণমুপেত্য পাণ্ডবান্ প্রসাদ্য সর্ব্বস্বঞ্চ তেভ্যো নিবেদ্য পুত্রপ্রাণরক্ষাং কুর্ব্বিতি ভাবঃ। তথাহি—"পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।" "ভক্ত্যা ত্বনন্যয়া শক্যস্ত্বহমেবংবিধোঽর্জ্জুন॥" ইত্যাদৌ ভগবদ্বক্তের্ম্মোক্ষং প্রতি সাধকতমত্বশ্রবণাত্তদেকান্তভক্তিরেব তপঃপ্রসাদোত্থজ্ঞানাবান্তরব্যাপারমাত্রযুক্তা মোক্ষহেতুরিতি স্ফুটং প্রতীয়তে। জ্ঞানস্য চ ভক্ত্যবান্তরব্যাপারত্বমেব যুক্তম্। "তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্। দদামি বুদ্ধিযোগং তং যেন

হে পার্থ! তুমি একাগ্রচিত্তে ইহা শ্রবণ করিয়াছ তো? হে ধনঞ্জয়! তোমার অজ্ঞানকৃত ব্যতিক্রম উত্তমরূপে ধ্বস্ত হইয়াছে ত? ৭২

অর্জুন বলিলেন,—হে অচ্যুত! আমার আত্মবিষয়ক মোহ (অজ্ঞান) নষ্ট হইয়াছে। তোমার প্রসাদে আমি স্বরূপ অনুসন্ধানরূপিণী স্মৃতি লাভ করিয়াছি, আমি যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছি, আমার ধর্ম্মবিষয়ক সংশয় আর নাই, আমি তোমার আজ্ঞা পালন করিব ॥ ৭৩

সঞ্জয় বলিলেন,—আমি ভগবান্ বাসুদেব এবং মহাত্মা অর্জুনের এই রোমাঞ্চকর বিস্ময়জনক এই সংবাদ শ্রবণ করিলাম ॥ ৭৪

আমি ভগবান্ ব্যাসের কৃপায় এই নিরতিশয় গোপনীয় যোগকথনকারী সাক্ষাৎ যোগেশ্বর শ্রীকৃষ্ণের শ্রীমুখ হইতে শুনিলাম ॥ ৭৫

হে রাজন্! কেশব ও অর্জুনের এই বিশুদ্ধ বিস্ময়জনক বৃত্তান্ত পুনঃ পুনঃ উত্তমরূপে স্মরণ করত বারংবার পুলকিত হইতেছি ॥ ৭৬

হে রাজন্! হরির সেই বিস্ময়জনক বিশ্বরূপ স্মরণ করিয়া, স্মরণ করিয়া মহান্ বিস্ময় হইতেছে, আমি বারবার আহ্লাদিত হইতেছি ॥ ৭৭

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্ধরঃ।

তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥ ৭৮

মামুপযান্তি তে ॥" "মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে" ইত্যাদি বচনাৎ, ন তত্ত্বজ্ঞানমেব ভক্তিরিতি যুক্তম্, "সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ ॥" ইত্যাদৌ ভেদদর্শনাৎ। ন চৈবং সতি "তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি শ্রুতিবিরোধঃ শঙ্কনীয়ঃ, ভক্ত্যবান্তর-ব্যাপারত্বাৎ জ্ঞানস্য। ন হি কাষ্ঠৈঃ পচতীত্যুক্তে জ্বালা-নামসাধনত্বমুক্তং ভবতি কিঞ্চ, "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥" "দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে" "যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ" ইত্যাদি শ্রুতিস্মৃতিপুরাণ-বচনান্যেবং সতি সমঞ্জসানি ভবন্তি, তস্মাদ্ভগবদ্ভক্তিরেব মোক্ষহেতুরিতি সিদ্ধম্ ॥ ৭৮

যে পাণ্ডবগণের পক্ষে স্বয়ং যোগেশ্বর শ্রীকৃষ্ণ বর্ত্তমান, যে পক্ষে গাণ্ডীব ধনুর্দ্ধর অর্জ্জুন, সেখানেই রাজলক্ষ্মী ও সেখানেই বিজয় এবং উত্তর উত্তর অভিবৃদ্ধি নীতি ও নিত্যা ইহাই আমার নিশ্চয়।

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে মোক্ষসন্ন্যাসযোগো নামাষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ভীষ্মপর্বণি তু দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥
শ্রীমদ্ভগবদ্গীতা সমাপ্তা

তেনৈব দত্তয়া মত্যা তদ্গীতাবিবৃতিঃ কৃতা।

স এব পরমানন্দস্তয়া প্রীণাতু মাধবঃ ॥

পরমানন্দপাদাব্জরজঃ-শ্রীধারিণাধুনা।

শ্রীধরস্বামিযতিনা কৃতা গীতা-সুবোধিনী ॥

স্বপ্রাগল্‌ভ্যবলাদ্বিলোড্য ভগবদ্গীতাং তদন্তর্গতং

তত্ত্বং প্রেপ্সুরুপৈতি কিং গুরুকৃপাপীযূষদৃষ্টিং বিনা।

অম্বু স্বাঞ্জলিনা নিরস্য জলধেরাদিৎসুরন্তর্মণী-

নাবর্ত্তেষু ন কিং নিমজ্জতি জনঃ সৎকর্ণধারং বিনা ॥

ইতি শ্রীশ্রীধরস্বামিযতিকৃতায়াং শ্রীমদ্ভগবদ্গীতাটীকায়াং সুবোধিন্যাং পরমার্থনির্ণয়ো (মোক্ষযোগঃ) নাম অষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮

অধুনা আপনি শ্রীকৃষ্ণের শরণাগত হইয়া পাণ্ডবগণকে প্রসন্ন করত সর্ব্বস্ব তাঁহাদের নিবেদনপূর্ব্বক পুত্রগণের প্রাণরক্ষা করুন ॥ ৭৮

ইতি শ্রীমহাভারতে বেদব্যাসবিরচিত শতসহস্র-সংহিতা মধ্যে ভীষ্মপর্ব্বান্তর্গত শ্রীমদ্ভগবদ্গীতা উপনিষদে ব্রহ্মবিদ্যাবিষয়ক যোগশাস্ত্রে কৃষ্ণার্জ্জুনসংবাদে মোক্ষসন্ন্যাসযোগ নামক অষ্টাদশ অধ্যায় ॥

অনন্তশ্রীসমলঙ্কৃত শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেবকৃত শ্রীমদ্ভগবদ্গীতার অনুবাদ সমাপ্ত।

শ্রীমদ্ভগবদ্গীতা সম্পূর্ণ।

(গীতাপাঠের পূর্ব্বে যথাবিহিত সঙ্কল্প, অঙ্গন্যাস, করন্যাস ও ধ্যানান্তে পূজাপূর্ব্বক এই মঙ্গলাচরণ শ্লোকগুলি পাঠ করিতে হয়।)

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

অথ শ্রীমদ্ভগবদ্গীতায়াঃ প্রারম্ভঃ

মঙ্গলাচরণম্।

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

য আদিনাথো ভগবাননাদি-
জ্ঞানাম্বুধিঃ স্বাত্মরতির্মহাত্মা।
শ্রীদেশিকেন্দ্রঃ করুণাম্বুরাশি-
র্নানাস্বরূপৈশ্চরতীহ লোকে॥

শ্রীহয়গ্রীবায় নমঃ

শুক্লাম্বরধরং বিষ্ণুং শশিবর্ণং চতুর্ভুজম্।
প্রসন্নবদনং ধ্যায়েৎ সর্ব্ববিঘ্নোপশান্তয়ে॥ ১

বাগীশাদ্যাঃ সুমনসঃ সর্ব্বার্থানামুপক্রমে।
যং নত্বা কৃতকৃত্যাঃ স্যুস্তং নমামি গজাননম্॥ ২

নমো ধর্ম্মায় মহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য ধর্ম্মান্ বক্ষ্যে সনাতনান্॥ ৩

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥ ৪

ব্যাসং বশিষ্ঠনপ্তারং শক্তেঃ পৌত্রমকল্মষম্।
পরাশরাত্মজং বন্দে শুকতাতং তপোনিধিম্॥ ৫

ব্যাসায় বিষ্ণুরূপায় ব্যাসরূপায় বিষ্ণবে।
নমো বৈ ব্রহ্মবিধয়ে বাশিষ্ঠায় নমো নমঃ॥ ৬

অচতুর্ব্বদনো ব্রহ্মা দ্বিবাহুরপরো হরিঃ।
অভাললোচনঃ শম্ভুর্ভগবান্ বাদরায়ণিঃ॥ ৭

গীতামাহাত্ম্যম্

ধরোবাচ।

ভগবন্ পরমেশান ভক্তিরব্যভিচারিণী।
প্রারব্ধং ভুজ্যমানস্য কথং ভবতি হে প্রভো॥ ১

শ্রীবিষ্ণুরুবাচ।

প্রারব্ধং ভুজ্যমানো হি গীতাভ্যাসরতঃ সদা।
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে॥ ২

মহাপাপাতিপাপানি গীতাধ্যানং করোতি চেৎ।
ক্বচিৎ স্পর্শং ন কুর্ব্বন্তি নলিনীদলমম্বুবৎ॥ ৩

গীতায়াঃ পুস্তকং যত্র যত্র পাঠঃ প্রবর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে॥ ৪

সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনঃ পন্নগাশ্চ যে।
গোপালা গোপিকা বাপি নারদোদ্ধবপার্ষদৈঃ॥
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে॥ ৫

যত্র গীতাবিচারশ্চ পঠনং পাঠনং শ্রুতম্।
তত্রাহং নিশ্চিতং পৃথ্বি নিবসামি সদৈব হি॥ ৬

শ্রীশ্রীগীতামাহাত্ম্য

অনুবাদক—শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেব।

শ্রীধরাদেবী বলিলেন—হে ভগবন্ পরমেশ্বর! হে প্রভো! প্রারব্ধ ভোগকারীর অব্যভিচারিণী অনন্যা নিশ্চলা ভক্তি কি প্রকারে হয়? ১

শ্রীভগবান্ বিষ্ণু বলিলেন—হে দেবি! সর্ব্বদা যে মানব গীতাভ্যাসে রত প্রারব্ধ ভোগ করিলেও তিনি মুক্ত, জগতে তিনি সুখী এবং কোন কর্ম্মের দ্বারা লিপ্ত হন না॥ ২

যেমন পদ্মপত্রে জল সংশ্লিষ্ট হয় না, তদ্রূপ যিনি গীতাধ্যান করেন, তাঁহাকে মহাপাপ অতিপাপ সকল কখনও স্পর্শ করিতে পারে না॥৩

যে স্থানে গীতাপুস্তক থাকে, যে স্থলে গীতা পাঠ হয়, সেখানে প্রয়াগ আদি নিখিল তীর্থ বর্ত্তমান থাকে॥ ৪

যে স্থলে গীতা পাঠ অনুষ্ঠিত হয়, তথায় সমস্ত দেবতা ঋষিসমূহ, যোগিগণ, পন্নগ সকল, গোপালবৃন্দ, গোপিকাযূথ, নারদ, উদ্ধব আদি পার্ষদসমুদয় সহ সত্বর সহায় হন॥ ৫

হে ধরণি! যেখানে গীতা বিচার, পাঠ, পাঠন, শ্রবণ হয়, আমি নিশ্চিত সততই সে স্থলে নিবাস করি॥ ৬

গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে চোত্তমং গৃহম্।
গীতাজ্ঞানমুপাশ্রিত্য ত্রীল্লোঁকান্ পালয়াম্যহম্ ॥ ৭
গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রাক্ষরা নিত্যা স্বানির্ব্বাচ্যপদাত্মিকা ॥ ৮
চিদানন্দেন কৃষ্ণেন প্রোক্তা স্বমুখতোঽর্জ্জুনম্।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানসংযুতা ॥ ৯
যোঽষ্টাদশ জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং স লভতে ততো যাতি পরং পদম্ ॥ ১০
পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে ততোঽর্দ্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ১১
ত্রিভাগং পঠমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু সোমযাগফলং লভেৎ ॥ ১২
একাধ্যায়ং তু যো নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥ ১৩
অধ্যায়ং শ্লোকপাদং বা নিত্যং যঃ পঠতে নরঃ।
স যাতি নরতাং যাবন্মন্বন্তরং বসুন্ধরে ॥ ১৪
গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
দ্বৌ ত্রীনেকং তদর্দ্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ ॥ ১৫
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং ধ্রুবম্।
গীতাপাঠসমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ ॥ ১৬
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্।
গীতেত্যুচ্চারসংযুক্তো ম্রিয়মাণঃ গতিং লভেৎ ॥ ১৭
গীতার্থশ্রবণাসক্তো মহাপাপযুতোঽপি বা।
বৈকুণ্ঠং সমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে ॥ ১৮
গীতার্থং ধ্যায়তে নিত্যং কৃত্বা কর্ম্মাণি ভূরিশঃ।
জীবন্মুক্তঃ স বিজ্ঞেয়ো দেহান্তে পরমং পদম্ ॥ ১৯
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্ধূতকল্মষা লোকে গীতা যাতা পরং পদম্ ॥ ২০
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথা পাঠো ভবেত্তস্য শ্রম এব হ্যুদাহৃতঃ ॥ ২১

গীতাকে আশ্রয় করিয়া আমি অবস্থান করি, গীতা আমার উত্তম গৃহ, উত্তমরূপে গীতাজ্ঞান আশ্রয় করত আমি ত্রিভুবন পালন করি ॥ ৭

গীতা আমার অর্দ্ধমাত্রা অক্ষরা নিত্যা অনির্ব্বচনীয়া পদাত্মিকা ব্রহ্মরূপা পরমা বিদ্যা, ইহাতে কোন সন্দেহ নাই ॥ ৮

চিদানন্দময় কৃষ্ণ স্বমুখে বেদত্রয়ী ত্রিবেদস্বরূপিণী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানসংযুতা এই গীতা অর্জ্জুনকে বলিয়াছিলেন ॥ ৯

যে মানব আগ্রহচিত্তে অষ্টাদশ অধ্যায় গীতা নিত্য পাঠ করেন তিনি সিদ্ধিলাভ করিয়া থাকেন এবং অনন্তর পরমপদ প্রাপ্ত হন ॥ ১০

সম্পূর্ণ পাঠ করিতে অসমর্থ হইলে অর্দ্ধেক পাঠ করিবেন, তাহাতে গোদান-জনিত পুণ্য লাভ করিবেন—এবিষয়ে কোন সংশয় নাই ॥ ১১

গীতা ত্রিভাগ পাঠ করিলে গঙ্গাস্নানের ফললাভ হয়, ষড়্ভাগ পাঠে সোমযাগের ফল লাভ হইয়া থাকে ॥ ১২

যিনি ভক্তি সহকারে নিত্য এক অধ্যায় পাঠ করেন, তিনি দেহান্তে রুদ্রলোক প্রাপ্ত হন এবং রুদ্র-গণ হইয়া চিরকাল তথায় বাস করিয়া থাকেন ॥ ১৩

হে বসুন্ধরে! যে মানব নিত্য গীতার এক অধ্যায় অথবা অধ্যায়ের চতুর্থ অংশ পাঠ করেন, তিনি মন্বন্তরকাল নরজন্ম লাভ করিয়া থাকেন ॥ ১৪

যে মানব গীতার দশটি সাতটি পাঁচটি চারিটি কিম্বা দুইটি তিনটি একটি অধিক কি অর্দ্ধ শ্লোকও পাঠ করেন ॥ ১৫

তিনি নিশ্চিত অযুত বর্ষ কাল চন্দ্রলোক প্রাপ্ত হন। গীতা-পাঠনিরত মৃত মানব নরজন্ম লাভ করিয়া থাকেন ॥ ১৬

পুনঃ পুনঃ গীতা অভ্যাস করত উত্তমা মুক্তি লাভ করেন, মরণ কালে "গীতা" এই মহামন্ত্র উচ্চারণ করিয়া দেহত্যাগ করিলে পরমা গতি প্রাপ্ত হন ॥ ১৭

মহাপাপযুক্ত ব্যক্তিও যদি গীতার্থ শ্রবণে আসক্ত হন, তাহা হইলে বৈকুণ্ঠে গমন করত বিষ্ণুর সহিত আনন্দে অবস্থান করেন ॥ ১৮

বহুকর্ম্মানুষ্ঠান করিয়াও যিনি নিত্য গীতার অর্থ চিন্তা করেন তাঁহাকে জীবন্মুক্ত বলিয়া জানিবে, দেহান্তে তিনি পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৯

সংসারে জনক প্রভৃতি বহু নরপতি গীতাকে আশ্রয় করিয়া বিগতপাপ বলিয়া কথিত হইয়া অন্তে পরমপদ লাভ করিয়াছেন ॥ ২০

যিনি গীতা পাঠ করত মাহাত্ম্য পাঠ করেন না, তাঁহার পাঠ বৃথা শ্রমমাত্র বলিয়া কথিত হয় ॥ ২১

এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাভ্যাসং করোতি যঃ।
স তৎফলমবাপ্নোতি দুর্লভাং গতিমাপ্নুয়াৎ ॥ ২২

সূত উবাচ।
মাহাত্ম্যমেতদ্ গীতায়া ময়া প্রোক্তং সনাতনম্।
গীতান্তে চ পঠেদ্ যস্তু যদুক্তং তৎ ফলং লভেৎ ॥ ২৩
ইতি শ্রীশ্রীগীতামাহাত্ম্যং সমাপ্তম্ ॥

যিনি এই মাহাত্ম্যসহ গীতা অভ্যাস করেন, তিনি যথোক্ত ফল লাভ করেন এবং অন্তে দুর্লভ গতি প্রাপ্ত হন ॥ ২২

আমি গীতার এই সনাতন মাহাত্ম্য বলিলাম ; যিনি গীতা পাঠের পর ইহা পাঠ করেন, তিনি কথিত ফল লাভ করিয়া থাকেন ॥ ২৩

অনন্তশ্রীবিভূষিত শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেবকৃত শ্রীগীতামাহাত্ম্যের অনুবাদ সমাপ্ত ॥

অথ দ্বিতীয়মাহাত্ম্যম্

গীতাশাস্ত্রমিদং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ পুমান্।
বিষ্ণোঃ পদমবাপ্নোতি ভয়শোকাদিবর্জ্জিতঃ ॥ ১
গীতাধ্যয়নশীলস্য প্রাণায়ামপরস্য চ।
নৈব সন্তি হি পাপানি পূর্ব্বজন্মকৃতানি চ ॥ ২
মলনির্মোচনং পুংসাং জলস্নানং দিনে দিনে।
সকৃদ্ গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনম্ ॥ ৩
গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ।
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্ বিনিঃসৃতা ॥ ৪
ভারতামৃতসর্ব্বস্বং বিষ্ণোর্বক্ত্রাদ্ বিনিঃসৃতম্।
গীতাগঙ্গোদকং পীত্বা পুনর্জন্ম ন বিদ্যতে ॥ ৫
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৬
একং শাস্ত্রং দেবকীপুত্রগীত-
মেকো দেবো দেবকীপুত্র এব।
একো মন্ত্রস্তস্য নামানি যানি
কর্ম্মাপ্যেকং তস্য দেবস্য সেবা ॥ ৭

ীয় মাহাত্ম্য

অনুবাদক—অনন্তশ্রীবিভূষিত শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেব।

যে সংযত পুরুষ এই পবিত্র গীতাশাস্ত্র পাঠ করেন, তিনি ভয়শোকাদিবিহীন বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১

গীতাধ্যায়নশীল ও প্রাণায়ামপরায়ণ ব্যক্তির পূর্ব্বজন্মকৃত পাপ থাকিতে পারে না ॥ ২

পুরুষের প্রতিদিন জলের দ্বারা স্নানে গাত্রমল দূরীভূত হয়—একবার মাত্র গীতারূপ পরম পাবনবারিতে স্নান করিলে সংসার-মল নাশ হইয়া থাকে ॥ ৩

যে গীতা স্বয়ং পদ্মনাভ বাসুদেবের মুখপদ্ম হইতে বিনিঃসৃত হইয়াছে, তাহাই উত্তমরূপে অভ্যাস করা কর্ত্তব্য, অন্য বিস্তর শাস্ত্রে কি প্রয়োজন ॥ ৪

মহাভারতরূপ অমৃতের সর্ব্বস্ব বিষ্ণুর শ্রীমুখ হইতে বিনির্গত গীতা-গঙ্গাজল পান করিলে পুনর্জ্জন্ম হয় না ॥ ৫

নিখিল উপনিষদ্ গাভী, দোহনকর্ত্তা নন্দনন্দন কৃষ্ণ, অর্জ্জুন বৎস, দুগ্ধ মহৎ গীতামৃত, সুধীগণ ইহার ভোক্তা ॥ ৬

দেবকীপুত্র-কথিত গীতাই একমাত্র শাস্ত্র, একমাত্র দেবতা দেবকীপুত্র, একমাত্র মন্ত্র হইল তাঁহার নাম—তাঁহার সেবাই একমাত্র কর্ম্ম ॥ ৭

অনন্তশ্রীবিভূষিত শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেবকৃত
শ্রীগীতামাহাত্ম্যের অনুবাদ সমাপ্ত।

অথ তৃতীয়মাহাত্ম্যম্।

ঋষিরুবাচ।

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং যথাবৎ সূত! মে বদ।
পুরা নারায়ণ-ক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতম্॥ ১

সূত উবাচ।

ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরম্।
শক্যতে কেন তদ্বক্তুং গীতামাহাত্ম্যমুত্তমম্॥ ২
কৃষ্ণো জানাতি বৈ সম্যক্ কিঞ্চিৎ কুন্তীসুতঃ ফলম্।
ব্যাসো বা ব্যাসপুত্রো বা যাজ্ঞবল্ক্যোঽথ মৈথিলঃ॥ ৩
অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সংকীর্ত্তয়ন্তি চ।
তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্যাস্যান্ময়া শ্রুতম্॥ ৪
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥ ৫
সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ॥ ৬
সংসারসাগরং ঘোরং তর্ত্তুমিচ্ছতি যো নরঃ।
গীতানাবং সমাসাদ্য পারং যাতি সুখেন সঃ॥ ৭
গীতাজ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাসযোগতঃ।
মোক্ষমিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালকহাস্যতাম্।
যে শৃণ্বন্তি পঠন্ত্যেব গীতাশাস্ত্রমহর্নিশম্।
ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ॥ ৯
গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণঃ প্রাহার্জ্জুনায় বৈ
ভক্তিতত্ত্বং পরং তত্র সগুণং বাথ নির্গুণম্॥ ১০
সোপানাষ্টাদশৈরেবং ভুক্তিমুক্তিসমুচ্ছ্রিতৈঃ।
ক্রমশশ্চিত্তশুদ্ধিঃ স্যাৎ প্রেমভক্ত্যাদিকর্ম্মসু॥ ১১
সাধোর্গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনম্।
শ্রদ্ধাহীনস্য তৎ কার্য্যং হস্তিস্নানং বৃথৈব তৎ॥ ১২
গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনম্।
স এব মানুষে লোকে মোঘকর্ম্মকরো ভবেৎ॥ ১৩
তস্মাদ্ গীতাং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ তস্য মানুষং দেহং বিজ্ঞানং কুলশীলতাম্॥ ১৪

অথ তৃতীয়মাহাত্ম্য।

অনুবাদক—শ্রীশ্রীওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থ।

ঋষি বলিলেন,—হে সূত! পূর্ব্বকালে নারায়ণক্ষেত্রে মহর্ষি ব্যাস-কথিত গীতার মাহাত্ম্য আমার নিকট কীর্ত্তন করুন॥ ১

সূত কহিলেন,—ভগবন্! আপনি উত্তম বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। যাহা পরম গোপনীয়সমূহের মধ্যেও গোপনীয়, সেই উত্তম গীতামাহাত্ম্য কোন ব্যক্তি বর্ণনা করিতে পারেন? ২

একমাত্র ভগবান্ শ্রীকৃষ্ণ ইহা সম্যক্ অবগত আছেন; কুন্তীনন্দন অর্জুন ইহার কিঞ্চিৎ ফল জানেন এবং ব্যাস, ব্যাসপুত্র শুকদেব, যাজ্ঞবল্ক্য ও মিথিলাধিপতি জনক কিছু কিছু অবগত আছেন॥ ৩

অন্যান্য ব্যক্তিগণ পরস্পরের মুখে শ্রবণ করিয়া ইহার লেশমাত্র কীর্ত্তন করেন। অতএব আমি ব্যাসদেবের মুখে যেরূপ শুনিয়াছি, তাহার কিঞ্চিৎ কীর্ত্তন করিতেছি॥ ৪

সমস্ত উপনিষদ্ ধেনুস্বরূপ; নন্দনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ দোহনকর্ত্তা, কুন্তীপুত্র অর্জুন বৎস, জ্ঞানী ভোক্তা এবং এই গীতারূপ অমৃত উত্তম দুগ্ধ॥ ৫

যিনি অর্জুনের সারথ্যকার্য্যে ব্রতী হইয়া লোকত্রয়ের উপকারার্থ গীতারূপ অমৃত দান করিয়াছিলেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রণাম করি॥ ৬

যে মানব ঘোর সংসারসাগর উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, তিনি গীতারূপ নৌকা লাভ করিয়া অনায়াসে উহা পার হইতে সমর্থ হন॥ ৭

যে মূঢ়ব্যক্তি সর্ব্বদা অভ্যাসযোগের দ্বারা গীতাজ্ঞান শ্রবণ করে নাই, অথচ মোক্ষপ্রাপ্তির ইচ্ছা করে, সে বালকের উপহাসাস্পদ হয়॥ ৮

যাঁহারা দিবারাত্র গীতাশাস্ত্র শ্রবণ বা পাঠ করেন, তাঁহারা মনুষ্য নহেন; দেবতুল্য—ইহাতে কোনও সংশয় নাই॥ ৯

শ্রীকৃষ্ণ গীতাজ্ঞান দ্বারাই সগুণ ও নির্গুণ ব্রহ্মসম্বন্ধীয় পরম ভক্তিতত্ত্ব অর্জুনের বোধোৎপাদনের জন্য তাঁহার নিকট কীর্ত্তন করিয়াছিলেন॥ ১০

ভুক্তিমুক্তিসম্বলিত অষ্টাদশ অধ্যায়রূপ সোপান(সিঁড়ি)-বিশিষ্ট এই গীতা দ্বারা ক্রমে প্রেমভক্ত্যাদি সকল কার্য্যে চিত্তশুদ্ধি জন্মে॥ ১১

এই গীতারূপ সলিলে স্নান করিলে সাধুজনের সংসারমল নাশ হয়; কিন্তু শ্রদ্ধাবিহীন মানবের পক্ষে এই স্নানকার্য্য হস্তিস্নানের ন্যায় বৃথায় পর্য্যবসিত হয়॥ ১২

যে ব্যক্তি গীতাশাস্ত্রের পাঠ, অধ্যয়ন ও অধ্যাপনা অবগত নহে, মনুষ্যলোকে তাদৃশ ব্যক্তি বৃথা কর্ম্মকারী অর্থাৎ তাহার সকল কর্ম্মই বিফল হইয়া থাকে॥ ১৩

অতএব যে ব্যক্তি গীতা শাস্ত্র অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই। তাহার মানুষদেহে ধিক্, তাহার শাস্ত্রপাঠজনিত বিজ্ঞানে এবং কুলশীলতাতেও ধিক্॥ ১৪

গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ শরীরং শুভং শীলং বিভবন্তদ্‌গৃহাশ্রমম্ ॥ ১৫
তন্ত্রং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ প্রারব্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং দানং মহত্তমম্ ॥ ১৬
গীতাশাস্ত্রে মতির্নাস্তি সর্ব্বং তন্নিষ্ফলং জগুঃ।
ধিক্ তস্য জ্ঞানদাতারং ব্রতং নিষ্ঠাং তপো যশঃ ॥ ১৭
গীতার্থপঠনং নাস্তি নাধমস্তৎপরো জনঃ।
গীতাগীতং ন যজ্জ্ঞানং তদ্বিদ্ধ্যাসুরসম্মতম্।
তন্মোঘং ধর্ম্মরহিতং বেদবেদান্তগর্হিতম্ ॥ ১৮
তস্মাদ্ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞানপ্রযোজিকা।
সর্ব্বশাস্ত্রসারভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে ॥ ১৯
যোঽধীতে বিষ্ণুপর্ব্বাহে গীতাং শ্রীহরিবাসরে।
স্বপন্ জাগ্রৎ চলন্ তিষ্ঠন্ শত্রুভির্ন স হীয়তে ॥ ২০
শালগ্রাম-শিলায়াং বা দেবাগারে শিবালয়ে।
তীর্থে নদ্যাং পঠেদ্‌গীতাং সৌভাগ্যং লভতে ধ্রুবম্ ॥ ২১
দেবকীনন্দনঃ কৃষ্ণো গীতাপাঠেন তুষ্যতি।
যথা ন বেদৈর্দানেন যজ্ঞতীর্থব্রতাদিভিঃ ॥ ২২
গীতাধীতা চ যেনাপি ভক্তিভাবেন চেতসা।
বেদশাস্ত্রপুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ ॥ ২৩
যোগস্থানে সিদ্ধপীঠে শিলাগ্রে সৎসভাসু চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্ত্যাগ্রে পঠন্ সিদ্ধিং পরাং লভেৎ ॥ ২৪
গীতাপাঠঞ্চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাদ্যাঃ কৃতাস্তেন সদক্ষিণাঃ ॥ ২৫
যঃ শৃণোতি চ গীতার্থং কীর্ত্তয়ত্যেব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রযাতি পরং পদম্ ॥ ২৬
গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোঽর্পয়ত্যেব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন তস্য ভার্য্যা প্রিয়া ভবেৎ ॥ ২৭
যশঃ সৌভাগ্যমারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং সুখমশ্নুতে ॥ ২৮
অভিচারোদ্ভবং দুঃখং বর-শাপাগতঞ্চ যৎ।
নোপসর্পতি তত্রৈব যত্র গীতার্চ্চনং গৃহে ॥ ২৯

যে ব্যক্তি গীতার অর্থ অবগত নহে, তাহার অপেক্ষা অধম আর নাই; তাহার মনোহর দেহে ধিক্, তাহার উৎকৃষ্ট চরিত্রে ধিক্, তাহার উত্তম বিভবে ধিক্ এবং তাহার সুখময় গৃহাশ্রমেও ধিক্ ॥ ১৫

যে ব্যক্তি গীতাশাস্ত্র অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই; তাহার প্রারব্ধে ধিক্, প্রতিষ্ঠায় ধিক্, পূজায় ধিক্, দানে ধিক্ ও মহত্ত্বে ধিক্ ॥ ১৬

গীতাশাস্ত্রে যাহার মতি নাই, তাহার সমস্তই নিষ্ফল বলিয়া কীর্ত্তিত হয়; তাহার জ্ঞানদাতাকে ধিক্, তাহার ব্রত, নিষ্ঠা ও তপস্যায় ধিক্, তাহার যশেও ধিক্ ॥ ১৭

যে ব্যক্তি গীতার অর্থসহ পাঠ না জানে, তদপেক্ষা অধম আর নাই। যে জ্ঞান গীতায় উক্ত হয় নাই, তাহা আসুর জ্ঞান বলিয়া জানিবে; তাহা বিফল ধর্ম্মহীন এবং বেদবেদান্তে নিন্দিত ॥ ১৮

অতএব ধর্ম্মময়ী গীতা সকল জ্ঞানেরই কারণস্বরূপা, ইহা সর্ব্ব-শাস্ত্রের সারভূতা ও বিশুদ্ধা বলিয়া প্রশংসিতা ॥ ১৯

যিনি বিষ্ণুপর্ব্বদিনে ও শ্রীহরিবাসরে গীতা অধ্যয়ন করেন, নিদ্রাবস্থায়, জাগরিতাবস্থায়, গমনকালে বা অবস্থান কালে তিনি শত্রুকর্ত্তৃক পরাভূত হন না ॥ ২০

যিনি শালগ্রামশিলা-সমীপে, দেবালয়ে, শিবমন্দিরে, তীর্থে ও নদীতীরে গীতা পাঠ করেন, তিনি নিশ্চয়ই সৌভাগ্যলাভ করেন ॥ ২১

দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ গীতাপাঠে যেরূপ সন্তোষ লাভ করেন, বেদপাঠ, দান, যজ্ঞানুষ্ঠান, তীর্থপর্য্যটন ও ব্রত প্রভৃতি দ্বারা সেরূপ সন্তুষ্ট হন না ॥ ২২

যে ব্যক্তি ভক্তিযুক্ত মনে গীতা অধ্যয়ন করেন, তৎকর্ত্তৃক সমুদয় বেদ, নিখিলশাস্ত্র ও পুরাণ—এ সমস্তই সর্ব্বপ্রকারে অধীত হয় ॥ ২৩

যোগস্থানে, সিদ্ধপীঠে, শালগ্রামশীলার সম্মুখে, সজ্জনগণের সভায়, যজ্ঞে এবং বিষ্ণুভক্তসমীপে গীতা পাঠ করিলে পরম সিদ্ধিলাভ হয় ॥ ২৪

যিনি প্রত্যহ গীতা পাঠ বা শ্রবণ করেন, তৎকর্ত্তৃক দক্ষিণাসহ অশ্বমেধ প্রভৃতি সমস্ত যজ্ঞ সম্পাদিত হইয়া থাকে ॥ ২৫

যিনি গীতার অর্থ শ্রবণ অথবা কীর্ত্তন করেন, কিংবা অন্য ব্যক্তিকে শ্রবণ করান, তাঁহার পরমপদ প্রাপ্তি হইয়া থাকে ॥ ২৬

যিনি আদরসহকারে যথাবিধি ভক্তিভাবে কাহাকেও বিশুদ্ধ গীতাপুস্তক দান করেন, তাঁহার পত্নী প্রিয়তমা হয় ॥ ২৭

তিনি যশ, সৌভাগ্য ও আরোগ্য লাভ করেন, ইহাতে সন্দেহ নাই এবং পত্নীর প্রিয়তমা হইয়া পরম সুখ লাভ করেন ॥ ২৮

যে গৃহে প্রতিনিয়ত গীতার অর্চ্চনা হয়, তথায় অভিচারজাত দুঃখ অথবা কঠোর শাপজাত ক্লেশ উপস্থিত হয় না ॥ ২৯

তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎ কচিৎ।
ন শাপো নৈব পাপঞ্চ দুর্গতির্নরকং ন চ ॥ ৩০
বিস্ফোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণপদে দাস্যং ভক্তিঞ্চাব্যভিচারিণীম্ ॥ ৩১
জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ।
প্রারব্ধং ভুঞ্জতে বাপি গীতাভ্যাসরতস্য চ ॥ ৩২
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে।
মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্য নলিনীদলমম্ভসা ॥ ৩৩
অনাচারোদ্ভবং পাপমবাচ্যাদিকৃতঞ্চ যৎ।
অভক্ষ্যভক্ষজং দোষমস্পৃশ্যস্পর্শজং তথা ॥ ৩৪
জ্ঞানাজ্ঞানকৃতং নিত্যমিন্দ্রিয়ৈর্জনিতঞ্চ যৎ।
তৎ সর্ব্বং নাশমায়াতি গীতাপাঠেন তৎক্ষণাৎ ॥ ৩৫
সর্ব্বত্র প্রতিভোক্তা চ প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ।
গীতাপাঠং প্রকুর্ব্বাণো ন লিপ্যেত কদাচন ॥ ৩৬
রত্নপূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যাবিধানতঃ।
গীতাপাঠেন চৈকেন শুদ্ধস্ফটিকবৎ সদা ॥ ৩৭
যস্যান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ ॥ ৩৮
দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকো যাজী সর্ব্ববেদার্থদর্শকঃ ॥ ৩৯
গীতায়াঃ পুস্তকং যত্র নিত্যপাঠশ্চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে ॥ ৪০
নিবসন্তি সদা দেহে দেহশেষেঽপি সর্ব্বদা।
সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনো দেহরক্ষকাঃ ॥ ৪১
গোপালো বালকৃষ্ণোঽপি নারদ-ধ্রুবপার্ষদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥ ৪২
যত্র গীতা-বিচারশ্চ পঠনং পাঠনং তথা।
মোদতে তত্র শ্রীকৃষ্ণো ভগবান্ রাধয়া সহ ॥ ৪৩

শ্রীভগবানুবাচ।

গীতা মে হৃদয়ং পার্থ! গীতা মে সারমুত্তমম্।
গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্ ॥ ৪৪

তথায় আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিবিধ তাপজাত পীড়া হয় না; শাপ, পাপ, দুর্গতি বা নরকের সম্ভাবনা থাকে না ॥ ৩০

সেই গৃহে বিস্ফোটকাদি কাহারও দেহে পীড়া উৎপাদন করিতে পারে না; সেই গৃহস্থিত জনগণ কৃষ্ণপদে দাসত্ব ও অব্যভিচারিণী ভক্তি লাভ করেন ॥ ৩১

যে ব্যক্তি গীতাভ্যাসে রত থাকেন, তিনি প্রারব্ধবশে সুখ দুঃখ ভোগ করিলেও সর্ব্বজীবগণের সহিত তাঁহার বন্ধুত্ব স্থাপিত হয় ॥ ৩২

গীতাধ্যয়নকারী ব্যক্তি সতত মুক্ত ও সুখী, তিনি মহাপাতক বা অতিপাতক করিলেও যেমন পদ্মপত্রে জল লিপ্ত হয় না, সেইরূপ তিনিও সকাম বা নিষ্কাম কোন কর্ম্মেই লিপ্ত হন না ॥ ৩৩

অনাচার-জনিত, অবাচ্যবাক্য-প্রয়োগজাত, অভক্ষ্য-ভক্ষণজাত অস্পৃশ্য-স্পর্শজনিত, জ্ঞানাজ্ঞানকৃত এবং প্রাত্যহিক ইন্দ্রিয়সম্ভোগজ সর্ব্ববিধ পাপই গীতাপাঠে তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ৩৪-৩৫

সর্ব্বত্র ভোজনকারী এবং সর্ব্ববিধ দানগ্রহণকারী গীতা পাঠ করিলে, কদাপি পাপে লিপ্ত হয় না ॥ ৩৬

অবিধিপূর্ব্বক রত্ন-পূর্ণা সমগ্র পৃথিবী প্রতিগ্রহ করিয়াও যে ব্যক্তি একবারমাত্র গীতা পাঠ করেন, তিনি বিশুদ্ধ স্ফটিকবৎ নিষ্কলঙ্ক হইয়া যান ॥ ৩৭

যাঁহার চিত্ত প্রত্যহ নিয়ত গীতায় নিরত থাকে, এই ভূতলে তিনিই সাগ্নিক, তিনিই ক্রিয়াশীল ও তিনিই পণ্ডিত ॥ ৩৮

তিনি দর্শনীয়, তিনি ধনবান্, তিনি যোগী, তিনি জ্ঞানবান, তিনিই যাজ্ঞিক, তিনিই যাজী এবং তিনিই সমুদয় বেদার্থ-পারদর্শী ॥ ৩৯

যে স্থানে প্রত্যহ গীতা পুস্তক থাকে এবং অধীত হয়, ভূতলে সেই স্থানেই প্রয়াগাদি সকল তীর্থই সর্ব্বদা বিরাজিত থাকেন ॥ ৪০

গীতাপাঠকের দেহে এবং এমন কি দেহশেষেও সর্ব্ব দেবতা এবং যোগিগণ দেহরক্ষকরূপে বাস করেন ॥ ৪১

যে স্থানে গীতাপাঠ হয়, তথায় বালকৃষ্ণবেশী শ্রীগোপাল, তৎক্ষণাৎ নারদাদি (অথবা নারদ ও ধ্রুব প্রভৃতি) নিত্য-পার্ষদগণের সহিত সহায়রূপে উপস্থিত হন ॥ ৪২

যেখানে গীতার বিচার, অধ্যয়ন ও অধ্যাপনা হয়, তথায় শ্রীরাধিকার সহিত ভগবান্ শ্রীকৃষ্ণ নিরতিশয় আনন্দ লাভ করেন ॥ ৪৩

শ্রীভগবান্ বলিলেন,—হে পার্থ! গীতাই আমার হৃদয়, গীতাই আমার উত্তম সার-স্বরূপ, গীতাই আমার অত্যুগ্র জ্ঞান এবং গীতাই আমার অক্ষয় জ্ঞান ॥ ৪৪

মে চোত্তমং স্থানং গীতা মে পরমং পদম্।
গীতা মে পরমং গুহ্যং গীতা মে পরমো গুরুঃ ॥ ৪৫
গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে পরমং গৃহম্।
গীতাজ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকীং পালয়াম্যহম্ ॥ ৪৬
গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রাক্ষরা নিত্যমনির্ব্বাচ্যপদাত্মিকা ॥ ৪৭
গীতানামানি বক্ষ্যামি গুহ্যানি শৃণু পাণ্ডব।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি বিলয়ং যান্তি তৎক্ষণাৎ ॥ ৪৮
গঙ্গা গীতা চ সাবিত্রী সীতা সত্যা পতিব্রতা।
ব্রহ্মাবলির্ব্রহ্মবিদ্যা ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী ॥ ৪৯
অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবঘ্নী ভ্রান্তিনাশিনী।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী ॥ ৫০
ইত্যেতানি জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথান্তে পরমং পদম্ ॥ ৫১
পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে তদর্দ্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ৫২
ত্রিভাগং পঠমানস্তু সোমযাগফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ ॥ ৫৩
তথাধ্যায়দ্বয়ং নিত্যং পঠমানো নিরন্তরম্।
ইন্দ্রলোকমবাপ্নোতি কল্পমেকং বসেদ্ধ্রুবম্ ॥ ৫৪
একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥ ৫৫
অধ্যায়ার্দ্ধঞ্চ পাদং বা নিত্যং যঃ পঠতে জনঃ।
প্রাপ্নোতি রবিলোকং স মন্বন্তরসমাঃ শতম্ ॥ ৫৬
গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
ত্রি-দ্ব্যেকমর্দ্ধমথবা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ।
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং তথা ॥ ৫৭
গীতার্দ্ধমেকপাদঞ্চ শ্লোকমধ্যায়মেব চ।
স্মরংস্ত্যক্ত্বা জনো দেহং প্রয়াতি পরমং পদম্ ॥ ৫৮

গীতা আমার উত্তম স্থান, গীতা আমার পরম পদ, গীতা আমার পরম গুহ্য বস্তু এবং এমন কি গীতাই আমার পরম গুরু ॥ ৪৫

আমি গীতার আশ্রয়েই অবস্থান করি ; গীতা আমার পরম গৃহ এবং এই গীতাজ্ঞান আশ্রয় করিয়াই আমি ত্রিভুবন পালন করিয়া থাকি ॥ ৪৬

গীতাই আমার সর্ব্বোত্তমা ব্রহ্মরূপা বিদ্যা,—ইহাতে কোনও সন্দেহ নাই ; উহা পরম অনির্ব্বাচ্য-পদাত্মিকা (বাক্যের অগোচর) অর্দ্ধমাত্রাস্বরূপা ॥ ৪৭

হে পাণ্ডুনন্দন অর্জুন! গীতার গুহ্য নামসকল কীর্ত্তন করিতেছি, তুমি শ্রবণ কর। এই নামসমূহের কীর্ত্তনে তৎক্ষণাৎ সকল পাপ বিনাশ প্রাপ্ত হয় ॥ ৪৮

গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্যা, পতিব্রতা, ব্রহ্মাবলি, ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা, মুক্তগেহিনী, অর্দ্ধমাত্রা, চিদানন্দা, ভবঘ্নী, ভ্রান্তিনাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী—যিনি একাগ্রচিত্তে প্রত্যহ এই সকল নাম জপ করেন, তিনি জ্ঞানসিদ্ধি লাভ করেন এবং অন্তে পরমপদ প্রাপ্ত হন ॥ ৪৯-৫১

প্রত্যহ সম্পূর্ণ পাঠে অসমর্থ ব্যক্তি গীতার অর্দ্ধেক অংশ পাঠ করিবেন। তাহাতে তিনি নিঃসন্দেহে গোদানজ পুণ্য লাভ করিবেন ॥ ৫২

যিনি তিন ভাগের এক ভাগ পাঠ করেন, তিনি সোমযাগের ফল এবং ছয় ভাগের এক ভাগ পাঠ করিলে গঙ্গাস্নানের ফল লাভ করেন ॥ ৫৩

যিনি সাবধানতার সহিত শুদ্ধভাবে প্রত্যহ ইহার দুইটিমাত্র অধ্যায় পাঠ করেন, তিনি নিশ্চয়ই ইন্দ্রলোক লাভ করেন এবং সেখানে এককল্পকাল বাস করেন ॥ ৫৪

যিনি ভক্তিযুক্ত হইয়া প্রত্যহ একটিমাত্র অধ্যায় পাঠ করেন, তিনি রুদ্রলোকে গমন করেন এবং ভগবান্ শঙ্করের গণমধ্যে পরিগণিত হইয়া বহুকাল তথায় বাস করেন ॥ ৫৫

যে ব্যক্তি প্রত্যহ ইহার অর্দ্ধ অধ্যায় বা অধ্যায়ের চারি ভাগের এক ভাগ পাঠ করেন, তিনি সূর্য্যলোক প্রাপ্ত হন এবং শত মন্বন্তর কাল তথায় অবস্থান করেন ॥ ৫৬

যিনি প্রত্যহ গীতার দশটি, সাতটি, পাঁচটি, তিনটি, দুইটি, একটি বা অর্দ্ধ শ্লোকমাত্র একাগ্রচিত্তে পাঠ করেন, তিনি চন্দ্রলোক প্রাপ্ত হন এবং অযুত বর্ষকাল তথায় বাস করিয়া থাকেন ॥ ৫৭

যে ব্যক্তি গীতার অর্দ্ধ, একপাদ, একটি শ্লোক বা একটি অধ্যায় স্মরণ করিতে করিতে দেহ ত্যাগ করেন, তিনি পরমপদ প্রাপ্ত হন ॥ ৫৮

গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্তকালতঃ।
মহাপাতকযুক্তোঽপি মুক্তিভাগী ভবেজ্জনঃ॥ ৫৯
গীতাপুস্তক-সংযুক্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা প্রয়াতি যঃ।
স বৈকুণ্ঠমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে॥ ৬০
গীতাধ্যায়সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ।
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্॥ ৬১
গীতেত্যুচ্চার-সংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ॥ ৬২
যদ্‌যৎ কর্ম্ম চ সর্ব্বত্র গীতাপাঠপ্রকীর্ত্তিমৎ।
তত্তৎ কর্ম্ম চ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ॥ ৬৩
পিতৄনুদ্দিশ্য যঃ শ্রাদ্ধে গীতাপাঠং করোতি হি।
সন্তুষ্টাঃ পিতরস্তস্য নিরয়াদ্ যান্তি স্বর্গতিম্॥ ৬৪
গীতাপাঠেন সন্তুষ্টাঃ পিতরঃ শ্রাদ্ধতর্পিতাঃ।
পিতৃলোকং প্রয়ান্ত্যেব পুত্রাশীর্ব্বাদতৎপরাঃ॥ ৬৫
গীতাপুস্তকদানঞ্চ ধেনুপুচ্ছসমন্বিতম্।
কৃত্বা চ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ॥ ৬৬
পুস্তকং হেমসংযুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ।
দত্ত্বা বিপ্রায় বিদুষে জায়তে ন পুনর্ভবম্॥ ৬৭
শতপুস্তকদানঞ্চ গীতায়াঃ প্রকরোতি যঃ।
স যাতি ব্রহ্মসদনং পুনরাবৃত্তিদুর্লভম্॥ ৬৮
গীতাদানপ্রভাবেণ সপ্তকল্পমিতাঃ সমাঃ।
বিষ্ণুলোকমবাপ্যান্তে বিষ্ণুনা সহ মোদতে॥ ৬৯
সম্যক্ শ্রুত্বা চ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ।
তস্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্॥ ৭০
দেহং মানুষমাশ্রিত্য চাতুর্ব্বর্ণেষু ভারত।
ন শৃণোতি ন পঠতি গীতামমৃতরূপিণীম্।
হস্তাত্যক্ত্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্নুতে॥৭১
জনঃ সংসারদুঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ।
পীত্বা গীতামৃতং লোকে লব্ধ্বা ভক্তিং সুখী ভবেৎ॥৭২
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্ধূতকল্মষা লোকে গতাস্তে পরমং পদম্॥ ৭৩
গীতাসু ন বিশেষোঽস্তি জনেষূচ্চাবচেষু চ।
জ্ঞানেষ্বেব সমগ্রেষু সমা ব্রহ্মস্বরূপিণী॥ ৭৪

যে ব্যক্তি অন্তকালে গীতার অর্থ, পাঠ বা শ্রবণ করেন, মহাপাতকী হইলেও তিনি মুক্তিভাগী হন॥ ৫৯

যে ব্যক্তি গীতাগ্রন্থসংযুক্ত হইয়া প্রাণত্যাগ করেন, তিনি বৈকুণ্ঠে গমন করেন এবং বিষ্ণুর সহিত আনন্দে বাস করেন॥৬০

গীতার একটি অধ্যায় সংযুক্ত হইয়া মরিলে মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়া পুনরায় গীতাভ্যাস পূর্ব্বক মুক্তি লাভ করেন॥ ৬১

"গীতা" এই শব্দ উচ্চারণ পূর্ব্বক যে ব্যক্তি দেহত্যাগ করেন, তাঁহার পরমা গতি লাভ হয়॥ ৬২

সর্ব্বত্র গীতা পাঠ করিয়া যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তৎসমস্ত নির্দ্দোষ ও পূর্ণতা প্রাপ্ত হয়॥ ৬৩

যে ব্যক্তি শ্রাদ্ধকালে পিতৃগণের উদ্দেশে গীতা পাঠ করেন, তাঁহার পিতৃগণ সন্তুষ্ট হইয়া নরক হইতে স্বর্গে গমন করেন॥ ৬৪

শ্রাদ্ধে গীতাপাঠ দ্বারা তৃপ্তিপ্রাপ্ত ও সন্তুষ্ট হইয়া পিতৃগণ পুত্রকে আশীর্ব্বাদ করিতে করিতে স্বর্গলোকে গমন করেন॥ ৬৫

ধেনুপুচ্ছ (চামর) সমন্বিত গীতাপুস্তক দান করিলে, সেই দিনেই মানব সম্যক্ কৃতার্থ হন॥ ৬৬

যিনি স্বর্ণসংযুক্ত গীতাপুস্তক বিদ্বান্ ব্রাহ্মণকে প্রদান করেন, তাঁহাকে আর পুনর্ব্বার ভূলোকে জন্মগ্রহণ করিতে হয় না॥ ৬৭

যে ব্যক্তি একশত গীতাগ্রন্থ দান করেন, তাঁহার ব্রহ্মধামে গতি হয় এবং আর মর্ত্ত্যলোকে জন্মগ্রহণ করিতে হয় না॥ ৬৮

গীতাদানের প্রভাবে বিষ্ণুলোকে সপ্তকল্প পরিমিতকাল অবস্থান পূর্ব্বক বিষ্ণুর সহিত বাস করিয়া আনন্দ লাভ করা যায়॥ ৬৯

গীতার্থ সম্যক্ শ্রবণ পূর্ব্বক যে ব্যক্তি ঐ গ্রন্থ দান করেন, ভগবান্ তাঁহার প্রতি প্রসন্ন হইয়া তাঁহার মনোবাসনা পূর্ণ করেন॥ ৭০

চতুর্ব্বর্ণমধ্যে শাস্ত্রপাঠোপযোগী মানুষ দেহ ধারণ করিয়া যে ব্যক্তি অমৃতরূপিণী গীতা শ্রবণ বা পাঠ না করে, সে হস্তপ্রাপ্ত অমৃত ত্যাগ করিয়া বিষ ভক্ষণ করে॥ ৭১

সংসার-দুঃখে একান্ত কাতর ব্যক্তি গীতাজ্ঞান প্রাপ্ত হইয়া গীতামৃত পান পূর্ব্বক জগতে কৃষ্ণভক্তি লাভ করিবে ও সুখী হইবে॥ ৭২

ইহলোকে জনকাদি বহু রাজা গীতার আশ্রয়গ্রহণে নিষ্পাপ হইয়া পরমপদ লাভ করিয়াছেন॥ ৭৩

গীতাজ্ঞানসম্বন্ধে উচ্চ নীচ জনসমূহে কিছুমাত্র প্রভেদ নাই। সমগ্র জ্ঞানের মধ্যে গীতাজ্ঞানই নির্ব্বিশেষ এবং গীতাই ব্রহ্মস্বরূপিণী॥ ৭৪

যোঽভিমানেন গর্ব্বেণ গীতানিন্দাং করোতি চ।
স যাতি নরকং ঘোরং যাবদাহূতসংপ্লবম্॥ ৭৫
অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্যতে।
কুম্ভীপাকেষু পচ্যেত যাবৎ কল্পক্ষয়ো ভবেৎ॥ ৭৬
গীতার্থং বাচ্যমানং যো ন শৃণোতি সমাসতঃ।
স শূকরভবাং যোনিমনেকামধিগচ্ছতি॥ ৭৭
চৌর্য্যং কৃত্বা চ গীতায়াঃ পুস্তকং য সমানয়েৎ।
ন তস্য সফলং কিঞ্চিৎ পঠনঞ্চ বৃথা ভবেৎ॥ ৭৮
যঃ শ্রুত্বা নৈব গীতাঞ্চ মোদতে পরমার্থতঃ।
নৈব তস্য ফলং লোকে প্রমত্তস্য যথা শ্রমঃ॥ ৭৯
গীতাং শ্রুত্বা হিরণ্যঞ্চ ভোজ্যং পট্টাম্বরং তথা।
নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়ে পরমাত্মনঃ॥ ৮০
বাচকং পূজয়েদ্ভক্ত্যা দ্রব্য-বস্ত্রাদ্যুপস্করৈঃ।
অনেকৈর্বহুধা প্রীত্যা তুষ্যতাং ভগবান্ হরিঃ॥ ৮১

সূত উবাচ।

মাহাত্ম্যমেতদ্গীতায়াঃ কৃষ্ণপ্রোক্তং পুরাতনম্।
গীতান্তে পঠতে যস্তু যথোক্তফলভাগ্ ভবেৎ॥ ৮২
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথা পাঠফলং তস্য শ্রম এব উদাহৃতঃ॥ ৮৩
এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাপাঠং করোতি যঃ।
শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ॥ ৮৪
শ্রুত্বা গীতামর্থযুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি চ।
তস্য পুণ্যফলং লোকে ভবেৎ সর্ব্বসুখাবহম্॥ ৮৫

ইতি শ্রীবৈষ্ণবীয়-তন্ত্রসারে শ্রীমদ্ভগবদ্গীতা-
মাহাত্ম্যং সম্পূর্ণম্।

যে ব্যক্তি অভিমান বা গর্ব্বভরে গীতার নিন্দা করে, যতদিন প্রলয়কাল উপস্থিত না হয়, ততদিন পর্য্যন্ত সে ঘোর নরকে অবস্থান করিয়া থাকে॥ ৭৫

যে মূঢ়াত্মা ব্যক্তি অহঙ্কারবশতঃ গীতার্থ মানে না, সে যতদিন কল্পক্ষয় না হয়, ততদিন পর্য্যন্ত কুম্ভীপাক-নরকে পচিতে থাকে॥৭৬

গীতার্থ সম্যক্ ব্যাখ্যাত হইতে থাকিলেও যে ব্যক্তি তাহা শ্রবণ না করে; সে বহুবার শূকরযোনি প্রাপ্ত হয়॥ ৭৭

যে ব্যক্তি গীতাগ্রন্থ চুরি করিয়া আনে, তাহার কিছুই সফল হয় না এবং পাঠও বৃথা হয়॥ ৭৮

যে ব্যক্তি গীতার্থ শ্রবণ করিয়া প্রকৃত প্রস্তাবে আনন্দ বোধ করে না, প্রমত্ত ব্যক্তির পরিশ্রমের ন্যায় ইহলোকে তাহার সমস্তই বিফল হয়॥ ৭৯

গীতা শ্রবণ পূর্ব্বক পরমাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণের প্রীতিসাধনার্থ ব্রাহ্মণাদিকে দিবার জন্য সুবর্ণ ভোজ্য ও পট্টবস্ত্র নিবেদন করিবে॥ ৮০

ভগবান্ শ্রীহরির প্রীতির জন্য গীতাপাঠককে ভক্তিসহকারে পূজা করিয়া নানাবিধ দ্রব্য; বস্ত্র ও উপকরণ প্রদান করিবে॥ ৮১

সূত বলিলেন,—যে ব্যক্তি গীতাপাঠান্তে শ্রীকৃষ্ণপ্রোক্ত এই পুরাতন গীতামাহাত্ম্য পাঠ করেন, তিনি যথোক্ত ফল লাভ করিয়া থাকেন॥ ৮২

গীতা-পাঠান্তে যে ব্যক্তি মাহাত্ম্য পাঠ না করেন, তাহার পাঠ বৃথা ও পরিশ্রমমাত্রই সার হয়॥ ৮৩

যে ব্যক্তি এই মাহাত্ম্য-সমন্বিত গীতা পাঠ করেন, বা শ্রদ্ধা-সহকারে শ্রবণ করেন, তাঁহার পরমা গতি লাভ হয়॥ ৮৪

যে ব্যক্তি অর্থযুক্ত গীতা ভক্তিসহকারে শ্রবণ করিয়া এই মাহাত্ম্য শ্রবণ করেন, তাঁহার পুণ্যফল সর্ব্বসুখের কারণ হইয়া থাকে॥ ৮৫

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জন-কাব্য-ব্যাকরণতীর্থকৃত শ্রীবৈষ্ণবীয়তন্ত্রসারোক্ত-শ্রীমদ্ভগবদ্গীতা-
মাহাত্ম্যের অনুবাদ সমাপ্ত।

বংশীবিভূষিতকরান্নবনীরদাভাৎ পীতাম্বরাদরুণবিম্বফলাধরোষ্ঠাৎ।
পূর্ণেন্দুসুন্দরমুখাদরবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎ পরং কিমপি তত্ত্বমহং ন জানে

৯ম বর্ষ বৈশাখমাস জ্যৈষ্ঠমাস ১৩৭৮

মহাভারত—৩৫-৩৬
একাদশ ও দ্বাদশ সংখ্যা

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত—

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজকৃতবঙ্গভাষানুবাদসহিতম্

* * *

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের আর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ
ডা: শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম. এস্, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ্ (লণ্ডন)

কার্য্যালয় :—
৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

[বার্ষিক মূল্য সডাক ১৫.০০ টাকা
প্রতি সংখ্যা ১.৫০ টাকা]

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫·০০ টাকা, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ, অন্যত্র বার্ষিক সডাক ২০·০০ টাকা, প্রতি সংখ্যা ২·০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭১২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঙ্কলক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা ৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ববর্ত্তী বাংলা মাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—**আর্য্যশাস্ত্র**

শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়

৭১২, পি, ডব্লিউ, ডি রোড

কলিকাতা—৩৫

শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্ত্তিত আর্য্যশাস্ত্রে

মহাভারতান্তর্গত-

ভীষ্মপর্ব্বোক্ত-

শ্রীমদ্‌ভগবদ্‌গীতাপর্ব্বণি

শ্রীমদ্‌ভগবদ্‌গীতা।

সর্ব্বশাস্ত্রপারঙ্গত-পরমাচার্য্য-শ্রীশ্রীধরস্বামিকৃত-সুবোধনীটীকা-সহিতা।

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথমহারাজকৃতবঙ্গভাষানুবাদ-বিভূষিতা

হে কৃষ্ণ করুণাসিন্ধো
দীনবন্ধো জগৎপতে !
গোপেশ গোপিকাকান্ত
রাধাকান্ত নমোঽস্তু তে ॥

হে দেব হে দয়িত হে ভুবনৈকবন্ধো
হে কৃষ্ণ হে চপল হে করুণৈকসিন্ধো !
হে নাথ হে রমণ হে নয়নাভিরাম
হা হা কদা নু ভবিতাসি পদং দৃশোর্মে ।

একং শাস্ত্রং দেবকীপুত্রগীতম্
একো দেবো দেবকীপুত্র এব ।
একো মন্ত্রস্তস্য নামানি যানি
কর্মাপ্যেকং তস্য দেবস্য সেবা ॥

শ্রীমদ্ভগবদ্‌গীতা

[শ্রীশ্রীধরস্বামিকৃত-'সুবোধনী'টীকা সমলঙ্কৃতা ।]

অথ শ্রীমদ্ভগবদ্‌গীতাপাঠক্রমঃ

অস্য শ্রীমদ্ভগবদ্‌গীতামালামন্ত্রস্য শ্রীভগবান্ বেদব্যাস-ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা "অশোচ্যা-নন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্ "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি শক্তিঃ "অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" ইতি কীলকং শ্রীকৃষ্ণপ্রীত্যর্থপাঠে বিনিযোগঃ।

"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইত্যঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি তর্জ্জনীভ্যা স্বাহা। 'অচ্ছেদ্যোঽ-য়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি মধ্যমাভ্যাং বষট্। "নিত্যঃ সব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইত্যনামিকাভ্যাং হুম্। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ" ইতি কনিষ্ঠাভ্যাং বৌষট্। "নানাবিধানি দিব্যানি নামাবর্ণাকৃতীনি চ" ইতি করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। ইতি করন্যাসঃ।

"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইতি হৃদয়ায় নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি শিরসে স্বাহা। অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়-মক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি শিখায়ৈ বষট্। "নিত্যঃ সব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইতি কবচায় হুম্। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ" ইতি নেত্র-ত্রয়ায় বৌষট্। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" ইতি করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। ইতি অঙ্গন্যাসঃ।

অথ ধ্যানম্

পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ং
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যেমহাভারতম্।
অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী-
মম্ব ত্বামনুসন্দধামি ভগবদ্‌গীতে ভবদ্বেষিণীম্ ॥ ১

নমোঽস্তু তে ব্যাস বিশালবুদ্ধে
ফুল্লারবিন্দায়ত-পত্রনেত্র।
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ
প্রজ্বালিতো জ্ঞানময়প্রদীপঃ ॥ ২

প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে।
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ ॥ ৩

সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপাল-নন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৪

বসুদেবসুতং দেবং কংসচাণূরমর্দ্দনম্।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্‌গুরুম্ ॥ ৫

ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধারনীলোৎপলা,
শল্যগ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা।

অশ্বত্থাম-বিকর্ণঘোরমকরা দুর্য্যোধনাবর্ত্তিনী,
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ ॥ ৬

পারাশর্য্যবচঃসরোজমমলং গীতার্থগন্ধোৎকটং,
নানাখ্যানককেশরং হরিকথাসম্বোধনাবোধিতম্।
লোকে সজ্জনষট্পদৈরহরহঃ পেপীয়মানং মুদা,
ভূয়াদ্ ভারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসি নঃ শ্রেয়সে ॥ ৭

মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্ ॥ ৮

যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতঃ স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ।
ধ্যানাবস্থিত-তদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ॥ ৯

ধ্যান-শ্লোকানাম্ আন্বয়িকী ব্যাখ্যা

(ওঙ্কারনাথসেবক—শ্রীরামরঞ্জনকাব্য-ব্যাকরণতীর্থকৃতা)

অম্ব (হে জননি) ভগবদ্গীতে। ভগবতা (ষড়ৈশ্বর্য্য-শালিনা) নারায়ণেন স্বয়ং (সাক্ষাৎ) পার্থায় (অর্জ্জুনায়) প্রতিবোধিতাম্ (উপদিষ্টাং) পুরাণমুনিনা (প্রাচীনমুনিনা) ব্যাসেন (বেদব্যাসেন) মধ্যে মহাভারতম্ (মহাভারতস্য মধ্যে [ভীষ্মপর্ব্বণঃ ২৫ অধ্যায়াৎ ৪২ অধ্যায়পর্য্যন্তমিত্যষ্টাদশাধ্যায়োক্ত সপ্তশত-শ্লোকৈরিতি শেষঃ] গ্রথিতাম্ (সন্নিবদ্ধাম্), অদ্বৈতামৃত বর্ষিণীম (অদ্বৈততত্ত্বরূপামৃতবর্ষিণীম্), ভবদ্বেষিণীম (সংসারনাশনীম্), অষ্টাদশাধ্যায়িনীম্ (অষ্টাদশাধ্যায় বিভক্তাং) ভগবতীং ত্বাম্ অনুসন্দধামি ধ্যায়ামি ॥ ১

বিশালবুদ্ধে (বিশালা অগাধা বুদ্ধির্যস্য সঃ, তৎ সম্বোধনে, হে মহামতে।) ফুল্লারবিন্দায়তপত্রনেত্র (ফুল্লস্য বিকসিতস্য অরবিন্দস্য পদ্মস্য আয়তে বিস্তৃতে যে পত্রে তদ্বৎ নেত্রে নয়নে যস্য সঃ, তৎসম্বোধনে, হে বিকসিতপদ্মপত্রসদৃশবিস্তৃতনয়ন।) ব্যাস (ব্যাসদেব কৃষ্ণদ্বৈপায়ন।) যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ (ভারত মহাভারতমেব তৈলং তেন পূর্ণঃ) জ্ঞানময়ঃ (তত্ত্বজ্ঞান-ময়ঃ) প্রদীপঃ প্রজ্বালিতঃ, তে তুভ্যং নমঃ অস্তু ॥ ২

প্রপন্নপারিজাতায় (প্রপন্নস্য শরণাগতস্য পারিজাতঃ কল্পবৃক্ষঃ ইব যঃ তস্মৈ), তোত্রবেত্রৈকপাণয়ে (তোত্রম্ লৌনম্ [লাগাম ইতি ভাষা] বেত্রম্ অশ্বতাড়নদণ্ডঃ চ একপাণৌ একহস্তে যস্য স তস্মৈ), জ্ঞানমুদ্রায় (জ্ঞানমেব মুদ্রা যস্য তস্মৈ), কৃষ্ণায (স্বয়ং ভগবতে শ্রীকৃষ্ণায) নমঃ ॥ ৩

সর্ব্বোপনিষদঃ গাবঃ (ধেনুতুল্যাঃ ইত্যর্থঃ), দোগ্ধা (দোহনকর্ত্তা) গোপালনন্দনঃ (গোপালকপুত্রঃ স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণঃ), পার্থ। (পৃথাপুত্রঃ তৃতীয়ঃ পাণ্ডবঃ অর্জ্জুনঃ)—বৎসঃ (সন্তান), সুধী। (সুবুদ্ধিসম্পন্নঃ জনঃ বিবেকী ইত্যর্থঃ) ভোক্তা (পানকর্ত্তা), গীতামৃতং (গীতারূপমমৃতং) মহৎ (অতি শ্রেষ্ঠ) দুগ্ধম ॥ ৪

বসুদেবসুতং (বসুদেবপুত্রং শ্রীকৃষ্ণং), কংস চাণূরমর্দ্দনম্ (কংসস্য চাণূরস্য চ দৈত্যদ্বয়স্য মর্দ্দনং নাশনম্), দেবকীপরমানন্দং (জনন্যৈ দেবক্যৈ পরমা নন্দপ্রদং) জগদ্গুরুং (জগতো মায়াময়সংসারস্য গুরুম উদ্ধারকর্ত্তারম্) দেবং (স্বয়ং ভগবন্তং) কৃষ্ণং বন্দে ॥ ৫

ভীষ্ম-দ্রোণতটা (ভীষ্মো দ্রোণশ্চ তটং তীরং যস্যাঃ সা ইতি রণনদীবিশেষণম্), জয়দ্রথজলা (জয়দ্রথ এব জলং যস্যাঃ সা), গান্ধারনীলোৎপলা (গান্ধারনৃপঃ শকুনিঃ এব নীলম্ উৎপলং যস্যাঃ সা), শল্যগ্রাহবতী (শল্য এব গ্রাহঃ অবহারঃ [হাঙ্গর ইতি ভাষা] যস্যাঃ সা), কৃপেণ কৃপাচার্য্যেণ বহনী (তীক্ষ্ণপ্রবাহা), কর্ণেন বেলাকুলা (তীরপ্লাবি-তরঙ্গা), অশ্বত্থাম-বিকর্ণঘোরমকরা (অশ্বত্থামা বিকর্ণশ্চ এব ঘোরৌ ভয়ঙ্করৌ মকরৌ যস্যাঃ সা), দুর্য্যোধনাবর্ত্তিনী (দুর্য্যোধনরূপঃ আবর্ত্তঃ জলভ্রমঃ [ঘূর্ণী]

অন্তা অস্তীতি) সা (প্রসিদ্ধা কুরুক্ষেত্রসম্ভবা) রণনদী (রণ এব নদী) খলু (নিশ্চিতম্) পাণ্ডবৈঃ (পাণ্ডুপুত্রৈঃ যুধিষ্ঠিরাদিভিঃ পঞ্চভিঃ) উত্তীর্ণা (পারং গতা) ; (যত-স্তেষাং) কৈবর্ত্তকঃ (কর্ণধারঃ) কেশবঃ (স্বয়ং ভগবান্) ॥ ৬

পারাশর্য্যবচঃসরোজম্ (পরাশরস্য অপত্যং পুমান্ ইতি পারাশর্য্যঃ, তস্য পরাশরপুত্রস্য বচ এব সরঃ সরোবরং, তস্মাজ্ জাতম্ উৎপন্নম্। বেদব্যাসস্য বাগ্ রূপ-সরোবরোৎপন্নম্), নানাখ্যানককেশরম্ (বিবিধাখ্যান-রূপকেশরযুক্তম্), হরিকথাসম্বোধনাবোধিতম্ (হরিবিষয়ক-কথাপ্রসঙ্গেন সমুদ্ভাসিতম্, অথবা হরিকথয়া সম্বোধনং সম্যক্ বিকাশ (চৈতন্য)-সম্পাদনম্, তেন আবোধিতম্ আ সমন্তাৎ (সর্ব্বত্র) বোধিতম্ উৎফুল্লীকৃতম্), লোকে (জগতি) মুদা (হর্ষেণ) অহরহঃ (প্রতিদিনং) সজ্জনষট্-পদৈঃ (সজ্জনা বিবেকিন এব ষট্পদা ভ্রমরাঃ, তৈঃ) পেপীয়মানং (যস্য ভারতপঙ্কজস্য মধু পুনঃ পুনঃ পীয়ন্তে ইতি), তৎ (প্রসিদ্ধং) কলিমলপ্রধ্বংসি (কলিকলুষাপহারি), গীতার্থগন্ধোৎকটম্ (গীতায়া অর্থ এব গন্ধঃ তেন উৎকটম্ উদ্রিক্তম্, সর্বত্র প্রকটিত-তাদৃশগন্ধমিত্যর্থঃ। অথবা গীতারূপতীব্রগন্ধযুক্তম্), অমলম্ (নির্মলম্—পবিত্রম্) ভারতপঙ্কজম্ (ভারতং মহাভারতমেব পঙ্কজং পদ্মম্) নঃ অস্মাকং শ্রেয়সে (কল্যাণায়) ভূয়াৎ ॥৭

যৎকৃপা (যস্য কৃপা) মূকং (বচনশক্তিহীনং জনং) বাচালং (বাকপটুং বাগ্মিনম্) করোতি, পঙ্গুং (চলন শক্তিহীনং জনং) গিরিং (পর্ব্বতং) লঙ্ঘয়তে (উত্তা-রয়তি), তং (সুপ্রসিদ্ধং) পরমানন্দমাধবম্ (পরমানন্দ-শ্চাসৌ মাধবশ্চেতি তং পরমানন্দস্বরূপং মাধবং শ্রীকৃষ্ণম্) অহং বন্দে ॥ ৮

ব্রহ্মা বরুণেন্দ্র-মরুতঃ (বরুণশ্চ, ইন্দ্রশ্চ, মরুৎ পবনশ্চ তে) দিব্যৈঃ (অলৌকিকৈঃ বেদোক্তৈঃ) স্তবৈঃ যং স্তুন্বন্তি (স্তুবন্তি), সামগাঃ (সামবেদগায়কাঃ সাঙ্গপদক্রমো-পনিষদৈঃ (অঙ্গ-পদক্রমোপনিষদ্যুক্তৈঃ বেদৈঃ) যং গায়ন্তি (যস্য গুণগানং কুর্ব্বন্তি), যোগিনঃ ধ্যানাবস্থিত-তদ্গতেন (ধ্যানযোগনিমগ্নেন) মনসা (চিত্তেন) যং পশ্যন্তি, সুরাসুরগণাঃ যস্য অন্তং [চরমং তত্ত্বং] ন বিদুঃ (জানন্তি), তস্মৈ (প্রসিদ্ধায়) দেবায় (ভগবতে শ্রীকৃষ্ণায়) নমঃ ॥ ৯

মহাভারতম্

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথমোঽধ্যায়ঃ।

[উভয়পক্ষয়োঃ সৈন্যানাং মধ্যে প্রধান-প্রধান-বীরাণামুল্লেখঃ, শঙ্খধ্বনিবর্ণনম্, স্বজনবধপাপস্য ভয়েন ভীতস্য অর্জুনস্য বিষাদশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্বত সঞ্জয় ॥ ১

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥ ২

প্রথম অধ্যায়।

শ্রীশ্রীধরস্বামিকৃতা টীকা

শেষাশেষমুখব্যাখ্যাচাতুর্য্যং ত্বেকবক্ত্রতঃ।
দধানমদ্ভুতং বন্দে পরমানন্দমাধবম্ ॥ ১
শ্রীমাধবং প্রণমোমাধবং বিশ্বেশমাদরাৎ।
তদ্ভক্তিযন্ত্রিতঃ কুর্ব্বে গীতাব্যাখ্যাং সুবোধিনীম্ ॥ ২
ভাষ্যকারমতং সম্যক্ তদ্ব্যাখ্যাতৃগিরস্তথা।
যথামতি সমালোক্য গীতাব্যাখ্যাং সমারভে ॥ ৩
গীতা ব্যাখ্যায়তে যস্যাঃ পাঠমাত্রপ্রযত্নতঃ।
সেয়ং সুবোধনী টীকা সদা ধ্যেয়া মনীষিভিঃ ॥ ৪

ইহ খলু সকললোকহিতাবতারঃ পরমকারুণিকো ভগবান্ দেবকীনন্দনস্তত্ত্বজ্ঞানবিজৃম্ভিতশোকমোহভ্রংশিত-বিবেকতয়া নিজধর্ম্মপরিত্যাগপূর্ব্বক-পরধর্ম্মাভিসন্ধিন-মর্জ্জুনং ধর্ম্মজ্ঞানরহস্যোপদেশপ্লবেন তস্মাচ্ছোক-মোহ-সাগরাদুদ্দধার। তমেব ভগবদুপদিষ্টমর্থং কৃষ্ণদ্বৈপায়নঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিববন্ধ। তত্র চ প্রায়শঃ শ্রীকৃষ্ণ-মুখাদ্বিনিঃসৃতানেব শ্লোকানলিখৎ, কাংশ্চিৎ তৎসঙ্গতয়ে স্বয়ঞ্চ ব্যরচয়ৎ। যথোক্তং গীতামাহাত্ম্যে—গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনিঃসৃতা ইতি ॥

তত্র তাবদ্ধর্ম্মক্ষেত্র ইত্যাদিনা বিষীদন্নিদমব্রবীদিত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে, ততঃ পরম্ আসমাপ্তেস্তয়োর্ধর্ম্মজ্ঞানার্থসংবাদঃ। তত্র ধর্ম্মক্ষেত্র ইত্যাদিনা শ্লোকেন ধৃতরাষ্ট্রেণ হস্তিনাপুরস্থিতং স্বসারথিং সমীপস্থং সঞ্জয়ং প্রতি কুরুক্ষেত্রবৃত্তান্তে পৃষ্টে সঞ্জয়ো হস্তিনাপুরস্থিতোঽপি ব্যাসপ্রসাদাল্লব্ধদিব্যচক্ষুঃ কুরুক্ষেত্র—বৃত্তান্তং সাক্ষাৎ পশ্যন্নিব ধৃতরাষ্ট্রায় নিবেদয়ামাস—দৃষ্ট্বা তু পাণ্ডবানীকমিত্যাদিনা।

টীকা—অত্র তাবদ্ ধর্ম্মক্ষেত্রে ইত্যাদিনা বিষীদন্নিদম-ব্রবীদিত্যন্তেন গ্রন্থেন কৃষ্ণার্জ্জুনসংবাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে,—ধৃতরাষ্ট্র উবাচেতি। ধর্ম্মক্ষেত্র ইত্যাদি। ভোঃ সঞ্জয়! ধর্ম্মভূমৌ কুরুক্ষেত্রে ইতি কুরুক্ষেত্র-বিশেষণম্। এষামাদিপুরুষঃ কশ্চিৎ কুরুনামা বভূব, তস্য কুরোর্ধর্ম্মস্থানে, মামকাঃ মৎপুত্রাঃ পাণ্ডুপুত্রাশ্চ যুযুৎসবো যোদ্ধুমিচ্ছন্তঃ সমবেতাঃ মিলিতাঃ সন্তঃ কিম অকুর্ব্বত কিং কৃতবন্তঃ? ১

টীকা—সঞ্জয় উবাচ—দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানামনীকং সৈন্যং ব্যূঢ়ং ব্যূহরচনয়া অধিষ্ঠিতং দৃষ্ট্বা দ্রোণাচার্য্যসমীপং গত্বা রাজা দুর্য্যোধনো বক্ষ্যমাণং বচনমুবাচ ॥ ২

মহাভারত

পঞ্চবিংশ অধ্যায়।

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথম অধ্যায়।

[উভয়পক্ষের সৈন্যগণের মধ্যে প্রধান প্রধান বীরদিগের উল্লেখ, শঙ্খধ্বনি বর্ণন এবং স্বজনবধের পাপে ভীত হইয়া অর্জুনের বিষাদ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—হে সঞ্জয়! যুদ্ধেচ্ছু আমার পক্ষীয়গণ ও পাণ্ডবসকল পুণ্যক্ষেত্র কুরুক্ষেত্রে সমবেত হইয়া কি করিয়াছিল?১

সঞ্জয় বলিলেন,—তখন রাজা দুর্য্যোধন পাণ্ডবসৈন্যকে ব্যূহ রচনায় অধিষ্ঠিত দেখিয়া দ্রোণাচার্য্যের নিকট গমন করত বক্ষ্যমাণ বাক্য বলিলেন ॥ ২

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্‌।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩

অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪

ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশিরাজশ্চ বীর্য্যবান্‌।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫

যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্‌।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব এব মহারথাঃ ॥ ৬

অস্মাকং তু বিশিষ্টা যে তান্‌ নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্‌ ব্রবীমি তে ॥ ৭

ভবান্‌ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥ ৮

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্‌।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্‌ ॥ ১০

অয়নেষু চ সর্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব এব হি ॥ ১১

টীকা—তদেব বচনমাহ—পশ্যৈতামিত্যাদিভির্নবভিঃ শ্লোকৈঃ। পশ্যেত্যাদি। হে আচার্য্য, পাণ্ডবানাং মহতীং বিততাং চমূং সেনাং পশ্য, তব শিষ্যেণ ধীমতা দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন ব্যূঢ়াং ব্যূহরচনয়াঽধিষ্ঠিতাম্‌॥ ৩

টীকা—অত্রেত্যাদি। অত্র অস্যাং চম্বাম্‌। ইষবো বাণা অস্যন্তে ক্ষিপ্যন্তে এভিরিতি ইষ্বাসাঃ ধনূংষি, মহান্ত ইষ্বাসা যেষাং তে মহেষ্বাসাঃ। ভীমার্জ্জুনৌ তাবদত্রাতিপ্রসিদ্ধৌ যোদ্ধারৌ, তাভ্যাং সমাঃ শূরাঃ শৌর্য্যেণ ক্ষাত্রধর্ম্মেণোপেতাঃ সন্তি। তানেব নামভির্নির্দ্দিশতি—যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ। কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। চেকিতানো নাম একো রাজা। নরপুঙ্গবঃ নরশ্রেষ্ঠঃ শৈব্যঃ। যুধামন্যুরিতি। বিক্রান্তো যুধামন্যুর্নামৈকঃ। সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং পঞ্চভ্যো যুধিষ্ঠিরাদিভ্যো জাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণম্‌—"একো দশসহস্রাণি যোধয়েদ্‌ যস্তু ধন্বিনাম্‌। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥ অমিতান্‌ যোধয়েদ্‌ যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ রথস্ত্বেকেন যো যুধ্যেৎ তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥" ৪-৬

টীকা—অস্মাকমিতি। নিবোধ বুধ্যস্ব। নায়কা নেতারঃ। সংজ্ঞার্থং সম্যক্‌ জ্ঞানার্থমিত্যর্থঃ। তানেবাহ—ভবানিতি দ্বাভ্যাম্‌। ভবান্‌ দ্রোণঃ। সমিতিং সংগ্রামং জয়তীতি তথা। সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রো ভূরিশ্রবাঃ। অন্যে চেতি মদর্থে মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থঃ। নানা অনেকানি শস্ত্রাণি প্রহরণসাধনানি যেষাং তে যুদ্ধে বিশারদাঃ নিপুণা ইত্যর্থঃ॥ ৭-৯

টীকা—ততঃ কিম্‌, অত আহ—অপর্য্যাপ্তমিত্যাদি। তৎ তথাভূতৈর্বীরৈর্যুক্তমপি ভীষ্মেণাভিরক্ষিতমপি অস্মাকং বলং সৈন্যম্‌ অপর্য্যাপ্তং তৈঃ সহ যোদ্ধুম্‌ অসমর্থং ভাতি। ইদম্‌ এতেষাং পাণ্ডবানাং বলং সৈন্যং ভীমাভিরক্ষিতং সৎ পর্য্যাপ্তং সমর্থং ভাতি, ভীষ্মস্তোভয়পক্ষপাতিত্বাৎ॥ ১০

টীকা—তস্মাৎ ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ—অয়নেষ্বিতি। অয়নেষু ব্যূহপ্রবেশমার্গেষু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিম্‌ অপরিত্যজ্য অবস্থিতাঃ সন্তঃ সর্ব্বে ভীষ্মমেব অভিরক্ষন্তু। যথাঽন্যৈর্যুধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত, তথা রক্ষন্তু। ভীষ্মবলেনৈবাস্মাকং জীবনমিতি ভাবঃ॥ ১১

হে আচার্য্য! আপনার শিষ্য বুদ্ধিমান্‌ দ্রুপদতনয় ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক ব্যূহ রচনায় অবস্থিত পাণ্ডবগণের এই মহান্‌ সৈন্যসমূহ দর্শন করুন ॥ ৩

এই পাণ্ডবসেনাতে মহাধনুর্দ্ধর যুদ্ধে ভীম-অর্জুনের সমকক্ষ যুযুধান, সাত্যকি, বিরাট, মহারথ, দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, মহাবলবান্‌ কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, পরাক্রমশালী যুধামন্যু, দ্রৌপদীর পঞ্চপুত্র (ও ভীমতনয় ঘটোৎকচ) প্রভৃতি ইহারা সকলেই মহারথ ॥ ৪-৬

হে দ্বিজোত্তম! আর আমাদের পক্ষীয় যাঁহারা প্রধান সৈন্যগণের নায়ক তাঁহাদিগকে বিদিত হউন। আপনার সম্যক্‌ বোধের জন্য তাঁহাদের নাম বলিতেছি ॥ ৭

আপনি, ভীষ্ম, কর্ণ, সংগ্রামজয়ী কৃপাচার্য্য, অশ্বত্থামা, বিকর্ণ, সোমদত্তপুত্র ভূরিশ্রবা ও জয়দ্রথ ॥ ৮

বিবিধ অস্ত্রশস্ত্রধারী অপর বীরসমূহ আছেন, আমার জন্য জীবনত্যাগে সকলেই কৃতসঙ্কল্প, তাঁহারা সকলেই যুদ্ধকুশল ॥ ৯

তদ্রূপ বীরগণযুক্ত ভীষ্ম কর্ত্তৃক সম্পূর্ণভাবে রক্ষিত আমাদের সৈন্য তাহাদের সহিত যুদ্ধ করিতে অসমর্থ মনে হইতেছে, আর পাণ্ডবগণের ভীম-রক্ষিত সৈন্যবল সমর্থ, কারণ, ভীষ্ম উভয় পক্ষপাতী—ভীম এক পক্ষপাতী ॥ ১০

আপনারা সকলেই সমস্ত ব্যূহ প্রবেশপথে নির্দ্দিষ্ট স্ব স্ব স্থান ত্যাগ না করিয়া অবস্থান পূর্ব্বক সেনাপতি ভীষ্মকেই সকল দিকে রক্ষা করুন ॥ ১১

তস্য সঞ্জনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানক-গোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪
পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্মা বৃকোদরঃ ॥ ১৫
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ-মণিপুষ্পকৌ ॥ ১৬
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮
স ঘোষো ধার্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীং চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯
অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ ॥ ২০

টীকা—তদেবং বহুমানযুক্তং রাজ্ঞো দুর্য্যোধনস্য বাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান, তদাহ—তস্যেত্যাদি। তস্য রাজ্ঞো হর্ষং সঞ্জনয়ন্ কুর্ব্বন্ পিতামহো ভীষ্ম উচ্চৈর্মহান্তং সিংহনাদং বিনদ্য কৃত্বা শঙ্খং দধ্মৌ বাদিতবান্ ॥ ১২

টীকা—তদেবং সেনাপতের্ভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতো যুদ্ধোৎসবঃ প্রবৃত্ত ইত্যাহ—তত ইত্যাদিনা। পণবা মার্দ্দলাঃ আনকা গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণমেবাভ্যহন্যন্ত বাদিতাঃ। স চ শঙ্খাদিশব্দস্তুমুলো মহানভূৎ ॥ ১৩

টীকা—পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ—তত ইত্যাদিভিঃ পঞ্চভিঃ। ততঃ কৌরবসৈন্যবাদ্যকোলাহলানন্তরং মহতি স্যন্দনে রথে স্থিতৌ শ্রীকৃষ্ণার্জ্জুনৌ দিব্যৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুর্বাদয়ামাসতুঃ ॥ ১৪

টীকা—তদেব বিভাগেন দর্শয়ন্নাহ—পাঞ্চজন্যমিতি। পাঞ্চজন্যাদীনি শ্রীকৃষ্ণাদিশঙ্খানাং নামানি। ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ। বৃকবদুদরং যস্য স বৃকোদরো মহাশঙ্খং পৌণ্ড্রং দধ্মাবিতি। অনন্তেতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ, সহদেবো মণিপুষ্পকং নাম ॥ ১৫-১৬

টীকা—কাশ্যশ্চেতি। কাশ্যঃ কাশীরাজঃ। কথম্ভূতঃ? পরমঃ শ্রেষ্ঠঃ ইষ্বাসো ধনুর্যস্য সঃ। দ্রুপদ ইতি। হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র! ॥ ১৭-১৮

টীকা স চ শঙ্খানাং নাদস্ত্বদীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ—স ঘোষ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাং হৃদয়ানি ব্যদারয়ৎ বিদারিতবান্। কিং কুর্ব্বন্? নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন প্রতিধ্বনিভিরাপূরয়ন্ ॥১৯

টীকা এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণমর্জ্জুনো বিজ্ঞাপয়ামাসেত্যাহ—অথেত্যাদিভিশ্চতুর্ভিঃ শ্লোকৈঃ। অথেতি অথানন্তরং ব্যবস্থিতান্ যুদ্ধোদযোগেন স্থিতান্। কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥ ২০

প্রতাপশালী কুরুবৃদ্ধ পিতামহ ভীষ্ম দুর্য্যোধনের আনন্দবর্দ্ধন করত মহান্ সিংহনাদ পূর্ব্বক শঙ্খ বাদিত করিলেন ॥ ১২

সেনাপতি ভীষ্মের যুদ্ধোৎসবদর্শনে শঙ্খ, ভেরী, পণব (মাদল), আনক (ঢক্কা নাগরা), গোমুখ (শৃঙ্গ প্রভৃতি) বাদ্যসমূহ সহসা বাদিত হইল। সেই শব্দ একত্র মিলিত হইয়া তুমুল হইয়া উঠিল ॥ ১৩

অনন্তর শ্বেতবর্ণ অশ্বযুক্ত মহান্ রথে অবস্থিত শ্রীভগবান্ কৃষ্ণচন্দ্র ও অর্জুন উভয়ে দুইটি অলৌকিক শঙ্খ বাজাইলেন ॥ ১৪

হৃষীকেশ পাঞ্চজন্য শঙ্খ, অর্জুন দেবদত্তনামক শঙ্খ, ভীমকর্ম্মা ভীম পৌণ্ড্র নামে মহাশঙ্খ বাদিত করিলেন। কুন্তীতনয় রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় নামে, নকুল সুঘোষ এবং সহদেব মণিপুষ্পক নামক শঙ্খ বাজাইলেন, আর শ্রেষ্ঠ ধনুর্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন ও দ্রৌপদীর পঞ্চপুত্র এবং মহাবাহু সুভদ্রানন্দন অভিমন্যু সকলেই স্ব স্ব পৃথক্ পৃথক্ শঙ্খ বাজাইলেন ॥ ১৫-১৮

ঘোরতর সেই শঙ্খধ্বনি আকাশ ও পৃথিবীকে বিশেষভাবে প্রতিধ্বনিত করিয়া ধৃতরাষ্ট্র-পুত্রগণের হৃদয়সকল বিদীর্ণ করিল ॥ ১৯

হে ভূপতে! অনন্তর শস্ত্রসম্পাত প্রবৃত্ত হইলে কপিধ্বজ অর্জুন ধৃতরাষ্ট্রপুত্রগণকে যুদ্ধে সম্যক্ অবস্থিত দেখিয়া গাণ্ডীব উত্তোলন পূর্ব্বক হৃষীকেশ (ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা) শ্রীকৃষ্ণকে বক্ষ্যমাণ বাক্য বলিলেন ॥

হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে।

অর্জ্জুন উবাচ।

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১

যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।

কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥ ২২

যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।

ধার্তরাষ্ট্রস্য দুর্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।

সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪

ভীষ্ম-দ্রোণপ্রমুখতঃ সর্বেষাঞ্চ মহীক্ষিতাম।

টীকা—তদেব বাক্যমাহ—সেনয়োরিত্যাদি যাবদেতানিতি। নমু ত্বং যোদ্ধা, ন তু যুদ্ধপ্রেক্ষকস্তত্রাহ—কৈর্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যম্ ॥ ২১-২২

টীকা—যোৎস্যমানানিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং কর্ত্তুমিচ্ছবো যে ইহ সমাগতাঃ, তানহং দ্রক্ষ্যামি যাবৎ, তাবদুভয়োঃ সেনয়োর্ম্মধ্যে মে মম রথং স্থাপয়েত্যন্বয়ঃ ॥ ২৩

টীকা—ততঃ কিং বৃত্তম্ ইত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ—এবমুক্ত ইত্যাদি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রেণ অর্জ্জুনেন এবমুক্তঃ সন্। হে ভারত! হে ধৃতরাষ্ট্র! সেনয়োর্মধ্যে রথানামুত্তমং রথং হৃষীকেশঃ স্থাপিতবান্। ভীষ্মদ্রোণ ইতি। মহীক্ষিতাং রাজ্ঞাং চ প্রমুখতঃ সম্মুখে রথং স্থাপয়িত্বা। হে পার্থ! এতান্ কুরূন্ পশ্যেতি শ্রীভগবানুবাচ ॥ ২৪-২৫

অর্জুন কহিলেন,—হে অচ্যুত অচঞ্চল! আমি যতক্ষণ যুদ্ধকামনায় অবস্থিত ইহাদিগকে নিরীক্ষণ করি, এই যুদ্ধ উদ্যোগে কাহাদিগের সহিত আমি যুদ্ধ করিব,—রণস্থলে দুর্বুদ্ধি ধৃতরাষ্ট্রপুত্রের প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় যাঁহারা এইস্থানে উপস্থিত হইয়াছেন, সেই যুদ্ধকামিগণকে যাবৎ দর্শন করি, তাবৎ উভয়সেনার মধ্যে তুমি আমার রথ স্থাপন কর ॥ ২০-২৩

সঞ্জয় বলিলেন,—হে ভারত! অর্জুন অন্তর্যামী শ্রীকৃষ্ণকে ইহা বলিলে, তিনি উভয়সেনার মধ্যে ভীষ্ম-দ্রোণপ্রমুখ সমস্ত রাজগণের সম্মুখে উত্তম রথ স্থাপনা করিয়া 'হে পার্থ, এই সমবেত কুরুগণকে দেখ' এই কথা বলিলেন ॥ ২৪-২৫

উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥ ২৫

তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।

আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্

পৌত্রান্ সখীংস্তথা ॥ ২৬

শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি।

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্বান্ বন্ধূনবস্থিতান্ ॥ ২৭

কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ।

অর্জ্জুন উবাচ।

দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ যুযুৎসুং সমুপস্থিতম্ ॥ ২৮

সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি।

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে ॥ ২৯

টীকা—ততঃ কিং কৃতমিত্যাহ—তত্রেত্যাদি। পিতৄন্ পিতৃব্যানিত্যর্থঃ। পুত্রান্ পৌত্রানিতি দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাশ্চ তানিত্যর্থঃ। সখীন্ মিত্রাণি। সুহৃদঃ কৃতোপকারাংশ্চ অপশ্যৎ ॥ ২৬

টীকা—ততঃ কিং কৃতবান্ ইত্যাহ—তানিতি। সেনয়োরুভয়োরেবং সমীক্ষ্য কৃপয়া মহত্যা আবিষ্টঃ বিষণ্ণঃ সন্ ইদমর্জ্জুনোঽব্রবীৎ। ইত্যুত্তরস্যার্দ্ধশ্লোকস্য বাক্যার্থঃ। আবিষ্টো ব্যাপ্তঃ ॥

টীকা—কিমব্রবীদিত্যপেক্ষায়ামাহ—দৃষ্ট্বেমানিত্যাদি যাবদধ্যায়সমাপ্তি! হে কৃষ্ণ! যোদ্ধুমিচ্ছতঃ পুরতঃ সম্যগবস্থিতান্ স্বজনান্ বন্ধুজনান্ দৃষ্ট্বা মদীয়ানি গাত্রাণি করচরণাদীনি সীদন্তি বিশীর্য্যন্তে। কিঞ্চ বেপথুশ্চেতি। বেপথুঃ কম্পঃ। রোমহর্ষো রোমাঞ্চঃ। স্রংসতে নিপততি।

অনন্তর অর্জুন সেই স্থানে স্থিত উভয় দলের সেনাগণের মধ্যে পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্র, পৌত্র এবং সখা, শ্বশুর ও সুহৃৎসমূহকে দেখিলেন ॥

কুন্তীতনয় সেই সমস্ত বন্ধুগণকে অবস্থিত দর্শন করিয়া অত্যন্ত কৃপাবিষ্ট ও বিষণ্ণ হইয়া এই কথা বলিলেন ॥

অর্জুন কহিলেন,—হে কৃষ্ণ! যুদ্ধ করিতে ইচ্ছুক এই আত্মীয়গণকে সম্মুখে অবস্থিত দেখিয়া আমার গাত্র শীর্ণ ও মুখ শুষ্ক হইতেছে। আমার শরীরে কম্প এবং রোমহর্ষ হইতেছে ॥ ২৬-২৯

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ ॥ ৪৭

টীকা—ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ—এবমুক্ত্বেত্যাদি। সংখ্যে সংগ্রামে রথোপস্থে রথস্যোপরি উপাবিশৎ উপবিবেশ। শোকেন সংবিগ্নং প্রকম্পিতং মানসং চিত্তং যস্য সঃ ॥ ৪৭

সঞ্জয় বলিলেন—অর্জ্জুন এইরূপ বাক্যসকল বলিয়া যুদ্ধে শরসমন্বিত গাণ্ডীব ধনু পরিত্যাগ পূর্ব্বক শোককম্পিত-মানসে রথের উপর উপবিষ্ট হইলেন ॥ ৪৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতা-সূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে অর্জ্জুনবিষাদযোগো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥
ভীষ্মপর্ব্বণি তু পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতায়াং শ্রীশ্রীধরস্বামিকৃতসুবোধনী-টীকায়াং প্রথমোঽধ্যায়ঃ ॥ ১

ইতি শ্রীমহাভারতে বেদব্যাসবিরচিত শতসাহস্রী সংহিতা মধ্যে ভীষ্মপর্ব্বান্তর্গত শ্রীমদ্ভগবদ্গীতা উপনিষদে ব্রহ্মবিদ্যাবিষয়ক যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে অর্জ্জুনবিষাদযোগ নামক প্রথম অধ্যায়।

ষড়্বিংশোঽধ্যায়ঃ।

(শ্রীমদ্ভগবদ্গীতায়াং দ্বিতীয়োঽধ্যায়ঃ)

সাঙ্খ্যযোগঃ।

[যুদ্ধায়ার্জ্জুনমুৎসাহিতং কুর্ব্বতা ভগবতা শ্রীকৃষ্ণেন নিত্যানিত্যবস্তুবিবেচনপূর্ব্বকং সাঙ্খ্যযোগ-কর্ম্মযোগ-স্থিতপ্রজ্ঞানাং তত্ত্ববর্ণনম্।]

সঞ্জয় উবাচ

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥

টীকা—"দ্বিতীয়ে শোকসন্তপ্তমর্জ্জুনং ব্রহ্মবিদ্যয়া। প্রতিবোধ্য হরিশ্চক্রে স্থিতপ্রজ্ঞস্য লক্ষণম্॥" ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ—তং তথেত্যাদি। অশ্রুভিঃ পূর্ণে আকুলে ঈক্ষণে যস্য তং তথা উক্তপ্রকারেণ বিষীদন্তমর্জ্জুনং প্রতি মধুসূদনঃ ইদং বাক্যমুবাচ ॥ ১

দ্বিতীয় অধ্যায়।

[যুদ্ধের জন্য অর্জ্জুনকে উৎসাহপ্রদানকারী ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিত্যানিত্যবস্তুবিবেচনাপূর্ব্বক সাঙ্খ্যযোগ, কর্ম্মযোগ ও স্থিতপ্রজ্ঞের তত্ত্ববর্ণন।]

সঞ্জয় বলিলেন,—উক্ত প্রকার কৃপাবিষ্ট অশ্রুপূর্ণ চকিতনয়ন বিষাদগ্রস্ত অর্জ্জুনের প্রতি মধুসূদন এই বাক্য বলিলেন। ১

শ্রীভগবানুবাচ

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ॥ ২

টীকা—তদেব বাক্যমাহ—শ্রীভগবানুবাচ কুত ইতি। কুতো হেতোস্ত্বা ত্বাং বিষমে সঙ্কটে ইদং কশ্মলমুপস্থিতম্ অয়ং মোহঃ প্রাপ্তঃ। যত আর্য্যৈরসেবিতম, অস্বর্গ্যম্ অধর্ম্ম্যম্, অযশস্করঞ্চ ॥ ২

শ্রীভগবান্ বলিলেন,—হে অর্জ্জুন! এরূপ বিপৎসময়ে কিজন্য তোমার অনার্য্য-আচরিত স্বর্গ-প্রতিবন্ধক অযশস্কর মোহ উপস্থিত হইল? ২

ক্লৈব্যং মা স্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ॥ ৩

অর্জ্জুন উবাচ

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন॥ ৪

গুরূনহত্বা হি মহানুভাবান্—
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপীহলোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহেব
ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্॥ ৫

ন চৈতদ্ বিদ্মঃ কতরন্নো গরীয়ো
যদ্ বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
যানেব হত্বা ন জিজীবিষাম—
স্তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্তরাষ্ট্রাঃ॥ ৬

টীকা—ক্লৈব্যং মাস্ম গম ইতি। তস্মাৎ হে পার্থ! ক্লৈব্যং কাতর্য্যং মাস্ম গমঃ ন প্রাপ্নুহি। যতস্ত্বয়ি এতন্নোপপদ্যতে যোগ্যং ন ভবতি। ক্ষুদ্রং তুচ্ছং হৃদয়দৌর্বল্যং কাতর্য্যং ত্যক্ত্বা যুদ্ধায় উত্তিষ্ঠ। হে পরন্তপ! শত্রুতাপন!॥ ৩

টীকা—নাহং কাতরত্বেন যুদ্ধাৎ উপরতোঽস্মি। কিন্তু যুদ্ধস্য অন্যায্যত্বাদধর্ম্ম্যত্বাচ্চেত্যাহ—অর্জ্জুন উবাচ কথমিতি। ভীষ্ম-দ্রোণৌ পূজার্হৌ পূজাযোগ্যৌ, তৌ প্রতি কথমহং যোৎস্যামি, তত্রাপি ইষুভিঃ, যত্র বাচাপি যোৎস্যামীত্যর্থঃ বক্তুমনুচিতং, তত্র বাণৈঃ কথং যোৎস্যামীত্যর্থঃ। হে অরিসূদন! শত্রুমর্দ্দন!॥ ৪

টীকা—তর্হি তান্ অহত্বা তব দেহযাত্রাপি ন স্যাদিতি চেৎ, তত্রাহ—গুরূনিতি। গুরূন্ দ্রোণাচার্য্যাদীন্ অহত্বা পরলোকবিরুদ্ধং গুরুবধমকৃত্বা ইহ লোকে ভৈক্ষ্যং ভিক্ষান্নমপি ভোক্তুং শ্রেয়ঃ উচিতম্। বিপক্ষে তু ন কেবলং পরত্র দুঃখং, কিন্ত্বিহৈব চ নরকদুঃখমনুভবেয়মিত্যাহ—হত্বেতি। গুরূন্ হত্বা ইহৈব তু রুধিরেণ প্রদিগ্ধান্ প্রকর্ষেণ লিপ্তান্ অর্থকামাত্মকান্ ভোগানহং ভুঞ্জীয় অশ্নীয়াম্। যদ্বা অর্থকামানিতি গুরূণাং বিশেষণম্। অর্থতৃষ্ণাকুলত্বাদেতে তাবৎ যুদ্ধান্ন নিবর্ত্তেরন্, তস্মাদেতদ্বধঃ প্রসজ্যেতৈবেত্যর্থঃ। তথাচ যুধিষ্ঠিরং প্রতি ভীষ্মেণোক্তম্,—"অর্থস্য পুরুষো দাসো দাসত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈ　ইতি॥ ৫

টীকা—কিঞ্চ যদ্যপ্যধর্ম্মমঙ্গীকরিষ্যামঃ, তথাপি কিমস্মাকং জয়ঃ পরাজয়ো বা গরীয়ান্ ভবেদিতি ন জ্ঞায়ত ইত্যাহ—ন চৈতদিত্যাদি। এতদ্দ্বয়োর্মধ্যে নোঽস্মাকং কতরৎ কিং নাম গরীয়োঽধিকতরং ভবিষ্যতীতি ন বিদ্মঃ। তদেব দ্বয়ং দর্শয়তি। যদ্বা এতান্ বয়ং জয়েম জেষ্যামঃ, যদি বা নোঽস্মানেতে জয়েয়ুর্জ্জেষ্যন্তীতি। কিঞ্চাস্মাকং জয়োঽপি ফলতঃ পরাজয় এবেত্যাহ—যানিতি। যানেব হত্বা জীবিতুং নেচ্ছামস্ত এবৈতে সম্মুখেঽবস্থিতাঃ॥ ৬

হে অর্জ্জুন! ক্লীবতা প্রাপ্ত হইও না। ইহা তোমাতে হয় না। হে শত্রুতাপিন্! তুচ্ছ হৃদয়ের দুর্ব্বলতা পরিত্যাগপূর্ব্বক যুদ্ধ করিবার জন্য উত্থিত হও॥ ৩

অর্জ্জুন কহিলেন—হে অরিসূদন মধুসূদন! আমি কি প্রকার সমরে পূজাযোগ্য পিতামহ ভীষ্ম আচার্য্য দ্রোণের প্রতি শরসমূহের দ্বারা যুদ্ধ করিব? যাঁহাদের বাক্যের দ্বারাও যুদ্ধ করিব বলা অকর্ত্তব্য, তাঁহাদের সহিত বাণের দ্বারা যুদ্ধ কিরূপে করিব? ৪

মহাপ্রভাব গুরুগণকে বধ না করিয়া যদি এ জগতে ভিক্ষালব্ধ অন্ন ভোজন করিতে হয়, তবে তাহাও শ্রেয়স্কর, কিন্তু গুরুসকলকে বিনষ্ট করত ইহলোকেই তাঁহাদের শোণিতসিক্ত অর্থকাম ভোগ করিব? ৫

এই যুদ্ধে জয় পরাজয়ের মধ্যে আমাদের অধিকতর গরীয়ান্ কোন্‌টি, ইহা আমি বুঝিতে পারিতেছি না, কেননা যাঁহাদের বিনাশ করত আমরা জীবন ধারণে ইচ্ছা করি না, সেই ধৃতরাষ্ট্রতনয়গণ সম্মুখে অবস্থান করিতেছে॥ ৬

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ
পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসম্মূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ॥৭

ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাদ্
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮

টীকা—উপদেশগ্রহণে স্বাধিকারং সূচয়তি—কার্পণ্যেত্যাদি। তস্মাৎ কার্পণ্যদোষোপহতস্বভাবঃ, এতান্ হত্বা কথং জীবিষ্যাম ইতি কার্পণ্যং, দোষশ্চ স্বকুলক্ষয়কৃতঃ, তাভ্যামুপহতোঽভিভূতঃ স্বভাবঃ শৌর্য্যাদিলক্ষণো যস্য সোঽহং ত্বাং পৃচ্ছামি; তথা ধর্ম্মে সম্মূঢ়ং চেতো যস্য সঃ, যুদ্ধং ত্যক্ত্বা ভিক্ষাটনমপি ক্ষত্রিয়স্য ধর্ম্মোঽধর্ম্মো বেতি সন্দিগ্ধচিত্তঃ সন্নিত্যর্থঃ। অতো মে নিশ্চিতং যৎ শ্রেয়ঃ যুক্তং স্যাৎ, তদ্ ব্রূহি। কিঞ্চ তেঽহং শিষ্যঃ শাসনার্হঃ, অতস্ত্বাং শরণাগতং মাং শাধি শিক্ষয় ॥ ৭

হে কৌন্তেয়! চিত্তশুদ্ধি লাভের পর যেরূপে ব্রহ্মপ্রাপ্ত হওয়া যায়, তাহা সংক্ষেপে আমার নিকট অবগত হও এবং জ্ঞানের পারসমাপ্তি তাহাও জ্ঞাত হও ॥ ৫০

পূর্ব্বকথিত সাত্ত্বিকী বুদ্ধিসম্পন্ন, সাত্ত্বিকী ধৃতির দ্বারা আত্মাকে কার্য্যকারণ সঙ্গত সেই বুদ্ধিকে নিশ্চলা করিয়া শব্দাদি বিষয়সমূহ পরিত্যাগপূর্ব্বক তদ্‌বিষয়ক অনুরাগ-বিরাগ ত্যাগ করত শুদ্ধ নির্জ্জনদেশে অবস্থানকারী, মিতভোজী, বাক্য, শরীর, চিত্ত সংযত করিয়া ধ্যানযোগে পরম আসক্ত, উত্তমরূপে বৈরাগ্য আশ্রিত, অহঙ্কার, বল, দর্প, কাম, ক্রোধ পরিগ্রহ বিশেষভাবে বিমুক্ত হইয়া মমতাবিহীন শমগুণসম্পন্ন 'ব্রহ্মাহং' এইরূপ নিশ্চলভাবে অবস্থানে সমর্থ হন ॥ ৫১-৫৩

ব্রহ্মপ্রাপ্ত প্রহৃষ্টচিত্ত কোন বিষয়ে শোক করেন না, অপ্রাপ্ত কিছুর আকাঙ্ক্ষা করেন না, সকলভূতে সমভাবাপন্ন হইয়া আমার প্রেমলক্ষণা পরা ভক্তি লাভ করেন ॥ ৫৪

সর্ব্বব্যাপী সচ্চিদানন্দঘনরূপ আমাকে পরা ভক্তির দ্বারা স্বরূপতঃ অবগত হয়, অনন্তর আমাকে যথার্থতঃ অর্থাৎ একমাত্র অদ্বয় তিনিই মায়াবলম্বনে বিশ্বে সৃষ্টি স্থিতি নাশ করেন, একমাত্র পরম জ্যোতি অদ্বয়জ্ঞানই পরম সত্য এইভাবে অবগত হইয়া আমাতে প্রবিষ্ট হন ॥ ৫৫

সর্বকর্মাণ্যপি সদা কুর্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্॥ ৫৬
চেতসা সর্বকর্মাণি ময়ি সন্ন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব॥ ৫৭
মচ্চিত্তঃ সর্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্‌ক্ষ্যসি॥ ৫৮

টীকা—সকর্ম্মভিঃ পরমেশ্বরারাধনাদুক্তং মোক্ষপ্রকারমুপসংহরতি — সর্ব্বকর্ম্মাণীতি। সর্ব্বাণি নিত্যানি নৈমিত্তিকানি কাম্যানি চ কর্ম্মাণি পূর্ব্বোক্তক্রমেণ মদ্ব্যপাশ্রয়ঃ সন্ সর্ব্বদাঃ কুর্ব্বাণঃ অহমেব ব্যপাশ্রয়ঃ আশ্রয়ণীয়ো ন তু স্বর্গাদিফলং যস্য স মম প্রসাদাৎ শাশ্বতমনাদি অব্যয়ং নিত্যং সর্ব্বোৎকৃষ্টং বৈষ্ণবং পদং প্রাপ্নোতি॥ ৫৬

টীকা—যস্মাদেবং তস্মাৎ — চেতসেতি। সর্ব্বাণি কর্ম্মাণি চেতসা ময়ি সংন্যস্য সমর্প্য, মৎপরঃ অহমেব পরঃ প্রাপ্যঃ পুরুষার্থো যস্য স ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা যোগমুপাশ্রিত্য সততং কর্ম্মানুষ্ঠানকালেঽপি ব্রহ্মার্পণং ব্রহ্ম হবিরিতি ন্যায়েন ময্যেব চিত্তং যস্য স তথাভূতো ভব॥ ৫৭

টীকা — ততো যদ্ভবিষ্যতি তচ্ছৃণু—মচ্চিত্ত ইতি। মচ্চিত্তঃ সন্ মৎপ্রসাদাৎ সর্ব্বাণ্যপি দুর্গাণি দুস্তরাণি সাংসারিকাণি দুঃখানি তরিষ্যতি। বিপক্ষে দোষমাহ, অথ চেৎ যদি পুনস্ত্বমহঙ্কারাৎ জ্ঞাতৃত্বাভিমানাৎ মদুক্তমেবং ন শ্রোষ্যসি, তর্হি বিনঙ্‌ক্ষ্যসি॥ ৫৮

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈষ ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি॥ ৫৯
স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্মণা।
কর্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ॥ ৬০
ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেঽর্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া॥ ৬১

টীকা—কামং বিনঙ্‌ক্ষ্যামি, ন তু বন্ধুভির্যুদ্ধং করিষ্যামীতি চেত্তত্রাহ—যদিতি। মদুক্তমনাদৃত্য কেবলমহঙ্কারমবলম্ব্য যুদ্ধং ন করিষ্যামীতি ত্বং যন্মন্যসে অধ্যবস্যসি, এষ তে অধ্যবসায়ো মিথ্যৈবাস্বতন্ত্রত্বাত্তব। তদেবাহ—প্রকৃতিস্ত্বাং রজোগুণরূপেণ পরিণতা সতী নিযোক্ষ্যতি যুদ্ধে প্রবর্ত্তয়িষ্যত্যেব॥ ৫৯

টীকা—কিঞ্চ স্বভাবেতি। স্বভাবঃ ক্ষত্রিয়ত্বহেতুঃ পূর্ব্বকর্ম্মসংস্কারস্তস্মাজ্জাতেন স্বীয়েন কর্ম্মণা শৌর্য্যাদিনা পূর্ব্বোক্তেন নিবদ্ধো যন্ত্রিতস্ত্বং মোহাৎ যৎ কর্ম্ম যুদ্ধলক্ষণং কর্ত্তুং নেচ্ছসি, অবশোঽপি তৎ কর্ম্ম করিষ্যস্যেব॥ ৬০

টীকা—তদেবং শ্লোকদ্বয়েন সাংখ্যাদিমতেন প্রকৃতিপারতন্ত্র্যং স্বভাবপারতন্ত্র্যং চোক্তম্; ইদানীং স্বমতমাহ—ঈশ্বর ইতি দ্বাভ্যাম্। সর্ব্বভূতানাং হৃদ্দেশে হৃদয়মধ্যে ঈশ্বরোঽন্তর্য্যামী তিষ্ঠতি। কিং কুর্ব্বন্? সর্ব্বাণি ভূতানি মায়য়া নিজশক্ত্যা ভ্রাময়ংস্তৎকর্মসু প্রবর্ত্তয়ন্, যথা দারুযন্ত্রমারূঢ়ানি কৃত্রিমাণি ভূতানি সূত্রধারো লোকে ভ্রাময়তি তদ্বদিত্যর্থঃ। যদ্বা, যন্ত্রাণি শরীরাণি আরূঢ়ানি ভূতানি দেহাভিমানিনো জীবান্ ভ্রাময়ন্নিত্যর্থঃ।

সতত সকল কর্ম্ম অনুষ্ঠান করিয়াও একমাত্র আমাকে অনন্যভাবে আশ্রয় করত আমার প্রসাদে শাশ্বত (সদা একরূপ) অব্যয় আদ্যন্তরহিত, সর্ব্ববিকারশূন্য, সর্ব্বোৎকৃষ্ট পরমপদ প্রাপ্ত হইয়া থাকে॥ ৫৬

চিত্তের দ্বারা নিখিল কর্ম্ম আমাতে সমর্পণপূর্ব্বক মৎপরায়ণ হইয়া ব্যবসায়াত্মিকা অর্থাৎ ভগবদারাধনে আমি অবশ্যই কৃতার্থ হইব এই বুদ্ধিযোগ আশ্রয় করত সতত নিখিল কর্ম্মানুষ্ঠানকালে মদ্গতচিত্ত হও॥ ৫৭

তুমি সতত আমাতে সমর্পিতচিত্ত হইয়া আমার অনুগ্রহে দুস্তর সাংসারিক দুঃখসমূহ উত্তীর্ণ হইবে। আর যদি তুমি "আমি কর্ত্তা জ্ঞাতা" এই অভিমানবশে আমার বাক্য গ্রহণ না কর, তাহা হইলে পুরুষার্থ হইতে ভ্রষ্ট হইবে॥ ৫৮

যদি তুমি অহঙ্কার আশ্রয়পূর্ব্বক "আমি যুদ্ধ করিব না" মনে কর, তবে তোমার সে নিশ্চয় মিথ্যাই; কেন না তুমি স্বাধীন নহ—তোমার ক্ষাত্র প্রকৃতি তোমাকে অবশ্যই যুদ্ধে নিযুক্ত করিবে॥ ৫৯

হে কৌন্তেয়! অজ্ঞানতাপ্রযুক্ত যাহা করিতে ইচ্ছা করিতেছ না, তোমার জন্মান্তরীয় কর্ম্মজাতস্বভাব উৎপন্ন স্বীয় কর্ম্মের দ্বারা নিয়ন্ত্রিত তুমি অবশভাবে সেই যুদ্ধই করিবে॥ ৬০

হে অর্জুন! সকলভূতের হৃদয়মধ্যে ঈশ্বর সমস্ত ভূতকে নিজশক্তি মায়ার দ্বারা দারুযন্ত্রারূঢ় কাষ্ঠপুত্তলিকাগণকে যেমন সূত্রধার ভ্রমণ করায়, তদ্রূপ ভ্রমণ করাইয়া অর্থাৎ তৎ তৎ কর্ম্মে প্রবর্ত্তিত করত অবস্থান করিতেছেন॥ ৬১

তমেব শরণং গচ্ছ সর্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতম্॥৬২
ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু ॥ ৬৩
সর্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥ ৬৪
মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে ॥৬৫
সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ৬৬

তথা চ শ্বেতাশ্বতরাণাং মন্ত্রঃ, "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ, সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ, সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চ"॥ ইতি অন্তর্য্যামিব্রাহ্মণঞ্চ, "য আত্মনি তিষ্ঠন্নাত্মানমন্তরো যময়তি যমাত্মানং বেদ যস্যাত্মা শরীরম্ এষ তে অন্তর্য্যাম্যমৃত" ইত্যাদি ॥ ৬১

টীকা—তমিতি—যস্মাদেবং সর্ব্বে জীবাঃ পরমেশ্বরপরতন্ত্রাস্তস্মাদহঙ্কারং পরিত্যজ্য সর্ব্বভাবেন সর্ব্বাত্মনা তমীশ্বরমেব শরণং গচ্ছ, ততশ্চ তস্যৈব প্রসাদাৎ পরামুত্তমাং শান্তিং স্থানঞ্চ পারমেশ্বরং শাশ্বতং নিত্যং প্রাপ্স্যসি ॥ ৬২

টীকা—সর্ব্বগীতার্থমুপসংহরন্নাহ—ইতীতি। ইত্যনেন প্রকারেণ তে তুভ্যং সর্ব্বজ্ঞেন পরমকারুণিকেন ময়া জ্ঞানমাখ্যাতমুপদিষ্টম্। কথম্ভূতম্, গুহ্যাৎ গোপ্যাৎ রহস্যমন্ত্রযোগাদিজ্ঞানাদপি গুহ্যতরম্, এতন্ময়োপদিষ্টং গীতাশাস্ত্রমশেষতো বিমৃশ্য পর্য্যালোচ্য পশ্চাদ্ যথেচ্ছসি তথা কুরু। এতস্মিন্ পর্য্যালোচিতে সতি তব মোহো নিবর্ত্তিষ্যতে ইতি ভাবঃ ॥ ৬৩

টীকা—অতিগম্ভীরং গীতাশাস্ত্রমশেষতঃ পর্য্যালোচয়িতুমশক্নুবতঃ কৃপয়া স্বয়মেব তস্য সারং সংগৃহ্য কথয়তি—সর্ব্বগুহ্যতমমিতি ত্রিভিঃ। সর্ব্বেভ্যোঽপি গুহ্যেভ্যো গুহ্যতমং মে বচস্তত্র তত্রোক্তমপি ভূয়ঃ পুনরপি বক্ষ্যমাণং শৃণু। পুনঃ পুনঃ কথনে হেতুমাহ—দৃঢ়মত্যন্তং মে মম ত্বমিষ্টঃ প্রিয়োঽসীতি মত্বা তত এব হেতোস্তে হিতং বক্ষ্যামি ; যদ্বা ত্বং মমেষ্টোঽসি ময়া বক্ষমাণং চ দৃঢ়ং সর্ব্বপ্রমাণোপেতমিতি নিশ্চিত্য ততস্তে বক্ষ্যামীত্যর্থঃ। দৃঢ়মতিরিতি কেচিৎ পঠন্তি ॥ ৬৪

টীকা—তদেবাহ—মন্মনা ইতি। মন্মনা মচ্চিত্তো ভব, মদ্ভক্তো মদ্ভজনশীলো ভব, মদ্‌যাজী মদ্‌যজনশীলো ভব, মামেব নমস্কুরু, এবং বর্ত্তমানস্ত্বং মৎপ্রসাদাৎ লব্ধজ্ঞানেন মামেবৈষ্যসি প্রাপ্স্যসি, অত্র চ সংশয়ং মা কার্ষীঃ। ত্বং হি মে প্রিয়োঽসি, অতঃ সত্যং যথা ভবত্যেবং তুভ্যমহং প্রতিজানে প্রতিজ্ঞাং করোমি। ততোঽপি গুহ্যতমমাহ—সর্ব্বেতি মদ্ভক্ত্যৈব সর্ব্বং ভবিষ্যতীতি দৃঢ়বিশ্বাসেন বিধিকৈঙ্কর্য্যং ত্যক্ত্বা মদেকশরণো ভব। এবং বর্ত্তমানঃ কর্মত্যাগনিমিত্তং পাপং স্যাদিতি মা শুচঃ শোকং মা কার্ষীঃ, যতস্ত্বা ত্বাং মদেকশরণং সর্ব্বপাপেভ্যোঽহং মোক্ষয়িষ্যামি মোচয়িষ্যামি ॥ ৬৫-৬৬

হে ভারত! কায়মনোবাক্যে সর্ব্বপ্রযত্নে সেই অন্তর্য্যামী ঈশ্বরেরই শরণ গ্রহণ কর। তাঁহার প্রসাদে পরমা শান্তি এবং নিত্য পরমেশ্বর স্থান প্রাপ্ত হইবে। ৬২

এই গুহ্য হইতে অর্থাৎ রহস্যমন্ত্র যোগাদি জ্ঞান হইতেও গুহ্যতর তোমাকে উপদেশ করিলাম। আমার উপদিষ্ট এই গীতাশাস্ত্র অশেষভাবে পর্য্যালোচনা করত অনন্তর যাহা ইচ্ছা হয় তাহা কর। ৬৩

তুমি আমার সর্ব্বগুহ্যতম পরমবাক্য পুনরায় শ্রবণ কর—আমার অত্যন্ত প্রিয় তুমি, তজ্জন্য তোমার হিত আবার বলিতেছি। ৬৪

তুমি মচ্চিত্ত হও, আমার ভজনপরায়ণ হও, আমার যজনশীল হও, আমাকে নমস্কার কর—এরূপ করিলে আমার অনুগ্রহলব্ধ জ্ঞানের দ্বারা আমাকেই প্রাপ্ত হইবে। সংশয় করিও না—যেহেতু তুমি আমার প্রিয়, তজ্জন্য আমি তোমায় সত্য প্রতিজ্ঞা করিয়া বলিতেছি। ৬৫

সর্ব্বধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক একমাত্র আমার শরণাগত হও। আমার ভক্তি দ্বারাই সমস্ত হইবেই এই দৃঢ় বিশ্বাসে বিধি কৈঙ্কর্য্য ত্যাগ করত মদেকশরণ হও। এরূপ করিলে কর্ম্মত্যাগজনিত পাপ হইবে এরূপ অনুশোচনা করিও না, যেহেতু একমাত্র আমার শরণাপন্ন তোমাকে আমি সমস্ত পাপ হইতে মুক্ত করিব। ৬৬

ইদং তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
ন চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি ॥ ৬৭
য ইমং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।
ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ ॥ ৬৮
ন চ তস্মান্মনুষ্যেষু কশ্চিন্মে প্রিয়কৃত্তমঃ।
ভবিতা ন চ মে তস্মাদন্যঃ প্রিয়তরো ভুবি ॥ ৬৯
অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ ॥ ৭০
শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপি মুক্তঃ শুভাঁল্লোকান্ প্রাপ্নুয়াৎ পুণ্যকর্মণাম্ ॥৭১

টীকা—এবং গীতার্থতত্ত্বমুপদিশ্য তৎসম্প্রদায়প্রবর্ত্তনে নিয়মমাহ — ইদমিতি। ইদং গীতার্থতত্ত্বং তে ত্বয়া অতপস্কায় স্বধর্মানুষ্ঠানহীনায় ন বাচ্যম্, ন চ অভক্তায় গুরাবীশ্বরে চ ভক্তিশূন্যায় কদাচিদপি ন বাচ্যম্, ন চাশুশ্রূষবে পরিচর্য্যামকুর্বতে শ্রোতুমনিচ্ছতে বা বাচ্যম্, মাং পরমেশ্বরং যোঽভ্যসূয়তি মনুষ্যদৃষ্ট্যা দোষারোপেণ নিন্দতি, তস্মৈ ন চ বাচ্যম্ ॥ ৬৭

টীকা—এতৈর্দোষৈর্বিরহিতেভ্যো গীতাশাস্ত্রোপদেষ্টুঃ ফলমাহ—য ইমমতি। মদ্ভক্তেষ্বভিধাস্যতি মদ্ভক্তেভ্যো যো বক্ষ্যতি স ময়ি পরাং ভক্তিং করোতি, ততো নিঃসংশয়ঃ সন্ মামেব প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৬৮

টীকা—কিঞ্চ ন চেতি—তস্মান্মদ্ভক্তেভ্যো গীতাশাস্ত্র-ব্যাখ্যাতুঃ সকাশাদন্যো মনুষ্যেষু মধ্যে কশ্চিদপি মম প্রিয়কৃত্তমোঽত্যন্তং পরিতোষকর্ত্তা নাস্তি, ন চ কালান্তরে ভবিতা ভবিষ্যতি। মমাপি তস্মাদন্যঃ প্রিয়তরোঽধুনা ভুবি তাবন্নাস্তি, ন চ কালান্তরেঽপি ভবিষ্যতীত্যর্থঃ। পঠতঃ ফলমাহ — অধ্যেষ্যত ইতি। আবয়োঃ শ্রীকৃষ্ণার্জ্জুনয়োরিমং ধর্ম্ম্যং ধর্মাদনপেতং সংবাদং যোঽধ্যেষ্যতে জপরূপেণ পঠিষ্যতি, তেন পুংসা সর্ব্ব-যজ্ঞেভ্যঃ শ্রেষ্ঠেন জ্ঞানযজ্ঞেন অহমিষ্টঃ স্যাং ভবেয়মিতি মে মতিঃ। যদ্যপ্যসৌ গীতার্থমবুধ্যমান এব কেবলং জপতি, তথাপি মম তচ্ছৃণ্বতো মামেবাসৌ প্রকাশয়তীতি বুদ্ধির্ভবতি। যথা লোকে যদৃচ্ছয়াপি যদা কশ্চিৎ কদাচিৎ কস্যচিন্নাম গৃহ্ণাতি, তদাসৌ মামেবায়মাহ্বয়তীতি মত্বা তৎপার্শ্বমাগচ্ছতি, তথাহমপি তস্য সন্নিহিতো ভবেয়ম্, অতএব অজামিলক্ষত্রবন্ধুপ্রমুখাণাং কথঞ্চিন্না-মোচ্চারণমাত্রেণ প্রসন্নোঽস্মি, তথৈবাস্যাপি প্রসন্নো ভবেয়মিতি ভাবঃ ॥ ৬৯-৭০

টীকা—অন্যস্য জপতো যোঽন্যঃ কশ্চিচ্ছৃণোতি তস্যাপি ফলমাহ—শ্রদ্ধাবানিতি। যো নরঃ শ্রদ্ধাযুক্তঃ কেবলং শৃণুয়াদপি। শ্রদ্ধাবানপি যঃ কশ্চিৎ কিমর্থময়-মুচ্চৈর্জ্জপতি অসম্বদ্ধং বা জপতীতি দোষদৃষ্টিং করোতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ — অনসূয়শ্চাসূয়ারহিতো যঃ শৃণুয়াৎ, সোঽপি সর্ব্বৈঃ পাপৈর্মুক্তঃ সন্নশ্বমেধাদিপুণ্যকৃতাং লোকান্ প্রাপ্নুয়াৎ ॥ ৭১

এই গীতার্থ তত্ত্ব স্বধর্ম্ম-অনুষ্ঠানহীনকে বলিবে না। আর গুরু এবং ঈশ্বরে ভক্তিশূন্যকে বলিবে না, যে শুশ্রূষাকারী নহে তাহাকে বলিবে না এবং পরমেশ্বর আমাকে যে মনুষ্যদৃষ্টিতে নিন্দা করে, তাহাকে বলিবে না ॥ ৬৭

যিনি পরম গোপনীয় আমার এই গীতাশাস্ত্র আমার ভক্ত-গণকে বলিবেন, তিনি আমাতে প্রেমলক্ষণা ভক্তিলাভ করত নিশ্চয়ই আমাকেই প্রাপ্ত হইবেন ॥ ৬৮

অতএব আপনার ভক্তগণের নিকট গীতাশাস্ত্র ব্যাখ্যাতা হইতে মনুষ্যগণের মধ্যে কেহই আমার নিরতিশয় পরিতোষকর্ত্তা নাই, কালান্তরেও হইবে না, আমারও তাহা হইতে অন্য প্রিয়তর অধুনা সংসারে নাই—কালান্তরেও হইবে না ॥ ৬৯

এবং যিনি আমাদের এই ধর্ম্মযুক্ত সংবাদ পাঠ করিবেন, তাঁহার দ্বারা আমি সর্ব্বযজ্ঞের শ্রেষ্ঠ যজ্ঞ জ্ঞানযজ্ঞের দ্বারা অর্চ্চিত হইব। যদি কেহ গীতার্থ না বুঝিয়াও পাঠ করে, তাহা হইলেও আমি তাহার প্রতি প্রসন্ন হইব। যেমন কেহ কাহাকেও যদৃচ্ছাক্রমে নাম ধরিয়া আহ্বান করিলে সে তাহার নিকট উপস্থিত হয়, তদ্রূপ গীতাপাঠকারী আমাকেই আহ্বান করিতেছে মনে করিয়া তাহার নিকট উপস্থিত হইব ॥ ৭০

শ্রদ্ধাসম্পন্ন ও গুণে দোষাবিষ্কারহীন যে মানব কেবলমাত্র শ্রবণও করিবেন, তিনিও সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া অশ্বমেধ যজ্ঞকারিগণের লোকসমূহ প্রাপ্ত হইবেন ॥ ৭১

কচ্চিদেতচ্ছ্রুতং পার্থ ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয় ॥ ৭২

অর্জ্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥ ৭৩

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।

টীকা — সম্যগ্ বোধামুৎপত্তৌ পুনরুপদেক্ষ্যামীত্যাশয়েনাহ—কচ্চিদিতি। কচ্চিদিতি প্রশ্নার্থঃ। অজ্ঞানসম্মোহস্ত্বাজ্ঞানকৃতো বিপর্য্যয়ঃ। স্পষ্টমন্যৎ ॥ ৭২

টীকা — কৃতার্থঃ সন্নর্জ্জুন উবাচ — নষ্ট ইতি। আত্মবিষয়ো মোহো নষ্টঃ, যতোঽয়মহমস্মীতি স্বরূপানুসন্ধানরূপা স্মৃতিস্ত্বৎপ্রসাদান্ময়া লব্ধা; স্থিতোঽস্মি, যুদ্ধায়োত্থিতোঽস্মি। গতঃ ধর্ম্মবিষয়ঃ সন্দেহো যস্য সোঽহং তবাজ্ঞাং করিষ্যে ইতি ॥ ৭৩

টীকা—তদেবং ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদং প্রস্তুতাং কথামনুসন্দধানঃ সঞ্জয় উবাচ—ইতীতি। রোমহর্ষণং রোমাঞ্চকরং সংবাদমশ্রৌষং শ্রুতবানহম্। স্পষ্টমন্যৎ ॥ ৭৪

আত্মনস্তস্য শ্রবণে সম্ভাবনামাহ—ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদি মহ্যং দত্তম্, অতো ব্যাসস্য প্রসাদাদেতৎ অহং শ্রুতবানস্মি। কিং তদিত্যপেক্ষায়ামাহ—পরং যোগম্। পরত্বমাবিষ্করোতি—যোগেশ্বরাৎ শ্রীকৃষ্ণাৎ স্বয়মেব সাক্ষাৎ কথয়তঃ শ্রুতবানিতি ॥ ৭৫

টীকা—কিঞ্চ— রাজন্নিতি। হৃষ্যামি রোমাঞ্চিতো

সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং রোমহর্ষণম্ ॥ ৭৪
ব্যাসপ্রসাদাচ্ছ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫
রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ ॥ ৭৬
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্ হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥ ৭৭

ভবামি হর্ষং প্রাপ্নোমীতি বা। স্পষ্টমন্যৎ ॥ ৭৬

টীকা—কিঞ্চ—তচ্চেতি। তদিতি বিশ্বরূপং নির্দ্দিশতি। স্পষ্টমন্যৎ ॥ ৭৭

টীকা—অতস্ত্বং পুত্রাণাং রাজ্যাদিশঙ্কাং পরিত্যজেত্যাশয়েনাহ—যত্রেতি। যত্র চ যেষাং পাণ্ডবানাং পক্ষে যোগেশ্বরঃ শ্রীকৃষ্ণো বর্ত্ততে, যত্র চ পার্থো গাণ্ডীবধনুর্ধরস্তত্রৈব চ শ্রীঃ রাজলক্ষ্মীস্তত্রৈব চ বিজয়স্তত্রৈব চ ভূতিরুত্তরোত্তরাভিবৃদ্ধিশ্চ। নীতির্নয়োঽপি তত্রৈব। ধ্রুবা সর্ব্বত্র নিশ্চিতেতি সম্বধ্যতে ইতি মম মতির্নিশ্চয়ঃ। অত ইদানীমপি তাবৎ সপুত্রস্ত্বং শ্রীকৃষ্ণং শরণমুপেত্য পাণ্ডবান্ প্রসাদ্য সর্ব্বস্বঞ্চ তেভ্যো নিবেদ্য পুত্রপ্রাণরক্ষাং কুর্ব্বিতি ভাবঃ। তথাহি—"পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।" "ভক্ত্যা ত্বনন্যয়া শক্যস্ত্বহমেবংবিধোঽর্জ্জুন।" ইত্যাদৌ ভগবদুক্তের্ম্মোক্ষং প্রতি সাধকতমত্বশ্রবণাত্তদেকান্তভক্তিরেব তপঃপ্রসাদোত্থজ্ঞানাবান্তরব্যাপারমাত্রযুক্তা মোক্ষহেতুরিতি স্ফুটং প্রতীয়তে। জ্ঞানস্য চ ভক্ত্যবান্তরব্যাপারত্বমেব যুক্তম্। "তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্। দদামি বুদ্ধিযোগং তং যেন

হে পার্থ! তুমি একাগ্রচিত্তে ইহা শ্রবণ করিয়াছ তো? হে ধনঞ্জয়! তোমার অজ্ঞানকৃত ব্যতিক্রম উত্তমরূপে ধ্বস্ত হইয়াছে ত? ৭২

অর্জ্জুন বলিলেন,—হে অচ্যুত! আমার আত্মবিষয়ক মোহ (অজ্ঞান) নষ্ট হইয়াছে। তোমার প্রসাদে আমি স্বরূপ অনুসন্ধানরূপিণী স্মৃতি লাভ করিয়াছি, আমি যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছি, আমার ধর্ম্মবিষয়ক সংশয় আর নাই, আমি তোমার আজ্ঞা পালন করিব ॥ ৭৩

সঞ্জয় বলিলেন,—আমি ভগবান্ বাসুদেব এবং মহাত্মা অর্জ্জুনের এই রোমাঞ্চকর বিস্ময়জনক এই সংবাদ শ্রবণ করিলাম ॥ ৭৪

আমি ভগবান্ ব্যাসের কৃপায় এই নিরতিশয় গোপনীয় যোগকথনকারী সাক্ষাৎ যোগেশ্বর শ্রীকৃষ্ণের শ্রীমুখ হইতে শুনিলাম ॥ ৭৫

হে রাজন্! কেশব ও অর্জ্জুনের এই বিশুদ্ধ বিস্ময়জনক বৃত্তান্ত পুনঃ পুনঃ উত্তমরূপে স্মরণ করত বারংবার পুলকিত হইতেছি ॥ ৭৬

হে রাজন্! হরির সেই বিস্ময়জনক বিশ্বরূপ স্মরণ করিয়া, স্মরণ করিয়া মহান্ বিস্ময় হইতেছে, আমি বারবার আহ্লাদিত হইতেছি ॥ ৭৭

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্ধরঃ।

তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥ ৭৮

মামুপযান্তি তে ॥" "মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে" ইত্যাদি বচনাৎ, ন তত্ত্বজ্ঞানমেব ভক্তিরিতি যুক্তম্, "সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ ॥" ইত্যাদৌ ভেদদর্শনাৎ। ন চৈবং সতি "তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি শ্রুতিবিরোধঃ শঙ্কনীয়ঃ, ভক্ত্যবান্তরব্যাপারত্বাৎ জ্ঞানস্য। ন হি কাষ্ঠৈঃ পচতীত্যুক্তে জ্বালানামসাধনত্বমুক্তং ভবতি কিঞ্চ, "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥" "দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে" "যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ" ইত্যাদি শ্রুতিস্মৃতিপুরাণবচনান্যেবং সতি সমঞ্জসানি ভবন্তি, তস্মাদ্ভগবদ্ভক্তিরেব মোক্ষহেতুরিতি সিদ্ধম্ ॥ ৭৮

যে পাণ্ডবগণের পক্ষে স্বয়ং যোগেশ্বর শ্রীকৃষ্ণ বর্ত্তমান, যে পক্ষে গাণ্ডীব ধনুর্দ্ধর অর্জুন, সেখানেই রাজ্যলক্ষ্মী ও সেখানেই বিজয় এবং উত্তর উত্তর অভিবৃদ্ধি নীতি ও নিত্যা ইহাই আমার নিশ্চয়।

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে মোক্ষসন্ন্যাসযোগো নামাষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ভীষ্মপর্বণি তু দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীমদ্ভগবদ্গীতা সমাপ্তা

তেনৈব দত্তয়া মত্যা তদ্গীতাবিবৃতিঃ কৃতা।
স এব পরমানন্দস্তয়া প্রীণাতু মাধবঃ ॥
পরমানন্দপাদাব্জরজঃ-শ্রীধারিণাধুনা।
শ্রীধরস্বামিযতিনা কৃতা গীতা-সুবোধিনী ॥
স্বপ্রাগল্ভ্যবলাদ্বিলোড্য ভগবদ্গীতাং তদন্তর্গতং
তত্ত্বং প্রেপ্সুরুপৈতি কিং গুরুকৃপাপীযূষদৃষ্টিং বিনা।
অস্ত্বঞ্জলিনা নিরস্য জলধেরাদিৎসুরন্তর্মণী-
নাবর্ত্তেষু ন কিং নিমজ্জতি জনঃ সৎকর্ণধারং বিনা ॥

ইতি শ্রীশ্রীধরস্বামিযতিকৃতায়াং শ্রীমদ্ভগবদ্গীতাটীকায়াং সুবোধিন্যাং পরমার্থনির্ণয়ো (মোক্ষযোগঃ) নাম অষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ১৮

অধুনা আপনি শ্রীকৃষ্ণের শরণাগত হইয়া পাণ্ডবগণকে প্রসন্ন করত সর্ব্বস্ব তাঁহাদের নিবেদনপূর্ব্বক পুত্রগণের প্রাণরক্ষা করুন ॥ ৭৮

ইতি শ্রীমহাভারতে বেদব্যাসবিরচিত শতসহস্র-সংহিতা মধ্যে ভীষ্মপর্ব্বান্তর্গত শ্রীমদ্ভগবদ্গীতা উপনিষদে
ব্রহ্মবিদ্যাবিষয়ক যোগশাস্ত্রে কৃষ্ণার্জুনসংবাদে মোক্ষসন্ন্যাসযোগ নামক
অষ্টাদশ অধ্যায় ॥
অনন্তশ্রীসমলঙ্কৃত শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেবকৃত
শ্রীমদ্ভগবদ্গীতার অনুবাদ সমাপ্ত।

শ্রীমদ্ভগবদ্গীতা সম্পূর্ণা

(গীতাপাঠের পূর্ব্বে যথাবিহিত সঙ্কল্প, অঙ্গন্যাস, করন্যাস ও ধ্যানান্তে পূজাপূর্ব্বক এই মঙ্গলাচরণ শ্লোকগুলি পাঠ করিতে হয়।)

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

অথ শ্রীমদ্ভগবদ্গীতায়াঃ প্রারম্ভঃ

মঙ্গলাচরণম্।

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
য আদিনাথো ভগবাননাদি-
জ্ঞানাম্বুধিঃ স্বাত্মরতির্মহাত্মা।
শ্রীদেশিকেন্দ্রঃ করুণাম্বুরাশি-
র্নানাস্বরূপৈশ্চরতীহ লোকে॥

শ্রীহয়গ্রীবায় নমঃ

শুক্লাম্বরধরং বিষ্ণুং শশিবর্ণং চতুর্ভুজম।
প্রসন্নবদনং ধ্যায়েৎ সর্ব্ববিঘ্নোপশান্তয়ে॥ ১
বাগীশাদ্যাঃ সুমনসঃ সর্ব্বার্থানামুপক্রমে।
যং নত্বা কৃতকৃত্যাঃ স্যুস্তং নমামি গজাননম্॥ ২
নমো ধর্ম্মায় মহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য ধর্ম্মান্ বক্ষ্যে সনাতনান্॥ ৩
নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥ ৪
ব্যাসং বশিষ্ঠনপ্তারং শক্তেঃ পৌত্রমকল্মষম্।
পরাশরাত্মজং বন্দে শুকতাতং তপোনিধিম্॥ ৫
ব্যাসায় বিষ্ণুরূপায় ব্যাসরূপায় বিষ্ণবে।
নমো বৈ ব্রহ্মবিধয়ে বাশিষ্ঠায় নমো নমঃ॥ ৬
অচতুর্ব্বদনো ব্রহ্মা দ্বিবাহুরপরো হরিঃ।
অভাললোচনঃ শম্ভুর্ভগবান্ বাদরায়ণিঃ॥ ৭

গীতামাহাত্ম্যম্

ধরোবাচ।

ভগবন্ পরমেশান ভক্তিরব্যভিচারিণী।
প্রারব্ধং ভুঞ্জমানস্য কথং ভবতি হে প্রভো॥ ১

শ্রীবিষ্ণুরুবাচ।

প্রারব্ধং ভুঞ্জমানো হি গীতাভ্যাসরতঃ সদা।
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে॥ ২
মহাপাপাতিপাপানি গীতাধ্যানং করোতি চেৎ।
কচিৎ স্পর্শং ন কুর্ব্বন্তি নলিনীদলমম্বুবৎ॥ ৩
গীতায়াঃ পুস্তকং যত্র যত্র পাঠঃ প্রবর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে॥ ৪
সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনঃ পন্নগাশ্চ যে।
গোপালা গোপিকা বাপি নারদোদ্ধবপার্ষদৈঃ॥
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে॥ ৫
যত্র গীতাবিচারশ্চ পঠনং পাঠনং শ্রুতম্।
তত্রাহং নিশ্চিতং পৃথ্বি নিবসামি সদৈব হি॥ ৬

শ্রীশ্রীগীতামাহাত্ম্য

অনুবাদক—শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেব।

শ্রীধরাদেবী বলিলেন—হে ভগবন্ পরমেশ্বর! হে প্রভো! প্রারব্ধ ভোগকারীর অব্যভিচারিণী অনন্যা নিশ্চলা ভক্তি কি প্রকারে হয়? ১

শ্রীভগবান্ বিষ্ণু বলিলেন—হে দেবি! সর্ব্বদা যে মানব গীতাভ্যাসে রত প্রারব্ধ ভোগ করিলেও তিনি মুক্ত, জগতে তিনি সুখী এবং কোন কর্ম্মের দ্বারা লিপ্ত হন না॥ ২

যেমন পদ্মপত্রে জল সংশ্লিষ্ট হয় না, তদ্রূপ যিনি গীতাধ্যান করেন, তাঁহাকে মহাপাপ অতিপাপ সকল কখনও স্পর্শ করিতে পারে না॥৩

যে স্থানে গীতাপুস্তক থাকে, যে স্থলে গীতা পাঠ হয়, সেখানে প্রয়াগ আদি নিখিল তীর্থ বর্ত্তমান থাকে॥ ৪

যে স্থলে গীতা পাঠ অনুষ্ঠিত হয়, তথায় সমস্ত দেবতা ঋষিসমূহ, যোগিগণ, পন্নগ সকল, গোপালবৃন্দ, গোপিকাযূথ, নারদ, উদ্ধব আদি পার্ষদসমূহ সহ সত্বর সহায় হন॥ ৫

হে ধরণি! যেখানে গীতা বিচার, পাঠ, পাঠন, শ্রবণ হয়, আমি নিশ্চিত সততই সে স্থলে নিবাস করি॥ ৬

গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে চোত্তমং গৃহম্।
গীতাজ্ঞানমুপাশ্রিত্য ত্রীল্লোঁকান্ পালয়াম্যহম্ ॥ ৭
গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রাক্ষরা নিত্যা স্বানির্ব্বাচ্যপদাত্মিকা ॥ ৮
চিদানন্দেন কৃষ্ণেন প্রোক্তা স্বমুখতোঽর্জ্জুনম্।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানসংযুতা ॥ ৯
যোঽষ্টাদশ জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং স লভতে ততো যাতি পরং পদম্ ॥ ১০
পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে ততোঽর্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ১১
ত্রিভাগং পঠমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু সোমযাগফলং লভেৎ ॥ ১২
একাধ্যায়ং তু যো নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥ ১৩
অধ্যায়ং শ্লোকপাদং বা নিত্যং যঃ পঠতে নরঃ।
স যাতি নরতাং যাবন্মন্বন্তরং বসুন্ধরে ॥ ১৪
গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
দ্বৌ ত্রীনেকং তদর্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ ॥ ১৫
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং ধ্রুবম্।
গীতাপাঠসমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ ॥ ১৬
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্।
গীতেত্যুচ্চারসংযুক্তো ম্রিয়মাণঃ গতিং লভেৎ ॥ ১৭
গীতার্থশ্রবণাসক্তো মহাপাপযুতোঽপি বা।
বৈকুণ্ঠং সমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে ॥ ১৮
গীতার্থং ধ্যায়তে নিত্যং কৃত্বা কর্ম্মাণি ভূরিশঃ।
জীবন্মুক্তঃ স বিজ্ঞেয়ো দেহান্তে পরমং পদম্ ॥ ১৯
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্ধূতকল্মষা লোকে গীতা যাতা পরং পদম্ ॥ ২০
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথা পাঠো ভবেত্তস্য শ্রম এব হ্যুদাহৃতঃ ॥ ২১

গীতাকে আশ্রয় করিয়া আমি অবস্থান করি, গীতা আমার উত্তম গৃহ, উত্তমরূপে গীতাজ্ঞান আশ্রয় করত আমি ত্রিভুবন পালন করি ॥ ৭

গীতা আমার অর্দ্ধমাত্রা অক্ষরা নিত্যা অনির্ব্বচনীয়া পদাত্মিকা ব্রহ্মরূপা পরমা বিদ্যা, ইহাতে কোন সন্দেহ নাই ॥ ৮

চিদানন্দময় কৃষ্ণ স্বমুখে বেদত্রয়ী ত্রিবেদস্বরূপিণী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানসংযুতা এই গীতা অর্জ্জুনকে বলিয়াছিলেন ॥ ৯

যে মানব আগ্রহচিত্তে অষ্টাদশ অধ্যায় গীতা নিত্য পাঠ করেন তিনি সিদ্ধিলাভ করিয়া থাকেন এবং অনন্তর পরমপদ প্রাপ্ত হন ॥ ১০

সম্পূর্ণ পাঠ করিতে অসমর্থ হইলে অর্দ্ধেক পাঠ করিবেন, তাহাতে গোদান-জনিত পুণ্য লাভ করিবেন—এবিষয়ে কোন সংশয় নাই ॥ ১১

গীতা ত্রিভাগ পাঠ করিলে গঙ্গাস্নানের ফললাভ হয়, ষড়্‌ভাগ পাঠে সোমযাগের ফল লাভ হইয়া থাকে ॥ ১২

যিনি ভক্তি সহকারে নিত্য এক অধ্যায় পাঠ করেন, তিনি দেহান্তে রুদ্রলোক প্রাপ্ত হন এবং রুদ্র-গণ হইয়া চিরকাল তথায় বাস করিয়া থাকেন ॥ ১৩

হে বসুন্ধরে! যে মানব নিত্য গীতার এক অধ্যায় অথবা অধ্যায়ের চতুর্থ অংশ পাঠ করেন, তিনি মন্বন্তরকাল নরজন্ম লাভ করিয়া থাকেন ॥ ১৪

যে মানব গীতার দশটি সাতটি পাঁচটি চারিটি কিম্বা দুইটি তিনটি একটি অধিক কি অর্দ্ধ শ্লোকও পাঠ করেন ॥ ১৫

তিনি নিশ্চিত অযুত বর্ষ কাল চন্দ্রলোক প্রাপ্ত হন। গীতা-পাঠনিরত মৃত মানব নরজন্ম লাভ করিয়া থাকেন ॥ ১৬

পুনঃ পুনঃ গীতা অভ্যাস করত উত্তমা মুক্তি লাভ করেন, মরণ কালে "গীতা" এই মহামন্ত্র উচ্চারণ করিয়া দেহত্যাগ করিলে পরমা গতি প্রাপ্ত হন ॥ ১৭

মহাপাপযুক্ত ব্যক্তিও যদি গীতার্থ শ্রবণে আসক্ত হন, তাহা হইলে বৈকুণ্ঠে গমন করত বিষ্ণুর সহিত আনন্দে অবস্থান করেন ॥ ১৮

বহুকর্ম্মানুষ্ঠান করিয়াও যিনি নিত্য গীতার অর্থ চিন্তা করেন তাঁহাকে জীবন্মুক্ত বলিয়া জানিবে, দেহান্তে তিনি পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৯

সংসারে জনক প্রভৃতি বহু নরপতি গীতাকে আশ্রয় করিয়া বিগতপাপ বলিয়া কথিত হইয়া অন্তে পরমপদ লাভ করিয়াছেন ॥ ২০

যিনি গীতা পাঠ করত মাহাত্ম্য পাঠ করেন না, তাঁহার পাঠ বৃথা শ্রমমাত্র বলিয়া কথিত হয় ॥ ২১

এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাভ্যাসং করোতি যঃ।
স তৎফলমবাপ্নোতি দুর্লভাং গতিমাপ্নুয়াৎ ॥ ২২

যিনি এই মাহাত্ম্যসহ গীতা অভ্যাস করেন, তিনি যথোক্ত ফল লাভ করেন এবং অন্তে দুর্লভ গতি প্রাপ্ত হন ॥ ২২

আমি গীতার এই সনাতন মাহাত্ম্য বলিলাম ; যিনি গীতা

সূত উবাচ।
মাহাত্ম্যমেতদ্ গীতায়া ময়া প্রোক্তং সনাতনম্।
গীতান্তে চ পঠেদ্ যস্তু যদুক্তং তৎ ফলং লভেৎ ॥ ২৩
ইতি শ্রীশ্রীগীতামাহাত্ম্যং সমাপ্তম্ ॥

পাঠের পর ইহা পাঠ করেন, তিনি কথিত ফল লাভ করিয়া থাকেন ॥ ২৩

অনন্তশ্রীবিভূষিত শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেবকৃত শ্রীগীতামাহাত্ম্যের অনুবাদ সমাপ্ত ॥

অথ দ্বিতীয়মাহাত্ম্যম্।

গীতাশাস্ত্রমিদং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ পুমান্।
বিষ্ণোঃ পদমবাপ্নোতি ভয়শোকাদিবর্জ্জিতঃ ॥ ১
গীতাধ্যয়নশীলস্য প্রাণায়ামপরস্য চ।
নৈব সন্তি হি পাপানি পূর্ব্বজন্মকৃতানি চ ॥ ২
মলনির্মোচনং পুংসাং জলস্নানং দিনে দিনে।
সকৃদ্ গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনম্ ॥ ৩
গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ।
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্ বিনিঃসৃতা ॥ ৪

অথ দ্বিতীয় মাহাত্ম্য

অনুবাদক—অনন্তশ্রীবিভূষিত শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেব।

যে সংযত পুরুষ এই পবিত্র গীতাশাস্ত্র পাঠ করেন, তিনি ভয়শোকাদিবিহীন বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১

গীতাধ্যায়নশীল ও প্রাণায়ামপরায়ণ ব্যক্তির পূর্ব্বজন্মকৃত পাপ থাকিতে পারে না ॥ ২

পুরুষের প্রতিদিন জলের দ্বারা স্নানে গাত্রমল দূরীভূত হয় একবার মাত্র গীতারূপ পরম পাবনবারিতে স্নান করিলে সংসার-মল নাশ হইয়া থাকে ॥ ৩

ভারতামৃতসর্ব্বস্বং বিষ্ণোর্বক্ত্রাদ্ বিনিঃসৃতম্।
গীতাগঙ্গোদকং পীত্বা পুনর্জন্ম ন বিদ্যতে ॥ ৫
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৬
একং শাস্ত্রং দেবকীপুত্রগীত-
মেকো দেবো দেবকীপুত্র এব।
একো মন্ত্রস্তস্য নামানি যানি
কর্ম্মাপ্যেকং তস্য দেবস্য সেবা ॥ ৭

যে গীতা স্বয়ং পদ্মনাভ বাসুদেবের মুখপদ্ম হইতে বিনিঃসৃত হইয়াছে, তাহাই উত্তমরূপে অভ্যাস করা কর্ত্তব্য, অন্য বিস্তর শাস্ত্রে কি প্রয়োজন ॥ ৪

মহাভারতরূপ অমৃতের সর্ব্বস্ব বিষ্ণুর শ্রীমুখ হইতে বিনির্গত গীতা-গঙ্গাজল পান করিলে পুনর্জন্ম হয় না ॥ ৫

নিখিল উপনিষদ্ গাভী, দোহনকর্ত্তা নন্দনন্দন কৃষ্ণ, অর্জুন বৎস, দুগ্ধ মহৎ গীতামৃত, সুধীগণ ইহার ভোক্তা ॥ ৬

দেবকীপুত্র-কথিত গীতাই একমাত্র শাস্ত্র, একমাত্র দেবতা দেবকীপুত্র, একমাত্র মন্ত্র হইল তাঁহার নাম—তাঁহার সেবাই একমাত্র কর্ম ॥ ৭

অনন্তশ্রীবিভূষিত শ্রীশ্রীঠাকুরশ্রীমৎসীতারামদাস ওঙ্কারনাথদেবকৃত শ্রীগীতামাহাত্ম্যের অনুবাদ সমাপ্ত।

অথ তৃতীয়মাহাত্ম্যম্।

ঋষিরুবাচ।

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং যথাবৎ সূত! মে বদ।
পুরা নারায়ণ-ক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতম্॥ ১

সূত উবাচ।

ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরম্।
শক্যতে কেন তদ্বক্তুং গীতামাহাত্ম্যমুত্তমম্॥ ২
কৃষ্ণো জানাতি বৈ সম্যক্ কিঞ্চিৎ কুন্তীসুতঃ ফলম্।
ব্যাসো বা ব্যাসপুত্রো বা যাজ্ঞবল্ক্যোঽথ মৈথিলঃ॥ ৩
অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সংকীর্ত্তয়ন্তি চ।
তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্যাস্যান্ময়া শ্রুতম্॥ ৪
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥ ৫
সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ॥ ৬
সংসারসাগরং ঘোরং তর্ত্তুমিচ্ছতি যো নরঃ।
গীতানাবং সমাসাদ্য পারং যাতি সুখেন সঃ॥ ৭
গীতাজ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাসযোগতঃ।
মোক্ষমিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালকহাস্যতাম্।
যে শৃণ্বন্তি পঠন্ত্যেব গীতাশাস্ত্রমহর্নিশম্।
ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ॥ ৯
গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণঃ প্রাহার্জ্জুনায় বৈ
ভক্তিতত্ত্বং পরং তত্র সগুণং বাথ নির্গুণম্॥ ১০
সোপানাষ্টাদশৈরেবং ভুক্তিমুক্তিসমুচ্ছ্রিতৈঃ।
ক্রমশশ্চিত্তশুদ্ধিঃ স্যাৎ প্রেমভক্ত্যাদিকর্ম্মসু॥ ১১
সাধোর্গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনম্।
শ্রদ্ধাহীনস্য তৎ কার্য্যং হস্তিস্নানং বৃথৈব তৎ॥ ১২
গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনম্।
স এব মানুষে লোকে মোঘকর্ম্মকরো ভবেৎ॥ ১৩
তস্মাদ্ গীতাং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ তস্য মানুষং দেহং বিজ্ঞানং কুলশীলতাম্॥ ১৪

অথ তৃতীয়মাহাত্ম্য।

অনুবাদক—শ্রীশ্রীওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থ।

ঋষি বলিলেন,—হে সূত! পূর্ব্বকালে নারায়ণক্ষেত্রে মহর্ষি ব্যাস-কথিত গীতার মাহাত্ম্য আমার নিকট কীর্ত্তন করুন॥ ১

সূত কহিলেন,—ভগবন্! আপনি উত্তম বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। যাহা পরম গোপনীয়সমূহের মধ্যেও গোপনীয়, সেই উত্তম গীতামাহাত্ম্য কোন ব্যক্তি বর্ণনা করিতে পারেন? ২

একমাত্র ভগবান্ শ্রীকৃষ্ণ ইহা সম্যক্ অবগত আছেন; কুন্তী-নন্দন অর্জুন ইহার কিঞ্চিৎ ফল জানেন এবং ব্যাস, ব্যাসপুত্র শুকদেব, যাজ্ঞবল্ক্য ও মিথিলাধিপতি জনক কিছু কিছু অবগত আছেন॥ ৩

অন্যান্য ব্যক্তিগণ পরস্পরের মুখে শ্রবণ করিয়া ইহার লেশমাত্র কীর্ত্তন করেন। অতএব আমি ব্যাসদেবের মুখে যেরূপ শুনিয়াছি, তাহার কিঞ্চিৎ কীর্ত্তন করিতেছি॥ ৪

সমস্ত উপনিষদ্ ধেনুস্বরূপ; নন্দনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ দোহন-কর্ত্তা, কুন্তীপুত্র অর্জুন বৎস, জ্ঞানী ভোক্তা এবং এই গীতারূপ অমৃত উত্তম দুগ্ধ॥ ৫

যিনি অর্জুনের সারথ্যকার্য্যে ব্রতী হইয়া লোকত্রয়ের উপকারার্থ গীতারূপ অমৃত দান করিয়াছিলেন, সেই ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রণাম করি॥ ৬

যে মানব ঘোর সংসারসাগর উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, তিনি গীতারূপ নৌকা লাভ করিয়া অনায়াসে উহা পার হইতে সমর্থ হন॥ ৭

যে মূঢ়ব্যক্তি সর্ব্বদা অভ্যাসযোগের দ্বারা গীতাজ্ঞান শ্রবণ করে নাই, অথচ মোক্ষপ্রাপ্তির ইচ্ছা করে, সে বালকের উপ-হাসাস্পদ হয়॥ ৮

যাঁহারা দিবারাত্র গীতাশাস্ত্র শ্রবণ বা পাঠ করেন, তাঁহারা মনুষ্য নহেন; দেবতুল্য—ইহাতে কোনও সংশয় নাই॥ ৯

শ্রীকৃষ্ণ গীতাজ্ঞান দ্বারাই সগুণ ও নির্গুণ ব্রহ্মসম্বন্ধীয় পরম ভক্তিতত্ত্ব অর্জুনের বোধোৎপাদনের জন্য তাঁহার নিকট কীর্ত্তন করিয়াছিলেন॥ ১০

ভুক্তিমুক্তিসম্বলিত অষ্টাদশ অধ্যায়রূপ সোপান(সিঁড়ি)-বিশিষ্ট এই গীতা দ্বারা ক্রমে প্রেমভক্ত্যাদি সকল কার্য্যে চিত্তশুদ্ধি জন্মে॥ ১১

এই গীতারূপ সলিলে স্নান করিলে সাধুজনের সংসারমল নাশ হয়; কিন্তু শ্রদ্ধাবিহীন মানবের পক্ষে এই স্নানকার্য্য হস্তিস্নানের ন্যায় বৃথায় পর্য্যবসিত হয়॥ ১২

যে ব্যক্তি গীতাশাস্ত্রের পাঠ, অধ্যয়ন ও অধ্যাপনা অবগত নহে, মনুষ্যলোকে তাদৃশ ব্যক্তি বৃথা কর্ম্মকারী অর্থাৎ তাহার সকল কর্ম্মই বিফল হইয়া থাকে॥ ১৩

অতএব যে ব্যক্তি গীতা শাস্ত্র অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই। তাহার মানুষদেহে ধিক্, তাহার শাস্ত্রপাঠজনিত বিজ্ঞানে এবং কুলশীলতাতেও ধিক্॥ ১৪

গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ শরীরং শুভং শীলং বিভবস্তদ্গৃহাশ্রমম্ ॥ ১৫
গীতাশাস্ত্রং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ প্রারব্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং দানং মহত্তমম্ ॥ ১৬
গীতাশাস্ত্রে মতির্নাস্তি সর্ব্বং তন্নিষ্ফলং জগুঃ।
ধিক্ তস্য জ্ঞানদাতারং ব্রতং নিষ্ঠাং তপো যশঃ ॥ ১৭
গীতার্থপঠনং নাস্তি নাধমস্তৎপরো জনঃ।
গীতাগীতং ন যজ্জ্ঞানং তদ্বিদ্ধ্যাসুরসম্মতম্।
তন্মোঘং ধর্ম্মরহিতং বেদবেদান্তগর্হিতম্ ॥ ১৮
তস্মাদ্ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞানপ্রযোজিকা।
সর্ব্বশাস্ত্রসারভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে ॥ ১৯
যোঽধীতে বিষ্ণুপর্ব্বাহে গীতাং শ্রীহরিবাসরে।
স্বপন্ জাগ্রৎ চলন্ তিষ্ঠন্ শত্রুভির্ন স হীয়তে ॥ ২০
শালগ্রাম-শিলায়াং বা দেবাগারে শিবালয়ে।
তীর্থে নদ্যাং পঠেদ্গীতাং সৌভাগ্যং লভতে ধ্রুবম্ ॥ ২১
দেবকীনন্দনঃ কৃষ্ণো গীতাপাঠেন তুষ্যতি।
যথা ন বেদৈর্দানেন যজ্ঞতীর্থব্রতাদিভিঃ ॥ ২২
গীতাধীতা চ যেনাপি ভক্তিভাবেন চেতসা।
বেদশাস্ত্রপুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ ॥ ২৩
যোগস্থানে সিদ্ধপীঠে শিলাগ্রে সৎসভাসু চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্ত্যাগ্রে পঠন্ সিদ্ধিং পরাং লভেৎ ॥ ২৪
গীতাপাঠঞ্চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাদ্যাঃ কৃতাস্তেন সদক্ষিণাঃ ॥ ২৫
যঃ শৃণোতি চ গীতার্থং কীর্ত্তয়ত্যেব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রযাতি পরং পদম্ ॥ ২৬
গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোঽর্পয়ত্যেব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন তস্য ভার্য্যা প্রিয়া ভবেৎ ॥ ২৭
যশঃ সৌভাগ্যমারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং সুখমশ্নুতে ॥ ২৮
অভিচারোদ্ভবং দুঃখং বর-শাপাগতঞ্চ যৎ।
নোপসর্পতি তত্রৈব যত্র গীতার্চ্চনং গৃহে ॥ ২৯

যে ব্যক্তি গীতার অর্থ অবগত নহে, তাহার অপেক্ষা অধম আর নাই, তাহার মনোহর দেহে ধিক্, তাহার উৎকৃষ্ট চরিত্রে ধিক্, তাহার উত্তম বিভবে ধিক্ এবং তাহার সুখময় গৃহাশ্রমেও ধিক্ ॥ ১৫

যে ব্যক্তি গীতাশাস্ত্র অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই, তাহার প্রারব্ধে ধিক্, প্রতিষ্ঠায় ধিক্, পূজায় ধিক্, দানে ধিক্ ও মহত্ত্বে ধিক্ ॥ ১৬

গীতাশাস্ত্রে যাহার মতি নাই, তাহার সমস্তই নিষ্ফল বলিয়া কীর্ত্তিত হয়; তাহার জ্ঞানদাতাকে ধিক্, তাহার ব্রত, নিষ্ঠা ও তপস্যায় ধিক্, তাহার যশেও ধিক্ ॥ ১৭

যে ব্যক্তি গীতার অর্থসহ পাঠ না জানে, তদপেক্ষা অধম আর নাই। যে জ্ঞান গীতায় উক্ত হয় নাই, তাহা আসুর জ্ঞান বলিয়া জানিবে; তাহা বিফল ধর্ম্মহীন এবং বেদবেদান্তে নিন্দিত ॥ ১৮

অতএব ধর্ম্মময়ী গীতা সকল জ্ঞানেরই কারণস্বরূপা, ইহা সর্ব্ব-শাস্ত্রের সারভূতা ও বিশুদ্ধা বলিয়া প্রশংসিতা ॥ ১৯

যিনি বিষ্ণুপর্ব্বদিনে ও শ্রীহরিবাসরে গীতা অধ্যয়ন করেন, নিদ্রাবস্থায়, জাগরিতাবস্থায়, গমনকালে বা অবস্থান কালে তিনি শত্রুকর্ত্তৃক পরাভূত হন না ॥ ২০

যিনি শালগ্রামশিলা-সমীপে, দেবালয়ে, শিবমন্দিরে, তীর্থে ও নদীতীরে গীতা পাঠ করেন, তিনি নিশ্চয়ই সৌভাগ্যলাভ করেন ॥ ২১

দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ গীতাপাঠে যেরূপ সন্তোষ লাভ করেন, বেদপাঠ, দান, যজ্ঞানুষ্ঠান, তীর্থপর্য্যটন ও ব্রত প্রভৃতি দ্বারা সেরূপ সন্তুষ্ট হন না ॥ ২২

যে ব্যক্তি ভক্তিযুক্ত মনে গীতা অধ্যয়ন করেন, তৎকর্ত্তৃক সমুদয় বেদ, নিখিলশাস্ত্র ও পুরাণ—এ সমস্তই সর্ব্বপ্রকারে অধীত হয় ॥ ২৩

যোগস্থানে, সিদ্ধপীঠে, শালগ্রামশিলার সম্মুখে, সজ্জনগণের সভায়, যজ্ঞে এবং বিষ্ণুভক্তসমীপে গীতা পাঠ করিলে পরম সিদ্ধিলাভ হয় ॥ ২৪

যিনি প্রত্যহ গীতা পাঠ বা শ্রবণ করেন, তৎকর্ত্তৃক দক্ষিণাসহ অশ্বমেধ প্রভৃতি সমস্ত যজ্ঞ সম্পাদিত হইয়া থাকে ॥ ২৫

যিনি গীতার অর্থ শ্রবণ অথবা কীর্ত্তন করেন, কিংবা অন্য ব্যক্তিকে শ্রবণ করান, তাঁহার পরমপদ প্রাপ্তি হইয়া থাকে ॥ ২৬

যিনি আদরসহকারে যথাবিধি ভক্তিভাবে কাহাকেও বিশুদ্ধ গীতাপুস্তক দান করেন, তাঁহার পত্নী প্রিয়তমা হয় ॥ ২৭

তিনি যশ, সৌভাগ্য ও আরোগ্য লাভ করেন, ইহাতে সন্দেহ নাই এবং পত্নীর প্রিয়তমা হইয়া পরম সুখ লাভ করেন ॥ ২৮

যে গৃহে প্রতিনিয়ত গীতার অর্চ্চনা হয়, তথায় অভিচারজাত দুঃখ অথবা কঠোর শাপজাত ক্লেশ উপস্থিত হয় না ॥ ২৯

তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎ ক্বচিৎ।
ন শাপো নৈব পাপঞ্চ দুর্গতির্নরকং ন চ ॥ ৩০
বিস্ফোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণপদে দাস্যং ভক্তিঞ্চাব্যভিচারিণীম্ ॥ ৩১
জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ।
প্রারব্ধং ভুঞ্জতে বাপি গীতাভ্যাসরতস্য চ ॥ ৩২
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে।
মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্য নলিনীদলমম্ভসা ॥ ৩৩
অনাচারোদ্ভবং পাপমবাচ্যাদিকৃতঞ্চ যৎ।
অভক্ষ্যভক্ষজং দোষমস্পৃশ্যস্পর্শজং তথা ॥ ৩৪
জ্ঞানাজ্ঞানকৃতং নিত্যমিন্দ্রিয়ৈর্জনিতঞ্চ যৎ।
তৎ সর্ব্বং নাশমায়াতি গীতাপাঠেন তৎক্ষণাৎ ॥ ৩৫
সর্ব্বত্র প্রতিভোক্তা চ প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ।
গীতাপাঠং প্রকুর্ব্বাণো ন লিপ্যেত কদাচন ॥ ৩৬
রত্নপূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যাবিধানতঃ।
গীতাপাঠেন চৈকেন শুদ্ধস্ফটিকবৎ সদা ॥ ৩৭
যস্যান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ ॥ ৩৮
দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকো যাজী সর্ব্ববেদার্থদর্শকঃ ॥ ৩৯
গীতায়াঃ পুস্তকং যত্র নিত্যপাঠশ্চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে ॥ ৪০
নিবসন্তি সদা দেহে দেহশেষেঽপি সর্ব্বদা।
সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনো দেহরক্ষকাঃ ॥ ৪১
গোপালো বালকৃষ্ণোঽপি নারদ-ধ্রুবপার্ষদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥ ৪২
যত্র গীতা-বিচারশ্চ পঠনং পাঠনং তথা।
মোদতে তত্র শ্রীকৃষ্ণো ভগবান্ রাধয়া সহ ॥ ৪৩

শ্রীভগবানুবাচ।

গীতা মে হৃদয়ং পার্থ! গীতা মে সারমুত্তমম্।
গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্ ॥ ৪৪

তথায় আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিবিধ তাপজাত পীড়া হয় না; শাপ, পাপ, দুর্গতি বা নরকের সম্ভাবনা থাকে না ॥ ৩০

সেই গৃহে বিস্ফোটকাদি কাহারও দেহে পীড়া উৎপাদন করিতে পারে না; সেই গৃহস্থিত জনগণ কৃষ্ণপদে দাসত্ব ও অব্যভিচারিণী ভক্তি লাভ করেন ॥ ৩১

যে ব্যক্তি গীতাভ্যাসে রত থাকেন, তিনি প্রারব্ধবশে সুখ দুঃখ ভোগ করিলেও সর্ব্বজীবগণের সহিত তাঁহার বন্ধুত্ব স্থাপিত হয় ॥ ৩২

গীতাধ্যয়নকারী ব্যক্তি সতত মুক্ত ও সুখী; তিনি মহাপাতক বা অতিপাতক করিলেও যেমন পদ্মপত্রে জল লিপ্ত হয় না, সেইরূপ তিনিও সকাম বা নিষ্কাম কোন কর্ম্মেই লিপ্ত হন না ॥ ৩৩

অনাচার-জনিত, অবাচ্যবাক্য-প্রয়োগজাত, অভক্ষ্য-ভক্ষণজাত অস্পৃশ্য-স্পর্শজনিত, জ্ঞানাজ্ঞানকৃত এবং প্রাত্যহিক ইন্দ্রিয়সম্ভোগজ সর্ব্ববিধ পাপই গীতাপাঠে তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ৩৪-৩৫

সর্ব্বত্র ভোজনকারী এবং সর্ব্ববিধ দানগ্রহণকারী গীতা পাঠ করিলে, কদাপি পাপে লিপ্ত হয় না ॥ ৩৬

অবিধিপূর্ব্বক রত্ন-পূর্ণা সমগ্র পৃথিবী প্রতিগ্রহ করিয়াও যে ব্যক্তি একবারমাত্র গীতা পাঠ করেন, তিনি বিশুদ্ধ স্ফটিকবৎ নিষ্কলঙ্ক হইয়া যান ॥ ৩৭

যাঁহার চিত্ত প্রত্যহ নিয়ত গীতায় নিরত থাকে, এই ভূতলে তিনিই সাগ্নিক, তিনিই ক্রিয়াশীল ও তিনিই পণ্ডিত ॥ ৩৮

তিনি দর্শনীয়, তিনি ধনবান্, তিনি যোগী, তিনি জ্ঞানবান্, তিনিই যাজ্ঞিক, তিনিই যাজী এবং তিনিই সমুদয় বেদার্থ-পারদর্শী ॥ ৩৯

যে স্থানে প্রত্যহ গীতা পুস্তক থাকে এবং অধীত হয়, ভূতলে সেই স্থানেই প্রয়াগাদি সকল তীর্থই সর্ব্বদা বিরাজিত থাকেন ॥ ৪০

গীতাপাঠকের দেহে এবং এমন কি দেহশেষেও সর্ব্ব দেবতা এবং যোগিগণ দেহরক্ষকরূপে বাস করেন ॥ ৪১

যে স্থানে গীতাপাঠ হয়, তথায় বালকৃষ্ণবেশী শ্রীগোপাল, তৎক্ষণাৎ নারদাদি (অথবা নারদ ও ধ্রুব প্রভৃতি) নিত্য-পার্ষদগণের সহিত সহায়করূপে উপস্থিত হন ॥ ৪২

যেখানে গীতার বিচার, অধ্যয়ন ও অধ্যাপনা হয়, তথায় শ্রীরাধিকার সহিত ভগবান্ শ্রীকৃষ্ণ নিরতিশয় আনন্দ লাভ করেন ॥ ৪৩

শ্রীভগবান্ বলিলেন,—হে পার্থ! গীতাই আমার হৃদয়, গীতাই আমার উত্তম সার-স্বরূপ, গীতাই আমার অত্যুগ্র জ্ঞান এবং গীতাই আমার অক্ষয় জ্ঞান ॥ ৪৪

গীতা মে চোত্তমং স্থানং গীতা মে পরমং পদম্।
গীতা মে পরমং গুহ্যং গীতা মে পরমো গুরুঃ ॥ ৪৫
গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে পরমং গৃহম্।
গীতাজ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকীং পালয়াম্যহম্ ॥ ৪৬
গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রাক্ষরা নিত্যমনির্ব্বাচ্যপদাত্মিকা ॥ ৪৭
গীতানামানি বক্ষ্যামি গুহ্যানি শৃণু পাণ্ডব।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি বিলয়ং যান্তি তৎক্ষণাৎ ॥ ৪৮
গঙ্গা গীতা চ সাবিত্রী সীতা সত্যা পতিব্রতা।
ব্রহ্মাবলির্ব্রহ্মবিদ্যা ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী ॥ ৪৯
অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবঘ্নী ভ্রান্তিনাশিনী।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী ॥ ৫০
ইত্যেতানি জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথান্তে পরমং পদম্ ॥ ৫১
পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে তদর্দ্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ৫২
ত্রিভাগং পঠমানস্তু সোমযাগফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ ॥ ৫৩
তথাধ্যায়দ্বয়ং নিত্যং পঠমানো নিরন্তরম্।
ইন্দ্রলোকমবাপ্নোতি কল্পমেকং বসেদ্ধ্রুবম্ ॥ ৫৪
একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥ ৫৫
অধ্যায়ার্দ্ধঞ্চ পাদং বা নিত্যং যঃ পঠতে জনঃ।
প্রাপ্নোতি রবিলোকং স মন্বন্তরসমাঃ শতম্ ॥ ৫৬
গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
ত্রি-দ্ব্যেকমর্দ্ধমথবা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ।
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং তথা ॥ ৫৭
গীতার্দ্ধমেকপাদঞ্চ শ্লোকমধ্যায়মেব চ।
স্মরংস্ত্যক্ত্বা জনো দেহং প্রয়াতি পরমং পদম্ ॥ ৫৮

গীতা আমার উত্তম স্থান, গীতা আমার পরম পদ, গীতা আমার পরম গুহ্য বস্তু এবং এমন কি গীতাই আমার পরম গুরু ॥ ৪৫

আমি গীতার আশ্রয়েই অবস্থান করি ; গীতা আমার পরম গৃহ এবং এই গীতাজ্ঞান আশ্রয় করিয়াই আমি ত্রিভুবন পালন করিয়া থাকি ॥ ৪৬

গীতাই আমার সর্ব্বোত্তমা ব্রহ্মরূপা বিদ্যা,—ইহাতে কোনও সন্দেহ নাই ; উহা পরম অনির্ব্বাচ্য-পদাত্মিকা (বাক্যের অগোচর) অর্দ্ধমাত্রাস্বরূপা ॥ ৪৭

হে পাণ্ডুনন্দন অর্জুন! গীতার গুহ্য নামসকল কীর্ত্তন করিতেছি, তুমি শ্রবণ কর। এই নামসমূহের কীর্ত্তনে তৎক্ষণাৎ সকল পাপ বিনাশ প্রাপ্ত হয় ॥ ৪৮

গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্যা, পতিব্রতা, ব্রহ্মাবলি, ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা, মুক্তগেহিনী, অর্দ্ধমাত্রা, চিদানন্দা, ভবঘ্নী, ভ্রান্তিনাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী—যিনি একাগ্রচিত্তে প্রত্যহ এই সকল নাম জপ করেন, তিনি জ্ঞানসিদ্ধি লাভ করেন এবং অন্তে পরমপদ প্রাপ্ত হন ॥ ৪৯-৫১

প্রত্যহ সম্পূর্ণ পাঠে অসমর্থ ব্যক্তি গীতার অর্দ্ধেক অংশ পাঠ করিবেন। তাহাতে তিনি নিঃসন্দেহে গোদানজ পুণ্য লাভ করিবেন ॥ ৫২

যিনি তিন ভাগের এক ভাগ পাঠ করেন, তিনি সোমযাগের ফল এবং ছয় ভাগের এক ভাগ পাঠ করিলে গঙ্গাস্নানের ফল লাভ করেন ॥ ৫৩

যিনি সাবধানতার সহিত শুদ্ধভাবে প্রত্যহ ইহার দুইটিমাত্র অধ্যায় পাঠ করেন, তিনি নিশ্চয়ই ইন্দ্রলোক লাভ করেন এবং সেখানে এককল্পকাল বাস করেন ॥ ৫৪

যিনি ভক্তিযুক্ত হইয়া প্রত্যহ একটিমাত্র অধ্যায় পাঠ করেন, তিনি রুদ্রলোকে গমন করেন এবং ভগবান্ শঙ্করের গণমধ্যে পরিগণিত হইয়া বহুকাল তথায় বাস করেন ॥ ৫৫

যে ব্যক্তি প্রত্যহ ইহার অর্দ্ধ অধ্যায় বা অধ্যায়ের চারি ভাগের এক ভাগ পাঠ করেন, তিনি সূর্য্যলোক প্রাপ্ত হন এবং শত মন্বন্তর কাল তথায় অবস্থান করেন ॥ ৫৬

যিনি প্রত্যহ গীতার দশটি, সাতটি, পাঁচটি, তিনটি, দুইটি, একটি বা অর্দ্ধ শ্লোকমাত্র একাগ্রচিত্তে পাঠ করেন, তিনি চন্দ্রলোক প্রাপ্ত হন এবং অযুত বর্ষকাল তথায় বাস করিয়া থাকেন ॥ ৫৭

যে ব্যক্তি গীতার অর্দ্ধ, একপাদ, একটি শ্লোক বা একটি অধ্যায় স্মরণ করিতে করিতে দেহ ত্যাগ করেন, তিনি পরমপদ প্রাপ্ত হন ॥ ৫৮

গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্তকালতঃ।
মহাপাতকযুক্তোঽপি মুক্তিভাগী ভবেজ্জনঃ॥ ৫৯
গীতাপুস্তক-সংযুক্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা প্রয়াতি যঃ।
স বৈকুণ্ঠমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে॥ ৬০
গীতাধ্যায়সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ।
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্॥ ৬১
গীতেত্যুচ্চার-সংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ॥ ৬২
যদ্‌যৎ কর্ম্ম চ সর্ব্বত্র গীতাপাঠপ্রকীর্ত্তিমৎ।
তত্তৎ কর্ম্ম চ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ॥ ৬৩
পিতৄনুদ্দিশ্য যঃ শ্রাদ্ধে গীতাপাঠং করোতি হি।
সন্তুষ্টাঃ পিতরস্তস্য নিরয়াদ্ যান্তি স্বর্গতিম্॥ ৬৪
গীতাপাঠেন সন্তুষ্টাঃ পিতরঃ শ্রাদ্ধতর্পিতাঃ।
পিতৃলোকং প্রয়ান্ত্যেব পুত্রাশীর্ব্বাদতৎপরাঃ॥ ৬৫
গীতাপুস্তকদানঞ্চ ধেনুপুচ্ছসমন্বিতম্।
কৃত্বা চ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ॥ ৬৬
পুস্তকং হেমসংযুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ।
দত্ত্বা বিপ্রায় বিদুষে জায়তে ন পুনর্ভবম্॥ ৬৭
শতপুস্তকদানঞ্চ গীতায়াঃ প্রকরোতি যঃ।
স যাতি ব্রহ্মসদনং পুনরাবৃত্তিদুর্লভম্॥ ৬৮
গীতাদানপ্রভাবেণ সপ্তকল্পমিতাঃ সমাঃ।
বিষ্ণুলোকমবাপ্যান্তে বিষ্ণুনা সহ মোদতে॥ ৬৯
সম্যক্ শ্রুত্বা চ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ।
তস্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্॥ ৭০
দেহং মানুষমাশ্রিত্য চাতুর্ব্বর্ণেষু ভারত।
ন শৃণোতি ন পঠতি গীতামমৃতরূপিণীম্।
হস্তাত্ত্যক্ত্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্নুতে॥ ৭১
জনঃ সংসারদুঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ।
পীত্বা গীতামৃতং লোকে লব্ধ্বা ভক্তিং সুখী ভবেৎ॥ ৭২
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নিধূতকল্মষা লোকে গতাস্তে পরমং পদম্॥ ৭৩
গীতাসু ন বিশেষোঽস্তি জনেষূচ্চাবচেষু চ।
জ্ঞানেম্বেব সমগ্রেষু সমা ব্রহ্মস্বরূপিণী॥ ৭৪

যে ব্যক্তি অন্তকালে গীতার অর্থ, পাঠ বা শ্রবণ করেন, মহাপাতকী হইলেও তিনি মুক্তিভাগী হন॥ ৫৯

যে ব্যক্তি গীতাগ্রন্থসংযুক্ত হইয়া প্রাণত্যাগ করেন, তিনি বৈকুণ্ঠে গমন করেন এবং বিষ্ণুর সহিত আনন্দে বাস করেন॥ ৬০

গীতার একটি অধ্যায় সংযুক্ত হইয়া মরিলে মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়া পুনরায় গীতাভ্যাস পূর্ব্বক মুক্তি লাভ করেন॥ ৬১

"গীতা" এই শব্দ উচ্চারণ পূর্ব্বক যে ব্যক্তি দেহত্যাগ করেন, তাঁহার পরমা গতি লাভ হয়॥ ৬২

সর্ব্বত্র গীতা পাঠ করিয়া যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, তৎসমস্ত নির্দ্দোষ ও পূর্ণতা প্রাপ্ত হয়॥ ৬৩

যে ব্যক্তি শ্রাদ্ধকালে পিতৃগণের উদ্দেশে গীতা পাঠ করেন, তাঁহার পিতৃগণ সন্তুষ্ট হইয়া নরক হইতে স্বর্গে গমন করেন॥ ৬৪

শ্রাদ্ধে গীতাপাঠ দ্বারা তৃপ্তিপ্রাপ্ত ও সন্তুষ্ট হইয়া পিতৃগণ পুত্রকে আশীর্ব্বাদ করিতে করিতে স্বর্গলোকে গমন করেন॥ ৬৫

ধেনুপুচ্ছ (চামর) সমন্বিত গীতাপুস্তক দান করিলে, সেই দিনেই মানব সম্যক্ কৃতার্থ হন॥ ৬৬

যিনি স্বর্ণসংযুক্ত গীতাপুস্তক বিদ্বান্ ব্রাহ্মণকে প্রদান করেন, তাঁহাকে আর পুনর্ব্বার ভূলোকে জন্মগ্রহণ করিতে হয় না॥ ৬৭

যে ব্যক্তি একশত গীতাগ্রন্থ দান করেন, তাঁহার ব্রহ্মধামে গতি হয় এবং আর মর্ত্ত্যলোকে জন্মগ্রহণ করিতে হয় না॥ ৬৮

গীতাদানের প্রভাবে বিষ্ণুলোকে সপ্তকল্প পরিমিতকাল অবস্থান পূর্ব্বক বিষ্ণুর সহিত বাস করিয়া আনন্দ লাভ করা যায়॥ ৬৯

গীতার্থ সম্যক্ শ্রবণ পূর্ব্বক যে ব্যক্তি ঐ গ্রন্থ দান করেন, ভগবান্ তাঁহার প্রতি প্রসন্ন হইয়া তাঁহার মনোবাসনা পূর্ণ করেন॥ ৭০

চতুর্বর্ণমধ্যে শাস্ত্রপাঠোপযোগী মানুষ দেহ ধারণ করিয়া যে ব্যক্তি অমৃতরূপিণী গীতা শ্রবণ বা পাঠ না করে, সে হস্তপ্রাপ্ত অমৃত ত্যাগ করিয়া বিষ ভক্ষণ করে॥ ৭১

সংসার-দুঃখে একান্ত কাতর ব্যক্তি গীতাজ্ঞান প্রাপ্ত হইয়া গীতামৃত পান পূর্ব্বক জগতে কৃষ্ণভক্তি লাভ করিবে ও সুখী হইবে॥ ৭২

ইহলোকে জনকাদি বহু রাজা গীতার আশ্রয়গ্রহণে নিষ্পাপ হইয়া পরমপদ লাভ করিয়াছেন॥ ৭৩

গীতাজ্ঞানসম্বন্ধে উচ্চ নীচ জনসমূহে কিছুমাত্র প্রভেদ নাই। সমগ্র জ্ঞানের মধ্যে গীতাজ্ঞানই নির্ব্বিশেষ এবং গীতাই ব্রহ্মস্বরূপিণী॥ ৭৪

যোঽভিমানেন গর্ব্বেণ গীতানিন্দাং করোতি চ।
স যাতি নরকং ঘোরং যাবদাভূতসংপ্লবম্ ॥ ৭৫
অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্যতে।
কুম্ভীপাকেষু পচ্যেত যাবৎ কল্পক্ষয়ো ভবেৎ ॥ ৭৬
গীতার্থং বাচ্যমানং যো ন শৃণোতি সমাসতঃ।
স শূকরভবাং যোনিমনেকামধিগচ্ছতি ॥ ৭৭
চৌর্য্যং কৃত্বা চ গীতায়াঃ পুস্তকং য সমানয়েৎ।
ন তস্য সফলং কিঞ্চিৎ পঠনঞ্চ বৃথা ভবেৎ ॥ ৭৮
যঃ শ্রুত্বা নৈব গীতাঞ্চ মোদতে পরমার্থতঃ।
নৈব তস্য ফলং লোকে প্রমত্তস্য যথা শ্রমঃ ॥ ৭৯
গীতাং শ্রুত্বা হিরণ্যঞ্চ ভোজ্যং পট্টাম্বরং তথা।
নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়ে পরমাত্মনঃ ॥ ৮০
বাচকং পূজয়েদ্ভক্ত্যা দ্রব্য-বস্ত্রাদ্যুপস্করৈঃ।
অনেকৈর্ব্বহুধা প্রীত্যা তুষ্যতাং ভগবান্ হরিঃ ॥ ৮১

সূত উবাচ।

মাহাত্ম্যমেতদ্গীতায়াঃ কৃষ্ণপ্রোক্তং পুরাতনম্।
গীতান্তে পঠতে যস্তু যথোক্তফলভাগ্ ভবেৎ ॥ ৮২
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথা পাঠফলং তস্য শ্রম এব উদাহৃতঃ ॥ ৮৩
এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাপাঠং করোতি যঃ।
শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ ॥ ৮৪
শ্রুত্বা গীতামর্থযুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি চ।
তস্য পুণ্যফলং লোকে ভবেৎ সর্ব্বসুখাবহম্ ॥ ৮৫

ইতি শ্রীবৈষ্ণবীয়-তন্ত্রসারে শ্রীমদ্ভগবদ্গীতা-মাহাত্ম্যং সম্পূর্ণম্।

যে ব্যক্তি অভিমান বা গর্ব্বভরে গীতার নিন্দা করে, যতদিন প্রলয়কাল উপস্থিত না হয়, ততদিন পর্য্যন্ত সে ঘোর নরকে অবস্থান করিয়া থাকে ॥ ৭৫

যে মূঢ়াত্মা ব্যক্তি অহঙ্কারবশতঃ গীতার্থ মানে না, সে যতদিন কল্পক্ষয় না হয়, ততদিন পর্য্যন্ত কুম্ভীপাক-নরকে পচিতে থাকে ॥ ৭৬

গীতার্থ সম্যক্ ব্যাখ্যাত হইতে থাকিলেও যে ব্যক্তি তাহা শ্রবণ না করে; সে বহুবার শূকরযোনি প্রাপ্ত হয় ॥ ৭৭

যে ব্যক্তি গীতাগ্রন্থ চুরি করিয়া আনে, তাহার কিছুই সফল হয় না এবং পাঠও বৃথা হয় ॥ ৭৮

যে ব্যক্তি গীতার্থ শ্রবণ করিয়া প্রকৃত প্রস্তাবে আনন্দ বোধ করে না, প্রমত্ত ব্যক্তির পরিশ্রমের ন্যায় ইহলোকে তাহার সমস্তই বিফল হয় ॥ ৭৯

গীতা শ্রবণ পূর্ব্বক পরমাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণের প্রীতিসাধনার্থ ব্রাহ্মণাদিকে দিবার জন্য সুবর্ণ ভোজ্য ও পট্টবস্ত্র নিবেদন করিবে ॥ ৮০

ভগবান্ শ্রীহরির প্রীতির জন্য গীতাপাঠককে ভক্তিসহকারে পূজা করিয়া নানাবিধ দ্রব্য; বস্ত্র ও উপকরণ প্রদান করিবে ॥ ৮১

সূত বলিলেন,—যে ব্যক্তি গীতাপাঠান্তে শ্রীকৃষ্ণপ্রোক্ত এই পুরাতন গীতামাহাত্ম্য পাঠ করেন, তিনি যথোক্ত ফল লাভ করিয়া থাকেন ॥ ৮২

গীতা-পাঠান্তে যে ব্যক্তি মাহাত্ম্য পাঠ না করেন, তাহার পাঠ বৃথা ও পরিশ্রমমাত্রই সার হয় ॥ ৮৩

যে ব্যক্তি এই মাহাত্ম্য-সমন্বিত গীতা পাঠ করেন, বা শ্রদ্ধা-সহকারে শ্রবণ করেন, তাঁহার পরমা গতি লাভ হয় ॥ ৮৪

যে ব্যক্তি অর্থযুক্ত গীতা ভক্তিসহকারে শ্রবণ করিয়া এই মাহাত্ম্য শ্রবণ করেন, তাঁহার পুণ্যফল সর্ব্বসুখের কারণ হইয়া থাকে ॥ ৮৫

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক শ্রীরামরঞ্জন-কাব্য-ব্যাকরণতীর্থকৃত শ্রীবৈষ্ণবীয়তন্ত্রসারোক্ত-শ্রীমদ্ভগবদ্গীতা-মাহাত্ম্যের অনুবাদ সমাপ্ত।

বংশীবিভূষিতকরান্নবনীরদাভাৎ পীতাম্বরাদরুণবিম্বফলাধরোষ্ঠাৎ।
পূর্ণেন্দুসুন্দরমুখাদরবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎ পরং কিমপি তত্ত্বমহং ন জানে

১০ম বর্ষ, আষাঢ়মাস ১৩৭৮] [প্রথম সংখ্যা—রথযাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

* * *

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

* * *

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ — শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ — শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
কিঙ্কর বিমলানন্দ
ডা: শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস্, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ্ (লণ্ডন)

কার্য্যালয় :—
৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা — প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫.০০ টাকা, প্রতি সংখ্যা ১.৫০ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২০.০০ টাকা, প্রতি সংখ্যা ২.০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—**আর্য্যশাস্ত্র**
শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি, ডব্লিউ, ডি রোড
কলিকাতা—৩৫

(ভীষ্মবধপর্ব)

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ

[গীতামাহাত্ম্যম্, যুধিষ্ঠিরেণ ভীষ্ম-দ্রোণ-কৃপ-শল্যানামনুজ্ঞামাদায় যুদ্ধায়োদ্যোগশ্চ ।]

বৈশম্পায়ন উবাচ ।

গীতা সুগীতা কর্তব্যা কিমন্যৈঃ শস্ত্রসংগ্রহৈঃ ।
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্ বিনিঃসৃতা ॥ ১
সর্বশাস্ত্রময়ী গীতা সর্বদেবময়ো হরিঃ ।
সবতীর্থময়ী গঙ্গা সর্ববেদময়ো মনুঃ ॥ ২
গীতা গঙ্গা চ গায়ত্রী গোবিন্দেতি হৃদি স্থিতে ।
চতুর্গকারসংযুক্তে পুনর্জন্ম ন বিদ্যতে ॥ ৩
ষট্‌শতানি সবিংশানি শ্লোকানাং প্রাহ কেশবঃ ।
অর্জুনঃ সপ্তপঞ্চাশৎ সপ্তষষ্টিং তু সঞ্জয়ঃ ॥ ৪
ধৃতরাষ্ট্রঃ শ্লোকমেকং গীতায়া মানমুচ্যতে ।
ভারতামৃতসর্বস্বগীতায়াঃ মথিতস্য চ ।
সারমুদ্‌ধৃত্য কৃষ্ণেন অর্জুনস্য মুখে হুতম্ ॥ ৫

সঞ্জয় উবাচ ।

ততো ধনঞ্জয়ং দৃষ্ট্বা বাণগাণ্ডীবধারিণম্ ।
পুনরেব মহানাদং ব্যসৃজন্ত মহারথাঃ ॥ ৬
পাণ্ডবাঃ সোমকাশ্চৈব যে চৈষামনুযায়িনঃ ।
দধ্মুশ্চ মুদিতাঃ শঙ্খান্ বীরাঃ সাগরসম্ভবান্ ॥ ৭
ততো ভের্য্যশ্চ পেশ্যশ্চ ক্রকচা গোবিষাণিকাঃ ।
সহসৈবাভ্যহন্যন্ত ততঃ শব্দো মহানভূৎ ॥ ৮
তথা দেবাঃ সগন্ধর্বাঃ পিতরশ্চ জনাধিপ ।
সিদ্ধ-চারণসঙ্ঘাশ্চ সমীয়ুস্তে দিদৃক্ষয়া ॥ ৯
ঋষয়শ্চ মহাভাগাঃ পুরস্কৃত্য শতক্রতুম্ ।
সমীয়ুস্তত্র সহিতা দ্রষ্টুং তদ্ বৈশসং মহৎ ॥ ১০

(ভীষ্মবধ পর্ব্ব ।)

ত্রিচত্বারিংশ অধ্যায় ।

[গীতামাহাত্ম্য, যুধিষ্ঠিরকর্ত্তৃক ভীষ্ম, দ্রোণ, কৃপ ও শল্যের নিকট হইতে অনুমতি লইয়া যুদ্ধের জন্য উদ্যোগ ।]

বৈশম্পায়ন বলিলেন,—হে জনমেজয়! অন্য বহু শাস্ত্র সংগ্রহ করিবার কি প্রয়োজন আছে? গীতাই উত্তমরূপে গান (শ্রবণ, কীর্ত্তন, পঠন-পাঠন, মনন ও ধারণ) করা কর্ত্তব্য; কারণ, এই গীতা পদ্মনাভ ভগবান্ শ্রীকৃষ্ণের মুখকমল হইতে নির্গতা হইয়াছেন ॥ ১

গীতা সর্ব্বশাস্ত্রময়ী (গীতায় সকল শাস্ত্রের সারতত্ত্ব সন্নিবিষ্ট আছে), শ্রীহরি সর্ব্বদেবময়, গঙ্গা সর্ব্বতীর্থময়ী এবং মনু (অর্থাৎ তাঁহার ধর্ম্মশাস্ত্র মনুসংহিতা) সর্ব্ববেদময় ॥ ২

গীতা, গঙ্গা, গায়ত্রী ও গোবিন্দ—"গ"কার আদিতে আছে, এতাদৃশ এই চারিটি নাম হৃদয়ে ধারণ করিয়া রাখিলে মনুষ্যকে পুনরায় আর এই সংসারে জন্মগ্রহণ করিতে হয় না ॥ ৩

এই শ্রীগীতামধ্যে ছয়শত বিশটি (৬২০) শ্লোক ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন, সাতান্নটি (৫৭) শ্লোক অর্জুন বলিয়াছেন, সাতষট্টিটি (৬৭) শ্লোক সঞ্জয় বলিয়াছেন এবং ধৃতরাষ্ট্র বলিয়াছে একটি (১) শ্লোক—ইহাই গীতার শ্লোকের পরিমাণ (সর্ব্বসাকুল্যে সাতশত সাতচল্লিশ ৭৪৭। কিন্তু শ্রীশ্রীগীতায় ৭০০ সাতশত শ্লোকআছে) ॥৪

ভারতরূপ অমৃতরাশির সর্ব্বস্ব সারভূতা গীতাকে মন্থন করিয়া তাহারও সার বাহির করত ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুনের মুখে (কর্ণপথ দিয়া মন-বুদ্ধিতে) ঢালিয়া দিয়াছেন ॥ ৫

সঞ্জয় বলিলেন,—রাজন্ ধৃতরাষ্ট্র! তারপর অর্জুনকে গাণ্ডীব ধনু ও বাণ ধারণ করিতে দেখিয়া পাণ্ডব-মহারথিগণ, সোমকগণ ও তাঁহার অনুগামী সৈন্যরা পুনরায় অতি বেগে সিংহনাদ করিতে লাগিলেন। সেই সঙ্গে এই সব বীরগণ অত্যন্ত আনন্দিত হইয়া সমুদ্র হইতে উৎপন্ন শঙ্খসমূহ বাজাইতে আরম্ভ করিলেন ॥ ৬-৭

তদনন্তর ভেরী, পেশী, ক্রকচ ও নরসিংহাদি বাদ্য সহসা বাজিতে লাগিল। তাহাতে সেখানে অতিশয় শব্দ সমুত্থিত হইল ॥ ৮

নরনাথ! সেই সময় দেবতা, গন্ধর্ব্ব ও পিতৃগণ এবং সিদ্ধ, চারণ ও মহাভাগ মহর্ষিবৃন্দ দেবরাজ ইন্দ্রকে অগ্রে করিয়া এই ভীষণ হানাহানি যুদ্ধ দেখিবার জন্য একত্রে সেখানে আসিলেন ॥

রাজন্! তদনন্তর বীর রাজা যুধিষ্ঠির সমুদ্রের ন্যায় বিশাল উভয় পক্ষের সেই সৈন্যবাহিনীকে যুদ্ধের জন্য উপস্থিত ও চঞ্চল দেখিয়া কবচ উন্মোচন পূর্ব্বক স্বীয় উত্তম অস্ত্রসমূহ ত্যাগ করত রথ হইতে শীঘ্রতার সহিত নামিয়া পদব্রজে কৃতাঞ্জলি সহকারে

ততো যুধিষ্ঠিরো দৃষ্ট্বা যুদ্ধায় সমবস্থিতে।
তে সেনে সাগরপ্রখ্যে মুহুঃ প্রচলিতে নৃপ ॥ ১১
বিমুচ্য কবচং বীরো নিক্ষিপ্য চ বরায়ুধম্।
অবরুহ্য রথাৎ ক্ষিপ্রং পদ্ভ্যামেব কৃতাঞ্জলিঃ ॥ ১২
পিতামহমভিপ্রেক্ষ্য ধর্মরাজো যুধিষ্ঠিরঃ।
বাগ্যতঃ প্রযযৌ যেন প্রাঙ্মুখো রিপুবাহিনীম্ ॥ ১৩
তং প্রয়ান্তমভিপ্রেক্ষ্য কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
অবতীর্য্য রথাৎ তূর্ণং ভ্রাতৃভিঃ সহিতোঽন্বয়াৎ ॥ ১৪
বাসুদেবশ্চ ভগবান্ পৃষ্ঠতোঽনুজগাম তম্।
তথা মুখ্যাশ্চ রাজানস্তচ্চিত্তা জগ্মুরুৎসুকাঃ ॥ ১৫

অর্জুন উবাচ।

কিং তে ব্যবসিতং রাজন্ যদস্মানপহায় বৈ।
পদ্ভ্যামেব প্রযাতোঽসি প্রাঙ্মুখো রিপুবাহিনীম্ ॥ ১৬

ভীমসেন উবাচ।

ক্ক গমিষ্যসি রাজেন্দ্র নিক্ষিপ্তকবচায়ুধঃ।
দংশিতেষ্বরিসৈন্যেষু ভ্রাতৄনুৎসৃজ্য পার্থিব ॥ ১৭

নকুল উবাচ।

এবং গতে ত্বয়ি জ্যেষ্ঠে মম ভ্রাতরি ভারত।
ভীর্মে দুনোতি হৃদয়ং ব্রূহি গন্তা ভবান্ ক্ক নু ॥ ১৮

সহদেব উবাচ।

অস্মিন্ রণসমূহে বৈ বর্তমানে মহাভয়ে।
উৎসৃজ্য ক্ক নু গন্তাসি শত্রূনভিমুখো নৃপ ॥ ১৯

সঞ্জয় উবাচ।

এবমাভাষ্যমাণোঽপি ভ্রাতৃভিঃ কুরুনন্দনঃ।
নোবাচ বাগ্যতঃ কিঞ্চিদ্ গচ্ছত্যেব যুধিষ্ঠিরঃ ॥ ২০
তানুবাচ মহাপ্রাজ্ঞো বাসুদেবো মহামনাঃ।
অভিপ্রায়োঽস্য বিজ্ঞাতো ময়েতি প্রহসন্নিব ॥ ২১
এষ ভীষ্মং তথা দ্রোণং গৌতমং শল্যমেব চ।
অনুমান্য গুরূন্ সর্বান্ যোৎস্যতে পার্থিবোঽরিভিঃ ॥২২
শ্রূয়তে হি পুরাকল্পে গুরূননমুমান্য যঃ।
যুধ্যতে স ভবেদ্ ব্যক্তমপধ্যাতো মহত্তরৈঃ ॥ ২৩
অনুমান্য যথাশাস্ত্রং যস্তু যুধ্যেন্মহত্তরৈঃ।
ধ্রুবস্তস্য জয়ো যুদ্ধে ভবেদিতি মতির্মম ॥ ২৪

পিতামহ ভীষ্মকে লক্ষ্য করিয়া গমন করিতে লাগিলেন। ধর্মরাজ যুধিষ্ঠির কোন কিছু কথা না বলিয়া পূর্ব্বমুখে শত্রুবাহিনীর দিকে যাইতে লাগিলেন ॥ ৯-১৩

কুন্তীপুত্র ধনঞ্জয় তাঁহাকে শত্রুসেনার দিকে যাইতে দেখিয়া অতি সত্বর রথ হইতে নামিয়া পড়িলেন এবং ভ্রাতৃবৃন্দের সহিত তাঁহার পশ্চাতে পশ্চাতে গমন করিলেন। ভগবান্ শ্রীকৃষ্ণও তাঁহাদের পশ্চাতে যাইতে লাগিলেন এবং তদ্গতচিত্ত প্রধান প্রধান রাজারাও উৎসুক হইয়া শ্রীকৃষ্ণের সহিত চলিলেন ॥ ১৪-১৫

আবারয়দমেয়াত্মা বারিবেগানিবাচলঃ।
সন্নিরুদ্ধেষু সর্বেষু পাণ্ডবেষু মহাত্মসু ॥ ১০২

শ্বেতঃ খড়্গমথাকৃষ্য ভীষ্মস্য ধনুরাচ্ছিনৎ।
তদপাস্য ধনুশ্ছিন্নং ত্বরমাণঃ পিতামহঃ ॥ ১০৩

দেবদূতবচঃ শ্রুত্বা বধে তস্য মনো দধে।
ততঃ প্রচরমাণস্তু পিতা দেবব্রতস্তব ॥ ১০৪

অন্যৎ কার্মুকমাদায় ত্বরমাণো মহারথঃ।
ক্ষণেন সজ্যমকরোচ্ছক্রচাপসমপ্রভম্ ॥ ১০৫

করিয়া ধাবিত হইয়া থাকে, সেইরূপ তিনিও গদাহাতে ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥

প্রতাপশালী ভীষ্ম এই গদার বেগকে অনিবার্য্য বুঝিয়া তাহার প্রহার হইতে নিজেকে রক্ষা করিবার জন্য সহসা রথ হইতে ভূতলে লাফাইয়া পড়িলেন।

এদিকে শ্বেত ক্রোধাবিষ্ট হইয়া সেই গদাকে আকাশে ঘুরাইয়া ভীষ্মের রথের উপর নিক্ষেপ করিলেন, মনে হই—যেন ধনেশ্বর কুবের গদা প্রহার করিলেন ॥

ভীষ্মকে বধ করিবার ইচ্ছায় নিক্ষিপ্ত সেই গদার আঘাতে ধ্বজ, সারথি, অশ্ব, যুগ ও ধুরাদির সহিত সম্পূর্ণ রথই ভস্মসাৎ হইয়া যাইল ॥

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্মকে রথহীন হইতে দেখিয়া শল্য প্রভৃতি উত্তম মহারথীরা এক সঙ্গে দৌড়াইয়ে আসিলেন ॥

তখন অপর রথে উপবিষ্ট হইয়া ধনুর টঙ্কারধ্বনি করিতে করিতে গঙ্গানন্দন ভীষ্ম উদাসমনে হাস্য করিতে করিতে ধীরে ধীরে শ্বেতের অভিমুখে যাইতে লাগিলেন ॥

এই সময়ের মধ্যে ভীষ্ম নিজের হিতসম্বন্ধযুক্ত এক দিব্য ও গম্ভীর আকাশবাণী শ্রবণ করিলেন—মহাবাহু ভীষ্ম! ভীষ্ম! অতি সত্বর শ্বেতের বধের জন্য যত্ন কর; কারণ, বিশ্বযোনি ব্রহ্মা এই সময়ই শ্বেতকে জয় করিবার জন্য নির্দিষ্ট করিয়াছেন ॥

দেবদূতকথিত এই বাক্য শ্রবণ করিয়া ভীষ্মের মন প্রসন্ন হইল এবং তখনই তিনি শ্বেতকে বধ করিবার পরামর্শ করিলেন ॥

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ শ্বেতকে রথহীন ও পদাতি (পাদচারী) দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য এক সঙ্গে বহু মহারথী দৌড়াইয়া আসিলেন ॥

ইঁহাদের নাম হইল—সাত্যকি, ভীমসেন, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন, কেকয়রাজকুমার, ধৃষ্টকেতু ও পরাক্রমশালী অভিমন্যু ॥

ইঁহাদের সকলকে আসিতে দেখিয়া অমিতশক্তিশালী ভীষ্ম দ্রোণাচার্য্য, শল্য ও কৃপাচার্য্যের সহিত যাইয়া তাঁহাদের গতি রুদ্ধ করিয়া দিলেন। তখন মনে হইল—কোন পর্ব্বত জলের প্রবাহকে অবরুদ্ধ করিয়াছে ॥

সমস্ত মহাত্মা পাণ্ডবগণ অবরুদ্ধ হইয়া পড়িলে শ্বেত তরবারি লইয়া ভীষ্মের ধনু কাটিয়া ফেলিলেন ॥

সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া পিতামহ ভীষ্ম দেবদূতের কথা চিন্তা করত শ্বেতকে বধের জন্য মনস্থির করিলেন ॥

তারপর আপনার পিতৃতুল্য মহারথ দেবব্রত অতি সত্বর অপর ধনু লইয়া সেখানে বিচরণ করিতে করিতে ক্ষণকালের মধ্যেই তাহাতে গুণযোজনা করিলেন। তখন সেই ধনু ইন্দ্রধনুসদৃশ প্রকাশিত হইতেছিল ॥ ৮৬-১০৫

পিতা তে ভরতশ্রেষ্ঠ শ্বেতং দৃষ্ট্বা মহারথৈঃ।
বৃতং তং মনুজব্যাঘ্রৈর্ভীমসেনপুরোগমৈঃ॥ ১০৬
অভ্যবর্ত্তত গাঙ্গেয়ঃ শ্বেতং সেনাপতিং দ্রুতম্।
আপতন্তং ততো ভীষ্মো ভীমসেনং প্রতাপবান্॥ ১০৭
আজঘ্নে বিশিখৈঃ ষষ্ট্যা সেনান্যং স মহারথঃ।
অভিমন্যুঞ্চ সমরে পিতা দেবব্রতস্তব॥ ১০৮
আজঘ্নে ভরতশ্রেষ্ঠস্ত্রিভিঃ সন্নতপর্ববভিঃ।
সাত্যকিঞ্চ শতেনাজৌ ভরতানাং পিতামহঃ॥ ১০৯
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা কৈকেয়ঞ্চাপি পঞ্চভিঃ।
তাংশ্চ সর্বান্ মহেষ্বাসান্ পিতা দেবব্রতস্তব॥ ১১০
বারয়িত্বা শরৈর্ঘোরৈঃ শ্বেতমেবাভিদুদ্রুবে।
ততঃ শরং মৃত্যুসমং ভারসাধনমুত্তমম্॥ ১১১
বিকৃষ্য বলবান্ ভীষ্মঃ সমাধত্ত দুরাসদম্।
ব্রহ্মাস্ত্রেণ সুসংযুক্তং তং শরং লোমবাহিনম্॥ ১১২
দদৃশুর্দেব-গন্ধর্বাঃ পিশাচোরগ-রাক্ষসাঃ।
স তস্য কবচং ভিত্বা হৃদয়ঞ্চামিতৌজসঃ॥ ১১৩
জগাম ধরণীং বাণো মহাশনিরিব জ্বলন্।
অস্তং গচ্ছন্ যথাদিত্যঃ প্রভামাদায় সত্বরঃ॥ ১১৪
এবং জীবিতমাদায় শ্বেতদেহাজ্জগাম হ।
তং ভীষ্মেণ নরব্যাঘ্রং তথা বিনিহতং যুধি॥ ১১৫
প্রপতন্তমপশ্যাম গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্।
অশোচন্ পাণ্ডবাস্তত্র ক্ষত্রিয়াশ্চ মহারথাঃ॥ ১১৬
প্রহৃষ্টাশ্চ সুতস্তভ্যং কুরবশ্চাপি সর্বশঃ।
ততো দুঃশাসনো রাজন্ শ্বেতং দৃষ্ট্বা নিপাতিতম্॥ ১১৭
বাদিত্রনিনদৈর্ঘোরৈর্নৃত্যতি স্ম সমন্ততঃ।
তস্মিন্ হতে মহেষ্বাসে ভীষ্মেণাহবশোভিনা॥ ১১৮
প্রাবেপন্ত মহেষ্বাসাঃ শিখণ্ডিপ্রমুখা রথাঃ।
ততো ধনঞ্জয়ো রাজন্ বার্ষ্ণেয়শ্চাপি সর্বশঃ॥ ১১৯
অবহারং শনৈশ্চক্রুর্নিহতে বাহিনীপতৌ।
ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত॥ ১২০

ভরতশ্রেষ্ঠ! আপনার পিতৃতুল্য গঙ্গানন্দন ভীষ্ম নরশ্রেষ্ঠ ভীমসেন প্রভৃতি মহারথিগণ পরিবৃত হইয়া শ্বেতকে লক্ষ করিতে করিতে অতি দ্রুত তাঁহার দিকে ধাবিত হইলেন॥

সেই সময় সেনানায়ক ভীমসেনকে আসিতে দেখিয়া প্রতাপশালী ভীষ্ম তাঁহাকে ষাট্ বাণে আহত করিলেন॥

সেই সমরাঙ্গণে আপনার পিতৃতুল্য ভরতশ্রেষ্ঠ ভীষ্ম আনতপর্ব্ব যুক্ত তিনটি বাণে অভিমন্যুকে আহত করিলেন॥

ভরতবংশীয়গণের পিতামহ ভীষ্ম যুদ্ধে একশত বাণে সাত্যকিকে, বিশটি বাণে ধৃষ্টদ্যুম্নকে ও পাঁচবাণে কেকয়রাজকুমারকে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন। এইভাবে আপনার পিতৃতুল্য ভীষ্ম স্বীয় ভয়ঙ্কর বাণসমূহে সেই মহাধনুর্দ্ধরগণকে নিবারিত করিয়া পুনরায় শ্বেতের উপর আক্রমণ করিলেন॥

তদনন্তর মহাবল ভীষ্ম ধনুকে উত্তমরূপে আকর্ষণ করত তাহার উপর মৃত্যুতুল্য ভয়ঙ্কর, ভারযুক্ত, লক্ষ্য বেধনে সমর্থ, উত্তম, দুঃসহ ও পক্ষযুক্ত একটি বাণ স্থাপন করিলেন, পুনরায় উহা ব্রহ্মাস্ত্র দ্বারা অভিমন্ত্রিত করিয়া সন্ধান করিলেন॥ ১০৬-১১২

সেই সময় দেবতা, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও রাক্ষসগণ দেখিলেন যে, সেই বাণ মহাবজ্রের ন্যায় প্রজ্বলিত হইয়া অমিতবলশালী শ্বেতের কবচ ও হৃদয় ভেদ করিয়া পৃথিবীর মধ্যে প্রবিষ্ট হইল॥

যেরূপ অস্তোন্মুখ সূর্য্য স্বীয় প্রভাপুঞ্জের সহিতই অস্ত গমন করেন, সেইরূপ এই বাণ শ্বেতের শরীরে প্রবেশ করত তাহার প্রাণ হরণপূর্ব্বক চলিয়া যাইল॥

ভীষ্ম কর্ত্তৃক নিহত নরশ্রেষ্ঠ শ্বেত যুদ্ধস্থলে পর্ব্বতের শিখরের ন্যায় পড়িয়া আছেন—ইহা আমরা দর্শন করিলাম।

মহারথ পাণ্ডবগণ ও তাঁহাদের পক্ষের অন্যান্য ক্ষত্রিয়বৃন্দ শ্বেতের জন্য শোকে নিমগ্ন হইলেন এবং আপনার পুত্র সমস্ত কৌরবগণ অতিশয় আনন্দ লাভ করিলেন॥

রাজন্! শ্বেত নিহত হইয়াছেন দেখিয়া আপনার পুত্র দুঃশাসন ভয়ঙ্কর বাদ্যধ্বনির সহিত চারিদিকে নৃত্য করিতে লাগিলেন॥

সংগ্রামে শোভাশালী ভীষ্ম কর্ত্তৃক মহাধনুর্দ্ধর শ্বেত নিহত হইলে শিখণ্ডী প্রভৃতি মহাধনুর্দ্ধর রথিগণ কাঁপিতে লাগিলেন॥

রাজন্! তখন সেনাপতি শ্বেত হইলে অর্জুন ও শ্রীকৃষ্ণ ধীরে ধীরে নিজের সৈন্যগণকে যুদ্ধভূমি হইতে ফিরাইয়া লইলেন। ভারত! তারপর আপনার ও পাণ্ডবগণের সৈন্যদিগেরও তখন যুদ্ধবিরতি হইয়াছিল॥ ১১৩-১২

তাবকানাং পরেষাঞ্চ নর্দতাঞ্চ মুহুর্মুহুঃ।
পার্থা বিমনসো ভূত্বা ন্যবর্তন্ত মহারথাঃ।
চিন্তয়ন্তো বধং ঘোরং দ্বৈরথেন পরন্তপাঃ॥ ১২১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি শ্বেতবধে
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৮

সেই সময় আপনার ও শত্রুপক্ষের সৈন্যগণও বারংবার গর্জ্জন করিতেছিল। সেই দ্বৈরথ যুদ্ধে যে ভয়ঙ্কর জনসংহার হইয়াছিল, তাহার জন্য শত্রুতাপন পাণ্ডব মহারথীরা চিন্তা করিতে করিতে উদাসমনে শিবিরে প্রত্যাবর্ত্তন করিলেন॥ ১২১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে শ্বেতবধবিষয়ক অষ্টচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[শঙ্খস্য যুদ্ধম্, ভীষ্মস্য প্রচণ্ডপরাক্রমঃ, প্রথমদিনস্য যুদ্ধসমাপ্তিশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।

শ্বেতে সেনাপতৌ তাত সংগ্রামে নিহতে পরৈঃ।
কিমকুর্ব্বন্ মহেষ্বাসাঃ পঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ॥ ১
সেনাপতিং সমাকর্ণ্য শ্বেতং যুধি নিপাতিতম্।
তদর্থং যততাঞ্চাপি পরেষাং প্রপলায়িনাম্॥ ২
মনঃ প্রীণাতি মে বাক্যং জয়ং সঞ্জয় শৃণ্বতঃ।
প্রত্যুপায়ং চিন্তয়তো লজ্জাং প্রাপ্নোতি মে নহি॥ ৩
স হি বীরোঽনুরক্তশ্চ বৃদ্ধঃ কুরুপতিস্তদা।
কৃতং বৈরং সদা তেন পিতুঃ পুত্রেণ ধীমতা॥ ৪
তস্যোদ্বেগভয়াচ্চাপি সংশ্রিতঃ পাণ্ডবান্ পুরা।
সর্ব্বং বলং পরিত্যজ্য দুর্গং সংশ্রিত্য তিষ্ঠতি॥ ৫
পাণ্ডবানাং প্রতাপেন দুর্গং দেশং নিবেশ্য চ।
সপত্নান্ সততং বাধন্নার্য্যাবৃত্তিমনুষ্ঠিতঃ॥ ৬
আশ্চর্য্যং বৈ সদা তেষাং পুরা রাজ্ঞাং সুদুর্মতিঃ।
ততো যুধিষ্ঠিরে ভক্তঃ কথং সঞ্জয় সূদিতঃ॥ ৭
প্রক্ষিপ্তঃ সম্মতঃ ক্ষুদ্রঃ পুত্রো মে পুরুষাধমঃ।
ন যুদ্ধং রোচয়েদ্ ভীষ্মো ন চাচার্য্যঃ কথঞ্চন॥ ৮

একোনপঞ্চাশত্তম অধ্যায়

[শঙ্খের যুদ্ধ, ভীষ্মের প্রচণ্ড পরাক্রম এবং প্রথম দিনের যুদ্ধ সমাপ্তি।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—তাত! সেনাপতি শ্বেত শত্রুগণ কর্ত্তৃক যুদ্ধস্থলে নিহত হওয়ার পর মহাধনুর্দ্ধর পাঞ্চালগণ ও পাণ্ডবগণ কি করিলেন? সঞ্জয়! সেনাপতি শ্বেত যুদ্ধে মৃত্যুবরণ করিয়াছে। তাহার রক্ষার জন্য প্রযত্ন করিয়াও শত্রুগণকে পলায়ন করিতে হয় এবং আমাদের বিজয় লাভ হয়—এই সব বৃত্তান্ত শুনিয়া আমার মন অত্যন্ত আনন্দিত হইতেছে। শত্রুগণের প্রতীকারের উপায় চিন্তা করিতে করিতে আমি নিজ পক্ষের দ্বারা কৃত অনীতির বিষয় স্মরণ করিয়াও লজ্জা অনুভব করিতেছি না॥ ১-৩

সেই বৃদ্ধ বীর কুরুরাজ ভীষ্ম আমাদের উপর সদা অনুরক্ত আছেন। (কারণ, তিনিই শ্বেতের সহিত এই অন্যায় করিয়াছেন।) সেই বুদ্ধিমান্ বিরাটপুত্র শ্বেত স্বীয় পিতার সহিত পূর্ব্বে শত্রুতা করিয়াছিল॥ ৪

সেইজন্য পিতার নিকট হইতে ভয় ও উদ্বেগের কথা চিন্তা করিয়া এই শ্বেত প্রথমেই পাণ্ডবগণের শরণ লইয়াছিল। পূর্ব্বেই ত' সে সমস্ত সৈন্যদিগকে পরিত্যাগ করিয়া একাকীই দুর্গমধ্যে আশ্রয় লইয়া অবস্থান করিতেছিল। তারপর পাণ্ডবগণের প্রতাপে দুর্গম প্রদেশে থাকিয়া নিরন্তর শত্রুপক্ষের বাধাস্বরূপ হইয়া সদাচারপালনে তৎপর ছিল॥ ৫-৬

কারণ, পূর্ব্বে নিজের সহিত বিরোধকারী নৃপগণের উপর তাহার দুর্ব্বুদ্ধি বিদ্যমান ছিল; কিন্তু সঞ্জয়! ইহা ত' আশ্চর্য্যের বিষয় এই যে, এরূপ শ্বেত—যে যুধিষ্ঠিরের ভক্ত ছিল, সে কিভাবে নিহত হইল? ৭

আমার পুত্র দুর্য্যোধন ক্ষুদ্রস্বভাব। সে কর্ণ প্রভৃতির প্রিয় এবং চঞ্চলমতি। আমার দৃষ্টিতে সে সমস্ত মানুষের মধ্যে অধম। (এইজন্যই তাহার মনে এরূপ যুদ্ধের আগ্রহ বিদ্যমান।) সঞ্জয়! আমি, ভীষ্ম, দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য ও গান্ধারী—ইঁহাদের কেহই কোনরূপে যুদ্ধ চান না।

ন কৃপো ন চ গান্ধারী নাহং সঞ্জয় রোচয়ে।
ন বাসুদেবো বার্ষ্ণেয়ো ধর্মরাজশ্চ পাণ্ডবঃ ॥ ৯
ন ভীমো নার্জুনশ্চৈব ন যমৌ পুরুষর্ষভৌ।
বার্য্যমাণো ময়া নিত্যং গান্ধার্য্যা বিদুরেণ চ ॥ ১০
জামদগ্ন্যেন রামেণ ব্যাসেন চ মহাত্মনা।
দুর্যোধনো যুধ্যমানো নিত্যমেব হি সঞ্জয় ॥ ১১
কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ পাপকৃৎ।
দুঃশাসনস্য চ তথা পাণ্ডবান্ নান্বচিন্তয়ৎ ॥ ১২
তস্যাহং ব্যসনং ঘোরং মন্যে প্রাপ্তং তু সঞ্জয়।
শ্বেতস্য চ বিনাশেন ভীষ্মস্য বিজয়েন চ ॥ ১৩
সংক্রুদ্ধঃ কৃষ্ণসহিতঃ পার্থঃ কিমকরোদ্ যুধি।
অর্জুনাদ্ধি ভয়ং ভূয়স্তন্মে তাত ন শাম্যতি ॥ ১৪
স হি শূরশ্চ কৌন্তেয়ঃ ক্ষিপ্রকারী ধনঞ্জয়ঃ।
মন্যে শরৈঃ শরীরাণি শত্রূণাং প্রমথিষ্যতি ॥ ১৫
ঐন্দ্রিমিন্দ্রানুজসমং মহেন্দ্রসদৃশং বলে।
অমোঘক্রোধসঙ্কল্পং দৃষ্ট্বা বঃ কিমভূন্মনঃ ॥ ১৬
তথৈব বেদবিচ্ছূরো জ্বলনার্কসমদ্যুতিঃ।
ইন্দ্রাস্ত্রবিদমেয়াত্মা প্রপতন্ সমিতিঞ্জয়ঃ ॥ ১৭
বজ্রসংস্পর্শরূপাণামস্ত্রাণাঞ্চ প্রযোজকঃ।
স খড়্গাক্ষেপহস্তস্তু ঘোষং চক্রে মহারথঃ ॥ ১৮
স সঞ্জয় মহাপ্রাজ্ঞো দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নঃ কিমকরোচ্ছ্বেতে যুধি নিপাতিতে ॥ ১৯
পুরা চৈবাপরাধেন বধেন চ চমূপতেঃ।
মন্যে মনঃ প্রজজ্বাল পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥ ২০
তেষাং ক্রোধং চিন্তয়ংস্তু অহঃসু চ নিশাসু চ।
ন শান্তিমধিগচ্ছামি দুর্য্যোধনকৃতেন হি।
কথঞ্চাভূন্মহাযুদ্ধং সর্বমাচক্ষ্ব সঞ্জয় ॥ ২১

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্ স্থিরো ভূত্বা তবাপনয়নো মহান্।
ন চ দুর্য্যোধনে দোষমিমমাধাতুমর্হসি ॥ ২২

বৃষ্ণিবংশভূষণ বাসুদেব, পাণ্ডুপুত্র ধর্ম্মরাজ যুধিষ্ঠির, ভীমসেন, অর্জুন ও পুরুষরত্ন নকুল-সহদেবও যুদ্ধের অভিলাষী নহে॥

আমি, গান্ধারী ও বিদুর সর্ব্বদাই তাহাকে নিষেধ করিয়াছি। জমদগ্নিপুত্র পরশুরাম ও মহাত্মা ব্যাসদেবও তাহাকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিবার জন্য চেষ্টা করিয়াছেন, তথাপি কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতে থাকিয়া পাপী দুর্য্যোধন সদা যুদ্ধের ইচ্ছা পোষণ করিত। সে পাণ্ডবগণকে কোনরূপ চিন্তাই করে না॥ ৮-১২

সঞ্জয়! আমার ত' এই বিশ্বাস আছে যে, দুর্য্যোধনের উপর ঘোর সঙ্কট পতিত হইবে। শ্বেত নিহত হইলে এবং ভীষ্মের জয় হইলে অত্যন্ত ক্রুদ্ধ শ্রীকৃষ্ণের সহিত অর্জুন যুদ্ধস্থলে কি করিলেন?

তাত! অর্জুন হইতেই আমার ভয় বেশী হইতেছে এবং সেই ভয় কোনরূপেই শান্ত হইতেছে না; কারণ, কুন্তীনন্দন অর্জুন বীর এবং শীঘ্রতা সহকারে অস্ত্রসঞ্চালন করিতে পারে। আমি মনে করি, সে নিজ বাণসমূহে শত্রুদিগের শরীরসকল মথিত করিয়া ফেলিবে॥ ১৩-১৫

ইন্দ্রনন্দন অর্জুন ভগবান্ বিষ্ণুর ন্যায় পরাক্রমী ও মহেন্দ্রতুল্য বলবান্। তাহার ক্রোধ ও সঙ্কল্প কখনও ব্যর্থ হয় না। তাহাকে দেখিয়া তোমাদের মনে কিরূপ প্রশ্ন জাগিতেছে? ১৬

অর্জুন বেদজ্ঞ, শৌর্য্যসম্পন্ন, অগ্নি ও সূর্য্যসদৃশ তেজস্বী, ইন্দ্রের জাত সমস্ত অস্ত্রেই অভিজ্ঞ অথবা ইন্দ্রাস্ত্রের জ্ঞাতা, অপরিমিত আত্মবলসম্পন্ন, বেগপূর্ব্বক আক্রমণ করিতে সমর্থ ও যুদ্ধে সদা বিজয়লাভই করে। সে এরূপ অস্ত্রসমূহ প্রয়োগ করে, যাহাদের স্পর্শ বজ্রসদৃশ কঠিন। মহারথ অর্জুন স্বীয় হস্তে সদা তরবারি ধারণ করিয়া রাখে এবং উহা প্রহার করিয়া সিংহনাদ করিয়া থাকে॥ ১৭-১৮

সঞ্জয়! দ্রুপদের পরম বুদ্ধিমান্ পুত্র বলশালী ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে শ্বেতের মৃত্যু হইলে কি করিয়াছিল? ১৯

একে ত' কৌরবগণ পাণ্ডবদের অপরাধ করিয়াছিল, তাহার উপর সেনাপতি শ্বেত বিনষ্ট হইলে আমি মনে করি—মহাত্মা পাণ্ডবদের মন অগ্নিসদৃশ প্রজ্বলিত হইতে লাগিল॥ ২০

দুর্য্যোধনের জন্য পাণ্ডবগণের মনে যে ক্রোধ আছে, তাহা চিন্তা করিয়া আমি না দিনে না রাত্রিতে শান্তিলাভ করিতেছি। সঞ্জয়! সেই মহাযুদ্ধ কিভাবে হইয়াছে, তাহা সবই আমাকে বল॥ ২১

সঞ্জয় বলিলেন,—রাজন্! আপনি স্থির হইয়া শ্রবণ করুন। এই যুদ্ধের জন্য যে মহা অন্যায় হইবে, তাহা আপনার উপরই বর্ত্তাইবে। আপনি এই দোষ দুর্য্যোধনের উপর আরোপ করিতে পারেন না॥ ২২

গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃঙ্মতিস্তব।
সন্দীপ্তে ভবনে যদ্বৎ কূপস্য খননং তথা॥ ২৩
গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
তাবকানাং পরেষাঞ্চ পুনর্যুদ্ধমবর্ত্তত॥ ২৪
শ্বেতং তু নিহতং দৃষ্ট্বা বিরাটস্য চমূপতিম্।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্॥ ২৫
শঙ্খঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী॥ ২৬
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং যুধি।
মহতা রথসঙ্ঘেন সমন্তাৎ পরিরক্ষিতঃ॥ ২৭
সৃজন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সম্প্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্॥ ২৮
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজং পরীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্॥ ২৯
বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।

যেরূপ প্রবল জলোচ্ছ্বাস চলিয়া যাইবার পর বাঁধ দিবার চেষ্টা করা অথবা গৃহে অগ্নি প্রজ্বলিত হইবার পর কূপখননের চেষ্টা করা (দুর্বুদ্ধির পরিচায়ক), সেইরূপ আপনারও এই বুদ্ধি (দেখিতেছি)। ২৩

সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বভাগ অধিকাংশ ব্যতীত হইয়া যাইলে আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে পুনরায় যুদ্ধ আরম্ভ হইল। ২৪

বিরাটের সেনাপতি শ্বেত নিহত হইয়াছেন ও রাজা শল্যকে কৃতবর্ম্মার সহিত রথে উপবিষ্ট দেখিয়া ঘৃতাহুতি পাইলে অগ্নি যেরূপ জ্বলিয়া উঠে, সেরূপ শঙ্খও ক্রোধে জ্বলিয়া উঠিলেন।

সেই বলবান্ বীর শঙ্খ ইন্দ্রধনুতুল্য স্বীয় বিশাল ধনুকে কর্ণ পর্য্যন্ত আকর্ষণ করিয়া মদ্ররাজ শল্যকে যুদ্ধে বধ করিবার ইচ্ছায় তাঁহার দিকে ধাবিত হইলেন॥

বিশাল রথসৈন্যদল দ্বারা চারিদিকে রক্ষিত অবস্থায় শঙ্খ বাণ বর্ষণ করিতে করিতে শল্যের রথের উপর আক্রমণ করিলেন॥

মদমত্ত হস্তীর ন্যায় পরাক্রমপ্রকাশকারী শঙ্খকে ধাবিত হইতে দেখিয়া আপনার সপ্তরথী বীর মৃত্যুর দন্তসংলগ্ন মদ্ররাজ শল্যকে রক্ষা করিবার ইচ্ছায় তাঁহাকে চারিদিক হইতে ঘিরিয়া ফেলিলেন। ২৫-২৯

রাজন্! সেই সপ্ত রথীর নাম হইল—কোশলপতি বৃহদ্বল,

তথা রুক্মরথো রাজন্ পুত্রঃ শল্যস্য মানিতঃ॥ ৩০
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ॥ ৩১
নানাধাতুবিচিত্রাণি কার্ম্মুকাণি মহাত্মনাম্।
বিস্ফারিতান্যদৃশ্যন্ত তোয়দেষ্বিব বিদ্যুতঃ॥ ৩২
তে তু বাণময়ং বর্ষং শঙ্খমূর্দ্ধ্নি ন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্॥ ৩৩
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য ননর্দ পৃতনাপতিঃ॥ ৩৪
ততো ভীষ্মো মহাবাহুর্বিনদ্য জলদো যথা।
তালমাত্রং ধনুর্গৃহ্য শঙ্খমভ্যদ্রবদ্ রণে॥ ৩৫
তমুদ্যন্তমুদীক্ষ্যাথ মহেষ্বাসং মহাবলম্।
সন্ত্রস্তা পাণ্ডবী সেনা বাতবেগহতেব নৌঃ॥ ৩৬
ততোঽর্জ্জুনঃ সংত্বরিতঃ শঙ্খস্যাসীৎ পুরঃসরঃ।
ভীষ্মাদ্ রক্ষ্যোঽয়মদ্যেতি ততো যুদ্ধমবর্ত্তত॥ ৩৭

মগধদেশীয় জয়ৎসেন, শল্যের প্রতাপশালী পুত্র রুক্মরথ, অবন্তীদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজরাজ সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুদেশাধিপতি জয়দ্রথ। ৩০-৩১

এই মহাত্মা বীরগণের বিস্ফারিত ও নানাধাতুতে বিচিত্র ধনুসমূহ বর্ষণশীল মেঘে বিদ্যুতের ন্যায় দেখা যাইল। ৩২

ইঁহারা সকলে শঙ্খের মস্তকে সেইভাবে বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন, যেরূপ গ্রীষ্মকালের শেষে বায়ুচালিত মেঘসমূহ পর্ব্বতের উপরে বাণবর্ষণ করিয়া থাকে। ৩৩

সেই সময় মহাধনুর্দ্ধর সেনাপতি শঙ্খ কুপিত হইয়া অত্যন্ত তেজস্বী সাতটি ভল্লাস্ত্রে সেই সাত রথীর ধনু ছেদন করিয়া ফেলিলেন। ৩৪

তারপর মহাবাহু ভীষ্ম চারি হাত লম্বা ধনু গ্রহণ করত মেঘের ন্যায় গর্জ্জন করিতে করিতে যুদ্ধস্থলে শঙ্খের প্রতি ধাবিত হইলেন। ৩৫

সেই সময় মহাধনুর্দ্ধর মহাবল ভীষ্মকে উদ্যত দেখিয়া বায়ুবেগে আহত নৌকার ন্যায় পাণ্ডবসৈন্যগণ ভয়ে কাঁপিতে লাগিল। ৩৬

ইহা দেখিয়া অর্জ্জুন অতিক্রুত শঙ্খের আগে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার অগ্রে আসিবার কারণ হইল ভীষ্মের হাত হইতে শঙ্খকে রক্ষা করা। তখন উভয়ের মধ্যে মহাযুদ্ধ আরম্ভ হইল। ৩৭

হাহাকারো মহানাসীদ্ যোধানাং যুধি যুধ্যতাম্।
তেজস্তেজসি সম্পৃক্তমিত্যেবং বিস্ময়ং যযুঃ ॥ ৩৮
অথ শল্যো গদাপাণিরবতীর্য্য মহারথাৎ।
শঙ্খস্য চতুরো বাহানহনদ্ ভরতর্ষভ ॥ ৩৯
স হতাশ্বাদ্ রথাৎ তূর্ণং খড়্গমাদায় বিদ্রুতঃ।
বীভৎসোশ্চ রথং প্রাপ্য পুনঃ শান্তিমবিন্দত ॥ ৪০
ততো ভীষ্মরথাৎ তূর্ণমুৎপতন্তি পতত্রিণঃ।
যৈ রন্তরিক্ষং ভূমিশ্চ সর্বতঃ সমবস্তৃতা ॥ ৪১
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ কেকয়াংশ্চ প্রভদ্রকান্।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ পাতয়ামাস পত্রিভিঃ ॥ ৪২
উৎসৃজ্য সমরে রাজন্ পাণ্ডবং সব্যসাচিনম্।
অভ্যদ্রবত পাঞ্চাল্যং দ্রুপদং সেনয়া বৃতম্ ॥ ৪৩
প্রিয়ং সম্বন্ধিনং রাজন্ শরানবকিরন্ বহূন্।
অগ্নিনেব প্রদগ্ধানি বনানি শিশিরাত্যয়ে ॥ ৪৪

সেই সময় যুদ্ধস্থলে যুদ্ধরত সকল যোদ্ধার মধ্যে মহা হাহাকার পড়িয়া গেল। তেজের সহিত তেজ প্রতিদ্বন্দ্বিতার জন্য মিলিত হইয়াছে—এই কথা বলিয়া সকলে বিস্মিত হইল ॥ ৩৮

ভরতশ্রেষ্ঠ! সেই সময় রাজা শল্য হস্তে গদা লইয়া নিজ রথ হইতে নামিয়া পড়িলেন এবং গদাঘাতে শঙ্খের চারিটি অশ্বকে নিহত করিলেন ॥ ৩৯

অশ্ব নিহত হইলে শঙ্খ হাতে তরবারি লইয়া রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং অর্জুনের রথে আরোহণ করিয়া পুনরায় শান্তিলাভ করিলেন ॥ ৪০

তারপর ভীষ্মের রথ হইতে অতিদ্রুত পক্ষযুক্ত বাণপক্ষিসমূহ উড়িতে লাগিল, যাহারা তখন সমগ্র পৃথিবী ও আকাশমণ্ডলকে চারিদিকে আবৃত করিয়াছিল ॥ ৪১

যোদ্ধাদিগের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম পাঞ্চাল, মৎস্য, কেকয় ও প্রভদ্রক বীরগণকে নিজ বাণসমূহে নিহত করিয়া ভূপাতিত করিতে লাগিলেন ॥ ৪২

রাজন্! ভীষ্ম সমরাঙ্গণে সব্যসাচী অর্জুনকে পরিত্যাগ করিয়া সৈন্যে পরিবৃত পাঞ্চালরাজ দ্রুপদের দিকে ধাবিত হইলেন এবং নিজের প্রিয় সম্বন্ধীর উপর বহু বাণ বর্ষণ করিতে লাগিলেন।

যেরূপ গ্রীষ্ম ঋতুতে অগ্নি দ্বারা সমগ্র বনভূমি দগ্ধ হইয়া যায়, সেইরূপ দ্রুপদের সমস্ত সৈন্য ভীষ্মের বাণসমূহে দগ্ধ হইতেছে দেখা যাইল ॥

শরদগ্ধান্যদৃশ্যন্ত সৈন্যানি দ্রুপদস্য হ।
অত্যতিষ্ঠদ্ রণে ভীষ্মো বিধূম ইব পাবকঃ ॥ ৪৫
মধ্যংদিনে যথাদিত্যং তপন্তমিব তেজসা।
ন শেকুঃ পাণ্ডবেয়স্য যোধা ভীষ্মং নিরীক্ষিতুম্ ॥ ৪৬
বীক্ষাঞ্চক্রুঃ সমন্তাৎ তে পাণ্ডবা ভয়পীড়িতাঃ।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত গাবঃ শীতার্দিতা ইব ॥ ৪৭
সা তু যৌধিষ্ঠিরী সেনা গাঙ্গেয়শরপীড়িতা।
সিংহেনেব বিনির্ভিন্না শুক্লা গৌরিব গোপতে ॥ ৪৮
হতে বিপ্রদ্রুতে সৈন্যে নিরুৎসাহে বিমর্দিতে।
হাহাকারো মহানাসীৎ পাণ্ডুসৈন্যেষু ভারত ॥ ৪৯
ততো ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকার্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব ॥ ৫০
শরৈরেকায়নীকুর্বন্ দিশঃ সর্বা যতব্রতঃ।
জঘান পাণ্ডবরথানাদিশ্যাদিশ্য ভারত ॥ ৫১

সেই সময় ভীষ্ম রণভূমিতে ধূমহীন অগ্নির ন্যায় অবস্থান করিতেছিলেন। যেরূপ মধ্যাহ্নকালে স্বীয় তেজে সন্তপ্ত সূর্য্যের দিকে দৃষ্টিপাত করা কঠিন, সেইরূপ পাণ্ডবসৈন্যের পক্ষেও তখন ভীষ্মের দিকে দৃষ্টিপাত করিবার কোন সামর্থ্য ছিল না ॥ ৪৩-৪৬

পাণ্ডবযোদ্ধারা ভয়ে পীড়িত হইয়া চারিদিকে দেখিতে লাগিল; কিন্তু সেই সময় শীতপীড়িত গোসকলের ন্যায় নিজেদের কোন রক্ষক পাইল না ॥ ৪৭

ভূপাল! গঙ্গানন্দন ভীষ্মের বাণে পীড়িত সেই যুধিষ্ঠিরের (শ্বেতবস্ত্র পরিহিত) সৈন্যবাহিনী সিংহকর্ত্তৃক ছিন্ন ভিন্ন শ্বেতবর্ণা ধেনুর ন্যায় প্রতীত হইতে লাগিল ॥ ৪৮

ভারত! পাণ্ডববাহিনীর বহু সৈন্য সেই সময় নিহত হইল, কতক পলাইয়া গেল এবং কতক বিমর্দ্দিত হইল এবং কতক উৎসাহশূন্য হইয়া পড়িল। এইরূপে পাণ্ডবসৈন্যগণের মধ্যে মহা হাহাকার রব উঠিল ॥ ৪৯

সেই শান্তনুনন্দন ভীষ্ম নিজের ধনু নিরন্তর আকর্ষণ করিতে করিতে গোলাকার করিয়া ফেলিলেন এবং তাহাদ্বারা বিষাক্ত সর্পসদৃশ ভয়ঙ্কর ও প্রজ্জ্বলিতাগ্র বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ৫০

ভারত! নিয়মপূর্ব্বক ব্রতপালনকারী ভীষ্ম সকল দিকে প্রভূত বাণবর্ষণ করিয়া কেবল একটি পথই (বাণপথই) প্রস্তুত করিলেন এবং পাণ্ডব-রথিগণের নাম উল্লেখ করিতে করিতে তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥ ৫১

ততঃ সৈন্যেষু ভগ্নেষু মথিতেষু চ সর্বশঃ।
প্রাপ্তে চাস্তং দিনকরে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৫২
ভীষ্মঞ্চ সমুদীর্য্যন্তং দৃষ্ট্বা পার্থা মহাহবে।
অবহারমকুর্বন্ত সৈন্যানাং ভরতর্ষভ ॥ ৫৩

তারপর যখন সমগ্র সৈন্যবাহিনী মথিত হইয়া পড়িল, ব্যূহ ভগ্ন হইল এবং সূর্য্যদেব অস্তাচলে গমন করিলেন, এই অবস্থায় তখন আর কিছুই জানা গেল না ॥ ৫২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি শঙ্খযুদ্ধে প্রথমদিবসাবহারে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৪৯

ভরতশ্রেষ্ঠ! এদিকে সেই মহাযুদ্ধে ভীষ্মের বেগকে ক্রমবর্দ্ধমান দেখিয়া কুন্তীপুত্রগণ স্বীয় বাহিনীকে যুদ্ধক্ষেত্র হইতে সরাইয়া লইলেন ॥ ৫৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মপর্ব্বে শঙ্খের যুদ্ধ ও প্রথমদিনের যুদ্ধের উপসংহারবিষয়ক একোনপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[যুধিষ্ঠিরস্য চিন্তা, ভগবতঃ শ্রীকৃষ্ণস্যাশ্বাসদানম্, ধৃষ্টদ্যুম্নস্যোৎসাহঃ, দ্বিতীয়দিবসস্য যুদ্ধায় ক্রৌঞ্চারুণব্যূহনির্মাণঞ্চ।]

সঞ্জয় উবাচ।
কৃতেঽবহারে সৈন্যানাং প্রথমে ভরতর্ষভ।
ভীষ্মে চ যুদ্ধসংরব্ধে হৃষ্টে দুর্য্যোধনে তথা ॥ ১
ধর্মরাজস্ততস্তূর্ণমভিগম্য জনার্দনম্।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্বৈঃ সর্বৈশ্চৈব জনেশ্বরৈঃ ॥ ২
শুচা পরময়া যুক্তশ্চিন্তয়ানঃ পরাজয়ম্।
বার্ষ্ণেয়মব্রবীদ্ রাজন্ দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্ ॥ ৩
কৃষ্ণ পশ্য মহেষ্বাসং ভীষ্মং ভীমপরাক্রমম্।
শরৈর্দহন্তং সৈন্যং মে গ্রীষ্মে কক্ষমিবানলম্ ॥ ৪

পঞ্চাশত্তম অধ্যায়।

[যুধিষ্ঠিরের চিন্তা, ভগবান্ শ্রীকৃষ্ণের আশ্বাসদান, ধৃষ্টদ্যুম্নের উৎসাহ এবং দ্বিতীয় দিনের যুদ্ধের জন্য ক্রৌঞ্চারুণ-ব্যূহনির্ম্মাণ।]

সঞ্জয় কহিলেন,—ভরতশ্রেষ্ঠ! প্রথম দিনের যুদ্ধে যখন পাণ্ডবসেনা পশ্চাদপসারণ করে, ভীষ্মের যুদ্ধ বিষয়ক উৎসাহ বাড়িয়া যায় এবং দুর্য্যোধন যখন অতিরিক্ত হর্ষে উল্লসিত হইয়া উঠিলেন, তখন ধর্ম্মরাজ যুধিষ্ঠির স্বীয় ভ্রাতৃবৃন্দ ও সম্পূর্ণ রাজমণ্ডলীর সহিত অতিসত্বর ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট গমন করিলেন এবং অত্যন্ত শোকে সন্তপ্ত হইয়া ভীষ্মের পরাক্রম দর্শন করত নিজের পরাজয়ের কথা চিন্তা করিতে করিতে বৃষ্ণিবংশভূষণ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন ॥ ১-৩

হে কৃষ্ণ! আপনি নিরীক্ষণ করুন—মহাধনুর্দ্ধর ও ভয়ঙ্কর পরাক্রমী ভীষ্ম স্বীয় বাণসমূহে আমার সৈন্যবাহিনীকে সেইভাবে দগ্ধ করিতেছেন, যেরূপ গ্রীষ্মঋতুতে সংলগ্ন অগ্নি তৃণগুল্মাদিকে দগ্ধ করিয়া থাকে ॥ ৪

কথমেনং মহাত্মানং শক্ষ্যামঃ প্রতিবীক্ষিতুম্।
লেলিহ্যমানং সৈন্যং মে হবিষ্মন্তমিবানলম্ ॥ ৫
এতং হি পুরুষব্যাঘ্রং ধনুষ্মন্তং মহাবলম্।
দৃষ্ট্বা বিপ্রদ্রুতং সৈন্যং সমরে মার্গণাহতম্ ॥ ৬
শক্যো জেতুং যমঃ ক্রুদ্ধো বজ্রপাণিশ্চ সংযুগে।
বরুণঃ পাশভৃদ্ বাপি কুবেরো বা গদাধরঃ ॥ ৭
ন তু ভীষ্মো মহাতেজাঃ শক্যো জেতুং মহাবলঃ
সোঽহমেবংগতে মগ্নো ভীষ্মাগাধজলেঽপ্লবে ॥ ৮

যেরূপ অগ্নিদেব প্রজ্বলিত হইয়া ঘৃতাহুতি গ্রহণ করেন, সেইরূপ মহাত্মা ভীষ্মও স্বীয় বাণরূপ জিহ্বাতে আমার সৈন্যগণকে লেহন করিতেছেন। আমরা কিভাবে প্রতীকারের জন্য ইঁহাকে দেখিতে পারি—কিভাবে আমরা ইঁহার সম্মুখীন হইব? ৫

হস্তে ধনু গ্রহণকারী এই মহাবল পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে দেখিয়া এবং রণাঙ্গণে তাঁহার বাণসমূহে আহত হইয়া আমার সৈন্যরা পলায়ন করিতেছে ॥ ৬

ক্রুদ্ধ যম, বজ্রপাণি ইন্দ্র, পাশধারী বরুণ অথবা গদাধারী কুবেরকে যদিও কখনও যুদ্ধে জয় করা সম্ভব হয়, তথাপি এই মহাতেজস্বী ও মহাবল ভীষ্মকে জয় করা কখনই সম্ভব হইবে না।

কেশব! এরূপ অবস্থায় আমি স্বীয় বুদ্ধির দুর্ব্বলতাবশতঃ ভীষ্মের সহিত যুদ্ধে সম্মুখীন হইয়া ভীষ্মরূপ অগাধজলরাশিতে নৌকা ব্যতীত নিমগ্ন হইয়া যাইতেছি।

আত্মনো বুদ্ধিদৌর্বল্যাদ্ ভীষ্মমাসাদ্য কেশব।
বনং যাস্যামি বার্ষ্ণেয় শ্রেয়ো মে তত্র জীবিতুম্ ॥ ৯
ন হ্যেতান্ পৃথিবীপালান্ দাতুং ভীষ্মায় মৃত্যবে।
ক্ষপয়িষ্যতি সেনাং মে কৃষ্ণ ভীষ্মো মহাস্ত্রবিৎ ॥ ১০
যথানলং প্রজ্বলিতং পতঙ্গাঃ সমভিদ্রুতাঃ।
বিনাশায়োপগচ্ছন্তি তথা মে সৈনিকো জনঃ ॥ ১১
ক্ষয়ং নীতোঽস্মি বার্ষ্ণেয় রাজ্যহেতোঃ পরাক্রমী।
ভ্রাতরশ্চৈব মে বীরাঃ কর্শিতাঃ শরপীড়িতাঃ ॥ ১২
মৎকৃতে ভ্রাতৃহার্দেন রাজ্যাদ্ ভ্রষ্টাস্তথা সুখাৎ।
জীবিতং বহু মন্যেঽহং জীবিতং হ্যদ্য দুর্লভম্ ॥ ১৩
জীবিতস্য চ শেষেণ তপস্তপ্স্যামি দুশ্চরম্।
ন ঘাতয়িষ্যামি রণে মিত্রাণীমানি কেশব ॥ ১৪
রথান্ মে বহুসাহস্রান্ দিব্যৈরস্ত্রৈর্মহাবলঃ।
ঘাতয়ত্যনিশং ভীষ্মঃ প্রবরাণাং প্রহারিণাম ॥ ১৫

হে বৃষ্ণিকুলতিলক গোবিন্দ! এখন আমি বনে চলিয়া যাইব। সেখানে জীবনযাপন করাই আমার পক্ষে কল্যাণকর হইবে। এই ভূপতিগণকে বৃথা ভীষ্মরূপ মৃত্যুর হস্তে সমর্পণ করা শ্রেয়স্কর হইবে না॥

হে কৃষ্ণ! ভীষ্ম মহাস্ত্রসমূহে অভিজ্ঞ। তিনি আমার সমগ্র সৈন্যবাহিনীকে সংহার করিয়া ফেলিবেন। যেরূপ পতঙ্গগণ বিনাশের জন্যই প্রজ্বলিত অগ্নিতে লাফাইয়া পড়ে, সেইরূপ আমার সৈন্যেরাও নিজেদের বিনাশের জন্যই ভীষ্মের নিকটে গমন করিতেছে॥ ৭-১১

বৃষ্ণিবংশসম্ভূত কৃষ্ণ! রাজ্যের জন্য পরাক্রম করত আমি সর্ব্বতোভাবে ক্ষীণ হইয়া পড়িব। আমার বীর ভ্রাতৃগণ বাণ-সমূহে পীড়িত হইয়া অত্যন্ত কৃশ হইয়া যাইবে। ১২

ইহারা বন্ধুজনোচিত সৌহার্দ্দবশতঃ আমার জন্য রাজ্য ও সুখ-ভোগ হইতে বঞ্চিত হইয়া দুঃখভোগ করিতেছে। এই সময়ে আমি ইহাদের ও আমার জীবনকেই অধিক বলিয়া মনে করি, কারণ, আজ আমাদের জীবনও দুর্লভ হইয়া পড়িয়াছে। ১৩

কেশব! যদি জীবন অবশিষ্ট থাকে, তবে আমি দুষ্কর তপস্যা করিব; তথাপি এই রণক্ষেত্রে আমি মিত্রদিগকে বৃথা হত্যা করাইব না। ১৪

মহাবল ভীষ্ম স্বীয় দিব্য অস্ত্রসমূহে আমার পক্ষের শ্রেষ্ঠ কয়েক

কিং নু কৃত্বা হিতং মে স্যাদ্ ব্রূহি মাধব মাচিরম্।
মধ্যস্থমিব পশ্যামি সমরে সব্যসাচিনম্ ॥ ১৬
একো ভীমঃ পরং শক্ত্যা যুধ্যত্যেব মহাভুজঃ।
কেবলং বাহুবীর্য্যেণ ক্ষত্রধর্মমনুস্মরন্ ॥ ১৭
গদয়া বীরঘাতিন্যা যথোৎসাহং মহামনাঃ।
করোত্যসুকরং কর্ম রথাশ্ব-নর-দন্তিষু ॥ ১৮
নালমেষ ক্ষয়ং কর্তুং পরসৈন্যস্য মারিষ।
আর্জবেনৈব যুদ্ধেন বীর বর্ষশতৈরপি ॥ ১৯
একোঽস্ত্রবিৎ সখা তেঽয়ং সোঽপ্যস্মান্ সমুপেক্ষতে
নির্দহ্যমানান্ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥ ২০
দিব্যান্যস্ত্রাণি ভীষ্মস্য দ্রোণস্য চ মহাত্মনঃ।
ধক্ষ্যন্তি ক্ষত্রিয়ান্ সর্বান্ প্রযুক্তানি পুনঃ পুনঃ ॥ ২১
কৃষ্ণ ভীষ্মঃ সুসংরব্ধঃ সহিতঃ সর্বপার্থিবৈঃ।
ক্ষপয়িষ্যতি নো নূনং যাদৃশোঽস্য পরাক্রমঃ ॥ ২২

সহস্র রথীকে নিরন্তর সংহার করিয়া যাইতেছেন॥ ১৫

মাধব! শীঘ্র বলুন—কি করিলে আমাদের হিত হইবে? সব্যসাচী অর্জুনকে ত' আমি এই যুদ্ধে মধ্যস্থ (উদাসীন) দেখিতেছি॥ ১৬

একমাত্র মহাবাহু ভীমসেনই ক্ষত্রিয়ধর্ম্মের দিকে লক্ষ্য রাখিয়া কেবল বাহুবলেরই আশ্রয় গ্রহণপূর্ব্বক পূর্ণশক্তি প্রয়োগে যুদ্ধ করিয়া যাইতেছে॥ ১৭

মহামনা ভীমসেন নিজের বীরঘাতিনী গদাদ্বারা রথ, অশ্ব, মনুষ্য ও হস্তিদিগের উপর স্বীয় দুষ্কর পরাক্রম প্রকাশ করিতেছে॥

মাননীয় বীর শ্রীকৃষ্ণ! যদি এরূপ সরলতার সহিত যুদ্ধ করা হয়, তবে শতবর্ষেও ভীমসেন একাকী শত্রুসৈন্যগণকে বিনাশ করিতে পারিবে না॥ ১৮-১৯

কেবল আপনার সখা অর্জুনই দিব্যাস্ত্রসমূহে অভিজ্ঞ, কিন্তু সে-ও মহাত্মা ভীষ্ম ও দ্রোণাচার্য্যকর্ত্তৃক আমাদিগকে দগ্ধ হইতে দেখিয়াও উপেক্ষা করিয়া যাইতেছে॥ ২০

মহাত্মা ভীষ্ম ও দ্রোণাচার্য্যের দিব্য অস্ত্রসমূহ পুনঃপুনঃ প্রযুক্ত হইয়া সমস্ত ক্ষত্রিয়গণকেই ভস্ম করিয়া ফেলিবে। ২১

শ্রীকৃষ্ণ! অত্যন্ত ক্রুদ্ধ ভীষ্ম স্বপক্ষের সকল ভূপতিবৃন্দের সহিত মিলিত হইয়া নিশ্চয়ই আমাদিগকে বিনাশ করিয়া ফেলিবেন। ইঁহার যেরূপ পরাক্রম, ইহাতে তাহাই সূচিত হইতেছে। ২২

স ত্বং পশ্য মহাভাগ যোগেশ্বর মহারথম্।
ভীষ্মং যঃ শময়েৎ সংখ্যে দাবাগ্নিং জলদো যথা ২৩
তব প্রসাদাদ্ গোবিন্দ পাণ্ডবা নিহতদ্বিষঃ।
স্বরাজ্যমনুসম্প্রাপ্তা মোদিষ্যন্তে সবান্ধবাঃ॥ ২৪
এবমুক্ত্বা ততঃ পার্থো ধ্যায়ন্নাস্তে মহামনাঃ।
চিরমন্তর্মনা ভূত্বা শোকোপহতচেতনঃ।
শোকার্তং তমথো জ্ঞাত্বা দুঃখোপহতচেতসম্॥ ২৫
অব্রবীৎ তত্র গোবিন্দো হর্ষয়ন্ সর্বপাণ্ডবান্।
মা শুচো ভরতশ্রেষ্ঠ ন ত্বং শোচিতুমর্হসি॥ ২৬
যস্য তে ভ্রাতরঃ শূরাঃ সর্বলোকেষু ধন্বিনঃ।
অহঞ্চ প্রিয়কৃদ্ রাজন্ সাত্যকিশ্চ মহাযশাঃ॥ ২৭
বিরাট-দ্রুপদৌ চেমৌ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
তথৈব সবলাশ্চেমে রাজানো রাজসত্তম॥ ২৮
ত্বৎপ্রসাদং প্রতীক্ষন্তে ত্বদ্ভক্তাশ্চ বিশাম্পতে।
এষ তে পার্ষতো নিত্যং হিতকামঃ প্রিয়ে রতঃ॥ ২৯
সৈনাপত্যমনুপ্রাপ্তো ধৃষ্টদ্যুম্নো মহাবলঃ।
শিখণ্ডী চ মহাবাহো ভীষ্মস্য নিধনং কিল॥ ৩০
(করিষ্যতি ন সন্দেহো নৃপাণাং যুধি পশ্যতাম্)
এতচ্ছ্রুত্বা ততো রাজা ধৃষ্টদ্যুম্নং মহারথম্।
অব্রবীৎ সমিতৌ তস্যাং বাসুদেবস্য শৃণ্বতঃ॥ ৩১
ধৃষ্টদ্যুম্ন নিবোধেদং যৎ ত্বাং বক্ষ্যামি মারিষ।
নাতিক্রম্যং ভবেৎ তচ্চ বচনং মম ভাষিতম্॥ ৩২
ভবান্ সেনাপতির্মহ্যং বাসুদেবেন সম্মিতঃ।
কার্ত্তিকেয়ো যথা নিত্যং দেবানামভবৎ পুরা॥ ৩৩
তথা ত্বমপি পাণ্ডূনাং সেনানীঃ পুরুষর্ষভ।
(তচ্ছ্রুত্বা জহৃষুঃ পার্থাঃ পার্থিবাশ্চ মহারথাঃ।
সাধু সাধ্বিতি তদ্বাক্যমূচুঃ সর্বে মহীক্ষিতঃ॥
পুনরপ্যব্রবীদ্ রাজা ধৃষ্টদ্যুম্নং মহাবলম্॥)

মহাভাগ যোগেশ্বর! আপনি সেরূপ কোন একজন যোদ্ধাকে অন্বেষণ করুন, যিনি রণাঙ্গনে ভীষ্মকে সেইভাবে শান্ত করিতে পারিবেন, যেরূপ জলবর্ষণকারী মেঘ দাবানলকে শান্ত করিয়া থাকে॥ ২৩

গোবিন্দ! আপনারই করুণায় পাণ্ডবেরা শত্রুগণকে বিনাশ করিয়া স্বরাজ্যলাভ করত বন্ধু-বান্ধবদিগের সহিত সুখী হইবে॥২৪

এই কথা বলিয়া মহামনা যুধিষ্ঠির শোকে ব্যাকুলচিত্ত হইয়া দীর্ঘক্ষণ পর্য্যন্ত মনকে অন্তর্মুখ করত ধ্যানমগ্ন হইয়া বসিয়া রহিলেন। যুধিষ্ঠিরকে শোকপীড়িত ও দুঃখে ব্যথিতচিত্ত জানিয়া গোবিন্দ সমস্ত পাণ্ডবগণের হর্ষবর্দ্ধন করিতে করিতে বলিলেন॥

ভরতশ্রেষ্ঠ! আপনি শোক করিবেন না। এভাবে শোকপ্রকাশ করা আপনার উচিত নয়। আপনার এই সব বীর ভ্রাতারা সর্ব্বলোকেই বিখ্যাত ধনুর্দ্ধর। রাজন্! আমিও আপনার প্রিয়কারী। নৃপশ্রেষ্ঠ! মহাযশস্বী সাত্যকি, বিরাট, দ্রুপদ, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন এবং সৈন্যসহ অন্যান্য সকল রাজারাও আপনার কৃপাপ্রসাদের প্রতীক্ষা করিতেছেন। মহারাজ! ইঁহারা সকলেই আপনার ভক্ত॥

এই দ্রুপদপুত্র মহাবল ধৃষ্টদ্যুম্নও সদা আপনার হিতকামী এবং আপনার প্রিয়সাধনে তৎপর থাকিয়া ইনিই প্রধান সেনাপতির গুরুতর ভার গ্রহণ করিয়াছেন। মহাবাহো! সমস্ত নরপতিগণের দৃষ্টিপথের মধ্যেই এই শিখণ্ডী ভীষ্মকে বধ করিবে—ইহাতে কোন সংশয় নাই॥ ২৫-৩০

ইহা শুনিয়া তখন ধর্ম্মরাজ যুধিষ্ঠির ভগবান্ শ্রীকৃষ্ণকে শুনাইতে শুনাইতে সেই সভায় মহারথ ধৃষ্টদ্যুম্নকে বলিলেন॥ ৩১

আদরণীয় বীর ধৃষ্টদ্যুম্ন! আমি তোমাকে যাহা কিছু বলিব, তাহা তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর। আমার এই কথিত বাক্য তুমি উল্লঙ্ঘন করিও না॥ ৩২

তুমি আমার সেনাপতি এবং বসুদেবনন্দন শ্রীকৃষ্ণের ন্যায় পরাক্রমী। পুরুষশ্রেষ্ঠ! পুরাকালে ভগবান্ কার্ত্তিকেয় যেরূপ দেবতাগণের সেনাপতি হইয়াছিলেন, সেইরূপ তুমিও পাণ্ডবগণের সেনাপতি হও। (যুধিষ্ঠিরের এই কথা শুনিয়া অন্যান্য পাণ্ডবগণ ও মহারথ ভূপতিবৃন্দ সকলেই 'সাধু, সাধু' বলিয়া তাঁহার এই বাক্যকে প্রশংসা করিতে লাগিলেন। তারপর রাজা যুধিষ্ঠির পুনরায় মহাবল ধৃষ্টদ্যুম্নকে বলিলেন।) পুরুষশ্রেষ্ঠ! তুমি স্বীয় পরাক্রমপ্রকাশ করিয়া কৌরবগণকে নাশ কর। পুরুষরত্ন! আমি, ভীমসেন, শ্রীকৃষ্ণ, মাদ্রীনন্দন নকুল-সহদেব, দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং অন্য প্রধান প্রধান ভূপতিগণ কবচ ধারণ করত তোমার অনুগমন করিব॥

স ত্বং পুরুষশার্দূল বিক্রম্য জহি কৌরবান্ ॥ ৩৪
অহঞ্চ তেঽনুযাস্যামি ভীমঃ কৃষ্ণশ্চ মারিষ।
মাদ্রীপুত্রৌ চ সহিতৌ দ্রৌপদেয়াশ্চ দংশিতাঃ ॥ ৩৫

যে চান্যে পৃথিবীপালাঃ প্রধানাঃ পুরুষর্ষভ।
তত উদ্ধর্ষয়ন্ সর্বান্ ধৃষ্টদ্যুম্নোঽভ্যভাষত ॥ ৩৬

অহং দ্রোণান্তকঃ পার্থ বিহিতঃ শম্ভুনা পুরা।
রণে ভীষ্মং কৃপং দ্রোণং তথা শল্যং জয়দ্রথম্ ॥ ৩৭

সর্বানদ্য রণে দৃপ্তান্ প্রতিযোৎস্যামি পার্থিব।
অথোৎক্রুষ্টং মহেষ্বাসৈঃ পাণ্ডবৈর্যুদ্ধদুর্মদৈঃ ॥ ৩৮

সমুদ্যতে পার্থিবেন্দ্রে পার্ষতে শত্রুসূদনে।
তমব্রবীৎ ততঃ পার্থঃ পার্ষতং পৃতনাপতিম্ ॥ ৩৯

ব্যূহঃ ক্রৌঞ্চারুণো নাম সর্বশত্রুনিবর্হণঃ।
যং বৃহস্পতিরিন্দ্রায় তদা দেবাসুরেঽব্রবীৎ ॥ ৪০
তং যথাবৎ প্রতিব্যূহ পরানীকবিনাশনম্।
অদৃষ্টপূর্বং রাজানঃ পশ্যন্তু কুরুভিঃ সহ ॥ ৪১

যথোক্তঃ স নৃদেবেন বিষ্ণুর্বজ্রভৃতা যথা।
(বার্হস্পত্যেন বিধিনা ব্যূহমার্গবিচক্ষণঃ)
প্রভাতে সর্বসৈন্যানামগ্রে চক্রে ধনঞ্জয়ম্ ॥ ৪২

আদিত্যপথগঃ কেতুস্তস্যাদ্ভুতমনোরমঃ।
শাসনাৎ পুরুহূতস্য নির্মিতো বিশ্বকর্মণা ॥ ৪৩

ইন্দ্রায়ুধসবর্ণাভিঃ পতাকাভিরলঙ্কৃতঃ।
আকাশগ ইবাকাশে গন্ধর্বনগরোপমঃ ॥ ৪৪

নৃত্যমান ইবাভাতি রথচর্য্যাসু মারিষ।
তেন রত্নবতা পার্থঃ স চ গাণ্ডীবধন্বনা ॥ ৪৫

বভূব পরমোপেতঃ সুমেরুরিব ভানুনা।
শিরোঽভূদ্ দ্রুপদো রাজন্ মহত্যা সেনয়া বৃতঃ ॥ ৪৬

কুন্তিভোজশ্চ চৈদ্যশ্চ চক্ষুর্ভ্যাং তৌ জনেশ্বরৌ।
দাশার্ণকাঃ প্রভদ্রাশ্চ দাশেরকগণৈঃ সহ ॥ ৪৭

তখন ধৃষ্টদ্যুম্ন সকলের হর্ষবর্দ্ধন করিতে করিতে বলিলেন,—পার্থ! আমাকে ভগবান্ শঙ্কর পূর্ব্ব হইতেই দ্রোণাচার্য্যের কালরূপে উৎপন্ন করিয়াছেন। ভূপতে! আজ আমি রণাঙ্গনে ভীষ্ম, কৃপাচার্য্য, দ্রোণাচার্য্য, শল্য ও জয়দ্রথ—এই সকল অভিমানী যোদ্ধাদিগের সহিত প্রতিযুদ্ধ করিব॥

ইহা শুনিয়া যুদ্ধের জন্য উন্মত্ত মহাধনুর্দ্ধর পাণ্ডবগণ উচ্চৈঃস্বরে সিংহনাদ করিলেন এবং শত্রুনাশন নৃপশ্রেষ্ঠ দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন এইভাবে যুদ্ধের জন্য উদ্যত হইলে কুন্তীপুত্র যুধিষ্ঠির সেনাপতি দ্রুপদতনয়কে পুনরায় এই কথা বলিলেন॥ ৩৩-৩৯

সেনাপতি! ক্রৌঞ্চারুণনামক ব্যূহ সকল শত্রুকে সংহার করে; যাহা বৃহস্পতি দেবাসুর-সংগ্রামের সময় ইন্দ্রকে উপদেশ করিয়াছিলেন॥ ৪০

শত্রুসৈন্যনাশক সেই ক্রৌঞ্চারুণ ব্যূহকে তুমি যথাযথরূপে নির্ম্মাণ কর, আজ সমস্ত রাজারা কৌরবগণের সহিত এই অদৃষ্টপূর্ব্ব ব্যূহকে স্বচক্ষে অবলোকন করুন॥ ৪১

যেরূপ বজ্রধারী ইন্দ্র ভগবান্ বিষ্ণুকে স্ব-বক্তব্য বলিয়া থাকেন, সেইরূপ নরদেব যুধিষ্ঠির ধৃষ্টদ্যুম্নকে পূর্ব্বোক্ত বাক্য বলিলে পর ব্যূহরচনায় নিপুণ ধৃষ্টদ্যুম্ন বৃহস্পতিকথিত বিধি অনুসারে প্রাতঃকালেই (সূর্য্যোদয়ের পূর্ব্বে) সমস্ত সৈন্যের ব্যূহ নির্ম্মাণ করিলেন, সেখানে সকল সৈন্যের অগ্রভাগে অর্জ্জুনকে স্থাপিত করিলেন॥ ৪২

অর্জ্জুনের অদ্ভুত ও মনোরম ধ্বজ সূর্য্যের পথে (উচ্চ আকাশে) উড়িতে ছিল। ইন্দ্রের আদেশে সাক্ষাৎ বিশ্বকর্ম্মা ইহাকে নির্ম্মাণ করিয়াছিলেন॥ ৪৩

ইন্দ্রধনুতুল্য বর্ণবিশিষ্ট পতাকাসমূহে সেই ধ্বজের আরও শোভা বৃদ্ধি পাইতেছিল। ঐ ধ্বজ আকাশে আকাশচারী পক্ষীর ন্যায় বিনা আধারেই চলিতেছিল, তখন ইহা যেন অপর একটি গন্ধর্ব্বনগররূপে প্রতীত হইতেছিল॥ ৪৪

আর্য্য! রথের মার্গে অর্জ্জুনের ঐ ধ্বজ যেন নৃত্য করিতেছে বলিয়া প্রতীত হইতেছিল। এই রত্নমণ্ডিত ধ্বজ দ্বারা অর্জ্জুন এবং গাণ্ডীবধারী অর্জ্জুন কর্তৃক ঐ ধ্বজ সেইরূপ শোভাপ্রাপ্ত হইতে লাগিলেন, যেরূপ সূর্য্যদ্বারা সুমেরু পর্ব্বত ও সুমেরু পর্ব্বতের দ্বারা সূর্য্য শোভাপ্রাপ্ত হন॥

রাজন্! আপনার বিশাল সৈন্যের সহিত রাজা দ্রুপদ সেই ব্যূহের শিরস্থানে আছেন। কুন্তিভোজ ও ধৃষ্টকেতু—এই দুই নরপতি ব্যূহের নেত্রস্থানে প্রতিষ্ঠিত হইলেন। ভরতশ্রেষ্ঠ! দাশার্ণক, দাশেরকসমূহের সহিত প্রভদ্রক, অনূপক ও কিরাতগণ গ্রীবাস্থানে অবস্থান করিতে লাগিলেন॥

অনূপকাঃ কিরাতাশ্চ গ্রীবায়াং ভরতর্ষভ।
পটচ্চরৈশ্চ পৌণ্ড্রৈশ্চ রাজন্ পৌরবকৈস্তথা ॥ ৪৮
নিষাদৈঃ সহিতশ্চাপি পৃষ্ঠমাসীদ্ যুধিষ্ঠিরঃ।
পক্ষৌ তু ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ৪৯
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
পিশাচা দারদাশ্চৈব পুণ্ড্রাঃ কুণ্ডীবিষৈঃ সহ ॥ ৫০
মারুতা ধেনুকাশ্চৈব তঙ্গণাঃ পরতঙ্গণাঃ।
বাহ্লিকাস্তিত্তিরাশ্চৈব চোলাঃ পাণ্ড্যাশ্চ ভারত ॥ ৫১
এতে জনপদা রাজন্ দক্ষিণং পক্ষমাশ্রিতাঃ।
অগ্নিবেশ্যাস্তু হুণ্ডাশ্চ মালবা দানভারয়ঃ ॥ ৫২
শবরা উদ্ভসাশ্চৈব বৎসাশ্চ সহ নাকুলৈঃ।
নকুলঃ সহদেবশ্চ বামং পক্ষং সমাশ্রিতাঃ ॥৫৩
রথানামযুতং পক্ষৌ শিরস্তু নিযুতং তথা।
পৃষ্ঠমর্বুদমেবাসীৎ সহস্রাণি চ বিংশতিঃ ॥ ৫৪
গ্রীবায়াং নিযুতঞ্চাপি সহস্রাণি চ সপ্ততিঃ।
পক্ষকোটিপ্রপক্ষেষু পক্ষান্তেষু চ বারণাঃ ॥ ৫৫
জগ্মুঃ পরিবৃতা রাজংশ্চলন্ত ইব পর্বতাঃ।
জঘনং পালয়ামাস বিরাটঃ সহ কেকয়ৈঃ ॥ ৫৬
কাশিরাজশ্চ শৈব্যশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ।
এবমেনং মহাব্যূহং ব্যূহ্য ভারত পাণ্ডবাঃ ॥ ৫৭
সূর্য্যোদয়ং ত ইচ্ছন্তঃ স্থিতা যুদ্ধায় দংশিতাঃ।
তেষামাদিত্যবর্ণানি বিমলানি মহান্তি চ।
শ্বেতচ্ছত্রাণ্যশোভন্ত বারণেষু রথেষু চ ॥ ৫৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ক্রৌঞ্চব্যূহনির্মাণে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫০

পটচ্চর, পৌণ্ড্র, পৌরব ও নিষাদগণের সহিত স্বয়ং রাজা যুধিষ্ঠির পৃষ্ঠভাগে বিরাজমান রহিলেন। ভীমসেন ও ধৃষ্টদ্যুম্ন ক্রৌঞ্চব্যূহের দুই পক্ষের স্থানে নিযুক্ত থাকিলেন। রাজন্! দ্রৌপদীর পুত্রগণ, অভিমন্যু ও মহারথী সাত্যকির সহিত পিশাচ, দারদ, পুণ্ড্র, কুণ্ডীবিষ, মারুত, ধেনুক, তঙ্গণ, পরতঙ্গণ, বাহ্লিক তিত্তির, চোল ও পাণ্ড্য—এই জনপদসমূহের সৈন্যরা দক্ষিণপক্ষ আশ্রয় করিয়া রহিলেন ॥

অগ্নিবেশ্য, হুণ্ড, মালব, দানভারি, শবর, উদ্ভস, বৎস ও নাকুল জনপদবাসিগণের সহিত দুই ভ্রাতা নকুল এবং সহদেব বাম পক্ষ আশ্রয় করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৪৫-৫৩

সেই ক্রৌঞ্চপক্ষীর পক্ষ ভাগে দশ হাজার, শিরোভাগে এক লক্ষ (কাহারও মতে দশ লক্ষ), পৃষ্ঠভাগে এক অর্বুদ (দশ কোটি) বিশ হাজার এবং গ্রীবাদেশে এক লক্ষ (কাহারও মতে দশ লক্ষ) সত্তর হাজার সৈন্য নিযুক্ত ছিল ॥

রাজন্! পক্ষ, কোটি (অগ্রভাগ), প্রপক্ষ (পক্ষের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষ) ও পক্ষান্ত ভাগে চলমান পর্ব্বতসমূহের ন্যায় হস্তিগণ সৈন্যে পরিবৃত হইয়া গমন করিল ॥

রাজা বিরাট কেকয়রাজকুমারগণের সহিত সেই ব্যূহের জঘন (কটির অগ্রভাগ) প্রদেশ রক্ষা করিতে লাগিলেন। কাশিরাজ ও শৈব্য ত্রিশ হাজার রথী বীরের সহিত উহার রক্ষায় নিযুক্ত রহিলেন ॥

ভারত! এইভাবে পাণ্ডবগণ ক্রৌঞ্চারুণনামক মহাব্যূহ রচনা করিয়া সূর্য্যোদয়ের প্রতীক্ষা করিতে করিতে যুদ্ধের জন্য কবচ প্রভৃতিতে সুসজ্জিত হইয়া দণ্ডায়মান রহিলেন ॥ ৫৪-৫৭

ইঁহাদের হস্তী ও রথসমূহের উপর সূর্য্যতুল্য প্রকাশমান, নির্ম্মল ও বিশাল শ্বেতচ্ছত্র শোভা পাইতে লাগিল ॥ ৫৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহা-ভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ক্রৌঞ্চব্যূহ নির্ম্মাণ-বিষয়ক পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[কৌরবসৈন্যানাং ব্যূহরচনা, উভয়পক্ষমধ্যে শঙ্খধ্বনিঃ, সিংহনাদশ্চ।]

সঞ্জয় উবাচ।

ক্রৌঞ্চং দৃষ্ট্বা ততো ব্যূহমভেদ্যং তনয়স্তব।
রক্ষ্যমাণং মহাঘোরং পার্থেনামিততেজসা ॥ ১
আচার্য্যমুপসঙ্গম্য কৃপং শল্যঞ্চ পার্থিব।
সৌমদত্তিং বিকর্ণঞ্চ সোঽশ্বত্থামানমেব চ ॥ ২
দুঃশাসনাদীন্ ভ্রাতৄংশ্চ সর্বানেব চ ভারত।
অন্যাংশ্চ সুবহূন্ শূরান্ যুদ্ধায় সমুপাগতান্। ৩
প্রাহেদং বচনং কালে হর্ষয়ংস্তনয়স্তব।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৪
একৈকশঃ সমর্থা হি যূয়ং সর্বে মহারথাঃ।
পাণ্ডুপুত্রান্ রণে হন্তং সসৈন্যান্ কিমু সংহতাঃ ॥ ৫
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তমিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ৬
সংস্থানাঃ শূরসেনাশ্চ বেত্রিকাঃ কুকুরাস্তথা।
আরোচকাস্ত্রিগর্ত্তাশ্চ মদ্রকা যবনাস্তথা ॥ ৭
শত্রুঞ্জয়েন সহিতাস্তথা দুঃশাসনেন চ।
বিকর্ণেন চ বীরেণ তথা নন্দোপনন্দকৈঃ ॥ ৮
চিত্রসেনেন সহিতাঃ সহিতাঃ পারিভদ্রকৈঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু সহসৈন্যপুরস্কৃতাঃ ॥ ৯

(সঞ্জয় উবাচ।

দুর্য্যোধনবচঃ শ্রুত্বা সর্ব এব মহারথাঃ
তথেত্যেনং নৃপা উচুস্তদা দ্রোণপুরোগমাঃ ॥)

ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ তব পুত্রাশ্চ মারিষ।
অব্যূহন্ত মহাব্যূহং পাণ্ডূনাং প্রতিবাধনম্ ॥ ১০
ভীষ্মঃ সৈন্যেন মহতা সমন্তাৎ পরিবারিতঃ।
যযৌ প্রকর্ষন্ মহতীং বাহিনীং সুররাড়িব ॥ ১১
তমন্বয়ান্মহেষ্বাসো ভারদ্বাজঃ প্রতাপবান্।
কুন্তলৈশ্চ দশার্ণৈশ্চ মাগধৈশ্চ বিশাম্পতে ॥ ১২

একপঞ্চাশত্তম অধ্যায়।

[কৌরবসৈন্যের ব্যূহরচনা এবং উভয়পক্ষের মধ্যে শঙ্খধ্বনি ও সিংহনাদ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! সেই অত্যন্ত ভয়ঙ্কর অভেদ্য ক্রৌঞ্চব্যূহকে অমিততেজস্বী অর্জুন কর্ত্তৃক সুরক্ষিত দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন আচার্য্য দ্রোণ, কৃপ, শল্য, ভূরিশ্রবা, বিকর্ণ, অশ্বত্থামা ও দুঃশাসনাদি সকল ভ্রাতা এবং যুদ্ধের জন্য সমবেত অন্যান্য বহু বীরগণের নিকট যাইয়া তাঁহাদের সকলের হর্ষবর্দ্ধন করিতে করিতে এই সময়োচিত বাক্য বলিলেন—হে বীরগণ! আপনারা সকলেই নানাপ্রকার অস্ত্রপ্রয়োগে কুশল ও যুদ্ধবিদ্যায় নিপুণ ॥ ১-৪

আপনারা সকলেই মহারথ। আপনাদের মধ্যে প্রত্যেক যোদ্ধাই সৈন্যসহ পাণ্ডবগণকে বধ করিতে সমর্থ, সুতরাং আপনারা সকলে মিলিত হইয়া তাহাদিগকে পরাজিত করিবেন, ইহাতে আর বলিবার কি আছে? ৫

ভীষ্ম পিতামহকর্ত্তৃক সুরক্ষিত আমাদের সৈন্যবাহিনীকে সর্ব্বথা অজেয়, কিন্তু ভীমসেন কর্ত্তৃক সুরক্ষিত এই পাণ্ডববাহিনীকে জয় করা সুগম, অতএব আমার মতে সংস্থান, শূরসেন, বেত্রিক, কুকুর, আরোচক, ত্রিগর্ত্ত, মদ্রক ও যবন প্রভৃতি দেশবাসী বীরগণ শত্রুঞ্জয়, দুঃশাসন, বীর বিকর্ণ, নন্দ, উপনন্দ, চিত্রসেন ও পারিভদ্রক বীরবৃন্দের সহিত যাইয়া নিজ সৈন্যদিগকে অগ্রভাগে স্থাপন করত ভীষ্মকেই রক্ষা করুন ॥ ৬-৯

(সঞ্জয় বলিলেন,—মহারাজ! দুর্য্যোধনের এই কথা শুনিয়া দ্রোণাদি সকল মহারথী বীরগণ এবং নৃপগণ সেই সময় "তথাস্তু" বলিয়া তাঁহার বাক্য মানিয়া লইলেন।)

আর্য্য! তারপর ভীষ্ম, দ্রোণ ও আপনার পুত্রগণ মিলিতভাবে স্বীয় সৈন্যের এক মহা ব্যূহরচনা করিলেন। এই ব্যূহ পাণ্ডববাহিনীর পক্ষে বাধাস্বরূপ হইয়াছিল ॥ ১০

তদনন্তর বিরাট সৈন্যবাহিনীতে চারিদিকে পরিবৃত হইয়া ভীষ্ম দেবরাজ ইন্দ্রের ন্যায় বিশাল সৈন্যবাহিনীর সহিত যুদ্ধক্ষেত্র অভিমুখে গমন করিলেন ॥ ১১

তাঁহার পশ্চাতে প্রতাপশালী বীর দ্রোণাচার্য্য যুদ্ধের জন্য প্রস্থান করিলেন। মহারাজ! সেই সময় কুন্তল, দশার্ণ, মাগধ, বিদর্ভ, মেকল ও কর্ণ প্রাবরণাদি দেশবাসী সৈন্যগণের সহিত গান্ধার, সিন্ধু, সৌবীর, শিবি ও বসাতি দেশের বীর ক্ষত্রিয়বৃন্দ যুদ্ধে শোভাপ্রাপ্ত ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন।

বিদর্ভৈর্মেকলৈশ্চৈব কর্ণপ্রাবরণৈরপি।
সহিতাঃ সর্বসৈন্যেন ভীষ্মমাহবশোভিনম্॥ ১৩

গান্ধারাঃ সিন্ধুসৌবীরাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
শকুনিশ্চ সসৈন্যেন ভারদ্বাজমপালয়ৎ॥ ১৪

ততো দুর্যোধনো রাজা সহিতঃ সর্বসোদরৈঃ।
অশ্বাতকৈর্বিকর্ণৈশ্চ তথা চাম্বষ্ঠ-কোশলৈঃ॥ ১৫

দরদৈশ্চ শকৈশ্চৈব তথা ক্ষুদ্রক-মালবৈঃ।
অভ্যরক্ষত সংহৃষ্টঃ সৌবলেয়স্য বাহিনীম্॥ ১৬

ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বামং পার্শ্বমপালয়ন্॥ ১৭

সৌমদত্তিঃ সুশর্মা চ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ দক্ষিণং পক্ষমাস্থিতাঃ॥ ১৮

অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্মা চ সাত্বতঃ।
মহত্যা সেনয়া সার্ধং সেনাপৃষ্ঠে ব্যবস্থিতাঃ॥ ১৯

পৃষ্ঠগোপাস্তু তস্যাসন্ নানাদেশ্যা জনেশ্বরাঃ।
কেতুমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ॥ ২০

ততস্তে তাবকাঃ সর্বে হৃষ্টা যুদ্ধায় ভারত।
দধ্মুঃ শঙ্খান্ মুদা যুক্তাঃ সিংহনাদাংস্তথোন্নদন্॥ ২১

তেষাং শ্রুত্বা তু হৃষ্টানাং বৃদ্ধঃ কুরুপিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্॥ ২২

ততঃ শঙ্খাশ্চ ভের্যশ্চ পণবা বিবিধাঃ পরে।
আনকাশ্চাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ॥ ২৩

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
প্রদধ্মতুঃ শঙ্খবরৌ হেমরত্নপরিষ্কৃতৌ॥ ২৪

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্মা বৃকোদরঃ॥ ২৫

অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ-মণিপুষ্পকৌ॥ ২৬

কাশিরাজশ্চ শৈব্যশ্চ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চ মহারথঃ॥ ২৭

পাঞ্চাল্যাশ্চ মহেষ্বাসা দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
সর্বে দধ্মুর্মহাশঙ্খান্ সিংহনাদাংশ্চ নেদিরে॥ ২৮

শকুনি নিজ সৈন্যবাহিনীর সহিত দ্রোণাচার্যের রক্ষায় নিযুক্ত রহিলেন। তাঁহার পশ্চাতে ভ্রাতৃবর্গের সহিত রাজা দুর্যোধন অত্যন্ত হৃষ্ট হইয়া অশ্বাতক, বিকর্ণ, অম্বষ্ঠ, কোশল, দরদ, শক, ক্ষুদ্রক ও মালবাদি দেশসমূহের যোদ্ধাদিগের সহিত সুবলপুত্র শকুনির সৈন্যগণকে রক্ষা করিতে লাগিলেন॥ ১২-১৬

ভূরিশ্রবা, শল, শল্য, মাননীয় রাজা ভগদত্ত এবং অবন্তীদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ সেই সমগ্র সৈন্যবাহিনীর বামভাগ রক্ষায় নিযুক্ত রহিলেন। সোমদত্তের পুত্র ভূরিশ্রবা, ত্রিগর্তরাজ সুশর্মা, কাম্বোজরাজ সুদক্ষিণ, শ্রুতায়ু ও অচ্যুতায়ু—ইঁহারা দক্ষিণভাগের সৈন্যগণকে রক্ষা করিতে লাগিলেন॥১৭-১৮

অশ্বত্থামা, কৃপাচার্য ও সাত্বতবংশীয় কৃতবর্মা নিজ বিশাল সৈন্যবাহিনীর সহিত কৌরবসৈন্যের পৃষ্ঠভাগে থাকিয়া তাহাদের রক্ষায় নিযুক্ত রহিলেন॥ ১৯

কেতুমান্, বসুদান, কাশিরাজের পুত্র অভিভূ ও অন্য বহু দেশের নরপতিগণ কৌরববাহিনীর পৃষ্ঠরক্ষক হইলেন॥ ২০

ভারত! তারপর আপনার সকল সৈন্যই হর্ষে উল্লসিত হইয়া প্রসন্নচিত্তে শঙ্খধ্বনি ও সিংহনাদ করিতে লাগিল॥ ২১

তাহাদের হর্ষধ্বনি শুনিয়া কুরুকুলের বৃদ্ধ পিতামহ প্রতাপশালী ভীষ্ম উচ্চৈঃস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিতে লাগিলেন॥ ২২

তারপর শঙ্খ, ভেরী, নানাপ্রকার পণব ও আনকাদি বাদ্যসমূহ সহসা বাদিত হইতে লাগিল এবং এই সকলের সম্মিলিত শব্দ চারিদিকে তুমুল হইয়া প্রকাশ পাইল॥ ২৩

অনন্তর শ্বেতবর্ণের অশ্বে যোজিত বিশাল রথে উপবিষ্ট ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জুন স্বর্ণভূষিত দুইটি শ্রেষ্ঠ শঙ্খ (পাঞ্চজন্য ও দেবদত্ত) বাজাইতে লাগিলেন॥ ২৪

ইন্দ্রিয়গণের অধিপতি ভগবান্ শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য, অর্জুন দেবদত্ত এবং ভয়ঙ্কর কর্মকারী ভীমসেন পৌণ্ড্রনামক মহাশঙ্খ বাজাইলেন॥ ২৫

কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্তবিজয়, নকুল সুঘোষ এবং সহদেব মণিপুষ্পক শঙ্খ বাদ্য করিতে লাগিলেন॥ ২৬

কাশিরাজ, শৈব্য, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, মহারথী সাত্যকি, পাঞ্চাল বীরগণ এবং মহাধনুর্ধর দ্রৌপদীর পঞ্চ পুত্র—ইঁহারাও সকলে মহাশঙ্খসমূহ বাজাইতে লাগিলেন এবং সিংহনাদ করিলেন॥ ২৭-২৮

স ঘোষঃ সুমহাংস্তত্র বীরৈস্তৈঃ সমুদীরিতঃ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলো ব্যনুনাদয়ৎ ॥ ২৯
এবমেতে মহারাজ প্রহৃষ্টাঃ কুরু-পাণ্ডবাঃ।
পুনর্যুদ্ধায় সংজগ্মুস্তাপয়ানাঃ পরস্পরম্ ॥ ৩০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি কৌরবব্যূহরচনায়ামেক-পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫১

তখন এই সব বীরগণের দ্বারা কৃত শব্দ তুমুল হইয়া পৃথিবী ও আকাশকে নিনাদিত করিতে লাগিল ॥ ২৯

মহারাজ! এইরূপে অতিশয় হৃষ্ট কৌরব ও পাণ্ডবগণ পরস্পরকে সন্তাপিত করিতে করিতে পুনরায় যুদ্ধ করিবার জন্য রণক্ষেত্রে উপস্থিত হইলেন ॥ ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে কৌরবগণের ব্যূহরচনাবিষয়ক এক-পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

[ভীষ্মার্জুনয়োর্যুদ্ধবর্ণনম্।]

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং ব্যূঢ়েষ্বনীকেষু মামকেষ্বিতরেষু চ।
কথং প্রহরতাং শ্রেষ্ঠাঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥ ১

সঞ্জয় উবাচ।

(তাবকাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং যথাযুধ্যন্ত তচ্ছৃণু)
সমং ব্যূঢ়েষ্বনীকেষু সংনদ্ধরুচিরধ্বজম্।
অপারমিব সংদৃশ্য সাগরপ্রতিমং বলম্ ॥ ২
তেষাং মধ্যে স্থিতো রাজন্ পুত্রো দুর্য্যোধনস্তব।
অব্রবীৎ তাবকান্ সর্বান্ যুধ্যধ্বমিতি দংশিতাঃ ॥ ৩
তে মনঃ ক্রূরমাধায় সর্বভিত্যক্তজীবিতাঃ।
পাণ্ডবানভ্যবর্তন্ত সর্ব এবোচ্ছ্রিতধ্বজাঃ ॥৪
ততো যুদ্ধং সমভবৎ তুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরথ-দ্বিপম্ ॥ ৫
মুক্তাস্তু রথিভির্বাণা রুক্মপুঙ্খাঃ সুতেজসঃ।
সন্নিপেতুরকুণ্ঠাগ্রা নাগেষু চ হয়েষু চ ॥ ৬
তথা প্রবৃত্তে সংগ্রামে ধনুরুদ্যম্য দংশিতঃ।
অভিপত্য মহাবাহুর্ভীষ্মো ভীমপরাক্রমঃ ॥ ৭
সৌভদ্রে ভীমসেনে চ সাত্যকৌ চ মহারথে।
কৈকেয়ে চ বিরাটে চ ধৃষ্টদ্যুম্নে চ পার্ষতে ॥ ৮

দ্বিপঞ্চাশত্তম অধ্যায়।

[ভীষ্ম ও অর্জুনের যুদ্ধবর্ণন।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! এইরূপে আমার ও পাণ্ডবগণের সৈন্যদিগের ব্যূহ রচনা সম্পূর্ণ হইলে সেই শ্রেষ্ঠ যোদ্ধারা কিভাবে পরস্পর যুদ্ধ আরম্ভ করিলেন? ১

সঞ্জয় বলিলেন,—(পাণ্ডবগণের সহিত আপনার পুত্ররা যেভাবে যুদ্ধ করিয়াছিলেন, তাহা শ্রবণ করুন।) যখন সকল সৈন্যের ব্যূহরচনা শেষ হইল, তখন সমস্ত সৈন্য একত্র হইয়া এক মহাসাগরের ন্যায় মনে হইতে লাগিল। সেই সময় চারিদিকে রথ প্রভৃতিতে বদ্ধ বহু সুন্দর ধ্বজ উড়িতেছিল। তাহা দেখিয়া সৈন্যগণের মধ্যে দণ্ডায়মান আপনার পুত্র দুর্য্যোধন আপনার সকল যোদ্ধাকেই এই কথা বলিলেন—কবচধারী বীরগণ! যুদ্ধ আরম্ভ করুন। ॥ ২-৩

তখন তাঁহারা সকলে মনকে কঠোর করিয়া প্রাণের মোহ ত্যাগ করত উচ্চ ধ্বজলক্ষিত পাণ্ডবগণের উপর আক্রমণ করিলেন ॥ ৪

তখন আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের রোমাঞ্চকারী ঘোরতর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল। সেই সময় উভয়পক্ষের রথ ও পরস্পরের প্রতি যুদ্ধে সংসক্ত হইল ॥ ৫

রথী বীরগণকর্তৃক নিক্ষিপ্ত স্বর্ণময় পঙ্খভূষিত তেজস্বী বাণসমূহ কোথাও [illegible]ত (বাধাপ্রাপ্ত) না হইয়া হস্তী ও অশ্ব সকলের মধ্যে পড়িতে লাগিল ॥ ৬

এইভাবে যুদ্ধ আরম্ভ হইয়া যাইলে পর ভয়ঙ্কর পরাক্রমী ও কুরুকুলের প্রভাবশালী বৃদ্ধ পিতামহ মহাবাহু ভীষ্ম ধনু উত্তোলিত করিয়া কবচ বন্ধনকরত সহসা অগ্রসর হইলেন এবং অভিমন্যু,

এতেষু নরবীরেষু চেদি-মৎস্যেষু চাভিভূঃ।
ববর্ষ শরবর্ষাণি বৃদ্ধঃ কুরুপিতামহঃ॥ ৯

অভিদ্যত ততো ব্যূহস্তস্মিন্ বীরসমাগমে।
সর্বেষামেব সৈন্যানামাসীদ্ ব্যতিকরো মহান্॥ ১০

সাদিনো ধ্বজিনশ্চৈব হতাঃ প্রবরবাজিনঃ।
বিপ্রক্রুতরথানীকাঃ সমপদ্যন্ত পাণ্ডবাঃ॥ ১১

অর্জুনস্তু নরব্যাঘ্রো দৃষ্ট্বা ভীষ্মং মহারথম্।
বার্ষ্ণেয়মব্রবীদ্ ক্রুদ্ধো যাহি যত্র পিতামহঃ॥ ১২

এষ ভীষ্মঃ সুসংক্রুদ্ধো বার্ষ্ণেয় মম বাহিনীম্।
নাশয়িষ্যতি সুব্যক্তং দুর্য্যোধনহিতে রতঃ॥ ১৩

এষ দ্রোণঃ কৃপঃ শল্যো বিকর্ণশ্চ জনার্দন।
ধার্তরাষ্ট্রাশ্চ সহিতা দুর্য্যোধনপুরোগমাঃ॥ ১৪

পাঞ্চালান্ নিহনিষ্যন্তি রক্ষিতা দৃঢ়ধন্বনা।
সোঽহং ভীষ্মং বধিষ্যামি সৈন্যহেতোর্জনার্দন॥ ১৫

তমব্রবীদ্ বাসুদেবো যত্তো ভব ধনঞ্জয়।
এষ ত্বাং প্রাপয়িষ্যামি পিতামহরথং প্রতি॥ ১৬

এবমুক্ত্বা ততঃ শৌরী রথং তং লোকবিশ্রুতম্।
প্রাপয়ামাস ভীষ্মস্য রথং প্রতি জনেশ্বর॥ ১৭

চলদ্‌বহুপতাকেন বলাকাবর্ণবাজিনা।
সমুচ্ছ্রিতমহাভীমনদদ্‌বানরকেতুনা॥ ১৮

মহতা মেঘনাদেন রথেনামিততেজসা।
বিনিঘ্নন্ কৌরবানীকং শূরসেনাংশ্চ পাণ্ডবঃ॥ ১৯

প্রায়াচ্ছরণদঃ শীঘ্রং সুহৃদাং হর্ষবর্ধনঃ।
তমাপতন্তং বেগেন প্রভিন্নমিব বারণম্॥ ২০

ত্রাসয়ন্তং রণে শূরান্ মর্দয়ন্তঞ্চ সায়কৈঃ।
সৈন্ধবপ্রমুখৈর্গুপ্তঃ প্রাচ্যসৌবীর-কেকয়ৈঃ॥ ২১

সহসা প্রত্যুদীয়ায় ভীষ্মঃ শান্তনবোঽর্জুনম্।
কো হি গাণ্ডীবধন্বানমন্যঃ কুরুপিতামহাৎ॥ ২২

দ্রোণ-বৈকর্তনাভ্যাং বা রথী সংযাতুমর্হতি।
ততো ভীষ্মো মহারাজ সর্বলোকমহারথঃ॥ ২৩

ভীমসেন, মহারথী সাত্যকি, কেকয়, বিরাট ও দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন—এই সব নরবীরগণের উপর এবং চেদি ও মৎস্যদেশীয় সৈন্যের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন॥ ৭-৯

বীরগণের এই সঙ্ঘর্ষে সৈন্যদিগের ব্যূহ ভাঙ্গিয়া পড়িল ও সকল সৈন্যেরা পরস্পর যুদ্ধ করিতে করিতে গভীরভাবে মিশিয়া যাইল॥ ১০

বহু অশ্বারোহী, ধ্বজধারী সৈনিক ও উত্তম অশ্ব নিহত হইল। পাণ্ডবগণের রথসৈন্যেরা পলাইতে লাগিল॥ ১১

তখন নরশ্রেষ্ঠ অর্জুন মহারথ ভীষ্মকে দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণকে ক্রোধসহকারে বলিলেন,—বার্ষ্ণেয়! (বৃষ্ণিবংশোৎপন্ন কৃষ্ণ!) যেখানে পিতামহ ভীষ্ম আছেন, সেইস্থানে চলুন। তাহা না হইলে ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নিশ্চয়ই আমার সকল সৈন্যকে বিনাশ করিয়া ফেলিবেন; কারণ, তিনি বর্ত্তমানে দুর্য্যোধনের হিতে নিরত আছেন॥ ১২-১৩

জনার্দ্দন! সুদৃঢ় ধনুধারণকারী ভীষ্মকর্ত্তৃক সুরক্ষিত এই দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, শল্য, বিকর্ণ ও দুর্য্যোধনাদি সকল ধৃতরাষ্ট্র-পুত্রগণ মিলিত হইয়া পাঞ্চালযোদ্ধাদিগকে সংহার করিয়া ফেলিবেন। অতএব সৈন্যদিগের রক্ষার জন্য সেই আমি ভীষ্মকে বধ করিব॥ ১৪-১৫

তখন ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—ধনঞ্জয়! তুমি সাবধান হও। আমি তোমাকে ভীষ্মের রথের নিকট উপস্থিত করিয়া দিতেছি॥

জনেশ্বর! এই কথা বলিয়া শ্রীকৃষ্ণ সেই বিশ্ববিখ্যাত রথকে ভীষ্মের রথের সমীপে লইয়া গেলেন॥ ১৬-১৭

ঐ রথে বহু পতাকা সঞ্চালিত হইতেছিল। উহাতে বক-শ্রেণীর ন্যায় চারিটি শ্বেতবর্ণের অশ্ব যোজিত ছিল। ইহার অত্যন্ত উচ্চে অবস্থিত ধ্বজের উপরে এক বানর ভয়ঙ্কর গর্জন করিতেছিল। এই রথের চক্রধারার ঘর্ঘরশব্দ মেঘের গর্জনসদৃশ গম্ভীর এবং ঐ রথ অত্যন্ত তেজ (কান্তি)-সম্পন্ন ছিল। এই বিশাল রথে আরোহণ করিয়া সকলের শরণদাতা ও সুহৃদ্‌গণের আনন্দবর্দ্ধন পাণ্ডুনন্দন অর্জুন কৌরবসেনা ও শূরসেনদেশীয় যোদ্ধা-দিগকে বধ করিতে করিতে অতি দ্রুত ভীষ্মের নিকটে উপস্থিত হইলেন॥

মদধারাবাহী গজরাজের তুল্য তাঁহাকে বেগে আসিতে এবং রণাঙ্গনে সায়কসমূহে বীর যোদ্ধাদিগকে মর্দ্দন করত তাহাদিগকে ভয়ভীত করিতে দেখিয়া জয়দ্রথ প্রভৃতি নৃপগণ এবং পূর্ব্বদেশ, সৌবীর রাজ্য ও কেকয়প্রদেশের যোদ্ধাবর্গে সুরক্ষিত শান্তনুনন্দন ভীষ্ম সহসা অর্জুনের দিকে অগ্রসর হইলেন॥

মহারাজ! কুরুকুলের পিতামহ ভীষ্ম, দ্রোণাচার্য্য ও কর্ণ

অর্জুনং সপ্তসপ্তত্যা নারাচানাং সমাচিনোৎ।
দ্রোণশ্চ পঞ্চবিংশত্যা কৃপঃ পঞ্চাশতা শরৈঃ ॥২৪
দুর্য্যোধনশ্চতুঃষষ্ট্যা শল্যশ্চ নবভিঃ শরৈঃ।
সৈন্ধবো নবভিশ্চৈব শকুনিশ্চাপি পঞ্চভিঃ ॥ ২৫
বিকর্ণো দশভির্ভল্লৈ রাজন্ বিব্যাধ পাণ্ডবম্।
স তৈর্বিদ্ধো মহেষ্বাসঃ সমন্তান্নিশিতৈঃ শরৈঃ ॥ ২৬
ন বিব্যথে মহাবাহুর্ভিদ্যমান ইবাচলঃ।
স ভীষ্মং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নবভিঃ শরৈঃ ॥ ২৭
দ্রোণং ষষ্ট্যা নরব্যাঘ্রো বিকর্ণঞ্চ ত্রিভিঃ শরৈঃ।
শল্যঞ্চৈব ত্রিভির্বাণৈ রাজানঞ্চৈব পঞ্চভিঃ ॥ ২৮
প্রত্যবিধ্যদমেয়াত্মা কিরীটী ভরতর্ষভ।
তং সাত্যকির্বিরাটশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ২৯
দ্রৌপদেয়াঽভিমন্যুশ্চ পরিবব্রুর্ধনঞ্জয়ম্।
ততো দ্রোণং মহেষ্বাসং গাঙ্গেয়স্য প্রিয়ে রতম্ ॥ ৩০
অভ্যবর্ত্তত পাঞ্চাল্যঃ সংযুক্তঃ সহ সোমকৈঃ।
ভীষ্মস্তু রথিনাং শ্রেষ্ঠো রাজন্ বিব্যাধ পাণ্ডবম্ ॥ ৩১
অশীত্যা নিশিতৈর্বাণৈস্ততোঽক্রোশন্ত তাবকাঃ।
তেষাং তু নিনদং শ্রুত্বা সহিতানাং প্রহৃষ্টবৎ ॥ ৩২
প্রবিবেশ ততো মধ্যং নরসিংহঃ প্রতাপবান্।
তেষাং মহারথানাং স মধ্যং প্রাপ্য ধনঞ্জয়ম্ ॥ ৩৩
চিক্রীড় ধনুষা রাজঁল্লক্ষ্যং কৃত্বা মহারথান্।
ততো দুর্যোধনো রাজা ভীষ্মমাহ জনেশ্বরঃ ॥ ৩৪
পীড্যমানং স্বকং সৈন্যং দৃষ্ট্বা পার্থেন সংযুগে।
এষ পাণ্ডুসুতস্তাত কৃষ্ণেন সহিতো বলী ॥ ৩৫
যততাং সর্বসৈন্যানাং মূলং নঃ পরিকৃন্ততি।
ত্বয়ি জীবতি গাঙ্গেয় দ্রোণে চ রথিনাং বরে ॥ ৩৬
ত্বৎকৃতে চৈব কর্ণোঽপি ন্যস্তশস্ত্রো বিশাম্পতে।
ন যুধ্যতি রণে পার্থং হিতকামঃ সদা মম ॥ ৩৭
স তথা কুরু গাঙ্গেয় যথা হন্যেত ফাল্গুনঃ।
এবমুক্তস্ততো রাজন্ পিতা দেবব্রতস্তব ॥ ৩৮

ব্যতীত এরূপ কোন বীর আছেন যে, গাণ্ডীবধারী অর্জুনের সম্মুখে যুদ্ধ করিতে সমর্থ হন।

মহারাজ! তারপর সমগ্র বিশ্বে বিখ্যাত মহারথী ভীষ্ম অর্জুনের উপর সাতাত্তরটি বাণ নিক্ষেপ করিলেন। এইরূপ দ্রোণাচার্য্য পঁচিশ, কৃপাচার্য্য পঞ্চাশ, দুর্য্যোধন চৌষট্টি, শল্য নয়, জয়দ্রথ নয়, শকুনি পাঁচটি বাণ এবং বিকর্ণ দশটি ভল্ল অস্ত্রে অর্জুনকে বিদ্ধ করিলেন॥

এই সমস্ত তীক্ষ্ণবাণে চারিদিক্ হইতে বিদ্ধ হইয়াও মহাধনুর্দ্ধর মহাবাহু অর্জুন ব্যথিত হইলেন না, পরন্তু তিনি বাণবিদ্ধ পর্ব্বতের ন্যায় স্থিরভাবে অবস্থান করিতে লাগিলেন॥

ভরতশ্রেষ্ঠ! তারপর অপরিমিত আত্মবলসম্পন্ন কিরীটধারী পুরুষশ্রেষ্ঠ অর্জুন ভীষ্মকে পঁচিশ, কৃপাচার্য্যকে নয়, দ্রোণকে ষাট্, বিকর্ণকে তিন, শল্যকে তিন এবং দুর্য্যোধনকে পাঁচ বাণে প্রতিবিদ্ধ করিলেন॥

সেই সময় সাত্যকি, বিরাট, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পাঁচ পুত্র ও অভিমন্যু—ইঁহারা সকলে অর্জুনকে রক্ষা করিবার জন্য তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন॥

তারপর গঙ্গানন্দন ভীষ্মের প্রিয়কার্য্যে নিরত মহাধনুর্দ্ধর দ্রোণাচার্য্যের উপর সোমকগণের সহিত ধৃষ্টদ্যুম্ন আক্রমণ করিলেন॥

রাজন্! তখন রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম পাণ্ডুনন্দন অর্জুনকে আশীটি ধারাল বাণে বিদ্ধ করিলেন। ইহা দেখিয়া আপনার সৈন্যবাহিনী হর্ষে কোলাহল করিতে লাগিল॥

সেই সব কৌরবগণের হর্ষধ্বনি শ্রবণ করিয়া প্রতাপশালী পুরুষশ্রেষ্ঠ অর্জুন কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন। রাজন্! সেই মহারথী বীরগণের মধ্যে প্রবেশ করিয়া অর্জুন তাঁহাদের সকলকে স্বীয় বাণের লক্ষ্য করত ক্রীড়া করিতে লাগিলেন। তখন প্রজাপালক রাজা দুর্য্যোধন অর্জুনকর্ত্তৃক যুদ্ধে স্বীয় সৈন্যগণকে পীড়িত হইতে দেখিয়া ভীষ্মকে বলিলেন॥

তাত! এই পাণ্ডুপুত্র বলবান্ অর্জুন শ্রীকৃষ্ণের সহিত আসিয়া সর্ব্বপ্রকারে যুদ্ধে যত্নপরায়ণ আমাদের সকল সৈন্যের মূলোচ্ছেদ করিতেছে। গঙ্গানন্দন! আপনি এবং রথিগণের মধ্যে শ্রেষ্ঠ দ্রোণাচার্য্য জীবিত থাকিতেও আমার সৈন্যগণ নিহত হইতেছে। ১৮-৩৬

প্রজানাথ! আপনার জন্যই কর্ণ অস্ত্র ত্যাগ করিয়াছে এবং সে রণাঙ্গনে অর্জুনের সহিত যুদ্ধ করিতেছে না। কর্ণ সর্ব্বদাই আমার হিতাকাঙ্ক্ষী। ৩৭

গঙ্গানন্দন! আপনি এরূপ প্রযত্ন করুন, যাহাতে অর্জুন নিহত হয়। রাজন্! দুর্য্যোধন এই কথা বলিলে আপনার

ধিক্ ক্ষাত্রং ধর্মমিত্যুক্ত্বা প্রায়াৎ পার্থরথং প্রতি।
উভৌ শ্বেতহয়ৌ রাজন্ সংসক্তৌ প্রেক্ষ্য পার্থিবাঃ ॥ ৩৯
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ মারিষ।
দ্রৌণির্দুর্য্যোধনশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজঃ ॥ ৪০
পরিবার্য্য রণে ভীষ্মং স্থিতা যুদ্ধায় মারিষ।
তথৈব পাণ্ডবাঃ সর্বে পরিবার্য্য ধনঞ্জয়ম্ ॥ ৪১
স্থিতা যুদ্ধায় মহতে ততো যুদ্ধমবর্তত।
গাঙ্গেয়স্তু রণে পার্থমানচ্ছন্নবভিঃ শরৈঃ ॥ ৪২
তমর্জুনঃ প্রত্যবিধ্যদ্ দশভির্মর্মভেদিভিঃ।
ততঃ শরসহস্রেণ সুপ্রযুক্তেন পাণ্ডবঃ ॥ ৪৩
অর্জুনঃ সমরশ্লাঘী ভীষ্মস্যাবারয়দ্ দিশঃ।
শরজালং ততস্তৎ তু শরজালেন মারিষ ॥ ৪৪
বারয়ামাস পার্থস্য ভীষ্মঃ শান্তনবস্তদা।
উভৌ পরমসংহৃষ্টাবুভৌ যুদ্ধাভিনন্দিনৌ ॥ ৪৫
নির্বিশেষমযুধ্যেতাং কৃতপ্রতিকৃতৈষিণৌ।
ভীষ্মচাপবিমুক্তানি শরজালানি সঙ্ঘশঃ ॥ ৪৬
শীর্য্যমাণান্যদৃশ্যন্ত ভিন্নান্যর্জুনসায়কৈঃ।
তথৈবার্জুনমুক্তানি শরজালানি সর্বশঃ ॥ ৪৭
গাঙ্গেয়শরনুন্নানি প্রাপতন্ত মহীতলে।
অর্জুনঃ পঞ্চবিংশত্যা ভীষ্মমার্চ্ছচ্ছিতৈঃ শরৈঃ ॥ ৪৮
ভীষ্মোঽপি সমরে পার্থং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ।
অন্যোন্যস্য হয়ান্ বিদ্ধা ধ্বজৌ চ সুমহাবলৌ ॥ ৪৯
রথেষাং রথচক্রে চ চিক্রীড়তুররিন্দমৌ।
ততঃ ক্রুদ্ধো মহারাজ ভীষ্মঃ প্রহরতাং বরঃ ॥ ৫০
বাসুদেবং ত্রিভির্বাণৈরাজঘান স্তনান্তরে।
ভীষ্মচাপচ্যুতৈস্তৈস্তু নির্বিদ্ধো মধুসূদনঃ ॥ ৫১
বিররাজ রণে রাজন্ সপুষ্প ইব কিংশুকঃ।
ততোঽর্জুনো ভৃশং ক্রুদ্ধো নির্বিদ্ধং প্রেক্ষ্য মাধবম্ ॥৫২
সারথিং কুরুবৃদ্ধস্য নির্বিভেদ শিতৈঃ শরৈঃ।
যতমানৌ তু তৌ বীরাবন্যোন্যস্য বধং প্রতি ॥ ৫৩

পিতৃতুল্য ভীষ্ম 'ক্ষত্রিয় ধর্মকে ধিক্' এই কথা বলিয়া অর্জুনের রথের দিকে গমন করিলেন ॥

মহারাজ! তখন উভয়েরই রথে শ্বেতবর্ণের অশ্ব যোজিত ছিল। আর্য্য! ইঁহাদের উভয়কে পরস্পর যুদ্ধে মিলিত হইতে দেখিয়া সকল রাজাই উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে ও শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥

আর্য্য! সেই সময় দ্রোণপুত্র অশ্বত্থামা, দুর্য্যোধন ও আপনার পুত্র বিকর্ণ ইঁহারা সকলে রণাঙ্গনে ভীষ্মকে ঘিরিয়া যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতে লাগিলেন ॥

এইরূপ সমস্ত পাণ্ডবও অর্জুনকে চারিদিকে ঘিরিয়া মহাযুদ্ধের জন্য প্রস্তুত থাকিলেন, সুতরাং তখন উভয় পক্ষের মধ্যে যুদ্ধ বাধিয়া যাইল ॥

অর্জুনো বাসুদেবশ্চ দধ্মতুর্বারিজোত্তমৌ ॥ ৩৫

এদিকে সহস্র হস্তী ও শত নরপতি অর্জ্জুনের বাণসমূহের পথমধ্যে আসিয়া কোনরূপেই আর অগ্রসর হইতে পারিলেন না। সেই সময় সমস্ত প্রাণী আর্ত্তনাদ করিতে লাগিল এবং চারিদিক্ অন্ধকারে আচ্ছন্ন হইয়া পড়িল।

ভরতশ্রেষ্ঠ! তখন কৌরবগণের দুঃসহ ও ভয়ঙ্কর অন্যায়ের পরিণাম প্রত্যক্ষ দেখা যাইল। কিরীটধারী অর্জ্জুনের বাণসমূহে সব কিছু আচ্ছাদিত হইয়া যাওয়ায় আকাশ, দিক্, পৃথিবী ও সূর্য্য কোন কিছুই বুঝা যাইতেছিল না ॥ ২০-২২

সেই রণভূমিতে বহুসংখ্যক রথ ভাঙ্গিয়া পড়িল, বহু হস্তী নিহত হইল এবং বহু রথযূথপতিগণকে রথ লইয়া পলায়ন করিতে দেখা যাইল ॥ ২৩

অন্যান্যও বহু রথী রথহীন হইয়া অঙ্গদভূষিত বাহুতে অস্ত্র ধারণ করত যেখানে সেখানে চারিদিকে দৌড়াদৌড়ি করিতেছেন—দেখিতে পাওয়া যাইল ॥ ২৪

মহারাজ! অর্জ্জুনের ভয়ে অশ্বারোহী যোদ্ধারা অশ্বগণকে এবং হস্ত্যারোহী যোদ্ধারা হস্তীদিগকে ত্যাগ করিয়া চারিদিকে পলায়ন করিল ॥ ২৫

সেখানে বহু নরপতিকে অর্জ্জুনের বাণে নিহত হইয়া রথসমূহ এবং হস্তী ও অশ্বসকল হইতে পতিত হইতে এবং পতনোন্মুখ অবস্থায় দেখা যাইল ॥ ২৬

প্রজানাথ! অর্জুন সেই রণাঙ্গনে অত্যন্ত ভয়ঙ্কর রূপ ধারণ করিয়াছিলেন। তিনি স্বীয় উগ্র বাণসমূহে যোদ্ধাদিগের উপরে উত্তোলিত হস্তগুলিকে, যাহাদের মধ্যে গদা, খড়্গ, প্রাস, তূণীর, ধনুর্বাণ, অঙ্কুশ ও ধ্বজাপতাকাদি শোভা পাইতেছিল, ছেদন করিলেন ॥ ২৭-২৮

আর্য্য! ভরতনন্দন! ভূপাল! সেই রণভূমিতে পতিত প্রদীপ্ত পরিঘ, মুদ্গর, প্রাস, ভিন্দিপাল, খড়্গ, পরশু, তীক্ষ্ণ তোমর, স্বর্ণময় কবচ, ধ্বজ, ঢাল, স্বর্ণদণ্ডে বিভূষিত ছত্র, ব্যজন, প্রতোদ (চাবুক), যোক্ত্র (জোয়াল), কশা ও অঙ্কুশের রাশি দেখিতে পাওয়া যাইল ॥ ২৯-৩২

ভারত! সেই সময় আপনার সৈন্যমধ্যে কোন এরূপ পুরুষ ছিলেন না, যিনি সমরে বীরবর অর্জ্জুনের দিকে অগ্রসর হইতে পারিতেন ॥ ৩৩

প্রজানাথ! সেই রণাঙ্গনে যে যে বীর অর্জ্জুনের দিকে অগ্রগমন করিয়াছেন, তিনি সেই সেই বীরকেই তীক্ষ্ণবাণসমূহে পরলোকে প্রেরণ করিয়াছেন ॥ ৩৪

তারপর আপনার যোদ্ধারা রণে ভঙ্গ দিয়া চারিদিকে পলায়ন করিল। ইহা দেখিয়া অর্জুন ও বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ উভয়ের স্ব স্ব শ্রেষ্ঠ শঙ্খ বাজাইলেন ॥ ৩৫

তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা পিতা দেবব্রতস্তব।
অব্রবীৎ সমরে শূরং ভারদ্বাজং স্ময়ন্নিব ॥ ৩৬
এষ পণ্ডুসুতো বীরঃ কৃষ্ণেন সহিতো বলী।
তথা করোতি সৈন্যানি যথা কুর্য্যাদ্ ধনঞ্জয়ঃ ॥৩৭
ন হ্যেষ সমরে শক্যো বিজেতুং হি কথঞ্চন।
যথাস্য দৃশ্যতে রূপং কালান্তকযমোপমম্ ॥ ৩৮
ন নিবর্ত্তয়িতুঞ্চাপি শক্যেয়ং মহতী চমূঃ।
অন্যোন্যপ্রেক্ষয়া পশ্য দ্রবতীয়ং বরূথিনী ॥ ৩৯
এষ চাস্তং গিরিশ্রেষ্ঠং ভানুমান্ প্রতিপদ্যতে।
চক্ষূংষি সর্বলোকস্য সংহরন্নিব সর্বথা ॥ ৪০
তত্রাবহারং সম্প্রাপ্তং মন্যেঽহং পুরুষর্ষভ।
শ্রান্তা ভীতাশ্চ নো যোধা ন যোৎস্যন্তি কথঞ্চন ॥ ৪১

কৌরবসৈন্যগণকে এইরূপে পলায়ন করিতে দেখিয়া আপনার পিতৃতুল্য ভীষ্ম বীরবর দ্রোণাচার্য্যকে যেন হাসিতে হাসিতে বলিলেন ॥ ৩৬

শ্রীকৃষ্ণের সহিত এই বলবান্ বীর পাণ্ডুনন্দন অর্জ্জুন কৌরবসৈন্যদের সেইরূপ অবস্থা করিল, যাহা তাহার করিবার যোগ্য ছিল ॥ ৩৭

ইহাকে কোনরূপেই এখন জয় করা যাইবে না, কারণ, ইহার রূপ বর্ত্তমানে প্রলয়কালের যমরাজের ন্যায় দেখা যাইতেছে ॥ ৩৮

এই বিশাল সৈন্যবাহিনীকে এখন নিবৃত্ত করাও যাইবে না। দেখুন—সমস্ত সৈন্যই পরস্পরের দিকে দৃষ্টিপাত করিয়া দ্রুত পলায়ন করিতেছে ॥ ৩৯

এদিকে এই ভগবান্ সূর্য্যদেব সমগ্র জগদ্বাসীর নয়নের জ্যোতি সর্ব্বপ্রকারে হরণ করিতে করিতে গিরিশ্রেষ্ঠ অস্তাচলে গমন করিতেছেন ॥ ৪০

এবমুক্ত্বা ততো ভীষ্মো দ্রোণমাচার্য্যসত্তমম্।
অবহারমথো চক্রে তাবকানাং মহারথঃ ॥ ৪২
(ততঃ সরথ-নাগাশ্বা জয়ং প্রাপ্য সসোমকাঃ।
পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চৈব প্রণেদুশ্চ পুনঃ পুনঃ ॥
প্রযযুঃ শিবিরায়ৈব ধনঞ্জয়পুরস্কৃতাঃ।
বাদিত্রঘোষৈঃ সংহৃষ্টাঃ প্রনৃত্যন্তো মহারথাঃ ॥)
অতোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত।
অস্তং গচ্ছতি সূর্য্যেঽভূৎ সন্ধ্যাকালে চ বর্ত্ততি ॥ ৪৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি দ্বিতীয়দিবসযুদ্ধাবহারে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

নরশ্রেষ্ঠ! অতএব আমি বর্ত্তমানে সমস্ত সৈন্যকে যুদ্ধ হইতে নিবৃত্ত করা উচিত বলিয়া মনে করিতেছি। আমাদের সকল যোদ্ধাই পরিশ্রান্ত হইয়া পড়িয়াছে, সুতরাং তাহারা কোনরূপেই যুদ্ধ করিতে সমর্থ হইবে না ॥ ৪১

আচার্য্যপ্রবর দ্রোণকে এই কথা বলিয়া মহারথী ভীষ্ম আপনার সকল সৈন্যবাহিনীকে যুদ্ধ হইতে নিবৃত্ত করাইলেন ॥ ৪২

(তারপর রথ, হস্তী ও অশ্বসকলের সহিত সোমক, পাঞ্চাল ও পাণ্ডব বীরগণ বিজয়লাভ করিয়া পুনঃ পুনঃ সিংহনাদ করিতে লাগিলেন। সেই সব মহারথীরা বিজয়সূচক বাদ্যধ্বনির সহিত অত্যন্ত হৃষ্টচিত্তে নৃত্য করিতে আরম্ভ করিলেন এবং অর্জ্জুনকে অগ্রে রাখিয়া শিবির অভিমুখে গমন করিলেন)

ভারত! এই রূপে সূর্য্যদেব অস্তাচলে গমন করিলে সন্ধ্যার সময় আপনার ও পাণ্ডবগণের সৈন্যবাহিনী শিবিরে প্রত্যাবর্ত্তন করিল ॥ ৪৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বিতীয়দিবসের যুদ্ধসমাপ্তিবিষয়ক পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্পঞ্চাশত্তমোহধ্যায়ঃ।

[তৃতীয়-দিবসে কৌরবাণাং পাণ্ডবানাঞ্চ ব্যূহনির্ম্মাণম্, যুদ্ধারম্ভশ্চ।]

সঞ্জয় উবাচ

প্রভাতায়াঞ্চ শর্ব্বর্য্যাং ভীষ্মঃ শান্তনবস্তদা।
অনীকান্যনুসংযানে ব্যাদিদেশাথ ভারত ॥ ১

গারুড়ঞ্চ মহাব্যূহং চক্রে শান্তনবস্তদা।
পুত্রাণাং তে জয়াকাঙ্ক্ষী ভীষ্মঃ কুরুপিতামহঃ ॥ ২

গরুড়স্য স্বয়ং তুণ্ডে পিতাদেবব্রতস্তব।
চক্ষুষী চ ভরদ্বাজঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ ॥ ৩

অশ্বত্থামা কৃপশ্চৈব শীর্ষমাস্তাং যশস্বিনৌ।
ত্রৈগর্ত্তৈরথ কৈকেয়ৈর্বাটধানৈশ্চ সংযুগে ॥ ৪

ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ।
মদ্রকাঃ সিন্ধুসৌবীরাস্তথা পাঞ্চনদাশ্চ যে ॥ ৫

জয়দ্রথেন সহিতা গ্রীবায়াং সংনিবেশিতাঃ।
পৃষ্ঠে দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ ॥ ৬

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজাশ্চ শকৈঃ সহ।
পুচ্ছমাসন্ মহারাজ শূরসেনাশ্চ সর্ব্বশঃ ॥ ৭

মাগধাশ্চ কলিঙ্গাশ্চ দাসেরকগণৈঃ সহ।
দক্ষিণং পক্ষমাসাদ্য স্থিতা ব্যূহস্য দংশিতাঃ ॥ ৮

কারূষাশ্চ বিকুঞ্জাশ্চ মুণ্ডাঃ কুণ্ডীবৃষাস্তথা।
বৃহদ্বলেন সহিতা বামং পার্শ্বমবস্থিতাঃ ॥ ৯

ব্যূঢ়ং দৃষ্ট্বা তু তৎ সৈন্যং সব্যসাচী পরন্তপঃ।
ধৃষ্টদ্যুম্নেন সহিতঃ প্রত্যব্যূহত সংযুগে ॥ ১০

অর্ধচন্দ্রেণ ব্যূহেন ব্যূহং তমতিদারুণম্।
দক্ষিণং শৃঙ্গমাস্থায় ভীমসেনো ব্যরোচত ॥ ১১

নানাশস্ত্রৌঘসম্পন্নৈর্নানাদেশ্যৈর্নৃপৈর্বৃতঃ।
তদন্বেব বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ১২

তদনন্তরমেবাসীন্নীলো নীলায়ুধৈঃ সহ।
নীলাদনন্তরশ্চৈব ধৃষ্টকেতুর্মহাবলঃ ॥ ১৩

ষট্পঞ্চাশত্তম অধ্যায়।

[তৃতীয় দিনে—কৌরব-পাণ্ডবগণের ব্যূহরচনা ও যুদ্ধারম্ভ।]

সঞ্জয় বলিলেন,—ভারত! যখন রাত্রি অতিবাহিত হইয়া প্রভাত হইল, তখন শান্তনুনন্দন ভীষ্ম স্বীয় সৈন্যগণকে যুদ্ধভূমিতে যাইবার জন্য আদেশ দিলেন ॥ ১

সেই সময় কুরুকুলের পিতামহ শান্তনুসুত ভীষ্ম আপনার পুত্রগণের বিজয়লাভের আকাঙ্ক্ষায় গরুড়ব্যূহনামক মহাব্যূহ রচনা করিলেন ॥ ২

আপনার পিতৃতুল্য স্বয়ং ভীষ্ম সেই ব্যূহের অগ্রভাগে চঞ্চুস্থানে রহিলেন। আচার্য্য দ্রোণ ও যদুবংশীয় কৃতবর্ম্মা উভয়ে নেত্রদ্বয়ে অবস্থান করিতে লাগিলেন ॥ ৩

যশস্বী বীর অশ্বত্থামা ও কৃপাচার্য্য ব্যূহের শিরোভাগে থাকিলেন। ইঁহাদের সহিত ত্রিগর্ত্ত, কেকয় এবং বাটধানও যুদ্ধভূমিতে উপস্থিত ছিলেন ॥ ৪

আর্য্য! ভূরিশ্রবা, শল, শল্য ও ভগদত্ত—ইঁহারা জয়দ্রথের সহিত গ্রীবাভাগে নিযুক্ত থাকিলেন। ইঁহাদের সহিত মদ্র, সিন্ধু, সৌবীর ও পঞ্চনদ দেশের যোদ্ধারাও ছিলেন ॥

বীর ভ্রাতৃগণ ও অনুচরবৃন্দের সহিত রাজা দুর্য্যোধন পৃষ্ঠভাগে রহিলেন। মহারাজ! অবন্তিদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ এবং কাম্বোজ, শক ও শূরসেন দেশের যোদ্ধারা সেই মহাব্যূহের পুচ্ছভাগে অবস্থান করিতে লাগিলেন ॥ ৫-৭

মগধ ও কলিঙ্গদেশের যোদ্ধারা সেই দাসেরকগণের সহিত কবচ ধারণ করত ব্যূহের দক্ষিণ পক্ষ আশ্রয় করিয়া থাকিলেন ॥ ৮

কারূষ, বিকুঞ্জ, মুণ্ড ও কুণ্ডীবৃষ প্রভৃতি যোদ্ধাগণ রাজা বৃহদ্বলের সহিত বামপক্ষে অবস্থান করিতে লাগিলেন ॥ ৯

শত্রুতাপন সব্যসাচী অর্জ্জুন কৌরবসৈন্যের সেই ব্যূহরচনা দেখিয়া যুদ্ধভূমিতে ইঁহাদের সম্মুখীন হইবার জন্য ধৃষ্টদ্যুম্নকে সঙ্গে লইয়া নিজ সৈন্যের অত্যন্ত ভয়ঙ্কর অর্দ্ধচন্দ্রাকার ব্যূহনির্ম্মাণ করিলেন। ইহার দক্ষিণশিখরে ভীমসেন বিরাজমান রহিলেন ॥ ১০-১১

তাঁহার সহিত নানাপ্রকার অস্ত্ররাশিসম্পন্ন বিভিন্ন দেশের নরপতিগণ ছিলেন। ভীমসেনের পশ্চাতে রাজা বিরাট ও মহারথী দ্রুপদ অবস্থান করিতে লাগিলেন ॥ ১২

তদনন্তর নীলবর্ণ অস্ত্রধারী সৈন্যগণের সহিত রাজা নীল এবং তাঁহার পর মহাবল ধৃষ্টকেতু নিযুক্ত রহিলেন ॥ ১৩

চেদি-কাশি-করূষৈশ্চ পৌরবৈরপি সংবৃতঃ।
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ পাঞ্চালাশ্চ প্রভদ্রকাঃ॥ ১৪
মধ্যে সৈন্যস্য মহতঃ স্থিতা যুদ্ধায় ভারত।
তত্রৈব ধর্মরাজোঽপি গজানীকেন সংবৃতঃ॥ ১৫
ততস্তু সাত্যকী রাজন্ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
অভিমন্যুস্ততঃ শূর ইরাবাংশ্চ ততঃ পরম্॥ ১৬
ভৈমসেনিস্ততো রাজন্ কেকয়াংশ্চ মহারথাঃ।
ততোঽভূদ্ দ্বিপদাং শ্রেষ্ঠো বামং পার্শ্বমুপাশ্রিতঃ॥১৭
সর্বস্য জগতো গোপ্তা গোপ্তা যস্য জনার্দ্দনঃ।
এবমেতং মহাব্যূহং প্রত্যব্যূহন্ত পাণ্ডবাঃ॥ ১৮
বধার্থং তব পুত্রাণাং তৎপক্ষং যে চ সঙ্গতাঃ।

ভারত! ধৃষ্টকেতুর সহিত চেদি, কাশী, করূষ ও পৌরবাদি দেশবাসী সৈন্যগণ ছিলেন। ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, পাঞ্চাল ও প্রভদ্রক-গণ যুদ্ধের জন্য সেই বিশাল সৈন্যের মধ্যভাগে রহিলেন। হস্তিগণের সৈন্যে পরিবৃত ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও সেখানে ছিলেন॥ ১৪-১৫

রাজন্! তদনন্তর সাত্যকি ও দ্রৌপদীর পঞ্চ পুত্র রহিলেন। তাহারপর বীরবর অভিমন্যু ও অভিমন্যুর পর ইরাবান্ ছিলেন॥

নরেশ্বর! ইরাবানের পর ভীমসেনপুত্র ঘটোৎকচ এবং মহারথ কেকয় রহিলেন্। তাহারপর মনুষ্যগণশ্রেষ্ঠ অর্জুন সেই ব্যূহের বামপার্শ্বে বা শিখরস্থানে বিরাজমান রহিলেন, যাঁহার রক্ষক সমগ্র জগতের পালন কর্ত্তা সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ॥ ১৬-১৭

এইভাবে পাণ্ডবগণ আপনার পুত্রবৃন্দের ও তাঁহাদের পক্ষে আগত অন্যান্য ভূপালগণের বধের জন্য এই মহাব্যূহ রচনা করিলেন॥

ততঃ প্রববৃতে যুদ্ধং ব্যতিষক্তরথ-দ্বিপম্॥১৯
তাবকানাং পরেষাঞ্চ নিঘ্নতামিতরেতরম্।
হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ তত্র তত্র বিশাম্পতে॥ ২০
সম্পতন্তো ব্যদৃশ্যন্ত নিঘ্নন্তস্তে পরস্পরম্।
ধাবতাঞ্চ রথৌঘানাং নিঘ্নতাঞ্চ পৃথক্ পৃথক্॥ ২১
বভূব তুমুলঃ শব্দো বিমিশ্রো দুন্দুভিস্বনৈঃ।
দিবস্পৃঙ্ নরবীরাণাং নিঘ্নতামিতরেতরম্।
সম্প্রহারে সুতুমুলে তব তেষাঞ্চ ভারত॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি তৃতীয়ে যুদ্ধদিবসে পরস্পর-ব্যূহরচনায়াং ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥ ৫৭

তারপর পরস্পরকে প্রহার করিতে উদ্যত আপনার ও শত্রু-পক্ষের মধ্যে তখন ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। তখন সেখানে রথের দ্বারা রথ ও হাতীর দ্বারা হাতী আক্রান্ত হইতে লাগিল।

প্রজানাথ! যেখানে সেখানে চারিদিকে অশ্ব ও রথসমূহ পরস্পরের আঘাতে পতিত হইতে এবং পরস্পরকে প্রহার করিতে দেখা যাইল॥ ১৮-২০

দৌড়াইতে দৌড়াইতে এবং পৃথক্ পৃথক্‌ভাবে প্রহার করিতে করিতে রথসমূহের শব্দ দুন্দুভিসকলের ধ্বনির সহিত মিশিয়া আরও ভয়ঙ্কর হইয়া উঠিল। আপনার এবং পাণ্ডবগণের এই অতিশয় তুমুল যুদ্ধে পরস্পর আঘাত-প্রত্যাঘাতকারী নরবীরগণের ভয়ানক শব্দ আকাশেও ব্যাপ্ত হইয়া পড়িল॥ ২১-২২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মপর্ব্বে তৃতীয়দিবসের যুদ্ধে পরস্পর ব্যূহরচনা-বিষয়ক ষট্পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[উভয়পক্ষয়োঃ সৈন্যানাং তুমুল-যুদ্ধবর্ণনম্।]

সঞ্জয় উবাচ।

ততো ব্যূঢ়েষ্বনীকেষু তাবকেষু পরেষু চ।
ধনঞ্জয়ো রথানীকমবধীৎ তব ভারত ॥ ১

শরৈরতিরথো যুদ্ধে দারয়ন্ রথযূথপান্।
তে বধ্যমানাঃ পার্থেন কালেনেব যুগক্ষয়ে ॥ ২

ধার্তরাষ্ট্রা রণে যত্নাৎ পাণ্ডবান্ প্রত্যযোধয়ন্।
প্রার্থয়ানা যশো দীপ্তং মৃত্যুং কৃত্বা নিবর্তনম্ ॥ ৩

একাগ্রমনসো ভূত্বা পাণ্ডবানাং বরূথিনীম্।
বভঞ্জুর্বহুশো রাজংস্তে চাসজ্জন্ত সংযুগে ॥ ৪

দ্রবদ্ভিরথ ভগ্নৈশ্চ পরিবর্তদ্ভিরেব চ।
পাণ্ডবৈঃ কৌরবেয়ৈশ্চ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৫

উদতিষ্ঠদ্ রজো ভৌমং ছাদয়ানং দিবাকরম্।
ন দিশঃ প্রদিশো বাপি তত্র জজ্ঞুঃ কথং নরাঃ ॥ ৬

অনুমানেন সংজ্ঞাভির্নামগোত্রৈশ্চ সংযুগে।
বর্ততে চ তথা যুদ্ধং তত্র তত্র বিশাম্পতে ॥ ৭

ন ব্যূহো ভিদ্যতে তত্র কৌরবাণাং কথঞ্চন।
রক্ষিতঃ সত্যসন্ধেন ভারদ্বাজেন সংযুগে ॥ ৮

তথৈব পাণ্ডবানাঞ্চ রক্ষিতঃ সব্যসাচিনা।
নাভিদ্যত মহাব্যূহো ভীমেন চ সুরক্ষিতঃ ॥ ৯

সেনাগ্রাদপি নিষ্পত্য প্রযুধ্যংস্তত্র মানবাঃ।
উভয়োঃ সেনয়ো রাজন্ ব্যতিষক্তরথ-দ্বিপাঃ ॥ ১০

হয়ারোহৈর্হয়ারোহাঃ পাত্যন্তে স্ম মহাহবে।
ঋষ্টিভির্বিমলাভিশ্চ প্রাসৈরপি চ সংযুগে ॥ ১১

রথী রথিনমাসাদ্য শরৈঃ কনকভূষণৈঃ।
পাতয়ামাস সমরে তস্মিন্নতিভয়ঙ্করে ॥ ১২

সপ্তপঞ্চাশত্তম অধ্যায়

[উভয়পক্ষের সৈন্যগণের তুমুল যুদ্ধবর্ণন।]

সঞ্জয় বলিলেন,—ভারত! আপনার এবং পাণ্ডবগণের পূর্ব্বোক্তরূপে ব্যূহরচনা সম্পন্ন হইলে অর্জুন আপনার রথিসৈন্যদিগকে সংহার করিতে আরম্ভ করিলেন। ১

তিনি অতিরথ বীর ছিলেন, সুতরাং স্বীয় বাণসমূহে যুদ্ধস্থলে রথযূথপতিগণকেও বিদারিত করিয়া যমলোকে প্রেরণ করিলেন; যদিও যুগান্তকালের ন্যায় সেই যুদ্ধে কুন্তীনন্দন অর্জুনকর্তৃক আপনার সৈন্যদিগের ভয়ঙ্কর বিনাশ হইতে লাগিল, তথাপি তাঁহারা যত্নসহকারে পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন।

তাঁহারা উজ্জ্বল যশোলাভ করিতে অভিলাষী ছিলেন, অতএব তাঁহারা নিশ্চয় করিয়া ছিলেন যে, এখন মৃত্যুই আমাদের যুদ্ধ হইতে নিবৃত্ত করিতে পারে, তাই তাঁহারা একাগ্রচিত্ত হইয়া যুদ্ধে ব্যাপৃত ছিলেন। রাজন্! তাঁহারা যুদ্ধে এরূপ তৎপরতা দেখাইতে লাগিলেন যে, তাহাতে পাণ্ডব-সৈন্যগণ বার বার ছিন্নভিন্ন হইয়া পড়িতেছিল ॥ ২-৪

এইরূপ ক্ষত-বিক্ষত হইয়া রণে ভঙ্গ দিয়া পলায়ন করিতে এবং পুনরায় ফিরিয়া আসিয়া যুদ্ধের সম্মুখীন হইতে থাকিলে পাণ্ডব-সৈন্য ও কৌরব সৈন্যদের মধ্যে কিছুই বুঝা যাইতেছিল না। ৫

তখন ভূতলে এরূপ ধূলি উত্থিত হইতে লাগিল যে, তাহাতে সূর্য্যদেব আচ্ছাদিত হইয়া পড়িলেন এবং দিক্ বিদিক্‌সমূহ সম্বন্ধে কিছুই বুঝা যাইতেছিল না। এরূপ অবস্থায় সেখানে যুদ্ধনিরত মনুষ্যগণ কিভাবে কাহারই উপর আঘাত করিবে? ৬

প্রজানাথ! সেই রণক্ষেত্রে অনুমানে, সংকেতে এবং নাম ও গোত্রের উল্লেখ করিয়া স্বপক্ষ এবং পরপক্ষ নিশ্চয় করত সেখানে যুদ্ধ স্থানে স্থানে হইতে থাকিল ॥ ৭

সত্যপ্রতিজ্ঞ ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্যকর্তৃক সুরক্ষিত থাকায় কৌরবসৈন্যের ব্যূহ কোনরূপেই ভঙ্গ হইল না। ৮

এইরূপ সব্যসাচী অর্জুন ও ভীমসেন কর্তৃক সুরক্ষিত পাণ্ডব-সৈন্যের মহাব্যূহও কোনরূপে ভিন্ন হইল না। ৯

সেখানে বহু বীর মানুষ সেনাগ্রভাগ হইতে বাহির হইয়া (ব্যূহ ত্যাগ করত) যুদ্ধ করিতে লাগিল। রাজন্! উভয়পক্ষের রথ ও হস্তী সকলের মধ্যেও যুদ্ধ বাধিয়া যাইল। ১০

সেই মহাযুদ্ধে অশ্বারোহীরা অশ্বারোহীদিগকে নির্ম্মল ঋষ্টি ও প্রাসসমূহের দ্বারা নিহত করিয়া ভূপাতিত করিতে লাগিল ॥ ১১

সেই অতিশয় ভয়ঙ্কর সংগ্রামে রথিগণ রথীদিগের সম্মুখে যাইয়া স্বর্ণভূষিত বাণে তাহাদিগকে নিহত করত ভূতলে পাতিত করিতে থাকিলেন ॥ ১২

গজারোহা গজারোহান্ নারাচ-শর-তোমরৈঃ।
সংসক্তান্ পাতয়ামাসুস্তত্র তেষাঞ্চ সর্বশঃ ॥ ১৩
কশ্চিদুৎপত্য সমরে বরবারণমাস্থিতঃ।
কেশপক্ষে পরামৃশ্য জহার সমরে শিরঃ ॥ ১৪
অন্যে দ্বিরদদন্তাগ্রনির্ভিন্নহৃদয়া রণে।
বেমুশ্চ রুধিরং বীরা নিঃশ্বসন্তঃ সমন্ততঃ ॥ ১৫
কশ্চিৎ করিবিষাণস্থো বীরো রণবিশারদঃ।
প্রাবেপচ্ছক্তিনির্ভিন্নো গজশিক্ষাস্ত্রবেদিনা ॥ ১৬
পত্তিসঙ্ঘা রণে পত্তীন্ ভিন্দিপাল-পরশ্বধৈঃ।
ন্যপাতয়ন্ত সংহৃষ্টাঃ পরস্পরকৃতাগসঃ ॥ ১৭
রথী চ সমরে রাজন্নাসাদ্য গজযূথপম্।
স গজং পাতয়ামাস গজী চ রথিনাং বরম্ ॥ ১৮
রথিনঞ্চ হয়ারোহঃ প্রাসেন ভরতর্ষভ।
পাতয়ামাস সমরে রথী চ হয়সাদিনম্ ॥ ১৯
পদাতী রথিনং সংখ্যে রথী চাপি পদাতিনম্।
ন্যপাতয়চ্ছিতৈঃ শস্ত্রৈঃ সেনয়োরুভয়োরপি ॥ ২০
গজারোহা হয়ারোহান্ পাতয়াঞ্চক্রিরে তদা।
হয়ারোহা গজস্থাংশ্চ তদদ্ভুতমিবাভবৎ ॥ ২১
গজারোহবরৈশ্চাপি তত্র তত্র পদাতয়ঃ।
পাতিতাঃ সমদৃশ্যন্ত তৈশ্চাপি গজযোধিনঃ ॥ ২২
পত্তিসঙ্ঘা হয়ারোহৈঃ সাদিসঙ্ঘাশ্চ পত্তিভিঃ।
পাত্যমানা ব্যদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥ ২৩
ধ্বজৈস্তত্রাপবিদ্ধৈশ্চ কার্মুকৈস্তোমরৈস্তথা।
প্রাসৈস্তথা গদাভিশ্চ পরিঘৈঃ কম্পনৈস্তথা ॥ ২৪
শক্তিভিঃ কবচৈশ্চিত্রৈঃ কণপৈরঙ্কুশৈরপি।
নিস্ত্রিংশৈর্বিমলৈশ্চাপি স্বর্ণপুঙ্খৈঃ শরৈস্তথা ॥ ২৫
পরিস্তোমৈঃ কুথাভিশ্চ কম্বলৈশ্চ মহাধনৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ স্রগ্দামৈরিব চিত্রিতা ॥ ২৬

আপনার ও পাণ্ডবপক্ষের গজারোহী যোদ্ধারা যুদ্ধনিরত বিপক্ষ গজারোহী যোদ্ধাদিগকে চারিদিক্ হইতে নারাচ, বাণ ও তোমরসমূহের আঘাতে ধরাশায়ী করিতে লাগিল ॥ ১৩

কোনও যোদ্ধা রণস্থলে লাফাইয়া শ্রেষ্ঠ হস্তীর উপর আরোহণ করিলেন এবং বিপক্ষ যোদ্ধার কেশ ধারণ করত মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥ ১৪

যুদ্ধস্থলে বহু বীর হাতীর দন্তাগ্রভাগে স্ব-স্ব হৃদয় বিদীর্ণ হওয়ায় চারিদিক্ হইতে দীর্ঘশ্বাস ফেলিতে ফেলিতে রক্তবমন করিতে লাগিলেন ॥ ১৫

কোন রণবিশারদ বীর হাতীর দাঁতের উপর আরোহণ করিয়া যুদ্ধ করিতে থাকিলেন। এই সময় আবার গজশিক্ষা ও অস্ত্রবিদ্যায় অভিজ্ঞ কোন বিপক্ষ যোদ্ধা তাঁহার উপর শক্তি নিক্ষেপ করিলেন। সেই শক্তির আঘাতে তাঁহার বক্ষঃস্থল বিদীর্ণ হওয়ায় সেই মৃত্যুপথগামী বীর সেখানে কাঁপিতে লাগিলেন ॥ ১৬

হর্ষ ও উল্লাসে পূর্ণ পদাতিকবাহিনী পরস্পরের উপর অপরাধজনক কার্য্য করিতে থাকিয়া ভিন্দিপাল ও পরশুর আঘাতে পদাতিক সৈন্যগণকে বিনাশ করিয়া ভূতলে পাতিত করিল ॥ ১৭

রাজন্! সেই সমরাঙ্গণে কোন রথী কোন এক গজযূথপতির সহিত যুদ্ধ আরম্ভ করিয়া দিলেন এবং সেই হস্তী ও তাহার আরোহীকে নিহত করত ধরাশায়ী করিলেন। সেইরূপ গজারোহীও আবার রথিগণের মধ্যে শ্রেষ্ঠ রথীকে বধ করিলেন ॥ ১৮

ভরতশ্রেষ্ঠ! এই সংগ্রামে অশ্বারোহী যোদ্ধা রথী বীরকে এবং কোন স্থলে রথী বীর আবার অশ্বারোহী যোদ্ধাকে কে ভূপাতিত করিতে লাগিলেন ॥ ১৯

উভয়পক্ষের সৈন্যগণের মধ্যে পদাতিক সৈন্য বীর রথীকে এবং রথী যোদ্ধা পদাতিক সৈন্যকে স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে যুদ্ধে নিপাতিত করিলেন ॥ ২০

গজারোহী অশ্বারোহীকে ও অশ্বারোহী গজারোহীকে যুদ্ধস্থলে বিনাশ করিয়া পাতিত করিতে লাগিলেন। ইহা যেন তখন এক আশ্চর্য্যজনক ঘটনা বলিয়া মনে হইতেছিল ॥ ২১

সেই রণাঙ্গনে যেখানে সেখানে শ্রেষ্ঠ গজারোহিগণকর্তৃক ভূপাতিত পদাতিকবাহিনী এবং পদাতিকবাহিনীকর্তৃক ভূপাতিত গজারোহী যোদ্ধাদিগকে দেখা যাইল ॥ ২২

অশ্বারোহীকর্তৃক পদাতিক সৈন্যসকল এবং পদাতিক সৈন্যদলের দ্বারা অশ্বারোহীরা শত শত ও হাজার হাজার সংখ্যায় পতিত হইতে দেখা যাইতে লাগিল ॥ ২৩

ভরতশ্রেষ্ঠ! সেখানে এদিক্ ওদিক্ পতিত ধ্বজ, ধনু, তোমর, প্রাস, গদা, পরিঘ, কম্পন, শক্তি, বিচিত্র কবচ, কণপ, অঙ্কুশ, নির্মল খড়্গ, সুবর্ণপক্ষশোভিত বাণ, শূল, গদী ও বহুমূল্য কম্বলসমূহে আচ্ছাদিত সেখানকার ভূমি নানাবিধ পুষ্পোপহারে বিচিত্র বলিয়া মনে হইতে লাগিল ॥ ২৪-২৬

নরাশ্বকায়ৈঃ পতিতৈর্দন্তিভিশ্চ মহাহবে।
অগম্যরূপা পৃথিবী মাংস-শোণিতকর্দমা ॥ ২৭
প্রশশাম রজো ভৌমং ব্যুক্ষিতং রণশোণিতৈঃ।
দিশশ্চ বিমলাঃ সর্বাঃ সম্বভূবুর্জনেশ্বর ॥ ২৮
উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
চিহ্নভূতানি জগতো বিনাশার্থায় ভারত ॥ ২৯
তস্মিন্ যুদ্ধে মহারৌদ্রে বর্তমানে সুদারুণে।
প্রত্যদৃশ্যন্ত রথিনো ধাবমানাঃ সমন্ততঃ ॥ ৩০
ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ।
পুরুমিত্রো জয়ো ভোজঃ শল্যশ্চাপি সসৌবলঃ ॥ ৩১
এতে সমরদুর্ধর্ষাঃ সিংহতুল্যপরাক্রমাঃ।
পাণ্ডবানামনীকানি বভঞ্জুঃ স্ম পুনঃ পুনঃ ॥ ৩২
তথৈব ভীমসেনোঽপি রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
সাত্যকিশ্চেকিতানশ্চ দ্রৌপদেয়াশ্চ ভারত ॥ ৩৩
তাবকাংস্তব পুত্রাংশ্চ সহিতান্ সর্বরাজভিঃ।
দ্রাবয়ামাসুরাজৌ তে ত্রিদশা দানবানিব ॥ ৩৪
তথা তে সমরেঽন্যোন্যং নিঘ্নন্তঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
রক্তোক্ষিতা ঘোররূপা বিরেজুর্দানবা ইব ॥ ৩৫
বিনির্জিত্য রিপূন্ বীরাঃ সেনয়োরুভয়োরপি।
ব্যদৃশ্যন্ত মহামাত্রা গ্রহা ইব নভস্তলে ॥ ৩৬
ততো রথসহস্রেণ পুত্রো দুর্যোধনস্তব।
অভ্যয়াৎ পাণ্ডবং যুদ্ধে রাক্ষসঞ্চ ঘটোৎকচম্ ॥ ৩৭
তথৈব পাণ্ডবাঃ সর্বে মহত্যা সেনয়া সহ।
দ্রোণ-ভীষ্মৌ রণে যত্তৌ প্রত্যুদ্যযুররিন্দমৌ ॥ ৩৮
কিরীটী চ যযৌ ক্রুদ্ধঃ সমন্তাৎ পার্থিবোত্তমান্।
আর্জুনিঃ সাত্যকিশ্চৈব যযতুঃ সৌবলং বলম্ ॥ ৩৯
ততঃ প্রববৃতে ভূয়ঃ সংগ্রামো লোমহর্ষণঃ।
তাবকানাং পরেষাঞ্চ সমরে বিজয়ৈষিণাম্ ॥ ৪০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি তৃতীয়ে যুদ্ধদিবসে সঙ্কুলযুদ্ধে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৭

সেই মহাসংগ্রামে মনুষ্য, অশ্ব ও হস্তিগণের বহু মৃত দেহ পড়িয়া আছে। সেখানে রক্ত ও মাংসের কর্দম উৎপন্ন হইল। সেখানকার ভূমিতে যাওয়াই অসম্ভব হইয়া উঠিল ॥ ২৭

জনেশ্বর! রণভূমিতে প্রবাহিত রক্তের সংমিশ্রণে পৃথিবীর ধূলি বসিয়া যাইল এবং সকল দিক্ নির্মল হইল ॥ ২৮

ভারত! সেই সময় জগতের বিনাশের চিহ্নসূচক অসংখ্য কবন্ধ চারিদিকে উঠিতে লাগিল ॥ ২৯

এই অত্যন্ত দারুণ ও মহাভয়ঙ্কর সংগ্রামে রথী যোদ্ধাদিগকে চারিদিকে দৌড়াইতে দেখা যাইল ॥ ৩০

তদনন্তর ভীষ্ম, দ্রোণ, সিন্ধুরাজ জয়দ্রথ, পুরুমিত্র, জয়, ভোজ, শল্য ও শকুনি—ইঁহারা সিংহতুল্য পরাক্রমী রণদুর্জয় বীর পাণ্ডবগণের সৈন্যদিগের ব্যূহ বারে বারে ভঙ্গ করিতে লাগিলেন ॥৩১-৩২

ভরতনন্দন! এইরূপ ভীমসেন, রাক্ষস ঘটোৎকচ, সাত্যকি, চেকিতান, দ্রৌপদীর পঞ্চ পুত্র—ইঁহারাও সকলে মিলিত হইয়া দেবগণকর্তৃক দানবদিগকে বিতাড়িত করার ন্যায় সমস্ত নরপতিবৃন্দের সহিত আপনার পুত্রসকলকে রণভূমি হইতে বিতাড়িত করিয়া দিলেন ॥ ৩৩-৩৪

সংগ্রামস্থলে পরস্পরকে আঘাত করত শ্রেষ্ঠ ক্ষত্রিয় বীরগণ রক্তরঞ্জিত হইয়া ভয়ানক রূপধারী দানবদিগের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৩৫

উভয়পক্ষের বীর সৈন্যদিগকে শত্রুগণকে জয় করত আকাশে সমুদিত হইয়া প্রকাশিত বিশাল গ্রহতুল্য দেখা যাইল ॥ ৩৬

তদনন্তর আপনার পুত্র দুর্যোধন সহস্র রথী বীরের সহিত পাণ্ডববংশীয় বীর রাক্ষস ঘটোৎকচের সঙ্গে যুদ্ধ করিবার জন্য আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৭

এইরূপ বিশাল সৈন্যবাহিনীর সহিত সমস্ত পাণ্ডবগণও যুদ্ধের জন্য প্রস্তুত শত্রুদমন দ্রোণাচার্য ও ভীষ্মের সঙ্গে যুদ্ধার্থে অগ্রসর হইলেন ॥ ৩৮

কিরীটধারী ক্রুদ্ধ অর্জুন সর্বদিকে যুদ্ধের জন্য দণ্ডায়মান রাজগণের সহিত যুদ্ধ করিতে গমন করিলেন। অভিমন্যু ও সাত্যকি শকুনির সৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ৩৯

এইরূপে যুদ্ধে বিজয়লাভ করিতে ইচ্ছুক আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে পুনরায় রোমাঞ্চকারী যুদ্ধ আরম্ভ হইল ॥ ৪০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্বান্তর্গত ভীষ্মবধপর্বে তৃতীয় দিনের ব্যাপকযুদ্ধবিষয়ক সপ্তপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

[পাণ্ডববীরাণাং পরাক্রমঃ, কৌরবসৈন্যমধ্যে দুর্য্যোধন-ভীষ্ময়োরালাপশ্চ ।]

সঞ্জয় উবাচ ।

ততস্তে পার্থিবাঃ ক্রুদ্ধাঃ ফাল্গুনং বীক্ষ্য সংযুগে ।
রথৈরনেকসাহস্রৈঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥ ১
অথৈনং রথবৃন্দেন কোষ্ঠকীকৃত্য ভারত ।
শরৈঃ সুবহুসাহস্রৈঃ সমন্তাদভ্যবারয়ন্ ॥ ২
শক্তীশ্চ বিমলাস্তীক্ষ্ণা গদাশ্চ পরিঘৈঃ সহ ।
প্রাসান্ পরশ্বধাংশ্চৈব মুদ্গরান্ মুসলানপি ॥ ৩
চিক্ষিপুঃ সমরে ক্রুদ্ধাঃ ফাল্গুনস্য রথং প্রতি ।
শস্ত্রাণামথ তাং বৃষ্টিং শলভানামিবায়তিম্ ॥ ৪
রুরোধ সর্বতঃ পার্থঃ শরৈঃ কনকভূষণৈঃ ।
তত্র তল্লাঘবং দৃষ্ট্বা বীভৎসোরতিমানুষম্ ॥ ৫
দেবদানবগন্ধর্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ ।
সাধু সাধ্বিতি রাজেন্দ্র ফাল্গুনং প্রত্যপূজয়ন্ ॥ ৬
সাত্যকিশ্চাভিমন্যুশ্চ মহত্যা সেনয়া বৃতৌ ।
গান্ধারান্ সমরে শূরান্ জগ্মতুঃ সহসৌবলান্ ॥ ৭
তত্র সৌবলকাঃ ক্রুদ্ধা বার্ষ্ণেয়স্য রথোত্তমম্ ।
তিলশশ্চিচ্ছিদুঃ ক্রোধাচ্ছস্ত্রৈর্নানাবিধৈর্যুধি ॥ ৮
সাত্যকিস্তু রথং ত্যক্ত্বা বর্তমানে ভয়াবহে ।
অভিমন্যো রথং তূর্ণমারুরোহ পরন্তপঃ ॥ ৯
তাবেকরথসংযুক্তৌ সৌবলেয়স্য বাহিনীম্ ।
বাধমেতাং শিতৈস্তূর্ণং শরৈঃ সন্নতপর্বভিঃ ॥ ১০
দ্রোণভীষ্মৌ রণে যত্তৌ ধর্মরাজস্য বাহিনীম্ ।
নাশয়েতাং শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রপরিচ্ছদৈঃ ॥ ১১
ততো ধর্মসুতো রাজা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ।
মিষতাং সর্বসৈন্যানাং দ্রোণানীকমুপাদ্রবন্ ॥ ১২
তত্রাসীৎ সুমহদ্ যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ।
যথা দেবাসুরং যুদ্ধং পূর্বমাসীৎ সুদারুণম্ ॥ ১৩
কুর্বাণৌ সুমহৎ কর্ম ভীমসেনঘটোৎকচৌ ।
(দুর্য্যোধনস্য মহতীং দ্রাবয়ামাস বাহিনীম্ ।)
দুর্য্যোধনস্ততোঽভ্যেত্য তাবুভাবপ্যবারয়ৎ ॥ ১৪

অষ্টপঞ্চাশত্তম অধ্যায় ।

[পাণ্ডববীরগণের পরাক্রম, কৌরব সৈন্য মধ্যে দুর্য্যোধন ও ভীষ্মের আলোচনা ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্ ! তদনন্তর সেই সমস্ত ভূপাল সমরভূমিতে অর্জ্জুনকে দেখিয়াই অত্যন্ত কুপিত হইলেন এবং তাঁহারা বহু সহস্র রথী সৈন্যদ্বারা তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥১

হে ভারত ! সেই সমস্ত ভূপালগণ অর্জ্জুনকে রথসমূহ দ্বারা চারিদিকে বেষ্টিত করিয়া তাঁহার উপর বহু সহস্র বাণ বর্ষণকরত আচ্ছাদিত করিলেন ॥ ২

তাঁহারা ক্রুদ্ধ হইয়া রণাঙ্গনে অর্জ্জুনের রথের উপর নির্ম্মল শক্তি, দুঃসহ গদা, পরিঘ, প্রাস, পরশু, মুদ্গর ও মুসলাদি অস্ত্রসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥

পতঙ্গশ্রেণীর ন্যায় সেই সমস্ত অস্ত্রবর্ষণ অর্জ্জুন স্বীয় স্বর্ণভূষিত বাণসমূহে চারিদিক্ হইতে রুদ্ধ করিয়া দিলেন ॥

রাজেন্দ্র ! অর্জ্জুনের সেই অলৌকিক নৈপুণ্য দেখিয়া দেবতা, দানব, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও রাক্ষসগণ 'সাধু, সাধু' বলিয়া অর্জ্জুনকে প্রশংসিত করিলেন ॥ ৩-৬

এদিকে বিশাল সৈন্যে পরিবৃত হইয়া সাত্যকি ও অভিমন্যু সুবলপুত্রগণসহ গান্ধারদেশীয় বীরবর্গের উপর আক্রমণ করিলেন ॥৭

তখন ক্রুদ্ধ হইয়া সুবলপুত্রগণ যুদ্ধস্থলে নানাবিধ অস্ত্রদ্বারা সাত্যকির শ্রেষ্ঠ রথকে তিল তিল করিয়া ছেদন করিলেন ॥ ৮

তাহাতে শত্রুতাপন সাত্যকি সেই সময় আরব্ধ ভয়াবহ সংগ্রামে ছিন্ন রথকে পরিত্যাগ করিয়া অতিক্রত অভিমন্যুর রথে আরোহণ করিলেন ॥ ৯

তখন একই রথে উপবিষ্ট দুই বীর নতপর্ব্বযুক্ত তীক্ষ্ণ বাণসমূহে সত্বরতার সহিত সুবলপুত্র শকুনির সৈন্যবাহিনীকে সংহার করিতে লাগিলেন ॥ ১০

এই সময় অন্য একদিকে আসিয়া যুদ্ধের জন্য সর্ব্বদা সতর্ক দ্রোণাচার্য্য ও ভীষ্ম কঙ্কপক্ষীর পক্ষযুক্ত তীক্ষ্ণ বাণে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সৈন্যবাহিনীকে বিনাশ করিতে আরম্ভ করিলেন ॥ ১১

তখন ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির এবং মাদ্রীনন্দন নকুল-সহদেব সমস্ত সৈন্যগণের দৃষ্টিপথের সম্মুখেই দ্রোণাচার্য্যের সেনার প্রতি ধাবিত হইলেন ॥ ১২

যেরূপ পূর্ব্বকালে অত্যন্ত ভয়ঙ্কর দেবাসুর সংগ্রাম হইয়াছিল, সেইরূপ তখন অত্যন্ত ভয়ঙ্কর রোমাঞ্চকারী যুদ্ধ হইতে লাগিল ॥১৩

অন্য একদিকে ভীমসেন ও ঘটোৎকচ মহাপরাক্রম দেখাইতে

তত্রাদ্ভুতমপশ্যাম হৈড়িম্বস্য পরাক্রমম্।
অতীত্য পিতরং যুদ্ধে যদযুধ্যত ভারত ॥ ১৫
ভীমসেনস্তু সংক্রুদ্ধো দুর্য্যোধনমমর্ষণম্।
হৃদ্যবিধ্যৎ পৃষৎকেন প্রহসন্নিব পাণ্ডবঃ ॥ ১৬
ততো দুর্য্যোধনো রাজা প্রহারবরপীড়িতঃ।
নিষসাদ রথোপস্থে কশ্মলঞ্চ জগাম হ ॥ ১৭
তং বিসংজ্ঞং বিদিত্বা তু ত্বরমাণোঽস্য সারথিঃ।
অপোবাহ রণাদ্ রাজংস্ততঃ সৈন্যমভজ্যত ॥ ১৮
ততস্তাং কৌরবীং সেনাং দ্রবমাণাং সমন্ততঃ।
নিঘ্নন্ ভীমঃ শরৈস্তীক্ষ্ণৈরনুবব্রাজ পৃষ্ঠতঃ ॥ ১৯
পার্ষতশ্চ রথশ্রেষ্ঠো ধর্মপুত্রশ্চ পাণ্ডবঃ।
দ্রোণস্য পশ্যতঃ সৈন্যং গাঙ্গেয়স্য চ পশ্যতঃ ॥ ২০
জঘ্নতুর্বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পরানীকবিনাশনৈঃ।
দ্রবমাণন্তু তৎ সৈন্যং তব পুত্রস্য সংযুগে ॥ ২১
নাশক্নুতাং বারয়িতুং ভীষ্ম-দ্রোণৌ মহারথৌ।
বার্য্যমাণঞ্চ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥ ২২
বিদ্রবত্যেব তৎ সৈন্যং পশ্যতো দ্রোণ-ভীষ্ময়োঃ।
ততো রথসহস্রেষু বিদ্রবৎসু ততস্ততঃ ॥ ২৩
তাবাস্থিতাবেকরথং সৌভদ্র-শিনিপুঙ্গবৌ।
সৌবলীং সমরে সেনাং শাতয়েতাং সমন্ততঃ ॥ ২৪
শুশুভাতে তদা তৌ তু শৈনেয়-কুরুপুঙ্গবৌ।
অমাবস্যাং গতৌ তদ্বৎ সোম-সূর্য্যৌ নভস্তলে ॥ ২৫
অর্জুনস্তু ততঃ ক্রুদ্ধস্তব সৈন্যং বিশাম্পতে।
ববর্ষ শরবর্ষেণ ধারাভিরিব তোয়দঃ ॥ ২৬
বধ্যমানং ততস্তত্র শরৈঃ পার্থস্য সংযুগে।
দুদ্রাব কৌরবং সৈন্যং বিষাদভয়কম্পিতম্ ॥ ২৭
দ্রবতস্তান্ সমালক্ষ্য ভীষ্ম-দ্রোণৌ মহারথৌ।
ন্যবারয়েতাং সংরব্ধৌ দুর্যোধনহিতৈষিণৌ ॥ ২৮
ততো দুর্য্যোধনো রাজা সমাশ্বস্য বিশাম্পতে।
ন্যবর্তয়ত তৎ সৈন্যং দ্রবমাণং সমন্ততঃ ॥ ২৯

দেখাইতে দুর্য্যোধনের বিশাল সৈন্যবাহিনীকে বিতাড়িত করিতে লাগিলেন। তখন দুর্য্যোধন সম্মুখে আসিয়া সেই দুই বীরকে নিবারিত করিলেন ॥ ১৪

ভারত! সেখানে আমরা হিড়িম্বাপুত্র ঘটোৎকচের অদ্ভুত পরাক্রম দেখিয়াছি। সেই যুদ্ধে ঘটোৎকচ পিতা ভীমসেন হইতেও অধিক পরাক্রম দেখাইয়া যুদ্ধ করিতেছিল ॥ ১৫

অত্যন্ত ক্রুদ্ধ পাণ্ডুনন্দন ভীমসেন যেন হাস্য করিতে করিতেই একটি বাণ নিক্ষেপ করিয়া অমর্ষশীল দুর্য্যোধনের বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন ॥ ১৬

তখন সেই বাণের গুরুতর আঘাতে পীড়িত হইয়া রাজা দুর্য্যোধন রথের আসনে বসিয়া পড়িলেন এবং পরক্ষণেই মোহগ্রস্ত হইলেন ॥ ১৭

রাজন্! তাঁহাকে সংজ্ঞাহীন জানিয়া সারথি অতিশয় ব্যগ্রতার সহিত তাঁহাকে রণস্থল হইতে বাহিরে লইয়া গেল। তখন তাঁহার সৈন্যরা রণে ভঙ্গ দিয়া পলায়ন করিতে লাগিল ॥ ১৮

সেই সময় চারিদিকে পলায়নপর সৈন্যগণের মধ্যে তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিয়া ভীমসেন তাহাদের পশ্চাদ্ধাবন করিতে লাগিলেন ॥ ১৯

অন্য একদিকে রথিগণের মধ্যে শ্রেষ্ঠ বীর দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন ও ধর্মপুত্র যুধিষ্ঠির শত্রুসৈন্যনাশী তীক্ষ্ণ বাণসমূহে দ্রোণাচার্য্য ও ভীষ্মের দৃষ্টিগোচরেই কৌরবসৈন্যগণকে পীড়িত করিতে লাগিলেন ॥ ২০

মহারাজ! সেই যুদ্ধে আপনার পুত্রের পলায়নপর সৈন্যগণকে মহারথী দ্রোণাচার্য্য ও ভীষ্মও নিবারিত করিতে পারিলেন না। মহাত্মা ভীষ্ম এবং দ্রোণাচার্য্য নিবারণ করিতে থাকিলেও তাঁহাদের সম্মুখেই সৈন্যরা পলায়ন করিতে লাগিল ॥

এদিকে সহস্র রথী বীরগণ যখন এদিক ওদিক পলায়ন করিতেছিলেন, তখন একই রথে উপবিষ্ট অভিমন্যু ও সাত্যকি সুবলপুত্রের সৈন্যদিগকে সংহার করিতে লাগিলেন ॥ ২১-২৪

সেই সময় একই রথে উপবিষ্ট সাত্যকি অভিমন্যু তাদৃশ শোভা পাইতে লাগিলেন, যেরূপ অমবস্যা তিথিতে আকাশে সূর্য্য ও চন্দ্র একই দিনে শোভাপ্রাপ্ত হন ॥ ২৫

প্রজানাথ! তদনন্তর কোপপূর্ণ অর্জুন আপনার সৈন্যদিগের উপর সেইরূপ বাণবর্ষণ করিতে থাকিলেন, যেরূপ জলবর্ষণোন্মুখ মেঘ জলধারা বর্ষণ করিয়া থাকে ॥ ২৬

তখন কুন্তীনন্দন অর্জুনের বাণসমূহে সংগ্রাম স্থলে পীড়িত হইয়া কৌরবসৈন্যরা বিষাদ ও ভয়ে কাঁপিতে কাঁপিতে এদিক্ ওদিকে পলাইতে লাগিল ॥ ২৭

সেই যোদ্ধাদিগকে পলায়ন করিতে দেখিয়া দুর্য্যোধনের হিতাকাঙ্ক্ষী মহারথ ভীষ্ম ও দ্রোণাচার্য্য ক্রোধের সহিত তাহাদিগকে নিবারিত করিতে লাগিলেন ॥ ২৮

প্রজানাথ! ইহারই মধ্যে রাজা দুর্য্যোধনের মোহভঙ্গ

যত্র যত্র সুতস্তুভ্যং যং যং পশ্যতি ভারত।
তত্র তত্র ন্যবর্তন্ত ক্ষত্রিয়াণাং মহারথাঃ ॥ ৩০
তান্ নিবৃত্তান্ সমীক্ষ্যৈব ততোঽন্যেঽপীতরে জনাঃ
অন্যোন্যস্পর্ধয়া রাজল্লঁজ্জয়া চাবতস্থিরে ॥ ৩১
পুনরাবর্ততাং তেষাং বেগ আসীদ্ বিশাম্পতে।
পূর্য্যতঃ সাগরস্যেব চন্দ্রস্যোদয়নং প্রতি ॥ ৩২
সন্নিবৃত্তাংস্ততস্তাংস্তু দৃষ্ট্বা রাজা সুযোধনঃ।
অব্রবীৎ ত্বরিতো গত্বা ভীষ্মং শান্তনবং বচঃ ॥ ৩৩
পিতামহ নিবোধেদং যৎ ত্বাং বক্ষ্যামি ভারত।
নানুরূপমহং মন্যে ত্বয়ি জীবতি কৌরব ॥ ৩৪
দ্রোণে চাস্ত্রবিদাং শ্রেষ্ঠে সপুত্রে সসুহৃজ্জনে।
কৃপে চৈব মহেষ্বাসে দ্রবতে যদ্ বরূথিনী ॥ ৩৫
ন পাণ্ডবান্ প্রতিবলাংস্তব মন্যে কথঞ্চন।
তথা দ্রোণস্য সংগ্রামে দ্রৌণেশ্চৈব কৃপস্য চ ॥ ৩৬
অনুগ্রাহ্যাঃ পাণ্ডুসুতাস্তব নূনং পিতামহ।
যথেমাং ক্ষমসে বীর বধ্যমানাং বরূথিনীম্ ॥ ৩৭
সোঽস্মি বাচ্যস্ত্বয়া রাজন্ পূর্বমেব সমাগমে।
ন যোৎস্যে পাণ্ডবান্ সংখ্যে নাপি পার্ষত-সাত্যকী ॥৩৮
শ্রুত্বা তু বচনং তুভ্যমাচার্যস্য কৃপস্য চ।
কর্ণেন সহিতঃ কৃত্যং চিন্তয়ানস্তদৈব হি ॥ ৩৯
যদি নাহং পরিত্যাজ্যো যুবাভ্যামিহ সংযুগে।
বিক্রমেণানুরূপেণ যুধ্যেতাং পুরুষর্ষভৌ ॥ ৪০
এতচ্ছ্রুত্বা ততো ভীষ্মঃ প্রহসন্ বৈ মুহুর্মুহুঃ।
অব্রবীৎ তনয়ং তুভ্যং ক্রোধাদুদ্‌বৃত্য চক্ষুষী ॥ ৪১
বহুশোঽসি ময়া রাজংস্তথ্যমুক্তো হিতং বচঃ।
অজেয়াঃ পাণ্ডবা যুদ্ধে দেবৈরপি সবাসবৈঃ ॥ ৪২
যৎ তু শক্যং ময়া কর্তুং বৃদ্ধেনাদ্য নৃপোত্তম।
করিষ্যামি যথাশক্তি প্রেক্ষেদানীং সবান্ধবঃ ॥ ৪৩

হইল। তিনি আশ্বস্ত হইয়া চারিদিকে পলায়নরত সৈন্যদিগকে পুনরায় ফিরাইয়া আনিলেন ॥ ২৯

ভারত! আপনার পুত্র যেদিকে যেদিকে যাহার যাহার উপর দৃষ্টিপাত করিতে লাগিলেন, সেই সেই স্থান হইতে তাদৃশ যোদ্ধারাও ফিরিয়া আসিলেন, যাঁহারা ক্ষত্রিয়গণের মধ্যে মহারথী বীর ছিলেন ॥ ৩০

রাজন্! তাঁহাদের সকলকে ফিরিয়া আসিতে দেখিয়া অন্য সব যোদ্ধারাও পরস্পরের প্রতি স্পর্দ্ধা ও লজ্জাবশতঃ যুদ্ধে অবস্থান করিতে লাগিল ॥ ৩১

মহারাজ! প্রত্যাবর্ত্তনরত সেই সব যোদ্ধাদিগের মহাবেগ চন্দ্রোদয়ের সময় বর্দ্ধিত মহাসাগরের ন্যায় প্রতীতি হইতেছিল ॥ ৩২

তখন সেই সব যোদ্ধাদিগকে ফিরিয়া আসিতে দেখিয়া রাজা দুর্য্যোধন অতি সত্বর শান্তনুনন্দন ভীষ্মের নিকট যাইয়া এই কথা বলিলেন ॥ ৩৩

পিতামহ ভরতবংশভূষণ! আমি আপনাকে যাহা কিছু বলিব, উহা শ্রবণ করুন। কুরুনন্দন! আপনি, অস্ত্রজ্ঞগণের মধ্যে শ্রেষ্ঠ দ্রোণাচার্য্য ও পুত্র এবং সুহৃদ্‌বর্গ-সহ মহাধনুর্দ্ধর কৃপাচার্য্য বাঁচিয়া থাকিতেই আমার সৈন্যরা যুদ্ধ হইতে পলায়ন করিতে লাগিল, ইহা আপনাদের পক্ষে যোগ্য কার্য্য বলিয়া আমি মনে করি না ॥ ৩৪-৩৫

আমি কোনরূপেই ইহা মানি না যে, পাণ্ডবগণ সংগ্রামে আপনার এবং দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য ও অশ্বত্থামার সমান বলবান্ ॥ ৩৬

বীর পিতামহ! নিশ্চয়ই পাণ্ডবগণ আপনার কৃপাপাত্র, তাহা না হইলে আমার সৈন্যরা বিনষ্ট হইতেছে, আর আপনি নীরবে তাহাদের দুর্দশা সহ্য করিয়া যাইতেছেন ॥ ৩৭

মহারাজ! যদি পাণ্ডবগণের উপর আপনি দয়াই করিবেন, তবে যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে আমাকে কেন বলিয়া দেন নাই যে, আমি রণাঙ্গনে পাণ্ডুপুত্রগণ, ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকির সহিত যুদ্ধ করিব না ॥ ৩৮

সেই অবস্থায় আমি আপনার ও আচার্য্য দ্রোণ এবং কৃপাচার্য্যের কথা শুনিয়া কর্ণের সহিত সেই সময় পরামর্শ করত নিজের কর্ত্তব্য স্থির করিতাম ॥ ৩৯

যদিও যুদ্ধে আপনাদের দুইজনকে পরিত্যাগ করা উচিত বলিয়া আমি মনে করিতেছি না, তাই দ্রোণাচার্য্য ও আপনি উভয় শ্রেষ্ঠপুরুষে স্বীয় যোগ্য পরাক্রম প্রকাশ করত যুদ্ধ করুন ॥ ৪০

এই কথা শুনিয়া ভীষ্ম বারংবার হাস্য করত তারপর ক্রোধে দুই চক্ষু বক্রভাবে ঘুরাইয়া আপনার পুত্রকে বলিলেন ॥ ৪১

রাজন্! আমি তোমাকে বহুবার এই সত্য ও হিতকর কথা বলিয়াছি যে, যুদ্ধে পাণ্ডবগণকে ইন্দ্রাদি দেববৃন্দও জয় করিতে সমর্থ হন না ॥ ৪২

অদ্য পাণ্ডুসুতানেকঃ সসৈন্যান্ সহ বন্ধুভিঃ।
সোঽহং নিবারয়িষ্যামি সর্বলোকস্য পশ্যতঃ॥ ৪৪
এবমুক্তে তু ভীষ্মেণ পুত্রাস্তব জনেশ্বর।
দধ্মুঃ শঙ্খান্ মুদাযুক্তা ভেরীঃ সংজঘ্নিরে ভৃশম্॥ ৪৫
পাণ্ডবা হি ততো রাজন্ শ্রুত্বা তং নিনদং মহৎ।
দধ্মুঃ শঙ্খাংশ্চ ভেরীশ্চ মুরজাংশ্চাপ্যনাদয়ন্॥ ৪৬
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি তৃতীয়ে যুদ্ধদিবসে ভীষ্ম-দুর্য্যোধনসংবাদে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥ ৫৮

নৃপশ্রেষ্ঠ! তথাপি আমি বৃদ্ধ হইয়াও আমার পক্ষে যাহা করার যোগ্য, উহা আমি অদ্য যথাশক্তি করিব। তুমি এখন তোমার বন্ধুগণের সহিত উহা দর্শন কর॥ ৪৩

আজ আমি একাকীই সকলের সম্মুখে সৈন্যবাহিনী ও বন্ধুবর্গের সহিত পাণ্ডবগণের অগ্রগতি রুদ্ধ করিব॥ ৪৪

জনেশ্বর! ভীষ্মের এই কথা শুনিয়া আপনার পুত্রগণ আনন্দিত হইয়া উচ্চৈঃস্বরে শঙ্খ-বাজাইতে আরম্ভ করিলেন এবং ডঙ্কা বাজাইতে লাগিলেন॥ ৪৫

রাজন্! তাঁহাদের সেই মহতী শঙ্খধ্বনি শ্রবণ করিয়া পাণ্ডবগণ শঙ্খবাদ্য, নাগড়া ও ঢোল বাদ্য করিতে আরম্ভ করিলেন॥ ৪৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাস প্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তৃতীয় দিবসের যুদ্ধে ভীষ্ম ও দুর্য্যোধনের সংবাদবিষয়ক অষ্টপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনষষ্টিতমোঽধ্যায়ঃ।

[ভীষ্মস্য পরাক্রমঃ, তং হন্তুং ভগবতঃ শ্রীকৃষ্ণস্যোদ্যোগঃ, অর্জুনস্য প্রতিজ্ঞা, তৎকর্তৃকঃ কৌরবসৈন্যানাং পরাজয়ঃ, তৃতীয়দিবসস্য যুদ্ধ সমাপ্তিশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।
প্রতিজ্ঞাতে ততস্তস্মিন্ যুদ্ধে ভীষ্মেণ দারুণে।
ক্রোধিতো মম পুত্রেণ দুঃখিতেন বিশেষতঃ॥ ১
ভীষ্মঃ কিমকরোৎ তত্র পাণ্ডবেয়েষু সংযুগে।
পিতামহে বা পঞ্চালাস্তন্মমাচক্ষ্ব সঞ্জয়॥ ২
সঞ্জয় উবাচ।
গতপূর্বাহ্নভুয়িষ্ঠে তস্মিন্নহনি ভারত।
পশ্চিমাং দিশমাস্থায় স্থিতে চাপি দিবাকরে॥ ৩
জয়ং প্রাপ্তেষু হৃষ্টেষু পাণ্ডবেষু মহাত্মসু।
সর্বধর্মবিশেষজ্ঞঃ পিতা দেবব্রতস্তব॥ ৪
অভ্যয়াজ্জবনৈরশ্বৈঃ পাণ্ডবানামনীকিনীম্।
মহত্যা সেনয়া গুপ্তস্তব পুত্রৈশ্চ সর্বশঃ॥ ৫
প্রাবর্তত ততো যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
অস্মাকং পাণ্ডবৈঃ সার্ধমনয়াৎ তব ভারত॥ ৬
ধনুষাং কূজতাং তত্র তলানাং চাভিহন্যতাম্।
মহান্ সমভবচ্ছব্দো গিরীণামিব দীর্য্যতাম্॥ ৭

একোনষষ্টিতম অধ্যায়।

[ভীষ্মের পরাক্রম, তাঁহাকে বধ করিবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণের উদ্যোগ, অর্জুনের প্রতিজ্ঞা, তৎকর্ত্তৃক কৌরবসৈন্যদের পরাজয় এবং তৃতীয় দিবসের যুদ্ধ সমাপ্তি।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! সেই ভয়ঙ্কর সংগ্রামে যখন ভীষ্ম আমার সবিশেষ দুঃখিত পুত্রের ক্রোধমোচনের প্রতিজ্ঞা করিলেন, তখন তিনি যুদ্ধস্থলে পাণ্ডবগণের প্রতি কি ব্যবস্থা অবলম্বন করিলেন? পাঞ্চাল যোদ্ধাগণই বা পিতামহ ভীষ্মের উপর কি ব্যবস্থা গ্রহণ করিলেন? তুমি এই সমস্ত আমাকে বল॥ ১-২

সঞ্জয় কহিলেন,—ভারত! সেই দিনের যখন পূর্ব্বাহ্নকালের অধিকভাগই অতিক্রান্ত হইয়াছে, সূর্য্যদেব পশ্চিমদিকে যাইয়া উপস্থিত হইলেন এবং বিজয়প্রাপ্ত মহাত্মা পাণ্ডবগণ অত্যন্ত আনন্দ উপভোগ করিতেছেন, সেই সময় সর্ব্বধর্ম্মে বিশেষজ্ঞ আপনার পিতৃতুল্য দেবব্রত ভীষ্ম বেগশালী অশ্বগণের দ্বারা পাণ্ডবসৈন্যের উপর আক্রমণ করিলেন। তাঁহার সহিত বিশাল সৈন্যবাহিনীও চলিল এবং আপনার পুত্রগণ চরিদিক্ হইতে তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন॥ ৩-৫

ভারত! তদনন্তর আপনার অন্যায়ের জন্য আমাদের পাণ্ডবগণের সহিত রোমাঞ্চকারী ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইল॥ ৬

সেই সময় সেখানে ধনুসমূহের টঙ্কারধ্বনিতে এবং বহু হস্ততলের আঘাতে পর্ব্বতসকলের বিদীর্ণ হওয়ার ন্যায় অতিশয় উচ্চৈঃস্বরে শব্দ হইতে লাগিল॥ ৭

তিষ্ঠ স্থিতোঽস্মি বিদ্ধ্যেনং নিবর্তস্ব স্থিরো ভব।
স্থিরোঽস্মি প্রহরস্বেতি শব্দোঽশ্রূয়ত সর্বশঃ ॥ ৮

কাঞ্চনেষু তনুত্রেষু কিরীটেষু ধ্বজেষু চ।
শিলানামিব শৈলেষু পতিতানামভূদ্ ধ্বনিঃ ॥ ৯

পতিতান্যুত্তমাঙ্গানি বাহবশ্চ বিভূষিতাঃ।
ব্যচেষ্টন্ত মহীং প্রাপ্য শতশোঽথ সহস্রশঃ ॥ ১০

হৃতোত্তমাঙ্গাঃ কেচিৎ তু তথৈবোদ্যতকার্মুকাঃ।
প্রগৃহীতায়ুধাশ্চাপি তস্থুঃ পুরুষসত্তমাঃ ॥ ১১

প্রাবর্তত মহাবেগা নদী রুধিরবাহিনী।
মাতঙ্গাঙ্গশিলা রৌদ্রা মাংস-শোণিতকর্দমা ॥ ১২

বরাশ্ব-নর নাগানাং শরীরপ্রভবা তদা।
পরলোকার্ণবমুখী গৃধ্র-গোমায়ুমেদিনী ॥ ১৩

ন দৃষ্টং ন শ্রুতং বাপি যুদ্ধমেতাদৃশং নৃপ।
যথা তব সুতানাঞ্চ পাণ্ডবানাঞ্চ ভারত ॥ ১৪

নাসীদ্ রথপথস্তত্র যোধৈর্যুধি নিপাতিতৈঃ।
গজৈশ্চ পতিতৈর্নীলৈর্গিরিশৃঙ্গৈরিবাবৃতঃ ॥ ১৫

বিকীর্ণৈঃ কবচৈশ্চিত্রৈঃ শিরস্ত্রাণৈশ্চ মারিষ।
শুশুভে তদ্ রণস্থানং শরদীব নভস্তলম্ ॥ ১৬

বিনির্ভিন্নাঃ শরৈঃ কেচিদন্ত্রাপীড়প্রকর্ষিণঃ।
অভীতাঃ সমরে শত্রূনভ্যধাবন্ত দর্পিতাঃ ॥ ১৭

তাত ভ্রাতঃ সখে বন্ধো বয়স্য মম মাতুল।
মা মাং পরিত্যজেত্যন্যে চুক্রুশুঃ পতিতা রণে ॥ ১৮

অথাভ্যেহি ত্বমাগচ্ছ কিং ভীতোঽসি ক্ব যাস্যসি।
স্থিতোঽহং সমরে মা ভৈরিতি চান্যে বিচুক্রুশুঃ ॥ ১৯

তত্র ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকার্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব ॥ ২০

তখন "দাঁড়াও, দাঁড়াইয়া আছি, ইহাকে বিদ্ধ কর, ফিরিয়া চল, স্থিরভাবে অবস্থান কর, হাঁ, হাঁ স্থিরভাবে আছি" এইরূপ শব্দ চারিদিকে শুনা যাইতে লাগিল ॥ ৮

যখন স্বর্ণের কবচসমূহ, কিরীটসকল এবং ধ্বজগুলির উপর সমস্ত যোদ্ধাদিগের অস্ত্রসমূহ পড়িতে লাগিল, তখন পর্ব্বতসকলের উপর পর্ব্বতসমূহের বিদীর্ণ হইয়া পতনের ন্যায় ভয়ানক শব্দ হইতে লাগিল ॥ ৯

সৈন্যগণের শত শত সহস্র সহস্র মস্তক ও স্বর্ণভূষিত বাহুসমূহ ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং ধড়পড় করিতে থাকিল ॥ ১০

বহু পুরুষশ্রেষ্ঠ বীরগণের মস্তক ছিন্ন হইয়া যাইলেও তাঁহাদের মস্তকহীন দেহ পূর্ব্ববৎ ধনুর্ব্বাণ ও অন্য সকল অস্ত্র লইয়া দাঁড়াইয়া থাকিল ॥ ১১

তখন রণাঙ্গনে মহাবেগে রক্তের নদী বহিয়া চলিল। হস্তিগণের শরীর তাহার মধ্যে শিলাখণ্ডসমূহের ন্যায় মনে হইতে লাগিল। সেখানে রক্ত ও মাংসের কর্দ্দম উৎপন্ন হইল। বড় বড় হস্তী, অশ্ব ও মনুষ্যগণের শরীরসমূহ হইতে উৎপন্ন হইয়া এই রক্তনদী পরলোকরূপ সমুদ্র অভিমুখে প্রবাহিত হইয়া চলিল। রক্ত-মাংসের এই নদী শকুনি ও শৃগালদের আনন্দদায়িনী হইল ॥ ১২-১৩

ভারত! নরেশ্বর! পাণ্ডবগণ এবং আপনার পুত্রগণের মধ্যে সেই দিন যেরূপ ভয়ঙ্কর সংগ্রাম হইয়াছিল, সেইরূপ সংগ্রাম পূর্ব্বে কখনও দেখা যাই নাই এবং শুনাও যাই নাই ॥ ১৪

সেই যুদ্ধস্থলে পতিতযোদ্ধাগণ ও পর্ব্বতের শ্যামবর্ণ শিখরসমূহের ন্যায় হস্তিসকলে অবরুদ্ধ হইয়া যাওয়ায় রথগুলির যাতায়াতের পথ থাকিল না ॥ ১৫

মাননীয় মহারাজ! এদিকে ওদিকে বিক্ষিপ্ত বিচিত্র কবচ ও শিরস্ত্রাণ (লোহার টুপি)-সমূহে এই রণভূমি শরদ্ ঋতুতে তারকাবলিশোভিত আকাশতুল্য শোভা পাইতে লাগিল ॥ ১৬

কোন কোন বীরগণ বাণে বিদীর্ণ হইয়া অন্ত্রের পীড়ায় অত্যন্ত কষ্ট পাইতে থাকিলেও সমরাঙ্গণে নির্ভয় ও সদর্পে শত্রুদিগের প্রতি দৌড়াইতে লাগিলেন ॥ ১৭

কতক যোদ্ধা রণস্থলে পতিত হইয়া আর্ত্তনাদ করিতে করিতে এইরূপ বলিয়া স্বজনগণকে ডাকিলেন—'তাত! ভ্রাতঃ! সখে! বন্ধো! আমার মিত্র! আমার মাতুল'! আমাকে পরিত্যাগ করিয়া যাইও না ॥ ১৮

অপর সৈন্যগণ এইরূপে চীৎকার করিতে লাগিল—এস, আমার নিকট এস, কেন ভীত হইতেছ? কোথায় যাইবে? আমি সংগ্রামে অবস্থান করিতেছি, তুমি ভয় করিও না ॥ ১৯

সেখানে শান্তনুনন্দন ভীষ্ম স্বীয় ধনুকে মণ্ডলাকার করত বিষধর সর্পসকলের ন্যায় ভয়ঙ্কর ও প্রজ্বলিত বাণসমূহ নিরন্তর বর্ষণ করিতে লাগিলেন ॥ ২০

শরৈরেকায়নীকুর্বন্ দিশঃ সর্বা যতব্রতঃ।
জঘান পাণ্ডবরথানাদিশ্য ভরতর্ষভ ॥ ২১

স নৃত্যন্ বৈ রথোপস্থে দর্শয়ন্ পাণিলাঘবম্।
অলাতচক্রবদ্ রাজংস্তত্র তত্র স্ম দৃশ্যতে ॥ ২২

তমেকং সমরে শূরং পাণ্ডবাঃ সৃঞ্জয়ৈঃ সহ।
অনেকশতসাহস্রং সমপশ্যন্ত লাঘবাৎ ॥ ২৩

মায়াকৃতাত্মানমিব ভীষ্মং তত্র স্ম মেনিরে।
পূর্বস্যাং দিশি তং দৃষ্ট্বা প্রতীচ্যাং দদৃশুর্জনাঃ ॥ ২৪

উদীচ্যাং চৈবমালোক্য দক্ষিণস্যাং পুনঃ প্রভো।
এবং স সমরে শূরো গাঙ্গেয়ঃ প্রত্যদৃশ্যত ॥ ২৫

ন চৈবং পাণ্ডবেয়ানাং কশ্চিচ্ছক্নোতি বীক্ষিতুম্।
বিশিখানেব পশ্যন্তি ভীষ্মচাপচ্যুতান্ বহূন্ ॥ ২৬

কুর্বাণং সমরে কর্ম সূদয়ানঞ্চ বাহিনীম্।
ব্যাক্রোশন্ত রণে তত্র নরা বহুবিধা বহু ॥ ২৭

অমানুষেণ রূপেণ চরন্তং পিতরং তব।
শলভা ইব রাজানঃ পতন্তি বিধিচোদিতাঃ ॥ ২৮

ভীষ্মাগ্নিমভিসংক্রুদ্ধং বিনাশায় সহস্রশঃ।
ন হি মোঘঃ শরঃ কশ্চিদাসীদ্ ভীষ্মস্য সংযুগে ॥ ২৯

নর-নাগাশ্বকায়েষু বহুত্বাল্লোঘুযোধিনঃ।
(প্রচ্ছাদয়ন্ শরান্ ভীষ্মো নিশিতান্ কঙ্কপত্রিণঃ।)
ভিনত্ত্যেকেন বাণেন সুমুখেন পতৎত্রিণা ॥ ৩০

গজকণ্টকসন্নদ্ধং বজ্রেণেব শিলোচ্চয়ম্।
দ্বৌ ত্রীনপি গজারোহান্ পিণ্ডিতান্ বর্মিতানপি ॥ ৩১

নারাচেন সুমুক্তেন নিজঘান পিতা তব।
যো যো ভীষ্মং নরব্যাঘ্রমভ্যেতি যুধি কশ্চন ॥ ৩২

মুহূর্তদৃষ্টঃ স ময়া পতিতো ভুবি দৃশ্যতে।
এবং সা ধর্মরাজস্য বধ্যমানা মহাচমূঃ ॥ ৩৩

ভরতশ্রেষ্ঠ! উত্তম ব্রতপালনকারী ভীষ্ম সকল দিক্‌কে বাণাবলিতে পরিপূর্ণ করিতে করিতে পাণ্ডবপক্ষীয় রথী বীরগণকে নিজের নাম শুনাইতে শুনাইতে তাহাদিগকে বধ করিতে থাকিলেন ॥২১

রাজন্! সেই সময় ভীষ্ম স্বীয় হস্তনৈপুণ্য দেখাইতে দেখাইতে রথে বসিয়া যেন নৃত্য করিতেছিলেন। চারিদিকে ঘূর্ণিত অলাতচক্রের ন্যায় তিনি যেখানে সেখানে সর্ব্বত্র দৃষ্ট হইতে থাকিলেন ॥ ২২

যদিও ভীষ্ম যুদ্ধে একাকী ছিলেন, তথাপি সৃঞ্জয়গণের সহিত পাণ্ডবগণ তাঁহার নৈপুণ্যবশতঃ সেই সময় কয়েক লক্ষরূপে তাঁহাকে দেখিতে লাগিলেন ॥ ২৩

লোকসমূহের সেই সময় মনে হইতে লাগিল যে, ভীষ্ম রণাঙ্গনে মায়াদ্বারা নিজেকে বহুরূপে প্রকাশিত করিতেছিলেন। যাঁহারা তাঁহাকে পূর্ব্বদিকে দেখিতেছিলেন, তাঁহারা আবার তৎক্ষণাৎ চক্ষু ফিরাইয়া তাঁহাকে পশ্চিম দিকে দেখিতে পাইলেন ॥ ২৪

প্রভো! বহু লোক আবার তাঁহাকে উত্তর দিকে দেখিয়া পরক্ষণেই দক্ষিণ দিকে দর্শন করিতে লাগিল। এইভাবে সেই রণাঙ্গনে বীরবর ভীষ্ম সর্ব্বদিকে দৃষ্ট হইতেছিলেন ॥ ২৫

তখন পাণ্ডবগণের কোন যোদ্ধাই তাঁহাকে দেখিতে পাইতেছিলেন না। কেবল সকল যোদ্ধা তাঁহার ধনু হইতে নিক্ষিপ্ত বহু বাণশ্রেণীই দেখিতে পাইলেন ॥ ২৬

সেই রণভূমিতে অদ্ভুত কর্ম করিতে করিতে আপনার পিতৃতুল্য ভীষ্ম অমানুষরূপে বিচরণ করত পাণ্ডবসৈন্যগণকে সংহার করিতে লাগিলেন। সেখানে তখন বহুপ্রকার মানুষ তাঁহার সম্বন্ধে নানা কথা আলোচনা করিতে আরম্ভ করিলেন ॥

সেস্থলে বিধাতাকর্ত্তৃক প্রেরিত হইয়া পতঙ্গ শ্রেণীতুল্য সহস্র সহস্র রাজা ক্রোধবেগে ভীষ্মরূপ প্রচণ্ড অগ্নিতে স্বীয় বিনাশের জন্য স্বয়ংই পতিত হইতে লাগিলেন ॥

যুদ্ধে মনুষ্য, হস্তী ও অশ্বগণের শরীর সকলের উপর নিক্ষিপ্ত ভীষ্মের কোন বাণই ব্যর্থ হইল না। তখন তাঁহার নিকট বহু বাণ ছিল এবং তিনিও ঐ সকলকে অতিশয় নিপুণতার সহিত প্রয়োগ করিতেছিলেন ॥

ভীষ্ম কঙ্কপক্ষীর পক্ষভূষিত বহুসংখ্যক তীক্ষ্ণবাণ যুদ্ধে নিক্ষেপ করিয়াছিলেন। তিনি একটি মাত্র পক্ষভূষিত সরল বাণে লৌহাভরণযুক্ত হস্তীকেও সেইরূপভাবে বিদীর্ণ করিতেছিলেন, যেরূপ ইন্দ্র পর্ব্বতশ্রেষ্ঠকে বজ্রের দ্বারা বিদীর্ণ করিয়াছিলেন ॥

আপনার পিতৃতুল্য ভীষ্ম উত্তমরূপে নিক্ষিপ্ত একটি নারাচে একস্থানে স্থিত কবচযুক্ত দুই তিনটি হস্ত্যারোহীকেও ছেদন করিয়া ফেলিলেন ॥

যে কোনও যোদ্ধা নরশ্রেষ্ঠ ভীষ্মের সম্মুখে আসিয়া পড়িলে, তাঁহাকে আমি মুহূর্ত্তকাল দেখিতে পাইলেও পরক্ষণেই দেখি—তিনি ভূতলে লুণ্ঠিত হইয়াছেন ॥

এইরূপ অতুলনীয় পরাক্রমশালী ভীষ্মকর্ত্তৃক নিহত হইতে হইতে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সেই বিশাল সৈন্যবাহিনী সহস্রভাগে বিদীর্ণ হইয়া যাইল ॥

ভীষ্মেণাতুলবীর্য্যেণ ব্যশীর্য্যত সহস্রধা।
প্রাকম্পত মহাসেনা শরবর্ষেণ তাপিতা ॥ ৩৪
পশ্যতো বাসুদেবস্য পার্থস্যাথ শিখণ্ডিনঃ।
বর্তমানোঽপি তে বীরা দ্রবমাণান্ মহারথান্ ॥ ৩৫
নাশক্নুবন্ বারয়িতুং ভীষ্মবাণপ্রপীড়িতান্।
মহেন্দ্রসমবীর্য্যেণ বধ্যমানা মহাচমূঃ ॥ ৩৬
অভজ্যত মহারাজ ন চ দ্বৌ সহ ধাবতঃ।
আবিদ্ধনর-নাগাশ্বং পতিতধ্বজ-কূবরম্ ॥ ৩৭
অনীকং পাণ্ডুপুত্রাণ্যং হাহাভূতমচেতনম্।
জঘানাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা ॥ ৩৮
প্রিয়ং সখায়ং চাক্রন্দে সখা দৈববলাৎ কৃতঃ।
বিমুচ্য কবচান্যন্যে পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ ॥ ৩৯
বিমুক্তকেশা ধাবন্তঃ প্রত্যদৃশ্যন্ত ভারত।
তদ্ গোকুলমিবোদ্ভ্রান্তমুদ্ভ্রান্তরথযূথপম্ ॥ ৪০

দদৃশে পাণ্ডুপুত্রস্য সৈন্যমার্তস্বরং তদা।
প্রভজ্যমানং সৈন্যং তু দৃষ্ট্বা যাদবনন্দনঃ ॥৪১
উবাচ পার্থং বীভৎসুং নিগৃহ্য রথমুত্তমম্।
অয়ং স কালঃ সম্প্রাপ্তঃ পার্থ যস্তেঽভিকাঙ্ক্ষিতঃ ॥ ৪২
প্রহরস্ব নরব্যাঘ্র ন চেন্মোহাদ্ বিমুহ্যসে।
যৎ ত্বয়া কথিতং বীর পুরা রাজ্ঞাং সমাগমে ॥ ৪৩
ভীষ্ম-দ্রোণমুখান্ সর্বান্ ধার্তরাষ্ট্রস্য সৈনিকান্।
সানুবন্ধান্ হনিষ্যামি যে মাং যোৎস্যন্তি সংযুগে ॥ ৪৪
ইতি তৎ কুরু কৌন্তেয় সত্যং বাক্যমরিন্দম।
বীভৎসো পশ্য সৈন্যং স্বং ভজ্যমানং ততস্ততঃ ॥ ৪৫
দ্রবতশ্চ মহীপালান্ পশ্য যৌধিষ্ঠিরে বলে।
দৃষ্ট্বা হি ভীষ্মং সমরে ব্যাত্তাননমিবান্তকম্ ॥ ৪৬
ভয়ার্তাঃ প্রপলায়ন্তে সিংহাৎ ক্ষুদ্রমৃগা ইব।
এমমুক্তঃ প্রত্যুবাচ বাসুদেবং ধনঞ্জয়ঃ ॥ ৪৭

তাঁহার বাণবর্ষণে সন্তপ্ত হইয়া পাণ্ডবগণের সেই বিশাল সেনাবাহিনী শ্রীকৃষ্ণ, অর্জুন ও শিখণ্ডীর সম্মুখেই কাঁপিতে লাগিল ॥

এই সব বীরগণ সেখানে উপস্থিত থাকিতেও ভীষ্মের বাণে অত্যন্ত পীড়িত হইয়া পলায়নরত স্বীয় মহারথীদিগকেও নিবারণ করিতে সমর্থ হইলেন না ॥

মহারাজ! মহেন্দ্রতুল্য পরাক্রমশালী ভীষ্মের নিকট আঘাত পাইয়া সেই বিশাল সৈন্যবাহিনী এরূপভাবে বিচ্ছিন্ন হইয়া পলায়ন করিতে লাগিল যে, তাহাদের মধ্যে কোথাও একত্রে দুইজন যাইতে সমর্থ হইল না ॥

মনুষ্য, হস্তী ও অশ্বগণ সকলেই তখন বাণে ছিন্ন হইয়া যাইতেছিল। রথের ধ্বজ ও কূবর খণ্ড খণ্ড হইয়া যাইতে লাগিল। এইভাবে পাণ্ডবগণের সকল সৈন্য অচেতন হইয়া হাহাকার করিতে থাকিল।

এই যুদ্ধে দৈবের বশীভূত হইয়া পিতা পুত্রকে, পুত্র পিতাকে এবং মিত্র প্রিয় মিত্রকে সংহার করিতে লাগিল ॥

ভারত! পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরের বহু সৈন্যকেই কবচ পরিত্যাগ করিয়া মুক্তকেশে এদিকে ওদিকে পলায়ন করিতে দেখা যাইল ॥

সেই সময় পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরের সৈন্যগণকে ব্যাকুল হইয়া উদ্‌ভ্রান্ত গো-সকলের ন্যায় আর্তস্বরে হাহাকার করিতে দেখা গেল। বহু রথযূথপতিগণও কিংকর্তব্য বিমূঢ় হইয়া ধাবিত হইতে লাগিলেন। নিজ সৈন্যদলের মধ্যে এরূপ ভাঙ্গন দেখিয়া যদুকুলের আনন্দবর্দ্ধন ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় উত্তম রথকে সজ্জিত করিয়া কুন্তীপুত্র অর্জুনকে বলিলেন ॥

নরোত্তম! যাহার জন্য তুমি দীর্ঘকাল ধরিয়া অভিলাষ করিয়া আসিতেছ, বর্ত্তমানে সেই সময় উপস্থিত হইয়াছে। যদি তুমি মোহে কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া না পড়, তবে পূর্ণশক্তি প্রয়োগ করিয়া যুদ্ধ কর ॥

বীর! পূর্ব্বে নৃপমণ্ডলীর মধ্যে তুমি এই কথা বলিয়াছিলে যে, যাঁহারা আমার সহিত সংগ্রাম, ভূমিতে অবতীর্ণ হইয়া যুদ্ধ করিবেন, দুর্য্যোধনের সেই ভীষ্ম, দ্রোণাদি সমস্ত সৈন্যদিগকে আমি অনুগামীসহ বিনাশ করিব ॥ ২৭-৪৪

শত্রুদমন কুন্তীপুত্র! তুমি তোমার সেই কথাকে আজ সত্য করিয়া দেখাও। অর্জুন! দেখ তোমার সকল সৈন্যগণ রণে ভঙ্গ দিয়া এদিক ওদিকে পলায়ন করিতেছে ॥ ৪৫

সমরাঙ্গণে এখন মুখবিস্তৃত সাক্ষাৎ কালের ন্যায় ভীষ্মকে দেখিয়া যুধিষ্ঠিরের সৈন্যগণের মধ্যে পলায়নপর এই সব রাজাদিগের দিকে দৃষ্টিপাত কর। ইহারা সিংহ হইতে ভীত ক্ষুদ্র মৃগদিগের সদৃশ ভয়ে ভীত হইয়া পলায়ন করিতেছেন ॥

বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ এই কথা বলিলে পর অর্জুন তাঁহাকে এইরূপ উত্তরপ্রদান করিলেন,—ভগবন্! এই অশ্বগণকে সেখানে

নোদয়াশ্বান্ যতো ভীষ্মো বিগাহৈতদ্ বলার্ণবম্।
পাতয়িষ্যামি দুর্ধর্ষং বৃদ্ধং কুরুপিতামহম্ ॥ ৪৮

সঞ্জয় উবাচ।

ততোঽশ্বান্ রজতপ্রখ্যান্ নোদয়ামাস মাধবঃ।
যতো ভীষ্মরথো রাজন্ দুষ্প্রেক্ষ্যো রশ্মিবানিব ॥ ৪৯
ততস্তৎ পুনরাবৃত্তং যুধিষ্ঠিরবলং মহৎ।
দৃষ্ট্বা পার্থং মহাবাহুং ভীষ্মায়োদ্যতমাহবে ॥ ৫০
ততো ভীষ্মঃ কুরুশ্রেষ্ঠ সিংহবদ্ বিনদন্ মুহুঃ।
ধনঞ্জয়রথং শীঘ্রং শরবর্ষৈরবাকিরৎ ॥ ৫১
ক্ষণেন স রথস্তস্য সহায়ঃ সহসারথিঃ।
শরবর্ষেণ মহতা সঞ্ছন্নো ন প্রকাশতে ॥ ৫২
বাসুদেবস্ত্বসম্ভ্রান্তো ধৈর্য্যমাস্থায় সত্ত্ববান্।
চোদয়ামাস তানশ্বান্ বিচিত্রান্ ভীষ্মসায়কৈঃ ॥ ৫৩
ততঃ পার্থো ধনুর্গৃহ্য দিব্যং জলদনিঃস্বনম্।
পাতয়ামাস ভীষ্মস্য ধনুশ্ছিত্ত্বা ত্রিভিঃ শরৈঃ ॥ ৫৪

লইয়া চলুন, যেখানে ভীষ্ম আছেন। এই সৈন্যরূপ সমুদ্রে প্রবেশ করুন। আজ আমি কুরুকুলের বৃদ্ধ পিতামহ দুর্দ্ধর্ষ বীর ভীষ্মকে রথ হইতে ভূতলে পাতিত করিব ॥ ৪৬-৪৮

সঞ্জয় কহিলেন,—রাজন্! তখন ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুনের রজতসদৃশ শুভ্র অশ্বগণকে সেই দিকে চালনা করিলেন, যে দিকে ভীষ্মের রথ বর্ত্তমান ছিল। ভীষ্মের এই রথ কিরণমালী সূর্য্যের ন্যায় দুর্দর্শনীয় ছিল ॥ ৪৯

সেই সময় মহাবাহু অর্জুনকে সমরাঙ্গণে ভীষ্মের সম্মুখীন হইতে দেখিয়া যুধিষ্ঠিরের বিশাল সৈন্যবাহিনী পুনরায় ফিরিয়া আসিল ॥৫০

কুরুশ্রেষ্ঠ! তদনন্তর ভীষ্ম সিংহসদৃশ মুহুর্মুহুঃ গর্জন করিতে করিতে অর্জুনের রথের উপর শীঘ্রতার সহিত বাণ বর্ষণ আরম্ভ করিয়া দিলেন ॥ ৫১

সেই প্রভূত বাণবর্ষণের ফলে ক্ষণকালের মধ্যেই অশ্ব ও সারথি-সহ অর্জুনের রথ আচ্ছাদিত হইয়া সকলের দৃষ্টির অগোচর হইয়া যাইল ॥ ৫২

পরন্তু শক্তিশালী ভগবান্ শ্রীকৃষ্ণ অল্পও বিভ্রান্ত না হইয়া ধৈর্য্য-সহকারে ভীষ্মের বাণ যাহাদের সকল অঙ্গে প্রবিষ্ট হইয়াছিল; সেই অশ্বগুলিকে চালনা করিতে লাগিলেন ॥ ৫৩

তখন অর্জুন মেঘতুল্য গম্ভীর শব্দকারী দিব্য ধনু হস্তে গ্রহণ করিয়া তিনটি বাণ নিক্ষেপ করত তাহাদের দ্বারা ভীষ্মের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥ ৫৪

স ছিন্নধন্বা কৌরব্যঃ পুনরন্যন্মহদ্ ধনুঃ।
নিমিষান্তরমাত্রেণ সজ্যং চক্রে পিতা তব ॥ ৫৫
বিচকর্ষ ততো দোর্ভ্যাং ধনুর্জলদনিঃস্বনম্।
অথাস্য তদপি ক্রুদ্ধশ্চিচ্ছেদ ধনুরর্জুনঃ ॥ ৫৬
তস্য তৎ পূজয়ামাস লাঘবং শান্তনোঃ সুতঃ।
সাধু পার্থো মহাবাহো সাধু ভোঃ পাণ্ডুনন্দন ॥ ৫৭
ত্বয্যেবৈতদ্ যুক্তরূপং মহৎ কর্ম ধনঞ্জয়।
প্রীতোঽস্মি সুভৃশং পুত্র কুরু যুদ্ধং ময়া সহ ॥ ৫৮
ইতি পার্থং প্রশস্যাথ প্রগৃহ্যান্যন্মহদ্ ধনুঃ।
মুমোচ সমরে বীরঃ শরান্ পার্থরথং প্রতি ॥ ৫৯
অদর্শয়দ্ বাসুদেবো হয়যানে পরং বলম্।
মোঘান্ কুর্বন্ শরাংস্তস্য মণ্ডলান্যাচরল্লঘু ॥ ৬০
তথা ভীষ্মস্তু সুদৃঢ়ং বাসুদেব-ধনঞ্জয়ৌ।
বিব্যাধ নিশিতৈর্বাণৈঃ সর্বগাত্রেষু ভারত ॥ ৬১

ধনু ছিন্ন হইলে আপনার পিতৃতুল্য ভীষ্ম নিমেষের মধ্যেই পুনরায় অপর একটি ধনুতে গুণযোজনা করিলেন ॥ ৫৫

তাহার পর মেঘ-সদৃশ গম্ভীর শব্দকারী সেই ধনুকে দুই হাতে আকর্ষণ করিলেন। এই সময়ের মধ্যেই ক্রুদ্ধ অর্জুন তাঁহার সেই ধনুও কাটিয়া ফেলিলেন ॥ ৫৬

অর্জুনের এই নৈপুণ্য দেখিয়া শান্তনুনন্দন ভীষ্ম তাঁহার প্রশংসা করিলেন এবং বলিলেন,—মহাবাহু কুন্তীকুমার! তোমায় ধন্যবাদ। পুত্র! তোমার এই হস্তনৈপুণ্যে আমি অত্যন্ত প্রসন্ন হইয়াছি। ধনঞ্জয়! এইরূপ মহৎ কর্ম্ম করা তোমারই যোগ্য। তুমি আমার সহিত যুদ্ধ কর ॥ ৫৭-৫৮

এইভাবে কুন্তীনন্দন অর্জুনের প্রশংসা করিয়া পুনরায় অপর বিশাল ধনু হস্তে গ্রহণ পূর্ব্বক বীরবর ভীষ্ম যুদ্ধস্থলে তাঁহার উপর বাণবর্ষণ আরম্ভ করিলেন ॥ ৫৯

ভগবান্ শ্রীকৃষ্ণ অশ্বচালনা-বিষয়ে তখন পরম বল দেখাইলেন। তিনি ভীষ্মের বাণসমূহ ব্যর্থ করিতে করিতে অতিশয় নিপুণতার সহিত রথকে মণ্ডলাকারে চালাইতে লাগিলেন ॥ ৬০

ভারত! তথাপি ভীষ্ম শ্রীকৃষ্ণ ও অর্জুনের সমগ্র দেহে স্বীয় তীক্ষ্ণবাণসমূহ বিদ্ধ করিতে থাকিলেন ॥ ৬১

শুশুভাতে নরব্যাঘ্রৌ তৌ ভীষ্মশরবিক্ষতৌ।
গোবৃষাবিব সংরব্ধৌ বিষাণৈর্লিখিতাঙ্কিতৌ॥ ৬২
পুনশ্চাপি সুসংরব্ধঃ শরৈঃ শতসহস্রশঃ।
কৃষ্ণয়োর্যুধি সংরব্ধো ভীষ্মোঽথাবারয়দ্ দিশঃ॥৬৩
বার্ষ্ণেয়ঞ্চ শরৈস্তীক্ষ্ণৈঃ কম্পয়ামাস রোষিতঃ।
মুহুরভ্যর্দয়ন্ ভীষ্মঃ প্রহস্য স্বনবৎ তদা॥ ৬৪
ততস্তু কৃষ্ণঃ সমরে দৃষ্ট্বা ভীষ্মপরাক্রমম্।
সম্প্রেক্ষ্য চ মহাবাহুঃ পার্থস্য মৃদুযুদ্ধতাম্॥ ৬৫
ভীষ্মঞ্চ শরবর্ষাণি সৃজন্তমনিশং যুধি।
প্রতপন্তমিবাদিত্যং মধ্যমাসাদ্য সেনয়োঃ॥ ৬৬
বরান্ বরান্ বিনিঘ্নন্তং পাণ্ডুপুত্রস্য সৈনিকান্।
যুগান্তমিব কুর্ব্বাণং ভীষ্মং যৌধিষ্ঠিরে বলে॥ ৬৭
অমৃষ্যমাণো ভগবান্ কেশবঃ পরবীরহা।
অচিন্তয়দমেয়াত্মা নাস্তি যৌধিষ্ঠিরং বলম্॥ ৬৮
একাহ্না হি রণে ভীষ্মো নাশয়েদ্ দেব-দানবান্।
কিং নু পাণ্ডুসুতান্ যুদ্ধে সবলান্ সপদানুগান্॥ ৬৯
দ্রবতে চ মহাসৈন্যং পাণ্ডবস্য মহাত্মনঃ।
এতে চ কৌরবাস্তূর্ণং প্রভগ্নান্ বীক্ষ্য সোমকান্॥৭০
আদ্রবন্তি রণে হৃষ্টা হর্ষয়ন্তঃ পিতামহম্।
সোঽহং ভীষ্মং নিহন্ম্যদ্য পাণ্ডবার্থায় দংশিতঃ॥ ৭১
ভারমেতং বিনেষ্যামি পাণ্ডবানাং মহাত্মনাম্।
অর্জ্জুনো হি শরৈস্তীক্ষ্ণৈর্বধ্যমানোঽপি সংযুগে॥ ৭২
কর্ত্তব্যং নাভিজানাতি রণে ভীষ্মস্য গৌরবাৎ।
তথা চিন্তয়তস্তস্য ভূয় এব পিতামহঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ শরান্ পার্থরথং প্রতি॥ ৭৩
তেষাং বহুত্বাৎ তু ভৃশং শরাণাং
দিশশ্চ সর্ব্বাঃ পিহিতা বভূবুঃ।
ন চান্তরিক্ষং ন দিশো ন ভূমি-
র্ন ভাস্করোঽদৃশ্যত রশ্মিমালী।
ববুশ্চ বাতাস্তুমুলাঃ সধূমা
দিশশ্চ সর্ব্বাঃ ক্ষুভিতা বভূবুঃ॥ ৭৪

ভীষ্মের বাণে ক্ষত-বিক্ষত হইয়া সেই নরশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন শৃঙ্গের আঘাতে ক্ষত চিহ্নযুক্ত দুইটি বৃষের ন্যায় অতিশয় ক্রুদ্ধ হইয়া শোভা পাইতে লাগিলেন। ৬২

তারপর অত্যন্ত রোষাবিষ্ট ভীষ্ম পুনরায় লক্ষ লক্ষ বাণ বর্ষণ করত যুদ্ধ-ভূমিতে শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনকে চারিদিক্ দিয়া আবৃত ও অবরুদ্ধ করিলেন। ৬৩

কেবল ইহাই নহে, কুপিত ভীষ্ম উচ্চহাস্য করিয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে বারংবার পীড়িত করিতে করিতে বৃষ্ণিকুলতিলক শ্রীকৃষ্ণকে কাঁপাইয়া তুলিলেন। ৬৪

তদনন্তর মহাবাহু শ্রীকৃষ্ণ সেই সমরাঙ্গনে ভীষ্মের পরাক্রম দেখিয়া প্য্যালোচনা করিতে লাগিলেন যে, অর্জ্জুন কোমলতাপূর্ব্বক যুদ্ধ করিতেছে এবং ভীষ্ম যুদ্ধস্থলে নিরন্তর বাণসমূহ বর্ষণ করিয়াই চলিতেছেন। তিনি উভয়পক্ষের সৈন্যবাহিনীর মধ্যে থাকিয়া তাপদানকারী সূর্য্যের ন্যায় সুশোভিত হইয়া পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে প্রলয়কালের দৃশ্য উপস্থিত করিতেছেন। ৬৫-৬৭

এই সমস্ত দেখিয়া ও বিচার করিয়া শত্রুবীরসংহারকারী অপ্রমেয়স্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ আর সহ্য করিতে পারিলেন না। তিনি মনে মনে পরামর্শ করিলেন যে, যুধিষ্ঠিরের সেনাবাহিনীর অস্তিত্বই লোপ হইতে বসিয়াছে। ভীষ্ম রণাঙ্গনে একাকী একদিনের মধ্যেই সমস্ত দেবতা ও দানবগণকেও বিনাশ করিতে পারেন। সেস্থলে সৈন্য ও সেবকবৃন্দের সহিত পাণ্ডবগণকে যুদ্ধে পরাভূত করা ইহার পক্ষে আর কি অধিক কার্য্য হইতে পারে? ৬৮-৬৯

মহাত্মা পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরের এই বিশাল সৈন্যবাহিনী রণে ভঙ্গ দিয়া পলায়ন করিতেছে এবং কৌরবেরা যুদ্ধস্থলে সোমকগণকে দ্রুততার সহিত পলায়ন করিতে দেখিয়া পিতামহের হর্ষবর্দ্ধন করিতে করিতে তাহাদের পশ্চাদ্ধাবন করিতেছে; অতএব আজ পাণ্ডবগণের জন্য কবচ ধারণ করত আমি স্বয়ংই যুদ্ধ করিয়া ভীষ্মকে নিহত করিব। ৭০-৭১

মহাত্মা পাণ্ডবগণের এই গুরুতর ভারকে আমি দূর করিব। অর্জ্জুন এই যুদ্ধে তীক্ষ্ণবাণসমূহে আহত হইয়াও ভীষ্মের উপর গুরুত্ব বুদ্ধির জন্য স্বীয় কর্ত্তব্য সম্বন্ধে বুঝিতে পারিতেছে না। ৭২

ভগবান্ শ্রীকৃষ্ণের এরূপ চিন্তা করিবার সময় অত্যন্ত ক্রুদ্ধ পিতামহ ভীষ্ম অর্জ্জুনের রথের উপর পুনরায় বহু বাণবর্ষণ করিলেন। ৭৩

এই বাণসমূহের সংখ্যা অত্যধিক হওয়া উহাদের দ্বারা সম্পূর্ণ দিক্ আচ্ছাদিত হইয়া পড়িল। তখন না আকাশকে দেখা যাইল, না দিক্‌সমূহ; এরূপ পৃথিবীকেও তখন দেখা যাইতেছিল না; এমন কি প্রখর কিরণশালী ভগবান্ সূর্য্যদেবকেও সেই সময়

দ্রোণো বিকর্ণোঽথ জয়দ্রথশ্চ
ভূরিশ্রবাঃ কৃতবর্মা কৃপশ্চ।
শ্রুতায়ুরম্বষ্ঠপতিশ্চ রাজা
বিন্দানুবিন্দৌ চ সুদক্ষিণশ্চ ॥ ৭৫

প্রাচ্যাশ্চ সৌবীরগণাশ্চ সর্বে
বসাতয়ঃ ক্ষুদ্রক-মালবাশ্চ।
কিরীটিনং ত্বরমাণাঽভিসস্রু-
র্নিদেশগাঃ শান্তনবস্য রাজ্ঞঃ ॥ ৭৬

তং বাজি-পাদাত-রথৌঘজালৈ-
রনেকসাহস্রশতৈর্দদর্শ।
কিরীটিনং সম্পরিবার্য্যমাণং
শিনের্নপ্তা বারণযূথপৈশ্চ ॥ ৭৭

ততস্তু দৃষ্ট্বার্জ্জুন-বাসুদেবৌ
পদাতিনাগাশ্বরথৈঃ সমন্তাৎ।
অভিদ্রুতৌ শস্ত্রভৃতাং বরিষ্ঠৌ
শিনিপ্রবীরোঽভিসসার তূর্ণম্ ॥ ৭৮

স তান্যনীকানি মাহধনুষ্মান্-
শিনিপ্রবীরঃ সহসাভিপত্য।
চকার সাহায্যমথার্জ্জুনস্য
বিষ্ণুর্যথা বৃত্রনিষূদনস্য ॥ ৭৯

বিশীর্ণনাগাশ্ব-রথ-ধ্বজৌঘং
ভীষ্মেণ বিত্রাসিতসর্বযোধম্।
যুধিষ্ঠিরানীকমভিদ্রবন্তং
প্রোবাচ সংদৃশ্য শিনিপ্রবীর ॥ ৮০

ক্ব ক্ষত্রিয়া যাস্যথ নৈষ ধর্মঃ
সতাং পুরস্তাৎ কথিতঃ পুরাণৈঃ।
মা স্বাং প্রতিজ্ঞাং ত্যজত প্রবীরাঃ
স্বং বীরধর্মং পরিপালয়ধ্বম্ ॥ ৮১

তান্ বাসবানন্তরজো নিশাম্য
নরেন্দ্রমুখ্যান্ দ্রবতঃ সমন্তাৎ।
পার্থস্য দৃষ্ট্বা মৃদুযুদ্ধতাঞ্চ
ভীষ্মঞ্চ সংখ্যে সমুদীর্য্যমাণম্ ॥ ৮২

অমৃষ্যমাণঃ স ততো মহাত্মা
যশস্বিনং সর্বদশার্হভর্তা।
উবাচ শৈনেয়মভিপ্রশংসন্
দৃষ্ট্বা কুরূনাপততঃ সমগ্রান্ ॥ ৮৩

দেখা যাইতেছিল না। তখন ধূমযুক্ত ভয়ঙ্কর বায়ু প্রবাহিত হইতেছিল এবং দিক্‌সমূহ ক্ষুব্ধ হইয়া উঠিল ॥ ৭৪

সেই সময় দ্রোণ, বিকর্ণ, জয়দ্রথ, ভূরিশ্রবা, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, শ্রুতায়ু, রাজা অম্বষ্ঠপতি, বিন্দ, অনুবিন্দ, সুদক্ষিণ, পূর্ব্বদেশীয় নরপতিগণ, সৌবীরদেশীয় ক্ষত্রিয়বর্গ, বসাতি, ক্ষুদ্রক ও মালবগণ —ইঁহারা সকলে শান্তনুনন্দন ভীষ্মের আজ্ঞানুসারে চলিতে চলিতে অতি সত্বরই কিরীটধারী অর্জ্জুনের সম্মুখীন হইবার জন্য তাঁহার নিকটে উপস্থিত হইলেন ॥ ৭৫-৭৬

সাত্যকি দূর হইতে দেখিলেন যে, কিরীটধারী অর্জ্জুন অশ্ব, পদাতিক ও রথী সৈন্যসমূহ সহ কয়েক লক্ষ সৈন্যে পরিবৃত হইয়া পড়িয়াছেন। গজরাজ যূথপতিগণও তাঁহার সর্ব্বদিক্ ঘিরিয়া রাখিয়াছে ॥ ৭৭

তারপর শস্ত্রধারিগণের মধ্যে শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুনকে পদাতিক, হস্তী, অশ্ব ও রথ সৈন্যসমূহ চারিদিক্ দিয়া আক্রান্ত হইতে দেখিয়া শিনিবংশের শ্রেষ্ঠ বীর সাত্যকি অতিদ্রুত সেখানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৭৮

শিনিবংশের শ্রেষ্ঠ বীর মহাধনুর্দ্ধর সাত্যকি সহসা সেই সৈন্যগণের নিকট আসিয়া অর্জ্জুনকে সেইরূপভাবে সাহায্য করিতে লাগিলেন, যেরূপ ভগবান্ শ্রীবিষ্ণু বৃত্রাসুরনাশী দেবরাজ ইন্দ্রকে সহায়তা করিয়াছিলেন ॥ ৭৯

যুধিষ্ঠিরের সৈন্যবাহিনীর হস্তী, অশ্ব, রথ ও ধ্বজসমূহ পর্য্যুদস্ত হইয়া পড়িল। ভীষ্ম সেই সময় সমগ্র যোদ্ধাদিগকেই ভীত করিয়া তুলিলেন। এইরূপে যুধিষ্ঠিরের সৈন্যবাহিনীকে পলায়ন করিতে দেখিয়া শিনিবংশের শ্রেষ্ঠ বীর সাত্যকি তাহাদিগকে বলিলেন ॥ ৮০

হে ক্ষত্রিয়গণ! কোথায় যাইতেছ? প্রাচীন মহাপুরুষগণ শ্রেষ্ঠ ক্ষত্রিয়দিগের এরূপ ধর্ম্ম বলেন নাই। শ্রেষ্ঠ বীরবৃন্দ! স্বীয় প্রতিজ্ঞা পরিত্যাগ করিও না। নিজেদের বীরধর্ম্ম পালন কর ॥ ৮১

অতস্ত্বাং ক্লীববদ্ ব্রূয়াং যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥ ৭২

সঞ্জয় বলিলেন,—মহারাজ! পরম বুদ্ধিমান্ দ্রোণাচার্য্যের এই কথা শুনিয়া তাঁহাকে সম্মান করত রাজা যুধিষ্ঠির কৃপাচার্য্যের নিকট গমন করিলেন ॥ ৬৭

তাঁহাকে নমস্কার করিয়া প্রদক্ষিণ করিবার পর বাক্যবিদ্গণের মধ্যে শ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির দুর্দ্ধর্ষ বীর কৃপাচার্য্যকে বলিলেন ॥ ৬৮

নিষ্পাপ গুরুদেব! আমি যাহাতে নিরপরাধ হইয়া আপনার সহিত যুদ্ধ করিতে পারি, তাহার জন্য আপনার অনুমতি প্রার্থনা করিতেছি। আপনার আদেশ পাইলে আমি সমস্ত শত্রুগণকে যুদ্ধে পরাজিত করিতে পারিব ॥ ৬৯

কৃপাচার্য্য বলিলেন,—মহারাজ যদি যুদ্ধ করিবার জন্য স্থির সিদ্ধান্ত করিয়া আমার নিকট তুমি না আসিতে, তবে আমি যাহাতে তোমার সর্ব্বপ্রকারে পরাজয় হয়, তাহার জন্য শাপদান করিতাম ॥ ৭০

পুরুষ অর্থের দাস, কিন্তু অর্থ কাহারও দাস নহে। মহারাজ! ইহা অতি সত্য কথা। সেইজন্য আমি কৌরবদিগের দ্বারা অর্থে আবদ্ধ হইয়া পড়িয়াছি ॥ ৭১

মহারাজ! অতএব আমি বিবেচনা করত স্থির করিয়াছি যে, আমি কৌরবগণের হইয়াই যুদ্ধ করিব; সেইজন্য আজ নপুংসকের ন্যায় তোমাকে জিজ্ঞাসা করিতেছি—যুদ্ধবিষয়ক সহযোগিতা ছাড়া তুমি অন্য আর কিছু আমার কি কামনা করিতেছ? ৭২

যুধিষ্ঠির উবাচ।

হন্ত পৃচ্ছামি তে তস্মাদাচার্য্য শৃণু মে বচঃ।
ইত্যুক্ত্বা ব্যথিতো রাজা নোবাচ গতচেতনঃ ॥ ৭৩

সঞ্জয় উবাচ।

তং গৌতমঃ প্রত্যুবাচ বিজ্ঞায়াস্য বিবক্ষিতম্।
অবধ্যোঽহং মহীপাল যুধ্যস্ব জয়মাপ্নুহি ॥ ৭৪
প্রীতস্তেঽভিগমেনাহং জয়ং তব নরাধিপ।
আশাসিষ্যে সদোত্থায় সত্যমেতদ্ ব্রবীমি তে ॥ ৭৫
এতচ্ছ্রুত্বা মহারাজ গৌতমস্য বিশাম্পতে।
অনুমান্য কৃপং রাজা প্রযযৌ যেন মদ্ররাট্ ॥ ৭৬
স শল্যমভিবাদ্যাথ কৃত্বা চাভিপ্রদক্ষিণম্।
উবাচ রাজা দুর্ধর্ষমাত্মনিঃশ্রেয়সং বচঃ ॥ ৭৭
অনুমানয়ে ত্বাং দুর্ধর্ষ যোৎস্যে বিগতকল্মষঃ।
জয়েয়ং চ পরান্ রাজন্নুজ্ঞাতস্ত্বয়া রিপূন্ ॥ ৭৮

শল্য উবাচ।

যদি মাং নাধিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
শপেয়ং ত্বাং মহারাজ পরাভাবায় বৈ রণে ॥ ৭৯
তুষ্টোঽস্মি পূজিতশ্চাস্মি যৎ কাঙ্ক্ষসি তদস্তু তে।
অনুজানামি চৈব ত্বাং যুধ্যস্ব জয়মাপ্নুহি ॥ ৮০
ব্রূহি চৈব পরং বীর কেনার্থঃ কিং দদামি তে।
এবংগতে মহারাজ যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥ ৮১
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥ ৮২
করিষ্যামি হি তে কামং ভাগিনেয় যথেপ্সিতম্।
ব্রবীম্যতঃ ক্লীববৎ ত্বাং যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥ ৮৩

যুধিষ্ঠির উবাচ।

মন্ত্রয়স্ব মহারাজ নিত্যং মদ্ধিতমুত্তমম্।
কামং যুধ্য পরস্যার্থে বরমেতং বৃণোম্যহম্ ॥ ৮৪

যুধিষ্ঠির বলিলেন,—আচার্য্য! এইজন্য এখন আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনি আমার কথা শ্রবণ করুন। এই কথা বলিয়া রাজা যুধিষ্ঠির ব্যথিত হইলেন এবং তখন যেন তাঁহার চেতনা লুপ্ত হইল ও তিনি আর কিছুই বলিতে পারিলেন না। ৭৩

সঞ্জয় বলিলেন,—মহীপাল! কৃপাচার্য্য সেই সময় বুঝিতে পারিলেন যে, যুধিষ্ঠির কি বলিতে চাহে; তাই তিনি তাঁহাকে এই কথা বলিলেন,—রাজন্! আমি অবধ্য। যাও, যুদ্ধ কর এবং বিজয়প্রাপ্ত হও। ৭৪

নরনাথ! তোমার এই আগমনে আমি অতিশয় প্রীত হইয়াছি, অতএব আমি প্রত্যহ প্রাতঃকালে উত্থিত হইয়া তোমার বিজয়ের জন্য শুভ কামনা করিব, এই সত্য কথা আমি তোমাকে বলিলাম। ৭৫

মহারাজ প্রজানাথ! কৃপাচার্য্যের এই কথা শুনিয়া রাজা যুধিষ্ঠির তাঁহার অনুজ্ঞাগ্রহণ করত যেখানে মদ্ররাজ শল্য আছেন, সেই দিকে চলিলেন। ৭৬

দুর্জয় বীর শল্যকে প্রণাম করিয়া তাঁহাকে পরিক্রমা করিবার পর রাজা যুধিষ্ঠির তাঁহাকে নিজের হিতের কথা জিজ্ঞাসা করিলেন। ৭৭

দুর্দ্ধর্ষ বীর! আমি নির্দোষ হইয়া যাহাতে আপনার সহিত যুদ্ধ করিতে পারি, সেই জন্য আমি আপনার অনুমতি চাহিতেছি। রাজন্! আপনার আজ্ঞা পাইলে আমি সকল শত্রুদিগকে যুদ্ধে জয় করিতে পারিব। ৭৮

শল্য বলিলেন,—মহারাজ! যুদ্ধের জন্য স্থির সঙ্কল্প করিবার পর যদি তুমি আমার নিকট না আসিতে, তবে আমি যুদ্ধে পরাজিত হইবার জন্য তোমাকে অভিশাপদান করিতাম। ৭৯

আমি সন্তুষ্ট হইয়াছি। তুমি আমায় অতিশয় সম্মান করিয়াছ। তুমি যাহা কামনা করিতেছ, তোমার তাহা পূর্ণ হউক। আমি তোমাকে আজ্ঞা দিতেছি, তুমি যুদ্ধ কর এবং বিজয়প্রাপ্ত হও। ৮০

বীর! তুমি আরও কিছু বল, কিরূপে তোমার মনোরথ সিদ্ধ হইবে? আমি তোমাকে কি দান করিব? মহারাজ! এরূপ পরিস্থিতিতে যুদ্ধের সহযোগিতা ছাড়া আর কি তুমি আমার নিকট আশা করিতেছ? ৮১

পুরুষ অর্থের দাস, কিন্তু অর্থ কাহারও দাস নহে। মহারাজ! ইহা সত্য কথা। আমি কৌরবগণের দ্বারা অর্থে বদ্ধ হইয়াছি। ৮২

এইজন্য আমি তোমাকে নপুংসকের ন্যায় বলিতেছি। বল, তুমি যুদ্ধবিষয়ক সহযোগিতা ব্যতীত অন্য আর কি আমার নিকট কামনা করিতেছ? ভাগিনেয়! আমি তোমার অভীষ্ট মনোরথ পূর্ণ করিব। ৮৩

যুধিষ্ঠির বলিলেন,—মহারাজ! আমি আপনার নিকট এই বরপ্রার্থনা করিতেছি যে, আপনি প্রতিদিন আমাকে উত্তম হিতকর পরামর্শ প্রদান করিবেন। স্বীয় ইচ্ছানুসারে যুদ্ধ আপনি অন্যের হইয়া করুন। ৮৪

শল্য উবাচ।

কিমত্র ব্রূহি সাহ্যং তে করোমি নৃপসত্তম।
কামং যোৎস্যে পরস্যার্থে বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৮৫

যুধিষ্ঠির উবাচ।

স এব মে বরঃ শল্য উদ্যোগে যস্ত্বয়া কৃতঃ।
সূতপুত্রস্য সংগ্রামে কার্য্যস্তেজোবধস্ত্বয়া ॥ ৮৬
(ত্বাং হি যোক্ষ্যতি সূতত্বে সূতপুত্রস্য মাতুল।
দুর্য্যোধনো রণে শূরমিতি মে নৈষ্ঠিকী মতিঃ)

শল্য উবাচ।

সম্পৎস্যত্যেষ তে কামঃ কুন্তীপুত্র যথেপ্সিতম্।
গচ্ছ যুধ্যস্ব বিশ্রব্ধঃ প্রতিজানে বচস্তব ॥ ৮৭

সঞ্জয় উবাচ।

অনুমান্যাথ কৌন্তেয়ো মাতুলং মদ্রকেশ্বরম্।
নির্জগাম মহাসৈন্যাদ্ ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥ ৮৮
বাসুদেবস্তু রাধেয়মাহবেঽভিজগাম বৈ।
তত এনমুবাচেদং পাণ্ডবার্থে গদাগ্রজঃ ॥ ৮৯
শ্রুতং মে কর্ণ ভীষ্মস্য দ্বেষাৎ কিল ন যোৎস্যতে।
অস্মান্ বরয় রাধেয় যাবদ্ ভীষ্মো ন হন্যতে ॥ ৯০
হতে তু ভীষ্মে রাধেয় পুনরেষ্যসি সংযুগম্।
ধার্তরাষ্ট্রস্য সাহায্যং যদি পশ্যসি চেৎ সমম্ ॥ ৯১

কর্ণ উবাচ।

ন বিপ্রিয়ং করিষ্যামি ধার্তরাষ্ট্রস্য কেশব।
ত্যক্তপ্রাণং হি মাং বিদ্ধি দুর্য্যোধনহিতৈষিণম্ ॥ ৯২

সঞ্জয় উবাচ।

তচ্ছ্রুত্বা বচনং কৃষ্ণঃ সংন্যবর্তত ভারত।
যুধিষ্ঠিরপুরোগৈশ্চ পাণ্ডবৈঃ সহ সঙ্গতঃ ॥ ৯৩
অথ সৈন্যস্য মধ্যে তু প্রাক্রোশৎ পাণ্ডবাগ্রজঃ।
যোঽস্মান্ বৃণোতি তমহং বরয়ে সাহ্যকারণাৎ ॥ ৯৪
অথ তান্ সমভিপ্রেক্ষ্য যুযুৎসুরিদমব্রবীৎ।
প্রীতাত্মা ধর্মরাজানং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥ ৯৫

শল্য বলিলেন,—নৃপশ্রেষ্ঠ! বল, এ বিষয়ে আমি তোমার কি সহায়তা করিব? কৌরবগণের অর্থে আমি বাঁধা আছি; সুতরাং আমি নিজের ইচ্ছানুসারে যুদ্ধ ত তোমার বিপক্ষের হইয়াই করিব ॥ ৮৫

যুধিষ্ঠির বলিলেন,—মামা! যখন যুদ্ধের জন্য উদ্যোগ চলিতেছে, তখন আপনি আমাকে যে বর দিয়াছিলেন, সেই বর আজও আমার পক্ষে আবশ্যক। যে সময় সূতপুত্র কর্ণের সহিত আমাদের যুদ্ধ আরম্ভ হইবে, সেই সময় আপনি তাহার উৎসাহপূর্ণ প্রতাপ নষ্ট করিয়া দিবেন ॥ ৮৬

(মামা! আমার এই দৃঢ় বিশ্বাস যে, তখনকার সেই কর্ণার্জুনের যুদ্ধে দুর্য্যোধন নিশ্চয়ই আপনার ন্যায় পরাক্রমশালী বীরকে অবশ্যই সূতপুত্র কর্ণের সারথিকর্ম্ম করিবার করিবার জন্য নিযুক্ত করিবেন।)

শল্য বলিলেন,—কুন্তীপুত্র! তোমার এই অভীষ্ট মনোরথ অবশ্যই পূর্ণ হইবে। যাও, নিশ্চিন্ত হইয়া যুদ্ধ কর। আমি তোমার বাক্য পালন করিবার জন্য প্রতিজ্ঞা করিলাম ॥ ৮৭

সঞ্জয় কহিলেন,—রাজন্! এইরূপে নিজের মামা মদ্ররাজ শল্যের অনুমতি লইয়া ভ্রাতৃগণে পরিবেষ্টিত কুন্তীপুত্র যুধিষ্ঠির সেই বিশাল সৈন্যবাহিনী হইতে বহির্গত হইলেন ॥ ৮৮

এই সময় ভগবান্ শ্রীকৃষ্ণ সেই যুদ্ধস্থলে রাধানন্দন কর্ণের নিকট গমন করিলেন। সেখানে যাইয়া গদাগ্রজ শ্রীকৃষ্ণ পাণ্ডবগণের হিতের জন্য তাঁহাকে এই কথা বলিলেন ॥ ৮৯

কর্ণ! আমি শুনিয়াছি যে, তুমি ভীষ্মের সহিত দ্বেষবশতঃ যুদ্ধ করিবে না। রাধানন্দন! এরূপ পরিস্থিতিতে যতকাল না ভীষ্ম নিহত হন, ততকাল তুমি আমাদের পক্ষ গ্রহণ কর ॥ ৯০

রাধাসুত! যখন ভীষ্ম নিহত হইবেন, সেই সময় তুমি যদি বুঝিয়া থাক, তবে পুনরায় দুর্য্যোধনের সহায়তার জন্য চলিয়া আসিবে ॥ ৯১

কর্ণ বলিলেন,—কেশব! আপনার জানা উচিত যে, আমি দুর্য্যোধনের একজন হিতৈষী। প্রয়োজন হইলে তাহার জন্য আমি স্বীয় প্রাণ পর্য্যন্ত ত্যাগ করিয়া দিব, তথাপি তাঁহার অপ্রিয় আমি কখনই করিতে পারিব না ॥ ৯২

সঞ্জয় বলিলেন,—ভারত! কর্ণের এই কথা শুনিয়া শ্রীকৃষ্ণ ফিরিয়া আসিলেন এবং যুধিষ্ঠিরাদি পাণ্ডবগণের সহিত মিলিত হইলেন ॥ ৯৩

তদনন্তর জ্যেষ্ঠ পাণ্ডব যুধিষ্ঠির সৈন্যগণের মধ্যে দণ্ডায়মান হইয়া তারস্বরে বলিলেন—যদি কোন বীর সহায়তার জন্য আমাদের পক্ষ গ্রহণ করেন, তবে আমিও তাঁহাকে স্বীকার করিয়া লইব ॥ ৯৪

সেই সময় আপনার পুত্র যুযুৎসু পাণ্ডবগণের অভিমুখে দৃষ্টিপাত করিয়া প্রীতচিত্তে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন ॥ ৯৫

অহং যোৎস্যামি ভবতঃ সংযুগে ধৃতরাষ্ট্রজান্।
যুষ্মদর্থং মহারাজ যদি মাং বৃণুষেঽনঘ ॥ ৯৬

যুধিষ্ঠির উবাচ।

এহ্যেহি সর্বে যোৎস্যামস্তব ভ্রাতৄনপণ্ডিতান্।
যুযুৎসো বাসুদেবশ্চ বয়ঞ্চ ব্রূম সর্বশঃ ॥ ৯৭
বৃণোমি ত্বাং মহাবাহো যুধ্যস্ব মম কারণাৎ।
ত্বয়ি পিণ্ডশ্চ তন্তুশ্চ ধৃতরাষ্ট্রস্য দৃশ্যতে ॥ ৯৮
ভজস্বাস্মান্ রাজপুত্র ভজমানান্ মহাদ্যুতে।
ন ভবিষ্যতি দুর্বুদ্ধির্ধার্তরাষ্ট্রোঽত্যমর্ষণঃ ॥ ৯৯

সঞ্জয় উবাচ।

ততো যুযুৎসুঃ কৌরব্যান্ পরিত্যজ্য সুতাংস্তব।
(স সত্যমিতি মন্বানো যুধিষ্ঠিরবচস্তদা)
জগাম পাণ্ডুপুত্রাণাং সেনাং বিশ্রাব্য দুন্দুভিম্ ॥ ১০০
(অবসদ্ ধার্তরাষ্ট্রস্য কুৎসয়ন্ কর্ম দুষ্কৃতম্।
সেনামধ্যে হি তৈঃ সাকং যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥)

ততো যুধিষ্ঠিরো রাজা সম্প্রহৃষ্টঃ সহানুজঃ।
জগ্রাহ কবচং ভূয়ো দীপ্তিমৎ কনকোজ্জ্বলম্ ॥ ১০১
প্রত্যপদ্যন্ত তে সর্বে স্বরথান্ পুরুষর্ষভাঃ।
ততো ব্যূহং যথাপূর্বং প্রত্যব্যূহন্ত তে পুনঃ ॥ ১০২
অবাদয়ন্ দুন্দুভীংশ্চ শতশশ্চৈব পুষ্করান্।
সিংহনাদাংশ্চ বিবিধান্ বিনেদুঃ পুরুষর্ষভাঃ ॥ ১০৩
রথস্থান্ পুরুষব্যাঘ্রান্ পাণ্ডবান্ প্রেক্ষ্য পার্থিবাঃ।
ধৃষ্টদ্যুম্নাদয়ঃ সর্বে পুনর্জহৃষিরে তদা ॥ ১০৪
গৌরবং পাণ্ডুপুত্রাণাং মান্যান্ মানয়তাঞ্চ তান্।
দৃষ্ট্বা মহীক্ষিতস্তত্র পূজয়াঞ্চক্রিরে ভৃশম্ ॥ ১০৫
সৌহৃদঞ্চ কৃপাং চৈব প্রাপ্তকালং মহাত্মনাম্।
দয়াঞ্চ জ্ঞাতিষু পরাং কথয়াঞ্চক্রিরে নৃপাঃ ॥ ১০৬
সাধু সাধ্বিতি সর্বত্র নিশ্চেরুঃ স্তুতিসংহিতাঃ।
বাচঃ পুণ্যাঃ কীর্তিমতাং মনোহৃদয়হর্ষণাঃ ॥ ১০৭

নিষ্পাপ মহারাজ! যদি আপনি আমাকে গ্রহণ করেন, তবে আমি এই যুদ্ধে আপনাদের হইয়া ধৃতরাষ্ট্রপুত্রগণেরসহিত সংগ্রাম করিব ॥ ৯৬

যুধিষ্ঠির বলিলেন,—যুযুৎসু! তুমি এস, এস। আমারা সকলে মিলিত হইয়া তোমার এই মূর্খ ভ্রাতৃগণের সহিত যুদ্ধ করিব। এই কথা আমরা ও বাসুদেব সকলেই বলিতেছি ॥ ৯৭

মহাবাহো! আমি তোমাকে গ্রহণ করিলাম। তুমি আমার জন্য যুদ্ধ কর। রাজা ধৃতরাষ্ট্রের বংশপরম্পরা ও পিণ্ডোদক ক্রিয়া (শ্রাদ্ধ-তর্পণাদি) তোমাকে অবলম্বন করিয়াই থাকিবে দেখিতেছি ॥ ৯৮

মহাতেজস্বী রাজকুমার! আমরা তোমাকে নিজের করিয়া লইলাম। তুমিও আমাদিগকে স্বীকার কর। অত্যন্ত ক্রোধী দুর্মতি দুর্য্যোধন এখন আর এ সংসারে জীবিত থাকিবে না ॥ ৯৯

সঞ্জয় বলিলেন,—রাজন্! তদনন্তর যুযুৎসু যুধিষ্ঠিরের কথা সত্য মনে করিয়া আপনার সকল পুত্রকে ত্যাগ করত ডঙ্কাধ্বনি করিতে করিতে পাণ্ডবগণের সৈন্যমধ্যে চলিয়া যাইলেন ॥ ১০০

(তিনি তখন দুর্য্যোধনের পাপকর্মের নিন্দা করিতে করিতে যুদ্ধের নিশ্চয় করত পাণ্ডবগণের সহিত তাঁহাদেরই সৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন।)

তদনন্তর রাজা যুধিষ্ঠির ভ্রাতৃবৃন্দের সহিত অত্যন্ত প্রসন্ন হইয়া স্বর্ণনির্মিত চাকচিক্যময় কবচধারণ করিলেন ॥ ১০১

তারপর এইসব শ্রেষ্ঠ পুরুষগণ নিজ নিজ রথে আরোহণ করিলেন। অনন্তর তাঁহারা পুনরায় শত্রুদিগকে রুদ্ধ করিবার জন্য পূর্ব্বের ন্যায় নিজ সৈন্যবাহিনীর ব্যূহ রচনা করিলেন ॥ ১০২

সেই শ্রেষ্ঠ পুরুষগণ শত শত দুন্দুভি ও নাগাড়া বাজাইতে লাগিলেন এবং নানাবিধ সিংহনাদ করিতে লাগিলেন ॥ ১০৩

পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণকে পুনরায় রথে বসিয়া থাকিতে দেখিয়া ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি ভূপতিবৃন্দ হৃষ্ট হইলেন ॥ ১০৪

মাননীয় পুরুষগণের সম্মানকারী পাণ্ডবদিগের সেই গৌরব দেখিয়া সমস্ত মহীপতিগণই তাঁহাদিগের প্রশংসা করিতে লাগিলেন ॥ ১০৫

তখন নৃপগণ মহাত্মা পাণ্ডবদিগের সৌহার্দ্দ, কৃপা, সময়োচিত কর্ত্তব্যপালন এবং জ্ঞাতিবৃন্দের প্রতি অতিশয় দয়া—এই সব আলোচনা করিতে থাকিলেন ॥ ১০৬

যশস্বী পাণ্ডবগণের জন্য সর্ব্বদিক্ হইতে তাঁহাদের স্তুতিমূলক ও প্রশংসাপূর্ণ "সাধু সাধু" এই কথা বহির্গত হইতে লাগিল। তাঁহারা এরূপ পবিত্র বহু বাক্য শুনিতে থাকিলেন যে, যাহা মন ও হৃদয়ের হর্ষবর্দ্ধন করিয়া থাকে ॥ ১০৭

ম্লেচ্ছাশ্চার্য্যাশ্চ যে তত্র দদৃশুঃ শুশ্রুবুস্তথা।
বৃত্তং তৎ পাণ্ডুপুত্রাণাং রুরুদুস্তে সগদ্গদাঃ ॥ ১০৮
ততো জঘ্নুর্মহাভেরীঃ শতশশ্চ সহস্রশঃ।
শঙ্খাংশ্চ গোক্ষীরনিভান্ দধ্মুর্হৃষ্টা মনস্বিনঃ ॥ ১০৯

সেখানে যে যে ম্লেচ্ছ ও আর্য্যগণ পাণ্ডবদিগের সেই ব্যাপার দেখিলেন ও শুনিলেন, তাঁহারা সকলেই গদ্গদ কণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥ ১০৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভীষ্মাদিসম্মাননে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৩

তদনন্তর হৃষ্ট মনস্বী পুরুষগণ শত শত ও সহস্র সহস্র অতি বৃহৎ বৃহৎ ভেরী ও গোদুগ্ধতুল্য শ্বেতবর্ণ বহু শঙ্খ বাজাইতে লাগিলেন ॥ ১০৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্মাদির সমাদর-বিষয়ক ত্রিচত্বারিংশৎ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

[কৌরব-পাণ্ডবানাং প্রথমদিনস্থ যুদ্ধারম্ভবর্ণনম্।]

ধৃতরাষ্ট্র উবাচ।
এবং ব্যূঢেষ্বনীকেষু মামকেষ্বিতরেষু চ।
কে পূর্বং প্রাহরংস্তত্র কুরবঃ পাণ্ডবা নু কিম্ ॥ ১

সঞ্জয় উবাচ।
ভ্রাতৃভিঃ সহিতো রাজন্ পুত্রো দুর্য্যোধনস্তব।
ভীষ্মং প্রমুখতঃ কৃত্বা প্রযয়ৌ সহ সেনয়া ॥ ২
তথৈব পাণ্ডবাঃ সর্বে ভীমসেনপুরোগমাঃ।
ভীষ্মেণ যুদ্ধমিচ্ছন্তঃ প্রযযুর্হৃষ্টমানসাঃ ॥ ৩
ক্ষ্বেড়াঃ কিলকিলাশব্দাঃ ক্রকচা গোবিষাণিকাঃ।
ভেরীমৃদঙ্গমুরজা হয়কুঞ্জরনিঃস্বনাঃ ॥ ৪
উভয়োঃ সেনয়োর্হ্যাসংস্ততস্তেঽস্মান্ সমাদ্রবন্।
বয়ং তান্ প্রতিনর্দন্তস্তদাসীৎ তুমুলং মহৎ ॥ ৫
মহান্ত্যনীকানি মহাসমুচ্ছ্রয়ে
সমাগমে পাণ্ডব-ধার্তরাষ্ট্রয়োঃ।
চকম্পিরে শঙ্খ-মৃদঙ্গনিঃস্বনৈঃ
প্রকম্পিতানীব বনানি বায়ুনা ॥ ৬
নরেন্দ্র-নাগাশ্ব-রথাকুলানা-
মভ্যাগতানামশিবে মুহূর্তে।
বভূব ঘোষস্তুমুলশ্চমূনাং
বাতোদ্ধূতানামিব সাগরাণাম্ ॥ ৭

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

[কৌরব-পাণ্ডবগণের প্রথম দিনের যুদ্ধ আরম্ভ বর্ণন।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! এইরূপে আমার পুত্রগণ এবং পাণ্ডবেরা নিজ নিজ সৈন্যদিগকে যখন ব্যূহাকারে স্থাপিত করিল, তখন সেখানে প্রথমে কাহারা প্রহার করিল, কৌরবেরা কিংবা পাণ্ডবেরা? ১

সঞ্জয় বলিলেন,—রাজন্! ভ্রাতৃগণের সহিত আপনার পুত্র দুর্য্যোধন ভীষ্মকে অগ্রে করিয়া গমন করিতে লাগিলেন ॥ ২

এই প্রকার সমস্ত পাণ্ডবগণও ভীমসেনকে অগ্রে করিয়া ভীষ্মের সহিত যুদ্ধ করিবার ইচ্ছায় প্রসন্নমনে অগ্রগমন করিলেন ॥ ৩

তারপর সেই উভয়পক্ষের সৈন্য মধ্যে সিংহনাদ, কিলকিলাশব্দ ক্রকচ, নরসিংহ, ভেরী, মৃদঙ্গ ও ঢোল প্রভৃতি বাদ্যধ্বনি এবং অশ্ব ও হস্তিগণের গর্জনধ্বনি উত্থিত হইল। পাণ্ডব সৈন্যরা আমাদের আক্রমণ করিল এবং আমরাও বিকট গর্জন করিতে করিতে তাহাদের উপর ধাবিত হইলাম। এইভাবে তখন অতিশয় তুমুল যুদ্ধ আরম্ভ হইয়া যাইল ॥ ৪-৫

ভীষণ মার-দাঙ্গাযুক্ত সেই মহাযুদ্ধে সম্মিলিত আপনার পুত্রগণ ও পাণ্ডবগণের বিশাল সৈন্যবাহিনী প্রচণ্ড বায়ুতে কম্পিত বনের ন্যায় শঙ্খ ও মৃদঙ্গের শব্দে কম্পিত হইতে লাগিল ॥ ৬

নরপতি, হস্তী ও অশ্বগণে এবং রথসমূহে পূর্ণ উভয়পক্ষের সৈন্যবৃন্দ সেই অমঙ্গলময় মুহূর্তে যখন পরস্পরের সম্মুখীন হইল, তখন বায়ুতে উদ্বেলিত সমুদ্রের ন্যায় তাহাদের ভয়ঙ্কর কোলাহল চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িল ॥ ৭

তস্মিন্ সমুত্থিতে শব্দে তুমুলে লোমহর্ষণে।
ভীমসেনো মহাবাহুঃ প্রাণদদ্ গোবৃষো যথা॥ ৮
শঙ্খ-দুন্দুভিনির্ঘোষং বারণানাঞ্চ বৃংহিতম্।
সিংহনাদঞ্চ সৈন্যানাং ভীমসেনরবোঽভ্যভূৎ॥ ৯
হয়ানাং হ্রেষমাণানামনীকেষু সহস্রশঃ।
সর্বানভ্যভবচ্ছব্দান্ ভীমস্য নদতঃ স্বনঃ॥ ১০
তং শ্রুত্বা নিনদং তস্য সৈন্যাস্তব বিতত্রসুঃ।
জীমূতস্যেব নদতঃ শক্রাশনিসমস্বনম্॥ ১১
বাহনানি চ সর্বাণি শকৃন্মূত্রং প্রসুস্রুবুঃ।
শব্দেন তস্য বীরস্য সিংহস্যেবেতরে মৃগাঃ॥ ১২
দর্শয়ন্ ঘোরমাত্মানং মহাভ্রমিব নাদয়ন্।
বিভীষয়ংস্তব সুতান্ ভীমসেনঃ সমভ্যয়াৎ॥ ১৩
তমায়ান্তং মহেষ্বাসং সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্।
ছাদয়ন্তঃ শরব্রাতৈর্মেঘা ইব দিবাকরম্॥ ১৪
দুর্য্যোধনশ্চ পুত্রস্তে দুর্মুখো দুঃশলঃ শলঃ।
দুঃশাসনশ্চাতিরথস্তথা দুর্মর্ষণো নৃপ॥ ১৫
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ মহারথঃ।
পুরুমিত্রো জয়ো ভোজঃ সৌমদত্তিশ্চ বীর্য্যবান্॥ ১৬
মহাচাপানি ধুন্বন্তো মেঘা ইব সবিদ্যুতঃ।
আদদানাশ্চ নারাচান্ নির্মুক্তাশীবিষোপমান্॥ ১৭
(অগ্রতঃ পাণ্ডুসেনায়া হ্যতিষ্ঠন্ পৃথিবীক্ষিতঃ॥)
অথ তে দ্রৌপদীপুত্রাঃ সৌভদ্রশ্চ মহারথঃ।
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ॥ ১৮
ধার্তরাষ্ট্রান্ প্রতিযযুরর্দয়ন্তঃ শিতৈঃ শরৈঃ।
বজ্রৈরিব মহাবেগৈঃ শিখরাণি ধরাভৃতাম্॥ ১৯
তস্মিন্ প্রথমসংগ্রামে ভীমজ্যাতলনিঃস্বনে।
তাবকানাং পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ॥ ২০
লাঘবং দ্রোণশিষ্যাণামপশ্যং ভরতর্ষভ।
নিমিত্তবেধিনাং চৈব শরানুৎসৃজতাং ভৃশম্॥ ২১

সেই রোমাঞ্চকারী ভয়ঙ্কর শব্দ উত্থিত হইলেই মহাবাহু ভীমসেন বৃষভের ন্যায় গর্জন করিতে লাগিলেন॥ ৮

ভীমসেনের সেই গর্জন শঙ্খ ও দুন্দুভির গম্ভীর ধ্বনি, গজরাজগণের বৃংহিত রব এবং অন্যান্য সৈন্যদিগের সিংহনাদকে দাবাইয়া দিয়া চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িল॥ ৯

সেই সৈন্যগণমধ্যে হাজার হাজার অশ্বের হ্রেষাধ্বনি হইতেছিল, কিন্তু ভীমসেনের সিংহনাদ সেই শব্দকেও দাবাইয়া দিয়া শুনা যাইতে লাগিল॥ ১০

তিনি মেঘের সদৃশ গম্ভীরস্বরে তর্জন-গর্জন করিতেছিলেন। তাঁহার এই গর্জন ইন্দ্রের বজ্রধ্বনিতুল্য ভয়ানক ছিল। তাঁহার এই সিংহনাদ শুনিয়া আপনার সমস্ত সৈন্যগণ ভীত হইয়া পড়িল॥ ১১

যেরূপ সিংহের শব্দ শুনিয়া অন্য বনজাত পশুরা ভীত হইয়া পড়ে, সেইরূপ বীর ভীমসেনের গর্জনে ভীত হইয়া কৌরব সৈন্যের সমস্ত বাহনেরা মল-মূত্রত্যাগ করিয়া ফেলিল॥ ১২

মহামেঘের ন্যায় নিজের ভয়ঙ্কর রূপ দেখাইতে দেখাইতে, গর্জন করিতে করিতে এবং আপনার পুত্রগণকে ভয় প্রদর্শন করিতে করিতে ভীমসেন কৌরবসৈন্যের উপর আক্রমণ করিলেন॥ ১৩

মহাধনুর্দ্ধর ভীমসেনকে আসিতে দেখিয়া দুর্য্যোধনের ভ্রাতৃবৃন্দের সহিত অন্যান্য বীরগণ মেঘ কর্ত্তৃক সূর্য্যকে আচ্ছাদন করার ন্যায় নিজ নিজ বাণশ্রেণীতে তাঁহাকে আচ্ছাদিত করিতে করিতে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন॥ ১৪

হে নৃপ! আপনার পুত্র দুর্য্যোধন, দুর্মুখ, দুঃশল, অতিরথ দুঃশাসন, দুর্মর্ষণ, বিবিংশতি, চিত্রসেন, মহারথ বিকর্ণ, পুরুমিত্র, জয়, ভোজ ও পরাক্রমশালী ভূরিশ্রবা—ইঁহারা সকলে নিজ নিজ বিশাল ধনুকে কাঁপাইতে কাঁপাইতে ও ধাবিত বিষধর সর্পের ন্যায় প্রতীয়মান বাণকে হাতে গ্রহণ করিয়া বিদ্যুৎ প্রস্ফুরিত মেঘের সদৃশ প্রতীত হইতে লাগিলেন। এই সমস্ত ভূপালগণই পাণ্ডবসৈন্যের সম্মুখে (ভীমসেনকে ঘিরিয়া) দণ্ডায়মান হইলেন॥ ১৫-১৭

তারপর দ্রৌপদীর পঞ্চ পুত্র, মহারথ অভিমন্যু, নকুল, সহদেব ও দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন—এই সব যোদ্ধারা বজ্রতুল্য মহাবেগশালী তীক্ষ্ণ বাণসমূহ দ্বারা পর্ব্বতসকলের শিখরশ্রেণীর ন্যায় ধৃতরাষ্ট্রপুত্রগণকে পীড়া দান করিতে করিতে তাঁহাদের উপর আক্রমণ করিলেন॥ ১৮-১৯

সেই প্রথম সংগ্রামে যখন ভয়ানক ধনুষ্টঙ্কার ও তালপ্রদান শব্দ হইতে লাগিল, তখন আপনার ও পাণ্ডবগণের সৈন্যদলের কোন যোদ্ধাই যুদ্ধ হইতে বিমুখ হইলেন না॥ ২০

ভরতশ্রেষ্ঠ! সেই সময় আমি দ্রোণাচার্য্যের সেই শিষ্যগণের

নোপশাম্যতি নির্ঘোষো ধনুষাং কূজতাং তথা।
বিনিশ্চেরুঃ শরা দীপ্তা জ্যোতীংষীব নভস্তলাৎ ॥ ২২
সর্বে ত্বন্যে মহীপালাঃ প্রেক্ষকা ইব ভারত।
দদৃশুর্দর্শনীয়ং তং ভীমং জ্ঞাতিসমাগমম্ ॥ ২৩
ততস্তে জাতসংরম্ভাঃ পরস্পরকৃতাগসঃ।
অন্যোন্যস্পর্ধয়া রাজন্ ব্যাযচ্ছন্ত মহারথাঃ ॥ ২৪
কুরু-পাণ্ডবসেনে তে হস্ত্যশ্ব-রথসঙ্কুলে।
শুশুভাতে রণেঽতীব পটে চিত্রার্পিতে ইব ॥ ২৫
ততস্তে পার্থিবাঃ সর্বে প্রগৃহীতশরাসনাঃ।
সহসৈন্যাঃ সমাপেতুঃ পুত্রস্য তব শাসনাৎ ॥ ২৬
যুধিষ্ঠিরেণ চাদিষ্টাঃ পার্থিবাস্তে সহস্রশঃ।
বিনদন্তঃ সমাপেতুঃ পুত্রস্য তব বাহিনীম্ ॥ ২৭
উভয়োঃ সেনয়োস্তীব্রঃ সৈন্যানাং স সমাগমঃ।
অন্তর্ধীয়ত চাদিত্যঃ সৈন্যেন রজসাবৃতঃ ॥ ২৮
প্রযুদ্ধানাং প্রভগ্নানাং পুনরাবর্ত্তিনামপি।
নাত্র স্বেষাং পরেষাং বা বিশেষঃ সমদৃশ্যত ॥ ২৯
তস্মিংস্তু তুমুলে যুদ্ধে বর্তমানে মহাভয়ে।
অতিসর্বাণ্যনীকানি পিতা তেঽভিব্যরোচত ॥ ৩০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি যুদ্ধারম্ভে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৪

অস্ত্রচালনায় দক্ষতা দেখিলাম। তাঁহারা অতিশয় তীব্র গতিতে বাণ নিক্ষেপ করিতে ও লক্ষ্যবস্তুকে বিদ্ধ করিতে লাগিলেন ॥ ২১

সেখানে তখন টঙ্কারধ্বনিপূর্ণ ধনুসমূহের শব্দ কখনও শান্ত হইল না। আকাশে নক্ষত্রাবলির ন্যায় সেই সব ধনু হইতে প্রদীপ্ত বাণসমূহ অবিরত বাহির হইতে লাগিল ॥ ২২

হে ভারত! অন্য সব ভূপতিগণ সেই জ্ঞাতিবর্গের ভয়ঙ্কর দর্শনীয় সংগ্রামকে দর্শকের ন্যায় দেখিতে লাগিলেন ॥ ২৩

রাজন্! বাল্যাবস্থায় তাঁহারা পরস্পর পরস্পরের প্রতি বহু অপরাধ করিয়াছিলেন। তখন সেই সব বিষয় স্মরণ হইতে থাকিলে এই মহরথীরা ক্রুদ্ধ হইয়া পড়িলেন এবং তাঁহারা পরস্পর পরস্পরের প্রতি স্পর্দ্ধা দেখাইতে দেখাইতে যুদ্ধে জয়লাভ করিবার জন্য বিশেষ পরিশ্রম করিতে লাগিলেন ॥ ২৪

বহু হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ কৌরব-পাণ্ডবগণের এই সৈন্য-বাহিনী পটে অঙ্কিত চিত্রময় সৈন্যসমূহের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৫

তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধনের আদেশে অন্য সব রাজারাও হস্তে ধনুর্বাণ গ্রহণ করত সৈন্যবাহিনীর সহিত সেখানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ২৬

এইরূপে যুধিষ্ঠিরেরও অনুমতি পাইয়া সহস্র সহস্র নরপতি গর্জন করিতে করিতে আপনার পুত্রের সৈন্যবাহিনীর উপর আক্রমণ করিলেন ॥ ২৭

এই উভয় পক্ষের সৈন্যগণের সেই সংগ্রাম অত্যন্ত তীব্র হইয়া উঠিল। তখন সৈন্যোত্থিত ধূলিজালে আচ্ছাদিত হইয়া সূর্য্যদেব অদৃশ্য হইয়া যাইলেন ॥ ২৮

সেই সময় কিছু যোদ্ধা যুদ্ধ করিতে ছিল, কিছু আবার পলায়ন করিতেছিল এবং কিছু যোদ্ধা পলাইয়া গিয়া পুনরায় ফিরিয়া আসিতে লাগিল। এই বিষয়ে আপনার ও শত্রুপক্ষের সৈন্যের মধ্যে কিছু পার্থক্য দেখা যাইল না ॥ ২৯

যে সময় সেই অত্যন্ত ভয়ানক তুমুল যুদ্ধ আরম্ভ হইয়া যাইল, সেই সময় আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সমস্ত সৈন্যের উপর আধিপত্য বিস্তার করিয়া স্বীয় তেজে প্রকাশ পাইতে লাগিলেন ॥ ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে যুদ্ধারম্ভবিষয়ক চতুশ্চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

[উভয়পক্ষীয়-সৈন্যানাং দ্বন্দ্বযুদ্ধম্।]

সঞ্জয় উবাচ।

পূর্বাহ্নে তস্য রৌদ্রস্য যুদ্ধমহ্নো বিশাম্পতে।
প্রাবর্তত মহাঘোরং রাজ্ঞাং দেহাবকর্তনম্ ॥ ১

কুরূণাং সৃঞ্জয়ানাঞ্চ জিগীষূণাং পরস্পরম্।
সিংহানামিব সংহ্রাদো দিবমুর্বীঞ্চ নাদয়ন্ ॥ ২

আসীৎ কিলকিলাশব্দস্তলশঙ্খরবৈঃ সহ।
জজ্ঞিরে সিংহনাদাশ্চ শূরাণাং প্রতিগর্জতাম্ ॥ ৩

তলত্রাভিহতাশ্চৈব জ্যাশব্দা ভবতর্ষভ।
পত্তীনাং পাদশব্দশ্চ বাজিনাঞ্চ মহাস্বনঃ ॥ ৪

তোত্রাঙ্কুশনিপাতশ্চ আয়ুধানাঞ্চ নিঃস্বনঃ।
ঘণ্টাশব্দশ্চ নাগানামন্যোন্যমভিধাবতাম্ ॥ ৫

তস্মিন্ সমুদিতে শব্দে তুমুলে লোমহর্ষণে।
বভূব রথনির্ঘোষঃ পর্জন্যনিনদোপমঃ ॥ ৬

তে মনঃ ক্রূরমাধায় সমভিত্যক্তজীবিতাঃ।
পাণ্ডবানভ্যবর্তন্ত সর্ব এবোচ্ছ্রিতধ্বজাঃ ॥ ৭

অথ শান্তনবো রাজন্নভ্যধাবদ্ ধনঞ্জয়ম্।
প্রগৃহ্য কার্মুকং ঘোরং কালদণ্ডোপমং রণে ॥ ৮

অর্জুনোঽপি ধনুর্গৃহ্য গাণ্ডীবং লোকবিশ্রুতম্।
অভ্যধাবত তেজস্বী গাঙ্গেয়ং রণমূর্ধনি ॥ ৯

তাবুভৌ কুরুশার্দূলৌ পরস্পরবধৈষিণৌ।
গাঙ্গেয়স্তু রণে পার্থং বিদ্ধা নাকম্পয়দ্ বলী ॥ ১০

তথৈব পাণ্ডবো রাজন্ ভীষ্মং নাকম্পয়দ্ যুধি।
সাত্যকিস্তু মহেষ্বাসঃ কৃতবর্মাণমভ্যয়াৎ ॥ ১১

তয়োঃ সমভবদ্ যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
সাত্যকিঃ কৃতবর্মাণং কৃতবর্মা চ সাত্যকিম্ ॥ ১২

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

[উভয় পক্ষ সৈন্যের দ্বন্দ্ব যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—প্রজানাথ! সেই ভয়ঙ্কর দিনের প্রথমভাগে মহাভয়ানক যুদ্ধ চলিতে লাগিল, তাহাতে রাজাদিগের শরীর উচ্ছেদ হইতেছিল ॥ ১

কৌরব ও সৃঞ্জয়বংশীয় বীরগণ পরস্পর পরস্পরকে জয়লাভ করিবার জন্য সিংহের ন্যায় গর্জন করিতে লাগিলেন। তাঁহাদের এই সিংহনাদ পৃথিবী ও আকাশকে প্রতিধ্বনিত করিতে লাগিল ॥ ২

সেই সময় তল ও শঙ্খের ধ্বনির সহিত সৈন্যগণের কিলকিলা শব্দ উত্থিত হইতেছিল। পরস্পরের প্রতি গর্জনকারী শূরগণের সিংহনাদও হইতে লাগিল ॥ ৩

ভরতশ্রেষ্ঠ! তলত্রাণের আঘাতে উত্থিত গুণের শব্দ, পদাতি সৈন্যগণের পাদক্ষেপণ শব্দ, উচ্চৈঃস্বরে কৃত অশ্বসকলের হ্রেষাধ্বনি, হস্তীদিগের তোত্র (কশা) ও অঙ্কুশের শব্দ, অস্ত্রসমূহের ঝনঝন শব্দ এবং পরস্পরের প্রতি ধাবিত গজরাজগণের ঘণ্টানাদ—এই সব শব্দ মিলিত হইয়া এমন এক ভয়ঙ্কর রব উঠিল, যাহা শরীরে রোমাঞ্চ জন্মাইয়া দেয়। সেই অবস্থায় রথসমূহের ধ্বনি মেঘের বিকট গর্জনের ন্যায় মনে হইতেছিল ॥ ৪-৬

সেই সমস্ত কৌরব সৈন্যরা নিজের মনকে কঠোর করিয়া প্রাণের পণ করত উচ্চ ধ্বজ বাঁধিয়া পাণ্ডবগণের উপর ধাবিত হইলেন ॥ ৭

রাজন্! তদনন্তর শক্রনন্দন ভীষ্ম সেই যুদ্ধভূমিতে কালদণ্ডের ন্যায় ভীষণ ধনু গ্রহণ করত অর্জুনের অভিমুখে ধাবিত হইলেন ॥ ৮

এদিকে মহাতেজস্বী অর্জুনও স্বীয় লোকবিখ্যাত গাণ্ডীব ধনু গ্রহণ করত যুদ্ধের সম্মুখভাগে গঙ্গানন্দন ভীষ্মের দিকে দ্রুত অগ্রসর হইলেন ॥ ৯

তখন এই কুরুকুলশ্রেষ্ঠ উভয়েই পরস্পরকে বধ করিতে ইচ্ছুক ছিলেন। বলবান্ ভীষ্ম যুদ্ধে অর্জুনকে অস্ত্রবিদ্ধ করিয়াও তাঁহাকে বিচলিত করিতে পারেন নাই ॥ ১০

রাজন্! সেইরূপ পাণ্ডুনন্দন অর্জুনও ভীষ্মকে যুদ্ধে কম্পিত করিতে সমর্থ হন নাই। অপর দিকে মহাধনুর্দ্ধর সাত্যকি কৃতবর্ম্মার অভিমুখে ধাবিত হইলেন ॥ ১১

তখন ইঁহাদের উভয়ের মধ্যে ভয়ঙ্কর রোমাঞ্চকারী যুদ্ধ আরম্ভ হইল। সেই সময় কখনও সাত্যকি কৃতবর্ম্মাকে এবং কখনও কৃতবর্ম্মা সাত্যকিকে ভয়ানক বাণসমূহে আঘাত করিতে করিতে পরস্পরকে পীড়িত করিতে লাগিলেন।

আনর্চ্ছতুঃ শরৈর্ঘোরৈস্তক্ষমাণৌ পরস্পরম্।
তৌ শরার্চিতসর্বাঙ্গৌ শুশুভাতে মহাবলৌ ॥ ১৩
বসন্তে পুষ্প-শবলৌ পুষ্পিতাবিব কিংশুকৌ।
অভিমন্যুর্মহেষ্বাসং বৃহদ্বলমযোধয়ৎ ॥ ১৪
ততঃ কোশলরাজাসাবভিমন্যোর্বিশাম্পতে।
ধ্বজং চিচ্ছেদ সমরে সারথিঞ্চ ন্যপাতয়ৎ ॥ ১৫
সৌভদ্রস্তু ততঃ ক্রুদ্ধঃ পাতিতে রথসারথৌ।
বৃহদ্বলং মহারাজ বিব্যাধ নবভিঃ শরৈঃ ॥ ১৬
অথাপরাভ্যাং ভল্লাভ্যাং শিতাভ্যামরিমর্দনঃ।
ধ্বজমেকেন চিচ্ছেদ পার্ষ্ণিমেকেন সারথিম্ ॥ ১৭
অন্যোন্যঞ্চ শরৈঃ ক্রুদ্ধৌ ততক্ষাতে পরস্পরম্।
মানিনং সমরে দৃপ্তং কৃতবৈরং মহারথম্ ॥ ১৮
ভীমসেনস্তব সুতং দুর্য্যোধনমযোধয়ৎ।
তাবুভৌ নরশার্দূলৌ কুরুমুখ্যৌ মহাবলৌ ॥ ১৯
অন্যোন্যং শরবর্ষাভ্যাং ববৃষাতে রণাজিরে।

এই দুই মহাবলশালী বীর তখন সর্ব্বাঙ্গে বাণসমূহে ক্ষতবিক্ষত হওয়ায় বসন্ত ঋতুতে বিকসিত পুষ্পে পরিপূর্ণ দুইটি পলাশবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥

অভিমন্যু মহাধনুর্দ্ধর বৃহদ্বলের সহিত যুদ্ধ করিতেছিলেন। প্রজানাথ! কোশলরাজ বৃহদ্বল সেই যুদ্ধে অভিমন্যুর ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন এবং সারথিকে নিহত করিয়া ভূপাতিত করিলেন ॥ ১২-১৫

মহারাজ! স্বীয় রথের সারথি নিহত হইলে সুভদ্রানন্দন অভিমন্যু কুপিত হইয়া উঠিলেন এবং তিনি বৃহদ্বলকে নয়টি বাণে বিদ্ধ করিলেন ॥ ১৬

তারপর শত্রুমর্দ্দন অভিমন্যু অন্য দুই তীক্ষ্ণ বাণে বৃহদ্বলের ধ্বজ ছেদন করিলেন এবং অন্য এক বাণে তাঁহার পৃষ্ঠরক্ষক ও অপর এক বাণে সারথিকে বধ করিলেন ॥ ১৭

তখন উভয়ে ক্রুদ্ধ হইয়া তীক্ষ্ণ ধারাল বাণসমূহ দ্বারা পরস্পরকে বিদ্ধ করিতে থাকিলেন। যুদ্ধে অভিমানপ্রকাশকারী গর্ব্বিত ও পূর্ব্ব হইতে শত্রুতাবদ্ধ আপনার মহারথ পুত্র দুর্য্যোধনের সহিত ভীমসেন যুদ্ধ আরম্ভ করিলেন ॥

এই দুই নরশ্রেষ্ঠ মহাবল বীর কুরুকুলের প্রধান ছিলেন। ইঁহারা যুদ্ধক্ষেত্রে পরস্পরের উপর বাণ বর্ষণ আরম্ভ করিয়া দিলেন ॥

তৌ বীক্ষ্য তু মহাত্মানৌ কৃতিনৌ চিত্রযোধিনৌ ॥ ২০
বিস্ময়ঃ সর্বভূতানাং সমপদ্যত ভারত।
দুঃশাসনস্তু নকুলং প্রত্যুদ্যায় মহাবলম্ ॥ ২১
অবিদ্ধন্নিশিতৈর্বাণৈর্বহুভির্মর্মভেদিভিঃ।
তস্য মাদ্রীসুতঃ কেতুং সশরঞ্চ শরাসনম্ ॥ ২২
চিচ্ছেদ নিশিতৈর্বাণৈঃ প্রহসন্নিব ভারত।
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥ ২৩
পুত্রস্তু তব দুর্দ্ধর্ষো নকুলস্য মহাহবে।
তুরঙ্গাংশ্চিচ্ছিদে বাণৈর্ধ্বজং চৈবাভ্যপাতয়ৎ ॥ ২৪
দুর্মুখঃ সহদেবঞ্চ প্রত্যুদ্যায় মহাবলম্।
বিব্যাধ শরবর্ষেণ যতমানং মহাহবে ॥ ২৫
সহদেবস্ততো বীরো দুর্মুখস্য মহারণে।
শরেণ ভৃশতীক্ষ্নেন পাতয়ামাস সারথিম্ ॥ ২৬
তাবন্যোন্যং সমাসাদ্য সমরে যুদ্ধদুর্মদৌ।
ত্রাসয়েতাং শরৈর্ঘোরৈঃ কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥ ২৭

ভারত! এই দুই মহাত্মা অস্ত্রবিদ্যায় পারদর্শী এবং বিচিত্র রীতিতে যুদ্ধ করিতে পারিতেন। সেই সময় ইঁহাদের দেখিয়া সমস্ত প্রাণীরই অতিশয় বিস্ময় উপস্থিত হইল ॥

দুঃশাসন অগ্রগমন করিয়া মর্ম্মস্থান বিদীর্ণকারক নিজ বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা মহাবল নকুলকে বিদ্ধ করিয়া ফেলিলেন ॥

ভারত! তখন মাদ্রীনন্দন নকুলও যেন হাস্য করিতে করিতে তীক্ষ্ণ ধারাল বাণসমূহে দুঃশাসনের ধনুর্বাণ ও ধ্বজ ছেদন করিলেন এবং পঞ্চবিংশতি (২৫) বাণ প্রহার করিয়া আহত করিলেন ॥

তারপর আপনার দুর্দ্ধর্ষ পুত্র দুঃশাসন সেই মহাযুদ্ধে নকুলের অশ্বগণকে ছেদন করিলেন এবং তাঁহার ধ্বজকে ভূপাতিত করিলেন ॥ ১৮-২৪

মহাবল সহদেব সেই মহারণে স্বীয় বিজয়লাভের জন্য অতিশয় প্রযত্ন করিতেছিলেন, তাঁহার দিকে আপনার পুত্র দুর্মুখ ধাবিত হইয়া স্বীয় বাণবর্ষণে বিদ্ধ করিলেন ॥ ২৫

তখন বীর সহদেব সেই মহাযুদ্ধে অত্যন্ত তীক্ষ্ণ ধারাল বাণ দ্বারা দুর্মুখের সারথিকে নিহত করিয়া ভূতলে পাতিত করিলেন ॥ ২৬

এই দুইজন যুদ্ধদুর্মদ বীর সমরাঙ্গণে পরস্পরের সম্মুখীন হইয়া পূর্ব্বকৃত শত্রুতার প্রতীকারকল্পে ভয়ঙ্কর বাণসমূহ দ্বারা পরস্পরকে ভীত করিতে লাগিলেন ॥ ২৭

যুধিষ্ঠিরঃ স্বয়ং রাজা মদ্ররাজানমভ্যয়াৎ।
তস্য মদ্রাধিপশ্চাপং দ্বিধা চিচ্ছেদ মারিষ ॥ ২৮

তদপাস্য ধনুশ্ছিন্নং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অন্যৎ কার্মুকমাদায় বেগবদ্ বলবত্তরম্ ॥ ২৯

ততো মদ্রেশ্বরং রাজা শরৈঃ সন্নতপর্বভিঃ।
ছাদয়ামাস সংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ৩০

ধৃষ্টদ্যুম্নস্ততো দ্রোণমভ্যদ্রবত ভারত।
তস্য দ্রোণঃ সুসংক্রুদ্ধঃ পরাসুকরণং দৃঢ়ম্ ॥ ৩১

ত্রিধা চিচ্ছেদ সমরে পাঞ্চাল্যস্য তু কার্মুকম্।
শরং চৈব মহাঘোরং কালদণ্ডমিবাপরম্ ॥ ৩২

প্রেষয়ামাস সমরে সোঽস্য কায়ে ন্যমজ্জত।
অথান্যদ্ ধনুরাদায় সায়কাংশ্চ চতুর্দশ ॥ ৩৩

দ্রোণং দ্রুপদপুত্রস্তু প্রতিবিব্যাধ সংযুগে।
তাবন্যোন্যং সুসংক্রুদ্ধৌ চক্রতুঃ সুভৃশং রণম্ ॥ ৩৪

সৌমদত্তিং রণে শঙ্খো রভসং রভসো যুধি।
প্রত্যুদ্যযৌ মহারাজ তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ৩৫

তস্য বৈ দক্ষিণং বীরো নির্বিভেদ রণে ভুজম্।
সৌমদত্তিস্তথা শঙ্খং জত্রুদেশে সমাহনৎ ॥ ৩৬

তয়োস্তদভবদ্ যুদ্ধং ঘোররূপং বিশাম্পতে।
দৃপ্তয়োঃ সমরে পূর্বং বৃত্র-বাসবয়োরিব ॥ ৩৭

বাহ্লীকং তু রণে ক্রুদ্ধং ক্রুদ্ধরূপো বিশাম্পতে।
অভ্যদ্রবদমেয়াত্মা ধৃষ্টকেতুর্মহারথঃ ॥ ৩৮

বাহ্লীকস্তু রণে রাজন্ ধৃষ্টকেতুমমর্ষণঃ।
শরৈর্বহুভিরানর্চ্ছৎ সিংহনাদমথানদৎ ॥ ৩৯

চেদিরাজস্তু সংক্রুদ্ধো বাহ্লীকং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ সমরে তূর্ণং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥ ৪০

তৌ তত্র সমরে ক্রুদ্ধৌ নর্দন্তৌ চ পুনঃ পুনঃ।
সমীয়তুঃ সুসংক্রুদ্ধাবঙ্গারক-বুধাবিব ॥ ৪১

স্বয়ং রাজা যুধিষ্ঠির মদ্ররাজ শল্যের উপর আক্রমণ করিলেন। রাজন্! তখন মদ্ররাজ শল্য তাঁহার ধনুটিকে দ্বিখণ্ডিত করিয়া দিলেন ॥ ২৮

তারপর কুন্তীপুত্র যুধিষ্ঠির সেই ছিন্ন ধনুকে ফেলিয়া দিয়া অপর একটি বেগযুক্ত ও প্রবলতর ধনু গ্রহণ করিলেন এবং নতপর্ব্বযুক্ত তীক্ষ্ণ ধারাল বাণদ্বারা মদ্ররাজ শল্যকে আবৃত করিয়া ফেলিলেন। অনন্তর রাজা যুধিষ্ঠির অতিশয় ক্রুদ্ধ হইয়া বলিলেন—দাঁড়াও ॥ ২৯-৩০

হে ভারত! অন্যদিকে ধৃষ্টদ্যুম্ন দ্রোণাচার্য্যকে আক্রমণ করিলেন। তখন দ্রোণাচার্য্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে অপরকে নিহত করিবার সাধনভূত ধৃষ্টদ্যুম্নের সুদৃঢ় ধনুকে তিন খণ্ড করিয়া ছেদন করিলেন ॥

তারপর সেই যুদ্ধে তিনি দ্বিতীয় কালদণ্ডের ন্যায় অত্যন্ত ভয়ঙ্কর বাণ সন্ধান করিলেন। এই বাণ ধৃষ্টদ্যুম্নের শরীরের মধ্যে প্রবিষ্ট হইল।

তারপর দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন দ্বিতীয় ধনু লইয়া চতুর্দ্দশ (১৪)-টি সায়ক ক্ষেপণ করিয়া দ্রোণাচার্য্যকে বিদ্ধ করিলেন। তখন তাঁহারা উভয়ে অতিশয় ক্রুদ্ধ হইয়া পরস্পরের প্রতি ভীষণ সংগ্রাম করিতে লাগিলেন ॥ ৩১-৩৪

মহারাজ! বেগবান্ শঙ্খ সেই যুদ্ধে বেগশালী সোমদত্তপুত্র ভূরিশ্রবাকে আক্রমণ করিলেন এবং বলিলেন—তুমি যুদ্ধে স্থির থাক, স্থির থাক ॥ ৩৫

বীর শঙ্খ এই যুদ্ধে ভূরিশ্রবার দক্ষিণবাহু বিদীর্ণ করিয়া ফেলিলেন, তখন ভূরিশ্রবাও শঙ্খের স্কন্ধের সন্ধিস্থানে বাণের দ্বারা আঘাত করিলেন ॥ ৩৬

রাজন্! সমরাঙ্গণে এইভাবে ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় সেই দুই অভিমানী বীরের মধ্যে অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥ ৩৭

প্রজানাথ! রণক্ষেত্রে কুপিত বাহ্লীকের উপরে অপরিমিত আত্মবলসম্পন্ন মহারথী ধৃষ্টকেতু ক্রোধের সহিত আক্রমণ করিলেন ॥ ৩৮

রাজন্! অমর্ষশীল বাহ্লীক সমরাঙ্গণে বহু বাণ দ্বারা ধৃষ্টকেতুকে পীড়িত করিলেন এবং সিংহনাদ করিতে লাগিলেন ॥৩৯

তখন চেদিরাজ ধৃষ্টকেতু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া মদমত্ত গজরাজ কর্ত্তৃক অন্য এক মদমত্ত গজরাজের উপর আক্রমণের ন্যায় অতি দ্রুত নয়টি বাণ প্রহার করিয়া সেই যুদ্ধে বাহ্লীককে ক্ষত-বিক্ষত করিয়া ফেলিলেন ॥ ৪০

সেই রণস্থলে এই দুই বীর পরস্পর অতিশয় কুপিত হইয়া মঙ্গল ও বুধগ্রহের ন্যায় পুনঃ পুনঃ গর্জন করিতে করিতে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৪১

রাক্ষসং রৌদ্রকর্মাণং ক্রূরকর্মা ঘটোৎকচঃ।
অলম্বুষং প্রত্যুদিয়াদ্ বলং শক্র ইবাহবে ॥ ৪২

ঘটোৎকচস্ততঃ ক্রুদ্ধো রাক্ষসং তং মহাবলম্।
নবত্যা সায়কৈস্তীক্ষ্ণৈর্দারয়ামাস ভারত ॥ ৪৩

অলম্বুষস্তু সমরে ভৈমসেনিং মহাবলম্।
বহুধা দারয়ামাস শরৈঃ সন্নতপর্বভিঃ ॥ ৪৪

ব্যভ্রাজেতাং ততস্তৌ তু সংযুগে শরবিক্ষতৌ।
যথা দেবাসুরে যুদ্ধে বল-শক্রৌ মহাবলৌ ॥ ৪৫

শিখণ্ডী সমরে রাজন্ দ্রৌণিমভ্যুদ্যযৌ বলী।
অশ্বত্থামা ততঃ ক্রুদ্ধঃ শিখণ্ডিনমুপস্থিতম্ ॥ ৪৬

নারাচেন সুতীক্ষ্ণেন ভৃশং বিদ্ধ্বা হ্যকম্পয়ৎ।
শিখণ্ড্যপি ততো রাজন্ দ্রোণপুত্রমতাড়য়ৎ ॥ ৪৭

সায়কেন সুপীতেন তীক্ষ্ণেন নিশিতেন চ।
তৌ জঘ্নতুস্তদান্যোন্যং শরৈর্বহুবিধৈর্মৃধে ॥ ৪৮

যেরূপ ইন্দ্র যুদ্ধে বলনামক দৈত্যের উপর আক্রমণ করিয়াছিলেন, সেইরূপ ক্রূরকর্ম্মা ঘটোৎকচ ভয়ানক কর্ম্মকারী অলম্বুষনামক রাক্ষসের উপর আক্রমণ করিল ॥ ৪২

হে ভারত! ক্রোধে পূর্ণ ঘটোৎকচ নব্বইটি বাণে সেই মহাশক্তিশালী অলম্বুষকে বিদীর্ণ করিয়া ফেলিল ॥ ৪৩

তখন অলম্বুষও মহাবলবান্ ভীমসেন-পুত্র ঘটোৎকচকে নত পর্ব্বযুক্ত বাণদ্বারা যুদ্ধে বহুভাবে আঘাত করিতে লাগিল ॥ ৪৪

যেরূপ দেবাসুর-সংগ্রামে মহাবল বলাসুর ও ইন্দ্র অস্ত্রাঘাতে ক্ষত-বিক্ষত হইয়া শোভা পাইয়াছিলেন, সেইরূপ এই যুদ্ধে পরস্পরের বাণে ক্ষত-বিক্ষত হইয়া অলম্বুষ ও ঘটোৎকচ শোভা প্রাপ্ত হইল ॥ ৪৫

রাজন্! যখন বলশালী শিখণ্ডী রণক্ষেত্রে দ্রোণাচার্য্যের পুত্র অশ্বত্থামার উপর ধাবিত হইলেন, তখন অশ্বত্থামা কুপিত হইয়া একটি তীক্ষ্ণ নারাচের দ্বারা নিকটে আগত শিখণ্ডীকে দারুণভাবে আঘাত করত কম্পিত করিয়া দিলেন। মহারাজ! তখন শিখণ্ডীও পীতবর্ণের একটি তীক্ষ্ণ ধারাল সায়ক দ্বারা দ্রোণপুত্র অশ্বত্থামাকে তাড়িত করিলেন। তারপর তাঁহারা উভয়েই সেই সময় যুদ্ধে নানাবিধ বাণ দ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন ॥ ৪৬-৪৮

রাজন্! সেনাপতি বিরাট এই যুদ্ধে বীরবর ভগদত্তকে

ভগদত্তং রণে শূরং বিরাটো বাহিনীপতিঃ।
অভ্যয়াৎ ত্বরিতো রাজংস্ততো যুদ্ধমবর্তত ॥ ৪৯

বিরাটো ভগদত্তং তু শরবর্ষেণ ভারত।
অভ্যবর্ষৎ সুসংক্রুদ্ধো মেঘো বৃষ্ট্যা ইবাচলম্ ॥ ৫০

ভগদত্তস্ততস্তূর্ণং বিরাটং পৃথিবীপতিম্।
ছাদয়ামাস সমরে মেঘঃ সূর্য্যমিবোদিতম্ ॥ ৫১

বৃহৎক্ষত্রং তু কৈকেয়ং কৃপঃ শারদ্বতো যযৌ।
তং কৃপঃ শরবর্ষেণ ছাদয়ামাস ভারত ॥ ৫২

গৌতমং কৈকেয়ঃ ক্রুদ্ধঃ শরবৃষ্ট্যাভ্যপূরয়ৎ।
তাবন্যোন্যং হয়ান্ হত্বা ধনুশ্ছিত্ত্বা চ ভারত ॥ ৫৩

বিরথাবসিযুদ্ধায় সমীয়তুরমর্ষণৌ।
তয়োস্তদভবদ্ যুদ্ধং ঘোররূপং সুদারুণম্ ॥ ৫৪

দ্রুপদস্তু ততো রাজন্ সৈন্ধবং বৈ জয়দ্রথম্।
অভ্যুদ্যযৌ হৃষ্টরূপো হৃষ্টরূপং পরন্তপঃ ॥ ৫৫

অতিশয় দ্রুততার সহিত আক্রমণ করিলেন। তখন তাঁহাদের উভয়ের মধ্যে যুদ্ধ বাধিয়া যাইল ॥ ৪৯

ভারত! বিরাট অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ভগদত্তের উপর স্বীয় বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। ইহাতে মনে হইতেছিল মেঘ পর্ব্বতের উপর বারি বর্ষণ করিতেছে ॥ ৫০

যেরূপ মেঘ ঘনীভূত হইয়া সূর্য্যকে আবৃত করিয়া ফেলে, সেইরূপ তখন ভগদত্ত সমরস্থলে নিজের বাণবর্ষণের দ্বারা পৃথিবীপতি বিরাটকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৫১

হে ভারত! কেকয়রাজ বৃহৎক্ষত্রের উপর শরদ্বানের পুত্র কৃপাচার্য্য আক্রমণ করিলেন এবং স্বীয় বাণবর্ষণে কৃপাচার্য্য তাঁহাকে আবৃত করিলেন ॥ ৫২

তখন কেকয়রাজ বৃহৎক্ষত্র ক্রুদ্ধ হইয়া নিজের বাণবৃষ্টির দ্বারা কৃপাচার্য্যকে আচ্ছাদিত করিলেন। ভারত! এই দুই বীর তখন পরস্পরের অশ্বগণকে ও ধনুকে ছেদন করিয়া ফেলিলে রথহীন হইয়া পড়িলেন। এইরূপ অবস্থায় তাঁহারা ক্রুদ্ধ হইয়া খড়্গের দ্বারা যুদ্ধ করিবার জন্য পরস্পরের সম্মুখে দণ্ডায়মান হইলেন। তখন তাঁহাদের উভয়ের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর ও দারুণ যুদ্ধ বাধিয়া যাইল ॥ ৫৩-৫৪

রাজন্! অপরদিকে শত্রুতাপন দ্রুপদ অতিশয় হৃষ্ট হইয়া সিন্ধুরাজ জয়দ্রথের অভিমুখে ধাবিত হইলেন। তখন জয়দ্রথও অত্যন্ত হৃষ্ট ছিলেন ॥ ৫৫

ততঃ সৈন্ধবকো রাজা দ্রুপদং বিশিখৈস্ত্রিভিঃ।
তাড়য়ামাস সমরে স চ তং প্রত্যবিধ্যত ॥ ৫৬

তয়োস্তদভবদ্ যুদ্ধং ঘোররূপং সুদারুণম্।
ঈক্ষণপ্রীতিজননং শুক্রাঙ্গারকয়োরিব ॥ ৫৭

বিকর্ণস্তু সুতস্তভ্যং সুতসোমং মহাবলম্।
অভ্যয়াজ্জবনৈরশ্বৈস্ততো যুদ্ধমবর্তত ॥ ৫৮

বিকর্ণঃ সুতসোমং তু বিদ্ধ্বা নাকম্পয়চ্ছরৈঃ।
সুতসোমো বিকর্ণঞ্চ তদদ্ভুতমিবাভবৎ ॥ ৫৯

সুশর্মাণং নরব্যাঘ্রশ্চেকিতানো মহারথঃ।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধঃ পাণ্ডবার্থে পরাক্রমী ॥ ৬০

সুশর্মা তু মহারাজ চেকিতানং মহারথম্।
মহতা শরবর্ষেণ বারয়ামাস সংযুগে ॥ ৬১

চেকিতানোঽপি সংরব্ধঃ সুশর্মাণং মহাহবে।
প্রাচ্ছাদয়ৎ তমিষুভির্মহামেঘ ইবাচলম্ ॥ ৬২

শকুনিঃ প্রতিবিন্ধ্যং তু পরাক্রান্তং পরাক্রমী।
অভ্যদ্রবত রাজেন্দ্র মত্তঃ সিংহ ইব দ্বিপম্ ॥ ৬৩

যৌধিষ্ঠিরস্তু সংক্রুদ্ধঃ সৌবলং নিশিতৈঃ শরৈঃ।
ব্যদারয়ত সংগ্রামে মঘবানিব দানবম ॥ ৬৪

শকুনিঃ প্রতিবিন্ধ্যং তু প্রতিবিধ্যন্তমাহবে।
ব্যদারয়ন্মহাপ্রাজ্ঞঃ শরৈঃ সন্নতপর্বভিঃ ॥ ৬৫

সুদক্ষিণং তু রাজেন্দ্র কাম্বোজানাং মহারথম্।
শ্রুতকর্মা পরাক্রান্তমভ্যদ্রবত সংযুগে ॥ ৬৬

সুদক্ষিণস্তু সমরে সাহদেবিং মহারথম্।
বিদ্ধা নাকম্পয়ত বৈ মৈনাকমিব পর্বতম্ ॥ ৬৭

শ্রুতকর্মা ততঃ ক্রুদ্ধঃ কাম্বোজানাং মহারথম্।
শরৈর্বহুভিরানর্চ্ছদ্ দারয়ন্নিব সর্বশঃ ॥ ৬৮

ইরাবানথ সংক্রুদ্ধঃ শ্রুতায়ুষমরিন্দমম্।
প্রত্যুদ্যযৌ রণে যত্তো যত্তরূপং পরন্তপঃ ॥ ৬৯

তারপর সিন্ধুরাজ জয়দ্রথ এই রণাঙ্গণে তিনটি বাণদ্বারা দ্রুপদকে গভীর ভাবে আঘাত করিলেন। দ্রুপদও প্রতিশোধ লইবার জন্য তাঁহাকে বাণের দ্বারা বিদ্ধ করিলেন ॥ ৫৬

এই উভয়ের অত্যন্ত তীব্র ও ভয়ঙ্কর সেই যুদ্ধ তখন শুক্র ও মঙ্গলগ্রহের যুদ্ধের ন্যায় নয়নের তৃপ্তিদায়ক হইয়াছিল ॥ ৫৭

আপনার পুত্র বিকর্ণ বেগগামী অশ্বগণের সাহায্যে ভীমপুত্র মহাবলবান্ সুতসোমের প্রতি ধাবিত হইলেন। তাহাতে তখন তাঁহাদের মধ্যেও যুদ্ধ আরম্ভ হইয়া যাইল ॥ ৫৮

বিকর্ণ নিজ বাণসমূহে সুতসোমকে বিদ্ধ করিয়াও তাঁহাকে কম্পিত করিতে সমর্থ হইলেন না। এইরূপ সুতসোমও বিকর্ণকে বিচলিত করিতে পারিলেন না। তাঁহাদের এই পরাক্রম তখন অদ্ভুত বলিয়া প্রতীত হইতেছিল ॥ ৫৯

নরশ্রেষ্ঠ! পরাক্রমী মহারথ চেকিতান পাণ্ডবগণের জন্য অত্যন্ত কুপিত হইয়া সুশর্মার উপর আক্রমণ করিলেন ॥ ৬০

মহারাজ! সুশর্মা তখন ঘোরতর বাণবর্ষণ করিয়া মহারথ চেকিতানকে যুদ্ধে অগ্রগতি হইতে রুদ্ধ করিয়া দিলেন ॥ ৬১

তখন চেকিতানও অতিশয় রুষ্ট হইয়া সেই মহাযুদ্ধে নিজ বাণসমূহে সুশর্মাকে সেইরূপভাবে আচ্ছাদিত করিয়া ফেলিলেন, যেরূপ মহামেঘ জলবর্ষণে পর্বতকে সর্বতোভাবে আচ্ছাদিত করিয়া থাকে ॥ ৬২

রাজেন্দ্র! পরাক্রমী শকুনি পরাক্রমশালী প্রতিবিন্ধ্যের প্রতি মদমত্ত সিংহকর্তৃক হস্তীর উপর আক্রমণের ন্যায় আক্রমণ করিলেন ॥৬৩

যেরূপ ইন্দ্র সংগ্রামস্থলে দানবকে বিদীর্ণ করিয়া থাকেন, সেইরূপ যুধিষ্ঠিরের পুত্র প্রতিবিন্ধ্য অত্যন্ত কুপিত হইয়া সুবলপুত্র শকুনিকে নিজ তীক্ষ্ণ ধারাল বাণসমূহে বিদীর্ণ করিয়া ফেলিলেন ॥৬৪

যুদ্ধে বাণবিদ্ধকারী প্রতিবিন্ধ্যকে পরম বুদ্ধিমান্ শকুনি নতপর্বযুক্ত বাণসমূহে বিদীর্ণ করিতে লাগিলেন ॥ ৬৫

রাজেন্দ্র! অর্জুনপুত্র শ্রুতকর্মা সহদেবপুত্র শ্রুতসেনের সহিত মিলিত হইয়া কাম্বোজদেশের রাজা পরাক্রমশালী মহারথ সুদক্ষিণের উপর রণাঙ্গণে আক্রমণ করিলেন ॥ ৬৬

যদিও তখন সুদক্ষিণ সমরাঙ্গণে সহদেবপুত্র মহারথ শ্রুতসেনকে অস্ত্রের দ্বারা ক্ষত-বিক্ষত করিয়া দিলেন, তথাপি তিনি তাঁহাকে বিচলিত করিতে পারিলেন না। তিনি যুদ্ধে মৈনাক পর্বতের ন্যায় অবিচলিতভাবে দাঁড়াইয়া রহিলেন ॥ ৬৭

তারপর শ্রুতকর্মা ক্রুদ্ধ হইয়া মহারাজ কাম্বোজরাজকে সর্বদিকেই যেন বিদীর্ণ করিতে করিতে নিজের বহুসংখ্যক বাণদ্বারা পীড়িত করিতে লাগিলেন ॥ ৬৮

অপর দিকে শত্রুদমন যত্নপরায়ণ ইরাবান্ যুদ্ধে কুপিত হইয়া শত্রুতাপন শ্রুতায়ুষের দিকে ধাবিত হইলেন। শ্রুতায়ুষও যত্নের সহিত তাঁহার সম্মুখীন হইলেন ॥ ৬৯

আর্জুনিস্তস্য সমরে হয়ান্ হত্বা মহারথঃ।
ননাদ বলবন্নাদং তৎ সৈন্যং প্রত্যপূরয়ৎ ॥ ৭০
শ্রুতায়ুস্তু ততঃ ক্রুদ্ধঃ ফাল্গুনেঃ সমরে হয়ান্।
নিজঘান গদাগ্রেণ ততো যুদ্ধমবর্ত্তত ॥ ৭১
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কুন্তিভোজং মহারথম্।
সসেনং সসুতং বীরং সংসসজ্জতুরাহবে ॥ ৭২
তত্রাদ্ভুতমপশ্যাম তয়োর্ঘোরং পরাক্রমম্।
অযুধ্যেতাং স্থিরৌ ভূত্বা মহত্যা সেনয়া সহ ॥ ৭৩
অনুবিন্দস্তু গদয়া কুন্তিভোজমতাড়য়ৎ।
কুন্তিভোজশ্চ তং তূর্ণং শরব্রাতৈরবাকিরৎ ॥ ৭৪
কুন্তিভোজসুতশ্চাপি বিন্দং বিব্যাধ সায়কৈঃ।
স চ তং প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥ ৫৭
কেকয়া ভ্রাতরঃ পঞ্চ গান্ধারান্ পঞ্চ মারিষ।
সসৈন্যাস্তে সসৈন্যাংশ্চ যোধয়ামাসুরাহবে ॥ ৭৬

অর্জ্জুনের এই মহারথ পুত্র ইরাবান্ সমরক্ষেত্রে শ্রুতায়ুষের অশ্বগণকে নিহত করিয়া অতিশয় সিংহনাদ করিতে লাগিলেন এবং তাঁহার সৈন্যগণকে বাণে ঢাকিয়া ফেলিলেন ॥ ৭০

ইহা দেখিয়া শ্রুতায়ু ক্রোধভরে রণভূমিতে অর্জ্জুনপুত্র ইরাবানের অশ্বগণকে গদাঘাতে নিহত করিলেন। তারপর তাঁহাদের উভয়ের মধ্যে আরও ঘোরতর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল ॥ ৭১

অবন্তীদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ সৈন্যগণ ও পুত্রের সহিত বীর মহারথ কুন্তিভোজের সঙ্গে যুদ্ধ আরম্ভ করিলেন ॥ ৭২

আমি তখন তাঁহাদের উভয়ের অদ্ভুত ও ভয়ঙ্কর পরাক্রম দেখিয়াছি। তাঁহারা উভয়ে স্বীয় বিশাল সৈন্যবাহিনীর সহিত স্থিরতা সহকারে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৭৩

অনুবিন্দ কুন্তিভোজের উপর গদার দ্বারা আঘাত করিলেন। তখন কুন্তিভোজও অতি দ্রুত নিজ বাণসমূহে তাঁহাকে আচ্ছাদিত করিলেন ॥ ৭৪

সেই সঙ্গে কুন্তিভোজের পুত্র বিন্দকেও নিজ সায়কসমূহের দ্বারা বিদ্ধ করিতে লাগিলেন। বিন্দও তাহার প্রতিশোধ লইবার জন্য কুন্তিভোজপুত্রকে অস্ত্রের দ্বারা ক্ষত-বিক্ষত করিয়া দিলেন। তখন ইহা এক অদ্ভুত ঘটনা বলিয়া মনে হইতেছিল ॥ ৭৫

রাজন্! পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমারগণ সসৈন্যে আসিয়া স্বীয় বিশাল সৈন্যবাহিনীর সহিত উপস্থিত গান্ধারদেশীয় পঞ্চবীরের সঙ্গে যুদ্ধ আরম্ভ করিলেন ॥ ৭৬

বীরবাহুশ্চ তে পুত্রো বৈরাটিং রথসত্তমম্।
উত্তরং যোধয়ামাস বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥ ৭৭
উত্তরশ্চাপি তং বীরং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ।
চেদিরাট্ সমরে রাজন্নুলূকং সমভিদ্রবৎ ॥ ৭৮
তথৈব শরবর্ষেণ উলূকং সমবিধ্যত।
উলূকশ্চাপি তং বাণৈর্নিশিতৈর্লোমবাহিভিঃ ॥ ৭৯
তয়োর্যুদ্ধং সমভবদ্ ঘোররূপং বিশাম্পতে।
দারয়েতাং সুসংক্রুদ্ধাবন্যোন্যমপরাজিতৌ ॥ ৮০
এবং দ্বন্দ্বসহস্রাণি রথ-বারণ-বাজিনাম্।
পদাতীনাঞ্চ সমরে তব তেষাঞ্চ সঙ্কুলে ॥ ৮১
মুহূর্ত্তমিব তদ্ যুদ্ধমাসীন্মধুরদর্শনম্।
তত উন্মত্তবদ্ রাজন্ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৮২
গজো গজেন সমরে রথিনঞ্চ রথী যযৌ।
অশ্বোঽশ্বং সমভিপ্রায়াৎ পদাতিশ্চ পদাতিনম্ ॥ ৮৩

আপনার পুত্র বীরবাহু বিরাটের শ্রেষ্ঠ পুত্র উত্তরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন এবং তীক্ষ্ণ বাণসমূহে তাঁহাকে বিদ্ধ করিলেন ॥ ৭৭

উত্তরও সেই বীর বীরবাহুকে নিশিতবাণসমূহে বিদ্ধ করিতে লাগিলেন। রাজন্! চেদিরাজ সমরাঙ্গণে উলূকের উপর আক্রমণ করিলেন এবং তাহাকে বাণবর্ষণ করিয়া আঘাত করিতে লাগিলেন। সেইরূপ উলূকও পক্ষশোভিত তীক্ষ্ণ বাণসমূহে চেদিরাজকে গুরুতর আহত করিলেন ॥ ৭৮-৭৯

প্রজানাথ! তখন তাঁহাদের উভয়ের মধ্যে অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল। অপরাজিত এই দুই বীর অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পরস্পরকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥ ৮০

এইভাবে সেই সুতীব্র যুদ্ধে আপনার ও পাণ্ডবগণের রথ, হস্তী, অশ্ব ও পদাতিক সৈন্যবাহিনীর সহস্র যোদ্ধার মধ্যে দ্বন্দ্বযুদ্ধ চলিতে লাগিল ॥ ৮১

মহারাজ! মুহূর্ত্তকাল পর্য্যন্ত এই যুদ্ধ দেখিতে মধুর বলিয়া মনে হইতেছিল। কিন্তু তাহার পরই এই যুদ্ধ উন্মত্তের ন্যায় বিকট চলিতে লাগিল। সেই সময় কাহারও কিছুই বুঝিবার শক্তি ছিল না ॥ ৮২

সেই সমরভূমিতে হস্তী হস্তীর সহিত, রথী রথীর সহিত, অশ্ব অশ্বের সহিত এবং পদাতি-সৈন্য পদাতির সহিত মিলিত হইয়া যুদ্ধ করিতে লাগিল ॥ ৮৩

ততো যুদ্ধং সুহুর্দ্ধর্ষং ব্যাকুলং সমপদ্যত।
শূরাণাং সমরে তত্র সমাসাদ্যেতরেতরম্ ॥ ৮৪
তত্র দেবর্ষয়ঃ সিদ্ধাশ্চারণাশ্চ সমাগতাঃ।
প্রৈক্ষন্ত তদ্ রণং ঘোরং দেবাসুরসমং ভুবি ॥ ৮৫
ততো দন্তিসহস্রাণি রথানাং চাপি মারিষ।
অশ্বৌঘাঃ পুরুষৌঘাশ্চ বিপরীতং সমায়যুঃ ॥ ৮৬
তত্র তত্র প্রদৃশ্যন্তে রথ-বারণ-পত্তয়ঃ।
সাদিনশ্চ নরব্যাঘ্র যুধ্যমানা মুহুর্মুহুঃ ॥ ৮৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি দ্বন্দ্বযুদ্ধে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৫

তারপর অনতিবিলম্বের মধ্যেই কুরুক্ষেত্রের এই সমরাঙ্গণে বীর সৈন্যগণ পরস্পরের সম্মুখীন হইয়া অত্যন্ত দুর্দ্ধর্ষ ও সুতীব্র যুদ্ধ চলাইতে লাগিল ॥ ৮৪

যুদ্ধ দেখিবার জন্য কুরুক্ষেত্রে সমবেত দেবর্ষি, সিদ্ধ ও চারণগণ ভূতলে আরব্ধ এই যুদ্ধকে দেবাসুর-সংগ্রামের সদৃশ ভয়ঙ্কর বলিয়া দর্শন করিতে লাগিলেন ॥ ৮৫

রাজন্! তারপর সহস্র সহস্র হস্তী, রথ, অশ্ব ও পদাতিক সৈন্য দ্বন্দ্ব যুদ্ধের পূর্ব্বোক্ত ক্রম উল্লঙ্ঘন করিয়া সকলেই সকলের সহিত যুদ্ধ করিতে লাগিল ॥ ৮৬

নরশ্রেষ্ঠ! যেখানে সেখানেই দৃষ্টি পতিত হয়, সেখানে সেখানেই রথ, হস্তী, অশ্ব ও পদাতিক সৈন্যগণ বারংবার যুদ্ধ করিতেছে দেখা যাইল ॥ ৮৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বন্দ্বযুদ্ধবিষয়ক পঞ্চচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ।

[কৌরব-পাণ্ডবানাং সুতীব্রং যুদ্ধম্]

সঞ্জয় উবাচ

রাজন্ শতসহস্রাণি তত্র তত্র পদাতিনাম্।
নির্মর্য্যাদং প্রযুদ্ধানি তৎ তে বক্ষ্যামি ভারত ॥ ১
ন পুত্রঃ পিতরং জজ্ঞে পিতা বা পুত্রমৌরসম্।
ন ভ্রাতা ভ্রাতরং তত্র স্বস্রীয়ং ন চ মাতুলঃ ॥ ২
ন মাতুলঞ্চ স্বস্রীয়ো ন সখায়ং সখা তথা।
আবিষ্টা ইব যুধ্যন্তে পাণ্ডবাঃ কুরুভিঃ সহ ॥ ৩
রথানীকং নরব্যাঘ্রাঃ কেচিদভ্যপতন্ রথৈঃ।
অভজ্যন্ত যুগৈরেব যুগানি ভরতর্ষভ ॥৪
রথেষাশ্চ রথেষাভিঃ কূবরা রথকূবরৈঃ।
সঙ্গতৈঃ সহিতাঃ কেচিৎ পরস্পরজিঘাংসবঃ ॥ ৫

ষট্চত্বারিংশ অধ্যায়

[কৌরব-পাণ্ডবগণের সুতীব্র যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—ভরতবংশভূষণ রাজন্! সেই রণাঙ্গনে যেখানে সেখানেই লক্ষ লক্ষ সৈন্যের মর্য্যাদাশূন্য (নিয়মবহির্ভূত) যুদ্ধ চলিতে লাগিল। আমি তৎসমস্তই আপনাকে বলিতেছি, শ্রবণ করুন ॥ ১

তখন পুত্র পিতাকে চিনিতে পারিতেছিল না এবং পিতাও ঔরসজাত পুত্রকে চিনিতে পারিতে ছিলেন না। এইরূপ ভ্রাতা ভ্রাতাকে ও মাতুল নিজ ভাগিনেয়কে চিনিতে পারিতে ছিলেন না ॥ ২

আবার ভাগিনেয়ও মাতুলকে জানিতে পারে নাই এবং মিত্র মিত্রকে বুঝিতে সমর্থ হয় নাই। সেই সময় পাণ্ডব-যোদ্ধারা কৌরব-সৈন্যের সহিত যেন কোন গ্রহাদিকর্তৃক আবিষ্ট হইয়া যুদ্ধ করিতেছিলেন ॥ ৩

কিছু নরশ্রেষ্ঠ বীর নিজ নিজ রথসমূহের দ্বারা শত্রুপক্ষের রথ-সৈন্যের উপর আক্রমণ করিলেন। ভরতশ্রেষ্ঠ! সেই সময় কত রথের যুগসমূহ (অশ্বের স্কন্ধে স্থাপিত কাষ্ঠকে যুগ বলে।) বিপক্ষের রথের যুগের দ্বারা ভাঙ্গিয়া গিয়াছিল ॥ ৪

রথগুলির ঈষাদণ্ড ও কূবরসকল সম্মুখে আগত বিপক্ষের রথসমূহের ঈষাদণ্ড ও কূবরশ্রেণীর দ্বারা খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। পরস্পরকে বিনষ্ট করিবার ইচ্ছায় বহু রথ শত্রুপক্ষের রথগুলির সম্মুখীন হইয়া ইতস্ততঃ একটুও চলিতে সমর্থ হইল না ॥

ন শেকুশ্চলিতং কেচিৎ সন্নিপত্য রথা রথৈঃ।
প্রভিন্নাস্তু মহাকায়াঃ সন্নিপত্য গজা গজৈঃ ॥ ৬
বহুধা দারয়ন্ ক্রুদ্ধা বিষাণৈরিতরেতরম্।
সতোরণ-পতাকৈশ্চ বারণা বরবারণৈঃ ॥ ৭
অভিসৃত্য মহারাজ বেগবদ্ভির্মহাগজৈঃ।
দন্তৈরভিহতাস্তত্র চুক্রুশুঃ পরমাতুরাঃ ॥ ৮
অভিনীতাশ্চ শিক্ষাভিস্তোত্রাঙ্কুশসমাহতাঃ।
অপ্রভিন্নাঃ প্রভিন্নানাং সম্মুখাভিমুখা যযুঃ ॥ ৯
প্রভিন্নৈরপি সংসক্তাঃ কেচিৎ তত্র মহাগজাঃ।
ক্রৌঞ্চবন্নিনদং কৃত্বা দুদ্রুবুঃ সর্বতো দিশম্ ॥ ১০
সম্যক্ প্রণীতা নাগাশ্চ প্রভিন্নকরটামুখাঃ।
ঋষ্টি-তোমর-নারাচৈর্নির্বিদ্ধা বরবারণাঃ ॥ ১১
প্রণেদুর্ভিন্নমর্মাণো নিপেতুশ্চ গতাসবঃ।
প্রাদ্রবন্ত দিশঃ কেচিন্নদন্তো ভৈরবান্ রবান্ ॥ ১২
গজানাং পাদরক্ষাস্তু ব্যূঢোরস্কাঃ প্রহারিণঃ।

গণ্ডস্থল হইতে মদধারাবহনকারী বিশালদেহ গজগণ কুপিত হইয়া অপর পক্ষের গজদিগের সহিত যুদ্ধার্থে মিলিত হইয়া ক্রোধভরে নিজ নিজ দন্তের সাহায্যে পরস্পরকে নানাভাবে বিদীর্ণ করিতে লাগিল ॥

মহারাজ! কত হাতী তোরণ ও পতাকাযুক্ত, বেগশালী এবং বিশালকায় শ্রেষ্ঠ হাতীদিগের সহিত যুদ্ধে সম্মিলিত হইয়া তাহাদের দাঁতের আঘাতে অত্যন্ত পীড়া অনুভব করত বিকটাকার চীৎকার করিতে লাগিল ॥ ৫-৮

যাহারা নানাভাবে শিক্ষালাভ করিয়াছে এবং যাহাদের মদধারা এখনও ক্ষরিত হয় নাই, এরূপ হাতীরা তোত্র ও অঙ্কুশের প্রহার খাইয়া সম্মুখে দণ্ডায়মান মদস্রাবী গজরাজগণের সহিত যুদ্ধে সংযুক্ত থাকিয়া আঘাত লাভ করত ক্রৌঞ্চপক্ষীর ন্যায় চীৎকার করিতে করিতে নানাদিকে পলায়ন করিল ॥ ৯-১০

উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত বহু হাতী এবং যাহাদের গণ্ডস্থল হইতে মদধারা বহিয়া যাইতেছে এরূপ বহু শ্রেষ্ঠ হাতী, ঋষ্টি, তোমর ও নারাচসমূহের দ্বারা বিদ্ধ হইয়া মর্ম্মস্থান বিদীর্ণ হইয়া যাইলে চীৎকার করিতে লাগিল এবং প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হইল। কত হাতী ভয়ঙ্কর রব করিতে করিতে চারিদিকে পলায়ন করিল ॥ ১১-১২

মহারাজ! হাতীদিগের পাদ-রক্ষাকারী যোদ্ধারা, যাহাদের

ঋষ্টিভিশ্চ ধনুর্ভিশ্চ বিমলৈশ্চ পরশ্বধৈঃ ॥ ১৩
গদাভির্মুসলৈশ্চৈব ভিন্দিপালৈঃ সতোমরৈঃ।
আয়সৈঃ পরিঘৈশ্চৈব নিস্ত্রিংশৈর্বিমলৈঃ শিতৈঃ ॥ ১৪
প্রগৃহীতৈঃ সুসংরব্ধা দ্রবমাণাস্ততস্ততঃ।
ব্যদৃশ্যন্ত মহারাজ পরস্পরজিঘাংসবঃ ॥ ১৫
রাজমানাশ্চ নিস্ত্রিংশাঃ সংসিক্তা নরশোণিতৈঃ।
প্রত্যদৃশ্যন্ত শূরাণামন্যোন্যমভিধাবতাম্ ॥ ১৬
অবক্ষিপ্তাবধূতানামসীনাং বীরবাহুভিঃ।
সংজজ্ঞে তুমুলঃ শব্দঃ পততাং পরমর্মসু ॥ ১৭
গদা-মুসল-রুগ্নানাং ভিন্নানাঞ্চ বরাসিভিঃ।
দন্তিদন্তাবভিন্নানাং মৃদিতানাঞ্চ দন্তিভিঃ ॥ ১৮
তত্র তত্র নরৌঘাণাং ক্রোশতামিতরেতরম্।
শুশ্রুবুর্দারুণা বাচঃ প্রেতানামিব ভারত ॥ ১৯
হয়ৈরপি হয়ারোহাশ্চামরাপীড়ধারিভিঃ।
হংসৈরিব মহাবেগৈরন্যোন্যমভিবিদ্রুতাঃ ॥ ২০

বক্ষঃস্থল বিশাল ও বিস্তৃত ছিল, ক্রুদ্ধ হইয়া চারিদিকে দৌড়াদৌড়ি করিতেছিল এবং হস্তে ধৃত ঋষ্টি, ধনু, নির্ম্মল পরশু, গদা, মুসল, ভিন্দিপাল, তোমর, লৌহনির্ম্মিত পরিঘ এবং তীক্ষ্ণ ধারাল চকচকে খড়্গ আদি অস্ত্র দ্বারা পরস্পরকে বধ করিবার জন্য উৎসুক দৃষ্ট হইতেছিল ॥ ১৩-১৫

পরস্পরের দিকে ধাবিত বীরগণের চকচকে খড়্গগুলি মনুষ্যগণের রক্তে রঞ্জিত হইয়াছে দেখা যাইল ॥ ১৬

বীরগণের বাহুদ্বারা ঘূর্ণিত হইয়া চালিত তরবারিগুলি যখন অপরের মর্ম্মস্থানে আঘাত করিতেছিল, তখন তাহাদের ভয়ঙ্কর শব্দ শুনা যাইতে লাগিল ॥ ১৭

এই যুদ্ধস্থলে গদা ও মুসলের আঘাতে কতক মানুষের অঙ্গ ছিন্ন হইয়াছিল, কতক মানুষের শরীর উত্তম তরবারির আঘাতে ছিন্নভিন্ন হইয়া গিয়াছিল এবং কতক মানুষের দেহ হস্তিগণের দাঁতে দাবিত হইয়া বিদীর্ণ হইয়াছিল, আবার কতক মানুষের অঙ্গ হস্তীরাই বিধ্বস্ত করিয়া দিয়াছিল। এইভাবে অসংখ্য মনুষ্যবর্গ অর্দ্ধমৃত হইয়া পরস্পরকে আহ্বান করিতেছিল। ভারত! তাহাদের সেই ভয়ঙ্কর আর্ত্তনাদ প্রেতগণের কোলাহলের ন্যায় শ্রুতিগোচর হইতেছিল ॥ ১৮-১৯

চামর ও হারাদি ভূষণে সুশোভিত হংসতুল্য শুভ্র ও মহাবেগশালী অশ্বে উপবিষ্ট হইয়া বহু অশ্বারোহী বিপক্ষের অশ্বারোহিগণের দিকে ধাবিত হইল ॥ ২০

তৈর্বিমুক্তা মহাপ্রাসা জাম্বুনদবিভূষণাঃ।
আশুগা বিমলাস্তীক্ষ্ণাঃ সম্পেতুর্ভুজগোপমাঃ ॥ ২১
অশ্বৈরগ্র্যজবৈঃ কেচিদাপ্লুত্য মহতো রথান্।
শিরাংস্যাদদিরে বীরা রথিনামশ্বসাদিনঃ ॥ ২২
বহূনপি হয়ারোহান্ ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রথী জঘান সম্প্রাপ্য বাণগোচরমাগতান্ ॥ ২৩
নবমেঘপ্রতীকাশাশ্চাক্ষিপ্য তুরগান্ গজাঃ।
পাদৈরেব বিমৃদ্নন্তি মত্তাঃ কনকভূষণাঃ ॥ ২৪
পাট্যমানেষু কুম্ভেষু পার্শ্বেম্বপি চ বারণাঃ।
প্রাসৈর্বিনিহতা কেচিদ্ বিনেদুঃ পরমাতুরাঃ ॥ ২৫
সাশ্বারোহান্ হয়ান্ কাংশ্চিদুন্মথ্য বরবারণাঃ।
সহসা চিক্ষিপুস্তত্র সঙ্কুলে ভৈরবে সতি ॥ ২৬
সাশ্বারোহান্ বিষাণাগ্রৈরুৎক্ষিপ্য তুরগান্ গজাঃ।
রথৌঘানভিমৃদ্নন্তঃ সধ্বজানভিচক্রমুঃ ॥ ২৭

তাহাদের দ্বারা নিক্ষিপ্ত স্বর্ণভূষিত নির্ম্মল ও তীক্ষ্ণ ধারাল শীঘ্রগামী মহাপ্রাস অস্ত্রগুলি সর্পের ন্যায় যাইয়া বিপক্ষের উপরে পতিত হইল ॥ ২১

কতক বীর অশ্বারোহী অশ্বের দ্বারা ধাবিত হইয়া বিশাল বিশাল রথের উপর যাইয়া লাফাইয়া পড়িল এবং রথীদিগের মস্তক ছেদন করিয়া ফেলিল ॥ ২২

এইরূপ কোন কোন রথী আনতপর্ব্বযুক্ত ভল্লনামক বাণসমূহে আয়ত্তের মধ্যে স্থিত অশ্বারোহীদিগকে বিনাশ করিতে লাগিল ॥ ২৩

নূতন মেঘের ন্যায় শোভা প্রাপ্ত স্বর্ণভূষিত মদমত্ত হস্তীরা বহু অশ্বকেই শুণ্ডের দ্বারা তুলিয়া আনিয়া পদের সাহায্যে পিষ্ট করিয়া ফেলিল ॥ ২৪

কতক হাতী প্রাসের আঘাত পাইয়া কুম্ভস্থল ও পার্শ্বভাগ বিদীর্ণ হইয়া যাইলে গুরুতর পীড়া অনুভব করিতে করিতে বিকট চীৎকার করিতে লাগিল ॥ ২৫

আবার বহু বড় বড় হাতী অনেক অশ্বারোহীর সহিত অশ্বকে পদের দ্বারা মথিত করিয়া সহসা ভয়ঙ্কর যুদ্ধস্থলে নিক্ষেপ করিতে লাগিল ॥ ২৬

কতক হাতী নিজের দন্তের অগ্রভাগে বহু অশ্বারোহীর সহিত অশ্বকে উৎক্ষেপণ করিয়া ও ধ্বজসহ রথশ্রেণীকে পাদের দ্বারা পেষণ করিয়া রণভূমিতে বিচরণ করিতে লাগিল ॥ ২৭

পুংস্ত্বাদতিমদত্বাচ্চ কেচিৎ তত্র মহাগজাঃ।
সাশ্বারোহান্ হয়ান্ জঘ্নুঃ করৈঃ সচরণৈস্তথা ॥ ২৮
অশ্বারোহৈশ্চ সমরে হস্তিসাদিভিরেব চ।
প্রতিমানেষু গাত্রেষু পার্শ্বেম্বভি চ বারণান্ ॥
আশুগা বিমলাস্তীক্ষ্ণাঃ সম্পেতুর্ভুজগোপমাঃ ॥ ২৯
নরাশ্বকায়ান্ নির্ভিদ্য লৌহানি কবচানি চ।
নিপেতুর্বিমলাঃ শক্ত্যো বীরবাহুভিরর্পিতাঃ ॥ ৩০
মহোল্কাপ্রতিমা ঘোরাস্তত্র তত্র বিশাম্পতে।
দ্বীপিচর্ম্মাবনদ্ধৈশ্চ ব্যাঘ্রচর্মচ্ছদৈরপি ॥ ৩১
বিকোশৈর্বিমলৈঃ খড়্গৈরভিজঘ্নুঃ পরান্ রণে।
অভিপ্লুতমভিক্রুদ্ধমেকপার্শ্বাবদারিতম্ ॥ ৩২
বিদর্শয়ন্তঃ সম্পেতুঃ খড়্গ-চর্ম-পরশ্বধৈঃ।
কেচিদাক্ষিপ্য করিণঃ সাশ্বানপি রথান্ করৈঃ ॥ ৩৩

সেখানে বহু মহাগজই অত্যন্ত মদোন্মত্ত ও পুরুষ হওয়ায় শুণ্ড ও পদ দ্বারা অশ্ব ও অশ্বারোহিগণকে নিহত করিতে লাগিল ॥ ২৮

যুদ্ধে অশ্বারোহী ও গজারোহীদের দ্বারা নিক্ষিপ্ত নির্ম্মল, তীক্ষ্ণ ও সর্পতুল্য ভয়ঙ্কর শীঘ্রগামী বাণগুলি হস্তিসকলের ললাট, অন্যান্য দেহ ও পার্শ্বভাগে আঘাত করিতে লাগিল ॥ ২৯

বীরগণের বাহুদ্বারা চালিত নির্ম্মল শক্তিসমূহ মনুষ্য ও অশ্বগণের দেহগুলি এবং লৌহময় কবচসমূহকে বিদীর্ণ করিয়া ভূমিতে পতিত হইল। প্রজানাথ! সেখানে পতিত হইবার সময় ভয়ঙ্কর শক্তিসমূহকে বিশাল উল্কার ন্যায় মনে হইতেছিল।

নির্ম্মল (চক্‌চকে) বহু তরবারি প্রথমে চিতাবাঘ কিংবা সাধারণ বাঘের চর্ম্মের দ্বারা নির্ম্মিত কোষে বদ্ধ ছিল, কিন্তু পরে যুদ্ধস্থলে কোষ হইতে নির্গত করিয়া বীর পুরুষগণ রণভূমিতে বিপক্ষ সৈন্যগণকে ছেদন করিয়া বধ করিতে লাগিলেন ॥

বহু যোদ্ধা ঢাল, তরবারি ও পরশু দ্বারা নির্ভয় হইয়া শত্রুর সম্মুখে গমন করিল, ক্রোধ সহকারে দাঁতের দ্বারা ওষ্ঠ পেষণ করিতে লাগিল এবং বামভাগে আঘাতকরত বিদীর্ণ করিবার প্রচেষ্টা দেখাইয়া শত্রুর উপর আক্রমণ করিল ॥

বিকর্ষন্তো দিশঃ সর্বাঃ সম্পেতুঃ সর্বশব্দগাঃ।
শঙ্কুভির্দারিতা কেচিৎ সম্ভিন্নাশ্চ পরশ্বধৈঃ ॥ ৩৪
হস্তিভির্মৃদিতাঃ কেচিৎ ক্ষুণ্ণাশ্চান্যে তুরঙ্গমৈঃ।
রথনেমিনিকৃত্তাশ্চ নিকৃত্তাশ্চ পরশ্বধৈঃ ॥ ৩৫
ব্যাক্রোশন্ত নরা রাজংস্তত্র তত্র স্ম বান্ধবান্।
পুত্রানন্যে পিতৄনন্যে ভ্রাতৄংশ্চ সহ বন্ধুভিঃ ॥ ৩৬
মাতুলান্ ভাগিনেয়াংশ্চ পরানপি চ সংযুগে।
বিকীর্ণান্ত্রাঃ সুবহবো ভগ্নসক্‌থাশ্চ ভারত ॥ ৩৭
বাহুভিশ্চাপরে ছিন্নৈঃ পার্শ্বেষু চ বিদারিতাঃ।
ক্রন্দন্তঃ সমদৃশ্যন্ত তৃষিতা জীবিতেপ্সবঃ ॥ ৩৮
তৃষা পরিগতাঃ কেচিদল্পসত্ত্বা বিশাম্পতে।
ভূমৌ নিপতিতাঃ সংখ্যে মৃগয়াঞ্চক্রিরে জলম্ ॥ ৩৯
রুধিরৌঘপরিক্লিন্নাঃ ক্লিশ্যমানাশ্চ ভারত।
ব্যনিন্দন্ ভৃশমাত্মানং তব পুত্রাংশ্চ সঙ্গতান্ ॥ ৪০

প্রতিশব্দের অভিমুখে গমনকারী বহু হাতী অশ্বের সহিত রথকে নিজ শুণ্ডে উত্তোলিত করিয়া তাহাদের লইয়াই চারিদিকে দৌড়াদৌড়ি করিতে লাগিল।

কিছু মানুষ বাণে বিদীর্ণ হইয়া ভূতলশায়ী হইয়াছে, কিছু পরশুর আঘাতে ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছে, কতক মানুষ হাতীর পদে পিষ্ট হইয়াছে, কতক মানুষ অশ্বের দ্বারা মথিত হইয়াছে, কতক মানুষের শরীর রথের চক্রে ছিন্ন হইয়াছে এবং কতক রথের কুবরে খণ্ড খণ্ড হইয়া গিয়াছে ॥ ৩০-৩৫

রাজন্! রণভূমিতে যেখানে সেখানে পতিত অসংখ্য মানুষ নিজের আত্মীয়গণকে আহ্বান করিতেছে। কেহ পুত্রকে, কেহ পিতাকে, কেহ ভাই-বন্ধুকে, কেহ মামা-ভাগ্নাকে এবং কেহ কেহ অপরের নাম লইয়া বিলাপ করিতেছে। ভারত! বহু মানুষের অন্ত্রগুলি বহির্গত হইয়াছে, জঙ্ঘা ভাঙ্গিয়া গিয়াছে, কাহারও বাহু বিচ্ছিন্ন হইয়া গিয়াছে, কাহারও পার্শ্বভাগ বিদারিত হইয়াছে এবং কেহ কেহ আহত অবস্থায় পিপাসাতে পীড়িত হইয়া জীবনের লোভে ক্রন্দন করিতেছে—দেখা যাইল ॥ ৩৬-৩৮

রাজন্! কেহ কেহ পৃথিবীতে আহত হইয়া পতিত হইল। তাহাদের মধ্যে জীবনীশক্তি অল্প হইয়া গিয়াছিল এবং তাহারা পিপাসায় কাতর হইয়া জলের অন্বেষণ করিতে লাগিল ॥ ৩৯

হে ভারত! প্রচুর রক্তধারায় আপ্লুত হইয়া ক্লেশপ্রাপ্ত সৈন্যেরা নিজের ও আপনার পুত্রগণের নিন্দা করিতেছিল ॥ ৪০

অপরে ক্ষত্রিয়াঃ শূরাঃ কৃতবৈরাঃ পরস্পরম্।
নৈব শস্ত্রং বিমুঞ্চন্তি নৈব ক্রন্দন্তি মারিষ ॥ ৪১
তর্জয়ন্তি চ সংহৃষ্টাস্তত্র তত্র পরস্পরম্।
আদশ্য দশনৈশ্চাপি ক্রোধাৎ সরদনচ্ছদম্ ॥ ৪২
ভ্রুকুটীকুটিলৈর্বক্ত্রৈঃ প্রেক্ষন্তি চ পরস্পরম্।
অপরে ক্লিশ্যমানাস্তু শরার্তা ব্রণপীড়িতাঃ ॥ ৪৩
নিষ্কূজাঃ সমপদ্যন্ত দৃঢ়সত্ত্বা মহাবলাঃ।
অন্যে চ বিরথাঃ শূরা রথমন্যস্য সংযুগে ॥ ৪৪
প্রার্থয়ানা নিপতিতাঃ সংক্ষুণ্ণা বরবারণৈঃ।
অশোভন্ত মহারাজ সপুষ্পা ইব কিংশুকাঃ ॥ ৪৫
সম্বভূবুরনীকেষু বহবো ভৈরবস্বনাঃ।
বর্তমানে মহাভীমে তস্মিন্ বীরবরক্ষয়ে ॥ ৪৬
নিজঘান পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং রণে।
স্বস্রীয়ো মাতুলং চাপি স্বস্রীয়ং চাপি মাতুলঃ ॥ ৪৭

মহারাজ! অন্য বীর ক্ষত্রিয়গণ পরস্পর শত্রুতাবদ্ধ হইয়া সেই আহত অবস্থাতেও নিজ নিজ অস্ত্র ত্যাগ করিলেন না এবং ক্রন্দন করিতেছিলেন না ॥ ৪১

তাঁহারা বারংবার উৎসাহিত হইয়া পরস্পরের প্রতি তর্জন গর্জন করিতে লাগিলেন এবং ক্রোধসহকারে দন্তের দ্বারা ওষ্ঠ পেষণ করিয়া ভ্রুকুটি করত পরস্পরের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥

দৃঢ়তার সহিত ধৈর্য্য ধারণ করিয়া অপর মহাবল বীরগণ বাণের আঘাতে পীড়িত হইয়া ক্লেশ সহ্য করিতে করিতে নীরবে অবস্থান করিতে লাগিলেন—স্বীয় বেদনা প্রকাশ করিলেন না ॥

মহারাজ! কোন কোন বীরপুরুষ নিজ নিজ রথ ভগ্ন হইয়া যাইলে যুদ্ধে ভূতলে নামিয়া অপরের রথ প্রার্থনা করিতে লাগিলে সেই অবস্থায় বড় বড় হস্তীর পাদপেষণে নিষ্পেষিত হইয়া যাইলেন। সেই সময় রক্তরঞ্জিত তাঁহাদের শরীর বিকশিত পলাশবৃক্ষের ন্যায় শোভাপ্রাপ্ত হইয়াছিল ॥ ৪২-৪৫

সেই সৈন্যগণের মধ্যে বহু সৈন্যেরই ভয়ঙ্কর শব্দ শুনা যাইতেছিল। শ্রেষ্ঠ বীরগণের ক্ষয়কারক সেই মহাভয়ানক সংগ্রামে পিতা পুত্রকে, পুত্র পিতাকে, ভাগ্না মামাকে, মামা ভাগ্নাকে, মিত্র মিত্রকে এবং সম্বন্ধী নিজ বান্ধবকে বধ করিতে লাগিলেন ॥

সখা সখায়শ্চ তথা সম্বন্ধী বান্ধবং তথা।
এবং যুযুধিরে তত্র কুরবঃ পাণ্ডবৈঃ সহ ॥ ৪৮
বর্ত্তমানে তথা তস্মিন্ নির্ম্মর্য্যাদে ভয়ানকে।
ভীষ্মমাসাদ্য পার্থানাং বাহিনী সমকম্পত ॥ ৪৯
কেতুনা পঞ্চতারেণ তালেন ভরতর্ষভ।

এইরূপ মর্য্যাদাশূন্য ভয়ানক সংগ্রামে পাণ্ডবগণের সহিত কৌরবদিগের ঘোরতর যুদ্ধ হইতে লাগিল। এই অবস্থায় কুন্তী-পুত্রগণের সৈন্যবাহিনী ভীষ্মের নিকট উপস্থিত হইয়া কাঁপিতে লাগিলেন ॥ ৪৬-৪৯

রাজতেন মহাবাহুরুচ্ছ্রিতেন মহারথে।
বভৌ ভীষ্মস্তদা রাজংশ্চন্দ্রমা ইব মেরুণা ॥ ৫০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৬

ভরতশ্রেষ্ঠ! মহাবাহু ভীষ্ম স্বীয় বিশাল রথে উপবিষ্ট থাকিয়া রৌপ্যনির্ম্মিত পাঁচটি তারাযুক্ত তালবৃক্ষাঙ্কিত ধ্বজদ্বারা মেরু-পর্ব্বতের শিখরে অবস্থিত চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৫০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ব্যাপকযুদ্ধবিষয়ক ষট্‌চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

[ভীষ্মেণ সহাভিমন্যোর্ভয়ঙ্করং যুদ্ধম্, শল্যেনোত্তরকুমারস্য বধঃ, শ্বেতস্য পরাক্রমশ্চ।]

সঞ্জয় উবাচ।

গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
বর্ত্তমানে তথা রৌদ্রে মহাবীরবরক্ষয়ে ॥ ১
দুর্ম্মুখঃ কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যো বিবিংশতিঃ।
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ চোদিতাঃ ॥ ২
এতৈরতিরথৈর্গুপ্তঃ পঞ্চভির্ভরতর্ষভঃ।
পাণ্ডবানামনীকানি বিজগাহে মহারথঃ ॥ ৩
চেদি-কাশি-করূষেষু পঞ্চালেষু চ ভারত।
ভীষ্মস্য বহুধা তালশ্চলৎকেতুরদৃশ্যত ॥ ৪

সপ্তচত্বারিংশ অধ্যায়।

[ভীষ্মের সহিত অভিমন্যুর ভয়ঙ্কর যুদ্ধ, শল্যকর্ত্তৃক উত্তর-কুমারের বধ এবং শ্বেতের পরাক্রম।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! সেই অত্যন্ত ভয়ঙ্কর দিনের পূর্ব্ব ভাগ যখন প্রায় অতিক্রান্ত হইয়া আসিয়াছে, তখন শ্রেষ্ঠ শ্রেষ্ঠ বীরগণের বিনাশকর এই ভয়ানক সংগ্রামে আপনার পুত্রের আজ্ঞায় দুর্ম্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, শল্য ও বিবিংশতি আসিয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥ ১-২

এই পাঁচ অতিরথ বীরে সুরক্ষিত হইয়া ভরতবংশভূষণ মহারথ ভীষ্ম পাণ্ডবগণের সৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥ ৩

ভারত! চেদি, কাশি, করূষ ও পাঞ্চালগণের মধ্যে বিচরণ-কারী ভীষ্মের তালবৃক্ষচিহ্নিত চঞ্চল পতাকাশোভিত রথ অনেক প্রকার বলিয়া দেখা যাইতে লাগিল ॥ ৪

স শিরাংসি রণেঽরীণাং রথাংশ্চ স্বযুগ-ধ্বজান্।
নিচকর্ত মহাবেগৈর্ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ৫
নৃত্যতো রথমার্গেষু ভীষ্মস্য ভরতর্ষভ।
ভৃশমার্তস্বরং চক্রুর্নাগা মর্ম্মণি তাড়িতাঃ ॥ ৬
অভিমন্যুঃ সুসংক্রুদ্ধঃ পিশঙ্গৈস্তুরগোত্তমৈঃ।
সংযুক্তং রথমাস্থায় প্রায়াদ্ ভীষ্মরথং প্রতি ॥ ৭
জাম্বূনদবিচিত্রেণ কর্ণিকারেণ কেতুনা।
অভ্যবর্ত্তত ভীষ্মঞ্চ তাংশ্চৈব রথসত্তমান্ ॥ ৮

তিনি নতপর্ব্বযুক্ত মহাবেগশালী ভল্লাস্ত্রসমূহে শত্রুগণের মস্তক, রথ, যুগ (অশ্বের স্কন্ধে স্থাপনযোগ্য কাষ্ঠবিশেষ) ও ধ্বজ ছেদন করিতে লাগিলেন ॥ ৫

ভরতশ্রেষ্ঠ! রথের মার্গের উপর তখন ভীষ্ম যেন নৃত্য করিতেছিলেন। তাঁহার বাণে মর্ম্মস্থানে তাড়িত হইয়া হস্তিগণ ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল ॥ ৬

ইহা দেখিয়া অভিমন্যু অত্যন্ত কুপিত হইয়া পিঙ্গলবর্ণের শ্রেষ্ঠ অশ্বসমূহে বাহিত রথে উপবেশন করত ভীষ্মের রথের দিকে ধাবিত হইলেন। তাঁহার এই রথ কর্ণিকারযুক্ত চিহ্নিত ও

স তালকেতোস্তীক্ষ্ণেন কেতুমাহত্য পত্রিণা।
ভীষ্মেণ যুযুধে বীরস্তস্য চানুরথৈঃ সহ ॥ ৯
কৃতবর্মাণমেকেন শল্যং পঞ্চভিরাশুগৈঃ।
বিদ্ধ্বা নবভিরানর্চ্ছ্চ তীক্ষ্ণাগ্রৈঃ প্রপিতামহম্ ॥ ১০
পূর্ণায়তবিসৃষ্টেন সম্যক্ প্রণিহিতেন চ।
ধ্বজমেকেন বিব্যাধ জাম্বুনদপরিষ্কৃতম্ ॥ ১১
দুর্মুখস্য তু ভল্লেন সর্বাবরণভেদিনা।
জহার সারথেঃ কায়াচ্ছিরঃ সন্নতপর্বণা ॥ ১২
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন কার্তস্বরবিভূষিতম্।
কৃপস্য নিশিতাগ্রেণ তাংশ্চ তীক্ষ্ণমুখৈঃ শরৈঃ ॥ ১৩
জঘান পরমক্রুদ্ধো নৃত্যন্নিব মহারথঃ।
তস্য লাঘবমুদ্বীক্ষ্য তুতুষুর্দেবতা অপি ॥ ১৪
লব্ধলক্ষতয়া কার্ষ্ণেঃ সর্বে ভীষ্মমুখা রথাঃ।
সত্ত্ববন্তমমন্যন্ত সাক্ষাদিব ধনঞ্জয়ম্ ॥ ১৫
তস্য লাঘবমার্গস্থমলাতসদৃশপ্রভম্।
দিশঃ পর্য্যপতচ্চাপং গাণ্ডীবমিব ঘোষবৎ ॥১৬
তমাসাদ্য মহাবেগৈর্ভীষ্মো নবভিরাশুগৈঃ।
বিব্যাধ সমরে তূর্ণমার্জুনিং পরবীরহা ॥ ১৭
ধ্বজং চাস্য ত্রিভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমৌজসঃ।
সারথিঞ্চ ত্রিভির্বাণৈরাজঘান যতব্রতঃ ॥ ১৮
তথৈব কৃতবর্মা চ কৃপঃ শল্যশ্চ মারিষ।
বিদ্ধ্বা নাকম্পয়ৎ কার্ষ্ণিং মৈনাকমিব পর্বতম্ ॥ ১৯
স তৈঃ পরিবৃতঃ শূরো ধার্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
ববর্ষ শরবর্ষাণি কার্ষ্ণিঃ পঞ্চ রথান্ প্রতি ॥ ২০
ততস্তেষাং মহাস্ত্রাণি সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
ননাদ বলবান্ কার্ষ্ণির্ভীষ্মায় বিসৃজন্ শরান্ ॥২১

স্বর্ণনির্ম্মিত বিচিত্র ধ্বজে সুশোভিত ছিল। তিনি তখন ভীষ্মের উপর এবং ভীষ্মকে যাঁহারা রক্ষা করিতেছিলেন, সেই সব শ্রেষ্ঠ রথিগণের উপরও আক্রমণ করিলেন। ৭-৮

বীর অভিমন্যু তীক্ষ্ণ বাণে সেই তালচিহ্নিত ধ্বজকে ছেদন করিলেন এবং ভীষ্ম ও তাঁহার অনুগামী রথিগণের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। ৯

তিনি এক বাণে কৃতবর্ম্মাকে ও পাঁচ শীঘ্রগামী বাণে শল্যকে বিদ্ধ করিয়া তীক্ষ্ণ ধারাল নয়টি বাণে প্রপিতামহ ভীষ্মকেও আঘাত করিলেন ॥ ১০

তারপর ধনুকে উত্তমরূপে আকর্ষণ করিয়া পূর্ণ মনোযোগের সহিত নিক্ষিপ্ত এক বাণে তাঁহার স্বর্ণভূষিত ধ্বজকেও বিদ্ধ করিলেন ॥ ১১

তারপর নতপর্ব্বযুক্ত এবং সর্ব্বপ্রকার আবরণকে ভেদ করিতে সমর্থ একটি ভল্লের দ্বারা অভিমন্যু দুর্মুখের সারথির মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন ॥ ১২

সেই সঙ্গে কৃপাচার্য্যের স্বর্ণভূষিত ধনুকও একটি তীক্ষ্ণাগ্র ভল্লে ছিন্ন করিলেন। তারপর চারিদিকে বিচরণপূর্ব্বক যেন নৃত্য করিতে করিতেই মহারথী অভিমন্যু অত্যন্ত কুপিত হইয়া তীব্র ধারাল মুখযুক্ত বাণসমূহে ভীষ্মকে রক্ষা করিতে নিযুক্ত সকল মহারথীকেই আহত করিয়া ফেলিলেন। অভিমন্যুর এই হস্তের ক্ষিপ্রকারিতা দেখিয়া দেবগণও তুষ্ট হইলেন। ১৩-১৪

অর্জুননন্দন অভিমন্যুর এই অব্যর্থ লক্ষ্যভেদের সফলতায় প্রভাবিত ভীষ্ম প্রভৃতি সমস্ত মহারথিগণ তাঁহাকে সাক্ষাৎ অর্জুনের ন্যায় শক্তিশালী মনে করিলেন। ১৫

অভিমন্যুর এই ধনু গাণ্ডীবধনুর ন্যায় টঙ্কার ধ্বনি করিয়া থাকে, হস্তের অস্ত্রচালননৈপুণ্য দেখাইবার উপযুক্ত স্থান এবং আকর্ষণ করিলে অলাতচক্রের ন্যায় মণ্ডলাকারে প্রকাশিত হইয়া থাকে। এই ধনুখানি তখন চারিদিকে পরিভ্রমণ করিতে লাগিল ॥ ১৬

অর্জুনকুমার অভিমন্যুকে পাইয়া শত্রুবীরগণহন্তা ভীষ্ম যুদ্ধক্ষেত্রে অতিদ্রুত নয়টি শীঘ্রগামী ও মহাবেগশালী বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন ॥ ১৭

সেই সঙ্গে মহাতেজস্বী বীর অভিমন্যুর ধ্বজও তিনটি বাণে ছিন্ন করিলেন। কেবল ইহাই নহে, নিয়মপূর্ব্বক ব্রহ্মচর্য্যব্রতপালনকারী ভীষ্ম অপর তিনটি বাণে অভিমন্যুর সারথিকেও বধ করিলেন ॥ ১৮

আর্য্য! এইরূপ কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও শল্য মৈনাকপর্ব্বতের ন্যায় স্থিরভাবে অবস্থিত অর্জুনপুত্র অভিমন্যুকে বাণে বিদ্ধ করিয়াও বিচলিত করিতে সমর্থ হন নাই। ১৯

দুর্য্যোধনের এই মহারথ বীরগণে আবৃত হইয়া পড়িলে বীরবর অর্জুনকুমার সেই পাঁচ রথীর উপর বাণ বর্ষণ করিতে লাগিলেন।

তারপর স্বীয় বাণবৃষ্টিদ্বারা সেই সব বীরগণের মহাস্ত্রসমূহ প্রতিরোধ করিয়া বলবান্ অর্জুনকুমার ভীষ্মের উপর বাণসমূহ বর্ষণ করত সিংহনাদ করিতে লাগিলেন। ২০-২১

তত্রাস্য সুমহদ্ রাজন্ বাহ্বোর্বলমদৃশ্যত ।
যতমানস্য সমরে ভীষ্মমর্দয়তঃ শরৈঃ ॥ ২২

পরাক্রান্তস্য তস্যৈব ভীষ্মোঽপি প্রাহিণোচ্ছরান্ ।
স তাংশ্চিচ্ছেদ সমরে ভীষ্মচাপচ্যুতান্ শরান্ ॥ ২৩

ততো ধ্বজমমোঘেষুর্ভীষ্মস্য নবভিঃ শরৈঃ ।
চিচ্ছেদ সমরে বীরস্তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥ ২৪

স রাজতো মহাস্কন্ধস্তালো হেমবিভূষিতঃ ।
সৌভদ্রবিশিখৈশ্ছিন্নঃ পপাত ভুবি ভারত ॥ ২৫

তং তু সৌভদ্রবিশিখৈঃ পাতিতং ভরতর্ষভ ।
দৃষ্ট্বা ভীমো ননাদোচ্চৈঃ সৌভদ্রমভিহর্ষয়ন্ ॥ ২৬

অথ ভীষ্মো মহাস্ত্রাণি দিব্যানি সুবহূনি চ ।
প্রাদুশ্চক্রে মহারৌদ্রে রণে তস্মিন্ মহাবলঃ ॥ ২৭

ততঃ শতসহস্রেণ সৌভদ্রং প্রপিতামহঃ ।
অবাকিরদমেয়াত্মা তদদ্ভুতমিবাভবৎ ॥ ২৮

রাজন্! এই সময় সমরাঙ্গণে প্রযত্নপূর্ব্বক স্বীয় বাণে ভীষ্মকে পীড়াদানকারী অভিমন্যুর বাহুর অতিশয় বল প্রত্যক্ষ দেখা যাইল ॥ ২২

তখন ভীষ্মও পরাক্রমশালী সেই বীরের উপর বাণসমূহ নিক্ষেপ করিলেন। কিন্তু অভিমন্যু রণক্ষেত্রে ভীষ্মের ধনু হইতে নিক্ষিপ্ত সকল বাণই খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন ॥ ২৩

অভিমন্যুর বাণ অব্যর্থ ছিল। সেই বীর সমরে নয়টি বাণে ভীষ্মের ধ্বজ ছেদন করিলেন। তখন সকল লোকই উচ্চৈঃস্বরে কোলাহল করিয়া উঠিল ॥ ২৪

হে ভারত! সেই রজতনির্ম্মিত, স্বর্ণভূষিত, অত্যন্ত উচ্চ তালবৃক্ষচিহ্নিত ভীষ্মের ধ্বজ সুভদ্রানন্দন অভিমন্যুর বাণে ছিন্ন ভিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥ ২৫

ভরতশ্রেষ্ঠ! অভিমন্যুর বাণসমূহে ছিন্নভিন্ন হইয়া ভূতলে সেই ধ্বজকে দেখিয়া ভীমসেন সুভদ্রানন্দনের হর্ষবর্দ্ধন করিতে করিতে উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন ॥ ২৬

তখন মহাবল ভীষ্ম সেই অত্যন্ত ভয়ঙ্কর সংগ্রামে বহুতর দিব্য মহাস্ত্রসকল আবিষ্কার করিলেন ॥ ২৭

তারপর অপরিমিত আত্মবলসম্পন্ন প্রপিতামহ ভীষ্ম সুভদ্রা-সুতের উপর সহস্র বাণবর্ষণ করিলেন। তখন ইহা যেন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল ॥ ২৮

ততো দশ মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ ।
রক্ষার্থমভ্যধাবন্ত সৌভদ্রং ত্বরিতা রথৈঃ ॥ ২৯

বিরাটঃ সহ পুত্রেণ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
ভীমশ্চ কেকয়াশ্চৈব সাত্যকিশ্চ বিশাম্পতে ॥ ৩০

তেষাং জবেনাপততাং ভীষ্মঃ শান্তনবো রণে ।
পাঞ্চাল্যং ত্রিভিরানর্চ্ছৎ সাত্যকিং নবভিঃ শরৈঃ ॥ ৩১

পূর্ণায়তবিসৃষ্টেন ক্ষুরেণ নিশিতেন চ ।
ধ্বজমেকেন চিচ্ছেদ ভীমসেনস্য পত্রিণা ॥ ৩২

জাম্বূনদময়ঃ শ্রীমান্ কেসরী চ নরোত্তম ।
পপাত ভীমসেনস্য ভীষ্মেন মথিতো রথাৎ ॥ ৩৩

ততো ভীমস্ত্রিভির্বিদ্ধ্বা ভীষ্মং শান্তনবং রণে ।
কৃপমেকেন বিব্যাধ কৃতবর্মাণমষ্টভিঃ ॥ ৩৪

প্রগৃহীতাগ্রহস্তেন বৈরাটিরপি দন্তিনা ।
অভ্যদ্রবত রাজানং মদ্রাধিপতিমুত্তরঃ ॥ ৩৫

রাজন্! সেই সময় পুত্রসহ বিরাট, দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমারগণ ও সাত্যকি—পাণ্ডবপক্ষের এই দশ মহারথী বীর অভিমন্যুকে রক্ষা করিবার জন্য অতিদ্রুত সেস্থলে দৌড়াইয়া আসিলেন ॥ ২৯-৩০

শান্তনুনন্দন ভীষ্ম রণাঙ্গনে সেই সময় সবেগে আক্রমণকারী দশ মহারথীর মধ্যে ধৃষ্টদ্যুম্নকে তিন বাণে ও সাত্যকিকে নয়টি বাণে গুরুতর আঘাত করিলেন ॥ ৩১

পুনরায় ধনুকে উত্তমরূপে আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত পক্ষযুক্ত একটি তীক্ষ্ণ বাণে ভীমসেনের রথের ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন ॥ ৩২

হে নরোত্তম! ভীমসেনের সেই স্বর্ণময় সুন্দর ধ্বজ সিংহের চিহ্নে চিহ্নিত ছিল। উহা ভীষ্মকর্ত্তৃক ছিন্ন হইয়া রথ হইতে ভূতলে পতিত হইল। ৩৩

তখন ভীমসেন সেই রণক্ষেত্রে শান্তনুনন্দন ভীষ্মকে তিন বাণে আহত করিয়া কৃপাচার্য্যকে এক বাণে ও কৃতবর্ম্মাকে আট বাণে বিদ্ধ করিলেন ॥ ৩৪

এই সময় যে হাতীটি নিজের শুঁড়কে চক্রাকার করিয়া উত্তোলিত করিয়া রাখিয়াছিল, সেই দন্তযুক্ত হাতীর উপর আরোহণ করত বিরাটপুত্র উত্তর মদ্রদেশের অধিপতি রাজা শল্যের প্রতি ধাবিত হইলেন ॥ ৩৫

তস্য বারণরাজস্য জবেনাপততো রথে।
শল্যো নিবারয়ামাস বেগমপ্রতিমং শরৈঃ ॥ ৩৬
তস্য ক্রুদ্ধঃ স নাগেন্দ্রো বৃহতঃ সাধুবাহিনঃ।
পদা যুগমধিষ্ঠায় জঘান চতুরো হয়ান্ ॥ ৩৭
স হতাশ্বে রথে তিষ্ঠন্ মদ্রাধিপতিরায়সীম্।
উত্তরান্তকরীং শক্তিং চিক্ষেপ ভুজগোপমাম্ ॥ ৩৮
তয়া ভিন্নতনুত্রাণঃ প্রবিশ্য বিপুলং তমঃ।
স পপাত গজস্কন্ধাৎ প্রমুক্তাঙ্কুশ-তোমরঃ ॥ ৩৯
অসিমাদায় শল্যোঽপি অবপ্লুত্য রথোত্তমাৎ।
তস্য বারণরাজস্য চিচ্ছেদাথ মহাকরম্ ॥ ৪০
ভিন্নমর্মা শরশতৈশ্ছিন্নহস্তঃ স বারণঃ।
ভীমমার্তস্বরং কৃত্বা পপাত চ মমার চ ॥ ৪১
এতদীদৃশকং কৃত্বা মদ্ররাজো নরাধিপ।
আরুরোহ রথং তূর্ণং ভাস্বরং কৃতবর্ম্মণঃ ॥ ৪২
উত্তরং বৈ হতং দৃষ্ট্বা বৈরাটির্ভ্রাতরং তদা।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥ ৪৩
শ্বেতঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥৪৫
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং বলী।
মহতা রথবংশেন সমন্তাৎ পরিবারিতঃ ॥ ৪৫
মুঞ্চন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সম্প্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥ ৪৬
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজমভীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥ ৪৭
বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্ শল্যপুত্রঃ প্রতাপবান্ ॥ ৪৮
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥ ৪৯
নানাবর্ণবিচিত্রাণি ধনূংষি চ মহাত্মনাম্।
বিস্ফারিতানি দৃশ্যন্তে তোয়দেম্বিব বিদ্যুতঃ ॥ ৫০

সেই গজরাজ অতিশয় বেগে আসিয়া শল্যরাজের রথের নিকট উপস্থিত হইল। এই সময় শল্য স্বীয় বাণসমূহে ঐ হাতীর অতুলনীয় বেগকে রুদ্ধ করিয়া দিলেন ॥ ৩৬

ইহাতে গজেন্দ্র শল্যের উপর অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিল এবং নিজের একটি চরণ রথের যুগের উপর রাখিয়া উত্তমরূপে বহনকারী চারিটি বিরাট অশ্বকে নিহত করিল ॥ ৩৭

অশ্বগুলি নিহত হইলেও সেই রথেই মদ্ররাজ শল্য উপবিষ্ট থাকিয়া লৌহনির্ম্মিত একটি শক্তি নিক্ষেপ করিলেন। এই শক্তি সর্পসদৃশ ভয়ঙ্কর এবং রাজকুমার উত্তরের বিনাশকর ছিল ॥ ৩৮

এই শক্তি উত্তরের কবচ ছিন্ন করিল। তাহার আঘাতে উত্তর অত্যন্ত মোহিত হইয়া পড়িলেন। তাঁহার হাত হইতে তখন অঙ্কুশ ও তোমর পতিত হইল এবং তিনিও অচেতন হইয়া গজের পৃষ্ঠ হইতে ভূতলে পতিত হইলেন ॥ ৩৯

এই সময় শল্য হাতে তরবারি লইয়া স্বীয় শ্রেষ্ঠ রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং তাহাদ্বারা গজরাজের বিশাল শুঁড়টি কাটিয়া ফেলিলেন ॥ ৪০

শত শত বাণে সেই হাতীর তখন মর্ম্মস্থান বিদ্ধ হইয়াছিল তাহার উপর আবার শুঁড়টিও ছিন্ন হইল। ইহাতে সেই গজরাজ ভয়ঙ্কর আর্তনাদ করিতে করিতে ভূমিতে পতিত হইল এবং মৃত্যুবরণ করিল ॥ ৪১

নরাধিপ! মদ্ররাজ শল্য এইরূপ পরাক্রম করিয়া অতিসত্বর কৃতবর্ম্মার তেজোময় রথে গিয়া উঠিয়া পড়িলেন ॥ ৪২

স্বীয় ভ্রাতা উত্তরকে নিহত এবং শল্যকে কৃতবর্ম্মার রথে উত্থিত দেখিয়া বিরাটপুত্র শ্বেত ক্রোধে জ্বলিয়া উঠিলেন। তখন মনে হইতেছিল—অগ্নিতে যেন ঘৃতাহুতি দেওয়া হইয়াছে।

সেই বলবান্ বীর শ্বেত ইন্দ্রধনুতুল্য নিজের বিশাল ধনু কর্ণ পর্য্যন্ত টানিয়া মদ্ররাজ শল্যকে বধ করিবার ইচ্ছায় তাঁহার প্রতি ধাবিত হইলেন।

মদমত্ত হস্তীর ন্যায় পরাক্রমশালী শ্বেতকে ধাবিত হইতে দেখিয়া আপনার সাতজন রথী বীর মৃত্যুর দন্তের মধ্যে পতিত মদ্ররাজ শল্যকে রক্ষা করিবার জন্য তাঁহাকে (শ্বেতকে) চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥ ৪৩-৪৭

রাজন্ সেই সপ্ত রথীর নাম হইল—কোশলরাজ বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, শল্যের প্রতাপশালী পুত্র রুক্মরথ, অবন্তি-দেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজপতি সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ ॥ ৪৮-৪৯

এই সব মহাত্মা বীরগণের বিস্ফারিত নানা বর্ণের বিচিত্র ধনুগুলি জলবর্ষণরত মেঘের মধ্যে বিদ্যুতের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৫০

তে তু বাণময়ং বর্ষং শ্বেতমূর্ধন্যপাতয়ন্ ।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ৫১ ॥
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য মমর্দ পৃতনাপতিঃ ॥ ৫২
নিকৃত্তান্যেব তানি স্ম সমদৃশ্যন্ত ভারত ।
ততস্তে তু নিমেষার্ধাৎ প্রত্যপদ্যন্ ধনূংষি চ ॥ ৫৩
সপ্ত চৈব পৃষৎকাংশ্চ শ্বেতস্যোপর্য্যপাতয়ন্ ।
ততঃ পুনরমেয়াত্মা ভল্লৈঃ সপ্তভিরাশুগৈঃ ।
নিচকর্ত মহাবাহুস্তেষাং চাপানি ধন্বিনাম্ ॥ ৫৪
তে নিকৃত্তমহাচাপাস্ত্বরমাণা মহারথাঃ ।
রথশক্তীঃ পরামৃশ্য বিনেদুর্ভৈরবান্ রবান্ ॥ ৫৫
[illegible]হয়ুর্ভরতশ্রেষ্ঠ সপ্ত শ্বেতরথং প্রতি ।
ততস্তা জ্বলিতাঃ সপ্ত মহেন্দ্রাশনিনিঃস্বনাঃ ॥ ৫৬
অপ্রাপ্তাঃ সপ্তভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমাস্ত্রবিৎ ।
ততঃ সমাদায় শরং সর্বকায়বিদারণম্ ॥ ৫৭
প্রাহিণোদ্ ভরতশ্রেষ্ঠ শ্বেতো রুক্মরথং প্রতি ।
তস্য দেহে নিপতিতো বাণো বজ্রাতিগো মহান্ ॥৫৮
ততো রুক্মরথো রাজন্ সায়কেন দৃঢ়াহতঃ ।
নিষসাদ রথোপস্থে কশ্মলং চাবিশন্মহৎ ॥ ৫৯
তং বিসংজ্ঞং বিমনসং ত্বরমাণস্তু সারথিঃ ।
অপোবাহ ন সম্ভ্রান্তঃ সর্বলোকস্য পশ্যতঃ ॥ ৬০
ততোঽন্যান্ ষট্ সমাদায় শ্বেতো হেমবিভূষিতান্ ।
তেষাং ষণ্ণাং মহাবাহুর্ধ্বজশীর্ষাণ্যপাতয়ৎ ॥ ৬১
হয়াংশ্চ তেষাং নির্ভিদ্য সারথীংশ্চ পরন্তপ ।
শরৈশ্চৈতান্ সমাকীর্য্য প্রায়াচ্ছল্যরথং প্রতি ॥ ৬২
ততো হলহলাশব্দস্তত্র সৈন্যেষু ভারত ।
দৃষ্ট্বা সেনাপতিং তূর্ণং যান্তং শল্যরথং প্রতি ॥ ৬৩
ততো ভীষ্মং পুরস্কৃত্য তব পুত্রো মহাবলঃ ।
বৃতস্তু সর্বসৈন্যেন প্রায়াচ্ছল্যরথং প্রতি ॥ ৬৪

ইঁহারা সকলেই শ্বেতের মস্তকে বাণ বর্ষণ আরম্ভ করিয়া দিলেন। তখন মনে হইতে লাগিল—গ্রীষ্ম ঋতুর শেষে বর্ষাকালে বায়ু কর্তৃক উত্থাপিত মেঘ পর্বতে বারি বর্ষণ করিতেছে ॥ ৫১

সেই সময় মহাধনুর্দ্ধর সেনাপতি শ্বেত কুপিত হইয়া তেজস্বী সাতটি ভল্লনামক বাণদ্বারা সেই সাত রথীরই ধনু ছেদন করত খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন ॥ ৫২

ভারত! সেই সাতটি ধনুকেই তখন ছিন্ন ভিন্ন দেখা যাইল। তারপর তাঁহারা সকলেই অর্দ্ধ নিমিষের মধ্যে অপর ধনু গ্রহণ করিলেন এবং শ্বেতের উপর একসঙ্গে সাতটি বাণ নিক্ষেপ করিলেন। তখন অপরিমিত আত্মবলসম্পন্ন মহাবাহু শ্বেত পুনরায় দ্রুতগামী সাতটি ভল্ল নিক্ষেপ করিয়া সেই ধনুর্দ্ধরগণের সকল ধনুকেই ছিন্ন করিলেন ॥ ৫৩-৫৪

নিজেদের বিশাল ধনুগুলি ছিন্ন হইয়া যাইলে সেই সাত মহারথী ব্যগ্রতাসহকারে রথশক্তিসমূহ ধারণ করত ভয়ঙ্কর গর্জন করিতে লাগিলেন ॥ ৫৫

ভরতশ্রেষ্ঠ! সেই সাতটি শক্তি প্রজ্বলিত হইয়া দেবরাজ ইন্দ্রের বজ্রের ন্যায় ভয়ঙ্কর শব্দ করিতে করিতে শ্বেতের রথের দিকে একসঙ্গে যাইতে লাগিল ॥ ৫৬

কিন্তু শ্বেত উত্তম অস্ত্রসমূহে অভিজ্ঞ ছিলেন। তিনি তখন সাতটি ভল্ল ক্ষেপণ করিয়া নিকটে আসিবার পূর্ব্বেই সেই সাতটি শক্তিকে খণ্ড খণ্ড করিয়া দিলেন। ভরতশ্রেষ্ঠ! তারপর শ্বেত সকলেরই দেহবিদারক একটি বাণ লইয়া উহা রুক্মরথের উপর নিক্ষেপ করিলেন।

বজ্র হইতেও অধিক প্রভাবশালী সেই মহাবাণটি রুক্মরথের শরীরে যাইয়া পতিত হইল। রাজন্! এই বাণে অত্যন্ত আহত হইয়া রুক্মরথ নিজ রথের পশ্চাদ্‌ভাগে যাইয়া বসিয়া পড়িলেন এবং গুরুতর মোহাচ্ছন্ন হইলেন ॥ ৫৭-৫৯

তাঁহাকে অচৈতন্য ও বিমনা দেখিয়া সারথি অল্পও বিভ্রান্ত না হইয়া অতি সত্বর সকলের দৃষ্টিগোচরেই রণভূমি হইতে তাঁহাকে দূরে লইয়া যাইল ॥ ৬০

তখন মহাবাহু শ্বেত অপর স্বর্ণভূষিত ছয়টি বাণ লইয়া সেই ছয় রথীর ধ্বজের অগ্রভাগ কাটিয়া ফেলিলেন ॥ ৬১

পরন্তপ! তারপর তাহাদের অশ্ব ও সারথিগণকে বিদীর্ণ করিয়া তাঁহাদের শরীরের মধ্যেও বহু বাণ বিদ্ধ করিলেন। অনন্তর শ্বেত শল্যের রথের দিকে ধাবিত হইলেন ॥ ৬২

ভারত! তখন সেনাপতি শ্বেতকে দ্রুত শল্যের রথের দিকে যাইতে দেখিয়া আপনার সৈন্যগণের মধ্যে হাহাকার পড়িয়া যাইল ॥ ৬৩

তখন আপনার মহাবল পুত্র দুর্য্যোধন ভীষ্মকে অগ্রে করিয়া

মৃত্যোরাস্যমনুপ্রাপ্তং মদ্ররাজমমোচয়ৎ।
ততো যুদ্ধং সমভবৎ তুমুলং লোমহর্ষণম্॥ ৬৫
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরথ-দ্বিপম্।
সৌভদ্রে ভীমসেনে চ সাত্যকৌ চ মহারথে॥ ৬৬
কৈকেয়ে চ বিরাটে চ ধৃষ্টদ্যুম্নে চ পার্ষতে।

সমস্ত সৈন্যের সহিত শ্বেতের রথের উপর আক্রমণ করিলেন এবং মৃত্যুর মুখে পতিত শল্যকে মুক্ত করিয়া দিলেন॥

তারপর আপনার ও পাণ্ডবগণের সৈন্যদিগের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর রোমাঞ্চকারী যুদ্ধ চলিতে লাগিল। তখন রথের দ্বারা রথ এবং হাতীর দ্বারা হাতী আক্রান্ত হইল॥

এতেষু নরসিংহেষু চেদি-মৎস্যেষু চৈব হ।
ববর্ষ শরবর্ষাণি কুরুবৃদ্ধঃ পিতামহঃ॥ ৬৭
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি শ্বেতযুদ্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৭

পাণ্ডবপক্ষের দিকে সুভদ্রানন্দন অভিমন্যু, ভীমসেন, মহারথী সাত্যকি, কেকয়রাজকুমার, রাজা বিরাট ও দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন—এই পুরুষশ্রেষ্ঠগণ এবং চেদি ও মৎস্য দেশের ক্ষত্রিয়রা যুদ্ধ করিতেছিলেন। কুরুকুলের বৃদ্ধপুরুষ পিতামহ ভীষ্ম ইঁহাদের সকলের উপর বাণ বর্ষণ আরম্ভ করিলেন॥ ৬৪-৬৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে শ্বেতের যুদ্ধবিষয়ক সপ্তচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

[শ্বেতস্য মহাভয়ঙ্করপরাক্রমপ্রদর্শনম্, ভীষ্মেণ তস্য বিনাশশ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ
এবং শ্বেতে মহেষ্বাসে প্রাপ্তে শল্যরথং প্রতি।
কুরবঃ পাণ্ডবেয়াশ্চ কিমকুর্বত সঞ্জয়॥ ১
ভীষ্মঃ শান্তনবঃ কিং বা তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ।
সঞ্জয় উবাচ।
রাজন্ শতসহস্রাণি ততঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ॥ ২
শ্বেতং সেনাপতিং শূরং পুরস্কৃত্য মহারথাঃ।
রাজ্ঞো বলং দর্শয়ন্তস্তব পুত্রস্য ভারত॥ ৩

অষ্টচত্বারিংশ অধ্যায়

[শ্বেতের মহাভয়ঙ্কর পরাক্রমপ্রদর্শন এবং ভীষ্ম কর্ত্তৃক তাহার বিনাশ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! এইরূপে মহাধনুর্দ্ধর শ্বেতকে শল্যের রথের নিকট উপস্থিত হইতে দেখিয়া কৌরব ও পাণ্ডবগণ কি করিল? ১

শান্তনুনন্দন ভীষ্মই বা তখন কি করিলেন? আমি তোমাকে ইহা জিজ্ঞাসা করিতেছি, তুমি তৎসমস্তই আমাকে বল। সঞ্জয় কহিলেন,—রাজন্! পাণ্ডবপক্ষের লক্ষ শ্রেষ্ঠ ক্ষত্রিয় বীর সেনাপতি শ্বেতকে অগ্রে করিয়া আপনার পুত্র রাজা দুর্য্যোধনকে নিজেদের বল দেখাইতে দেখাইতে শিখণ্ডীকে সম্মুখে স্থাপন করত ভীষ্মের স্বর্ণভূষিত রথের উপর আক্রমণ করিলেন।

শিখণ্ডিনং পুরস্কৃত্য ত্রাতুমৈচ্ছন্মহারথাঃ।
অভ্যবর্তন্ত ভীষ্মস্য রথং হেমপরিষ্কৃতম্॥ ৪
জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তদাসীৎ তুমুলং মহৎ।
তৎ তেঽহং সম্প্রবক্ষ্যামি মহাবৈশসমদ্ভুতম্॥ ৫
তাবকানাং পরেষাঞ্চ যথা যুদ্ধমবর্তত।
তত্রাকরোদ্ রথোপস্থান্ শূন্যান্ শান্তনবো বহূন্॥ ৬
তত্রাদ্ভুতং মহচ্চক্রে শরৈরার্চ্ছদ্ রথোত্তমান্।
সমাবৃণোচ্ছরৈরর্কমর্কতুল্যপ্রতাপবান্॥ ৭

ভারত! ইঁহারা সকলে শ্বেতকে রক্ষা করিতে ইচ্ছুক ছিলেন। সেইজন্য শ্বেতকে বধ করিতে উদ্যত যোদ্ধাদিগের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্মকে, তাঁহারা আক্রমণ করিলেন। তখন মহাভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল। আপনার ও পাণ্ডবগণের সৈন্যদিগের মধ্যে যেরূপ লোকক্ষয়কারী অদ্ভুত মহাযুদ্ধ হইয়াছিল, আমি উহা সেইরূপই বর্ণনা করিব॥

সেই যুদ্ধে শান্তনুনন্দন ভীষ্ম রথি-উপবিষ্ট বহু রথকে রথিশূন্য করিয়া দিলেন। তিনি তখন অতিশয় অদ্ভুত কার্য্য করিয়াছিলেন। স্বীয় বাণসমূহে তিনি বহু শ্রেষ্ঠ রথীকেও পীড়া দিয়াছিলেন। সূর্য্যতুল্য তেজস্বী ভীষ্ম নিজ অস্ত্রসমূহে সূর্য্যদেবকেও সর্ব্বতোভাবে আবৃত করিয়া ফেলিলেন॥ ২-৭

সূদন্ সমন্তাৎ সমরে রবিরুচ্ছন্ যথা তমঃ।
তেনাজৌ প্রেষিতা রাজন্ শরাঃ শতসহস্রশঃ ॥ ৮
ক্ষত্রিয়ান্তকরাঃ সংখ্যে মহাবেগা মহাবলাঃ।
শিরাংসি পাতয়ামাসুর্বীরাণাং শতশো রণে ॥ ৯
গজান্ কণ্টকসন্নাহান্ বজ্রেণেব শিলোচ্চয়ান্।
রথা রথেষু সংসক্তা ব্যদৃশ্যন্ত বিশাম্পতে ॥ ১০
একে রথং পর্য্যবহংস্তুরগাঃ সতুরঙ্গমম্।
যুবানং নিহতং বীরং লম্বমানং সকার্ম্মুকম্ ॥ ১১
উদীর্ণাশ্চ হয়া রাজন্ বহবস্তত্র তত্র হ।
বদ্ধখঙ্গনিষঙ্গাশ্চ বিধ্বস্তশিরসো হতাঃ ॥ ১২
শতশঃ পতিতা ভূমৌ বীরশয্যাসু শেরতে।
পরস্পরেণ ধাবন্তঃ পতিতাঃ পুনরুত্থিতাঃ ॥ ১৩
উত্থায় চ প্রধাবন্তো দ্বন্দ্বযুদ্ধমবাপ্নুবন্।
পীড়িতাঃ পুনরন্যোন্যং লুঠন্তো রণমূর্ধনি ॥ ১৪
সচাপাঃ সনিষঙ্গাশ্চ জাতরূপপরিষ্কৃতাঃ।
বিস্রব্ধহতবীরাশ্চ শতশঃ পরিপীড়িতাঃ ॥ ১৫
তেন তেনাভ্যধাবন্ত বিসৃজন্তশ্চ ভারত।
মত্তো গজঃ পর্য্যবর্তদ্ধয়াংশ্চ হতসাদিনঃ ॥ ১৬
সরথা রথিনশ্চাপি বিমৃদ্নন্তঃ সমন্ততঃ।
স্যন্দনাদপতৎ কশ্চিন্নিহতোঽন্যেন সায়কৈঃ ॥ ১৭
হতসারথিরপ্যুচ্চৈঃ পপাত কাষ্ঠবদ্ রথঃ।
যুধ্যমানস্য সংগ্রামে ব্যূঢ়ে রজসি চোত্থিতে ॥ ১৮
ধনুঃ কূজিতবিজ্ঞানং তত্রাসীৎ প্রতিযুধ্যতঃ।
গাত্রস্পর্শেন যোধানাং ব্যজ্ঞাস্ত পরিপন্থিনম্ ॥ ১৯
যুধ্যমানং শরৈ রাজন্ সিঞ্জিনীধ্বজিনীরবাৎ।
অন্যোন্যং বীরসংশব্দো নাশ্রূয়ত ভটৈঃ কৃতঃ ॥ ২০

যেরূপ সূর্য্য উদিত হইয়া অন্ধকার নাশ করেন, সেইরূপ তিনি সমরভূমির চারিদিকে বিচরণ করিয়া লক্ষ লক্ষ বাণ নিক্ষেপ করত শত্রুসৈন্যকে নাশ করিতে লাগিলেন। রাজন্! তাঁহার ঐ বাণগুলি মহাবেগশালী ও মহাবলসম্পন্ন ছিল। যুদ্ধে ক্ষত্রিয়গণের বিনাশকারী ভীষ্মের সেই বাণসমূহ শত শত বীরের মস্তক ছেদন করিয়া রণভূমিতে পাতিত করিল। ৮-৯

সেই বাণগুলি বজ্রাঘাতে পর্ব্বতসমূহের বিদারণের ন্যায় কণ্টকপূর্ণ কবচসুশোভিত হস্তিগণকেও ধরাশায়ী করিতে লাগিল। প্রজানাথ! সেই সময় রথসমূহ অপর রথসমূহে বিলগ্ন হইয়া আছে দেখা যাইল। ১০

বহু অশ্ব রথকে রণস্থল হইতে দূরে লইয়া যাইল এবং সেই রথে নিহত বীর যুবক ধনুর সহিত লম্বা হইয়া পতিত ছিল। ১১

রাজন্! সেই প্রচণ্ড অশ্বগণ রথকে লইয়া যেখানে সেখানে ঘুরিতে লাগিল। কটিতে (কোমরে) তরবারি ও পৃষ্ঠে তূণবদ্ধ শত শত বীর মস্তক ছিন্ন হওয়ায় পৃথিবীতে পতিত হইয়া বীরোচিত শয্যায় শয়ন করিয়া আছেন।

পরস্পরের অভিমুখে ধাবিত বহু সৈন্যই কখনও ভূতলে পড়িয়া যাইল, আবার তাহারা কখনও উঠিয়া দণ্ডায়মান হইল। তাহারা দাঁড়াইয়াই দৌড়াইতে দৌড়াইতে পরস্পর দ্বন্দ্ব যুদ্ধ করিতে লাগিল। পুনরায় পরস্পরের প্রহারে পীড়িত হইয়া যুদ্ধের অগ্রভূমিতে লুটিয়া পড়িল। ১২-১৪

ভারত! শত শত বীর ধনু ও তূণ লইয়া সুবর্ণময় ভূষণে ভূষিত হইয়া কত যে শত্রুপক্ষের বীরগণকে বিশ্বস্তভাবে বিনাশ করিল, স্বয়ংও শত্রুদিগের প্রহারে অত্যন্ত পীড়িত হইতে লাগিল এবং তাহারপর নানারূপ অস্ত্র প্রহার করিতে করিতে নিজেও বিভিন্ন পথ দিয়া এদিকে ওদিকে দৌড়াইয়া পলায়ন করিল।

মদমত্ত হস্তী সেই অশ্বগণের পশ্চাতে পতিত হইল, যাহাদের আরোহী নিহত হইয়াছে। এইরূপ রথসহ রথিগণও চারিদিকে ভূতলে পতিত শবদেহগুলিকে পিষ্ট করিতে করিতে বিচরণ করিতে লাগিলেন।

কত বীর শত্রুপক্ষের বাণে নিহত হইয়া রথ হইতে ভূতলে পতিত হইল। কোন স্থলে রথের সারথি নিহত হইলে রথটি সাধারণ কাষ্ঠের ন্যায় উচ্চস্থান হইতে নিম্নে পড়িয়া যাইল।

সেই যুদ্ধরত সংগ্রামস্থলে ব্যূহমধ্যে এতাদৃশ ধূলি উড়িতেছিল যে, কিছুই বুঝা যাইল না। কেবল ধনুর টঙ্কার ধ্বনিতে ইহাই জানা যাইতেছিল যে, প্রতিদ্বন্দ্বী যুদ্ধ করিতেছে। বহু যোদ্ধা অপর যোদ্ধাদিগের দেহ স্পর্শ করিয়াই বুঝিতে পারিতেছিল যে, ইহারা শত্রুপক্ষের। ১৫-১৯

রাজন্! তখন কিছু লোক ধনুর টঙ্কারধ্বনি ও সৈন্যগণের কোলাহল শুনিয়া ইহাই বুঝিতে পারিল যে, কোন যোদ্ধা বাণসমূহে যুদ্ধ করিতেছে। যোদ্ধারা পরস্পরের প্রতি যে বীরোচিত গর্জ্জন করিতেছিল, উহাও সেই সময় স্পষ্টরূপে শোনা যাইতেছিল না। ২০

শব্দায়মানে সংগ্রামে পটহে কর্ণদারিণি।
যুধ্যমানস্য সংগ্রামে কুর্বতঃ পৌরুষং স্বকম্ ॥ ২১
নাশ্রৌষং নাম-গোত্রাণি কীর্তনঞ্চ পরস্পরম্।
ভীষ্মচাপচ্যুতৈর্বাণৈরার্তানাং যুধ্যতাং মৃধে ॥ ২২
পরস্পরেষাং বীরাণাং মনাংসি সমকম্পয়ন্।
তস্মিন্নত্যাকুলে যুদ্ধে দারুণে লোমহর্ষণে ॥ ২৩
পিতা পুত্রঞ্চ সমরে নাভিজানাতি কশ্চন।
চক্রে ভগ্নে যুগে ছিন্নে একধুর্য্যে হয়ে হতঃ ॥ ২৪
আক্ষিপ্তঃ স্যন্দনাদ্ বীরঃ সসারথিরজিহ্মগৈঃ।
এবঞ্চ সমরে সর্বে বীরাশ্চ বিরথীকৃতাঃ ॥ ২৫
তেন তেন স্ম দৃশ্যন্তে ধাবমানাঃ সমন্ততঃ।
গজো হতঃ শিরশ্ছিন্নং মর্ম ভিন্নং হয়ো হতঃ ॥ ২৬
অহতঃ কোঽপি নৈবাসীদ্ ভীষ্মে নিঘ্নতি শাত্রবান্।
শ্বেতঃ কুরূণামকরোৎ ক্ষয়ং তস্মিন্ মহাহবে ॥ ২৭
রাজপুত্রান্ রথোদারানবধীচ্ছতসঙ্ঘশঃ।
চিচ্ছেদ রথিনাং বাণৈঃ শিরাংসি ভরতর্ষভ ॥ ২৮
সাঙ্গদা বাহবশ্চৈব ধনূংষি চ সমন্ততঃ।
রথেষাং রথচক্রাণি তূণীরাণি যুগানি চ ॥ ২৯
ছত্রাণি চ মহার্হাণি পতাকাশ্চ বিশাম্পতে।
হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চৈব ভারত ॥ ৩০
বারণাঃ শতশশ্চৈব হতাঃ শ্বেতেন ভারত।
বয়ং শ্বেতভয়াদ্ ভীতা বিহায় রথসত্তমম্ ॥ ৩১
অপযাতাস্তথা পশ্চাদ্ বিভুং পশ্যাম ধৃষ্ণবঃ।
শরপাতমতিক্রম্য কুরবঃ কুরুনন্দন ॥ ৩২
ভীষ্মং শান্তনবং যুদ্ধে স্থিতাঃ পশ্যাম সর্বশঃ।
অদীনো দীনসমরে ভীষ্মোঽস্মাকং মহাহবে ॥ ৩৩
একস্তস্থৌ নরব্যাঘ্রো গিরির্মেরুরিবাচলঃ।
আদদান ইব প্রাণান্ সবিতা শিশিরাত্যয়ে ॥ ৩৪

তখন কর্ণবিদারক ডঙ্কার নিনাদে সমস্ত রণভূমি পূর্ণ হইয়া গিয়াছিল। সেইজন্য সেখানে নিজের পুরুষার্থপ্রকাশকারী কোন যোদ্ধারই কথা আমার শ্রুতিগোচর হইতেছিল না। তাহারা তখন যে পরস্পর নাম-গোত্রের উল্লেখ করিতেছিল, তাহাও আমি শুনিতে পাই নাই ॥

যুদ্ধে ভীষ্মের ধনু হইতে নিক্ষিপ্ত বাণসমূহে সকল যোদ্ধারাই পীড়া অনুভব করিতেছিলেন। ঐ বাণগুলি পরস্পর সমস্ত বীরেরই হৃদয় কম্পিত করিতেছিল ॥

সেই যুদ্ধ অত্যন্ত ভয়ঙ্কর, রোমাঞ্চকারী ও সকলের ব্যাকুলকর ছিল। ঐ সময় কোন পিতাই নিজ পুত্রকেও চিনিতে পারেন নাই ॥

তখন ভীষ্মের বাণে চক্র ভগ্ন হইয়া গিয়াছিল, যুগ (বহনের সময় বাহনযোজিত করিবার কাষ্ঠবিশেষ—জোয়াল) নষ্ট হইয়াছিল এবং একমাত্র রক্ষিত রথের অশ্বও নিহত হইয়াছিল। এরূপ অবস্থায় রথের উপরে উপবিষ্ট সারথির সহিত বীর রথীও ভীষ্মের সরলগামী বাণে আহত হইয়া স্বর্গগমন করিল ॥

এইরূপে সেই সমরাঙ্গণে রথহীন হইয়া সকল বীর ভিন্ন-ভিন্ন পথে চারিদিকে দৌড়াইয়া পলায়ন করিল ॥

কাহারও হস্তী নিহত হইল, কাহারও মস্তক ছিন্ন হইয়া গেল, কাহারও মর্ম্মস্থান বিদীর্ণ হইল এবং কাহারও অশ্ব বিনষ্ট হইল। যখন ভীষ্ম শত্রুগণকে সংহার করিতেছিলেন, সেই সময় তাঁহার সম্মুখে আগত কোন এরূপ বিপক্ষ বীর ছিলেন না, যিনি তাঁহার বাণে আহত না হইয়াছেন ॥

এইরূপে সেই মহাযুদ্ধে শ্বেতও কৌরবগণকে সংহার করিতেছিলেন। তিনি তখন শত শত দলবদ্ধ রথী রাজকুমারগণকে বধ করিয়াছিলেন। ভরতশ্রেষ্ঠ! শ্বেত নিজ বাণসমূহে তখন বহু রথীর শিরশ্ছেদ করিয়াছিলেন ॥ ২১-২৮

তিনি সর্ব্বদিকেই বাণক্ষেপ করিয়া বহু যোদ্ধার ধনু ও অঙ্গদ-ভূষণভূষিত বাহু ছেদন করিয়াছিলেন। রথের ঈষাদণ্ড, রথচক্র, তূণীর এবং যুগ তিনি ছিন্ন ভিন্ন করিয়া দিয়াছিলেন ॥ ২৯

রাজন্! বহুমূল্য ছত্র ও পতাকাসমূহও তাঁহার বাণে খণ্ডিত হইয়া পড়িয়াছিল। ভারত! শ্বেত অশ্ব, রথ ও মনুষ্যগণের বহু সজ্যকে ত' বিনাশ করিয়াই ছিলেন, তাহার উপর তিনি তখন শত শত হস্তীকেও নিহত করিয়াছিলেন ॥

কুরুনন্দন! আমরাও শ্বেতের ভয়ে মহারথী ভীষ্মকে একাকী রাখিয়া পলাইয়া যাইলাম। সেইজন্যই আজ জীবিত থাকিয়া মহারাজকে দর্শন করিতে পারিলাম। সকল কৌরব আমরা শ্বেতের বাণ যতদূর পর্য্যন্ত যাইতে পারিত, ততদূর পর্য্যন্ত যুদ্ধভূমি ছাড়িয়া দাঁড়াইয়া রহিলাম এবং দর্শকের ন্যায় শান্তনুনন্দন ভীষ্মকে দেখিতে লাগিলাম ॥

সেই মহাসংগ্রামে যদিও আমাদের পক্ষে কাতরতার সময় আসিয়াছিল, তথাপি নরশ্রেষ্ঠ ভীষ্ম একাকী দীনতাশূন্য হইয়া মেরুপর্ব্বতের ন্যায় অবিচলভাবে দাঁড়াইয়া রহিলেন ॥

গভস্তিভিরিবাদিত্যস্তস্থৌ শরমরীচিমান্ ।
স মুমোচ মহেষ্বাসঃ শরসঙ্ঘাননেকশঃ ॥ ৩৫
নিঘ্নন্নমিত্রান্ সমরে বজ্রপাণিরিবাসুরান্ ।
তে বধ্যমানা ভীষ্মেণ প্রজহুস্তং মহাবলম্ ॥ ৩৬
স্বযূথাদিব তে যূথান্মুক্তং ভূমিষু দারুণম্ ।
তমেবমুপলক্ষ্যৈকো হৃষ্টঃ পুষ্টঃ পরন্তপ ॥ ৩৭
দুর্য্যোধনপ্রিয়ে যুক্তঃ পাণ্ডবান্ পরিশোচয়ন্ ।
জীবিতং দুস্ত্যজং ত্যক্ত্বা ভয়ঞ্চ সুমহাহবে ॥ ৩৮
পাতয়ামাস সৈন্যানি পাণ্ডবানাং বিশাম্পতে ।
প্রহরন্তমনীকানি পিতা দেবব্রতস্তব ॥ ৩৯
দৃষ্ট্বা সেনাপতিং ভীষ্মস্ত্বরিতঃ শ্বেতমভ্যয়াৎ ।
স ভীষ্মং শরজালেন মহতা সমবাকিরৎ ॥ ৪০
শ্বেতং চাপি তথা ভীষ্মঃ শরৌঘৈঃ সমবাকিরৎ ।
তৌ বৃষাবিব নর্দন্তৌ মত্তাবিব মহাদ্বিপৌ ॥ ৪১
ব্যাঘ্রাবিব সুসংরব্ধাবন্যোন্যমভিজঘ্নতুঃ ।
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য ততস্তৌ পুরুষর্ষভৌ ॥৪২
ভীষ্মঃ শ্বেতশ্চ যুযুধে পরস্পরবধৈষিণৌ ।
একাহ্না নির্দহেদ্ ভীষ্মঃ পাণ্ডবানামনীকিনীম্ ॥ ৪৩
শরৈঃ পরমসংক্রুদ্ধো যদি শ্বেতো ন পালয়েৎ ।
পিতামহং ততো দৃষ্ট্বা শ্বেতেন বিমুখীকৃতম্ ॥ ৪৪
প্রহর্ষং পাণ্ডবা জগ্মুঃ পুত্রস্তে বিমনাভবৎ ।
ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ পার্থিবৈঃ পরিবারিতঃ ॥ ৪৫
সসৈন্যঃ পাণ্ডবানীকমভ্যদ্রবত সংযুগে ।
দুর্মুখঃ কৃতবর্মা চ কৃপঃ শল্যো বিশাম্পতিঃ ॥ ৪৬
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ নোদিতাঃ ।
দৃষ্ট্বা তু পার্থিবৈঃ সর্বৈর্দুর্য্যোধনপুরোগমৈঃ ॥ ৪৭

যেরূপ সূর্য্যদেব শীতকালের শেষে গ্রীষ্মকালে পৃথিবীর জল শুষ্ক করিয়া থাকেন, সেইরূপ ভীষ্ম সমস্ত সৈন্যের প্রাণহরণ করিতেছিলেন। কিরণসুশোভিত সূর্য্যের তুল্য ভীষ্ম স্বীয় বাণরূপ রশ্মিতে সুশোভিত হইয়া সেখানে অবস্থান করিতেছিলেন ॥

যেরূপ বজ্রপাণি ইন্দ্র অসুরগণকে সংহার করেন, সেইরূপ মহাধনুর্দ্ধর ভীষ্ম সেই রণক্ষেত্রে শত্রুগণকে বিনাশ করিতে করিতে বারংবার বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন

মহাবল ভীষ্ম স্বীয় দল হইতে বহির্গত হস্তীর ন্যায় নিজ সৈন্যগণ হইতে মুক্ত হইয়া সেই রণভূমিতে অতিশয় ভয়ঙ্কর হইয়া উঠিলেন। তাঁহার অস্ত্রের প্রহারে শত্রুগণ তাঁহাকে ত্যাগ করিয়া পলায়ন করিল ॥

পরন্তপ! শ্বেতকে পূর্ব্বোক্তরূপে কৌরবসেনাকে সংহার করিতে দেখিয়া একাকী ভীষ্মই উৎসাহিত ও প্রফুল্লিত হইয়া পাণ্ডবগণকে শোকে নিমগ্ন করিতে করিতে জীবনের মোহ ও ভয় পরিহার করত সেই মহাসমরে দুর্য্যোধনের প্রিয়কার্য্যে নিরত রহিলেন ॥ ৩০-৩৮

রাজন্! ভীষ্ম পাণ্ডবগণের বহু সৈন্যকে বিনাশ করিয়াছিলেন। আপনার পিতৃতুল্য দেবব্রত যখন দেখিলেন যে, সেনাপতি শ্বেত আমাদের সৈন্যের উপর অস্ত্র প্রহার করিতেছেন, তখন তিনি অতিসত্বর তাঁহার সম্মুখে আসিলেন ॥

সেই সময় শ্বেত বীর অসংখ্য বাণের জাল বিস্তার করিয়া ভীষ্মকে আবৃত করিয়া ফেলিলেন। তখন ভীষ্মও তাঁহার উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥

সেই দুই বীর গর্জনকারী বৃষ, মদোন্মত্ত গজরাজ এবং অত্যন্ত ক্রুদ্ধ সিংহের ন্যায় পরস্পরের উপর অস্ত্রাঘাত করিতে লাগিলেন ॥

তারপর ঐ দুই পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ও শ্বেত নিজ অস্ত্রের দ্বারা বিপক্ষের অস্ত্র রুদ্ধ করিয়া পরস্পরকে বিনাশ করিবার ইচ্ছায় যুদ্ধ করিতে লাগিলেন ॥

যদি তখন শ্বেত পাণ্ডবসৈন্যগণকে রক্ষা না করিতেন, তবে ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একাকী সেই দিনেই তাহাদিগকে ভস্ম করিয়া ফেলিতেন ॥

তারপর পিতামহ ভীষ্মকে শ্বেতকর্তৃক যুদ্ধস্থলে পরাঙ্মুখ হইতে দেখিয়া পাণ্ডবগণের অত্যন্ত আনন্দ হইল, কিন্তু আপনার পুত্র দুর্য্যোধনের মন উদাস হইয়া পড়িল ॥

তখন দুর্য্যোধন ক্রুদ্ধচিত্তে ভূপতিগণে পরিবৃত হইয়া সসৈন্যে সেই যুদ্ধভূমিতে পাণ্ডবসৈন্যের উপর আক্রমণ করিলেন ॥

দুর্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও রাজা শল্য আপনার পুত্রের আজ্ঞায় সমবেত হইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥

দুর্য্যোধনাদি নৃপগণের দ্বারা পাণ্ডবসৈন্যদিগকে যুদ্ধে নিহত হইতে দেখিয়া শ্বেত গঙ্গানন্দন ভীষ্মকে ত্যাগকরত আপনার পুত্রের সৈন্যবৃন্দকে সেইভাবে বিনাশ করিতে লাগিলেন, যেরূপ ঝঞ্ঝাবায়ু স্বীয় বলে বৃক্ষসকলকে বিনষ্ট করিয়া থাকে ॥

পাণ্ডবানামনীকানি বধ্যমানানি সংযুগে।
শ্বেতো গাঙ্গেয়মুৎসৃজ্য তব পুত্রস্য বাহিনীম্ ॥ ৪৮
নাশয়ামাস বেগেন বায়ুর্বৃক্ষানিবৌজসা।
দ্রাবয়িত্বা চমূং রাজন্ বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥ ৪৯
আপতৎ সহসা ভূয়ো যত্র ভীষ্মো ব্যবস্থিতঃ।
তৌ তত্রোপগতৌ রাজন্ শরদীপ্তৌ মহাবলৌ ॥ ৫০
অযুধ্যেতাং মহাত্মানৌ যথোভৌ বৃত্র-বাসবৌ।
অন্যোন্যং তু মহারাজ পরস্পরবধৈষিণৌ ॥ ৫১
নিগৃহ্য কার্ম্মুকং শ্বেতো ভীষ্মং বিব্যাধ সপ্তভিঃ।
পরাক্রমং ততস্তস্য পরাক্রম্য পরাক্রমী ॥ ৫২
তরসা বারয়ামাস মত্তো মত্তমিব দ্বিপম্।
শ্বেতঃ শান্তনবং ভূয়ঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ৫৩
বিব্যাধ পঞ্চবিংশত্যা তদদ্ভুতমিবাভবৎ।
তং প্রত্যবিধ্যদ্ দশভির্ভীষ্মঃ শান্তনবস্তদা ॥ ৫৪
স বিদ্ধস্তেন বলবান্ নাকম্পয়ত যথাচলঃ।
বৈরাটিঃ সমরে ক্রুদ্ধো ভৃশমায়ম্য কার্ম্মুকম্ ॥ ৫৫
আজঘান ততো ভীষ্মং শ্বেতঃ ক্ষত্রিয়নন্দনঃ।
সম্প্রহস্য ততঃ শ্বেতঃ সৃক্কিণী পরিসংলিহন্ ॥ ৫৬
ধনুশ্চিচ্ছেদ ভীষ্মস্য নবভির্দশধা শরৈঃ।
সন্ধায় বিশিখং চৈব শরং লোমপ্রবাহিনম্ ॥ ৫৭
উন্মমাথ ততস্তালং ধ্বজশীর্ষং মহাত্মনঃ।
কেতুং নিপতিতং দৃষ্ট্বা ভীষ্মস্য তনয়াস্তব ॥ ৫৮
হতং ভীষ্মমমন্যন্ত শ্বেতস্য বশমাগতম্।
পাণ্ডবাশ্চাপি সংহৃষ্টা দধ্মুঃ শঙ্খান্ মুদা যুতাঃ ॥ ৫৯
ভীষ্মস্য পতিতং কেতুং দৃষ্ট্বা তালং মহাত্মনঃ।
ততো দুর্য্যোধনঃ ক্রোধাৎ স্বমনীকমনোদয়ৎ ॥৬০
যত্তা ভীষ্মং পরীপ্সধ্বং রক্ষমাণাঃ সমন্ততঃ।
মা নঃ প্রপশ্যমানানাং শ্বেতান্মৃত্যুমবাপ্স্যতি ॥ ৬১
ভীষ্মঃ শান্তনবঃ শূরস্তথা সত্যং ব্রবীমি বঃ।
রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা ত্বরমাণা মহারথাঃ ॥ ৬২

রাজন্! বিরাটপুত্র শ্বেত সেই সময় ক্রোধে মূর্চ্ছিত (জ্ঞানহীন) ছিলেন। তিনি আপনার সৈন্যদিগকে দূর করিয়া দিয়া পুনরায় সহসা সেখানে উপস্থিত হইলেন, যেখানে ভীষ্ম ছিলেন ॥

মহারাজ! সেই দুই মহাশক্তিধর বীর মহাত্মা বাণে উদ্দীপ্ত হইয়া পরস্পরকে বধ করিবার ইচ্ছায় সমীপে আগমন করত বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় উভয়ে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৩৯-৫১

শ্বেত ধনু আকর্ষণ করিয়া সাতটি বাণে ভীষ্মকে বিদ্ধ করিলেন। তখন পরাক্রমশালী ভীষ্মও শ্বেতের সেই পরাক্রমকে স্বয়ং পরাক্রম করিয়া রুদ্ধ করিলেন। তাহাতে মনে হইল—কোন এক মদমত্ত হাতী অন্য এক মদমত্ত হাতীকে রুদ্ধ করিয়াছে ॥

তদনন্তর শ্বেত পুনরায় নতপর্ব্বযুক্ত পঁচিশটি বাণে শান্তনুনন্দন ভীষ্মকে বিদ্ধ করিলেন। তখন ইহা যেন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল ॥

তখন শান্তনুনন্দন ভীষ্মও দশটি বাণে তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন। সেই বাণের আঘাতেও বলশালী শ্বেত বিচলিত হইলেন না, পরন্তু পর্ব্বতের ন্যায় অবিচলভাবে যুদ্ধে অবস্থান করিতে লাগিলেন ॥

তারপর ক্ষত্রিয়গণের আনন্দবর্দ্ধন বিরাটপুত্র শ্বেত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ধনুকে অতিশয় বেগে আকর্ষণ করিয়া ভীষ্মের উপর পুনরায় বাণের দ্বারা প্রহার করিতে লাগিলেন ॥

অনন্তর তিনি হাস্য করিয়া মুখের দুই প্রান্তভাগ লেহন করত নয়টি বাণ সন্ধানপূর্ব্বক ভীষ্মের ধনুটিকে দশ খণ্ড করিয়া দিলেন ॥

পুনরায় শিখাশূন্য পক্ষযুক্ত বাণ সন্ধান করিয়া তাহাদ্বারা মহাত্মা ভীষ্মের তালচিহ্নযুক্ত ধ্বজের অগ্রভাগ কাটিয়া ফেলিলেন ॥

ভীষ্মের ধ্বজকে নিম্নে পতিত দেখিয়া আপনার পুত্রগণ ভীষ্মকে শ্বেতের বশীভূত হইয়া মৃত বলিয়াই মনে করিতে লাগিলেন ॥

মহাত্মা ভীষ্মের তালধ্বজ ভূতলে পতিত দেখিয়া পাণ্ডবগণ হর্ষে উল্লসিত হইয়া আনন্দসহকারে শঙ্খধ্বনি করিলেন ॥

তখন দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া স্বীয় সৈন্যবাহিনীকে আদেশ দিলেন—বীরগণ! সাবধান হইয়া চারিদিক্ হইতে ভীষ্মকে রক্ষা করিতে করিতে তাঁহাকে আবৃত করিয়া অবস্থান কর। কখনও এরূপ যেন না নয় যে, আমাদের দৃষ্টিপথের মধ্যেই পিতামহ শ্বেতের হাতে মৃত্যুবরণ করেন। আমি তোমাদিগকে এই কথা সত্য বলিতেছি যে, শান্তনুনন্দন ভীষ্ম শৌর্য্যশালী বীর ॥

রাজা দুর্য্যোধনের এই কথা শুনিয়া সকল মহারথী বীরগণ অতিশয় ত্বরা করিয়া সেখানে আসিলেন এবং চতুরঙ্গিণী সৈন্য বাহিনীর সহিত ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥

বলেন চতুরঙ্গেণ গাঙ্গেয়মন্বপালয়ন্।
বাহ্লীকঃ কৃতবর্ম্মা চ শলঃ শল্যশ্চ ভারত ॥ ৬৩

জলসন্ধো বিকর্ণশ্চ চিত্রসেনো বিবিংশতিঃ।
ত্বরমাণাস্ত্বরাকালে পরিবার্য্য সমন্ততঃ ॥ ৬৪

শস্ত্রবৃষ্টিং সুতুমুলাং শ্বেতস্যোপর্য্যপাতয়ন্।
তান্ ক্রুদ্ধো নিশিতৈর্বাণৈস্ত্বরমাণো মহারথঃ ॥ ৬৫

অবারয়দমেয়াত্মা দর্শয়ন্ পাণিলাঘবম্।
স নিবার্য্য তু তান্ সর্বান্ কেসরী কুঞ্জরানিব ॥ ৬৬

মহতা শরবর্ষেণ ভীষ্মস্য ধনুরাচ্ছিনৎ।
ততোঽন্যদ্ ধনুরাদায় ভীষ্মঃ শান্তনবো যুধি ॥ ৬৭

শ্বেতং বিব্যাধ রাজেন্দ্র কঙ্কপত্রৈঃ শিতৈঃ শরৈঃ।
ততঃ সেনাপতিঃ ক্রুদ্ধো ভীষ্মং বহুভিরায়সৈঃ ॥ ৬৮

বিব্যাধ সমরে রাজন্ সর্ব্বলোকস্য পশ্যতঃ।
ততঃ প্রব্যথিতো রাজা ভীষ্মং দৃষ্ট্বা নিবারিতম্ ॥ ৬৯

প্রবীরং সর্বলোকস্য শ্বেতেন যুধি বৈ তদা।
নিষ্ঠানকশ্চ সুমহাংস্তব সৈন্যস্য চাভবৎ ॥ ৭০

তং বীরং বারিতং দৃষ্ট্বা শ্বেতেন শরবিক্ষতম্।
হতং শ্বেতেন মন্যন্তে শ্বেতস্য বশমাগতম্ ॥ ৭১

ততঃ ক্রোধবশং প্রাপ্তঃ পিতা দেবব্রতস্তব।
ধ্বজমুন্মথিতং দৃষ্ট্বা তাঞ্চ সেনাং নিবারিতম্ ॥ ৭২

শ্বেতং প্রতি মহারাজ ব্যসৃজৎ সায়কান্ বহূন্।
তানাবার্য্য রণে শ্বেতো ভীষ্মস্য রথিনাং বরঃ ॥ ৭৩

ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পুনরেব পিতুস্তব।
উৎসৃজ্য কার্ম্মুকং রাজন্ গাঙ্গেয়ঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥৭৪

অন্যৎ কার্ম্মুকমাদায় বিপুলং বলবত্তরম্।
তত্র সন্ধায় বিপুলান্ ভল্লান্ সপ্ত শিলাশিতান্ ॥ ৭৫

চতুর্ভিশ্চ জঘানাশ্বান্ শ্বেতস্য পৃতনাপতেঃ।
ধ্বজং দ্বাভ্যাং তু চিচ্ছেদ সপ্তমেন চ সারথেঃ ॥ ৭৬

ভারত! বাহ্লীক, কৃতবর্ম্মা, শল, শল্য, জলসন্ধ, বিকর্ণ, চিত্রসেন ও বিবিংশতি—ইঁহারা সকলে ত্বরান্বিত হইবার সময়ে সত্বরতার সহিতই চারিদিক্ হইতে ভীষ্মকে ঘিরিয়া ফেলিলেন এবং শ্বেতের উপর ভয়ঙ্কর অস্ত্রবর্ষণ করিতে আরম্ভ করিলেন ॥

তখন অপরিমিত আত্মবলসম্পন্ন মহারথী শ্বেত নিজ হস্তের অস্ত্রচালনা নৈপুণ্য দেখাইতে থাকিয়া অতীব দ্রুততার সহিত ক্রোধভরে তীক্ষ্ণ ধারাল বাণসমূহে তাঁহাদের সকলকেই নিবৃত্ত করিয়া দিলেন ॥

যেরূপ সিংহ হস্তিগণের অগ্রগতি রুদ্ধ করিয়া থাকে, সেইরূপ ঐ সকল মহারথীকে রুদ্ধ করিয়া বিপুল বাণবর্ষণ করত শ্বেত ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥

রাজেন্দ্র! তখন শান্তনুনন্দন ভীষ্ম অপর ধনু লইয়া যুদ্ধস্থলে কঙ্কপত্রযুক্ত তীক্ষ্ণ বাণসমূহ দ্বারা শ্বেতকে বিদ্ধ করিলেন ॥

রাজন্! তাহাতে সেনাপতি শ্বেত ক্রুদ্ধ হইয়া সেই রণাঙ্গনে বহুতর লৌহময় বাণদ্বারা সকলের দৃষ্টিপথের মধ্যেই ভীষ্মকে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন।

শ্বেত সম্পূর্ণ বিশ্ববিখ্যাত বীর ভীষ্মকে যুদ্ধে অগ্রগমন হইতে বিরত করিলেন, ইহা দেখিয়া রাজা দুর্য্যোধন অত্যন্ত ব্যথিত হইলেন। সেই সঙ্গে আপনার সকল সৈন্যের মনেই ঘোরতর ভয় উপস্থিত হইল ॥ ৫২-৭০

শ্বেত বীরবর ভীষ্মকে নিবারিত করিলেন এবং তাঁহার দেহ বাণে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন, ইহা দেখিয়া সকলেই মনে করিতে লাগিল যে, ভীষ্ম শ্বেতের বশীভূত হইয়া পড়িয়াছেন এবং তাঁহারই হস্তে নিহত হইবেন ॥ ৭১

তখন আপনার পিতৃতুল্য দেবব্রত ভীষ্ম নিজের ধ্বজকে ছিন্ন হইয়া ভূপতিত ও সৈন্যগণকে নিবারিত হইতে দেখিয়া ক্রোধের বশীভূত হইলেন ॥ ৭২

মহারাজ! তিনি শ্বেতের উপর বহু বাণ বর্ষণ করিলেন, কিন্তু রথিশ্রেষ্ঠ শ্বেত রণক্ষেত্রে তাঁহার সকল বাণই নিবারিত করিয়া পুনরায় একটি ভল্লাস্ত্রে আপনার পিতৃতুল্য ভীষ্মের ধনু ছিন্ন করিয়া ফেলিলেন ॥

রাজন্! ইহা দেখিয়া গঙ্গানন্দন ভীষ্ম ক্রোধে মূর্চ্ছিত হইয়া পড়িলেন এবং ছিন্ন ধনু পরিহার করিয়া অপর একটি প্রবল ও বিশাল ধনু গ্রহণ করত প্রস্তরে ঘর্ষণ করিয়া তীক্ষ্ণ ধারাল সাতটি ভল্ল যোজনা করিলেন। তাহার মধ্যে চারটি ভল্লের দ্বারা সেনাপতি শ্বেতের চারিটি অশ্বকে নিহত করিলেন, দুইটি ভল্ল দ্বারা ধ্বজ কাটিয়া ফেলিলেন এবং নিজের অতুলনীয় বিক্রম দেখাইতে দেখাইতে অপর ভল্লটি দ্বারা শ্বেতের সারথির মস্তক ছেদন করিলেন

শিরশ্চিচ্ছেদ ভল্লেন সংক্রুদ্ধো লঘুবিক্রমঃ।
হতাশ্বসূতাৎ স রথাদবপ্লুত্য মহাবলঃ ॥ ৭৭
অমর্ষবশমাপন্নো ব্যাকুলঃ সমপদ্যত।
বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পিতামহঃ ॥ ৭৮
তাড়য়ামাস নিশিতৈঃ শরসঙ্ঘৈঃ সমন্ততঃ।
স তাড্যমানঃ সমরে ভীষ্মচাপচ্যুতৈঃ শরৈঃ ॥ ৭৯
স্বরথে ধনুরুৎসৃজ্য শক্তিং জগ্রাহ কাঞ্চনীম্।
ততঃ শক্তিং রণে শ্বেতো জগ্রাহোগ্রাং মহাভয়াম্ ॥৮০
কালদণ্ডোপমাং ঘোরাং মৃত্যোর্জিহ্বামিব শ্বসন্।
অব্রবীচ্চ তদা শ্বেতো ভীষ্মং শান্তনবং রণে ॥ ৮১
তিষ্ঠেদানীং সুসংরব্ধঃ পশ্য মাং পুরুষো ভব।
এবমুক্ত্বা মহেষ্বাসো ভীষ্মং যুধি পরাক্রমী ॥ ৮২
ততঃ শক্তিমমেয়াত্মা চিক্ষেপ ভুজগোপমাম্।
পাণ্ডবার্থে পরাক্রান্তস্তবানর্থং চিকীর্ষুকঃ ॥ ৮৩
হাহাকারো মহানাসীৎ পুত্রাণাং তে বিশাম্পতে।
দৃষ্ট্বা শক্তিং মহাঘোরাং মৃত্যোর্দণ্ডসমপ্রভাম্ ॥ ৮৪
শ্বেতস্য করনির্মুক্তাং নির্মুক্তোরগসন্নিভাম্।
অপতৎ সহসা রাজন্ মহোল্কেব নভস্তলাৎ ॥ ৮৫
জ্বলন্তীমন্তরীক্ষে তাং জ্বালাভিরিব সংবৃতাম্।
অসম্ভ্রান্তস্তদা রাজন্ পিতা দেবব্রতস্তব ॥ ৮৬
অষ্টভির্নবভির্ভীষ্মঃ শক্তিং চিচ্ছেদ পত্রিভিঃ।
উৎকৃষ্টহেমবিকৃতাং নিকৃতাং নিশিতৈঃ শরৈঃ ॥ ৮৭
উচ্চুক্রুশুস্ততঃ সর্বে তাবকা ভরতর্ষভ।
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥ ৮৮
কালোপহতচেতাস্তু কর্তব্যং নাভ্যজানত।
ক্রোধসম্মূর্চ্ছিতো রাজন্ বৈরাটিঃ প্রহসন্নিব ॥ ৮৯
গদাং জগ্রাহ সংহৃষ্টো ভীষ্মস্য নিধনং প্রতি।
ক্রোধেন রক্তনয়নো দণ্ডপাণিরিবান্তকঃ ॥ ৯০
ভীষ্মং সমভিদুদ্রাব জলৌঘ ইব পর্বতম্।
তস্য বেগমসংবার্য্যং মত্বা ভীষ্মঃ প্রতাপবান্ ॥ ৯১

অশ্ব ও সারথি নিহত হইলে মহাবল শ্বেত রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং অমর্ষে বশীভূত হইয়া ব্যাকুল হইয়া উঠিলেন ॥

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ শ্বেতকে রথহীন দেখিয়া পিতামহ ভীষ্ম চারিদিক্ হইতে তীক্ষ্ণ ধারাল বাণদ্বারা পীড়িত করিতে লাগিলেন ॥

সেই রণাঙ্গনে ভীষ্মের ধনুর্মুক্ত বাণসমূহে পীড়িত হইতে থাকিলে শ্বেত স্বীয় ধনুটিকে রথেই রাখিয়া দিয়া একটি স্বর্ণ-নির্মিতা শক্তি গ্রহণ করিলেন ॥

অত্যন্ত উগ্র, মহাভয়ঙ্কর, কালদণ্ডতুল্য ঘোরতর ও মৃত্যুর জিহ্বাসদৃশ প্রতীয়মান সেই শক্তিকে হস্তে গ্রহণ করিলেন এবং দীর্ঘশ্বাস ফেলিতে ফেলিতে রণক্ষেত্রে শান্তনুনন্দন ভীষ্মকে এই কথা বলিলেন ॥ ৭৬-৮১

ভীষ্ম! তুমি এই সময় সাহসের সহিত অবস্থান কর। আমাকে দেখ এবং পুরুষ হও। এই বলিয়া অমিত আত্মবল-সম্পন্ন মহাধনুর্দ্ধর ও পরাক্রমশালী বীর শ্বেত ভীষ্মের উপর সেই সর্পসদৃশ ভয়ঙ্কর শক্তি নিক্ষেপ করিলেন ॥ ৮২-৮৩

রাজন্! শ্বেতের হাত হইতে পরিত্যক্ত, যমদণ্ডতুল্য প্রকাশমান ও খোলসমুক্ত সর্পসদৃশ ভয়প্রদ সেই শক্তিকে দেখিয়া আপনার পুত্রগণের মধ্যে মহা হাহাকার ধ্বনি হইতে লাগিল। রাজন্! সেই শক্তি আকাশ হইতে বিশাল উল্কার ন্যায় সহসা পতিত হইল ॥ ৮৪-৮৫

অন্তরিক্ষে প্রজ্বলিতা ও জ্বালাসমূহে পরিব্যাপ্তা সেই শক্তিকে দেখিয়া আপনার পিতৃতুল্য দেবব্রত তখন অল্পও বিচলিত হইলেন না। তিনি প্রথমে আটটি পরে নয়টি বাণ সন্ধান করিয়া সেই শক্তিকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন ॥

ভরতশ্রেষ্ঠ! উত্তম স্বর্ণে নির্ম্মিত সেই শক্তিকে ভীষ্ম তীক্ষ্ণ বাণে নষ্ট করিয়া দিলেন দেখিয়া আপনার পুত্রগণ হর্ষে মহা কোলাহল করিতে লাগিলেন ॥

স্বীয় শক্তিকে এইভাবে বিফল হইতে দেখিয়া বিরাটপুত্র শ্বেত ক্রোধে মূর্চ্ছিত হইয়া পড়িলেন। তখন কাল তাঁহার বিবেকশক্তি নষ্ট করিয়া দিলেন, সেইজন্য তিনি তখন নিজের কর্ত্তব্য সম্বন্ধে কিছুই বুঝিতে পারেন নাই। তিনি অতিশয় হৃষ্ট হইয়া সহাস্যবদনে ভীষ্মকে বধ করিবার ইচ্ছায় হাতে একটি গদা গ্রহণ করিলেন ॥

সেই সময়ে ক্রোধে তাঁহার দুই চক্ষু রক্তবর্ণ হইয়াছিল এবং হাতে দণ্ড ধারণ করায় সাক্ষাৎ যমরাজের ন্যায় তাঁহাকে মনে হইতেছিল। যেরূপ মহাজলপ্রবাহ কোন পর্ব্বতকে লক্ষ্য

প্রহারবিপ্রমোক্ষার্থং সহসা ধরণীং গতঃ।
শ্বেতঃ ক্রোধসমাবিষ্টো ভ্রাময়িত্বা তু তাং গদাম্ ॥ ৯২

রথে ভীষ্মস্য চিক্ষেপ যথা দেবো ধনেশ্বরঃ।
তয়া ভীষ্মনিপাতিন্যা স রথো ভস্মসাৎকৃতঃ ॥ ৯৩

সধ্বজঃ সহ সূতেন সাশ্বঃ সযুগবন্ধুরঃ।
বিরথং রথিনাং শ্রেষ্ঠং ভীষ্মং দৃষ্ট্বা রথোত্তমাঃ ॥ ৯৪

অভ্যধাবন্ত সহিতাঃ শল্যপ্রভৃতয়ো রথাঃ।
ততোঽন্যং রথমাস্থায় ধনুর্বিস্ফার্য্য দুর্মনাঃ ॥ ৯৫

শনৈরভ্যায়াচ্ছ্বেতং গাঙ্গেয়ঃ প্রহসন্নিব।
এতস্মিন্নন্তরে ভীষ্মঃ শুশ্রাব বিপুলাং গিরম্ ॥ ৯৬

আকাশাদীরিতাং দিব্যামাত্মনো হিতসম্ভবাম্।
ভীষ্ম ভীষ্ম মহাবাহো শীঘ্রং যত্নং কুরুষ বৈ ॥ ৯৭

এষ হ্যস্য জয়ে কালো নির্দিষ্টো বিশ্বযোনিনা।
এতচ্ছ্রুত্বা তু বচনং দেবদূতেন ভাষিতম্ ॥ ৯৮

সম্প্রহৃষ্টমনা ভূত্বা বধে তস্য মনো দধে।
বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পদাতিনম্ ॥ ৯৯

সহিতাস্ত্বভ্যবর্তন্ত পরীপ্সন্তো মহারথাঃ।
সাত্যকির্ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ১০০

কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ অভিমন্যুশ্চ বীর্য্যবান্।
এতানাপততঃ সর্বান্ দ্রোণ-শল্য-কৃপৈঃ সহ ॥ ১০১

আবারয়দমেয়াত্মা বারিবেগানিবাচলঃ।
সন্নিরুদ্ধেষু সর্বেষু পাণ্ডবেষু মহাত্মসু ॥ ১০২

শ্বেতঃ খড়্গমথাকৃষ্য ভীষ্মস্য ধনুরাচ্ছিনৎ।
তদপাস্য ধনুশ্ছিন্নং ত্বরমাণঃ পিতামহঃ ॥ ১০৩

দেবদূতবচঃ শ্রুত্বা বধে তস্য মনো দধে।
ততঃ প্রচরমাণস্তু পিতা দেবব্রতস্তব ॥ ১০৪

অন্যৎ কার্মুকমাদায় ত্বরমাণো মহারথঃ।
ক্ষণেন সজ্যমকরোচ্ছক্রচাপসমপ্রভম্ ॥ ১০৫

করিয়া ধাবিত হইয়া থাকে, সেইরূপ তিনিও গদাহাতে ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥

প্রতাপশালী ভীষ্ম এই গদার বেগকে অনিবার্য্য বুঝিয়া তাহার প্রহার হইতে নিজেকে রক্ষা করিবার জন্য সহসা রথ হইতে ভূতলে লাফাইয়া পড়িলেন।

এদিকে শ্বেত ক্রোধাবিষ্ট হইয়া সেই গদাকে আকাশে ঘুরাইয়া ভীষ্মের রথের উপর নিক্ষেপ করিলেন, মনে হই—যেন ধনেশ্বর কুবের গদা প্রহার করিলেন ॥

ভীষ্মকে বধ করিবার ইচ্ছায় নিক্ষিপ্ত সেই গদার আঘাতে ধ্বজ, সারথি, অশ্ব, যুগ ও ধুরাদির সহিত সম্পূর্ণ রথই ভস্মসাৎ হইয়া যাইল ॥

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্মকে রথহীন হইতে দেখিয়া শল্য প্রভৃতি উত্তম মহারথীরা এক সঙ্গে দৌড়াইয়ে আসিলেন ॥

তখন অপর রথে উপবিষ্ট হইয়া ধনুর টঙ্কারধ্বনি করিতে করিতে গঙ্গানন্দন ভীষ্ম উদাসমনে হাস্য করিতে করিতে ধীরে ধীরে শ্বেতের অভিমুখে যাইতে লাগিলেন ॥

এই সময়ের মধ্যে ভীষ্ম নিজের হিতসম্বন্ধযুক্ত এক দিব্য ও গম্ভীর আকাশবাণী শ্রবণ করিলেন—মহাবাহু ভীষ্ম! ভীষ্ম! অতি সত্বর শ্বেতের বধের জন্য যত্ন কর; কারণ, বিশ্বযোনি ব্রহ্মা এই সময়ই শ্বেতকে জয় করিবার জন্য নির্দিষ্ট করিয়াছেন ॥

দেবদূতকথিত এই বাক্য শ্রবণ করিয়া ভীষ্মের মন প্রসন্ন হইল এবং তখনই তিনি শ্বেতকে বধ করিবার পরামর্শ করিলেন ॥

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ শ্বেতকে রথহীন ও পদাতি (পাদচারী) দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য এক সঙ্গে বহু মহারথী দৌড়াইয়া আসিলেন ॥

ইঁহাদের নাম হইল—সাত্যকি, ভীমসেন, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন, কেকয়রাজকুমার, ধৃষ্টকেতু ও পরাক্রমশালী অভিমন্যু ॥

ইঁহাদের সকলকে আসিতে দেখিয়া অমিতশক্তিশালী ভীষ্ম দ্রোণাচার্য্য, শল্য ও কৃপাচার্য্যের সহিত যাইয়া তাঁহাদের গতি রুদ্ধ করিয়া দিলেন। তখন মনে হইল—কোন পর্ব্বত জলের প্রবাহকে অবরুদ্ধ করিয়াছে ॥

সমস্ত মহাত্মা পাণ্ডবগণ অবরুদ্ধ হইয়া পড়িলে শ্বেত তরবারি লইয়া ভীষ্মের ধনু কাটিয়া ফেলিলেন ॥

সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া পিতামহ ভীষ্ম দেবদূতের কথা চিন্তা করত শ্বেতকে বধের জন্য মনস্থির করিলেন ॥

তারপর আপনার পিতৃতুল্য মহারথ দেবব্রত অতি সত্বর অপর ধনু লইয়া সেখানে বিচরণ করিতে করিতে ক্ষণকালের মধ্যেই তাহাতে গুণযোজনা করিলেন। তখন সেই ধনু ইন্দ্রধনুসদৃশ প্রকাশিত হইতেছিল ॥ ৮৬-১০৫

পিতা তে ভরতশ্রেষ্ঠ শ্বেতং দৃষ্ট্বা মহারথৈঃ।
বৃতং তং মনুজব্যাঘ্রৈর্ভীমসেনপুরোগমৈঃ ॥ ১০৬
অভ্যবর্ত্তত গাঙ্গেয়ঃ শ্বেতং সেনাপতিং দ্রুতম্।
আপতন্তং ততো ভীষ্মো ভীমসেনং প্রতাপবান্ ॥ ১০৭
আজঘ্নে বিশিখৈঃ ষষ্ট্যা সেনান্যং স মহারথঃ।
অভিমন্যুঞ্চ সমরে পিতা দেবব্রতস্তব ॥ ১০৮
আজঘ্নে ভরতশ্রেষ্ঠস্ত্রিভিঃ সন্নতপর্ব্বভিঃ।
সাত্যকিঞ্চ শতেনাজৌ ভরতানাং পিতামহঃ ॥ ১০৯
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা কৈকেয়ঞ্চাপি পঞ্চভিঃ।
তাংশ্চ সর্বান্ মহেম্বাসান্ পিতা দেবব্রতস্তব ॥ ১১০
বারয়িত্বা শরৈর্ঘোরৈঃ শ্বেতমেবাভিদুদ্রুবে।
ততঃ শরং মৃত্যুসমং ভারসাধনমুত্তমম্ ॥ ১১১
বিকৃষ্য বলবান্ ভীষ্মঃ সমাধত্ত দুরাসদম্।
ব্রহ্মাস্ত্রেণ সুসংযুক্তং তং শরং লোমবাহিনম্ ॥ ১১২
দদৃশুর্দেব-গন্ধর্বাঃ পিশাচোরগ-রাক্ষসাঃ।

ভরতশ্রেষ্ঠ! আপনার পিতৃতুল্য গঙ্গানন্দন ভীষ্ম নরশ্রেষ্ঠ ভীমসেন প্রভৃতি মহারথিগণ পরিবৃত হইয়া শ্বেতকে লক্ষ করিতে করিতে অতি দ্রুত তাঁহার দিকে ধাবিত হইলেন ॥

সেই সময় সেনানায়ক ভীমসেনকে আসিতে দেখিয়া প্রতাপশালী ভীষ্ম তাঁহাকে যাট্ বাণে আহত করিলেন ॥

সেই সমরাঙ্গণে আপনার পিতৃতুল্য ভরতশ্রেষ্ঠ ভীষ্ম আনতপর্ব্ব যুক্ত তিনটি বাণে অভিমন্যুকে আহত করিলেন ॥

ভরতবংশীয়গণের পিতামহ ভীষ্ম যুদ্ধে একশত বাণে সাত্যকিকে, বিশটি বাণে ধৃষ্টদ্যুম্নকে ও পাঁচবাণে কেকয়রাজকুমারকে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন। এইভাবে আপনার পিতৃতুল্য ভীষ্ম স্বীয় ভয়ঙ্কর বাণসমূহে সেই মহাধনুর্দ্ধরগণকে নিবারিত করিয়া পুনরায় শ্বেতের উপর আক্রমণ করিলেন ॥

তদনন্তর মহাবল ভীষ্ম ধনুকে উত্তমরূপে আকর্ষণ করত তাহার উপর মৃত্যুতুল্য ভয়ঙ্কর, ভারযুক্ত, লক্ষ্য বেধনে সমর্থ, উত্তম, দুঃসহ ও পক্ষযুক্ত একটি বাণ স্থাপন করিলেন; পুনরায় উহা ব্রহ্মাস্ত্র দ্বারা অভিমন্ত্রিত করিয়া সন্ধান করিলেন ॥ ১০৬-১১২

সেই সময় দেবতা, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও রাক্ষসগণ দেখিলেন যে, সেই বাণ মহাবজ্রের ন্যায় প্রজ্বলিত হইয়া অমিতবলশালী

স তস্য কবচং ভিত্ত্বা হৃদয়ঞ্চামিতৌজসঃ ॥ ১১৩
জগাম ধরণীং বাণো মহাশনিরিব জ্বলন্।
অস্তং গচ্ছন্ যথাদিত্যঃ প্রভামাদায় সত্বরঃ ॥ ১১৪
এবং জীবিতমাদায় শ্বেতদেহাজ্জগাম হ।
তং ভীষ্মেণ নরব্যাঘ্রং তথা বিনিহতং যুধি ॥ ১১৫
প্রপতন্তমপশ্যাম গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্।
অশোচন্ পাণ্ডবাস্তত্র ক্ষত্রিয়াশ্চ মহারথাঃ ॥ ১১৬
প্রহৃষ্টাশ্চ সুতস্তুভ্যং কুরবশ্চাপি সর্বশঃ।
ততো দুঃশাসনো রাজন্ শ্বেতং দৃষ্ট্বা নিপাতিতম্ ॥ ১১৭
বাদিত্রনিনদৈর্ঘোরৈর্নৃত্যতি স্ম সমন্ততঃ।
তস্মিন্ হতে মহেম্বাসে ভীষ্মেণাহবশোভিনা ॥ ১১৮
প্রাবেপন্ত মহেম্বাসাঃ শিখণ্ডিপ্রমুখা রথাঃ।
ততো ধনঞ্জয়ো রাজন্ বার্ষ্ণেয়শ্চাপি সর্বশঃ ॥ ১১৯
অবহারং শনৈশ্চক্রুর্নিহতে বাহিনীপতৌ।
ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত ॥ ১২০

শ্বেতের কবচ ও হৃদয় ভেদ করিয়া পৃথিবীর মধ্যে প্রবিষ্ট হইল ॥

যেরূপ অস্তোন্মুখ সূর্য্য স্বীয় প্রভাপুঞ্জের সহিতই অস্ত গমন করেন, সেইরূপ এই বাণ শ্বেতের শরীরে প্রবেশ করত তাহার প্রাণ হরণপূর্ব্বক চলিয়া যাইল ॥

ভীষ্ম কর্ত্তৃক নিহত নরশ্রেষ্ঠ শ্বেত যুদ্ধস্থলে পর্ব্বতের শিখরের ন্যায় পড়িয়া আছেন—ইহা আমরা দর্শন করিলাম ॥

মহারথ পাণ্ডবগণ ও তাঁহাদের পক্ষের অন্যান্য ক্ষত্রিয়বৃন্দ শ্বেতের জন্য শোকে নিমগ্ন হইলেন এবং আপনার পুত্র সমস্ত কৌরবগণ অতিশয় আনন্দ লাভ করিলেন ॥

রাজন্! শ্বেত নিহত হইয়াছেন দেখিয়া আপনার পুত্র দুঃশাসন ভয়ঙ্কর বাদ্যধ্বনির সহিত চারিদিকে নৃত্য করিতে লাগিলেন ॥

সংগ্রামে শোভাশালী ভীষ্ম কর্ত্তৃক মহাধনুর্দ্ধর শ্বেত নিহত হইলে শিখণ্ডী প্রভৃতি মহাধনুর্দ্ধর রথিগণ কাঁপিতে লাগিলেন ॥

রাজন্! তখন সেনাপতি শ্বেত হইলে অর্জুন ও শ্রীকৃষ্ণ ধীরে ধীরে নিজের সৈন্যগণকে যুদ্ধভূমি হইতে ফিরাইয়া লইলেন। ভারত! তারপর আপনার ও পাণ্ডবগণের সৈন্যদিগেরও তখন যুদ্ধবিরতি হইয়াছিল ॥ ১১৩-১২০

তাবকানাং পরেষাঞ্চ নর্দতাঞ্চ মুহুর্মুহুঃ।
পার্থা বিমনসো ভূত্বা ন্যবর্তন্ত মহারথাঃ।
চিন্তয়ন্তো বধং ঘোরং দ্বৈরথেন পরন্তপাঃ॥ ১২১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি শ্বেতবধে
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪৮

সেই সময় আপনার ও শত্রুপক্ষের সৈন্যগণও বারংবার গর্জন করিতেছিল। সেই দ্বৈরথ যুদ্ধে যে ভয়ঙ্কর জনসংহার হইয়াছিল, তাহার জন্য শত্রুতাপন পাণ্ডব মহারথীরা চিন্তা করিতে করিতে উদাসমনে শিবিরে প্রত্যাবর্ত্তন করিলেন॥ ১২১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে শ্বেতবধবিষয়ক অষ্টচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[শঙ্খস্য যুদ্ধম্, ভীষ্মস্য প্রচণ্ডপরাক্রমঃ, প্রথমদিনস্য যুদ্ধসমাপ্তিশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।
শ্বেতে সেনাপতৌ তাত সংগ্রামে নিহতে পরৈঃ।
কিমকুর্বন্ মহেষ্বাসাঃ পঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ॥ ১
সেনাপতিং সমাকর্ণ্য শ্বেতং যুধি নিপাতিতম্।
তদর্থং যততাঞ্চাপি পরেষাং প্রপলায়িনাম্॥ ২
মনঃ প্রীণাতি মে বাক্যং জয়ং সঞ্জয় শৃণ্বতঃ।
প্রত্যুপায়ং চিন্তয়তো লজ্জাং প্রাপ্নোতি মে নহি॥ ৩
স হি বীরোঽনুরক্তশ্চ বৃদ্ধঃ কুরুপতিস্তদা।
কৃতং বৈরং সদা তেন পিতুঃ পুত্রেণ ধীমতা॥ ৪

একোনপঞ্চাশত্তম অধ্যায়

[শঙ্খের যুদ্ধ, ভীষ্মের প্রচণ্ড পরাক্রম এবং প্রথম দিনের যুদ্ধ সমাপ্তি।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—তাত! সেনাপতি শ্বেত শত্রুগণ কর্ত্তৃক যুদ্ধস্থলে নিহত হওয়ার পর মহাধনুর্দ্ধর পাঞ্চালগণ ও পাণ্ডবগণ কি করিলেন? সঞ্জয়! সেনাপতি শ্বেত যুদ্ধে মৃত্যুবরণ করিয়াছে। তাহার রক্ষার জন্য প্রযত্ন করিয়াও শত্রুগণকে পলায়ন করিতে হয় এবং আমাদের বিজয় লাভ হয়—এই সব বৃত্তান্ত শুনিয়া আমার মন অত্যন্ত আনন্দিত হইতেছে। শত্রুগণের প্রতীকারের উপায় চিন্তা করিতে করিতে আমি নিজ পক্ষের দ্বারা কৃত অনীতির বিষয় স্মরণ করিয়াও লজ্জা অনুভব করিতেছি না॥ ১-৩

সেই বৃদ্ধ বীর কুরুরাজ ভীষ্ম আমাদের উপর সদা অনুরক্ত আছেন। (কারণ, তিনিই শ্বেতের সহিত এই অন্যায় করিয়াছেন।) সেই বুদ্ধিমান্ বিরাটপুত্র শ্বেত স্বীয় পিতার সহিত পূর্ব্বে শত্রুতা করিয়াছিল॥ ৪

তস্যোদ্বেগভয়াচ্চাপি সংশ্রিতঃ পাণ্ডবান্ পুরা।
সর্বং বলং পরিত্যজ্য দুর্গং সংশ্রিত্য তিষ্ঠতি॥ ৫
পাণ্ডবানাং প্রতাপেন দুর্গং দেশং নিবেশ্য চ।
সপত্নান্ সততং বাধন্নার্য্যবৃত্তিমনুষ্ঠিতঃ॥ ৬
আশ্চর্য্যং বৈ সদা তেষাং পুরা রাজ্ঞাং সুদুর্মতিঃ।
ততো যুধিষ্ঠিরে ভক্তঃ কথং সঞ্জয় সূদিতঃ॥ ৭
প্রক্ষিপ্তঃ সম্মতঃ ক্ষুদ্রঃ পুত্রো মে পুরুষাধমঃ।
ন যুদ্ধং রোচয়েদ্ ভীষ্মো ন চাচার্য্যঃ কথঞ্চন॥ ৮

সেইজন্য পিতার নিকট হইতে ভয় ও উদ্বেগের কথা চিন্তা করিয়া এই শ্বেত প্রথমেই পাণ্ডবগণের শরণ লইয়াছিল। পূর্ব্বেই ত' সে সমস্ত সৈন্যদিগকে পরিত্যাগ করিয়া একাকীই দুর্গমধ্যে আশ্রয় লইয়া অবস্থান করিতেছিল। তারপর পাণ্ডবগণের প্রতাপে দুর্গম প্রদেশে থাকিয়া নিরন্তর শত্রুপক্ষের বাধাস্বরূপ হইয়া সদাচারপালনে তৎপর ছিল॥ ৫-৬

কারণ, পূর্ব্বে নিজের সহিত বিরোধকারী নৃপগণের উপর তাহার দুর্ব্বুদ্ধি বিদ্যমান ছিল; কিন্তু সঞ্জয়! ইহা ত' আশ্চর্য্যের বিষয় এই যে, এরূপ শ্বেত—যে যুধিষ্ঠিরের ভক্ত ছিল, সে কিভাবে নিহত হইল? ৭

আমার পুত্র দুর্য্যোধন ক্ষুদ্রস্বভাব। সে কর্ণ প্রভৃতির প্রিয় এবং চঞ্চলমতি। আমার দৃষ্টিতে সে সমস্ত মানুষের মধ্যে অধম। (এইজন্যই তাহার মনে এরূপ যুদ্ধের আগ্রহ বিদ্যমান।) সঞ্জয়! আমি, ভীষ্ম, দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য ও গান্ধারী—ইঁহাদের কেহই কোনরূপে যুদ্ধ চান না॥

ন কৃপো ন চ গান্ধারী নাহং সঞ্জয় রোচয়ে।
ন বাসুদেবো বার্ষ্ণেয়ো ধর্মরাজশ্চ পাণ্ডবঃ ॥ ৯
ন ভীমো নাৰ্জুনশ্চৈব ন যমৌ পুরুষর্ষভৌ।
বার্য্যমাণো ময়া নিত্যং গান্ধার্য্যা বিদুরেণ চ ॥ ১০
জামদগ্ন্যেন রামেণ ব্যাসেন চ মহাত্মনা।
দুর্যোধনো যুধ্যমানো নিত্যমেব হি সঞ্জয় ॥ ১১
কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ পাপকৃৎ।
দুঃশাসনস্য চ তথা পাণ্ডবান্ নান্বচিন্তয়ৎ ॥ ১২
তস্যাহং ব্যসনং ঘোরং মন্যে প্রাপ্তং তু সঞ্জয়।
শ্বেতস্য চ বিনাশেন ভীষ্মস্য বিজয়েন চ ॥ ১৩
সংক্রুদ্ধঃ কৃষ্ণসহিতঃ পার্থঃ কিমকরোদ্ যুধি।
অর্জুনাদ্ধি ভয়ং ভূয়স্তন্মে তাত ন শাম্যতি ॥ ১৪
স হি শূরশ্চ কৌন্তেয়ঃ ক্ষিপ্রকারী ধনঞ্জয়ঃ।
মন্যে শরৈঃ শরীরাণি শত্রূণাং প্রমথিষ্যতি ॥ ১৫
ঐন্দ্রিমিন্দ্রানুজসমং মহেন্দ্রসদৃশং বলে।
অমোঘক্রোধসঙ্কল্পং দৃষ্ট্বা বঃ কিমভূন্মনঃ ॥ ১৬
তথৈব বেদবিচ্ছূরো জ্বলনার্কসমদ্যুতিঃ।
ইন্দ্রাস্ত্রবিদমেয়াত্মা প্রপতন্ সমিতিঞ্জয়ঃ ॥ ১৭
বজ্রসংস্পর্শরূপাণামস্ত্রাণাঞ্চ প্রযোজকঃ।
স খড়্গাক্ষেপহস্তস্তু ঘোষং চক্রে মহারথঃ ॥ ১৮
স সঞ্জয় মহাপ্রাজ্ঞো দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নঃ কিমকরোচ্ছ্বেতে যুধি নিপাতিতে ॥ ১৯
পুরা চৈবাপরাধেন বধেন চ চমূপতেঃ।
মন্যে মনঃ প্রজজ্বাল পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥ ২০
তেষাং ক্রোধং চিন্তয়ংস্তু অহঃসু চ নিশাসু চ।
ন শান্তিমধিগচ্ছামি দুর্য্যোধনকৃতেন হি।
কথঞ্চাভূন্মহাযুদ্ধং সর্বমাচক্ষ্ব সঞ্জয় ॥ ২১

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্ স্থিরো ভূত্বা তবাপনয়নো মহান্।
ন চ দুর্য্যোধনে দোষমিমমাধাতুমর্হসি ॥ ২২

বৃষ্ণিবংশভূষণ বাসুদেব, পাণ্ডুপুত্র ধর্মরাজ যুধিষ্ঠির, ভীমসেন, অর্জুন ও পুরুষরত্ন নকুল-সহদেবও যুদ্ধের অভিলাষী নহে ॥

আমি, গান্ধারী ও বিদুর সর্ব্বদাই তাহাকে নিষেধ করিয়াছি। জমদগ্নিপুত্র পরশুরাম ও মহাত্মা ব্যাসদেবও তাহাকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিবার জন্য চেষ্টা করিয়াছেন; তথাপি কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতে থাকিয়া পাপী দুর্য্যোধন সদা যুদ্ধের ইচ্ছা পোষণ করিত। সে পাণ্ডবগণকে কোনরূপ চিন্তাই করে না ॥ ৮-১২

সঞ্জয়! আমার ত' এই বিশ্বাস আছে যে, দুর্য্যোধনের উপর ঘোর সঙ্কট পতিত হইবে। শ্বেত নিহত হইলে এবং ভীষ্মের জয় হইলে অত্যন্ত ক্রুদ্ধ শ্রীকৃষ্ণের সহিত অর্জুন যুদ্ধস্থলে কি করিলেন?

তাত! অর্জুন হইতেই আমার ভয় বেশী হইতেছে এবং সেই ভয় কোনরূপেই শান্ত হইতেছে না; কারণ, কুন্তীনন্দন অর্জুন বীর এবং শীঘ্রতা সহকারে অস্ত্রসঞ্চালন করিতে পারে। আমি মনে করি, সে নিজ বাণসমূহে শত্রুদিগের শরীরসকল মথিত করিয়া ফেলিবে ॥ ১৩-১৫

ইন্দ্রনন্দন অর্জুন ভগবান্ বিষ্ণুর ন্যায় পরাক্রমী ও মহেন্দ্রতুল্য বলবান্। তাহার ক্রোধ ও সঙ্কল্প কখনও ব্যর্থ হয় না। তাহাকে দেখিয়া তোমাদের মনে কিরূপ প্রশ্ন জাগিতেছে? ১৬

অর্জুন বেদজ্ঞ, শৌর্য্যসম্পন্ন, অগ্নি ও সূর্য্যসদৃশ তেজস্বী, ইন্দ্রের জাত সমস্ত অস্ত্রেই অভিজ্ঞ অথবা ইন্দ্রাস্ত্রের জ্ঞাতা, অপরিমিত আত্মবলসম্পন্ন, বেগপূর্ব্বক আক্রমণ করিতে সমর্থ ও যুদ্ধে সদা বিজয়লাভই করে। সে এরূপ অস্ত্রসমূহ প্রয়োগ করে, যাহাদের স্পর্শ বজ্রসদৃশ কঠিন। মহারথ অর্জুন স্বীয় হস্তে সদা তরবারি ধারণ করিয়া রাখে এবং উহা প্রহার করিয়া সিংহনাদ করিয়া থাকে ॥ ১৭-১৮

সঞ্জয়! দ্রুপদের পরম বুদ্ধিমান্ পুত্র বলশালী ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে শ্বেতের মৃত্যু হইলে কি করিয়াছিল? ১৯

একে ত' কৌরবগণ পাণ্ডবদের অপরাধ করিয়াছিল, তাহার উপর সেনাপতি শ্বেত বিনষ্ট হইলে আমি মনে করি—মহাত্মা পাণ্ডবদের মন অগ্নিসদৃশ প্রজ্বলিত হইতে লাগিল ॥ ২০

দুর্য্যোধনের জন্য পাণ্ডবগণের মনে যে ক্রোধ আছে, তাহা চিন্তা করিয়া আমি না দিনে না রাত্রিতে শান্তিলাভ করিতেছি। সঞ্জয়! সেই মহাযুদ্ধ কিভাবে হইয়াছে, তাহা সবই আমাকে বল ॥ ২১

সঞ্জয় বলিলেন,—রাজন্! আপনি স্থির হইয়া শ্রবণ করুন। এই যুদ্ধের জন্য যে মহা অন্যায় হইবে, তাহা আপনার উপরই বর্ত্তাইবে। আপনি এই দোষ দুর্য্যোধনের উপর আরোপ করিতে পারেন না ॥ ২২

গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃগভিত্তিব।
সন্দীপ্তে ভবনে যদ্বৎ কূপস্ত খননং তথা ॥ ২৩
গতপূর্বাহ্ণভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
তাবকানাং পরেষাঞ্চ পুনর্যুদ্ধমবর্তত ॥ ২৪
শ্বেতং তু নিহতং দৃষ্ট্বা বিরাটস্ত চমূপতিম্।
কৃতবর্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥ ২৫
শঙ্খঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥ ২৬
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং যুধি।
মহতা রথসঙ্ঘেন সমন্তাৎ পরিরক্ষিতঃ ॥ ২৭
সৃজন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সম্প্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥ ২৮
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজং পরীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥ ২৯
বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্ পুত্রঃ শল্যস্ত মানিতঃ ॥ ৩০
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্ত দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥ ৩১
নানাধাতুবিচিত্রাণি কার্মুকাণি মহাত্মনাম্।
বিস্ফারিতান্যদৃশ্যন্ত তোয়দেম্বিব বিদ্যুতঃ ॥ ৩২
তে তু বাণময়ং বর্ষং শঙ্খমূর্দ্ধ্নি ন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥ ৩৩
ততঃ ক্রুদ্ধো মহেষাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য ননর্দ্দ পৃতনাপতিঃ ॥ ৩৪
ততো ভীষ্মো মহাবাহুর্বিনদ্য জলদো যথা।
তালমাত্রং ধনুর্গৃহ্য শঙ্খমভ্যদ্রবদ্ রণে ॥ ৩৫
তমুদ্যন্তমুদীক্ষ্যাথ মহেষাসং মহাবলম্।
সন্ত্রস্তা পাণ্ডবী সেনা বাতবেগহতেব নৌঃ ॥ ৩৬
ততোঽর্জুনঃ সংত্বরিতঃ শঙ্খস্যাসীৎ পুরঃসরঃ।
ভীষ্মাদ্ রক্ষ্যোঽয়মদ্যেতি ততো যুদ্ধমবর্তত ॥ ৩৭

যেরূপ প্রবল জলোচ্ছ্বাস চলিয়া যাইবার পর বাঁধ দিবার চেষ্টা করা অথবা গৃহে অগ্নি প্রজ্বলিত হইবার পর কূপখননের চেষ্টা করা (দুর্বুদ্ধির পরিচায়ক), সেইরূপ আপনারও এই বুদ্ধি (দেখিতেছি)॥ ২৩

সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বভাগ অধিকাংশ ব্যতীত হইয়া যাইলে আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে পুনরায় যুদ্ধ আরম্ভ হইল॥ ২৪

বিরাটের সেনাপতি শ্বেত নিহত হইয়াছেন ও রাজা শল্যকে কৃতবর্ম্মার সহিত রথে উপবিষ্ট দেখিয়া ঘৃতাহুতি পাইলে অগ্নি যেরূপ জ্বলিয়া উঠে, সেরূপ শঙ্খও ক্রোধে জ্বলিয়া উঠিলেন।

সেই বলবান্ বীর শঙ্খ ইন্দ্রধনুতুল্য স্বীয় বিশাল ধনুকে কর্ণ পর্য্যন্ত আকর্ষণ করিয়া মদ্ররাজ শল্যকে যুদ্ধে বধ করিবার ইচ্ছায় তাঁহার দিকে ধাবিত হইলেন॥

বিশাল রথসৈন্যদল দ্বারা চারিদিকে রক্ষিত অবস্থায় শঙ্খ বাণ বর্ষণ করিতে করিতে শল্যের রথের উপর আক্রমণ করিলেন॥

মদমত্ত হস্তীর ন্যায় পরাক্রমপ্রকাশকারী শঙ্খকে ধাবিত হইতে দেখিয়া আপনার সপ্তরথী বীর মৃত্যুর দন্তসংলগ্ন মদ্ররাজ শল্যকে রক্ষা করিবার ইচ্ছায় তাঁহাকে চারিদিক্ হইতে ঘিরিয়া ফেলিলেন॥ ২৫-২৯

রাজন্! সেই সপ্ত রথীর নাম হইল—কোশলপতি বৃহদ্বল, মগধদেশীয় জয়ৎসেন, শল্যের প্রতাপশালী পুত্র রুক্মরথ, অবন্তী-দেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজরাজ সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুদেশাধিপতি জয়দ্রথ॥ ৩০-৩১

এই মহাত্মা বীরগণের বিস্ফারিত ও নানাধাতুতে বিচিত্র ধনুসমূহ বর্ষণশীল মেঘে বিদ্যুতের ন্যায় দেখা যাইল॥ ৩২

ইঁহারা সকলে শঙ্খের মস্তকে সেইভাবে বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন, যেরূপ গ্রীষ্মকালের শেষে বায়ুচালিত মেঘসমূহ পর্ব্বতের উপরে বারিবর্ষণ করিয়া থাকে॥ ৩৩

সেই সময় মহাধনুর্দ্ধর সেনাপতি শঙ্খ কুপিত হইয়া অত্যন্ত তেজস্বী সাতটি ভল্লাস্ত্রে সেই সাত রথীর ধনু ছেদন করিয়া ফেলিলেন॥ ৩৪

তারপর মহাবাহু ভীষ্ম চারি হাত লম্বা ধনু গ্রহণ করত মেঘের ন্যায় গর্জ্জন করিতে করিতে যুদ্ধস্থলে শঙ্খের প্রতি ধাবিত হইলেন॥ ৩৫

সেই সময় মহাধনুর্দ্ধর মহাবল ভীষ্মকে উদ্যত দেখিয়া বায়ুবেগে আহত নৌকার ন্যায় পাণ্ডবসৈন্যগণ ভয়ে কাঁপিতে লাগিল॥ ৩৬

ইহা দেখিয়া অর্জুন অতিক্রুত শঙ্খের আগে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার অগ্রে আসিবার কারণ হইল ভীষ্মের হাত হইতে শঙ্খকে রক্ষা করা। তখন উভয়ের মধ্যে মহাযুদ্ধ আরম্ভ হইল॥ ৩৭

হাহাকারো মহানাসীদ্ যোধানাং যুধি যুধ্যতাম্।
তেজস্তেজসি সম্প্রক্তমিত্যেবং বিস্ময়ং যযুঃ॥ ৩৮
অথ শল্যো গদাপাণিরবতীর্য্য মহারথাৎ।
শঙ্খস্য চতুরো বাহানহনদ্ ভরতর্ষভ॥ ৩৯
স হতাশ্বাদ্ রথাৎ তূর্ণং খড়্গমাদায় বিদ্রুতঃ।
বীভৎসোশ্চ রথং প্রাপ্য পুনঃ শান্তিমবিন্দত॥ ৪০
ততো ভীষ্মরথাৎ তূর্ণমুৎপতন্তি পতত্রিণঃ।
যৈ রন্তরিক্ষং ভূমিশ্চ সর্বতঃ সমবস্তৃতা॥ ৪১
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ কেকয়াংশ্চ প্রভদ্রকান্।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ পাতয়ামাস পত্রিভিঃ॥ ৪২
উৎসৃজ্য সমরে রাজন্ পাণ্ডবং সব্যসাচিনম্।
অভ্যদ্রবত পাঞ্চাল্যং দ্রুপদং সেনয়া বৃতম্॥ ৪৩
প্রিয়ং সম্বন্ধিনং রাজন্ শরানবকিরন্ বহূন্।
অগ্নিনেব প্রদগ্ধানি বনানি শিশিরাত্যয়ে॥ ৪৪

সেই সময় যুদ্ধস্থলে যুদ্ধরত সকল যোদ্ধার মধ্যে মহা হাহাকার পড়িয়া গেল। তেজের সহিত তেজ প্রতিদ্বন্দ্বিতার জন্য মিলিত হইয়াছে—এই কথা বলিয়া সকলে বিস্মিত হইল॥ ৩৮

ভরতশ্রেষ্ঠ! সেই সময় রাজা শল্য হস্তে গদা লইয়া নিজ রথ হইতে নামিয়া পড়িলেন এবং গদাঘাতে শঙ্খের চারিটি অশ্বকে নিহত করিলেন॥ ৩৯

অশ্ব নিহত হইলে শঙ্খ হাতে তরবারি লইয়া রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং অর্জ্জুনের রথে আরোহণ করিয়া পুনরায় শান্তিলাভ করিলেন॥ ৪০

তারপর ভীষ্মের রথ হইতে অতিদ্রুত পক্ষযুক্ত বাণপঙ্‌ক্তিসমূহ উড়িতে লাগিল, যাহারা তখন সমগ্র পৃথিবী ও আকাশমণ্ডলকে চারিদিকে আবৃত করিয়াছিল॥ ৪১

যোদ্ধাদিগের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম পাঞ্চাল, মৎস্য, কেকয় ও প্রভদ্রক বীরগণকে নিজ বাণসমূহে নিহত করিয়া ভূপাতিত করিতে লাগিলেন॥ ৪২

রাজন্! ভীষ্ম সমরাঙ্গণে সব্যসাচী অর্জ্জুনকে পরিত্যাগ করিয়া সৈন্যে পরিবৃত পাঞ্চালরাজ দ্রুপদের দিকে ধাবিত হইলেন এবং নিজের প্রিয় সম্বন্ধীর উপর বহু বাণ বর্ষণ করিতে লাগিলেন॥

যেরূপ গ্রীষ্ম ঋতুতে অগ্নি দ্বারা সমগ্র বনভূমি দগ্ধ হইয়া যায়, সেইরূপ দ্রুপদের সমস্ত সৈন্য ভীষ্মের বাণসমূহে দগ্ধ হইতেছে দেখা যাইল॥

শরদগ্ধান্যদৃশ্যন্ত সৈন্যানি দ্রুপদস্য হ।
অত্যতিষ্ঠদ্ রণে ভীষ্মো বিধূম ইব পাবকঃ॥ ৪৫
মধ্যংদিনে যথাদিত্যং তপন্তমিব তেজসা।
ন শেকুঃ পাণ্ডবেয়স্য যোধা ভীষ্মং নিরীক্ষিতুম্॥ ৪৬
বীক্ষাঞ্চক্রুঃ সমন্তাৎ তে পাণ্ডবা ভয়পীড়িতাঃ।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত গাবঃ শীতার্দিতা ইব॥ ৪৭
সা তু যৌধিষ্ঠিরী সেনা গাঙ্গেয়শরপীড়িতা।
সিংহেনেব বিনির্ভিন্না শুক্লা গৌরিব গোপতে॥ ৪৮
হতে বিপ্রদ্রুতে সৈন্যে নিরুৎসাহে বিমর্দিতে।
হাহাকারো মহানাসীৎ পাণ্ডুসৈন্যেষু ভারত॥ ৪৯
ততো ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকার্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব॥ ৫০
শরৈরেকায়নীকুর্বন্ দিশঃ সর্বা যতব্রতঃ।
জঘান পাণ্ডবরথানাদিশ্যাদিশ্য ভারত॥ ৫১

সেই সময় ভীষ্ম রণভূমিতে ধূমহীন অগ্নির ন্যায় অবস্থান করিতেছিলেন। যেরূপ মধ্যাহ্নকালে স্বীয় তেজে সন্তপ্ত সূর্য্যের দিকে দৃষ্টিপাত করা কঠিন, সেইরূপ পাণ্ডবসৈন্যের পক্ষেও তখন ভীষ্মের দিকে দৃষ্টিপাত করিবার কোন সামর্থ্য ছিল না॥ ৪৫-৪৬

পাণ্ডবযোদ্ধারা ভয়ে পীড়িত হইয়া চারিদিকে দেখিতে লাগিল; কিন্তু সেই সময় শীতপীড়িত গোসকলের ন্যায় নিজেদের কোন রক্ষক পাইল না॥ ৪৭

ভূপাল! গঙ্গানন্দন ভীষ্মের বাণে পীড়িত সেই যুধিষ্ঠিরের (শ্বেতবস্ত্র পরিহিত) সৈন্যবাহিনী সিংহকর্ত্তৃক ছিন্ন ভিন্ন শ্বেতবর্ণা ধেনুর ন্যায় প্রতীত হইতে লাগিল॥ ৪৮

ভারত! পাণ্ডববাহিনীর বহু সৈন্য সেই সময় নিহত হইল, কতক পলাইয়া গেল এবং কতক বিমর্দ্দিত হইল এবং কতক উৎসাহশূন্য হইয়া পড়িল। এইরূপে পাণ্ডবসৈন্যগণের মধ্যে মহা হাহাকার রব উঠিল॥ ৪৯

সেই শান্তনুনন্দন ভীষ্ম নিজের ধনু নিরন্তর আকর্ষণ করিতে করিতে গোলাকার করিয়া ফেলিলেন এবং তাহাদ্বারা বিষাক্ত সর্পসদৃশ ভয়ঙ্কর ও প্রজ্বলিতাগ্র বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন॥ ৫০

ভারত! নিয়মপূর্ব্বক ব্রতপালনকারী ভীষ্ম সকল দিকে প্রভূত বাণবর্ষণ করিয়া কেবল একটি পথই (বাণপথই) প্রস্তুত করিলেন এবং পাণ্ডব-রথিগণের নাম উল্লেখ করিতে করিতে তাহাদিগকে বধ করিতে লাগিলেন॥ ৫১

ততঃ সৈন্যেষু ভগ্নেষু মথিতেষু চ সর্বশঃ।
প্রাপ্তে চাস্তং দিনকরে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৫২
ভীমশ্চ সমুদীর্য্যন্তং দৃষ্ট্বা পার্থা মহাহবে।
অবহারমকুর্বন্ত সৈন্যানাং ভরতর্ষভ ॥ ৫৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি শঙ্খযুদ্ধে প্রথমদিবসাবহারে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৪৯

তারপর যখন সমগ্র সৈন্যবাহিনী মথিত হইয়া পড়িল, ব্যূহ ভগ্ন হইল এবং সূর্য্যদেব অস্তাচলে গমন করিলেন, এই অবস্থায় তখন আর কিছুই জানা গেল না ॥ ৫২

ভরতশ্রেষ্ঠ! এদিকে সেই মহাযুদ্ধে ভীষ্মের বেগকে ক্রমবর্দ্ধমান দেখিয়া কুন্তীপুত্রগণ স্বীয় বাহিনীকে যুদ্ধক্ষেত্র হইতে সরাইয়া লইলেন ॥ ৫৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মপর্ব্বে শঙ্খের যুদ্ধ ও প্রথমদিনের যুদ্ধের উপসংহারবিষয়ক একোনপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[যুধিষ্ঠিরস্য চিন্তা, ভগবতঃ শ্রীকৃষ্ণস্যাশ্বাসদানম্, ধৃষ্টদ্যুম্নস্যোৎসাহঃ, দ্বিতীয়দিবসস্য যুদ্ধায় ক্রৌঞ্চারুণব্যূহনির্মাণঞ্চ।]

সঞ্জয় উবাচ।
কৃতেঽবহারে সৈন্যানাং প্রথমে ভরতর্ষভ।
ভীষ্মে চ যুদ্ধসংরব্ধে হৃষ্টে দুর্য্যোধনে তথা ॥ ১
ধর্মরাজস্ততস্তূর্ণমভিগম্য জনার্দনম।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্বৈঃ সর্বৈশ্চৈব জনেশ্বরৈঃ ॥ ২
শুচা পরময়া যুক্তশ্চিন্তয়ানঃ পরাজয়ম্।
বার্ষ্ণেয়মব্রবীদ্ রাজন্ দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্ ॥ ৩
কৃষ্ণ পশ্য মহেষ্বাসং ভীষ্মং ভীমপরাক্রমম্।
শরৈর্দহন্তং সৈন্যং মে গ্রীষ্মে কক্ষমিবানলম্ ॥ ৪
কথমেনং মহাত্মানং শক্ষ্যামঃ প্রতিবীক্ষিতুম্।
লেলিহ্যমানং সৈন্যং মে হবিষ্মন্তমিবানলম্ ॥ ৫
এতং হি পুরুষব্যাঘ্রং ধনুষ্মন্তং মহাবলম্।
দৃষ্ট্বা বিপ্রদ্রুতং সৈন্যং সমরে মার্গণাহতম্ ॥ ৬
শক্যো জেতুং যমঃ ক্রুদ্ধো বজ্রপাণিশ্চ সংযুগে।
বরুণঃ পাশভৃদ্ বাপি কুবেরো বা গদাধরঃ ॥ ৭
ন তু ভীষ্মো মহাতেজাঃ শক্যো জেতুং মহাবলঃ।
সোঽহমেবংগতে মগ্নো ভীষ্মাগাধজলেঽপ্লবে ॥ ৮

পঞ্চাশত্তম অধ্যায়।

[যুধিষ্ঠিরের চিন্তা, ভগবান্ শ্রীকৃষ্ণের আশ্বাসদান, ধৃষ্টদ্যুম্নের উৎসাহ এবং দ্বিতীয় দিনের যুদ্ধের জন্য ক্রৌঞ্চারুণ-ব্যূহনির্ম্মাণ।]

সঞ্জয় কহিলেন,—ভরতশ্রেষ্ঠ! প্রথম দিনের যুদ্ধে যখন পাণ্ডবসেনা পশ্চাদপসারণ করে, ভীষ্মের যুদ্ধ বিষয়ক উৎসাহ বাড়িয়া যায় এবং দুর্য্যোধন যখন অতিরিক্ত হর্ষে উল্লসিত হইয়া উঠিলেন, তখন ধর্ম্মরাজ যুধিষ্ঠির স্বীয় ভ্রাতৃবৃন্দ ও সম্পূর্ণ রাজমণ্ডলীর সহিত অতিসত্বর ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট গমন করিলেন এবং অত্যন্ত শোকে সন্তপ্ত হইয়া ভীষ্মের পরাক্রম দর্শন করত নিজের পরাজয়ের কথা চিন্তা করিতে করিতে বৃষ্ণিবংশভূষণ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন ॥ ১-৩

হে কৃষ্ণ! আপনি নিরীক্ষণ করুন—মহাধনুর্দ্ধর ও ভয়ঙ্কর পরাক্রমী ভীষ্ম স্বীয় বাণসমূহে আমার সৈন্যবাহিনীকে সেইভাবে দগ্ধ করিতেছেন, যেরূপ গ্রীষ্মঋতুতে সংলগ্ন অগ্নি তৃণগুল্মাদিকে দগ্ধ করিয়া থাকে ॥ ৪

যেরূপ অগ্নিদেব প্রজ্বলিত হইয়া ঘৃতাহুতি গ্রহণ করেন, সেইরূপ মহাত্মা ভীষ্মও স্বীয় বাণরূপ জিহ্বাতে আমার সৈন্যগণকে লেহন করিতেছেন। আমরা কিভাবে প্রতীকারের জন্য ইঁহাকে দেখিতে পারি—কিভাবে আমরা ইঁহার সম্মুখীন হইব? ৫

হস্তে ধনু গ্রহণকারী এই মহাবল পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে দেখিয়া এবং রণাঙ্গণে তাঁহার বাণসমূহে আহত হইয়া আমার সৈন্যরা পলায়ন করিতেছে ॥ ৬

ক্রুদ্ধ যম, বজ্রপাণি ইন্দ্র, পাশধারী বরুণ অথবা গদাধারী কুবেরকে যদিও কখনও যুদ্ধে জয় করা সম্ভব হয়, তথাপি এই মহাতেজস্বী ও মহাবল ভীষ্মকে জয় করা কখনই সম্ভব হইবে না ॥ ৭

কেশব! এরূপ অবস্থায় আমি স্বীয় বুদ্ধির দুর্ব্বলতাবশতঃ ভীষ্মের সহিত যুদ্ধে সম্মুখীন হইয়া ভীষ্মরূপ অগাধজলরাশিতে নৌকা ব্যতীত নিমগ্ন হইয়া যাইতেছি ॥ ৮

আত্মনো বুদ্ধিদৌর্বল্যাদ্ ভীষ্মমাসাদ্য কেশব।
বনং যাস্যামি বার্ষ্ণেয় শ্রেয়ো মে তত্র জীবিতুম্ ॥ ৯
ন হেতান্ পৃথিবীপালান্ দাতুং ভীষ্মায় মৃত্যবে।
ক্ষপয়িষ্যতি সেনাং মে কৃষ্ণ ভীষ্মো মহাস্ত্রবিৎ ॥ ১০
যথানলং প্রজ্বলিতং পতঙ্গাঃ সমভিদ্রুতাঃ।
বিনাশায়োপগচ্ছন্তি তথা মে সৈনিকো জনঃ ॥ ১১
ক্ষয়ং নীতোঽস্মি বার্ষ্ণেয় রাজ্যহেতোঃ পরাক্রমী।
ভ্রাতরশ্চৈব মে বীরাঃ কর্শিতাঃ শরপীড়িতাঃ ॥ ১২
মৎকৃতে ভ্রাতৃহার্দেন রাজ্যাদ্ ভ্রষ্টাস্তথা সুখাৎ।
জীবিতং বহু মন্যেঽহং জীবিতং হ্যদ্য দুর্লভম্ ॥ ১৩
জীবিতস্য চ শেষেণ তপস্তপ্স্যামি দুশ্চরম্।
ন ঘাতয়িষ্যামি রণে মিত্রাণীমানি কেশব ॥ ১৪
রথান্ মে বহুসাহস্রান্ দিব্যৈরস্ত্রৈর্মহাবলঃ।
ঘাতয়ত্যনিশং ভীষ্মঃ প্রবরাণাং প্রহারিণাম্ ॥ ১৫

হে বৃষ্ণিকুলতিলক গোবিন্দ! এখন আমি বনে চলিয়া যাইব। সেখানে জীবনযাপন করাই আমার পক্ষে কল্যাণকর হইবে। এই ভূপতিগণকে বৃথা ভীষ্মরূপ মৃত্যুর হস্তে সমর্পণ করা শ্রেয়স্কর হইবে না ॥

হে কৃষ্ণ! ভীষ্ম মহাস্ত্রসমূহে অভিজ্ঞ। তিনি আমার সমগ্র সৈন্যবাহিনীকে সংহার করিয়া ফেলিবেন। যেরূপ পতঙ্গগণ বিনাশের জন্যই প্রজ্বলিত অগ্নিতে লাফাইয়া পড়ে, সেইরূপ আমার সৈন্যেরাও নিজেদের বিনাশের জন্যই ভীষ্মের নিকটে গমন করিতেছে ॥ ৭-১১

বৃষ্ণিবংশসম্ভূত কৃষ্ণ! রাজ্যের জন্য পরাক্রম করত আমি সর্ব্বতোভাবে ক্ষীণ হইয়া পড়িব। আমার বীর ভ্রাতৃগণ বাণসমূহে পীড়িত হইয়া অত্যন্ত কৃশ হইয়া যাইবে ॥ ১২

ইহারা বন্ধুজনোচিত সৌহার্দ্দবশতঃ আমার জন্য রাজ্য ও সুখভোগ হইতে বঞ্চিত হইয়া দুঃখভোগ করিতেছে। এই সময়ে আমি ইহাদের ও আমার জীবনকেই অধিক বলিয়া মনে করি; কারণ, আজ আমাদের জীবনও দুর্লভ হইয়া পড়িয়াছে ॥ ১৩

কেশব! যদি জীবন অবশিষ্ট থাকে, তবে আমি দুষ্কর তপস্যা করিব; তথাপি এই রণক্ষেত্রে আমি মিত্রদিগকে বৃথা হত্যা করাইব না ॥ ১৪

মহাবল ভীষ্ম স্বীয় দিব্য অস্ত্রসমূহে আমার পক্ষের শ্রেষ্ঠ কয়েক সহস্র রথীকে নিরন্তর সংহার করিয়া যাইতেছেন ॥ ১৫

কিং নু কৃত্বা হিতং মে স্যাদ্ ব্রূহি মাধব মাচিরম্।
মধ্যস্থমিব পশ্যামি সমরে সব্যসাচিনম্ ॥ ১৬
একো ভীমঃ পরং শক্ত্যা যুধ্যত্যেব মহাভুজঃ।
কেবলং বাহুবীর্য্যেণ ক্ষত্রধর্মমনুস্মরন্ ॥ ১৭
গদয়া বীরঘাতিন্যা যথোৎসাহং মহামনাঃ।
করোত্যসুকরং কর্ম রথাশ্ব-নর-দন্তিষু ॥ ১৮
নালমেষ ক্ষয়ং কর্তুং পরসৈন্যস্য মারিষ।
আর্জবেনৈব যুদ্ধেন বীর বর্ষশতৈরপি ॥ ১৯
একোঽস্ত্রবিৎ সখা তেঽয়ং সোঽপ্যস্মান্ সমুপেক্ষতে
নির্দহ্যমানান্ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥ ২০
দিব্যান্যস্ত্রাণি ভীষ্মস্য দ্রোণস্য চ মহাত্মনঃ।
ধক্ষ্যন্তি ক্ষত্রিয়ান্ সর্বান্ প্রযুক্তানি পুনঃ পুনঃ ॥ ২১
কৃষ্ণ ভীষ্মঃ সুসংরব্ধঃ সহিতঃ সর্বপার্থিবৈঃ।
ক্ষপয়িষ্যতি নো নূনং যাদৃশোঽস্য পরাক্রমঃ ॥ ২২

মাধব! শীঘ্র বলুন—কি করিলে আমাদের হিত হইবে? সব্যসাচী অর্জুনকে ত' আমি এই যুদ্ধে মধ্যস্থ (উদাসীন) দেখিতেছি ॥ ১৬

একমাত্র মহাবাহু ভীমসেনই ক্ষত্রিয়ধর্ম্মের দিকে লক্ষ্য রাখিয়া কেবল বাহুবলেরই আশ্রয় গ্রহণপূর্ব্বক পূর্ণশক্তি প্রয়োগে যুদ্ধ করিয়া যাইতেছে ॥ ১৭

মহামনা ভীমসেন নিজের বীরঘাতিনী গদাদ্বারা রথ, অশ্ব, মনুষ্য ও হস্তিদিগের উপর স্বীয় দুষ্কর পরাক্রম প্রকাশ করিতেছে ॥

মাননীয় বীর শ্রীকৃষ্ণ! যদি এরূপ সরলতার সহিত যুদ্ধ করা হয়, তবে শতবর্ষেও ভীমসেন একাকী শত্রুসৈন্যগণকে বিনাশ করিতে পারিবে না ॥ ১৮-১৯

কেবল আপনার সখা অর্জুনই দিব্যাস্ত্রসমূহে অভিজ্ঞ, কিন্তু সে-ও মহাত্মা ভীষ্ম ও দ্রোণাচার্য্যকর্তৃক আমাদিগকে দগ্ধ হইতে দেখিয়াও উপেক্ষা করিয়া যাইতেছে ॥ ২০

মহাত্মা ভীষ্ম ও দ্রোণাচার্য্যের দিব্য অস্ত্রসমূহ পুনঃপুনঃ প্রযুক্ত হইয়া সমস্ত ক্ষত্রিয়গণকেই ভস্ম করিয়া ফেলিবে। ২১

শ্রীকৃষ্ণ! অত্যন্ত ক্রুদ্ধ ভীষ্ম স্বপক্ষের সকল ভূপতিবৃন্দের সহিত মিলিত হইয়া নিশ্চয়ই আমাদিগকে বিনাশ করিয়া ফেলিবেন। ইঁহার যেরূপ পরাক্রম, ইহাতে তাহাই সূচিত হইতেছে ॥ ২২

স ত্বং পশ্য মহাভাগ যোগেশ্বর মহারথম্।
ভীষ্মং যঃ শময়েৎ সংখ্যে দাবাগ্নিং জলদো যথা ২৩
তব প্রসাদাদ্ গোবিন্দ পাণ্ডবা নিহতদ্বিষঃ।
স্বরাজ্যমনুসম্প্রাপ্তা মোদিষ্যন্তে সবান্ধবাঃ ॥ ২৪
এবমুক্ত্বা ততঃ পার্থো ধ্যায়ন্নাস্তে মহামনাঃ।
চিরমন্তর্মনা ভূত্বা শোকোপহতচেতনঃ।
শোকার্তং তমথো জ্ঞাত্বা দুঃখোপহতচেতসম্ ॥ ২৫
অব্রবীৎ তত্র গোবিন্দো হর্ষয়ন্ সর্বপাণ্ডবান্।
মা শুচো ভরতশ্রেষ্ঠ ন ত্বং শোচিতুমর্হসি॥ ২৬
যস্য তে ভ্রাতরঃ শূরাঃ সর্বলোকেষু ধন্বিনঃ।
অহঞ্চ প্রিয়কৃদ্ রাজন্ সাত্যকিশ্চ মহাযশাঃ॥ ২৭
বিরাট-দ্রুপদৌ চেমৌ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
তথৈব সবলাশ্চেমে রাজানো রাজসত্তম ॥ ২৮
ত্বৎপ্রসাদং প্রতীক্ষন্তে ত্বদ্ভক্তাশ্চ বিশাম্পতে।
এষ তে পার্ষতো নিত্যং হিতকামঃ প্রিয়ে রতঃ ॥ ২৯
সৈনাপত্যমনুপ্রাপ্তো ধৃষ্টদ্যুম্নো মহাবলঃ।
শিখণ্ডী চ মহাবাহো ভীষ্মস্য নিধনং কিল ॥ ৩০
(করিষ্যতি ন সন্দেহো নৃপাণাং যুধি পশ্যতাম্)
এতচ্ছ্রুত্বা ততো রাজা ধৃষ্টদ্যুম্নং মহারথম্।
অব্রবীৎ সমিতৌ তস্যাং বাসুদেবস্য শৃণ্বতঃ ॥ ৩১
ধৃষ্টদ্যুম্ন নিবোধেদং যৎ ত্বাং বক্ষ্যামি মারিষ।
নাতিক্রম্যং ভবেৎ তচ্চ বচনং মম ভাষিতম্ ॥ ৩২
ভবান্ সেনাপতির্মহ্যং বাসুদেবেন সম্মিতঃ।
কার্ত্তিকেয়ো যথা নিত্যং দেবানামভবৎ পুরা ॥ ৩৩
তথা ত্বমপি পাণ্ডূনাং সেনানীঃ পুরুষর্ষভ।
(তচ্ছ্রুত্বা জহৃষুঃ পার্থাঃ পার্থিবাশ্চ মহারথাঃ।
সাধু সাধ্বিতি তদ্বাক্যমূচুঃ সর্বে মহীক্ষিতঃ॥
পুনরপ্যব্রবীদ্ রাজা ধৃষ্টদ্যুম্নং মহাবলম্ ॥)

মহাভাগ যোগেশ্বর! আপনি সেরূপ কোন একজন যোদ্ধাকে অন্বেষণ করুন, যিনি রণাঙ্গনে ভীষ্মকে সেইভাবে শান্ত করিতে পারিবেন, যেরূপ জলবর্ষণকারী মেঘ দাবানলকে শান্ত করিয়া থাকে ॥ ২৩

গোবিন্দ! আপনারই করুণায় পাণ্ডবেরা শত্রুগণকে বিনাশ করিয়া স্বরাজ্যলাভ করত বন্ধু-বান্ধবদিগের সহিত সুখী হইবে ॥২৪

এই কথা বলিয়া মহামনা যুধিষ্ঠির শোকে ব্যাকুলচিত্ত হইয়া দীর্ঘক্ষণ পর্যন্ত মনকে অন্তর্মুখ করত ধ্যানমগ্ন হইয়া বসিয়া রহিলেন। যুধিষ্ঠিরকে শোকপীড়িত ও দুঃখে ব্যথিতচিত্ত জানিয়া গোবিন্দ সমস্ত পাণ্ডবগণের হর্ষবর্দ্ধন করিতে করিতে বলিলেন।

ভরতশ্রেষ্ঠ! আপনি শোক করিবেন না। এভাবে শোক-প্রকাশ করা আপনার উচিত নয়। আপনার এই সব বীর ভ্রাতারা সর্বলোকেই বিখ্যাত ধনুর্দ্ধর। রাজন্! আমিও আপনার প্রিয়কারী। নৃপশ্রেষ্ঠ! মহাযশস্বী সাত্যকি, বিরাট, দ্রুপদ, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন এবং সৈন্যসহ অন্যান্য সকল রাজারাও আপনার কৃপাপ্রসাদের প্রতীক্ষা করিতেছেন। মহারাজ! ইঁহারা সকলেই আপনার ভক্ত।

এই দ্রুপদপুত্র মহাবল ধৃষ্টদ্যুম্নও সদা আপনার হিতকামী এবং আপনার প্রিয়সাধনে তৎপর থাকিয়া ইনিই প্রধান সেনাপতির গুরুতর ভার গ্রহণ করিয়াছেন। মহাবাহো! সমস্ত নরপতি-গণের দৃষ্টিপথের মধ্যেই এই শিখণ্ডী ভীষ্মকে বধ করিবে—ইহাতে কোন সংশয় নাই ॥ ২৫-৩০

ইহা শুনিয়া তখন ধর্মরাজ যুধিষ্ঠির ভগবান্ শ্রীকৃষ্ণকে শুনাইতে শুনাইতে সেই সভায় মহারথ ধৃষ্টদ্যুম্নকে বলিলেন ॥ ৩১

আদরণীয় বীর ধৃষ্টদ্যুম্ন! আমি তোমাকে যাহা কিছু বলিব, তাহা তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর। আমার এই কথিত বাক্য তুমি উল্লঙ্ঘন করিও না ॥ ৩২

তুমি আমার সেনাপতি এবং বসুদেবনন্দন শ্রীকৃষ্ণের ন্যায় পরাক্রমী। পুরুষশ্রেষ্ঠ! পুরাকালে ভগবান্ কার্ত্তিকেয় যেরূপ দেবতাগণের সেনাপতি হইয়াছিলেন, সেইরূপ তুমিও পাণ্ডবগণের সেনাপতি হও। (যুধিষ্ঠিরের এই কথা শুনিয়া অন্যান্য পাণ্ডবগণ ও মহারথ ভূপতিবৃন্দ সকলেই 'সাধু, সাধু' বলিয়া তাঁহার এই বাক্যকে প্রশংসা করিতে লাগিলেন। তারপর রাজা যুধিষ্ঠির পুনরায় মহাবল ধৃষ্টদ্যুম্নকে বলিলেন।) পুরুষশ্রেষ্ঠ! তুমি স্বীয় পরাক্রমপ্রকাশ করিয়া কৌরবগণকে নাশ কর। পুরুষরত্ন! আমি, ভীমসেন, শ্রীকৃষ্ণ, মাদ্রীনন্দন নকুল-সহদেব, দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং অন্য প্রধান প্রধান ভূপতিগণ কবচ ধারণ করত তোমার অনুগমন করিব।

স ত্বং পুরুষশার্দূল বিক্রম্য জহি কৌরবান্ ॥ ৩৪
অহঞ্চ তেঽনুযাস্যামি ভীমঃ কৃষ্ণশ্চ মারিষ।
মাদ্রীপুত্রৌ চ সহিতৌ দ্রৌপদেয়াশ্চ দংশিতাঃ ॥ ৩৫
যে চান্যে পৃথিবীপালাঃ প্রধানাঃ পুরুষর্ষভ।
তত উদ্ধর্ষয়ন্ সর্বান্ ধৃষ্টদ্যুম্নোঽভ্যভাষত ॥ ৩৬
অহং দ্রোণান্তকঃ পার্থ বিহিতঃ শম্ভুনা পুরা।
রণে ভীষ্মং কৃপং দ্রোণং তথা শল্যং জয়দ্রথম্ ॥ ৩৭
সর্বানদ্য রণে দৃপ্তান্ প্রতিযোৎস্যামি পার্থিব।
অথোৎক্রুষ্টং মহেষ্বাসৈঃ পাণ্ডবৈর্যুদ্ধদুর্মদৈঃ ॥ ৩৮
সমুদ্যতে পার্থিবেন্দ্রে পার্ষতে শত্রুসূদনে।
তমব্রবীৎ ততঃ পার্থঃ পার্ষতং পৃতনাপতিম্ ॥ ৩৯
ব্যূহঃ ক্রৌঞ্চারুণো নাম সর্বশত্রুনিবর্হণঃ।
যং বৃহস্পতিরিন্দ্রায় তদা দেবাসুরেঽব্রবীৎ ॥ ৪০
তং যথাবৎ প্রতিব্যূহ পরানীকবিনাশনম্।
অদৃষ্টপূর্বং রাজানঃ পশ্যন্তু কুরুভিঃ সহ ॥ ৪১
যথোক্তঃ স নৃদেবেন বিষ্ণুর্বজ্রভৃতা যথা।
(বার্হস্পত্যেন বিধিনা ব্যূহমার্গবিচক্ষণঃ)
প্রভাতে সর্বসৈন্যানামগ্রে চক্রে ধনঞ্জয়ম্ ॥ ৪২
আদিত্যপথগঃ কেতুস্তস্যাদ্ভুতমনোরমঃ।
শাসনাৎ পুরুহূতস্য নির্মিতো বিশ্বকর্মণা ॥ ৪৩
ইন্দ্রায়ুধসবর্ণাভিঃ পতাকাভিরলঙ্কৃতঃ।
আকাশগ ইবাকাশে গন্ধর্বনগরোপমঃ ॥ ৪৪
নৃত্যমান ইবাভাতি রথচর্য্যাসু মারিষ।
তেন রত্নবতা পার্থঃ স চ গাণ্ডীবধন্বনা ॥ ৪৫
বভূব পরমোপেতঃ সুমেরুরিব ভানুনা।
শিরোঽভূদ্ দ্রুপদো রাজন্ মহত্যা সেনয়া বৃতঃ ॥ ৪৬
কুন্তিভোজশ্চ চৈদ্যশ্চ চক্ষুর্ভ্যাং তৌ জনেশ্বরৌ।
দাশার্ণকাঃ প্রভদ্রাশ্চ দাশেরকগণৈঃ সহ ॥ ৪৭

তখন ধৃষ্টদ্যুম্ন সকলের হর্ষবর্দ্ধন করিতে করিতে বলিলেন,—পার্থ! আমাকে ভগবান্ শঙ্কর পূর্ব্ব হইতেই দ্রোণাচার্য্যের কালরূপে উৎপন্ন করিয়াছেন। ভূপতে! আজ আমি রণাঙ্গনে ভীষ্ম, কৃপাচার্য্য, দ্রোণাচার্য্য, শল্য ও জয়দ্রথ—এই সকল অভিমানী যোদ্ধাদিগের সহিত প্রতিযুদ্ধ করিব ॥

ইহা শুনিয়া যুদ্ধের জন্য উন্মত্ত মহাধনুর্দ্ধর পাণ্ডবগণ উচ্চৈঃস্বরে সিংহনাদ করিলেন এবং শত্রুনাশন নৃপশ্রেষ্ঠ দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন এইভাবে যুদ্ধের জন্য উদ্যত হইলে কুন্তীপুত্র যুধিষ্ঠির সেনাপতি দ্রুপদতনয়কে পুনরায় এই কথা বলিলেন ॥ ৩৩-৩৯

সেনাপতি! ক্রৌঞ্চারুণনামক ব্যূহ সকল শত্রুকে সংহার করে; যাহা বৃহস্পতি দেবাসুর-সংগ্রামের সময় ইন্দ্রকে উপদেশ করিয়াছিলেন ॥ ৪০

শত্রুসৈন্যনাশক সেই ক্রৌঞ্চারুণ ব্যূহকে তুমি যথাযথরূপে নির্ম্মাণ কর, আজ সমস্ত রাজারা কৌরবগণের সহিত এই অদৃষ্টপূর্ব্ব ব্যূহকে স্বচক্ষে অবলোকন করুন ॥ ৪১

যেরূপ বজ্রধারী ইন্দ্র ভগবান্ বিষ্ণুকে স্ব-বক্তব্য বলিয়া থাকেন, সেইরূপ নরদেব যুধিষ্ঠির ধৃষ্টদ্যুম্নকে পূর্ব্বোক্ত বাক্য বলিলে পর ব্যূহরচনায় নিপুণ ধৃষ্টদ্যুম্ন বৃহস্পতিকথিত বিধি অনুসারে প্রাতঃকালেই (সূর্য্যোদয়ের পূর্ব্বে) সমস্ত সৈন্যের ব্যূহ নির্ম্মাণ করিলেন; সেখানে সকল সৈন্যের অগ্রভাগে অর্জ্জুনকে স্থাপিত করিলেন ॥ ৪২

অর্জ্জুনের অদ্ভুত ও মনোরম ধ্বজ সূর্য্যের পথে (উচ্চ আকাশে) উড়িতে ছিল। ইন্দ্রের আদেশে সাক্ষাৎ বিশ্বকর্ম্মা ইহাকে নির্ম্মাণ করিয়াছিলেন ॥ ৪৩

ইন্দ্রধনুতুল্য বর্ণবিশিষ্ট পতাকাসমূহে সেই ধ্বজের আরও শোভা বৃদ্ধি পাইতেছিল। ঐ ধ্বজ আকাশে আকাশচারী পক্ষীর ন্যায় বিনা আধারেই চলিতেছিল, তখন ইহা যেন অপর একটি গন্ধর্ব্বনগররূপে প্রতীত হইতেছিল ॥ ৪৪

আর্য্য! রথের মার্গে অর্জ্জুনের ঐ ধ্বজ যেন নৃত্য করিতেছে বলিয়া প্রতীত হইতেছিল। এই রত্নমণ্ডিত ধ্বজ দ্বারা অর্জ্জুন এবং গাণ্ডীবধারী অর্জ্জুন কর্ত্তৃক ঐ ধ্বজ সেইরূপ শোভাপ্রাপ্ত হইতে লাগিলেন, যেরূপ সূর্য্যদ্বারা সুমেরু পর্ব্বত ও সুমেরু পর্ব্বতের দ্বারা সূর্য্য শোভাপ্রাপ্ত হন ॥

রাজন্! আপনার বিশাল সৈন্যের সহিত রাজা দ্রুপদ সেই ব্যূহের শিরস্থানে আছেন। কুন্তিভোজ ও ধৃষ্টকেতু—এই দুই নরপতি ব্যূহের নেত্রস্থানে প্রতিষ্ঠিত হইলেন। ভরতশ্রেষ্ঠ! দাশার্ণক, দাশেরকসমূহের সহিত প্রভদ্রক, অনূপক ও কিরাতগণ গ্রীবাস্থানে অবস্থান করিতে লাগিলেন ॥

অনূপকাঃ কিরাতাশ্চ গ্রীবায়াং ভরতর্ষভ।
পটচ্চরৈশ্চ পৌণ্ড্রৈশ্চ রাজন্ পৌরবকৈস্তথা ॥ ৪৮
নিষাদৈঃ সহিতশ্চাপি পৃষ্ঠমাসীদ্ যুধিষ্ঠিরঃ।
পক্ষৌ তু ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ৪৯
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
পিশাচা দারদাশ্চৈব পুণ্ড্রাঃ কুণ্ডীবিষৈঃ সহ ॥ ৫০
মারুতা ধেনুকাশ্চৈব তঙ্গণাঃ পরতঙ্গণাঃ।
বাহ্লিকাস্তিত্তিরাশ্চৈব চোলাঃ পাণ্ড্যাশ্চ ভারত ॥ ৫১
এতে জনপদা রাজন্ দক্ষিণং পক্ষমাশ্রিতাঃ।
অগ্নিবেশ্যাস্তু হুণ্ডাশ্চ মালবা দানভারয়ঃ ॥ ৫২
শবরা উদ্ভসাশ্চৈব বৎসাশ্চ সহ নাকুলৈঃ।
নকুলঃ সহদেবশ্চ বামং পক্ষং সমাশ্রিতাঃ ॥৫৩
রথানামযুতং পক্ষৌ শিরস্তু নিযুতং তথা।
পৃষ্ঠমর্বুদমেবাসীৎ সহস্রাণি চ বিংশতিঃ ॥ ৫৪
গ্রীবায়াং নিযুতঞ্চাপি সহস্রাণি চ সপ্ততিঃ।
পক্ষকোটিপ্রপক্ষেষু পক্ষান্তেষু চ বারণাঃ ॥ ৫৫
জগ্মুঃ পরিবৃতা রাজংশ্চলন্ত ইব পর্বতাঃ।
জঘনং পালয়ামাস বিরাটঃ সহ কেকয়ৈঃ ॥ ৫৬
কাশিরাজশ্চ শৈব্যশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ।
এবমেনং মহাব্যূহং ব্যূহ্য ভারত পাণ্ডবাঃ ॥ ৫৭
সূর্যোদয়ং ত ইচ্ছন্তঃ স্থিতা যুদ্ধায় দংশিতাঃ।
তেষামাদিত্যবর্ণানি বিমলানি মহান্তি চ।
শ্বেতচ্ছত্রাণ্যশোভন্ত বারণেষু রথেষু চ ॥ ৫৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ক্রৌঞ্চব্যূহনির্মাণে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫০

পটচ্চর, পৌণ্ড্র, পৌরব ও নিষাদগণের সহিত স্বয়ং রাজা যুধিষ্ঠির পৃষ্ঠভাগে বিরাজমান রহিলেন। ভীমসেন ও ধৃষ্টদ্যুম্ন ক্রৌঞ্চব্যূহের দুই পক্ষের স্থানে নিযুক্ত থাকিলেন। রাজন্! দ্রৌপদীর পুত্রগণ, অভিমন্যু ও মহারথী সাত্যকির সহিত পিশাচ, দারদ, পুণ্ড্র, কুণ্ডীবিষ, মারুত, ধেনুক, তঙ্গণ, পরতঙ্গণ, বাহ্লিক তিত্তির, চোল ও পাণ্ড্য—এই জনপদসমূহের সৈন্যরা দক্ষিণপক্ষ আশ্রয় করিয়া রহিলেন ॥

অগ্নিবেশ্য, হুণ্ড, মালব, দানভারি, শবর, উদ্ভস, বৎস ও নাকুল জনপদবাসিগণের সহিত দুই ভ্রাতা নকুল এবং সহদেব বাম পক্ষ আশ্রয় করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৪৫-৫৩

সেই ক্রৌঞ্চপক্ষীর পক্ষ ভাগে দশ হাজার, শিরোভাগে এক লক্ষ (কাহারও মতে দশ লক্ষ), পৃষ্ঠভাগে এক অর্বুদ (দশ কোটি) বিশ হাজার এবং গ্রীবাদেশে এক লক্ষ (কাহারও মতে দশ লক্ষ) সত্তর হাজার সৈন্য নিযুক্ত ছিল ॥

রাজন্! পক্ষ, কোটি (অগ্রভাগ), প্রপক্ষ (পক্ষের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষ) ও পক্ষান্ত ভাগে চলমান পর্বতসমূহের ন্যায় হস্তিগণ সৈন্যে পরিবৃত হইয়া গমন করিল ॥

রাজা বিরাট কেকয়রাজকুমারগণের সহিত সেই ব্যূহের জঘন (কটির অগ্রভাগ) প্রদেশ রক্ষা করিতে লাগিলেন। কাশিরাজ ও শৈব্য ত্রিশ হাজার রথী বীরের সহিত উহার রক্ষায় নিযুক্ত রহিলেন ॥

ভারত! এইভাবে পাণ্ডবগণ ক্রৌঞ্চারুণনামক মহাব্যূহ রচনা করিয়া সূর্যোদয়ের প্রতীক্ষা করিতে করিতে যুদ্ধের জন্য কবচ প্রভৃতিতে সুসজ্জিত হইয়া দণ্ডায়মান রহিলেন ॥ ৫৪-৫৭

ইঁহাদের হস্তী ও রথসমূহের উপর সূর্যতুল্য প্রকাশমান, নির্মল ও বিশাল শ্বেতচ্ছত্র শোভা পাইতে লাগিল ॥ ৫৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহা-ভারতের ভীষ্মপর্বান্তর্গত ভীষ্মবধপর্বে ক্রৌঞ্চব্যূহ নির্মাণ-বিষয়ক পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[কৌরবসৈন্যানাং ব্যূহরচনা, উভয়পক্ষমধ্যে শঙ্খধ্বনিঃ, সিংহনাদশ্চ।]

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ততো ব্যূহমভেদ্যং তনয়স্তব।
রক্ষ্যমাণং মহাঘোরং পার্থেনামিততেজসা ॥ ১
আচার্য্যমুপসঙ্গম্য কৃপং শল্যঞ্চ পার্থিব।
সৌমদত্তিং বিকর্ণঞ্চ সোঽশ্বত্থামানমেব চ ॥ ২
দুঃশাসনাদীন্ ভ্রাতৄংশ্চ সর্বানেব চ ভারত।
অন্যাংশ্চ সুবহূন্ শূরান্ যুদ্ধায় সমুপাগতান্ ॥ ৩
প্রাহেদং বচনং কালে হর্ষয়ংস্তনয়স্তব।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৪
একৈকশঃ সমর্থা হি যূয়ং সর্বে মহারথাঃ।
পাণ্ডুপুত্রান্ রণে হন্তুং সসৈন্যান্ কিমু সংহতাঃ ॥ ৫
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তমিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ৬
সংস্থানাঃ শূরসেনাশ্চ বেত্রিকাঃ কুকুরাস্তথা।
আরোচকাস্ত্রিগর্তাশ্চ মদ্রকা যবনাস্তথা ॥ ৭
শত্রুঞ্জয়েন সহিতাস্তথা দুঃশাসনেন চ।
বিকর্ণেন চ বীরেণ তথা নন্দোপনন্দকৈঃ ॥ ৮
চিত্রসেনেন সহিতাঃ সহিতাঃ পারিভদ্রকৈঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু সহসৈন্যপুরস্কৃতাঃ ॥ ৯

(সঞ্জয় উবাচ।

দুর্য্যোধনবচঃ শ্রুত্বা সর্ব এব মহারথাঃ
তথেত্যেনং নৃপা উচুস্তদা দ্রোণপুরোগমাঃ ॥)
ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ তব পুত্রাশ্চ মারিষ।
অব্যূহন্ত মহাব্যূহং পাণ্ডূনাং প্রতিবাধনম্ ॥ ১০
ভীষ্মঃ সৈন্যেন মহতা সমন্তাৎ পরিবারিতঃ।
যযৌ প্রকর্ষন্ মহতীং বাহিনীং সুররাড়িব ॥ ১১
তমন্বয়ান্মহেষ্বাসো ভারদ্বাজঃ প্রতাপবান্।
কুন্তলৈশ্চ দশার্ণৈশ্চ মাগধৈশ্চ বিশাম্পতে ॥ ১২

একপঞ্চাশত্তম অধ্যায়।

[কৌরবসৈন্যের ব্যূহরচনা এবং উভয়পক্ষের মধ্যে শঙ্খধ্বনি ও সিংহনাদ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! সেই অত্যন্ত ভয়ঙ্কর অভেদ্য ক্রৌঞ্চব্যূহকে অমিততেজস্বী অর্জুন কর্ত্তৃক সুরক্ষিত দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন আচার্য্য দ্রোণ, কৃপ, শল্য, ভূরিশ্রবা, বিকর্ণ, অশ্বত্থামা ও দুঃশাসনাদি সকল ভ্রাতা এবং যুদ্ধের জন্য সমবেত অন্যান্য বহু বীরগণের নিকট যাইয়া তাঁহাদের সকলের হর্ষবর্দ্ধন করিতে করিতে এই সময়োচিত বাক্য বলিলেন—হে বীরগণ! আপনারা সকলেই নানাপ্রকার অস্ত্রপ্রয়োগে কুশল ও যুদ্ধবিদ্যায় নিপুণ। ১-৪

আপনারা সকলেই মহারথ। আপনাদের মধ্যে প্রত্যেক যোদ্ধাই সৈন্যসহ পাণ্ডবগণকে বধ করিতে সমর্থ, সুতরাং আপনারা সকলে মিলিত হইয়া তাহাদিগকে পরাজিত করিবেন; ইহাতে আর বলিবার কি আছে? ৫

ভীষ্ম পিতামহকর্ত্তৃক সুরক্ষিত আমাদের সৈন্যবাহিনীকে সর্ব্বথা অজেয়, কিন্তু ভীমসেন কর্ত্তৃক সুরক্ষিত এই পাণ্ডববাহিনীকে জয় করা সুগম, অতএব আমার মতে সংস্থান, শূরসেন, বেত্রিক, কুকুর, আরোচক, ত্রিগর্ত্ত, মদ্রক ও যবন প্রভৃতি দেশবাসী বীরগণ শত্রুঞ্জয়, দুঃশাসন, বীর বিকর্ণ, নন্দ, উপনন্দ, চিত্রসেন ও পারিভদ্রক বীরবৃন্দের সহিত যাইয়া নিজ সৈন্যদিগকে অগ্রভাগে স্থাপন করত ভীষ্মকেই রক্ষা করুন। ৬-৯

(সঞ্জয় বলিলেন,—মহারাজ! দুর্য্যোধনের এই কথা শুনিয়া দ্রোণাদি সকল মহারথী বীরগণ এবং নৃপগণ সেই সময় "তথাস্তু" বলিয়া তাঁহার বাক্য মানিয়া লইলেন।)

আর্য্য! তারপর ভীষ্ম, দ্রোণ ও আপনার পুত্রগণ মিলিত-ভাবে স্বীয় সৈন্যের এক মহা ব্যূহরচনা করিলেন। এই ব্যূহ পাণ্ডববাহিনীর পক্ষে বাধাস্বরূপ হইয়াছিল। ১০

তদনন্তর বিরাট সৈন্যবাহিনীতে চারিদিকে পরিবৃত হইয়া ভীষ্ম দেবরাজ ইন্দ্রের ন্যায় বিশাল সৈন্যবাহিনীর সহিত যুদ্ধক্ষেত্র অভিমুখে গমন করিলেন। ১১

তাঁহার পশ্চাতে প্রতাপশালী বীর দ্রোণাচার্য্য যুদ্ধের জন্য প্রস্থান করিলেন। মহারাজ! সেই সময় কুন্তল, দশার্ণ, মাগধ, বিদর্ভ, মেকল ও কর্ণ প্রাবরণাদি দেশবাসী সৈন্যগণের সহিত গান্ধার, সিন্ধু, সৌবীর, শিবি ও বসাতি দেশের বীর ক্ষত্রিয়বৃন্দ যুদ্ধে শোভাপ্রাপ্ত ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন।

বিদর্ভৈর্মেকলৈশ্চৈব কর্ণপ্রাবরণৈরপি।
সহিতাঃ সর্বসৈন্যেন ভীষ্মমাহবশোভিনম্ ॥ ১৩

গান্ধারাঃ সিন্ধুসৌবীরাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
শকুনিশ্চ সসৈন্যেন ভারদ্বাজমপালয়ৎ ॥ ১৪

ততো দুর্য্যোধনো রাজা সহিতঃ সর্বসোদরৈঃ।
অশ্বাতকৈর্বিকর্ণৈশ্চ তথা চাম্বষ্ঠ-কোশলৈঃ ॥ ১৫

দরদৈশ্চ শকৈশ্চৈব তথা ক্ষুদ্রক-মালবৈঃ।
অভ্যরক্ষত সংহৃষ্টঃ সৌবলেয়স্য বাহিনীম্ ॥ ১৬

ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বামং পার্শ্বমপালয়ন্ ॥ ১৭

সৌমদত্তিঃ সুশর্মা চ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ দক্ষিণং পক্ষমাস্থিতাঃ ॥ ১৮

অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্মা চ সাত্বতঃ।
মহত্যা সেনয়া সার্ধং সেনাপৃষ্ঠে ব্যবস্থিতাঃ ॥ ১৯

পৃষ্ঠগোপাস্তু তস্যাসন্ নানাদেশ্যা জনেশ্বরাঃ।
কেতুমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ ॥ ২০

ততস্তে তাবকাঃ সর্বে হৃষ্টা যুদ্ধায় ভারত।
দধ্মুঃ শঙ্খান্ মুদা যুক্তাঃ সিংহনাদাংস্তথোন্নদন্ ॥ ২১

তেষাং শ্রুত্বা তু হৃষ্টানাং বৃদ্ধঃ কুরুপিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ২২

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবা বিবিধাঃ পরে।
আনকাশ্চাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ২৩

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
প্রদধ্মতুঃ শঙ্খবরৌ হেমরত্নপরিষ্কৃতৌ ॥ ২৪

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্মা বৃকোদরঃ ॥ ২৫

অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ-মণিপুষ্পকৌ ॥ ২৬

কাশিরাজশ্চ শৈব্যশ্চ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥ ২৭

পাঞ্চাল্যাশ্চ মহেষ্বাসা দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
সর্বে দধ্মুর্মহাশঙ্খান্ সিংহনাদাংশ্চ নেদিরে ॥ ২৮

শকুনি নিজ সৈন্যবাহিনীর সহিত দ্রোণাচার্য্যের রক্ষায় নিযুক্ত রহিলেন। তাঁহার পশ্চাতে ভ্রাতৃবর্গের সহিত রাজা দুর্য্যোধন অত্যন্ত হৃষ্ট হইয়া অশ্বাতক, বিকর্ণ, অম্বষ্ঠ, কোশল, দরদ, শক, ক্ষুদ্রক ও মালবাদি দেশসমূহের যোদ্ধাদিগের সহিত সুবলপুত্র শকুনির সৈন্যগণকে রক্ষা করিতে লাগিলেন ॥ ১২-১৬

ভূরিশ্রবা, শল, শল্য, মাননীয় রাজা ভগদত্ত এবং অবন্তীদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ সেই সমগ্র সৈন্যবাহিনীর বামভাগ রক্ষায় নিযুক্ত রহিলেন। সোমদত্তের পুত্র ভূরিশ্রবা, ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা, কাম্বোজরাজ সুদক্ষিণ, শ্রুতায়ু ও অচ্যুতায়ু—ইঁহারা দক্ষিণভাগের সৈন্যগণকে রক্ষা করিতে লাগিলেন ॥১৭-১৮

অশ্বত্থামা, কৃপাচার্য্য ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা নিজ বিশাল সৈন্যবাহিনীর সহিত কৌরবসৈন্যের পৃষ্ঠভাগে থাকিয়া তাহাদের রক্ষায় নিযুক্ত রহিলেন ॥ ১৯

কেতুমান্, বসুদান, কাশিরাজের পুত্র অভিভূ ও অন্য বহু দেশের নরপতিগণ কৌরববাহিনীর পৃষ্ঠরক্ষক হইলেন ॥ ২০

ভারত! তারপর আপনার সকল সৈন্যই হর্ষে উল্লসিত হইয়া প্রসন্নচিত্তে শঙ্খধ্বনি ও সিংহনাদ করিতে লাগিল ॥ ২১

তাহাদের হর্ষধ্বনি শুনিয়া কুরুকুলের বৃদ্ধ পিতামহ প্রতাপশালী ভীষ্ম উচ্চৈঃস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥ ২২

তারপর শঙ্খ, ভেরী, নানাপ্রকার পণব ও আনকাদি বাদ্যসমূহ সহসা বাদিত হইতে লাগিল এবং এই সকলের সম্মিলিত শব্দ চারিদিকে তুমুল হইয়া প্রকাশ পাইল ॥ ২৩

অনন্তর শ্বেতবর্ণের অশ্বে যোজিত বিশাল রথে উপবিষ্ট ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জুন স্বর্ণভূষিত দুইটি শ্রেষ্ঠ শঙ্খ (পাঞ্চজন্য ও দেবদত্ত) বাজাইতে লাগিলেন ॥ ২৪

ইন্দ্রিয়গণের অধিপতি ভগবান্ শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য, অর্জুন দেবদত্ত এবং ভয়ঙ্কর কর্ম্মকারী ভীমসেন পৌণ্ড্রনামক মহাশঙ্খ বাজাইলেন ॥ ২৫

কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্তবিজয়, নকুল সুঘোষ এবং সহদেব মণিপুষ্পক শঙ্খ বাদ্য করিতে লাগিলেন ॥ ২৬

কাশিরাজ, শৈব্য, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, মহারথী সাত্যকি, পাঞ্চাল বীরগণ এবং মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পঞ্চ পুত্র—ইঁহারাও সকলে মহাশঙ্খসমূহ বাজাইতে লাগিলেন এবং সিংহনাদ করিলেন ॥ ২৭-২৮

স ঘোষঃ সুমহাংস্তত্র বীরৈস্তৈঃ সমুদীরিতঃ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলো ব্যনুনাদয়ৎ ॥ ২৯
এবমেতে মহারাজ প্রহৃষ্টাঃ কুরু-পাণ্ডবাঃ।
পুনর্যুদ্ধায় সংজগ্মুস্তাপয়ানাঃ পরস্পরম্ ॥ ৩০

তখন এই সব বীরগণের দ্বারা কৃত শব্দ তুমুল হইয়া পৃথিবী ও আকাশকে নিনাদিত করিতে লাগিল ॥ ২৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি কৌরবব্যূহরচনায়ামেক-পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫১

মহারাজ! এইরূপে অতিশয় হৃষ্ট কৌরব ও পাণ্ডবগণ পরস্পরকে সন্তাপিত করিতে করিতে পুনরায় যুদ্ধ করিবার জন্য রণক্ষেত্রে উপস্থিত হইলেন ॥ ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে কৌরবগণের ব্যূহরচনাবিষয়ক এক-পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

[ভীষ্মার্জুনয়োর্যুদ্ধবর্ণনম্।]

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং ব্যূঢ়েষ্বনীকেষু মামকেষ্বিতরেষু চ
কথং প্রহরতাং শ্রেষ্ঠাঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥ ১

সঞ্জয় উবাচ।

(তাবকাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং যথাযুধ্যন্ত তচ্ছৃণু)
সমং ব্যূঢ়েষ্বনীকেষু সংনদ্ধরুচিরধ্বজম্।
অপারমিব সংদৃশ্য সাগরপ্রতিমং বলম্ ॥ ২
তেষাং মধ্যে স্থিতো রাজন্ পুত্রো দুর্য্যোধনস্তব।
অব্রবীৎ তাবকান্ সর্বান্ যুধ্যধ্বমিতি দংশিতাঃ ॥ ৩
তে মনঃ ক্রূরমাধায় সমভিত্যক্তজীবিতাঃ।
পাণ্ডবানভ্যবর্তন্ত সর্ব এবোচ্ছ্রিতধ্বজাঃ ॥৪
ততো যুদ্ধং সমভবৎ তুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরথ-দ্বিপম্ ॥ ৫
মুক্তাস্তু রথিভির্বাণা রুক্মপুঙ্খাঃ সুতেজসঃ।
সন্নিপেতুরকুণ্ঠাগ্রা নাগেষু চ হয়েষু চ ॥ ৬
তথা প্রবৃত্তে সংগ্রামে ধনুরুদ্যম্য দংশিতঃ।
অভিপত্য মহাবাহুর্ভীষ্মো ভীমপরাক্রমঃ ॥ ৭
সৌভদ্রে ভীমসেনে চ সাত্যকৌ চ মহারথে।
কৈকেয়ে চ বিরাটে চ ধৃষ্টদ্যুম্নে চ পার্ষতে ॥ ৮

দ্বিপঞ্চাশত্তম অধ্যায়।

[ভীষ্ম ও অর্জুনের যুদ্ধবর্ণন।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! এইরূপে আমার ও পাণ্ডবগণের সৈন্যদিগের ব্যূহ রচনা সম্পূর্ণ হইলে সেই শ্রেষ্ঠ যোদ্ধারা কিভাবে পরস্পর যুদ্ধ আরম্ভ করিলেন? ১

সঞ্জয় বলিলেন,—(পাণ্ডবগণের সহিত আপনার পুত্ররা যেভাবে যুদ্ধ করিয়াছিলেন, তাহা শ্রবণ করুন।) যখন সকল সৈন্যের ব্যূহরচনা শেষ হইল, তখন সমস্ত সৈন্য একত্র হইয়া এক মহাসাগরের ন্যায় মনে হইতে লাগিল। সেই সময় চারিদিকে রথ প্রভৃতিতে বহু বহু সুন্দর ধ্বজ উড়িতেছিল। তাহা দেখিয়া সৈন্যগণের মধ্যে দণ্ডায়মান আপনার পুত্র দুর্য্যোধন আপনার সকল যোদ্ধাকেই এই কথা বলিলেন—কবচধারী বীরগণ! যুদ্ধ আরম্ভ করুন ॥ ২-৩

তখন তাঁহারা সকলে মনকে কঠোর করিয়া প্রাণের মোহ ত্যাগ করত উচ্চ ধ্বজলক্ষিত পাণ্ডবগণের উপর আক্রমণ করিলেন ॥ ৪

তখন আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের রোমাঞ্চকারী ঘোরতর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল। সেই সময় উভয়পক্ষের রথ ও হস্তী পরস্পরের প্রতি যুদ্ধে সংসক্ত হইল ॥ ৫

রথী বীরগণকর্তৃক নিক্ষিপ্ত স্বর্ণময় পক্ষভূষিত তেজস্বী বাণসমূহ কোথাও কুণ্ঠিত (বাধাপ্রাপ্ত) না হইয়া হস্তী ও অশ্ব সকলের মধ্যে পড়িতে লাগিল ॥ ৬

এইভাবে যুদ্ধ আরম্ভ হইয়া যাইলে পর ভয়ঙ্কর পরাক্রমী ও কুরুকুলের প্রভাবশালী বৃদ্ধ পিতামহ মহাবাহু ভীষ্ম ধনু উত্তোলিত করিয়া কবচ বন্ধনকরত সহসা অগ্রসর হইলেন এবং অভিমন্যু,

এতেষু নরবীরেষু চেদি-মৎস্যেষু চাভিভূঃ।
ববর্ষ শরবর্ষাণি বৃদ্ধঃ কুরুপিতামহঃ ॥ ৯

অভিদ্যত ততো ব্যূহস্তস্মিন্ বীরসমাগমে।
সর্বেষামেব সৈন্যানামাসীদ্ ব্যতিকরো মহান্ ॥ ১০

সাদিনো ধ্বজিনশ্চৈব হতাঃ প্রবরবাজিনঃ।
বিপ্রদ্রুতরথানীকাঃ সমপদ্যন্ত পাণ্ডবাঃ ॥ ১১

অর্জুনস্তু নরব্যাঘ্রো দৃষ্ট্বা ভীষ্মং মহারথম্।
বার্ষ্ণেয়মব্রবীদ্ ক্রুদ্ধো যাহি যত্র পিতামহঃ ॥ ১২

এষ ভীষ্মঃ সুসংক্রুদ্ধো বার্ষ্ণেয় মম বাহিনীম্।
নাশয়িষ্যতি সুব্যক্তং দুর্য্যোধনহিতে রতঃ ॥ ১৩

এষ দ্রোণঃ কৃপঃ শল্যো বিকর্ণশ্চ জনার্দন।
ধার্তরাষ্ট্রাশ্চ সহিতা দুর্য্যোধনপুরোগমাঃ ॥ ১৪

পাঞ্চালান্ নিহনিষ্যন্তি রক্ষিতা দৃঢ়ধন্বনা।
সোঽহং ভীষ্মং বধিষ্যামি সৈন্যহেতোর্জনার্দন ॥ ১৫

তমব্রবীদ্ বাসুদেবো যত্তো ভব ধনঞ্জয়।
এষ ত্বাং প্রাপয়িষ্যামি পিতামহরথং প্রতি ॥ ১৬

এবমুক্ত্বা ততঃ শৌরী রথং তং লোকবিশ্রুতম্।
প্রাপয়ামাস ভীষ্মস্য রথং প্রতি জনেশ্বর ॥ ১৭

চলদ্বহুপতাকেন বলাকাবর্ণবাজিনা।
সমুচ্ছ্রিতমহাভীমনদদ্বানরকেতুনা ॥ ১৮

মহতা মেঘনাদেন রথেনামিততেজসা।
বিনিঘ্নন্ কৌরবানীকং শূরসেনাংশ্চ পাণ্ডবঃ ॥ ১৯

প্রায়াচ্ছরণদঃ শীঘ্রং সুহৃদাং হর্ষবর্ধনঃ।
তমাপতন্তং বেগেন প্রভিন্নমিব বারণম্ ॥ ২০

ত্রাসয়ন্তং রণে শূরান্ মর্দয়ন্তঞ্চ সায়কৈঃ।
সৈন্ধবপ্রমুখৈর্গুপ্তঃ প্রাচ্যসৌবীর-কেকয়ৈঃ ॥ ২১

সহসা প্রত্যুদীয়ায় ভীষ্মঃ শান্তনবোঽর্জুনম্।
কো হি গাণ্ডীবধন্বানমন্যঃ কুরুপিতামহাৎ ॥ ২২

দ্রোণ-বৈকর্তনাভ্যাং বা রথী সংযাতুমর্হতি।
ততো ভীষ্মো মহারাজ সর্বলোকমহারথঃ ॥ ২৩

ভীমসেন, মহারথী সাত্যকি, কেকয়, বিরাট ও দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন—এই সব নরবীরগণের উপর এবং চেদি ও মৎস্যদেশীয় সৈন্যের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ৭-৯

বীরগণের এই সঙ্ঘর্ষে সৈন্যদিগের ব্যূহ ভাঙ্গিয়া পড়িল ও সকল সৈন্যেরা পরস্পর যুদ্ধ করিতে করিতে গভীরভাবে মিশিয়া যাইল ॥ ১০

বহু অশ্বারোহী, ধ্বজধারী সৈনিক ও উত্তম অশ্ব নিহত হইল। পাণ্ডবগণের রথসৈন্যেরা পলাইতে লাগিল ॥ ১১

তখন নরশ্রেষ্ঠ অর্জুন মহারথ ভীষ্মকে দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণকে ক্রোধসহকারে বলিলেন,—বার্ষ্ণেয়! (বৃষ্ণিবংশোৎপন্ন কৃষ্ণ!) যেখানে পিতামহ ভীষ্ম আছেন, সেইস্থানে চলুন। তাহা না হইলে ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নিশ্চয়ই আমার সকল সৈন্যকে বিনাশ করিয়া ফেলিবেন; কারণ, তিনি বর্তমানে দুর্য্যোধনের হিতে নিরত আছেন ॥ ১২-১৩

জনার্দন! সুদৃঢ় ধনুর্ধারণকারী ভীষ্মকর্তৃক সুরক্ষিত এই দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, শল্য, বিকর্ণ ও দুর্য্যোধনাদি সকল ধৃতরাষ্ট্র-পুত্রগণ মিলিত হইয়া পাঞ্চালযোদ্ধাদিগকে সংহার করিয়া ফেলিবেন। অতএব সৈন্যদিগের রক্ষার জন্য সেই আমি ভীষ্মকে বধ করিব ॥ ১৪-১৫

তখন ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—ধনঞ্জয়! তুমি সাবধান হও। আমি তোমাকে ভীষ্মের রথের নিকট উপস্থিত করিয়া দিতেছি।

জনেশ্বর! এই কথা বলিয়া শ্রীকৃষ্ণ সেই বিশ্ববিখ্যাত রথকে ভীষ্মের রথের সমীপে লইয়া গেলেন ॥ ১৬-১৭

ঐ রথে বহু পতাকা সঞ্চালিত হইতেছিল। উহাতে বক-শ্রেণীর ন্যায় চারিটি শ্বেতবর্ণের অশ্ব যোজিত ছিল। ইহার অত্যন্ত উচ্চে অবস্থিত ধ্বজের উপরে এক বানর ভয়ঙ্কর গর্জন করিতেছিল। এই রথের চক্রধারার ঘর্ঘরশব্দ মেঘের গর্জনসদৃশ গম্ভীর এবং ঐ রথ অত্যন্ত তেজ (কান্তি)-সম্পন্ন ছিল। এই বিশাল রথে আরোহণ করিয়া সকলের শরণদাতা ও সুহৃদ্গণের আনন্দবর্দ্ধন পাণ্ডুনন্দন অর্জুন কৌরবসেনা ও শূরসেনদেশীয় যোদ্ধা-দিগকে বধ করিতে করিতে অতি দ্রুত ভীষ্মের নিকটে উপস্থিত হইলেন।

মদধারাবাহী গজরাজের তুল্য তাঁহাকে বেগে আসিতে এবং রণাঙ্গনে সায়কসমূহে বীর যোদ্ধাদিগকে মর্দ্দন করত তাহাদিগকে ভয়ভীত করিতে দেখিয়া জয়দ্রথ প্রভৃতি নৃপগণ এবং পূর্ব্বদেশ, সৌবীর রাজ্য ও কেকয়প্রদেশের যোদ্ধাবর্গে সুরক্ষিত শান্তনুনন্দন ভীষ্ম সহসা অর্জুনের দিকে অগ্রসর হইলেন ॥

মহারাজ! কুরুকুলের পিতামহ ভীষ্ম, দ্রোণাচার্য্য ও কর্ণ

অর্জুনং সপ্তসপ্তত্যা নারাচানাং সমাচিনোৎ।
দ্রোণশ্চ পঞ্চবিংশত্যা কৃপঃ পঞ্চাশতা শরৈঃ ॥২৪
দুর্য্যোধনশ্চতুঃষষ্ট্যা শল্যশ্চ নবভিঃ শরৈঃ।
সৈন্ধবো নবভিশ্চৈব শকুনিশ্চাপি পঞ্চভিঃ ॥ ২৫
বিকর্ণো দশভির্ভল্লৈ রাজন্ বিব্যাধ পাণ্ডবম্।
স তৈর্বিদ্ধো মহেষ্বাসঃ সমন্তান্নিশিতৈঃ শরৈঃ ॥ ২৬
ন বিব্যথে মহাবাহুর্ভিদ্যমান ইবাচলঃ।
স ভীষ্মং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নবভিঃ শরৈঃ ॥ ২৭
দ্রোণং ষষ্ট্যা নরব্যাঘ্রো বিকর্ণঞ্চ ত্রিভিঃ শরৈঃ।
শল্যঞ্চৈব ত্রিভির্বাণৈ রাজানঞ্চৈব পঞ্চভিঃ ॥ ২৮
প্রত্যবিধ্যদমেয়াত্মা কিরীটী ভরতর্ষভ।
তং সাত্যকির্বিরাটশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ২৯
দ্রৌপদেয়াঽভিমন্যুশ্চ পরিবব্রুর্ধনঞ্জয়ম্।
ততো দ্রোণং মহেষ্বাসং গাঙ্গেয়স্য প্রিয়ে রতম্ ॥ ৩০
অভ্যবর্ত্তত পাঞ্চাল্যঃ সংযুক্তঃ সহ সোমকৈঃ।
ভীষ্মস্তু রথিনাং শ্রেষ্ঠো রাজন্ বিব্যাধ পাণ্ডবম্ ॥ ৩১
অশীত্যা নিশিতৈর্বাণৈস্ততোঽক্রোশন্ত তাবকাঃ।
তেষাং তু নিনদং শ্রুত্বা সহিতানাং প্রহৃষ্টবৎ ॥ ৩২
প্রবিবেশ ততো মধ্যং নরসিংহঃ প্রতাপবান্।
তেষাং মহারথানাং স মধ্যং প্রাপ্য ধনঞ্জয়ম্ ॥ ৩৩
চিক্রীড় ধনুষা রাজঁল্লক্ষ্যং কৃত্বা মহারথান্।
ততো দুর্যোধনো রাজা ভীষ্মমাহ জনেশ্বরঃ ॥ ৩৪
পীড্যমানং স্বকং সৈন্যং দৃষ্ট্বা পার্থেন সংযুগে।
এষ পাণ্ডুসুতস্তাত কৃষ্ণেন সহিতো বলী ॥ ৩৫
যততাং সর্বসৈন্যানাং মূলং নঃ পরিকৃন্ততি।
ত্বয়ি জীবতি গাঙ্গেয় দ্রোণে চ রথিনাং বরে ॥ ৩৬
ত্বৎকৃতে চৈব কর্ণোঽপি ন্যস্তশস্ত্রো বিশাম্পতে।
ন যুধ্যতি রণে পার্থং হিতকামঃ সদা মম ॥ ৩৭
স তথা কুরু গাঙ্গেয় যথা হন্যেত ফাল্গুনঃ।
এবমুক্তস্ততো রাজন্ পিতা দেবব্রতস্তব ॥ ৩৮

ব্যতীত এরূপ কোন বীর আছেন যে, গাণ্ডীবধারী অর্জুনের সম্মুখে যুদ্ধ করিতে সমর্থ হন।

মহারাজ! তারপর সমগ্র বিশ্বে বিখ্যাত মহারথী দ্রোণ অর্জুনের উপর সাতাত্তরটি বাণ নিক্ষেপ করিলেন। এইরূপ দ্রোণাচার্য্য পঁচিশ, কৃপাচার্য্য পঞ্চাশ, দুর্য্যোধন চৌষট্টি, শল্য নয়, জয়দ্রথ নয়, শকুনি পাঁচটি বাণ এবং বিকর্ণ দশটি ভল্ল অস্ত্রে অর্জুনকে বিদ্ধ করিলেন ॥

এই সমস্ত তীক্ষ্ণবাণে চারিদিক্ হইতে বিদ্ধ হইয়াও মহাধনুর্দ্ধর মহাবাহু অর্জুন ব্যথিত হইলেন না, পরন্তু তিনি বাণবিদ্ধ পর্ব্বতের ন্যায় স্থিরভাবে অবস্থান করিতে লাগিলেন ॥

ভরতশ্রেষ্ঠ! তারপর অপরিমিত আত্মবলসম্পন্ন কিরীটধারী পুরুষশ্রেষ্ঠ অর্জুন ভীষ্মকে পঁচিশ, কৃপাচার্য্যকে নয়, দ্রোণকে ষাট্, বিকর্ণকে তিন, শল্যকে তিন এবং দুর্য্যোধনকে পাঁচ বাণে প্রতিবিদ্ধ করিলেন ॥

সেই সময় সাত্যকি, বিরাট, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পাঁচ পুত্র ও অভিমন্যু—ইঁহারা সকলে অর্জুনকে রক্ষা করিবার জন্য তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥

তারপর গঙ্গানন্দন ভীষ্মের প্রিয়কার্য্যে নিরত মহাধনুর্দ্ধর দ্রোণাচার্য্যের উপর সোমকগণের সহিত ধৃষ্টদ্যুম্ন আক্রমণ করিলেন ॥

রাজন্! তখন রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম পাণ্ডুনন্দন অর্জুনকে আশীটি ধারাল বাণে বিদ্ধ করিলেন। ইহা দেখিয়া আপনার সৈন্যবাহিনী হর্ষে কোলাহল করিতে লাগিল ॥

সেই সব কৌরবগণের হর্ষধ্বনি শ্রবণ করিয়া প্রতাপশালী পুরুষশ্রেষ্ঠ অর্জুন কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন। রাজন্! সেই মহারথী বীরগণের মধ্যে প্রবেশ করিয়া অর্জুন তাঁহাদের সকলকে স্বীয় বাণের লক্ষ্য করত ক্রীড়া করিতে লাগিলেন। তখন প্রজাপালক রাজা দুর্য্যোধন অর্জুনকর্ত্তৃক যুদ্ধে স্বীয় সৈন্যগণকে পীড়িত হইতে দেখিয়া ভীষ্মকে বলিলেন ॥

তাত! এই পাণ্ডুপুত্র বলবান্ অর্জুন শ্রীকৃষ্ণের সহিত আসিয়া সর্ব্বপ্রকারে যুদ্ধে যত্নপরায়ণ আমাদের সকল সৈন্যের মূলোচ্ছেদ করিতেছে। গঙ্গানন্দন! আপনি এবং রথিগণের মধ্যে শ্রেষ্ঠ দ্রোণাচার্য্য জীবিত থাকিতেও আমার সৈন্যগণ নিহত হইতেছে। ১৮-৩৬

প্রজানাথ! আপনার জন্যই কর্ণ অস্ত্র ত্যাগ করিয়াছে এবং সে রণাঙ্গনে অর্জুনের সহিত যুদ্ধ করিতেছে না। কর্ণ সর্ব্বদাই আমার হিতাকাঙ্ক্ষী। ৩৭

গঙ্গানন্দন! আপনি এরূপ প্রযত্ন করুন, যাহাতে অর্জুন নিহত হয়। রাজন্! দুর্য্যোধন এই কথা বলিলে আপনার

ধিক্ ক্ষাত্রং ধর্মমিত্যুক্ত্বা প্রায়াৎ পার্থরথং প্রতি।
উভৌ শ্বেতহয়ৌ রাজন্ সংসক্তৌ প্রেক্ষ্য পার্থিবাঃ ॥ ৩৯
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ মারিষ।
দ্রৌণির্দুর্য্যোধনশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজঃ ॥ ৪০
পরিবার্য্য রণে ভীষ্মং স্থিতা যুদ্ধায় মারিষ।
তথৈব পাণ্ডবাঃ সর্বে পরিবার্য্য ধনঞ্জয়ম্ ॥ ৪১
স্থিতা যুদ্ধায় মহতে ততো যুদ্ধমবর্তত।
গাঙ্গেয়স্তু রণে পার্থমানর্চ্ছন্নবভিঃ শরৈঃ ॥ ৪২
তমর্জুনঃ প্রত্যবিধ্যদ্ দশভির্মর্মভেদিভিঃ।
ততঃ শরসহস্রেণ সুপ্রযুক্তেন পাণ্ডবঃ ॥ ৪৩
অর্জুনঃ সমরশ্লাঘী ভীষ্মস্যাবারয়দ্ দিশঃ।
শরজালং ততস্তং তু শরজালেন মারিষ ॥ ৪৪
বারয়ামাস পার্থস্য ভীষ্মঃ শান্তনবস্তদা।
উভৌ পরমসংহৃষ্টাবুভৌ যুদ্ধাভিনন্দিনৌ ॥ ৪৫
নির্বিশেষমযুধ্যেতাং কৃতপ্রতিকৃতৈষিণৌ।
ভীষ্মচাপবিমুক্তানি শরজালানি সঙ্ঘশঃ ॥ ৪৬
শীর্য্যমাণান্যদৃশ্যন্ত ভিন্নান্যর্জুনসায়কৈঃ।
তথৈবার্জুনমুক্তানি শরজালানি সর্বশঃ ॥ ৪৭
গাঙ্গেয়শরনুন্নানি প্রাপতন্ত মহীতলে।
অর্জুনঃ পঞ্চবিংশত্যা ভীষ্মমার্চ্ছচ্ছিতৈঃ শরৈঃ ॥ ৪৮
ভীষ্মোঽপি সমরে পার্থং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ।
অন্যোন্যস্য হয়ান্ বিদ্ধ্বা ধ্বজৌ চ সুমহাবলৌ ॥ ৪৯
রথেষাং রথচক্রে চ চিক্রীড়তুররিন্দমৌ।
ততঃ ক্রুদ্ধো মহারাজ ভীষ্মঃ প্রহরতাং বরঃ ॥ ৫০
বাসুদেবং ত্রিভির্বাণৈরাজঘান স্তনান্তরে।
ভীষ্মচাপচ্যুতৈস্তৈস্তু নির্বিদ্ধো মধুসূদনঃ ॥ ৫১
বিররাজ রণে রাজন্ সপুষ্প ইব কিংশুকঃ।
ততোঽর্জুনো ভৃশং ক্রুদ্ধো নির্বিদ্ধং প্রেক্ষ্য মাধবম্ ॥৫২
সারথিং কুরুবৃদ্ধস্য নির্বিভেদ শিতৈঃ শরৈঃ।
যতমানৌ তু তৌ বীরাবন্যোন্যস্য বধং প্রতি ॥ ৫৩

পিতৃতুল্য ভীষ্ম 'ক্ষত্রিয় ধর্মকে ধিক্' এই কথা বলিয়া অর্জুনের রথের দিকে গমন করিলেন ॥

মহারাজ! তখন উভয়েরই রথে শ্বেতবর্ণের অশ্ব যোজিত ছিল। আর্য্য! ইঁহাদের উভয়কে পরস্পর যুদ্ধে মিলিত হইতে দেখিয়া সকল রাজাই উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে ও শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥

আর্য্য! সেই সময় দ্রোণপুত্র অশ্বত্থামা, দুর্য্যোধন ও আপনার পুত্র বিকর্ণ ইঁহারা সকলে রণাঙ্গনে ভীষ্মকে ঘিরিয়া যুদ্ধ করিবার জন্য অবস্থান করিতে লাগিলেন ॥

এইরূপ সমস্ত পাণ্ডবও অর্জুনকে চারিদিকে ঘিরিয়া মহাযুদ্ধের জন্য প্রস্তুত থাকিলেন, সুতরাং তখন উভয় পক্ষের মধ্যে যুদ্ধ বাধিয়া যাইল ॥

গঙ্গানন্দন ভীষ্ম সেই রণাঙ্গনে নয়টি বাণে অর্জুনকে তীব্রভাবে আঘাত করিলেন। তখন অর্জুনও তাঁহাকে দশটি মর্মভেদী বাণে প্রতিবিদ্ধ করিলেন ॥

তারপর সমরশ্লাঘী পাণ্ডুনন্দন অর্জুন উত্তমরূপে প্রযুক্ত এক হাজার বাণে ভীষ্মকে সর্বদিক্ দিয়া রুদ্ধ করিয়া দিলেন ॥

মাননীয় রাজন্! তখন শান্তনুনন্দন ভীষ্ম অর্জুনের এই বাণসমূহ নিবারণ করিলেন ॥

এই দুই বীরই তখন অত্যন্ত হৃষ্ট ছিলেন এবং যুদ্ধকে অভিনন্দন করিতেছিলেন। উভয়েই উভয়ের কৃত বাণপ্রহারের প্রতীকার করিতে করিতে সমানভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥

ভীষ্মের ধনু হইতে নিক্ষিপ্ত বাণজাল অর্জুনের বাণজালে ছিন্নভিন্ন হইয়া এদিকে ওদিকে পড়িতে লাগিল ॥

এইরূপ অর্জুনেরও ধনু হইতে মুক্ত বাণসমূহ ভীষ্মের বাণসমূহে খণ্ড খণ্ড হইয়া ভূতলের চারিদিকে পতিত হইল ॥

অর্জুন পঁচিশটি তীক্ষ্ণ বাণে ভীষ্মকে পীড়িত করিলেন; সেইরূপ ভীষ্মও স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে অর্জুনকে বিদ্ধ করিলেন ॥

এই দুই শত্রুদমন বীর মহাবলশালী ছিলেন। অতএব উভয়েই উভয়ের অশ্ব, রথের ঈষাদণ্ড ও চক্রকে বাণবিদ্ধ করিয়া ক্রীড়া করিতে লাগিলেন ॥

মহারাজ! তারপর প্রহারকারীদিগের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম ক্রুদ্ধ হইয়া তিনটি বাণে ভগবান্ শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥

রাজন্! তখন ভীষ্মের ধনু হইতে নির্গত সেই বাণে বিদ্ধ হইয়া ভগবান্ মধুসূদন রণাঙ্গনে রক্তরঞ্জিত অবস্থায় বিকসিত পলাশবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥

শ্রীকৃষ্ণকে আহত হইতে দেখিয়া অর্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন এবং তিনি তীক্ষ্ণ বাণসমূহে কুরুকুলবৃদ্ধ ভীষ্মের সারথিকে বিদীর্ণ করিয়া ফেলিলেন ॥

এইভাবে সেই সময় এই দুই বীর পরস্পরকে বধ করিবার জন্য বহু চেষ্টা করিলেন, তথাপি তাঁহারা রণাঙ্গনে পরস্পরকে অভিসন্ধান (প্রাণনাশী বাণপ্রহার) করিতে সফল হইলেন না ॥

ন শক্তৌ তাং তদান্যোন্যমভিসন্ধাতুমাহবে।
তৌ মণ্ডলানি চিত্রাণি গতা প্রত্যাগতানি চ ॥ ৫৪
অদর্শয়েতাং বহুধা সূতসামর্থ্যলাঘবাৎ।
অন্তরঞ্চ প্রহারেষু তর্কয়ন্তৌ পরস্পরম্ ॥ ৫৫
রাজন্নন্তরমার্গস্থৌ স্থিতাবাস্তাং মুহুর্মুহুঃ।
উভৌ সিংহরবোন্মিশ্রং শঙ্খশব্দঞ্চ চক্রতুঃ ॥ ৫৬
তথৈব চাপনির্ঘোষং চক্রতুস্তৌ মহারথৌ।
তয়োঃ শঙ্খনিনাদেন রথনেমিস্বনেন চ ॥ ৫৭
দারিতা সহসা ভূমিশ্চকম্পে চ ননাদ চ।
নোভয়োরন্তরং কশ্চিদ্ দদৃশে ভরতর্ষভ ॥ ৫৮
বালনৌ যুদ্ধত্বধ্বাবন্যোন্যসদৃশাবুভৌ।
চিহ্নমাত্রেণ ভীষ্মং তু প্রজজ্ঞুস্তত্র কৌরবাঃ ॥ ৫৯
তথা পাণ্ডুসুতাঃ পার্থং চিহ্নমাত্রেণ জজ্ঞিরে।
তয়োর্নৃবরয়োর্দৃষ্ট্বা তাদৃশং তং পরাক্রমম্ ॥ ৬০
বিস্ময়ং সর্বভূতানি জগ্মুর্ভারত সংযুগে।
ন তয়োর্বিবরং কশ্চিদ্ রণে পশ্যতি ভারত ॥ ৬১
ধর্মে স্থিতস্য হি যথা ন কশ্চিদ্ বৃজিনং ক্বচিৎ।
উভৌ চ শরজালেন তাবদৃশ্যৌ বভূবতুঃ ॥ ৬২
প্রকাশৌ চ পুনস্তূর্ণং বভূবতুরুভৌ রণে।
তত্র দেবাঃ সগন্ধর্বাশ্চারণাশ্চর্ষিভিঃ সহ ॥ ৬৩
অন্যোন্যং প্রত্যভাষন্ত তয়োর্দৃষ্ট্বা পরাক্রমম্।
ন শক্যৌ যুধি সংরব্ধৌ জেতুমেতৌ কথঞ্চন ॥ ৬৪
সদেবাসুর-গন্ধর্বৈর্লোকৈরপি মহারথৌ।
আশ্চর্য্য-ভূতং লোকেষু যুদ্ধমেতন্মহাদ্ভুতম্ ॥ ৬৫
নৈতাদৃশানি যুদ্ধানি ভবিষ্যন্তি কথঞ্চন।
ন হি শক্যো রণে জেতুং ভীষ্মঃ পার্থেন ধীমতা ॥ ৬৬
সধনুঃ সরথঃ সাশ্বঃ প্রবপন্ সায়কান্ রণে।
তথৈব পাণ্ডবং যুদ্ধে দেবৈরপি দুরাসদম্ ॥ ৬৭
ন বিজেতুং রণে ভীষ্ম উৎসহেত ধনুর্ধরম্।
আলোকাদপি যুদ্ধং হি সমমেতদ্ ভবিষ্যতি ॥ ৬৮

ইঁহারা উভয়ে সারথির শক্তি ও শীঘ্রতার জন্য নানাপ্রকার বিচিত্র মণ্ডল, অগ্রগমন ও পশ্চাদপসরণ প্রভৃতি বহুপ্রকার যুদ্ধাবস্থা দেখাইতে লাগিলেন ॥

রাজন্! উভয়ই উভয়কে প্রহার করিবার জন্য সুযোগ অন্বেষণ করত সর্ব্বদা সতর্ক ছিলেন। তখন তাঁহারা পুনঃ পুনঃ সুযোগসন্ধানেই সংলগ্ন রহিলেন ॥

এই দুই মহারথী বীর সিংহনাদমিশ্রিত শঙ্খধ্বনি করিতে লাগিলেন এবং সেইভাবে ধনুষ্টঙ্কারও করিতে লাগিলেন ॥

তাঁহাদের শঙ্খধ্বনি ও রথচক্রের ঘর্ঘর শব্দে পৃথিবী যেন সহসা বিদীর্ণ হইয়া কাঁপিতে কাঁপিতে আর্ত্তনাদ করিতে লাগিলেন ॥

ভরতশ্রেষ্ঠ! এই দুই বীর বলবান্, যুদ্ধে দুর্জ্জয় ও পরস্পরের অনুরূপ ছিলেন। অতএব সুযোগের সন্ধান করিতে থাকিলেও কেহই কাহারও কোনরূপ ছিদ্র পাইলেন না ॥

সেই কৌরবগণ ভীষ্মের তালধ্বজাদি চিহ্নেই ভীষ্মকে জানিতে পারিতে ছিলেন। এইরূপ পাণ্ডবেরাও কপিধ্বজাদি চিহ্নেই অর্জ্জুনকে জানিতে পারিয়াছিলেন ॥

ভারত! সেই সংগ্রামে এই দুই শ্রেষ্ঠ পুরুষের এতাদৃশ পরাক্রম দেখিয়া সমস্ত প্রাণীই বিস্মিত হইয়া পড়িল ॥

ভরতনন্দন! যেরূপ কোন ধর্ম্মনিষ্ঠ পুরুষের মধ্যে কোথাও কোনরূপ কেহ পাপ দেখিতে পায় না, সেইরূপ রণক্ষেত্রে এই দুই যোদ্ধার মধ্যে কেহই কোন ছিদ্র দেখিতে পাইল না ॥

উভয়েই সংগ্রামস্থলে পরস্পরের বাণসমূহে আচ্ছাদিত হইয়া অদৃশ্য হইতে লাগিলেন এবং পরে উহা ছিন্ন-ভিন্ন করিয়া আবার প্রকাশিত হইয়াও যাইতেন ॥

সেখানে সমাগত দেবতা, গন্ধর্ব্ব, চারণ ও মহর্ষিগণ এই দুই বীরের পরাক্রম দেখিয়া পরস্পর আলোচনা করিতে লাগিলেন যে, এই দুই মহারথী বীর যুদ্ধে অতিশয় রুষ্ট হইয়া গিয়াছেন; অতএব দেবতা, অসুর ও গন্ধর্ব্বগণের সহিত সম্পূর্ণ লোকসমূহও ইঁহাদিগকে জয় করিতে পারিবেন না ॥

এই অত্যন্ত অদ্ভুত যুদ্ধ সকল লোকেরই অতিশয় আশ্চর্য্যজনক ঘটনা। ভবিষ্যতেও এইরূপ যুদ্ধ হইবার কোনরূপ সম্ভাবনাই নাই। বুদ্ধিমান্ পার্থ রণভূমিতে ভীষ্মকে কখনই জয় করিতে সমর্থ হইবে না; কারণ, ইনি সমরাঙ্গণে রথ, অশ্ব ও ধনুসহ উপস্থিত থাকিয়া বাণসমূহরূপ বীজ বপন করিতেছেন বলিয়া প্রতীত হইতেছেন ॥

এইরূপ ভীষ্মও যুদ্ধে দেবগণের পক্ষেও দুর্জ্জয় গাণ্ডীবধারী পাণ্ডুনন্দন অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হইবেন না। যদি ইঁহারা উভয়ে যুদ্ধই করিতে থাকেন, তবে যে পর্য্যন্ত এই জগৎ বর্ত্তমান থাকিবে, সেই পর্য্যন্ত এই দুইজনের যুদ্ধ সমাভাবে চলিতে থাকিবে ॥ ৫৭-৬৮

ইতি স্ম বাচোঽশ্রূয়ন্ত প্রোচ্চরন্ত্যস্ততস্ততঃ।
গাঙ্গেয়ার্জুনয়োঃ সংখ্যে স্তবযুক্তা বিশাম্পতে॥ ৬৯
ত্বদীয়াস্তু তদা যোধাঃ পাণ্ডবেয়াশ্চ ভারত।
অন্যোন্যং সমরে জঘ্নুস্তয়োস্তত্র পরাক্রমে॥ ৭০
শিতধারৈস্তথা খড়্গৈর্বিমলৈশ্চ পরশ্বধৈঃ।
শরৈরন্যৈশ্চ বহুভিঃ শস্ত্রৈর্নানাবিধৈরপি॥ ৭১

প্রজানাথ! এইরূপে রণাঙ্গনে ভীষ্ম ও অর্জুনের স্তুতিপ্রশংসা-যুক্ত বহু বাক্য এদিকে ওদিকে লোকগণের মুখ হইতে নির্গত হইতেছে শুনা যাইল॥ ৬৯

ভারত! সেই সময় যুদ্ধে এই দুই বীরের পরাক্রমপ্রকাশের সময়ে আপনার ও পাণ্ডবপক্ষের অন্যান্য যোদ্ধারাও পরস্পরকে বধ করিতে লাগিল॥ ৭০

উভয়োঃ সেনয়োঃ শূরাঃ ন্যকৃন্তন্ত পরস্পরম্।
বর্তমানে তথা ঘোরে তস্মিন্ যুদ্ধে সুদারুণে।
দ্রোণ-পাঞ্চাল্যয়ো রাজন্ মহানাসীৎ সমাগমঃ॥ ৭২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভীষ্মার্জুনযুদ্ধে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥ ৫২

তীক্ষ্ণ ধারাল খড়্গ, চক্চকে পরশু, অন্য বহুবিধ বাণ এবং আরও অন্যপ্রকার অস্ত্রের দ্বারা উভয় পক্ষের বীর সৈন্যরা পরস্পরকে নিহত করিতে লাগিল॥ ৭১

রাজন্! যখন একদিকে এরূপ ভয়ানক ও অত্যন্ত দারুণ যুদ্ধ চলিতেছে, তখন অন্যদিকেও দ্রোণাচার্য্য এবং ধৃষ্টদ্যুম্ন ভয়ঙ্কর সংগ্রামে নিরত হইয়া পড়িলেন॥ ৭২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্ম ও অর্জুনের যুদ্ধবিষয়ক দ্বিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[ধৃষ্টদ্যুম্ন-দ্রোণাচার্য্যয়োর্যুদ্ধম্।]

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং দ্রোণো মহেষ্বাসঃ পাঞ্চাল্যশ্চাপি পার্ষতঃ।
উভৌ সমীয়তুর্যত্তৌ তন্মমাচক্ষ্ব সঞ্জয়॥ ১
দিষ্টমেব পরং মন্যে পৌরুষাদিতি মে মতিঃ।
যত্র শান্তনবো ভীষ্মো নাতরদ্ যুধি পাণ্ডবম্॥২
ভীষ্মো হি সমরে ক্রুদ্ধো হন্যাল্লোকাংশ্চরাচরান্।
স কথং পাণ্ডবং যুদ্ধে নাতরদ সঞ্জয়ৌজসা॥ ৩

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

[ধৃষ্টদ্যুম্ন ও দ্রোণাচার্য্যের যুদ্ধ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! মহাধনুর্দ্ধর দ্রোণাচার্য্য ও দ্রুপদ-পুত্র ধৃষ্টদ্যুম্ন এই দুই বীর কিরূপ প্রচেষ্টা চালাইয়া পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন, উহা আমাকে বল॥ ১

আমি ত' পুরুষার্থ হইতে ভাগ্যকেই অধিক প্রবলরূপে মনে করি এবং তাহারই উপর বিশ্বাস করি; যাহার জন্য শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে পাণ্ডুপুত্র অর্জুন হইতে নিস্তার পান নাই॥ ২

সঞ্জয়! যদি ভীষ্ম রণাঙ্গনে কুপিত হন, তবে চরাচর প্রাণী-সহিত সম্পূর্ণ লোকসমূহকে বিনাশ করিতে পারেন। তখন তিনি কেন স্বীয় পরাক্রমে যুদ্ধে পাণ্ডুনন্দন অর্জুন হইতে উত্তীর্ণ হইতে পারিলেন না? ৩

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্ স্থিরো ভূত্বা যুদ্ধমেতৎ সুদারুণম্।
ন শক্যাঃ পাণ্ডবা জেতুং দেবৈরপি সবাসবৈঃ॥ ৪
দ্রোণস্তু নিশিতৈর্বাণৈর্ধৃষ্টদ্যুম্নমবিধ্যত।
সারথিং চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ॥ ৫
তথাশ্বস্য চতুরো বাহাংশ্চতুর্ভিঃ সায়কোত্তমৈঃ।
পীড়য়ামাস সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নস্য মারিষ॥ ৬

সঞ্জয় বলিলেন,—রাজন্! পাণ্ডবগণকে ইন্দ্রসহ সকল দেবতারাও জয় করিতে সমর্থ নন্। এখন আপনি এই অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধের বৃত্তান্ত স্থির হইয়া শ্রবণ করুন॥ ৪

দ্রোণাচার্য্য নিজের তীক্ষ্ণ বাণসমূহে ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিতে লাগিলেন এবং তাঁহার সারথিকে ভল্লাস্ত্রে নিহত করিয়া রথে তাহার আসন হইতে নিম্নে পাতিত করিলেন॥ ৫

আর্য্য! অত্যন্ত ক্রুদ্ধ দ্রোণাচার্য্য চারিটি উত্তম সায়কে (বাণে) ধৃষ্টদ্যুম্নের চারিটি অশ্বকেও গুরুতর পীড়িত করিলেন॥ ৬

ধৃষ্টদ্যুম্নস্ততো দ্রোণং নবত্যা নিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ প্রহসন্ বীরস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ৭
ততঃ পুনরমেয়াত্মা ভারদ্বাজঃ প্রতাপবান্।
শরৈঃ প্রচ্ছাদয়ামাস ধৃষ্টদ্যুম্নমমর্ষণম্ ॥ ৮
আদদে চ শরং ঘোরং পার্ষতান্তচিকীর্ষয়া।
শক্রাশনিসমস্পর্শং কালদণ্ডমিবাপরম্ ॥ ৯
হাহাকারো মহানাসীৎ সর্বসৈন্যেষু ভারত।
তমিষুং সন্ধিতং দৃষ্ট্বা ভারদ্বাজেন সংযুগে ॥ ১০
তত্রাদ্ভুতমপশ্যাম ধৃষ্টদ্যুম্নস্য পৌরুষম্।
যদেকঃ সমরে বীরস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥ ১১
তঞ্চ দীপ্তং শরং ঘোরমায়ান্তং মৃত্যুমাত্মনঃ।
চিচ্ছেদ শরবৃষ্টিঞ্চ ভারদ্বাজে মুমোচ হ ॥ ১২
তত উচ্চুক্রুশুঃ সর্বে পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ধৃষ্টদ্যুম্নেন তৎ কর্ম কৃতং দৃষ্ট্বা সুদুষ্করম্ ॥ ১৩

ততঃ শক্তিং মহাবেগাং স্বর্ণবৈদূর্য্যভূষিতাম্।
দ্রোণস্য নিধনাকাঙ্ক্ষী চিক্ষেপ স পরাক্রমী ॥১৪
তামাপতন্তীং সহসা শক্তিং কনকভূষিতাম্।
ত্রিধা চিচ্ছেদ সমরে ভারদ্বাজো হসন্নিব ॥ ১৫
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
ববর্ষ শরবর্ষাণি দ্রোণং প্রতি জনেশ্বর ॥ ১৬
শরবর্ষং ততস্তৎ তু সন্নিবার্য্য মহাযশাঃ।
দ্রোণো দ্রুপদপুত্রস্য মধ্যে চিচ্ছেদ কার্মুকম্ ॥ ১৭
স ছিন্নধন্বা সমরে গদাং গুর্বীং মহাযশাঃ।
দ্রোণায় প্রেষয়ামাস গিরিসারময়ীং বলী ॥ ১৮
সা গদা বেগবন্মুক্তা প্রায়াদ্ দ্রোণজিঘাংসয়া।
তত্রাদ্ভুতমপশ্যাম ভারদ্বাজস্য বিক্রমম্ ॥ ১৯
লাঘবাদ্ ব্যংসয়ামাস গদাং হেমবিভূষিতাম্।
ব্যংসয়িত্বা গদাং তাঞ্চ প্রেষয়ামাস পার্ষতম্ ॥ ২০

তখন ধৃষ্টদ্যুম্ন হাস্য করিতে করিতে নব্বইটি তীক্ষ্ণধারাল বাণে দ্রোণাচার্য্যকে বিদ্ধ করিলেন এবং বলিলেন—দাঁড়াও, দাঁড়াও ॥ ৭

তারপর অপরিমিত আত্মবলসম্পন্ন প্রতাপশালী দ্রোণাচার্য্য পুনরায় অমর্ষশীল ধৃষ্টদ্যুম্নকে স্বীয় বাণজালে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৮

তদনন্তর ধৃষ্টদ্যুম্নকে বধ করিবার উদ্দেশ্যে দ্বিতীয় কালদণ্ডতুল্য একটি ভয়ঙ্কর বাণ হাতে লইলেন, যাহার স্পর্শ ইন্দ্রের বজ্রসদৃশ কঠোর ছিল ॥ ৯

ভরতনন্দন! যুদ্ধে ভরদ্বাজবংশধর দ্রোণাচার্য্য কর্তৃক সেই বাণ সংযোজিত হইতে দেখিয়া পাণ্ডবগণের সকল সৈন্যবাহিনীর মধ্যে মহা হাহাকার পড়িয়া গেল ॥ ১০

সেই সময় আমি সেখানে ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত পরাক্রম দেখিলাম। সেই বীর সমরাঙ্গণে একাকীই পর্ব্বততুল্য অবিচলভাবে দাঁড়াইয়া রহিলেন ॥ ১১

নিজের মৃত্যুস্বরূপ ভয়ঙ্কর তেজস্বী সেই বাণকে আসিতে দেখিয়া ধৃষ্টদ্যুম্ন তৎক্ষণাৎ তাহাকে ছিন্ন করিয়া ফেলিলেন এবং দ্রোণাচার্য্যের উপর বাণবর্ষণ আরম্ভ করিলেন ॥ ১২

ধৃষ্টদ্যুম্নকৃত সেই অত্যন্ত দুষ্কর কর্ম্ম দেখিয়া পাণ্ডবগণসহ সমস্ত পাঞ্চালবীরগণ হর্ষে কোলাহল করিতে লাগিলেন ॥ ১৩

তারপর দ্রোণাচার্য্যের প্রাণনাশক পরাক্রমশালী বীর ধৃষ্টদ্যুম্ন তাঁহার উপর স্বর্ণ ও বৈদূর্য্যমণিভূষিত একটি শক্তি নিক্ষেপ করিলেন ॥ ১৪

সেই স্বর্ণভূষিত শক্তিকে সহসা আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য সমরভূমিতে যেন হাস্য করিতে করিতেই তিন খণ্ড করিয়া দিলেন ॥ ১৫

জনেশ্বর! স্বীয় শক্তিকে নষ্ট হইতে দেখিয়া প্রতাপী ধৃষ্টদ্যুম্ন দ্রোণাচার্য্যের উপর পুনরায় বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন ॥ ১৬

তখন মহাযশস্বী দ্রোণাচার্য্য সেই বাণবর্ষণ নিবারণ করিয়া দ্রুপদপুত্রের ধনুর মধ্যভাগ ছেদন করিয়া ফেলিলেন ॥ ১৭

ধনু ছিন্ন হইলে মহাযশস্বী বলবান্ ধৃষ্টদ্যুম্ন সমরভূমিতে দ্রোণাচার্য্যের উপর এক লৌহনির্ম্মিত ভারী গদা নিক্ষেপ করিলেন ॥ ১৮

দ্রোণাচার্য্যকে বধ করিবার ইচ্ছায় বেগে নিক্ষিপ্ত সেই গদা দ্রুতগতিতে যাইতে লাগিল। কিন্তু সেই সময় আমরা দ্রোণাচার্য্যের অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥ ১৯

তিনি স্বীয় কৌশলে সেই স্বর্ণভূষিত গদাকে ব্যর্থ করিয়া দিলেন। এইভাবে সেই গদাকে নিষ্ফল করিয়া দিয়া দ্রোণাচার্য্য ধৃষ্টদ্যুম্নের উপর স্বর্ণময় পক্ষযুক্ত, অত্যন্ত তীক্ষ্ণ ধারাল ও ভয়ঙ্কর

ভল্লান্ সুনিশিতান্ পীতান্ রুক্মপুঙ্খান্ সুদারুণান্।
তে তস্য কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে ॥ ২১
অথান্যদ্ ধনুরাদায় ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
দ্রোণং যুধি পরাক্রম্য শরৈর্বিব্যাধ পঞ্চভিঃ ॥ ২২
রুধিরাক্তৌ ততস্তৌ তু শুশুভাতে নরর্ষভৌ।
বসন্তসময়ে রাজন্ পরাক্রম্য চমূমুখে।
দ্রোণো দ্রুপদপুত্রস্য পুনশ্চিচ্ছেদ কার্মুকম্ ॥ ২৪
অথৈনং ছিন্নধন্বানং শরৈঃ সন্নতপর্বভিঃ।
অভ্যবর্ষদমেয়াত্মা বৃষ্ট্যা মেঘ ইবাচলম্ ॥ ২৫
সারথিং চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ।
অথাস্য চতুরো বাহাংশ্চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ॥ ২৬
পাতয়ামাস সমরে সিংহনাদং ননাদ চ।
ততোঽপরেণ ভল্লেন হস্তাচ্চাপমথাচ্ছিনৎ ॥ ২৭
স ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ।
গদাপাণিরবারোহৎ খ্যাপয়ন্ পৌরুষং মহৎ ॥ ২৮

তামস্য বিশিখৈস্তূর্ণং পাতয়ামাস ভারত।
রথাদনবরূঢ়স্য তদদ্ভুতমিবাভবৎ ॥ ২৯
ততঃ স বিপুলং চর্ম শতচন্দ্রঞ্চ ভানুমৎ।
খড়্গঞ্চ বিপুলং দিব্যং প্রগৃহ্য সুভুজো বলী ॥ ৩০
অভিদুদ্রাব বেগেন দ্রোণস্য বধকাঙ্ক্ষয়া।
আমিষার্থী যথা সিংহো বনে মত্তমিব দ্বিপম্ ॥ ৩১
তত্রাদ্ভুতমপশ্যাম ভারদ্বাজস্য পৌরুষম্।
লাঘবং চাস্ত্রযোগঞ্চ বলং বাহ্বোশ্চ ভারত ॥ ৩২
যদেনং শরবর্ষেণ বারয়ামাস পার্ষতম্।
ন শশাক ততো গন্তুং বলবানপি সংযুগে ॥ ৩৩
নিবারিতস্তু দ্রোণেন ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
ন্যবারয়চ্ছরৌঘাংস্তাংশ্চর্মণা কৃতহস্তবৎ ॥ ৩৪
ততো ভীমো মহাবাহুঃ সহসাভ্যপতদ্ বলী।
সাহায্যকারী সমরে পার্ষতস্য মহাত্মনঃ ॥ ৩৫

ভল্লনামক বাণ সন্ধান করিলেন। সেই বাণ ধৃষ্টদ্যুম্নের কবচ ভেদ করিয়া রণস্থলে তাঁহার রক্ত পান করিতে লাগিল ॥ ২০-২১

তখন মহারথী ধৃষ্টদ্যুম্ন অপর ধনু লইয়া যুদ্ধে পরাক্রম পূর্ব্বক পাঁচটি বাণদ্বারা দ্রোণাচার্য্যকে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন ॥ ২২

রাজন্! সেই সময় এই দুই বীর রক্তাপ্লুত হইয়া বসন্ত ঋতুতে বিকসিত পলাশবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৩

রাজন্! তখন সৈন্যের অগ্রভাগে অবস্থান করত অমর্ষপূর্ণ দ্রোণাচার্য্য পরাক্রমপ্রকাশ করিয়া পুনরায় ধৃষ্টদ্যুম্নের ধনু ছেদন করিলেন ॥ ২৪

তারপর অপরিমিত আত্মবলসম্পন্ন দ্রোণাচার্য্য ধৃষ্টদ্যুম্নের ধনু ছিন্ন হইয়া যাইলে তাঁহার উপর আনতপর্ব্বযুক্ত বাণবর্ষণ আরম্ভ করিলেন, তখন মনে হইল মেঘ পর্ব্বতে বারিবর্ষণ করিতেছে ॥২৫

সেই সঙ্গে তিনি ভল্লাস্ত্রে ধৃষ্টদ্যুম্নের সারথিকে বিনাশ করিয়া রথের আসন হইতে ভূপাতিত করিলেন এবং চারিটি তীক্ষ্ণ বাণে তাঁহার চারিটি অশ্বকেও নিধন করিলেন। তারপর দ্রোণাচার্য্য সমরাঙ্গণে উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন। সেই সময় অপর এক ভল্লে ধৃষ্টদ্যুম্নের হাতে স্থিত দ্বিতীয় ধনুটিকেও ছেদন করিলেন ॥ ২৬-২৭

এইভাবে ধনু ছিন্ন হইলে এবং অশ্ব ও সারথি নিহত হইলে ধৃষ্টদ্যুম্ন হাতে গদা লইয়া রথ হইতে নামিতে চেষ্টা করিলেন।

ভারত! সেই সময়ে দ্রোণাচার্য্য অতিদ্রুত বাণ নিক্ষেপ করিয়া রথ হইতে নামিবার সময়েই তাঁহার হাত হইতে গদাটিকে বিচ্ছিন্ন করিয়া দিলেন। তখন ইহা এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল ॥ ২৮-২৯

অনন্তর সুন্দরবাহু বলবান্ বীর ধৃষ্টদ্যুম্ন চন্দ্রতুল্য শতকিরণে সুশোভিত, তেজস্বী ও বিস্তৃত চর্ম্ম (ঢাল) এবং দিব্য ও বিশাল খড়্গ হাতে লইয়া দ্রোণকে বধ করিবার ইচ্ছায় তাঁহার উপর সবেগে সেইরূপে আক্রমণ করিলেন, যেরূপ মাংসকামী সিংহ বনে কোন এক মদমত্ত হাতীর উপর ধাবিত হয় ॥ ৩০-৩১

ভারত! সেই সময় আমরা সেখানে দ্রোণাচার্য্যের অদ্ভুত হস্তনৈপুণ্য, অস্ত্রপ্রয়োগ, বাহুবল ও পুরুষার্থ প্রত্যক্ষ করিলাম ॥ ৩২

তিনি তখন স্বীয় বাণসমূহ বর্ষণ করিয়া দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্নের সহসা অগ্রগতি রুদ্ধ করিয়া দিলেন। অতএব তিনি বলবান্ হইয়াও যুদ্ধে দ্রোণাচার্য্যের নিকটে উপস্থিত হইতে পারিলেন না ॥ ৩৩

দ্রোণাচার্য্য কর্তৃক রুদ্ধ হইয়া মহারথী ধৃষ্টদ্যুম্ন সিদ্ধহস্ত বীর পুরুষের ন্যায় নিজের ঢালের সাহায্যেই তাঁহার বাণসমূহ নিবারণ করিতে লাগিলেন ॥ ৩৪

তখন বলবান্ বীর মহাবাহু ভীম সহসা সমরাঙ্গণে মহামনা ধৃষ্টদ্যুম্নকে সহায়তা করিবার জন্য আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৫

স দ্রোণং নিশিতৈর্বাণৈ রাজন্ বিব্যাধ সপ্তভিঃ।
পার্ষতঞ্চ রথং তূর্ণং স্বকমারোহৎ তদা ॥ ৩৬
ততো দুর্য্যোধনো রাজন্ ভানুমন্তমচোদয়ৎ।
সৈন্যেন মহতা যুক্তং ভারদ্বাজস্য রক্ষণে ॥ ৩৭
ততঃ সা মহতী সেনা কলিঙ্গানাং জনেশ্বর।
ভীমমভ্যুদ্যযৌ তূর্ণং তব পুত্রস্য শাসনাৎ ॥ ৩৮
পাঞ্চাল্যমথ সন্ত্যজ্য দ্রোণোঽপি রথিনাং বরঃ।
বিরাট-দ্রুপদৌ বৃদ্ধৌ বারয়ামাস সংযুগে ॥ ৩৯
ধৃষ্টদ্যুম্নোঽপি সমরে ধর্ম্মরাজানমভ্যয়াৎ।
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ॥ ৪০
কলিঙ্গানাঞ্চ সমরে ভীমস্য চ মহাত্মনঃ।
জগতঃ প্রক্ষয়করং ঘোররূপং ভয়াবহম্ ॥ ৪১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি ধৃষ্টদ্যুম্ন-দ্রোণযুদ্ধে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৩

রাজন্! তিনি সাতটি তীক্ষ্ণ বাণে দ্রোণাচার্য্যকে বিদ্ধ করিলেন এবং দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্নকে অতি সত্বর নিজ রথে তুলিয়া লইলেন ॥ ৩৬

মহারাজ! তখন দুর্য্যোধন বিশাল সৈন্যবাহিনীসহ ভানুমান্কে দ্রোণাচার্য্যের রক্ষায় নিযুক্ত করিলেন ॥ ৩৭

জনেশ্বর! সেই সময় আপনার পুত্রের আজ্ঞায় কলিঙ্গদেশীয় বীরগণের সেই বিশাল সৈন্য অতিক্রান্ত ভীমসেনের নিকটে আসিয়া উপস্থিত হইল ॥ ৩৮

তখন রথিগণের মধ্যে শ্রেষ্ঠ দ্রোণাচার্য্যও ধৃষ্টদ্যুম্নকে ত্যাগ করিয়া যুদ্ধস্থলে বিরাট ও দ্রুপদ এই দুই বৃদ্ধ নরপতিকে অগ্রগমনে বাধা দিলেন ॥ ৩৯

এদিকে ধৃষ্টদ্যুম্নও সেই রণাঙ্গনে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের নিকটে চলিয়া গেলেন। তারপর সমরস্থলে কলিঙ্গদেশীয় যোদ্ধাদিগের ও মহামনস্বী ভীমসেনের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর ও রোমাঞ্চকারী যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধ সম্পূর্ণ জগতের বিনাশকর ঘোরস্বরূপ ও মহাভয়প্রদ ছিল ॥ ৪০-৪১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ধৃষ্টদ্যুম্ন ও দ্রোণাচার্য্যের যুদ্ধবিষয়ক ত্রিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[কলিঙ্গৈর্নিষাদৈশ্চ সহ ভীমসেনস্য যুদ্ধম্, ভীমসেনেন শক্রদেব-ভানুমৎ-কেতুমতাং বিনাশঃ, তেষাং সৈন্যানাং সংহারশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রতিসমাদিষ্টঃ কালিঙ্গো বাহিনীপতিঃ।
কথমদ্ভুতকর্ম্মাণং ভীমসেনং মহাবলম্ ॥ ১
চরন্তং গদয়া বীরং দণ্ডহস্তমিবান্তকম্।
যোধয়ামাস সমরে কালিঙ্গঃ সহ সেনয়া ॥ ২

সঞ্জয় উবাচ।

পুত্রেণ তব রাজেন্দ্র স তথোক্তো মহাবলঃ।
মহত্যা সেনয়া গুপ্তঃ প্রায়াদ্ ভীমরথং প্রতি ॥ ৩
তামাপতন্তীং মহতীং কলিঙ্গানাং মহাচমূম্।
রথাশ্ব-নাগকলিলাং প্রগৃহীতমহায়ুধাম্ ॥ ৪

চতুঃপঞ্চাশত্তম অধ্যায়।

[কলিঙ্গ ও নিষাদগণের সহিত ভীমসেনের যুদ্ধ, ভীমসেন কর্ত্তৃক শক্রদেব, ভানুমান্ ও কেতুমানের বিনাশ এবং তাঁহাদের বহু সৈন্য সংহার।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! দুর্য্যোধনের সেরূপ আজ্ঞা পাইয়া সেনাপতি কলিঙ্গরাজ অদ্ভুত পরাক্রমশালী মহাবল ভীমসেনের সহিত কিভাবে যুদ্ধ করিলেন? ১

বীরবর ভীমসেন যখন হাতে গদা লইয়া বিচরণ করিতে থাকে, তখন তাহাকে দণ্ডধারী যমরাজের ন্যায় মনে হয়। তাহার সহিত সৈন্যসহ কলিঙ্গরাজ কিরূপে যুদ্ধ করিলেন? ২

সঞ্জয় বলিলেন,—রাজেন্দ্র! আপনার পুত্রের পূর্ব্বোক্ত আদেশ পাইয়া স্বীয় বিশাল সৈন্যবাহিনী দ্বারা সুরক্ষিত মহাবল কলিঙ্গরাজ ভীমসেনের রথের নিকট উপস্থিত হইলেন। ৩

ভারত! রথ, অশ্ব, হস্তী ও পদাতিক বাহিনীতে পূর্ণ কলিঙ্গরাজের সেই বিশাল সৈন্যবাহিনীকে হস্তে বড় বড় অস্ত্রসমূহ ধারণ করত আসিতে দেখিয়া চেদিদেশীয় সৈন্যগণের সহিত

ভীমসেনঃ কলিঙ্গানামার্চ্ছদ্ ভারত বাহিনীম্।
কেতুমন্তঞ্চ নৈষাদিমায়ান্তং সহ চেদিভিঃ ॥ ৫
ততঃ শ্রুতায়ুঃ সংক্রুদ্ধো রাজ্ঞা কেতুমতা সহ।
আসসাদ রণে ভীমং ব্যূঢানীকেষু চেদিষু ॥ ৬
রথৈরনেকসাহস্রৈঃ কলিঙ্গানাং নরাধিপ।
অযুতেন গজানাঞ্চ নিষাদৈঃ সহ কেতুমান্ ॥ ৭
ভীমসেনং রণে রাজন্ সমন্তাৎ পর্য্যবারয়ৎ।
চেদি-মৎস্য-করূষাশ্চ ভীমসেনপদানুগাঃ ॥ ৮
অভ্যধাবন্ত সমরে নিষাদান্ সহ রাজভিঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়াবহম্ ॥ ৯
ন প্রাজানন্ত যোধাঃ স্বান্ পরস্পরজিঘাংসয়া।
ঘোরমাসীৎ ততো যুদ্ধং ভীমস্য সহসা পরৈঃ ॥ ১০
যথেন্দ্রস্য মহারাজ মহত্যা দৈত্যসেনয়া।
তস্য সৈন্যস্য সংগ্রামে যুধ্যমানস্য ভারত ॥ ১১
বভূব সুমহান্ শব্দঃ সাগরস্যেব গর্জতঃ।
অন্যোন্যং স্ম তদা যোধা বিকর্ষন্তো বিশাম্পতে ॥ ১২
মহীং চক্রুশ্চিতাং সর্বাং শশলোহিতসন্নিভাম্।
যোধাংশ্চ স্বান্ পরান্ বাপি নাভ্যজানন্ জিঘাংসয়া ॥১৩
স্বানপ্যাদদতে স্বাশ্চ শূরাঃ পরমদুর্জয়াঃ।
বিমর্দঃ সুমহানাসীদল্পানাং বহুভিঃ সহ ॥ ১৪
কলিঙ্গৈঃ সহ চেদীনাং নিষাদৈশ্চ বিশাম্পতে।
কৃত্বা পুরুষকারং তু যথাশক্তি মহাবলাঃ ॥ ১৫
ভীমসেনং পরিত্যজ্য সংন্যবর্তন্ত চেদয়ঃ।
সর্বৈঃ কলিঙ্গৈরাসন্নঃ সংনিবৃত্তেষু চেদিষু ॥ ১৬
স্ববাহুবলমাস্থায় ন ন্যবর্তত পাণ্ডবঃ।
ন চচাল রথোপস্থাদ্ ভীমসেনো মহাবলঃ ॥ ১৭
শিতৈরবাকিরদ্ বাণৈঃ কলিঙ্গানাং বরূথিনীম্।
কালিঙ্গস্তু মহেষ্বাসঃ পুত্রশ্চাস্য মহারথঃ ॥ ১৮

ভীমসেন তাহাদিগকে পীড়িত করিতে লাগিলেন এবং সেই সঙ্গে যুদ্ধের জন্য আগত নিষাদরাজ কেতুমান্কেও বাণ বিদ্ধ করিলেন। ৪-৫

তখন রাজা কেতুমানের সহিত অত্যন্ত ক্রুদ্ধ শ্রুতায়ুও ভীমসেনের সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন। সেই সময়ে চেদিদেশীয় সৈন্যগণ ব্যূহবদ্ধভাবে দাঁড়াইয়া ছিল। ৬

নরশ্বের! কলিঙ্গদেশের কয়েক সহস্র রথ ও দশ হাজার হস্তী এবং নিষাদদিগের সহিত কেতুমান্ সেই রণাঙ্গনে ভীমসেনকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন।

তখন ভীমসেনের পদাঙ্ক অনুসরণকারী চেদি, মৎস্য ও করূষদেশের ক্ষত্রিয়গণ সমরাঙ্গণে নিষাদ ও তাহাদের নৃপগণের উপর আক্রমণ করিলেন। তখন উভয়পক্ষের মধ্যে ঘোরতর ও ভয়াবহ যুদ্ধ আরম্ভ হইল। ৭-৯

মহারাজ! সেই সময় পরস্পরকে বধ করিবার ইচ্ছা রাখিয়া সকল যোদ্ধাই নিজের ও শত্রুর কাহাকেও চিনিতে পারিল না। শত্রুদিগের সহিত ভীমসেনের এই যুদ্ধ সহসা তাদৃশ ভয়ঙ্কর হইয়া উঠিল, যেরূপ বিশাল দৈত্যসৈন্যের সহিত দেবরাজ ইন্দ্রের ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল।

হে ভারত! সংগ্রামস্থলে যুদ্ধরত সেই কলিঙ্গ-সৈন্যগণের মহাকোলাহল সমুদ্র গর্জনের ন্যায় মনে হইতেছিল।

রাজন্! সেই সময় সকল যোদ্ধা ছিন্ন-ভিন্ন হইয়া পরস্পর পরস্পরকে আকর্ষণ করিতে করিতে সমগ্র রণভূমি রক্তরঞ্জিত শবদেহে পূর্ণ করিয়া দিলেন। সেই ভূমি তখন শশের (খরগোশের) রক্তের ন্যায় রক্তবর্ণ হইয়া উঠিল।

পরম দুর্জয় শূরসৈনিকগণ শত্রুসৈন্যকে বধ করিবার ইচ্ছায় তখন এমন উন্মত্ত হইয়া গিয়াছিল যে, নিজের ও পরের সৈন্য বিষয়ে কিছুই তাহাদের বোধ ছিল না। তাহারা নিজেরা নিজেরাই বহুবার নিজেদের সৈন্যগণকেই বধ করিবার জন্য ধরিয়া ফেলিয়াছিল।

রাজন্! এইরূপে সেখানে বহুসংখ্যক কলিঙ্গ ও নিষাদগণের সহিত অল্পসংখ্যক চেদিদেশীয় সৈন্যবাহিনীর অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল।

মহাবল চেদিসৈন্যরা যথাশক্তি পুরুষার্থ দেখাইয়া ভীমসেনকে পরিত্যাগ করত নিবর্তিত হইল।

চেদিদেশীয় সৈন্যগণ নিবর্তিত হইলে সমস্ত কলিঙ্গ-সৈন্যরা ভীমসেনের নিকট উপস্থিত হইল। তখন পাণ্ডুনন্দন মহাবল ভীমসেন নিজের বাহুবলের উপর ভরসা করিয়া পশ্চাদপসরণ করিলেন না এবং রথের উপর বসিয়া অল্পও বিচলিত হইলেন না। ১০-১৭

তিনি কলিঙ্গসৈন্যের উপর তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। মহাধনুর্দ্ধর কলিঙ্গরাজ ও তাঁহার মহারথ পুত্র

শক্রদেবো ইতি খ্যাতো জঘ্নতুঃ পাণ্ডবং শরৈঃ।
ততো ভীমো মহাবাহুর্বিধুন্বন্ রুচিরং ধনুঃ ॥ ১৯
যোধয়ামাস কালিঙ্গং স্ববাহুবলমাশ্রিতঃ।
শক্রদেবস্তু সমরে বিসৃজন্ সায়কান্ বহূন্ ॥ ২০
অশ্বান্ জঘান সমরে ভীমসেনস্য সায়কৈঃ।
তং দৃষ্ট্বা বিরথং তত্র ভীমসেনমরিন্দমম্ ॥ ২১
শক্রদেবোঽভিদুদ্রাব শরৈরবকিরন্ শিতৈঃ।
ভীমস্যোপরি রাজেন্দ্র শক্রদেবো মহাবলঃ ॥ ২২
ববর্ষ শরবর্ষাণি তপান্তে জলদো যথা।
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ ভীমসেনো মহাবলঃ ॥ ২৩
শক্রদেবায় চিক্ষেপ সর্বশৈক্যায়সীং গদাম্।
স তয়া নিহতো রাজন্ কালিঙ্গতনয়ো রথাৎ ॥ ২৪
সধ্বজঃ সহসূতেন জগাম ধরণীতলম্।
হতমাত্মসুতং দৃষ্ট্বা কলিঙ্গানাং জনাধিপঃ ॥ ২৫
রথৈরনেকসাহস্রৈর্ভীমস্যাবারয়দ্ দিশঃ।
ততো ভীমো মহাবেগাং ত্যক্ত্বা গুর্বীং মহাগদাম্ ॥২৬
নিস্ত্রিংশমাদদে ঘোরং চিকীর্ষুঃ কর্ম দারুণম্।
চর্ম চাপ্রতিমং রাজন্নার্ষভং পুরুষর্ষভ ॥ ২৭
নক্ষত্ৰৈরর্ধচন্দ্রৈশ্চ শাতকুম্ভময়ৈশ্চিতম্।
কালিঙ্গস্তু ততঃ ক্রুদ্ধো ধনুর্জ্যামবমৃজ্য চ ॥ ২৮
প্রগৃহ্য চ শরং ঘোরমেকং সর্পবিষোপমম্।
প্রাহিণোদ্ ভীমসেনায় বধাকাঙ্ক্ষী জনেশ্বরঃ ॥ ২৯
তমাপতন্তং বেগেন প্রেরিতং নিশিতং শরম্।
ভীমসেনো দ্বিধা রাজংশ্চিচ্ছেদ বিপুলাসিনা ॥ ৩০
উদক্রোশচ্চ সংহৃষ্টস্ত্রাসয়ানো বরূথিনীম্।
কালিঙ্গোঽথ ততঃ ক্রুদ্ধো ভীমসেনায় সংযুগে ॥ ৩১
তোমরান্ প্রাহিণোচ্ছীঘ্রং চতুর্দশ শিলাশিতান্।
তানপ্রাপ্তান্ মহাবাহুঃ স্বগতানেব পাণ্ডবঃ ॥ ৩২
চিচ্ছেদ সহসা রাজন্নসম্ভ্রান্তো বরাসিনা।
নিকৃত্য তু রণে ভীমস্তোমরান্ বৈ চতুর্দশ ॥ ৩৩

শক্রদেব উভয়ে মিলিয়া পাণ্ডুনন্দন ভীমসেনের উপর বাণপ্রহার করিতে আরম্ভ করিলেন ॥

তখন মহাবাহু ভীমসেন স্ববাহুবলের আশ্রয় করত সুন্দর ধনু টঙ্কারিত করিতে করিতে কলিঙ্গরাজের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥

শক্রদেব বহুসংখ্যক বাণ নিক্ষেপ করিয়া সেই অস্ত্রসমূহে ভীমসেনের অশ্বগুলিকে নিহত করিলেন

শত্রুদমন ভীমসেনকে সেখানে রথহীন দেখিয়া শক্রদেব তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে করিতে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥

রাজেন্দ্র! যেরূপ গ্রীষ্মকালের শেষে বর্ষাকালে জলবর্ষী মেঘ প্রভৃত জলরাশি বর্ষণ করে, সেইরূপ মহাবল শক্রদেব ভীমসেনের উপর বাণশ্রেণী বর্ষণ করিতে লাগিলেন ॥

যাহার অশ্ব নিহত হইয়াছে, সেই রথের উপরেই দাঁড়াইয়া মহাবলশালী ভীমসেন শক্রদেবকে লক্ষ্য করত সম্পূর্ণভাগ লৌহে নির্ম্মিত স্বীয় গদা নিক্ষেপ করিলেন ॥

রাজন্! সেই গদার আঘাতে কলিঙ্গরাজকুমার শক্রদেব প্রাণ হারাইয়া স্বীয় সারথি ও ধ্বজের সহিত রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥

নিজ পুত্রকে নিহত দেখিয়া কলিঙ্গরাজ শ্রুতায়ু বহু হাজার রথের দ্বারা ভীমসেনকে চারিদিক্ দিয়া রুদ্ধ করিয়া ফেলিলেন ॥

নরশ্রেষ্ঠ! তখন ভীমসেন অত্যন্ত বেগশালিনী ও গুরুতরা গদাকে সেখানে ত্যাগ করিয়া অতিশয় ভয়ঙ্কর কর্ম্ম করিবার ইচ্ছায় তরবারি গ্রহণ করিলেন এবং ঋষভের চর্ম্মনির্ম্মিত অনুপম একটি ঢাল লইলেন। রাজন্! এই ঢাল স্বর্ণময় নক্ষত্র ও অর্দ্ধচন্দ্রাকার স্ফুলিঙ্গ বিজড়িত ছিল ॥

এদিকে ক্রুদ্ধ কলিঙ্গরাজ ধনুর গুণকে ঘর্ষণ করিয়া সর্পবিষতুল্য ভয়ঙ্কর একটি বাণ গ্রহণ করত ভীমসেনের বধ কামনাপূর্ব্বক তাঁহার উপর নিক্ষেপ করিলেন ॥ ১৮-২৯

রাজন্! ভীমসেন নিজের বিশাল খড়্গের দ্বারা তাঁহার সবেগে চালিত তীক্ষ্ণ বাণকে দুইভাগে বিভক্ত করিয়া ফেলিলেন এবং কলিঙ্গদেশীয় সৈন্যবাহিনীকে সন্ত্রস্ত করিতে করিতে হৃষ্টান্তঃ-করণে উচ্চৈঃস্বরে সিংহনাদ করিলেন ॥

তখন কলিঙ্গরাজ রণাঙ্গনে অতিশয় কুপিত হইয়া ভীমসেনের উপর অতিক্রুত চৌদ্দটি তোমর নিক্ষেপ করিলেন, যাহাদিগকে পূর্ব্বে শিলাতে সান দিয়া তীক্ষ্ণ ধারাল করা হইয়াছিল ॥

রাজন্! সেই তোমরগুলি ভীমসেনের নিকট আসিবার পূর্ব্বেই মহাবাহু পাণ্ডুনন্দন ভীমসেন বিভ্রান্ত না হইয়া স্বীয় শ্রেষ্ঠ তরবারি দ্বারা সহসা আকাশেই সেগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥

ভানুমন্তং ততো ভীমঃ প্রাদ্রবৎ পুরুষর্ষভঃ।
ভানুমাংস্তু ততো ভীমং শরবর্ষেণ ছাদয়ন্ ॥ ৩২
ননাদ বলবন্নাদং নাদয়ানো নভস্তলম্।
ন চ তং মমৃষে ভীমঃ সিংহনাদং মহাহবে ॥ ৩৫
ততঃ শব্দেন মহতা বিননাদ মহাস্বনঃ।
তেন নাদেন বিত্রস্তা কলিঙ্গানাং বরূথিনী ॥ ৩৬
ন ভীমং সমরে মেনে মানুষং ভরতর্ষভ।
ততো ভীমো মহাবাহুর্নর্দিত্বা বিপুলং স্বনম্ ॥ ৩৭
সাসির্বেগবদাপ্লুত্য দন্তাভ্যাং বারণোত্তমম্।
আরুরোহ ততো মধ্যং নাগরাজস্য মারিষ ॥ ৩৮
ততো মুমোচ কালিঙ্গঃ শক্তিং তামকরোদ্ দ্বিধা।
খড়্গেন পৃথুনা মধ্যে ভানুমন্তমথাচ্ছিনৎ ॥ ৩৯
সোঽন্তরায়ুধিনং হত্বা রাজপুত্রমরিন্দমঃ।
গুরুং ভারসহং স্কন্ধে নাগস্যাসিমপাতয়ৎ ॥ ৪০

এইরূপে পুরুষশ্রেষ্ঠ ভীমসেন রণাঙ্গনে সেই চৌদ্দটি তোমরকে ছিন্ন করিয়া ভানুমানের প্রতি ধাবিত হইলেন ॥

ইহা দেখিয়া ভানুমান্ স্বীয় বাণবর্ষণ করত ভীমসেনকে আচ্ছাদিত করিয়া আকাশকে প্রতিধ্বনিত করিতে করিতে উচ্চৈঃস্বরে গর্জন করিতে লাগিলেন। ভীমসেন সেই মহাযুদ্ধে ভানুমানের উক্ত সিংহনাদ সহ্য করিতে পারিলেন না। ৩০-৩৫

তখন তিনি আরও অধিক উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন। তাঁহার এই গর্জনে কলিঙ্গদেশীয় সৈন্যবাহিনী ভীত হইয়া উঠিল ॥ ৩৬

ভরতশ্রেষ্ঠ! তখন কলিঙ্গসৈন্যরা যুদ্ধে ভীমসেনকে মনুষ্য নহে, দেবতা বলিয়া মনে করিতে লাগিল। আর্য্য! তদনন্তর মহাবাহু ভীমসেন উচ্চৈঃস্বরে গর্জন করিতে করিতে হাতে তরবারি লইয়া সবেগে লম্ফ প্রদান করত গজরাজের দন্তদ্বয়ের সাহায্যে তাহার মস্তকে আরোহণ করিলেন ॥ ৩৭-৩৮

এই অবসরে কলিঙ্গরাজকুমার ভানুমান্ তাঁহার উপর শক্তি-নিক্ষেপ করিলেন, কিন্তু ভীমসেন উহাকেও দ্বিখণ্ডিত করিয়া দিলেন এবং স্বীয় বিশাল খড়্গের দ্বারা ভানুমানের শরীরের মধ্যভাগ ছেদন করিয়া ফেলিলেন ॥ ৩৯

এইরূপে হাতীতে আরোহণ করত যুদ্ধরত কলিঙ্গরাজকুমার ভানুমান্‌কে নিহত করিয়া শত্রুদমন ভীমসেন ভার সহ্য

ছিন্নস্কন্ধঃ স বিনদন্ পপাত গজযূথপঃ।
আরুগ্ণঃ সিন্ধুবেগেন সানুমানিব পর্বতঃ ॥ ৪১
ততস্তস্মাদবপ্লুত্য গজাদ্ ভারত ভারতঃ।
খড়্গপাণিরদীনাত্মা তস্থৌ ভূমৌ সুদংশিতঃ ॥ ৪২
স চচার বহূন্ মার্গানভিতঃ পাতয়ন্ গজান্।
অগ্নিচক্রমিবাবিদ্ধং সর্বতঃ প্রত্যদৃশ্যত ॥ ৪৩
অশ্ববৃন্দেষু নাগেষু রথানীকেষু চাভিভূঃ।
পদাতীনাঞ্চ সঙ্ঘেষু বিনিঘ্নন্ শোণিতোক্ষিতঃ ॥ ৪৪
শ্যেনবদ্ ব্যচরদ্ ভীমো রণেঽরিষু বলোৎকটঃ।
ছিন্দংস্তেষাং শরীরাণি শিরাংসি চ মহাবলঃ ॥ ৪৫
খড়্গেন শিতধারেণ সংযুগে গজযোধিনাম্।
পদাতিরেকঃ সংক্রুদ্ধঃ শত্রূণাং ভয়বর্ধনঃ ॥ ৪৬
সম্মোহয়ামাস স তান্ কালান্তকযমোপমঃ।
মূঢাশ্চ তে তমেবাজৌ বিনদন্তঃ সমাদ্রবন্ ॥ ৪৭

করিতে সমর্থ স্বীয় বিশাল তরবারিকে সেই হস্তীর স্কন্ধের উপর পাতিত করিলেন ॥ ৪০

তাহাতে স্কন্ধ ছিন্ন হইয়া যাইলে গজযূথপতি তখন উৎকট চীৎকার করিতে করিতে সমুদ্রের বেগে ভগ্ন শিখরযুক্ত পর্ব্বতের ন্যায় ধরাশায়ী হইল ॥ ৪১

ভারত! তারপর কবচধারী, খড়্গপাণি, উদারহৃদয় ও ভরত-বংশধর ভীমসেন সেই হস্তী হইতে সহসা লাফাইয়া পড়িয়া ভূতলে দণ্ডায়মান হইলেন ॥ ৪২

অনন্তর তিনি উভয়দিকে হস্তিগণকে পাতিত করিতে করিতে নানা মার্গে বিচরণ করিতে লাগিলেন। সেই সময় ঘূর্ণি ও অলাতচক্রের ন্যায় তাঁহাকে চারিদিকেই দেখা যাইতে লাগিল ॥৪৩

শক্তিশালী ভীমসেন অশ্ব, হস্তী, রথ ও পদাতিক সৈন্যসকলের মধ্যে প্রবেশ করিয়া তাহাদিগকে বিনষ্ট করিতে লাগিলেন ॥ ৪৪

উৎকট বলশালী ও মহাশক্তিধর ভীমসেন শত্রুগণের মধ্যে প্রবেশ করত তাহাদের শরীর ও মস্তকসমূহ ছেদন করিতে করিতে বাজপক্ষীসদৃশ রণাঙ্গনে বিচরণ করিতে থাকিলেন ॥ ৪৫

সেই রণস্থলে গজারূঢ় হইয়া যুদ্ধরত যোদ্ধাদিগের মস্তকসমূহ স্বীয় তীক্ষ্ণ ধারাল তরবারির সাহায্যে ছেদন করিতে করিতে ভীমসেন একাকীই ক্রুদ্ধ হইয়া পদব্রজে বিচরণ করিতে এবং শত্রুদিগের ভয় বর্দ্ধিত করিতে লাগিলেন। কালান্তক যমতুল্য এই ভীম তখন সেই সৈন্যগণকে সম্মোহিত করিয়া ফেলিলেন

সাসিমুত্তমবেগেন বিচরন্তং মহারণে।
নিকৃত্য রথিনাং চাঙ্গৌ রথেষাশ্চ যুগানি চ ॥ ৪৮
জঘান রথিনশ্চাপি বলবান্ রিপুমর্দনঃ।
ভীমসেনশ্চরন্ মার্গান্ সুবহূন্ প্রত্যদৃশ্যত ॥ ৪৯
ভ্রান্তমাবিদ্ধমুদ্‌ভ্রান্তমাপ্লুতং প্রসৃতং প্লুতম্।
সম্পাতং সমুদীর্ণঞ্চ দর্শয়ামাস পাণ্ডবঃ ॥ ৫০
কেচিদগ্রাসিনা ছিন্নাঃ পাণ্ডবেন মহাত্মনা।
বিনেদুর্ভিন্নমর্মাণো নিপেতুশ্চ গতাসবঃ ॥ ৫১
ছিন্নদন্তাগ্রহস্তাশ্চ ভিন্নকুম্ভাস্তথা পরে।
বিযোধাঃ স্বান্যনীকানি জঘ্নুর্ভারত বারণাঃ ॥ ৫২
নিপেতুরুর্ব্যাঞ্চ তথা বিনদন্তো মহারবান্।
ছিন্নাংশ্চ তোমরান্ রাজন্ মহামাত্রশিরাংসি চ ॥ ৫৩

তখন মূঢ় সৈন্যরা গর্জন করিতে করিতে তাঁহারই নিকটে দৌড়াইয়া আসিতে লাগিল (এবং মৃত্যুবরণ করিল)। ভীমসেন হাতে তরবারি লইয়া সেই মহাসংগ্রামস্থলে দ্রুতবেগে বিচরণ করিতে লাগিলেন ॥

শক্রমর্দন বলশালী ভীমসেন যুদ্ধে রথারোহিগণের রথসমূহের ঈষাদণ্ড ও যুগ (জুয়াল)-সকল ছেদন করিয়া রথিগণকে সংহার করিতে লাগিলেন ॥

সেই সময় পাণ্ডুনন্দন ভীমসেনকে নানামার্গে বিচরণ করিতে দেখা যাইল। তিনি খড়্গযুদ্ধের ভ্রান্ত (তরবারিকে মণ্ডলাকারে ঘুরানর নাম ভ্রান্ত), আবিদ্ধ (উহা অধিক পরিশ্রমসাধ্য হইলে আবিদ্ধ বলা হয়), উদ্‌ভ্রান্ত (উর্দ্ধদিকে তরবারিকে ঘুরানর নাম উদ্‌ভ্রান্ত), আপ্লুত (তরবারি ঘুরাইতে ঘুরাইতে উপরে লাফাইয়া উঠার নাম—আপ্লুত), প্রসৃত (সর্ব্বদিকে তরবারির প্রক্ষেপের নাম—প্রসৃত), প্লুত (তরবারি ঘুরাইতে ঘুরাইতে অগ্রসর হওয়ার নাম—প্লুত), সম্পাত (তরবারির বেগকে সম্পাত বলা হয়) ও সমুদীর্ণ (শক্রদিগের উপর তরবারি প্রহার ও আঘাত করিবার উদ্যমকে বলা হয়—সমুদীর্ণ) প্রভৃতি নৈপুণ্য দেখাইতে লাগিলেন ॥ ৪৬-৫০

পাণ্ডুনন্দন মহাত্মা ভীমসেন শ্রেষ্ঠ তরবারির অগ্রভাগের আঘাতে বহু হাতীর অঙ্গ ছিন্ন ভিন্ন হইয়া যাইল, কাহারও মর্ম্মস্থান বিদীর্ণ হইল এবং তাহারা তখন উৎকট চীৎকার করিতে করিতে ভূতলে পতিত হইতে থাকিল ॥ ৫১

ভরতনন্দন! কোন কোন গজরাজের দন্ত ও শুণ্ডের অগ্রভাগ কাটিয়া যাইল এবং কাহারও আবার কুম্ভস্থল বিদীর্ণ হইয়া গেল। এই অবস্থায় তাহারা এদিক্ ওদিক্ যাইয়া উন্মত্ততাবশতঃ যুদ্ধরত নিজেদের বহু সৈন্যকে বিনষ্ট করিল এবং সেই সৈন্যরা তখন মহাশব্দে চীৎকার করিতে করিতে ভূতলে নিপতিত হইতে লাগিল ॥

পরিস্তোমান্ বিচিত্রাংশ্চ কক্ষ্যাশ্চ কনকোজ্জ্বলাঃ।
গ্রৈবেয়াণ্যথ শক্তীশ্চ পতাকাঃ কণপাংস্তথা ॥ ৫৪
তূণীরানথ যন্ত্রাণি বিচিত্রাণি ধনূংষি চ।
ভিন্দিপালানি শুভ্রাণি তোত্রাণি চাঙ্কুশৈঃ সহ ॥ ৫৫
ঘণ্টাশ্চ বিবিধা রাজন্ হেমগর্ভাংস্তরূনপি।
পততঃ পাতিতাংশ্চৈব পশ্যামঃ সহ সাদিভিঃ ॥ ৫৬
ছিন্নগাত্রাবরকরৈর্নিহতৈশ্চাপি বারণৈঃ।
আসীদ্ ভূমিঃ সমাস্তীর্ণা পতিতৈর্ভূধরৈরিব ॥ ৫৭
বিমৃদ্যৈবং মহানাগান্ মমর্দাশ্বান্ মহাবলঃ।
অশ্বারোহবরাংশ্চৈব পাতয়ামাস সংযুগে ॥ ৫৮
তদ্ ঘোরমভবদ্ যুদ্ধং তস্য তেষাঞ্চ ভারত।
খলীনান্যথ যোক্ত্রাণি কক্ষ্যাশ্চ কনকোজ্জ্বলাঃ ॥ ৫৯

রাজন্! আমরা সেখানে দেখিলাম—বহু তোমর ও হস্তিপকদিগের মস্তক ছিন্ন হইয়া পড়িয়া আছে, হস্তিগণের পৃষ্ঠের উপরে বিছান বিচিত্র বিচিত্র পাতনবস্ত্র পড়িয়া আছে। হস্তীদিগকে বন্ধন করিবার যোগ্য স্বর্ণভূষিত উজ্জ্বল রজ্জুসমূহ পতিত আছে, হস্তী ও অশ্বগণের গলদেশের আভরণ, শক্তি, পতাকা, কণপ (মুদ্গর), তূণ, বিচিত্র যন্ত্র, ধনু, শ্বেতবর্ণ ভিন্দীপাল, তোত্র (লাগাম), অঙ্কুশ, বিবিধ ঘণ্টা ও স্বর্ণত্রাণ খড়্গমুষ্টি—এই সব বস্তু আরোহীসহ পতনোন্মুখ এবং পতিত হইয়াছে ॥ ৫২-৫৬

কোথাও ছিন্ন হস্তিগণের শরীরের উর্দ্ধভাগ পড়িয়া আছে। কোথাও উহার অধোভাগ পড়িয়া আছে। কোথাও ছিন্ন শুণ্ড পতিত আছে, আবার কোথাও মৃত হাতীর দেহ পড়িয়া আছে। এই সবে আচ্ছাদিত সেই রণভূমি পর্ব্বতে আচ্ছাদিত বলিয়া মনে হইতে লাগিল ॥ ৫৭

ভারত! এইরূপে মহাবল ভীমসেন বহু গজরাজগণকে বিনষ্ট করিয়া অন্য আরও প্রাণীদিগকে মূর্চ্ছিত করিয়া ফেলিলেন। তিনি সমরাঙ্গণে বহু প্রধান অশ্বারোহীদিগকেও নিহত করিলেন। এই ভাবে ভীমসেন ও কলিঙ্গসৈন্যগণের সেই যুদ্ধ অত্যন্ত ঘোরতররূপ ধারণ করিল ॥

পরিস্তোমাশ্চ প্রাসাশ্চ ঋষ্টয়শ্চ মহাধনাঃ।
কবচাণ্যথ চর্মাণি চিত্রাণ্যাস্তরণানি চ ॥ ৬০
তত্র তত্রাপবিদ্ধানি ব্যদৃশ্যন্ত মহাহবে।
প্রাসৈর্খড়্গৈর্বিচিত্রৈশ্চ শস্ত্রৈশ্চ বিমলৈস্তথা ॥ ৬১
স চক্রে বসুধাং কীর্ণাং শবলৈঃ কুসুমৈরিব।
আপ্লুত্য রথিনঃ কাংশ্চিৎ পরামৃশ্য মহাবলঃ ॥ ৬২
পাতয়ামাস খড়্গেন সধ্বজানপি পাণ্ডবঃ।
মুহুরুৎপততো দিক্ষু ধাবতশ্চ যশস্বিনঃ ৬৩
মার্গাংশ্চ চরতশ্চিত্রং ব্যস্ময়ন্ত রণে জনাঃ।
স জঘান পদা কাংশ্চিদ্ ব্যাক্ষিপ্যান্যানপোথয়ৎ ॥ ৬৪
খড়্গেনান্যাংশ্চ চিচ্ছেদ নাদেনান্যাংশ্চ ভীষয়ন্।
উরুবেগেন চাপ্যন্যান্ পাতয়ামাস ভূতলে ॥ ৬৫
অপরে চৈনমালোক্য ভয়াৎ পঞ্চত্বমাগতাঃ।
এবং সা বহুলা সেনা কলিঙ্গানাং তরস্বিনাম্ ॥ ৬৬
পরিবার্য্য রণে ভীষ্মং ভীমসেনমুপাদ্রবৎ।
ততঃ কালিঙ্গসৈন্যানাং প্রমুখে ভরতর্ষভ ॥ ৬৭
শ্রুতায়ুষমভিপ্রেক্ষ্য ভীমসেনঃ সমভ্যয়াৎ।
তমায়ান্তমভিপ্রেক্ষ্য কালিঙ্গো নবভিঃ শরৈঃ ॥ ৬৮
ভীমসেনমমেয়াত্মা প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
কালিঙ্গবাণাভিহতস্তোত্রার্দিত ইব দ্বিপঃ ॥ ৬৯
ভীমসেনঃ প্রজজ্বাল ক্রোধেনাগ্নিরিবৈধিতঃ।
অথাশোকঃ সমাদায় রথং হেম-পরিষ্কৃতম্ ॥ ৭০
ভীমং সম্পাদয়ামাস রথেন রথসারথিঃ।
তমারুহ্য রথং তূর্ণং কৌন্তেয়ঃ শত্রুসূদনঃ ॥ ৭১
কালিঙ্গমভিদুদ্রাব তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ।
ততঃ শ্রুতায়ুর্বলবান্ ভীমায় নিশিতান্ শরান্ ॥ ৭২
প্রেষয়ামাস সংক্রুদ্ধো দর্শয়ন্ পাণিলাঘবম্।
স কার্মুকবরোৎসৃষ্টৈর্নবভির্নিশিতৈঃ শরৈঃ ॥ ৭৩
সমাহতো মহারাজ কালিঙ্গেন মহাত্মনা।
সঙ্কুক্রুশে ভৃশং ভীমো দণ্ডাহত ইবোরগঃ ॥ ৭৪

সেই মহাযুদ্ধে অশ্বগণের লাগাম, জোয়াল, স্বর্ণভূষিত উজ্জ্বল রজ্জু, পৃষ্ঠে বদ্ধ পরিস্তোম (পালক—গদী), প্রাস, বহুমূল্য ঋষ্টি, কবচ, ঢাল ও নানাপ্রকার বিচিত্র আস্তরণসমূহ এদিকে ওদিকে ছড়াইয়া আছে দেখা যাইল ॥

ভীমসেন বহু প্রাস, বিচিত্র খড়্গ ও চকচকে অস্ত্রসমূহে সেই-স্থান পূর্ণ করিয়া দিলেন। ইহাতে মনে হইল—সেই স্থান পুষ্পসমূহে আচ্ছাদিত আছে ॥

মহাবল পাণ্ডুনন্দন ভীমসেন লম্ফপ্রদান করত বহু রথীর নিকটেই যাইতে লাগিলেন এবং তাহাদিগকে ধ্বজার সহিত তরবারির সাহায্যে ছেদন করিয়া ভূপাতিত করিলেন।

তিনি পুনঃ পুনঃ লম্ফপ্রদান করিতে, চারিদিকে দৌড়াইতে এবং যুদ্ধের বিচিত্র নৈপুণ্য দেখাইতে দেখাইতে বিচরণ করিতে লাগিলেন। যশস্বী ভীমসেনের এই পরাক্রম দেখিয়া সকল মানুষই অত্যন্ত বিস্মিত হইয়া পড়িল।

তিনি বহু যোদ্ধাকে পদাঘাতে বধ করিলেন, কাহাদিগকে উপরে তুলিয়া সবেগে নিম্নে প্রোথিত করিয়া দিলেন, কাহাদিগকে তরবারিতে ছেদন করিলেন, অন্য সকল যোদ্ধাকে নিজের ভীষণ গর্জ্জনেই ভীত করিয়া ফেলিলেন এবং কত যোদ্ধাকে নিজের প্রবল বেগে ভূতলে পাতিত করিলেন ॥ ৫৮-৬৫

অপর অনেক যোদ্ধা ইঁহাকে দেখিয়াই ভয়ে পঞ্চত্ব (মৃত্যু) লাভ করিল। এইভাবে মৃত্যুবরণ করিতে থাকিলেও বেগশালী কলিঙ্গ বীরগণের সেই বিশাল বাহিনী রণক্ষেত্রে ভীষ্মকে রক্ষা করিবার জন্য তাঁহাকে চারিদিকে আবৃত করিয়া পুনরায় ভীমসেনের উপর ধাবিত হইল।

ভরতশ্রেষ্ঠ! কলিঙ্গসৈন্যের অগ্রভাগে শ্রুতায়ুকে দেখিয়া ভীমসেন তাঁহার দিকে অগ্রসর হইলেন।

তাঁহাকে আসিতে দেখিয়া অমিত আত্মবলসম্পন্ন কলিঙ্গরাজ শ্রুতায়ু ভীমসেনের বক্ষে নয়টি বাণে আঘাত করিলেন। কলিঙ্গরাজের বাণে আহত ভীমসেন তখন অঙ্কুশের প্রহারে পীড়িত হাতীর ন্যায় ক্রোধে ঘৃতাহুতি প্রাপ্ত অগ্নিতুল্য জ্বলিয়া উঠিলেন।

এই সময় ভীমসেনের রথ সারথি অশোক একটি স্বর্ণভূষিত রথ লইয়া ভীমসেনের নিকট উপস্থিত হইল এবং তাহাকে রথসম্পন্ন করিল ॥

শত্রুসূদন কুন্তীনন্দন ভীমসেন অতিক্রত সেই রথে আরোহণ করিয়া কলিঙ্গরাজ শ্রুতায়ুর অভিমুখে ধাবিত হইলেন এবং বলিতে লাগিলেন,—যুদ্ধে অবস্থান কর অবস্থান কর ॥

তখন বলবান্ শ্রুতায়ু কুপিত হইয়া হস্তের অস্ত্রচালনানৈপুণ্য দেখাইতে দেখাইতে তীক্ষ্ণ বাণসমূহ ভীমসেনের দিকে নিক্ষেপ করিতে লাগিলেন ॥

মহারাজ! মহাত্মা কলিঙ্গরাজ শ্রুতায়ুকর্তৃক শ্রেষ্ঠ ধনু হইতে নিক্ষিপ্ত নয়টি তীক্ষ্ণ বাণে আহত হইয়া ভীমসেন দণ্ডের দ্বারা আঘাতপ্রাপ্ত সর্পের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন ॥ ৬৬-৭৪

ক্রুদ্ধশ্চ চাপমায়ম্য বলবদ্ বলিনাং বরঃ।
কালিঙ্গমবধীৎ পার্থো ভীমঃ সপ্তভিরায়সৈঃ ॥ ৭৫
ক্ষুরাভ্যাং চক্ররক্ষৌ চ কালিঙ্গস্য মহাবলৌ।
সত্যদেবঞ্চ সত্যঞ্চ প্রাহিণোদ্ যমসাদনম্ ॥ ৭৬
ততঃ পুনরমেয়াত্মা নারাচৈর্নিশিতৈস্ত্রিভিঃ।
কেতুমন্তং রণে ভীমোঽগময়দ্ যমসাদনম্ ॥ ৭৭
ততঃ কলিঙ্গাঃ সংক্রুদ্ধা ভীমসেনমমর্ষণম্।
অনীকৈর্বহুসাহস্রৈঃ ক্ষত্রিয়াঃ সমবারয়ন্ ॥ ৭৮
ততঃ শক্তি-গদা-খড়্গ-তোমরর্ষ্টি-পরশ্বধৈঃ।
কলিঙ্গাশ্চ ততো রাজন্ ভীমসেনমবাকিরন্ ॥ ৭৯
সংনিবার্য্য স তাং ঘোরাং শরবৃষ্টিং সমুত্থিতাম্।
গদামাদায় তরসা সংনিপত্য মহাবলঃ ॥ ৮০
ভীমঃ সপ্ত শতান্ বীরাননয়দ্ যমসাদনম্।
পুনশ্চৈব দ্বিসাহস্রান্ কলিঙ্গানরিমর্দনঃ ॥ ৮১
প্রাহিণোন্মৃত্যুলোকায় তদদ্ভুতমিবাভবৎ।
এবং স তান্যনীকানি কলিঙ্গানাং পুনঃ পুনঃ ॥ ৮২
বিভেদ সমরে তূর্ণং প্রেক্ষ্য ভীষ্মং মহারথম্।
হতারোহাশ্চ মাতঙ্গাঃ পাণ্ডবেন কৃতা রণে ॥ ৮৩
বিপ্রজগ্মুরনীকেষু মেঘা বাতহতা ইব।
মৃদ্নন্তঃ স্বান্যনীকানি বিনদন্তঃ শরাতুরাঃ ॥ ৮৪
ততো ভীমো মহাবাহুঃ খড়্গহস্তো মহাভুজ।
সম্প্রহৃষ্টো মহাঘোষং শঙ্খং প্রাধ্মাপয়দ্ বলী ॥ ৮৫
সর্বকালিঙ্গ-সৈন্যানাং মনাংসি সমকম্পয়ৎ।
মোহশ্চাপি কলিঙ্গানামাবিবেশ পরন্তপ ॥ ৮৬
প্রাকম্পন্ত চ সৈন্যানি বাহনানি চ সর্বশঃ।
ভীমেন সমরে রাজন্ গজেন্দ্রেণেব সর্বশঃ ॥৮৭
মার্গান্ বহূন্ বিচরতা ধাবতা চ ততস্ততঃ।
মুহুরুৎপততা চৈব সম্মোহঃ সমপদ্যত ॥ ৮৮
ভীমসেনভয়ত্রস্তং সৈন্যঞ্চ সমকম্পয়ৎ।
ক্ষোভ্যমাণমসম্বাধং গ্রাহেণেব মহৎ সরঃ ॥ ৮৯
ত্রাসিতেষু চ সর্বেষু ভীমেনাদ্ভুতকর্মণা।
পুনরাবর্তমানেষু বিদ্রবৎসু চ সঙ্ঘশঃ ॥ ৯০

বলবান্দিগের মধ্যে শ্রেষ্ঠ কুন্তীপুত্র ভীমসেন ক্রুদ্ধ হইয়া স্বীয় সুদৃঢ় ধনুকে সবলে আকর্ষণ করত লৌহনির্ম্মিত সাতটি বাণে কলিঙ্গরাজ শ্রুতায়ুকে আহত করিলেন ॥ ৭৫

তারপর দুইটি ক্ষুরনামক বাণে কলিঙ্গরাজের চক্ররক্ষক মহাবল সত্যদেব ও সত্যকে যমলোকে পাঠাইলেন ॥ ৭৬

অনন্তর অমেয় আত্মবলসম্পন্ন ভীমসেন তিনটি তীক্ষ্ণ নারাচ দ্বারা রণক্ষেত্রে কেতুমান্‌কে নিহত করিয়া যমলোকে পাঠাইয়া দিলেন ॥ ৭৭

তখন কলিঙ্গদেশীয় সমস্ত ক্ষত্রিয়গণ কয়েক হাজার সৈন্যের সহিত আসিয়া যুদ্ধের জন্য উদ্যত অমর্ষশীল ভীমসেনের অগ্রগতি রুদ্ধ করিলেন। ৭৮

রাজন্! সেই সময় কলিঙ্গযোদ্ধারা ভীমসেনের উপর শক্তি, গদা, খড়্গ, তোমর, ঋষ্টি ও পরশু বর্ষণ করিতে লাগিল। ৭৯

সেই সমুত্থিত প্রচণ্ড বাণবর্ষণকে নিবারিত করিয়া মহাবল ভীমসেন হাতে গদা লইয়া সবেগে কলিঙ্গসৈন্যদের মধ্যে লাফাইয়া পড়িলেন। তারপর সেই সৈন্যবাহিনীর মধ্যে প্রবেশ করিয়া শত্রুমর্দ্দন ভীমসেন প্রথমে সাতশত বীরকে যমলোকে পাঠাইলেন। পুনরায় দুই হাজার কলিঙ্গসৈন্যকে মৃত্যুলোকে প্রেরণ করিলেন। তখন ইহা যেন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল ॥

এইরূপে ভীমসেন মহারথী ভীষ্মের দিকে লক্ষ্য রাখিয়া কলিঙ্গদেশের সৈন্যগণকে বারংবার সমরভূমিতে আক্রমণ করিয়া বিদীর্ণ করিতে লাগিলেন ॥

সেই রণাঙ্গনে পাণ্ডুনন্দন ভীমসেন কর্তৃক আরোহীরা নিহত হইলে পর বহু মদমত্ত হস্তী বায়ুদ্বারা আঘাতপ্রাপ্ত মেঘের ন্যায় এদিক্ ওদিক্ গিয়া পলায়ন করিতে লাগিল এবং নিজেদেরই সৈন্যদিগকে বিধ্বস্ত করিতে করিতে বাণের দ্বারা পীড়িত হইয়া ব্যাকুলচিত্তে চীৎকার করিতে লাগিল ॥ ৮০-৮৪

তারপর মহাবাহু ভীমসেন হাতে খড়্গ লইয়া অত্যন্ত প্রসন্নচিত্তে উচ্চৈঃস্বরে শঙ্খধ্বনিদ্বারা সমস্ত কলিঙ্গসৈন্যের চিত্ত কম্পিত করিয়া ফেলিলেন এবং তাহারা তখন অত্যন্ত মোহাচ্ছন্ন হইয়া পড়িল ॥ ৮৫-৮৭

রাজন্! সেই সমরাঙ্গণে গজরাজের ন্যায় বিভিন্ন মার্গে বিচরণকারী এবং এদিক্ ওদিকে ধাবিত ভীমসেনের ভয়ে সমস্ত সৈন্যগণ ও বাহনসকল কাঁপিতে লাগিল। ভীমসেন বারবার লাফাইতে থাকিলে সকলেই ভয়ে মোহাচ্ছন্ন হইয়া পড়িল ॥৮৭-৮৮

যেরূপ কোন বৃহৎ সরোবর গ্রাহ (হিংস্র জলজন্তু) কর্তৃক নির্বাধে মথিত হইলে ক্ষুব্ধ হইয়া উঠে, সেইরূপ এই বিশাল সৈন্যবাহিনী ভীমসেনকর্তৃক নির্বাধে মথিত হইয়া ভয়ে সন্ত্রস্ত হইল ॥৮৯

অদ্ভুত কর্ম্মকারী ভীমসেন তাহাদিগকে ভীত করিয়া দিলে কলিঙ্গদেশের সৈন্যরা যখন শ্রেণীবদ্ধভাবে পলায়ন করিতে লাগিল

সর্বকালিঙ্গ-যোধেষু পাণ্ডূনাং ধ্বজিনীপতিঃ।
অব্রবীৎ স্বান্যনীকানি যুধ্যধ্বমিতি পার্ষতঃ॥ ৯১
সেনাপতিবচঃ শ্রুত্বা শিখণ্ডিপ্রমুখা গণাঃ।
ভীমমেবাভ্যবর্তন্ত রথানীকৈঃ প্রহারিভিঃ॥ ৯২
ধর্মরাজশ্চ তান্ সর্বানুপজগ্রাহ পাণ্ডবঃ।
মহতা মেঘবর্ণেন নাগানীকেন পৃষ্ঠতঃ॥ ৯৩
এবং সংনোদ্য সর্বাণি স্বান্যনীকানি পার্ষতঃ।
ভীমসেনস্য জগ্রাহ পার্ষ্ণিং সৎপুরুষৈর্বৃতঃ॥ ৯৪
ন হি পাঞ্চালরাজস্য লোকে কশ্চন বিদ্যতে।
ভীম-সাত্যকয়োরন্যঃ প্রাণেভ্যঃ প্রিয়কৃত্তমঃ॥ ৯৫
সোঽপশ্যচ্চ কলিঙ্গেষু চরন্তমরিসূদনঃ।
ভীমসেনং মহাবাহুং পার্ষতঃ পরবীরহা॥ ৯৬
ননর্দ বহুধা রাজন্ হৃষ্টশ্চাসীৎ পরন্তপঃ।
শঙ্খং দধ্মৌ চ সমরে সিংহনাদং ননাদ চ॥ ৯৭

এবং কিয়দ্দূর পলাইয়া (রাজভয়ে) আবার ফিরিয়া আসিতে লাগিল, তখন পাণ্ডবসেনাপতি দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন নিজেদের সকল সৈন্যকে বলিলেন,—বীরগণ! উৎসাহের সহিত যুদ্ধ কর॥ ৯০-৯১

সেনাপতির বাক্য শুনিয়া শিখণ্ডী প্রভৃতি মহারথগণ প্রহার-কুশল রথী সৈন্যদের সহিত ভীমসেনের অনুসরণ করিতে লাগিলেন॥ ৯২

তারপর পাণ্ডুনন্দন ধর্মরাজ যুধিষ্ঠির মেঘতুল্য কৃষ্ণবর্ণ হস্তিগণের বিশাল সৈন্যবাহিনীসহ পশ্চাদ্ভাগে আসিয়া তাঁহাদের সকলের সহায়তা করিতে লাগিলেন॥ ৯৩

এইরূপে দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন নিজের সমগ্র সেনাবাহিনীকে যুদ্ধের জন্য প্রেরণ করিয়া শ্রেষ্ঠ পুরুষগণের সহিত ভীমসেনের পৃষ্ঠভাগ রক্ষা করিবার ভার সহস্তে গ্রহণ করিলেন॥ ৯৪

জগতে পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্নের নিকট ভীমসেন ও সাত্যকি ব্যতীত এমন কোন পুরুষ ছিল না, যে তাঁহার প্রাণ অপেক্ষা অধিক প্রিয় হইতে পারে॥ ৯৫

শত্রুবীরগণনাশক অরিহন্তা দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন মহাবাহু ভীমসেনকে কলিঙ্গসৈন্যদের মধ্যে বিচরণ করিতে দেখিলেন॥ ৯৬

রাজন্! তাঁহাকে দেখিয়াই শত্রুতাপন ধৃষ্টদ্যুম্নের হৃদয় আনন্দিত হইয়া উঠিল। তখন তিনি বারংবার গর্জন করিতে লাগিলেন এবং সমরাঙ্গণে শঙ্খধ্বনি করিলেন ও সিংহনাদ করিতে আরম্ভ করিলেন॥ ৯৭

স চ পারাবতাশ্বস্য রথে হেমপরিষ্কৃতে।
কোবিদারধ্বজং দৃষ্ট্বা ভীমসেনঃ সমাশ্বসৎ॥ ৯৮
ধৃষ্টদ্যুম্নস্তু তং দৃষ্ট্বা কলিঙ্গৈঃ সমভিদ্রুতম্।
ভীমসেনমমেয়াত্মা ত্রাণায়াজৌ সমভ্যয়াৎ॥ ৯৯
তৌ দূরাৎ সাত্যকিং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্ন-বৃকোদরৌ।
কলিঙ্গান্ সমরে বীরৌ যোধয়েতাং মনস্বিনৌ॥ ১০০
স তত্র গত্বা শৈনেয়ো জবেন জয়তাং বরঃ।
পার্থ-পার্ষতয়োঃ পার্ষ্ণিং জগ্রাহ পুরুষর্ষভঃ॥ ১০১
স কৃত্বা দারুণং কর্ম প্রগৃহীতশরাসনঃ।
আস্থিতো রৌদ্রমাত্মানং কলিঙ্গানন্ববৈক্ষত॥ ১০২
কলিঙ্গপ্রভবাং চৈব মাংস-শোণিতকর্দমাম্।
রুধিরস্যন্দিনীং তত্র ভীমঃ প্রাবর্তয়ন্নদীম্॥ ১০৩
অন্তরেণ কলিঙ্গানাং পাণ্ডবানাঞ্চ বাহিনীম্।
তাং সন্ততার দুস্তারাং ভীমসেনো মহাবলঃ॥ ১০৪

পারাবতের (পায়রা) ন্যায় ধূসর বর্ণের অশ্ব যাঁহার রথে যোজিত ছিল, সেই ধৃষ্টদ্যুম্নের স্বর্ণভূষিত রথে কোবিদার-বৃক্ষের চিহ্নযুক্ত ধ্বজ উড়িতে দেখিয়া ভীমসেন আশ্বাসিত হইলেন॥ ৯৮

কলিঙ্গসৈন্যরা ভীমসেনের দিকে ধাবিত হইয়াছে দেখিয়া অপরিসীম আত্মবলসম্পন্ন ধৃষ্টদ্যুম্ন ভীমসেনকে রক্ষা করিবার জন্য তাঁহার নিকট উপস্থিত হইলেন॥ ৯৯

সেই সমরাঙ্গণে মনস্বী বীর ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন সাত্যকিকে দূর হইতে আসিতে দেখিয়া অধিক উৎসাহভরে কলিঙ্গসৈন্যদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন॥ ১০০

বিজয়ী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ পুরুষপ্রধান সাত্যকি অতি দ্রুতবেগে সেখানে উপস্থিত হইয়া ভীমসেন ও সাত্যকির পৃষ্ঠ-পোষণ কার্য্যভার গ্রহণ করিলেন অর্থাৎ ইঁহাদের উভয়ের পশ্চাদ্ভাগ রক্ষা করিতে লাগিলেন॥ ১০১

তিনি হাতে ধনু লইয়া ভয়ঙ্কর পরাক্রম প্রকাশপূর্ব্বক স্বীয় রৌদ্ররূপ ধারণ করত কলিঙ্গসৈন্যগণের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন॥ ১০২

ভীমসেন এই স্থানে এক ভয়ঙ্কর নদী সৃষ্টি করিয়াছিলেন, যাহা কলিঙ্গসৈন্যরূপ উৎপত্তি-স্থান হইতে নির্গত হইতেছিল। উহাতে মাংস ও শোণিত ছিল কর্দমস্বরূপ এবং ঐ নদী রক্তের ধারা বহন করিতেছিল॥ ১০৩

কলিঙ্গ ও পাণ্ডবসৈন্যের মধ্যভাগে প্রবাহিতা রক্তে দুস্তরা ঐ নদীকে মহাবল ভীমসেন স্বীয় পরাক্রমে পার হইয়াছিলেন॥ ১০৪

ভীমসেনং তথা দৃষ্ট্বা প্রাক্রোশংস্তাবকা নৃপ।
কালোঽয়ং ভীমরূপেণ কলিঙ্গৈঃ সহ যুধ্যতে ॥ ১০৫
ততঃ শান্তনবো ভীষ্মঃ শ্রুত্বা তং নিনদং রণে।
অভ্যয়াৎ ত্বরিতো ভীমং ব্যূঢানীকঃ সমন্ততঃ ॥ ১০৬
তং সাত্যকির্ভীমসেনো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
অভ্যদ্রবন্ত ভীষ্মস্য রথং হেমপরিষ্কৃতম্ ॥ ১০৭
পরিবার্য্য তু তে সর্বে গাঙ্গেয়ং তরসা রণে।
ত্রিভিস্ত্রিভিঃ শরৈর্ঘোরৈর্ভীষ্মমানর্চ্ছুরোজসা ॥ ১০৮
প্রত্যবিধ্যত তান্ সর্বান্ পিতা দেবব্রতস্তব।
যতমানান্ মহেষ্বাসাংস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥ ১০৯
ততঃ শরসহস্রেণ সংনিবার্য্য মহারথান্।
হয়ান্ কাঞ্চনসন্নাহান্ ভীমস্য ন্যহনচ্ছরৈঃ ॥ ১১০
হতাশ্বে স রথে তিষ্ঠন্ ভীমসেনঃ প্রতাপবান্।
শক্তিং চিক্ষেপ তরসা গাঙ্গেয়স্য রথং প্রতি ॥ ১১১
অপ্রাপ্তামথ তাং শক্তিং পিতা দেবব্রতস্তব।
ত্রিধা চিচ্ছেদ সমরে সা পৃথিব্যামশীর্য্যত ॥ ১১২
ততঃ শৈক্যায়সীং গুর্বীং প্রগৃহ্য বলবান্ গদাম্।
ভীমসেনস্ততস্তূর্ণং পুপ্লুবে মনুজর্ষভ ॥ ১১৩
সাত্যকোঽপি ততস্তূর্ণং ভীমস্য প্রিয়কাম্যয়া।
গাঙ্গেয়সারথিং তূর্ণং পাতয়ামাস সায়কৈঃ ॥ ১১৪
ভীষ্মস্তু নিহতে তস্মিন্ সারথৌ রথিনাং বরঃ।
বাতায়মানৈস্তৈরশ্বৈরপনীতো রণাজিরাৎ ॥ ১১৫
ভীমসেনস্ততো রাজন্নপযাতে মহাব্রতে।
প্রজজ্বাল যথা বহ্নির্দহন্ কক্ষমিবেধিতঃ ॥ ১১৬
স হত্বা সর্বকালিঙ্গান্ সেনামধ্যে ব্যতিষ্ঠত।
নৈনমভ্যুৎসহন্ কেচিৎ তাবকা ভরতর্ষভ ॥ ১১৭
ধৃষ্টদ্যুম্নস্তমারোপ্য স্বরথে রথিনাং বরঃ।
পশ্যতাং সর্বসৈন্যানামপোবাহ যশস্বিনম্ ॥ ১১৮
সম্পূজ্যমানঃ পাঞ্চাল্যৈর্মৎস্যৈশ্চ ভরতর্ষভ।
ধৃষ্টদ্যুম্নং পরিষ্বজ্য সমেয়াদথ সাত্যকিম্ ॥ ১১৯

রাজন্! ভীমসেনকে সেইরূপে দেখিয়া আপনার সৈন্যগণ চীৎকার করিয়া বলিতে লাগিল—সাক্ষাৎ কালই এই ভীমসেনের রূপ ধারণ করিয়া কলিঙ্গসৈন্যদের সহিত যুদ্ধ করিতেছেন ॥ ১০৫

তারপর শান্তনুনন্দন ভীষ্ম রণভূমিতে সেই কোলাহল শুনিয়া নিজ সৈন্যগণকে সর্ব্বদিকে ব্যূহবদ্ধ করত অতি সত্বর ভীমসেনের নিকট উপস্থিত হইলেন ॥ ১০৬

ভীষ্মের সেই স্বর্ণভূষিত রথের উপর সাত্যকি, ভীমসেন ও দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন একত্রে আক্রমণ করিলেন ॥ ১০৭

তাঁহারা সকলে রণস্থলে গঙ্গানন্দন ভীষ্মকে সবেগে আবৃত করিয়া তিনটি তিনটি করিয়া ভয়ঙ্কর বাণে তাঁহাকে যথাশক্তি পীড়িত করিলেন ॥ ১০৮

সেই সময় আপনার পিতৃতুল্য দেবব্রত ভীষ্ম সেখানে যুদ্ধের জন্য যত্নপরায়ণ ঐ সব মহাধনুর্দ্ধর যোদ্ধাদিগকে সরলগামী তিনটি তিনটি বাণে বিদ্ধ করিয়া প্রতিশোধ লইলেন ॥ ১০৯

অনন্তর এক সহস্র বাণ নিক্ষেপ করিয়া এই তিন মহারথীকে নিবারণ করত স্বর্ণভূষায় সজ্জিত ভীমসেনের অশ্বগুলিকে স্বীয় বাণসমূহে নিহত করিলেন ॥ ১১০

অশ্ব নিহত হইলে সেই রথেই অবস্থান করত প্রতাপশালী ভীমসেন ভীষ্মের রথের উপর সবেগে একটি শক্তি নিক্ষেপ করিলেন ॥ ১১১

সেই সময় আপনার পিতৃতুল্য ভীষ্ম নিজের নিকটে আসিবার পূর্ব্বেই সেই শক্তিকে তিনখণ্ডে খণ্ডিত করিয়া দিলেন। ইহাতে ঐ শক্তি খণ্ড খণ্ড হইয়া ভূতলে ছড়াইয়া পড়িল ॥ ১১২

নরশ্রেষ্ঠ! তখন বলবান্ ভীমসেন সমগ্র অংশই লৌহের সারভাগ দিয়া নির্ম্মিতা ভারবহা গদা হাতে লইয়া অতি দ্রুত রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥ ১১৩

এদিকে সাত্যকিও ভীমসেনের প্রিয় করিবার ইচ্ছায় অতি সত্বর ভীষ্মের সারথিকে স্বীয় বাণসমূহে বিনাশ করিলেন ॥ ১১৪

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম সারথি নিহত হইলে বায়ুতুল্য বেগগামী অশ্বগণের দ্বারা রণভূমি হইতে অপনীত হইলেন ॥ ১১৫

রাজন্! মহাব্রতধারী ভীষ্ম রণভূমি হইতে চলিয়া যাইলে ভীমসেন তৃণাদিনির্ম্মিত ক্ষুদ্র গৃহে প্রজ্বলিত অগ্নির ন্যায় স্বীয় তেজে প্রজ্বলিত হইতে লাগিলেন ॥ ১১৬

ভরতশ্রেষ্ঠ! ভীমসেন সকল কলিঙ্গ-সেনাকে সংহার করিয়া সৈন্যমধ্যে অবস্থান করিতে থাকিলে, স্বীয় সৈন্যদেরও কেহ তাঁহার নিকট যাইতে সাহস পাইল না ॥ ১১৭

তারপর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন যশস্বী ভীমসেনকে স্বীয় রথে আরোহণ করাইয়া সকল সৈন্যের প্রত্যক্ষেই নিজ সৈন্য দলমধ্যে লইয়া যাইলেন ॥ ১১৮

ভরতশ্রেষ্ঠ! সেখানে পাঞ্চাল ও মৎস্যদেশীয় যোদ্ধাদিগের

অথাব্রবীদ্ ভীমসেনং সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
প্রহর্ষয়ন্ যদুব্যাঘ্রো ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ ॥ ১২০
দিষ্ট্যা কলিঙ্গরাজশ্চ রাজপুত্রশ্চ কেতুমান্।
শক্রদেবশ্চ কালিঙ্গঃ কলিঙ্গাশ্চ মৃধে হতাঃ ॥ ১২১
স্ববাহুবলবীর্য্যেণ নাগাশ্ব-রথসঙ্কুলঃ।
মহাপুরুষভূয়িষ্ঠো ধীরযোধনিষেবিতঃ ॥ ১২২
মহাব্যূহঃ কলিঙ্গানামেকেন মৃদিতস্ত্বয়া।

এবমুক্ত্বা শিনের্নপ্তা দীর্ঘবাহুররিন্দম।
রথাদ্ রথমভিক্রম্য পর্য্যম্বজত পাণ্ডবম্ ॥ ১২৩
ততঃ স্বরথমাস্থায় পুনরেব মহারথঃ।
তাবকানবধীৎ ক্রুদ্ধো ভীমস্য বলমাদধৎ ॥ ১২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি দ্বিতীয়ে যুদ্ধদিবসে কলিঙ্গরাজবধে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

দ্বারা বিশেষভাবে সম্মানিত হইয়া ভীমসেন ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকিকে দুই বাহুতে আলিঙ্গন করিয়া পরস্পর মিলিত হইলেন ॥ ১১৯

সেই সময় সত্যপরাক্রমী যদুকুলশ্রেষ্ঠ সাত্যকি ধৃষ্টদ্যুম্নের সম্মুখেই ভীমসেনের হর্ষবর্দ্ধন করিতে করিতে এইরূপ বলিলেন ॥ ১২০

বীরবর! অতিশয় সৌভাগ্যের বিষয় যে, কলিঙ্গরাজ, ভানুমান্, রাজকুমার কেতুমান্, কলিঙ্গবীর শক্রদেব ও অন্যান্য বহুসংখ্যক কলিঙ্গ-সৈন্য আপনার দ্বারা নিহত হইয়াছে ॥ ১২১

আপনি একাকীই স্বীয় বাহুর বল ও পরাক্রমে কলিঙ্গদেশের সেই বিশাল সৈন্যব্যূহকে বিধ্বস্ত করিয়া মৃত্তিকায় পরিণত করিয়াছেন, যে মহাব্যূহমধ্যে বহু হস্তী, অশ্ব ও রথে পূর্ণ ছিল। ইহাতে অধিকাংশ সৈন্যই মহাপুরুষ ছিলেন। অগণিত ধীর বীর যোদ্ধা ঐ মহাব্যূহকে রক্ষণাবেক্ষণ করিতেন ॥ ১২২

শত্রুদমন নরেশ! এই কথা বলিয়া শিনির নাতী দীর্ঘবাহু সাত্যকি নিজ রথ হইতে লাফাইয়া ভীমসেনের রথে আরোহণ করিলেন এবং তাঁহাকে আলিঙ্গন করিলেন ॥ ১২৩

তারপর ক্রুদ্ধ মহারথ সাত্যকি পুনরায় স্বীয় রথে আরোহণ করত ভীমসেনের বলবর্দ্ধন করিতে করিতে আপনার সৈন্যগণকে সংহার করিতে লাগিলেন ॥ ১২৪

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বিতীয়-দিবসের যুদ্ধে কলিঙ্গরাজ-বধবিষয়ক চতুঃপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[অভিমন্যোরর্জ্জুনস্য চ পরাক্রমঃ, দ্বিতীয়দিবসস্য যুদ্ধসমাপ্তিশ্চ।]

সঞ্জয় উবাচ।

গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি ভারত।
রথ-নাগাশ্ব-পত্তীনাং সাদিনাঞ্চ মহাক্ষয়ে ॥ ১
দ্রোণপুত্রেণ শল্যেন কৃপেণ চ মহাত্মনা।
সমসজ্জত পাঞ্চাল্যস্ত্রিভিরেতৈর্মহারথৈঃ ॥ ২

স লোকবিদিতানশ্বান্ নিজঘান মহাবলঃ।
দ্রৌণেঃ পাঞ্চালদায়াদঃ শিতৈর্দশভিরাশুগৈঃ ॥ ৩
ততঃ শল্যরথং তূর্ণমাস্থায় হতবাহনঃ।
দ্রৌণিঃ পাঞ্চাল্যদায়াদমভ্যবর্ষদথেষুভিঃ ॥৪
ধৃষ্টদ্যুম্নং তু সংযুক্তং দ্রৌণিনা বীক্ষ্য ভারত।
সৌভদ্রোঽভ্যপতৎ তূর্ণং বিকীরন্ নিশিতান্ শরান্ ॥ ৫

পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়।

[অভিমন্যু ও অর্জুনের পরাক্রম এবং দ্বিতীয় দিনের যুদ্ধসমাপ্তি।]

সঞ্জয় কহিলেন,—ভারত! সেই দ্বিতীয় দিনে যখন পূর্ব্বাহ্নের অধিক ভাগই অতীত হইয়া যাইল এবং বহুসংখ্যক রথ, হস্তী, পদাতিক সৈন্য ও আরোহীদিগের গুরুতর সংহার হইতে থাকিল, সেই সময় পাঞ্চালকুমার ধৃষ্টদ্যুম্ন একাকীই দ্রোণপুত্র অশ্বত্থামা, শল্য ও মহাত্মা কৃপাচার্য্য এই তিন মহারথীর সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ১-২

মহাবল পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্ন দশটি শীঘ্রগামী বাণে অশ্বত্থামার বিশ্ববিখ্যাত অশ্বগুলিকে নিহত করিলেন ॥৩

বাহনসকল নিহত হইলে অশ্বত্থামা শীঘ্রই শল্যের রথে আরোহণ করিলেন এবং সেখান হইতেই ধৃষ্টদ্যুম্নের উপর বাণ-বর্ষণ আরম্ভ করিলেন ॥ ৪

ভরতনন্দন! ধৃষ্টদ্যুম্নকে অশ্বত্থামার সহিত যুদ্ধরত দেখিয়া সুভদ্রানন্দন অভিমন্যুও তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে দ্রুত সেই স্থানে উপস্থিত হইলেন ॥ ৫

স শল্যং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নবভিঃ শরৈঃ।
অশ্বত্থামানমষ্টাভির্বিব্যাধ পুরুষর্ষভঃ॥ ৬

আর্জুনিং তু ততস্তূর্ণং দ্রৌণির্বিব্যাধ পত্রিণা।
শল্যোঽথ দশভিশ্চৈব কৃপশ্চ নিশিতৈস্ত্রিভিঃ॥ ৭

লক্ষ্মণস্তব পৌত্রস্তু সৌভদ্রং সমবস্থিতম্।
অভ্যবর্ত্তত সংহৃষ্টস্ততো যুদ্ধমবর্ত্তত॥ ৮

দৌর্য্যধনিঃ সুসংক্রুদ্ধঃ সৌভদ্রং পরবীরহা।
বিব্যাধ সমরে রাজংস্তদদ্ভুতমিবাভবৎ॥ ৯

অভিমন্যুঃ সুসংক্রুদ্ধো ভ্রাতরং ভরতর্ষভ।
শরৈঃ পঞ্চশতা রাজন্ ক্ষিপ্রহস্তোঽভ্যবিধ্যত॥ ১০

লক্ষ্মণোঽপি পুনস্তস্য ধনুশ্চিচ্ছেদ পত্রিণা।
মুষ্টিদেশে মহারাজ ততস্তে চুক্রুশুর্জনাঃ॥ ১১

তদ্ বিহায় ধনুশ্ছিন্নং সৌভদ্রঃ পরবীরহা।
অন্যদাদত্তবাংশ্চিত্রং কার্ম্মুকং বেগবত্তরম্॥ ১২

সেই পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু শল্যকে পঁচিশ, কৃপাচার্য্যকে নয় এবং অশ্বত্থামাকে আটটি বাণে বিদ্ধ করিলেন॥ ৬

তখন অশ্বত্থামা অতিসত্বর একটি বাণে অভিমন্যুকে বিদ্ধ করিলেন। তারপর শল্য দশ ও কৃপাচার্য্য তিনটি তীক্ষ্ণ বাণে তাঁহাকে আঘাত করিলেন॥ ৭

তদনন্তর আপনার পৌত্র লক্ষ্মণ সুভদ্রানন্দন অভিমন্যুকে সম্মুখে অবস্থিত দেখিয়া হর্ষ ও উৎসাহের সহিত তাঁহার উপর আক্রমণ করিলেন। তখন উভয়ের মধ্যে যুদ্ধ আরম্ভ হইল॥ ৮

রাজন্! শত্রুবীরনাশী দুর্য্যোধনপুত্র লক্ষ্মণ অত্যন্ত কুপিত হইয়া সমরাঙ্গণে (অনেক বাণে) অভিমন্যুকে বিদ্ধ করিলেন। তখন ইহা যেন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল॥ ৯

মহারাজ ভরতশ্রেষ্ঠ! ইহা দেখিয়া শীঘ্রতাসহকারে হস্তচালনায় নিপুণ বীর অভিমন্যু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন এবং স্বীয় ভ্রাতা লক্ষ্মণকে পঞ্চাশটি বাণে আহত করিয়া ফেলিলেন॥ ১০

রাজন্! তখন লক্ষ্মণও পুনরায় একটি বাণদ্বারা ধনুর মুষ্টিদেশে ছেদন করিলেন। সেই সময় আপনার সৈন্যগণ হর্ষে কোলাহল করিয়া উঠিল॥ ১১

শত্রুবীরনাশী সুভদ্রাকুমার অভিমন্যু সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া অপর একটি অত্যন্ত বেগশালী ও বিচিত্র ধনু গ্রহণ করিলেন॥ ১২

তৌ তত্র সমরে যুক্তৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ।
অন্যোন্যং বিশিখৈস্তীক্ষ্ণৈর্জঘ্নতুঃ পুরুষর্ষভৌ॥ ১৩

ততো দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা পুত্রং মহারথম্।
পীড়িতং তব পৌত্রেণ প্রায়াৎ তত্র প্রজেশ্বরঃ॥ ১৪

সংনিবৃত্তে তব সুতে সর্ব্ব এব জনাধিপাঃ।
আর্জুনিং রথবংশেন সমন্তাৎ পর্য্যবারয়ন্॥ ১৫

স তৈঃ পরিবৃতঃ শূরৈঃ শূরো যুধি সুদুর্জ্জয়ৈঃ।
ন স্ম প্রব্যথতে রাজন্ কৃষ্ণতুল্যপরাক্রমঃ॥ ১৬

সৌভদ্রমথ সংসক্তং দৃষ্ট্বা তত্র ধনঞ্জয়ঃ।
অভিদুদ্রাব বেগেন ত্রাতুকামঃ স্বমাত্মজম্॥ ১৭

ততঃ সরথ-নাগাশ্বা ভীষ্ম-দ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্তন্ত রাজানঃ সহিতাঃ সব্যসাচিনম্॥ ১৮

উদ্ধূতং সহসা ভৌমং নাগাশ্ব-রথ-পত্তিভিঃ।
দিবাকররথং প্রাপ্য রজস্তীব্রমদৃশ্যত॥ ১৯

এই দুই পুরুষশ্রেষ্ঠ সেই যুদ্ধস্থলে পরস্পরের অস্ত্রসমূহ নিবারণ ও প্রতীকার করিবার ইচ্ছা রাখিয়া যুদ্ধে ব্যাপৃত হইলেন এবং পরস্পরকে আঘাত করিতে লাগিলেন॥ ১৩

তখন প্রজেশ্বর রাজা দুর্য্যোধন নিজ মহারথী পুত্রকে আপনার পৌত্র অভিমন্যুকর্ত্তৃক পীড়িত দেখিয়া সেখানে স্বয়ংই উপস্থিত হইলেন॥ ১৪

আপনার পুত্র দুর্য্যোধন সেদিকে প্রত্যাবর্ত্তন করিলে কৌরবপক্ষের সকল নরপতিগণ বিশাল রথসেনাদ্বারা অর্জুনপুত্র অভিমন্যুকে চারিদিকে আবৃত করিলেন॥ ১৫

রাজন্ অভিমন্যুর পরাক্রম ভগবান্ শ্রীকৃষ্ণের সদৃশ ছিল। তিনি যুদ্ধে অত্যন্ত দুর্জয় সেই বীরগণকর্ত্তৃক আবৃত হইলেও ব্যথিত বা চিন্তিত হইলেন না॥ ১৬

এই সময় অর্জুন স্বপুত্র অভিমন্যুকে সেইস্থলে যুদ্ধে নিরত দেখিয়া উঁহাকে রক্ষা করিবার জন্য অতিবেগে সেখানে আসিলেন॥ ১৭

ইহা দেখিয়া ভীষ্ম ও দ্রোণপ্রভৃতি সকল কৌরবপক্ষীয় রাজারা রথ, অশ্ব ও হস্তীতে পূর্ণ সৈন্যবাহিনীর সহিত একসঙ্গে অর্জুনের উপর আক্রমণ করিলেন॥ ১৮

সেই সময় হস্তী, অশ্ব, রথ ও পদাতিক সৈন্যবাহিনীকর্ত্তৃক উত্থাপিত পৃথিবীর তীব্র ধূলিতে সহসা সূর্য্যের রথ পর্য্যন্ত যাইয়া সর্ব্বদিক্ ব্যাপ্ত হইতে দেখা যাইল॥ ১৯

তানি নাগসহস্রাণি ভূমিপালশতানি চ।
তস্য বাণপথং প্রাপ্য নাভ্যবর্তন্ত সর্বশঃ ॥ ২০

প্রণেদুঃ সর্বভূতানি বভূবুস্তিমিরা দিশঃ।
কুরূণাং চানয়স্তীব্রঃ সমদৃশ্যত দারুণঃ ॥ ২১

নাপ্যন্তরিক্ষং ন দিশো ন ভূমির্ন চ ভাস্করঃ।
প্রজজ্ঞে ভরতশ্রেষ্ঠ শস্ত্রসঙ্ঘৈঃ কিরীটিনঃ ॥ ২২

সাদিতা রথ-নাগাশ্চ হতাশ্বা রথিনো রণে।
বিপ্রক্রুতরথাঃ কেচিদ্ দৃশ্যন্তে রথযূথপাঃ ॥ ২৩

বিরথা রথিনশ্চান্যে ধাবমানাঃ সমন্ততঃ।
তত্র তত্রৈব দৃশ্যন্তে সায়ুধাঃ সাঙ্গদৈর্ভুজৈঃ ॥২৪

হয়ারোহা হয়াংস্ত্যক্ত্বা গজারোহাশ্চ দন্তিনঃ।
অর্জুনস্য ভয়াদ্ রাজন্ সমন্তাদ্ বিপ্রদুদ্রুবুঃ ॥ ২৫

রথেভ্যশ্চ গজেভ্যশ্চ হয়েভ্যশ্চ নরাধিপাঃ।
পতিতাঃ পাত্যমানাশ্চ দৃশ্যন্তেঽর্জুনসায়কৈঃ ॥২৬

সগদানুদ্যতান্ বাহূন্ সখড্গাংশ্চ বিশাম্পতে।
সপ্রাসাংশ্চ সতূণীরান্ সশরান্ সশরাসনান্ ॥ ২২

সাঙ্কুশান্ সপতাকাংশ্চ তত্র তত্রার্জুনো নৃণাম্।
নিচকর্ত শরৈরুগ্রৈ রৌদ্রং বপুরধারয়ৎ ॥ ২৮

পরিঘানাং প্রদীপ্তানাং মুদ্গরাণাঞ্চ মারিষ।
প্রাসানাং ভিন্দিপালানাং নিস্ত্রিংশানাঞ্চ সংযুগে ॥২৯

পরশ্বধানাং তীক্ষ্ণানাং তোমরাণাঞ্চ ভারত।
বর্মণাং চাপবিদ্ধানাং কাঞ্চনানাঞ্চ ভূমিপ ॥ ৩০

ধ্বজানাং চর্মণাঞ্চৈব ব্যজনানাঞ্চ সর্বশঃ।
ছত্রাণাং হেমদণ্ডানাং তোমরাণাঞ্চ ভারত ॥ ৩১

প্রতোদানাঞ্চ যোক্ত্রাণাং কশানাঞ্চৈব মারিষ।
রাশয়ঃ স্মাত্র দৃশ্যন্তে বিনিকীর্ণা রণক্ষিতৌ ॥ ৩২

নাসীৎ তত্র পুমান্ কশ্চিৎ তব সৈন্যস্য ভারতঃ।
যোঽর্জুনং সমরে শূরং প্রত্যুদ্‌যায়াৎ কথঞ্চন ॥ ৩৩

যো যো হি সমরে পার্থং প্রত্যুদ্‌যাতি বিশাম্পতে।
স সংখ্যে বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পরলোকায় নীয়তে ॥৩৪

তেষু বিদ্রবমাণেষু তব যোধেষু সর্বশঃ।
অর্জুনো বাসুদেবশ্চ দধ্মতুর্বারিজোত্তমৌ ॥ ৩৫

এদিকে সহস্র হস্তী ও শত নরপতি অর্জুনের বাণসমূহের পথ-মধ্যে আসিয়া কোনরূপেই আর অগ্রসর হইতে পারিলেন না। সেই সময় সমস্ত প্রাণী আর্তনাদ করিতে লাগিল এবং চারিদিক্ অন্ধকারে আচ্ছন্ন হইয়া পড়িল।

ভরতশ্রেষ্ঠ! তখন কৌরবগণের দুঃসহ ও ভয়ঙ্কর অন্যায়ের পরিণাম প্রত্যক্ষ দেখা যাইল। কিরীটধারী অর্জুনের বাণসমূহে সব কিছু আচ্ছাদিত হইয়া যাওয়ায় আকাশ, দিক্, পৃথিবী ও সূর্য্য কোন কিছুই বুঝা যাইতেছিল না ॥ ২০-২২

সেই রণভূমিতে বহুসংখ্যক রথ ভাঙিয়া পড়িল, বহু হস্তী নিহত হইল এবং বহু রথযূথপতিগণকে রথ লইয়া পলায়ন করিতে দেখা যাইল ॥ ২৩

অন্যান্যও বহু রথী রথহীন হইয়া অঙ্গদভূষিত বাহুতে অস্ত্র ধারণ করত যেখানে সেখানে চারিদিকে দৌড়াদৌড়ি করিতেছেন—দেখিতে পাওয়া যাইল ॥ ২৪

মহারাজ! অর্জুনের ভয়ে অশ্বারোহী যোদ্ধারা অশ্বগণকে এবং হস্ত্যারোহী যোদ্ধারা হস্তীদিগকে ত্যাগ করিয়া চারিদিকে পলায়ন করিল ॥ ২৫

সেখানে বহু নরপতিকে অর্জুনের বাণে নিহত হইয়া রথসমূহ এবং হস্তী ও অশ্বসকল হইতে পতিত হইতে এবং পতনোন্মুখ অবস্থায় দেখা যাইল ॥ ২৬

প্রজানাথ! অর্জুন সেই রণাঙ্গনে অত্যন্ত ভয়ঙ্কর রূপ ধারণ করিয়াছিলেন। তিনি স্বীয় উগ্র বাণসমূহে যোদ্ধাদিগের উপরে উত্তোলিত হস্তগুলিকে, যাহাদের মধ্যে গদা, খড়্গ, প্রাস, তূণীর, ধনুর্বাণ, অঙ্কুশ ও ধ্বজাপতাকাদি শোভা পাইতেছিল, ছেদন করিলেন ॥ ২৭-২৮

আর্য্য! ভরতনন্দন! ভূপাল! সেই রণভূমিতে পতিত প্রদীপ্ত পরিঘ, মুদ্গর, প্রাস, ভিন্দিপাল, খড়্গ, পরশু, তীক্ষ্ণ তোমর, স্বর্ণ-ময় কবচ, ধ্বজ, ঢাল, স্বর্ণদণ্ডে বিভূষিত ছত্র, ব্যজন, প্রতোদ (চাবুক), যোক্ত্র (জোয়াল), কশা ও অঙ্কুশের রাশি দেখিতে পাওয়া যাইল ॥ ২৯-৩২

ভারত! সেই সময় আপনার সৈন্যমধ্যে কোন এরূপ পুরুষ ছিলেন না, যিনি সমরে বীরবর অর্জুনের দিকে অগ্রসর হইতে পারিতেন ॥ ৩৩

প্রজানাথ! সেই রণাঙ্গনে যে যে বীর অর্জুনের দিকে অগ্রগমন করিয়াছেন, তিনি সেই সেই বীরকেই তীক্ষ্ণবাণসমূহে পরলোকে প্রেরণ করিয়াছেন ॥ ৩৪

তারপর আপনার যোদ্ধারা রণে ভঙ্গ দিয়া চারিদিকে পলায়ন করিল। ইহা দেখিয়া অর্জুন ও বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ উভয়ের স্ব স্ব শ্রেষ্ঠ শঙ্খ বাজাইলেন ॥ ৩৫

চেদি-কাশি-করূষৈশ্চ পৌরবৈরপি সংবৃতঃ।
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ পাঞ্চালাশ্চ প্রভদ্রকাঃ॥ ১৪
মধ্যে সৈন্যস্য মহতঃ স্থিতা যুদ্ধায় ভারত।
তত্রৈব ধর্মরাজোঽপি গজানীকেন সংবৃতঃ॥ ১৫
ততস্তু সাত্যকী রাজন্ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
অভিমন্যুস্ততঃ শূর ইরাবাংশ্চ ততঃ পরম্॥ ১৬
ভৈমসেনিস্ততো রাজন্ কেকয়াংশ্চ মহারথাঃ।
ততোঽভূদ্ দ্বিপদাং শ্রেষ্ঠো বামং পার্শ্বমুপাশ্রিতঃ॥১৭
সর্বস্য জগতো গোপ্তা গোপ্তা যস্য জনার্দ্দনঃ।
এবমেতং মহাব্যূহং প্রত্যব্যূহন্ত পাণ্ডবাঃ॥ ১৮
বধার্থং তব পুত্রাণাং তৎপক্ষং যে চ সঙ্গতাঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং ব্যতিষক্তরথ-দ্বিপম্॥১৯
তাবকানাং পরেষাঞ্চ নিঘ্নতামিতরেতরম্।
হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ তত্র তত্র বিশাম্পতে॥ ২০
সম্পতন্তো ব্যদৃশ্যন্ত নিঘ্নন্তস্তে পরস্পরম্।
ধাবতাঞ্চ রথৌঘানাং নিঘ্নতাঞ্চ পৃথক্ পৃথক্॥ ২১
বভূব তুমুলঃ শব্দো বিমিশ্রো দুন্দুভিস্বনৈঃ।
দিবস্পৃঙ্ নরবীরাণাং নিঘ্নতামিতরেতরম্।
সম্প্রহারে সুতুমুলে তব তেষাঞ্চ ভারত॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি তৃতীয়ে যুদ্ধদিবসে পরস্পর-ব্যূহরচনায়াং ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥ ৫৭

ভারত! ধৃষ্টকেতুর সহিত চেদি, কাশী, করূষ ও পৌরবাদি দেশবাসী সৈন্যগণ ছিলেন। ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, পাঞ্চাল ও প্রভদ্রকগণ যুদ্ধের জন্য সেই বিশাল সৈন্যের মধ্যভাগে রহিলেন। হস্তিগণের সৈন্যে পরিবৃত ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও সেখানে ছিলেন॥ ১৪-১৫

রাজন্! তদনন্তর সাত্যকি ও দ্রৌপদীর পঞ্চ পুত্র রহিলেন। তাহারপর বীরবর অভিমন্যু ও অভিমন্যুর পর ইরাবান্ ছিলেন॥

নরেশ্বর! ইরাবানের পর ভীমসেনপুত্র ঘটোৎকচ এবং মহারথ কেকয় রহিলেন। তাহারপর মনুষ্যগণশ্রেষ্ঠ অর্জুন সেই ব্যূহের বামপার্শ্বে বা শিখরস্থানে বিরাজমান রহিলেন, যাঁহার রক্ষক সমগ্র জগতের পালন কর্ত্তা সাক্ষাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ॥ ১৬-১৭

এইভাবে পাণ্ডবগণ আপনার পুত্রবৃন্দের ও তাঁহাদের পক্ষে আগত অন্যান্য ভূপালগণের বধের জন্য এই মহাব্যূহ রচনা করিলেন॥

তারপর পরস্পরকে প্রহার করিতে উদ্যত আপনার ও শত্রুপক্ষের মধ্যে তখন ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। তখন সেখানে রথের দ্বারা রথ ও হাতীর দ্বারা হাতী আক্রান্ত হইতে লাগিল॥

প্রজানাথ! যেখানে সেখানে চারিদিকে অশ্ব ও রথসমূহ পরস্পরের আঘাতে পতিত হইতে এবং পরস্পরকে প্রহার করিতে দেখা যাইল॥ ১৮-২০

দৌড়াইতে দৌড়াইতে এবং পৃথক্ পৃথক্‌ভাবে প্রহার করিতে করিতে রথসমূহের শব্দ দুন্দুভিসকলের ধ্বনির সহিত মিশিয়া আরও ভয়ঙ্কর হইয়া উঠিল। আপনার এবং পাণ্ডবগণের এই অতিশয় তুমুল যুদ্ধে পরস্পর আঘাত-প্রত্যাঘাতকারী নরবীরগণের ভয়ানক শব্দ আকাশেও ব্যাপ্ত হইয়া পড়িল॥ ২১-২২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মপর্ব্বে তৃতীয়দিবসের যুদ্ধে পরস্পর ব্যূহরচনা-বিষয়ক ষট্পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[উভয়পক্ষয়োঃ সৈন্যানাং তুমুল-যুদ্ধবর্ণনম্।]

সঞ্জয় উবাচ।

ততো ব্যূঢ়েষ্বনীকেষু তাবকেষু পরেষু চ।
ধনঞ্জয়ো রথানীকমবধীৎ তব ভারত ॥ ১

শরৈরতিরথো যুদ্ধে দারয়ন্ রথযূথপান্।
তে বধ্যমানাঃ পার্থেন কালেনেব যুগক্ষয়ে ॥ ২

ধার্তরাষ্ট্রা রণে যত্নাৎ পাণ্ডবান্ প্রত্যযোধয়ন্।
প্রার্থয়ানা যশো দীপ্তং মৃত্যুং কৃত্বা নিবর্তনম্ ॥ ৩

একাগ্রমনসো ভূত্বা পাণ্ডবানাং বরূথিনীম্।
বভঞ্জুর্বহুশো রাজংস্তে চাসজ্জন্ত সংযুগে ॥ ৪

দ্রবদ্ভিরথ ভগ্নৈশ্চ পরিবর্তদ্ভিরেব চ।
পাণ্ডবৈঃ কৌরবেয়ৈশ্চ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৫

উদতিষ্ঠদ্ রজো ভৌমং ছাদয়ানং দিবাকরম্।
ন দিশঃ প্রদিশো বাপি তত্র হন্যুঃ কথং নরাঃ ॥ ৬

অনুমানেন সংজ্ঞাভির্নামগোত্রৈশ্চ সংযুগে।
বর্ততে চ তথা যুদ্ধং তত্র তত্র বিশাম্পতে ॥ ৭

ন ব্যূহো ভিদ্যতে তত্র কৌরবাণাং কথঞ্চন।
রক্ষিতঃ সত্যসন্ধেন ভারদ্বাজেন সংযুগে ॥ ৮

তথৈব পাণ্ডবানাঞ্চ রক্ষিতঃ সব্যসাচিনা।
নাভিদ্যত মহাব্যূহো ভীমেন চ সুরক্ষিতঃ ॥ ৯

সেনাগ্রাদপি নিষ্পত্য প্রযুধ্যংস্তত্র মানবাঃ।
উভয়োঃ সেনয়ো রাজন্ ব্যতিষক্তরথ-দ্বিপাঃ ॥ ১০

হয়ারোহৈর্হয়ারোহাঃ পাত্যন্তে স্ম মহাহবে।
ঋষ্টিভির্বিমলাভিশ্চ প্রাসৈরপি চ সংযুগে ॥ ১১

রথী রথিনমাসাদ্য শরৈঃ কনকভূষণৈঃ।
পাতয়ামাস সমরে তস্মিন্নতিভয়ঙ্করে ॥ ১২

সপ্তপঞ্চাশত্তম অধ্যায়

[উভয়পক্ষের সৈন্যগণের তুমুল যুদ্ধবর্ণন।]

সঞ্জয় বলিলেন,—ভারত! আপনার এবং পাণ্ডবগণের পূর্ব্বোক্তরূপে ব্যূহরচনা সম্পন্ন হইলে অর্জ্জুন আপনার রথিসৈন্য-দিগকে সংহার করিতে আরম্ভ করিলেন। ১

তিনি অতিরথ বীর ছিলেন, সুতরাং স্বীয় বাণসমূহে যুদ্ধস্থলে রথযূথপতিগণকেও বিদারিত করিয়া যমলোকে প্রেরণ করিলেন। যদিও যুগান্তকালের ন্যায় সেই যুদ্ধে কুন্তীনন্দন অর্জ্জুনকর্ত্তৃক আপনার সৈন্যদিগের ভয়ঙ্কর বিনাশ হইতে লাগিল, তথাপি তাঁহারা যত্নসহকারে পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন।

তাঁহারা উজ্জ্বল যশোলাভ করিতে অভিলাষী ছিলেন, অতএব তাঁহারা নিশ্চয় করিয়া ছিলেন যে, এখন মৃত্যুই আমাদের যুদ্ধ হইতে নিবৃত্ত করিতে পারে, তাই তাঁহারা একাগ্রচিত্ত হইয়া যুদ্ধে ব্যাপৃত ছিলেন। রাজন্! তাঁহারা যুদ্ধে এরূপ তৎপরতা দেখাইতে লাগিলেন যে, তাহাতে পাণ্ডব-সৈন্যগণ বার বার ছিন্নভিন্ন হইয়া পড়িতেছিল। ২-৪

এইরূপ ক্ষত-বিক্ষত হইয়া রণে ভঙ্গ দিয়া পলায়ন করিতে এবং পুনরায় ফিরিয়া আসিয়া যুদ্ধের সম্মুখীন হইতে থাকিলে পাণ্ডব-সৈন্য ও কৌরব সৈন্যদের মধ্যে কিছুই বুঝা যাইতেছিল না। ৫

তখন ভূতলে এরূপ ধূলি উত্থিত হইতে লাগিল যে, তাহাতে সূর্য্যদেব আচ্ছাদিত হইয়া পড়িলেন এবং দিক্ বিদিক্সমূহ সম্বন্ধে কিছুই বুঝা যাইতেছিল না। এরূপ অবস্থায় সেখানে যুদ্ধনিরত মনুষ্যগণ কিভাবে কাহারই উপর আঘাত করিবে? ৬

প্রজানাথ! সেই রণক্ষেত্রে অনুমানে, সঙ্কেতে এবং নাম ও গোত্রের উল্লেখ করিয়া স্বপক্ষ এবং পরপক্ষ নিশ্চয় করত সেখানে যুদ্ধ স্থানে স্থানে হইতে থাকিল। ৭

সত্যপ্রতিজ্ঞ ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্যকর্ত্তৃক সুরক্ষিত থাকায় কৌরবসৈন্যের ব্যূহ কোনরূপেই ভঙ্গ হইল না। ৮

এইরূপ সব্যসাচী অর্জ্জুন ও ভীমসেন কর্ত্তৃক সুরক্ষিত পাণ্ডব-সৈন্যের মহাব্যূহও কোনরূপে ভিন্ন হইল না। ৯

সেখানে বহু বীর মানুষ সেনাগ্রভাগ হইতে বাহির হইয়া (ব্যূহ ত্যাগ করত) যুদ্ধ করিতে লাগিল। রাজন্! উভয়পক্ষের রথ ও হস্তী সকলের মধ্যেও যুদ্ধ বাধিয়া যাইল। ১০

সেই মহাযুদ্ধে অশ্বারোহীরা অশ্বারোহীদিগকে নির্ম্মল ঋষ্টি ও প্রাসসমূহের দ্বারা নিহত করিয়া ভূপাতিত করিতে লাগিল। ১১

সেই অতিশয় ভয়ঙ্কর সংগ্রামে রথিগণ রথীদিগের সম্মুখে যাইয়া স্বর্ণভূষিত বাণে তাহাদিগকে নিহত করত ভূতলে পাতিত করিতে থাকিলেন। ১২

গজারোহা গজারোহান্ নারাচ-শর-তোমরৈঃ।
সংসক্তান্ পাতয়ামাসুস্তব তেষাঞ্চ সর্বশঃ ॥ ১৩
কশ্চিদুৎপত্য সমরে বরবারণমাস্থিতঃ।
কেশপক্ষে পরামৃশ্য জহার সমরে শিরঃ ॥ ১৪
অন্যে দ্বিরদদন্তাগ্রনির্ভিন্নহৃদয়া রণে।
বেমুশ্চ রুধিরং বীরা নিঃশ্বসন্তঃ সমন্ততঃ ॥ ১৫
কশ্চিৎ করিবিষাণস্থো বীরো রণবিশারদঃ।
প্রাবেপচ্ছক্তিনির্ভিন্নো গজশিক্ষাস্ত্রবেদিনা ॥ ১৬
পত্তিসঙ্ঘা রণে পত্তীন্ ভিন্দিপাল-পরশ্বধৈঃ।
ন্যপাতয়ন্ত সংহৃষ্টাঃ পরস্পরকৃতাগসঃ ॥ ১৭
রথী চ সমরে রাজন্নাসাদ্য গজযূথপম্।
স গজং পাতয়ামাস গজী চ রথিনাং বরম্ ॥ ১৮
রথিনঞ্চ হয়ারোহঃ প্রাসেন ভরতর্ষভ।
পাতয়ামাস সমরে রথী চ হয়সাদিনম্ ॥ ১৯

আপনার ও পাণ্ডবপক্ষের গজারোহী যোদ্ধারা যুদ্ধনিরত বিপক্ষ গজারোহী যোদ্ধাদিগকে চারিদিক্ হইতে নারাচ, বাণ ও তোমরসমূহের আঘাতে ধরাশায়ী করিতে লাগিল ॥ ১৩

কোনও যোদ্ধা রণস্থলে লাফাইয়া শ্রেষ্ঠ হস্তীর উপর আরোহণ করিলেন এবং বিপক্ষ যোদ্ধার কেশ ধারণ করত মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥ ১৪

যুদ্ধস্থলে বহু বীর হাতীর দন্তাগ্রভাগে স্ব-স্ব হৃদয় বিদীর্ণ হওয়ায় চারিদিক্ হইতে দীর্ঘশ্বাস ফেলিতে ফেলিতে রক্তবমন করিতে লাগিলেন ॥ ১৫

কোন রণবিশারদ বীর হাতীর দাঁতের উপর আরোহণ করিয়া যুদ্ধ করিতে থাকিলেন। এই সময় আবার গজশিক্ষা ও অস্ত্র-বিদ্যায় অভিজ্ঞ কোন বিপক্ষ যোদ্ধা তাঁহার উপর শক্তি নিক্ষেপ করিলেন। সেই শক্তির আঘাতে তাঁহার বক্ষঃস্থল বিদীর্ণ হওয়ায় সেই মৃত্যুপথগামী বীর সেখানে কাঁপিতে লাগিলেন ॥ ১৬

হর্ষ ও উল্লাসে পূর্ণ পদাতিকবাহিনী পরস্পরের উপর অপরাধ-জনক কার্য্য করিতে থাকিয়া ভিন্দিপাল ও পরশুর আঘাতে পদাতিক সৈন্যগণকে বিনাশ করিয়া ভূতলে পাতিত করিল ॥ ১৭

রাজন্! সেই সমরাঙ্গণে কোন রথী কোন এক গজযূথপতির সহিত যুদ্ধ আরম্ভ করিয়া দিলেন এবং সেই হস্তী ও তাহার আরোহীকে নিহত করত ধরাশায়ী করিলেন। সেইরূপ গজারোহীও আবার রথিগণের মধ্যে শ্রেষ্ঠ রথীকে বধ করিলেন ॥ ১৮

ভরতশ্রেষ্ঠ! এই সংগ্রামে অশ্বারোহী যোদ্ধা রথী বীরকে এবং কোন স্থলে রথী বীর আবার অশ্বারোহী যোদ্ধাকে কে ভূপাতিত করিতে লাগিলেন ॥ ১৯

পদাতী রথিনং সংখ্যে রথী চাপি পদাতিনম্।
ন্যপাতয়চ্ছিতৈঃ শস্ত্রৈঃ সেনয়োরুভয়োরপি ॥ ২০
গজারোহা হয়ারোহান্ পাতয়াঞ্চক্রিরে তদা।
হয়ারোহা গজস্থাংশ্চ তদদ্ভুতমিবাভবৎ ॥ ২১
গজারোহবরৈশ্চাপি তত্র তত্র পদাতয়ঃ।
পাতিতাঃ সমদৃশ্যন্ত তৈশ্চাপি গজযোধিনঃ ॥ ২২
পত্তিসঙ্ঘা হয়ারোহৈঃ সাদিসঙ্ঘাশ্চ পত্তিভিঃ।
পাত্যমানা ব্যদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥ ২৩
ধ্বজৈস্তত্রাপবিদ্ধৈশ্চ কার্মুকৈস্তোমরৈস্তথা।
প্রাসৈস্তথা গদাভিশ্চ পরিঘৈঃ কম্পনৈস্তথা ॥ ২৪
শক্তিভিঃ কবচৈশ্চিত্রৈঃ কণপৈরঙ্কুশৈরপি।
নিস্ত্রিংশৈর্বিমলৈশ্চাপি স্বর্ণপুঙ্খৈঃ শরৈস্তথা ॥ ২৫
পরিস্তোমৈঃ কুথাভিশ্চ কম্বলৈশ্চ মহাধনৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ স্রগ্‌দামৈরিব চিত্রিতা ॥ ২৬

উভয়পক্ষের সৈন্যগণের মধ্যে পদাতিক সৈন্য বীর রথীকে এবং রথী যোদ্ধা পদাতিক সৈন্যকে স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে যুদ্ধে নিপাতিত করিলেন ॥ ২০

গজারোহী অশ্বারোহীকে ও অশ্বারোহী গজারোহীকে যুদ্ধস্থলে বিনাশ করিয়া পাতিত করিতে লাগিলেন। ইহা যেন তখন এক আশ্চর্য্যজনক ঘটনা বলিয়া মনে হইতেছিল ॥ ২১

সেই রণাঙ্গনে যেখানে সেখানে শ্রেষ্ঠ গজারোহিগণকর্তৃক ভূপাতিত পদাতিকবাহিনী এবং পদাতিকবাহিনীকর্তৃক ভূপাতিত গজারোহী যোদ্ধাদিগকে দেখা যাইল ॥ ২২

অশ্বারোহীকর্তৃক পদাতিক সৈন্যসকল এবং পদাতিক সৈন্য-দলের দ্বারা অশ্বারোহীরা শত শত ও হাজার হাজার সংখ্যায় পতিত হইতে দেখা যাইতে লাগিল ॥ ২৩

ভরতশ্রেষ্ঠ! সেখানে এদিক্ ওদিক্ পতিত ধ্বজ, ধনু, তোমর, প্রাস, গদা, পরিঘ, কম্পন, শক্তি, বিচিত্র কবচ, কণপ, অঙ্কুশ, নির্মল খড়্গ, স্বর্ণপক্ষশোভিত বাণ, শূল, গদী ও বহুমূল্য কম্বল-সমূহে আচ্ছাদিত সেখানকার ভূমি নানাবিধ পুষ্পোপহারে বিচিত্র বলিয়া মনে হইতে লাগিল ॥ ২৪-২৬

নরাশ্বকায়ৈঃ পতিতৈর্দন্তিভিশ্চ মহাহবে।
অগম্যরূপা পৃথিবী মাংস-শোণিতকর্দমা ॥ ২৭
প্রশশাম রজো ভৌমং ব্যুক্ষিতং রণশোণিতৈঃ।
দিশশ্চ বিমলাঃ সর্বাঃ সম্বভূবুর্জনেশ্বর ॥ ২৮
উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
চিহ্নভূতানি জগতো বিনাশার্থায় ভারত ॥ ২৯
তস্মিন্ যুদ্ধে মহারৌদ্রে বর্তমানে সুদারুণে।
প্রত্যদৃশ্যন্ত রথিনো ধাবমানাঃ সমন্ততঃ ॥ ৩০
ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ।
পুরুমিত্রো জয়ো ভোজঃ শল্যশ্চাপি সসৌবলঃ ॥ ৩১
এতে সমরদুর্ধর্ষাঃ সিংহতুল্যপরাক্রমাঃ।
পাণ্ডবানামনীকানি বভঞ্জুঃ স্ম পুনঃ পুনঃ ॥ ৩২
তথৈব ভীমসেনোঽপি রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
সাত্যকিশ্চেকিতানশ্চ দ্রৌপদেয়াশ্চ ভারত ॥ ৩৩
তাবকাংস্তব পুত্রাংশ্চ সহিতান্ সর্বরাজভিঃ।
দ্রাবয়ামাসুরাজৌ তে ত্রিদশা দানবানিব ॥ ৩৪
তথা তে সমরেঽন্যোন্যং নিঘ্নন্তঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
রক্তোক্ষিতা ঘোররূপা বিরেজুর্দানবা ইব ॥ ৩৫
বিনির্জিত্য রিপূন্ বীরাঃ সেনয়োরুভয়োরপি।
ব্যদৃশ্যন্ত মহামাত্রা গ্রহা ইব নভস্তলে ॥ ৩৬
ততো রথসহস্রেণ পুত্রো দুর্যোধনস্তব।
অভ্যয়াৎ পাণ্ডবং যুদ্ধে রাক্ষসঞ্চ ঘটোৎকচম্ ॥ ৩৭
তথৈব পাণ্ডবাঃ সর্বে মহত্যা সেনয়া সহ।
দ্রোণ-ভীষ্মৌ রণে যত্তৌ প্রত্যুদ্যযুররিন্দমৌ ॥ ৩৮
কিরীটী চ যযৌ ক্রুদ্ধঃ সমন্তাৎ পার্থিবোত্তমান্।
আর্জুনিঃ সাত্যকিশ্চৈব যযতুঃ সৌবলং বলম্ ॥ ৩৯
ততঃ প্রববৃতে ভূয়ঃ সংগ্রামো লোমহর্ষণঃ।
তাবকানাং পরেষাঞ্চ সমরে বিজয়ৈষিণাম্ ॥ ৪০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি তৃতীয়ে যুদ্ধদিবসে সঙ্কুলযুদ্ধে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৭

সেই মহাসংগ্রামে মনুষ্য, অশ্ব ও হস্তিগণের বহু মৃত দেহ পড়িয়া আছে। সেখানে রক্ত ও মাংসের কর্দ্দম উৎপন্ন হইল। সেখানকার ভূমিতে যাওয়াই অসম্ভব হইয়া উঠিল ॥ ২৭

জনেশ্বর! রণভূমিতে প্রবাহিত রক্তের সংমিশ্রণে পৃথিবীর ধূলি বসিয়া যাইল এবং সকল দিক্ নির্ম্মল হইল ॥ ২৮

ভারত! সেই সময় জগতের বিনাশের চিহ্নসূচক অসংখ্য কবন্ধ চারিদিকে উঠিতে লাগিল ॥ ২৯

এই অত্যন্ত দারুণ ও মহাভয়ঙ্কর সংগ্রামে রথী যোদ্ধাদিগকে চারিদিকে দৌড়াইতে দেখা যাইল ॥ ৩০

তদনন্তর ভীষ্ম, দ্রোণ, সিন্ধুরাজ জয়দ্রথ, পুরুমিত্র, জয়, ভোজ, শল্য ও শকুনি—ইহারা সিংহতুল্য পরাক্রমী রণদুর্জ্জয় বীর পাণ্ডবগণের সৈন্যদিগের ব্যূহ বারে বারে ভঙ্গ করিতে লাগিলেন ॥ ৩১-৩২

শ্রুতায়ু, রাজা অম্বষ্ঠপতি, দুর্মর্ষণ, চিত্রসেন, দ্রোণ, কৃপ, জয়দ্রথ, বাহ্লীক, ভূরিশ্রবা শল্য ও শল—ইঁহাদিগকে এবং আরও যে সমস্ত শত শত যোদ্ধা যুদ্ধে সমবেত হইয়াছিলেন, তাঁহাদিগকে, জগতে মহারথরূপে খ্যাত ও ক্রুদ্ধ কিরীটধারী কুন্তীকুমার অর্জুন স্বীয় বাহুর পরাক্রমে ভীষ্মসহ সকলকে পরাজিত করিয়াছেন।

ভারত! পূর্বোক্ত বাক্য আলোচনা করিতে করিতে আপনার সমস্ত সৈন্যগণ সহস্র সহস্র প্রজ্বলিত মশালে আলোকিত ও প্রজ্বলিত দীপসমূহে প্রকাশিত নিজ নিজ শিবিরে গমন করিল। কৌরবসৈন্যের সকল সেনার মধ্যেই অর্জুনের ভীতি ব্যাপ্ত হইয়া পড়িল। এই অবস্থায় সেই সকল সৈন্য রাত্রিতে বিশ্রাম করিতে লাগিল। ১৩০-১৩৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তৃতীয় দিনের যুদ্ধের পর সৈন্যপ্রত্যাহারবিষয়ক একোনষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষষ্টিতমোঽধ্যায়ঃ।

[চতুর্থদিবসে উভয়পক্ষয়োঃ সৈন্যানাং ব্যূহনির্ম্মাণম্, ভীষ্মার্জুনয়োর্দ্বৈরথং যুদ্ধঞ্চ।]

সঞ্জয় উবাচ।
ব্যুষ্টাং নিশাং ভারত ভরতানা-
মনীকিনীনাং প্রমুখে মহাত্মা।
যযৌ সপত্নান্ প্রতি জাতকোপো
বৃতঃ সমগ্রেণ বলেন ভীষ্মঃ ॥ ১
তং দ্রোণ-দুর্যোধন-বাহ্লিকাশ্চ
তথৈব দুর্মর্ষণ-চিত্রসেনৌ।
জয়দ্রথশ্চাতিবলো বলৌঘৈ—
র্নৃপাস্তথান্যে প্রযযুঃ সমন্তাৎ ॥ ২

ষষ্টিতম অধ্যায়।

[চতুর্থ দিনে উভয়পক্ষের সৈন্যগণের ব্যূহ নির্ম্মাণ এবং ভীষ্ম ও অর্জুনের দ্বৈরথ যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—ভারত! যখন রাত্রি অতিবাহিত হইল, তখন ভরতবংশীয় সৈন্যবাহিনীর অগ্রভাগে স্থিত মহাত্মা ভীষ্ম সমগ্র সৈন্যে পরিবৃত হইয়া শত্রুগণের সহিত যুদ্ধ করিতে গমন করিলেন। সেই সময় তিনি শত্রুগণের উপর অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন। ১

তাঁহার সহিত চারিদিকে দ্রোণ, দুর্য্যোধন, বাহ্লীক, দুর্মর্ষণ,

স তৈর্মহস্তিশ্চ মহারথৈশ্চ
তেজস্বিভির্বীর্য্যবস্তিশ্চ রাজন্ ।
ররাজ রাজা স তু রাজমুখ্যৈ-
র্বৃতঃ স দেবৈরিব বজ্রপাণিঃ ॥ ৩

তস্মিন্ননীকপ্রমুখে বিষক্তা
দোধূয়মানাশ্চ মহাপতাকাঃ ।
সুরক্তপীতসিতপাণ্ডুরাভা
মহাগজস্কন্ধগতা বিরেজুঃ ॥ ৪

সা বাহিনী শান্তনবেন গুপ্তা
মহারথৈর্বারণবাজিভিশ্চ ।
বভৌ সবিদ্যুৎস্তনয়িত্নুকল্পা
জলাগমে দ্যৌরিব জাতমেঘা ॥ ৫

ততো রণায়াভিমুখী প্রযাতা
প্রত্যর্জুনং শান্তনবাভিগুপ্তা ।
সেনা মহোগ্রা সহসা কুরূণাং
বেগো যথা ভীম ইবাপগায়াঃ ॥ ৬

তং ব্যালনানাবিধগূঢ়সারং
গজাশ্ব-পাদাত-রথৌঘপক্ষম্ ।
ব্যূহং মহামেঘসমং মহাত্মা
দদর্শ দূরাৎ কপিরাজকেতুঃ ॥ ৭

বিনির্যযৌ কেতুমতা রথেন
নরর্ষভঃ শ্বেতহয়েন বীরঃ ।
বরূথিনা সৈন্যমুখে মহাত্মা
বধে ধৃতঃ সর্বসপত্নযূনাম্ ॥ ৮

সুপস্করং সোত্তরবন্ধুরেষং
যত্তং যদূনামৃষভেণ সংখ্যে ।
কপিধ্বজং প্রেক্ষ্য বিষেদুরাজৌ
সহৈব পুত্রৈস্তব কৌরবেয়াঃ ॥ ৯

প্রকর্ষতা গুপ্তমুদায়ুধেন
কিরীটিনা লোকমহারথেন ।
তং ব্যূহরাজং দদৃশুস্তদীয়া-
শ্চতুশ্চতুর্ব্যালসহস্রকর্ণম্ ॥ ১০

চিত্রসেন, অতিশয় বলবান্ জয়দ্রথ এবং অন্যান্য নরপতিগণ বিশাল সৈন্যবাহিনীর সহিত প্রস্থান করিলেন ॥ ২

রাজন্! এই সব মহান্, তেজস্বী, পরাক্রমী ও মহারথী বীর নৃপবৃন্দে পরিবৃত রাজা দুর্য্যোধন দেবতাগণে পরিবৃত বজ্রপাণি ইন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৩

এই সব সৈন্যের অগ্রভাগে বড় বড় গজরাজ সকলের স্কন্ধে স্থাপিত অতিশয় রক্ত, পীত, কৃষ্ণ ও শুভ্রবর্ণের উড্ডীয়মান ধ্বজসমূহ শোভা পাইতেছিল ॥ ৪

শান্তনুনন্দন ভীষ্মের দ্বারা রক্ষিত সেই বিশাল সৈন্যবাহিনী বড় বড় রথ, হস্তী ও অশ্বসকলে এইরূপ শোভা পাইতেছিল, যেরূপ বর্ষাকালে জলবর্ষণশীল মেঘে আচ্ছাদিত আকাশ বিদ্যুতের সহিত শোভা পাইয়া থাকে ॥ ৫

তারপর নদীর ভয়ঙ্কর বেগের ন্যায় কৌরবপক্ষের সেই অতিশয় ভয়ানক সৈন্যবাহিনী শান্তনুনন্দন ভীষ্ম কর্ত্তৃক সুরক্ষিত হইয়া যুদ্ধের জন্য সহসা অর্জুনের দিকে গমন করিতে লাগিল ॥ ৬

মহাত্মা কপিধ্বজ অর্জুন দূর হইতে দেখিতে পাইলেন যে, কৌরবসৈন্যেরা ব্যালনামক ব্যূহে আবদ্ধ হওয়ায় তাহাদিগকে বহু প্রকার দেখাইতেছে। তাহাদের শক্তিও গুপ্তভাবে রক্ষিত আছে। উহাদের মধ্যে হস্তী, অশ্ব, পদাতিক ও রথসমূহ পূর্ণরূপে আছে। কৌরবসৈন্যদের এই ব্যূহ মহামেঘের ন্যায় দেখা যাইতেছে ॥ ৭

তদনন্তর নরশ্রেষ্ঠ মহাত্মা বীর অর্জুন সমস্ত শত্রুপক্ষীয় যুবকগণের বধ সঙ্কল্প করিয়া শ্বেতবর্ণের অশ্বে যোজিত, ধ্বজ ও আবরণে সংযুক্ত রথে আরোহণ করত শত্রু-সৈন্যের সম্মুখে চলিলেন ॥ ৮

যাহার মধ্যে সমস্ত আবশ্যকীয় দ্রব্যসামগ্রী সুন্দররূপে স্থাপিত হইয়াছে, উত্তমরূপে বদ্ধ থাকিবার ফলে যাহার ঈষা অতিশয় মনোহর দেখাইতেছে এবং যদুকুলতিলক শ্রীকৃষ্ণ যাহার চালনা করিতেছেন, সেই বানরচিহ্ন-যুক্ত ধ্বজাসুশোভিত রথকে রণাঙ্গনে উপস্থিত হইতে দেখিয়া আপনার পুত্রগণের সহিত সমস্ত কৌরব-সৈন্যেরা বিষাদ-মগ্ন হইয়া পড়িল ॥ ৯

লোকবিখ্যাত মহারথী কিরীটধারী অর্জুন অস্ত্রের সাহায্যে যাহাকে সুরক্ষিতভাবে নিজের সহিত লইয়া আসিতেছেন এবং যাহার মধ্যে চার চার হাজার মদমত্ত হস্তী প্রত্যেক দিকে দণ্ডায়মান আছে, সেই ব্যূহরাজকে আপনার সৈন্যগণ দর্শন করিল ॥ ১০

যথা হি পূর্ব্বেঽহনি ধর্মরাজ্ঞা
বূ্যহঃ কৃতঃ কৌরবসত্তমেন।
তথা ন ভূতো ভুবি মানুষেষু
ন দৃষ্টপূর্ব্বো ন চ সংশ্রুতশ্চ ॥ ১১

ততো যথাদেশমুপেত্য তস্থুঃ
পাঞ্চালমুখ্যাঃ সহ চেদিমুখ্যৈঃ।
ততঃ সমাদেশসমাহতানি
ভেরীসহস্রাণি বিনেদুরাজৌ ॥ ১২

শঙ্খস্বনাস্তূর্য্যরথস্বনাশ্চ
সর্ব্বেষ্বনীকেষু সসিংহনাদাঃ।
ততঃ সবাণানি মহাস্বনানি
বিস্ফার্য্যমাণানি ধনূংষি বীরৈঃ ॥ ১৩

ক্ষণেন ভেরী-পণবপ্রণাদা-
নন্তর্দধুঃ শঙ্খমহাস্বনাশ্চ।
তচ্ছঙ্খশব্দাবৃতমন্তরিক্ষ-
মুদ্ভূতভৌমদ্রুতরেণুজালম্ ॥ ১৪

মহানুভাবাশ্চ ততঃ প্রকাশ-
মালোক্য বীরাঃ সহসাভিপেতুঃ।
রথী রথেনাভিহতঃ সসূতঃ
পপাত সাশ্বঃ সরথঃ সকেতুঃ ॥ ১৫

গজো গজেনাভিহতঃ পপাত
পদাতিনা চাভিহতঃ পদাতিঃ।
আবর্তমানান্যভিবর্তমানৈ—
র্ঘোরীকৃতান্যদ্ভুতদর্শনানি ॥

প্রাসৈশ্চ খড়্গৈশ্চ সমাহতানি
সদশ্ববৃন্দানি সদশ্ববৃন্দৈঃ ॥ ১৬

সুবর্ণতারাগণভূষিতানি
সূর্য্যপ্রভাভানি শরাবরাণি।
বিদার্য্যমাণানি পরশ্বধৈশ্চ
প্রাসৈশ্চ খড়্গৈশ্চ নিপেতুরুর্ব্যাম্ ॥ ১৭

গজৈর্বিষাণৈর্বরহস্তরুগ্নাঃ
কেচিৎ সসূতা রথিনঃ প্রপেতুঃ।
গজর্ষভাশ্চাপি রথর্ষভেণ
নিপাতিতা বাণহতাঃ পৃথিব্যাম্ ॥ ১৮

গজৌঘবেগোদ্ধতসাদিতানাং
শ্রুত্বা বিষেদুঃ সহসা মনুষ্যাঃ।
আর্তস্বনং সাদিপদাতিযূনাং
বিষাণগাত্রাবরতাড়িতানাম্ ॥ ১৯

কুরুশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির প্রথম দিনে যেরূপ ব্যূহ রচনা করিয়াছিলেন, এই ব্যূহও সেইরূপই ছিল। এরূপ ব্যূহ এই ভূতলে মনুষ্যগণের সৈন্যের মধ্যে কখনও পূর্ব্বে দেখা যায় নাই এবং কখনও ইহা শুনাও যায় নাই। ১১

তারপর সেনাপতির আদেশ অনুসারে যথোচিত স্থানে যাইয়া চেদি ও পাঞ্চালদেশের প্রধান প্রধান বীরগণ অবস্থান করিতে লাগিলেন। অনন্তর এই রণাঙ্গনে প্রধান পুরুষের আজ্ঞা পাইয়া সহস্র সহস্র রণভেরী একসঙ্গে বাজিয়া উঠিল। ১২

তখন সকল সৈন্যের মধ্যেই শঙ্খনাদ, তূর্য্যনাদ এবং বীরগণের সিংহনাদের সহিত রথসমূহের ঘর্ঘর শব্দ হইতে লাগিল। তারপর বীরগণের দ্বারা আকর্ষিত বাণ-সহ ধনুর মহাটঙ্কারধ্বনিও উত্থিত হইল। ১৩

ক্ষণকালের মধ্যেই ভেরী ও প্রণব প্রভৃতির ধ্বনিকে মহা-শঙ্খনাদ দাবাইয়া দিল এবং এই শঙ্খধ্বনিতে ব্যাপ্ত হইয়া আকাশে (পৃথিবী হইতে) উত্থিত ধূলির ভয়ঙ্কর ও অদ্ভুত জাল বিস্তৃত হইয়া পড়িল। ১৪

তদনন্তর মহাপ্রভাবশালী বীরগণ সূর্য্যদেবের প্রকাশ দেখিয়া সহসা শত্রুমণ্ডলীর উপর আক্রমণ করিলেন। রথী বীর রথীর সহিত মিলিত হইয়া সারথি, অশ্ব, রথ, ধ্বজসহ নিহত অবস্থায় ভূপাতিত হইতে লাগিলেন। ১৫

হস্তী হস্তীর আঘাতে এবং পদাতিক সৈন্য পদাতিকসৈন্যের অস্ত্রাঘাতে ধরাশায়ী হইল। শ্রেষ্ঠ অশ্বসকলের উপর শ্রেষ্ঠ অশ্ব-সমূহের আক্রমণ-প্রত্যাক্রমণ হইতে থাকিল। ইহারা আরোহী-দিগের কৃত খড়্গ ও প্রাসসমূহের আঘাতে আহত হইয়া ভয়ঙ্কর এবং অদ্ভুত দেখাইতেছিল। স্বর্ণময় তারকাচিহ্নসকলে শোভিত সূর্য্যসদৃশ প্রকাশমান কবচগুলি পরশু, খড়্গ ও প্রাসসমূহের আঘাতে বিদীর্ণ হইয়া ভূতলে পতিত হইতে লাগিল। ১৬-১৭

দন্তুর হস্তীদিগের দন্তসমূহ ও বিশাল শুণ্ডের আঘাতে রথ চূর্ণ-বিচূর্ণ হইয়া যাওয়ায় বহু রথী সারথির সহিত ধরাশায়ী হইয়া পড়িল। কত শ্রেষ্ঠ রথী বড় বড় হাতীগুলিকেও স্বীয় বাণসমূহে নিহত করিয়া ভূপাতিত করিতে লাগিল। ১৮

হাতিগণের বেগে নিপাতিত হইয়া বহু অশ্বারোহী ও

সম্ভ্রান্তনাগাশ্বরথে মুহূর্তে
মহাক্ষয়ে সাদিপদাতিযূনাম্।
মহারথৈঃ সম্পরিবার্য্যমাণো
দদর্শ ভীষ্মঃ কপিরাজকেতুম্ ॥ ২০

তং পঞ্চতালোচ্ছ্রিততালকেতুঃ
সদশ্ববেগাদ্ভুতবীর্য্যযানঃ।
মহাস্ত্রবাণাশনিদীপ্তিমন্তং
কিরীটিনং শান্তনবোঽভ্যধাবৎ ॥ ২১

তথৈব শক্রপ্রতিমপ্রভাব-
মিন্দ্রাত্মজং দ্রোণমুখা বিসস্রুঃ।
কৃপশ্চ শল্যশ্চ বিবিংশতিশ্চ
দুর্য্যোধনঃ সৌমদত্তিশ্চ রাজন্ ॥ ২২

ততো রথানাং প্রমুখাদুপেত্য
সর্বাস্ত্রবিৎ কাঞ্চনচিত্রবর্মা।
জবেন শূরোঽভিসসার সর্বাং-
স্তানর্জ্জুনস্যাত্মসুতোঽভিমন্যুঃ ॥ ২৩

তেষাং মহাস্ত্রাণি মহারথানা-
মসহ্যকর্মা বিনিহত্য কার্ষ্ণিঃ।
বভৌ মহামন্ত্রহুতার্চিমালী
সদোগতঃ সন্ ভগবানিবাগ্নিঃ ॥ ২৪

ততঃ স তূর্ণং রুধিরোদফেনাং
কৃত্বা নদীমাশু রণে রিপূণাম্।
জগাম সৌভদ্রমতীত্য ভীষ্মো
মহারথং পার্থমদীনসত্ত্বঃ ॥ ২৫

ততঃ প্রহস্যাদ্ভুতবিক্রমেণ
গাণ্ডীবমুক্তেন শিলাশিতেন।
বিপাঠজালেন মহাস্ত্রজালং
বিনাশয়ামাস কিরীটমালী ॥ ২৬

তমুত্তমং সর্বধনুর্ধরাণা-
মসক্তকর্মা কপিরাজকেতুঃ।
ভীষ্মং মহাত্মাভিববর্ষ তূর্ণং
শরৌঘজালৈর্বিমলৈশ্চ ভল্লৈঃ ॥ ২৭

পদাতিক যুবক বিনষ্ট হইল। তাহারা স্বীয় দন্ত ও নিনাদে বিধ্বস্ত করিয়া বহু মানুষকে হতাহত করিয়া ফেলিল। সহসা ইহাদের আর্ত্ত চীৎকার শ্রবণ করিয়া সকল লোকেরই মনে অতিশয় খেদ উপস্থিত হইল ॥ ১৯

সেই মুহূর্ত্তে যখন অশ্বারোহী ও পদাতিক যুবকগণের গুরুতর সংহার চলিতেছিল এবং হস্তী, অশ্ব ও রথী বীরগণ সকলে উদ্বিগ্ন হইয়া পড়িয়াছিল, তখন মহারথী বীরগণে পরিবৃত্ত হইয়া ভীষ্ম বানরচিহ্নযুক্ত ধ্বজশোভিত অর্জুনকে দেখিতে পাইলেন ॥ ২০

ভীষ্মের ধ্বজ পাঁচটি তালবৃক্ষ চিহ্নিত ও অতিশয় উচ্চ ছিল। তাঁহার রথ উত্তম অশ্বসমূহে যোজিত ছিল। ইহাদের বেগে এই রথ অদ্ভুত শক্তিশালী বলিয়া মনে হইতেছিল। এই রথেই আরোহণ করিয়া শান্তনুনন্দন ভীষ্ম কিরীটধারী অর্জুনের উপর ধাবিত হইলেন। তখন অর্জুন বাণ ও অশনি (বজ্র) প্রভৃতি দিব্য মহাস্ত্রসমূহে উদ্দীপ্ত ছিলেন ॥ ২১

রাজন্! এতাদৃশ ইন্দ্রতুল্য প্রভাবশালী ইন্দ্রনন্দন অর্জুনের উপর দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, শল্য, বিবিংশতি, দুর্য্যোধন ও ভূরিশ্রবা এক সঙ্গে আক্রমণ করিলেন ॥ ২২

তখন সর্বপ্রকার অস্ত্রে অভিজ্ঞ, স্বর্ণনির্মিত বিচিত্র কবচধারী, পরাক্রমশালী বীর অর্জুনপুত্র অভিমন্যু এক শ্রেষ্ঠ রথের সাহায্যে সবেগে আসিয়া সেই সমস্ত কৌরব মহারথী বীরগণের দিকে ধাবিত হইলেন ॥ ২৩

অর্জুননন্দন অভিমন্যুর পরাক্রম অপরের পক্ষে অসহ্য ছিল। তিনি সেই সব কৌরব মহারথীদিগের মহাস্ত্রসমূহকেও নষ্ট করিয়া যজ্ঞমণ্ডপে মহামন্ত্রদ্বারা আহুতি পাইয়া প্রজ্বলিত শিখাবলিযুক্ত ভগবান্ অগ্নিদেবের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৪

তারপর উদার শক্তিশালী ভীষ্ম রণাঙ্গনে অতিক্রান্ত শত্রুদিগের রক্তরূপী জল ও ফেনপূর্ণ নদী প্রবাহিত করিয়া সুভদ্রাসুত অভিমন্যুকে অতিক্রম করত মহারথী অর্জুনের উপর আক্রমণ করিলেন ॥ ২৫

তখন কিরীটধারী অর্জুন হাস্য করত অদ্ভুত পরাক্রম প্রদর্শন পূর্ব্বক গাণ্ডীব ধনু হইতে নিক্ষিপ্ত ও শিলাতে ঘষিয়া ধারালকৃত বিপাঠনামক বাণসমূহে শত্রুদিগের মহাস্ত্রসমূহকে ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন ॥ ২৬

তারপর অপ্রতিহত পরাক্রমী মহাত্মা কপিধ্বজ অর্জুন ধনুর্দ্ধারিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্মের উপর ক্ষিপ্রতার সহিত নির্ম্মল ভল্লসমূহ ও বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ২৭

তথৈব ভীষ্মাহতমন্তরিক্ষে
মহাস্ত্রজালং কপিরাজকেতোঃ।
বিশীর্য্যমাণং দদৃশুস্ত্বদীয়া
দিবাকরেণেব তমোঽভিভূতম্ ॥ ২৮
এবংবিধং কার্ম্মুকভীমনাদ-
মদীনবৎ সৎপুরুষোত্তমাভ্যাম্।
দদর্শ লোকঃ কুরু-সৃঞ্জয়াশ্চ
তদ্ দ্বৈরথং ভীষ্ম-ধনঞ্জয়াভ্যাম্ ॥২৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি ভীষ্মার্জ্জুনদ্বৈরথে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

সেইরূপ আপনার সৈন্যরাও দেখিতে পাইলেন যে, আকাশে কপিধ্বজ অর্জ্জুনের মহাস্ত্রজালকে ভীষ্ম নিজ অস্ত্রসমূহে সেইভাবে ছিন্ন ভিন্ন করিয়া দিলেন, যেরূপে ভগবান্ সূর্য্যদেব অন্ধকারকে নাশ করিয়া থাকেন ॥ ২৮

সৎপুরুষগণের মধ্যে এইরূপ ভয়ঙ্কর ধনুকের টঙ্কারযুক্ত, দৈন্য-হীন দ্বৈরথযুদ্ধ চলিতে লাগিল, যাহা কৌরব ও সৃঞ্জয় বীরগণ এবং অন্যান্য সকলেও দেখিতে লাগিলেন ॥ ২৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্ম ও অর্জ্জুনের দ্বৈরথযুদ্ধবিষয়ক ষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একষষ্টিতমোঽধ্যায়ঃ।

(অভিমন্যোঃ পরাক্রমঃ, ধৃষ্টদ্যুম্নেন শল-পুত্রস্য বিনাশশ্চ ।)

সঞ্জয় উবাচ।

দ্রৌণির্ভূরিশ্রবাঃ শল্যশ্চিত্রসেনশ্চ মারিষ।
পুত্রঃ সংযমনেশ্চৈব সৌভদ্রং পর্য্যবারয়ন্ ॥ ১
সংসক্তমতিতেজোভিস্তমেকং দদৃশুর্জনাঃ।
পঞ্চভির্মনুজব্যাঘ্রৈর্গজৈঃ সিংহশিশুং যথা ॥ ২
নাভিলক্ষ্যতয়া কশ্চিন্ন শৌর্য্যে ন পরাক্রমে।
বভূব সদৃশঃ কার্ষ্ণের্নাস্ত্রেণাপি চ লাঘবে ॥ ৩
তথা তমাত্মজং যুদ্ধে বিক্রমন্তমরিন্দমম্।
দৃষ্ট্বা পার্থঃ সুসংযত্তঃ সিংহনাদমথানদৎ ॥ ৪
পীড়য়ানং তু তৎ সৈন্যং পৌত্রং তব বিশাম্পতে।
দৃষ্ট্বা ত্বদীয়া রাজেন্দ্র সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥ ৫
ধ্বজিনীং ধার্ত্তরাষ্ট্রাণাং দীনশত্রুরদীনবৎ।
প্রত্যুদ্যযৌ স সৌভদ্রস্তেজসা চ বলেন চ ॥৬
তস্য লাঘবমার্গস্থমাদিত্যসদৃশপ্রভম্।
ব্যদৃশ্যত মহচ্চাপং সমরে যুধ্যতঃ পরৈঃ ॥ ৭

একষষ্টিতম অধ্যায়।

[অভিমন্যুর পরাক্রম ও ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক শলের পুত্রকে বিনাশ।]

সঞ্জয় কহিলেন,—মাননীয় রাজন্! দ্রোণপুত্র অশ্বত্থামা, ভূরিশ্রবা, শল্য, চিত্রসেন ও শলের পুত্র সুভদ্রানন্দন অভিমন্যুর অগ্রগতি রোধ করিয়া দিলেন ॥ ১

যেরূপ সিংহশাবক পাঁচটি হাতীর দ্বারা আক্রান্ত হইয়া যুদ্ধ করে, সেইরূপ সুভদ্রাকুমার অভিমন্যুও সেই অত্যন্ত তেজস্বী পঞ্চ পুরুষশ্রেষ্ঠ বীর কর্ত্তৃক আক্রান্ত হইয়া একাকী যুদ্ধ করিতে লাগিলেন। ইহা সেখানকার সকল লোকেই প্রত্যক্ষভাবে দেখিতে লাগিলেন ॥ ২

লক্ষ্যবেধ, শৌর্য্য (বীরত্ব) প্রকাশ, পরাক্রমপ্রদর্শন, অস্ত্রজ্ঞান বিজ্ঞাপন ও হস্তের নৈপুণ্য দেখান বিষয়ে কেহই অভিমন্যুর সদৃশ ছিলেন না ॥ ৩

স্বীয় শত্রুদমন পুত্র অভিমন্যুকে এইরূপ প্রযত্নসহকারে পরাক্রম প্রকাশ করিতে দেখিয়া কুন্তীনন্দন অর্জ্জুন সিংহতুল্য গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৪

প্রজানাথ! রাজেন্দ্র! আপনার পৌত্র অভিমন্যুকর্ত্তৃক কৌরবসৈন্যগণকে পীড়িত হইতে দেখিয়া আপনার সকল সৈন্যই তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিল ॥ ৫

নিজ শত্রুদিগকে দীনতায় পরিণতকারী সুভদ্রাপুত্র অভিমন্যু স্বয়ং দীনতাশূন্য হইয়া স্বীয় তেজ ও বলে কৌরবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥ ৬

সমরাঙ্গণে শত্রুগণের সহিত যুদ্ধরত অভিমন্যুর বিশাল ধনু অস্ত্রচালনানৈপুণ্যমার্গে থাকিয়া সূর্য্যসদৃশ প্রকাশিত হইতে লাগিল ॥ ৭

১০ম বর্ষ, শ্রাবণমাস ১৩৭৮]　　[দ্বিতীয় সংখ্যা—শায়নী যাত্রা

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

*　*　*

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

*　*　*

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য ডি,লিট্ * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম্-এ, ডি,লিট

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ　　শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ　　শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী ঃ—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(**জয়গুরু সম্প্রদায়**)

যুগ্ম-কর্ম্মকিঙ্কর ঃ—
ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস্, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ (লণ্ডন)।
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় ঃ—
৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

[বার্ষিক মূল্য সডাক ১৫.০০ টাকা　　প্রতি সংখ্যা ১.৫০ টাকা]

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫·০০ টাকা, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০ টাকা, প্রতি সংখ্যা ২·০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭৷২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রা[illegible]কে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা [illegible]কান উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—**আর্য্যশাস্ত্র**

শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়

৭৷২, পি, ডব্লিউ, ডি রোড

কলিকাতা—৩৫

স দ্রৌণিমিষুণৈকেন বিদ্ধ্বা শল্যঞ্চ পঞ্চভিঃ।
ধ্বজং সাংযমনেশ্চৈব সোঽষ্টাভিশ্চিচ্ছিদে ততঃ ॥ ৮
রুক্মদণ্ডাং মহাশক্তিং প্রেষিতাং সৌমদত্তিনা।
শিতেনোরগসঙ্কাশাং পত্রিণাপজহার তাম্ ॥ ৯
শল্যস্তু চ মহাবেগানস্ততঃ সমরে শরান্।
(ধনুশ্চিচ্ছেদ ভল্লেন তীব্রবেগেন ফাল্গুনিঃ)
নিবার্য্যার্জুনদায়াদো জঘান চতুরো হয়ান্ ॥ ১০
ভূরিশ্রবাশ্চ শল্যশ্চ দ্রৌণিঃ সাংযমনিঃ শলঃ।
নাভ্যবর্তন্ত সংরব্ধাঃ কার্ষ্ণের্বাহুবলোদয়ম্ ॥ ১১
ততস্ত্রিগর্তা রাজেন্দ্র মদ্রাশ্চ সহ কেকয়ৈঃ।
পঞ্চবিংশতিসাহস্রাস্তব পুত্রেণ চোদিতাঃ ॥ ১২
ধনুর্বেদবিদো মুখ্যা অজেয়াঃ শত্রুভির্যুধি।
সহপুত্রং জিঘাংসন্তং পরিবব্রুঃ কিরীটিনম্ ॥ ১৩
তৌ তু তত্র পিতাপুত্রৌ পরিক্ষিপ্তৌ মহারথৌ।
দদর্শ রাজন্ পাঞ্চাল্যঃ সেনাপতিররিন্দম ॥ ১৪
স বারণরথৌঘানাং সহস্রৈর্বহুভির্বৃতঃ।
বাজিভিঃ পত্তিভিশ্চৈব বৃতঃ শতসহস্রশঃ ॥ ১৫
ধনুর্বিস্ফার্য্য সংক্রুদ্ধো নোদয়িত্বা চ বাহিনীম্।
যযৌ তং মদ্রকানীকং কেকয়াংশ্চ পরন্তপ ॥ ১৬
তেন কীর্ত্তিমতা গুপ্তমনীকং দৃঢ়ধন্বনা।
সংরব্ধরথনাগাশ্বং যোৎস্যমানমশোভত ॥ ১৭
সোঽর্জুনপ্রমুখে যান্তং পাঞ্চালকুলবর্ধনঃ।
ত্রিভিঃ শারদ্বতং বাণৈর্জত্রুদেশে সমার্পয়ৎ ॥ ১৮
ততঃ স মদ্রকান্ হত্বা দশৈব দশভিঃ শরৈঃ।
পৃষ্ঠরক্ষং জঘানাশু ভল্লেন কৃতবর্মণঃ ॥ ১৯
দমনং চাপি দায়াদং পৌরবস্য মহাত্মনঃ।
জঘান বিমলাগ্রেণ নারাচেন পরন্তপঃ ॥ ২০
ততঃ সাংযমনেঃ পুত্রঃ পাঞ্চাল্যং যুদ্ধদুর্মদম্।
অবিধ্যৎ ত্রিংশতাবাণৈর্দশভিশ্চাস্য সারথিম্ ॥২১
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সৃক্কিণী পরিসংলিহন্।
ভল্লেন ভৃশতীক্ষ্ণেন নিচকর্তাস্য কার্মুকম্ ॥ ২২

তিনি অশ্বত্থামাকে এক ও শল্যকে পাঁচ বাণে আহত করিয়া শলের ধ্বজকে আট বাণে ছেদন করিয়া ফেলিলেন ॥ ৮

তারপর ভূরিশ্রবা কর্তৃক নিক্ষিপ্তা স্বর্ণদণ্ডভূষিতা সর্পসদৃশী মহাশক্তিকে তীক্ষ্ণ বাণসমূহে নষ্ট করিয়া দিলেন ॥ ৯

সমরা[illegible] মহাবেগশালী বাণসমূহ নিক্ষেপ করিতেছিলেন, অর্জুনপুত্র অভিমন্যু তীব্র বেগযুক্ত ভল্লাস্ত্রে তাঁহার ধনুকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন এবং তাঁহার অগ্রগতি রোধ করিয়া পার্থকুমার তাঁহার চারিটি অশ্বকেও বিনাশ করিলেন ॥ ১০

ভূরিশ্রবা, শল্য, অশ্বত্থামা, সংযমন (সোমদত্ত)-পুত্র শল— ইঁহারা সকলেই যদিও তখন অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন, তথাপি তাঁহারা অভিমন্যুর বাহুবলবৃদ্ধিকে প্রতিরোধ করিতে পারিলেন না ॥ ১১

রাজেন্দ্র! তখন আপনার পুত্র দুর্যোধন কর্তৃক প্রেরিত হইয়া ত্রিগর্ত ও কেকয়গণের সহিত মদ্রদেশের পঁচিশ হাজার যোদ্ধা শত্রুবধের ইচ্ছা রাখিয়া পুত্রসহ কিরীটধারী অর্জুনকে ঘিরিয়া ফেলিলেন। এই সকল যোদ্ধা ধনুর্বেদে বিশেষজ্ঞ ও যুদ্ধস্থলে শত্রুগণকর্তৃক অজেয় ছিলেন ॥ ১২-১৩

শত্রুদমন নরেশ! পিতা-পুত্র মহারথ অর্জুন ও অভিমন্যুকে শত্রুগণকর্তৃক পরিবৃত হইতে দেখিয়া পাঞ্চালরাজকুমার সেনাপতি ধৃষ্টদ্যুম্ন কয়েক হাজার হস্তী ও রথ এবং লক্ষ লক্ষ অশ্বারোহী ও পদাতিক সৈন্যে আবৃত হইয়া স্বীয় বিশাল বাহিনীকে অগ্রবর্দ্ধন করাইতে করাইতে এবং ক্রোধের সহিত ধনুষ্টঙ্কার করিতে করিতে মদ্র ও কেকয়সৈন্যদিগের উপর আক্রমণ করিলেন ॥১৪-১৬

সুদৃঢ় ধনুর্দ্ধারী যশস্বী ধৃষ্টদ্যুম্নকর্তৃক সুরক্ষিত হইয়া যুদ্ধের জন্য উদ্যত এই সৈন্যবাহিনী রণাঙ্গনে শোভা পাইতে লাগিল, এই বাহিনীর রথারোহী, হস্ত্যারোহী সকল সৈন্যই তখন অতিশয় ক্রুদ্ধ ছিল ॥ ১৭

পাঞ্চালবংশবর্দ্ধন ধৃষ্টদ্যুম্ন অর্জুনের সম্মুখে গমনোদ্যত কৃপাচার্য্যের কণ্ঠের উপরিভাগে (স্কন্ধের সন্ধিস্থলে) তিনটি বাণ প্রহার করিলেন ॥ ১৮

তারপর দশটি বাণে দশজন মদ্রদেশীয় যোদ্ধাকে নিহত করিয়া অতিক্রুত একটি ভল্লে কৃতবর্ম্মার পৃষ্ঠরক্ষককে বধ করিলেন ॥ ১৯

তাহার পর শত্রুসন্তাপক পাণ্ডবসেনাপতি ধৃষ্টদ্যুম্ন তীক্ষ্ণাগ্রবিশিষ্ট নারাচে মহাত্মা পৌরবের পুত্র দমনকে বিনাশ করিলেন ॥

তখন শলের পুত্র ত্রিশটি বাণে রণদুর্মদ ধৃষ্টদ্যুম্নকে ও দশটি বাণে তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥ ২০-২১

এইভাবে গুরুতর আহত হইয়া স্বীয় মুখের দুই প্রান্তভাগ জিহ্বার দ্বারা লেহন করিতে করিতে মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন অত্যন্ত তীক্ষ্ণ ভল্লাস্ত্রে শলের পুত্রের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥ ২২

অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষিপ্রমেব সমার্পয়ৎ।
অশ্বাংশ্চাস্যাবধীদ্ রাজন্নুভৌ তৌ পার্ষ্ণিসারথী ॥ ২৩
স হতাশ্বে রথে তিষ্ঠন্ দদর্শ ভরতর্ষভ।
পুত্রঃ সাংযমনেঃ পুত্রং পাঞ্চাল্যস্য মহাত্মনঃ ॥ ২৪
স প্রগৃহ্য মহাঘোরং নিস্ত্রিংশবরমায়সম্।
পদাতিস্তূর্ণমানর্চ্ছদ্ রথস্থং পুরুষর্ষভঃ ॥ ২৫
তং মহৌঘমিবায়ান্তং খাৎ পতন্তমিবোরগম্।
ভ্রান্তাবরণনিস্ত্রিংশং কালোৎসৃষ্টমিবান্তকম্ ॥ ২৬
দীপ্যমানমিবাদিত্যং মত্তবারণবিক্রমম্।
অপশ্যন্ পাণ্ডবাস্তত্র ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ২৭
তস্য পাঞ্চালদায়াদঃ প্রতীপমভিধাবতঃ।
শিতনিস্ত্রিংশহস্তস্য শরাবরণধারিণঃ ॥ ২৮
বাণবেগমতীতস্য তথাভ্যাসমুপেয়ুষঃ।
স্বরন্ সেনাপতিঃ ক্রুদ্ধো বিভেদ গদয়া শিরঃ ॥২৯
তস্য রাজন্ সনিস্ত্রিংশং সুপ্রভঞ্চ শরাবরম্।
হতস্য পততো হস্তাদ্ বেগেন ন্যপতদ্ ভুবি ॥ ৩০
তং নিহত্য গদাগ্রেণ স লেভে পরমাং মুদম্।
পুত্রঃ পাঞ্চালরাজস্য মহাত্মা ভীমবিক্রমঃ ॥ ৩১
তস্মিন্ হতে মহেষ্বাসে রাজপুত্রে মহারথে।
হাহাকারো মহানাসীৎ তব সৈন্যস্য মারিষ ॥ ৩২
ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধো দৃষ্ট্বা নিহতমাত্মজম্।
অভিদুদ্রাব বেগেন পাঞ্চাল্যং যুদ্ধদুর্মদম্ ॥ ৩৩
তৌ তত্র সমরে শূরৌ সমেতৌ যুদ্ধদুর্মদৌ।
দদৃশুঃ সর্ব্বরাজানঃ কুরবঃ পাণ্ডবাস্তথা ॥ ৩৪
ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধঃ পার্ষতং পরবীরহা।
আজঘান ত্রিভির্বাণৈস্তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥ ৩৫

রাজন্! তারপর তিনি অতি সত্বর পঁচিশটি বাণে শলপুত্রকে আহত করিলেন এবং তাঁহার অশ্বগণকে ও দুইজন পৃষ্ঠরক্ষককে বধ করিলেন ॥ ২৩

ভরতশ্রেষ্ঠ! যে রথের অশ্ব বিনষ্ট হইয়াছে, সেই রথেই অবস্থান করিয়া শলের পুত্র মহাত্মা পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥ ২৪

তারপর পুরুষশ্রেষ্ঠ শলপুত্র অতিভ্রুত একটি ভয়ঙ্কর লৌহ-নির্ম্মিত তরবারি লইয়া পায়ে হাঁটিয়া রথে উপবিষ্ট পাঞ্চালরাজ-কুমার ধৃষ্টদ্যুম্নের দিকে যাইতে আরম্ভ করিলেন ॥ ২৫

এই যুদ্ধে পাণ্ডবগণ ও দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন দেখিতে লাগিলেন যে, মদমত্ত গজরাজের ন্যায় পরাক্রমী এবং সূর্য্যতুল্য দেদীপ্যমান শলপুত্র (ধৃষ্টদ্যুম্নের দিকে) আসিতেছেন। তখন তিনি মহা-বেগশালী জলপ্রবাহ, আকাশ হইতে পতিত সর্প এবং কালপ্রেরিত মৃত্যুসদৃশ বলিয়া প্রতীত হইতেছিলেন। তাঁহার হাতে আবরণমুক্ত (খোলা) তরবারি ছিল ॥ ২৬-২৭

তিনি সেই সময় বিরুদ্ধ মনোভাব লইয়া ধাবিত হইতে-ছিলেন। তাঁহার হস্তে তীক্ষ্ণ তরবারি ছিল। তিনি স্বীয় অঙ্গে কবচধারণ করিয়াছিলেন। তিনি ক্রমশঃ বাণের বেগ লঙ্ঘন করিয়া অত্যন্ত নিকটে আসিয়া উপস্থিত হইলেন। এরূপ অবস্থায় পাঞ্চালরাজকুমার সেনাপতি ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া অতিদ্রুত গদা দ্বারা আঘাত করত তাঁহার মস্তক বিদীর্ণ করিয়া দিলেন ॥ ২৮-২৯

রাজন্! তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গেই তাঁহার শরীর হইতে অতিশয় প্রভামণ্ডিত কবচ ও হস্ত হইতে তরবারি তাঁহার পতনের সহিতই সবেগে ভূতলে পতিত হইল ॥ ৩০

পাঞ্চালরাজের ভয়ানক পরাক্রমশালী পুত্র মহাত্মা ধৃষ্টদ্যুম্ন গদার অগ্রভাগে শলপুত্রকে নিহত করিয়া [illegible] আনন্দিত হইলেন ॥ ৩১

আর্য্য! সেই মহাধনুর্দ্ধর মহারথী রাজকুমার নিহত হইলে আপনার সৈন্যদের মধ্যে মহা হাহাকার পড়িয়া গেল ॥ ৩২

স্বীয় পুত্রকে নিহত হইতে দেখিয়া ক্রুদ্ধ সংযমনকুমার শল রণদুর্ম্মদ পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্নের উপর সবেগে ধাবিত হইলেন ॥ ৩৩

যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রামরত এই দুই বীর তখন পরস্পরের উপর আক্রমণ-প্রত্যাক্রমণ করিতে লাগিলেন। কৌরব ও পাণ্ডব উভয়পক্ষের সমস্ত ভূপতিগণ সেই সময় ইঁহাদের যুদ্ধ দেখিতে লাগিলেন ॥ ৩৪

তারপর শত্রুবীরনাশী শল কোন মাহুত যেরূপ কোন এক মহান্ গজরাজকে অঙ্কুশের আঘাত করে, সেইরূপ দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্নকে ক্রোধের সহিত তিনটি বাণে আঘাত করিলেন ॥ ৩৫

তথৈবং পার্ষতং শূরং শল্যঃ সমিতিশোভনঃ।
আজঘানোরসি ক্রুদ্ধস্ততো যুদ্ধমবর্ত্তত ॥ ৩৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি চতুর্থযুদ্ধদিবসে সাংযমনি-পুত্রবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬১

এইরূপ সংগ্রামশোভী শল্যও ক্রুদ্ধ হইয়া পরাক্রমী বীর ধৃষ্টদ্যুম্নের বক্ষঃস্থলে আঘাত করিলেন। তাহার পরও তাঁহাদের মধ্যে যুদ্ধ চলিতে লাগিল ॥৩৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে চতুর্থ দিবসের যুদ্ধে শল্যের পুত্রবধ-বিষয়ক একষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

(উভয়পক্ষয়োর্ধৃষ্টদ্যুম্ন-শল্য-প্রভৃতীনাং বীরাণাং যুদ্ধম্, ভীমসেনেন গজসেনানাং সংহারশ্চ।)

ধৃতরাষ্ট্র উবাচ।
দৈবমেব পরং মন্যে পৌরুষাদপি সঞ্জয়।
যৎ সৈন্যং মম পুত্রস্য পাণ্ডুসৈন্যেন বাধ্যতে ॥ ১
নিত্যং হি মামকাংস্তাত হতানেব হি শংসসি।
অব্যগ্রাংশ্চ প্রহৃষ্টাংশ্চ নিত্যং শংসসি পাণ্ডবান্ ॥ ২
হীনান্ পুরুষকারেণ মামকানদ্য সঞ্জয়।
পাতিতান্ পাত্যমানাংশ্চ হতানেব চ শংসসি ॥ ৩
যুধ্যমানান্ যথাশক্তি ঘটমানান্ জয়ং প্রতি।
পাণ্ডবা হি জয়ন্ত্যেব জীয়ন্তে চৈব মামকাঃ ॥ ৪
সোঽহং তীব্রাণি দুঃখানি দুর্য্যোধনকৃতানি চ।
শ্রোষ্যামি সততং তাত দুঃসহানি বহূনি চ ॥ ৫
তমুপায়ং ন পশ্যামি জীয়েরন্ যেন পাণ্ডবাঃ।
মামকা বিজয়ং যুদ্ধে প্রাপ্নুয়ুর্যেন সঞ্জয় ॥ ৬

সঞ্জয় উবাচ।
ক্ষয়ং মনুষ্যদেহানাং গজ-বাজি-রথক্ষয়ম্।
শৃণু রাজন্ স্থিরো ভূত্বা তবৈবাপনয়ো মহান্ ॥ ৭
ধৃষ্টদ্যুম্নস্তু শল্যেন পীড়িতো নবভিঃ শরৈঃ।
পীড়য়ামাস সংক্রুদ্ধো মদ্রাধিপতিমায়সৈঃ ॥ ৮
তত্রাদ্ভুতমপশ্যাম পার্ষতস্য পরাক্রমম্।
ন্যবারয়ত্ত যত্তূর্ণং শল্যং সমিতিশোভনম্ ॥ ৯

দ্বিষষ্টিতম অধ্যায়।

[উভয়পক্ষে ধৃষ্টদ্যুম্ন ও শল্য প্রভৃতি বীরগণের মধ্যে যুদ্ধ এবং ভীমসেন কর্ত্তৃক গজসৈন্য সংহার।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! আমি পুরুষার্থ অপেক্ষা দৈবকেই প্রধান বলিয়া মনে করি, যাহার জন্য আমার পুত্র দুর্য্যোধনের সৈন্য পাণ্ডবগণের সৈন্য কর্ত্তৃক পীড়িত হইতেছে ॥ ১

তাত! তুমি প্রতিদিন আমারই সৈন্যগণের নিধনসংবাদ বলিতেছ এবং পাণ্ডবদিগকে সর্ব্বদা ব্যগ্রতাশূন্য ও হর্ষোল্লাসে পরিপূর্ণ জানাইতেছ ॥ ২

সঞ্জয়! এখন আমার পুত্রগণ পুরুষকারহীন, শত্রু কর্ত্তৃক ভূপাতিত, প্রায় মৃত্যুকবলিত ও নিহত হইতেছে—এরূপ সংবাদই জানাইতেছ ॥ ৩

আমার পুত্র বিজয়লাভের জন্য যথাশক্তি চেষ্টা করিতেছে ও যুদ্ধ করিতেছে, তথাপি পাণ্ডবেরাই বিজয়ী হইতেছে এবং আমার পুত্রগণ পরাজিত হইতেছে ॥ ৪

তাত! আমার মনে হইতেছে, দুর্য্যোধনের কৃত কর্ম্মের জন্য আমাকে সদা অত্যন্ত দুঃসহ ও তীব্র দুঃখেরই বহু কথা শুনিতে হইবে ॥ ৫

সঞ্জয়! আমি এরূপ কোন উপায় দেখিতে পাইতেছি না, যাহাতে যুদ্ধে পাণ্ডবেরা পরাজিত হইতে পারে এবং আমার পুত্রগণ জয়লাভ করিতে পারে ॥ ৬

সঞ্জয় কহিলেন,—রাজন্! সেই যুদ্ধে মানব-দেহসমূহের ভয়ানক ক্ষয় হইয়াছিল এবং হস্তী, অশ্ব ও রথসকল বিনষ্ট হইয়াছিল। এই সমস্ত বৃত্তান্ত আপনি স্থির হইয়া শ্রবণ করুন; কারণ, ইহা আপনারই গুরুতর অন্যায়ের অবশ্যম্ভাবী ফল ॥৭

শল্যের বাণে পীড়িত হইয়া ধৃষ্টদ্যুম্ন অতিশয় কুপিত হইলেন। তখন তিনি লৌহনির্ম্মিত নয়টি বাণে মদ্ররাজ শল্যকে গভীর পীড়াদান করিলেন ॥ ৮

সেখানে আমরা ধৃষ্টদ্যুম্নের এই অদ্ভুত পরাক্রম দেখিলাম যে, তিনি সংগ্রামশোভী রাজা শল্যকে অতিসত্বর অগ্রগমন হইতে নিবারিত করিলেন ॥ ৯

নান্তরং দৃশ্যতে তত্র তয়োশ্চ রথিনোস্তদা।
মুহূর্তমিব তদ্ যুদ্ধং তয়োঃ সমমিবাভবৎ ॥ ১০

ততঃ শল্যো মহারাজ ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥ ১১

অথৈনং শরবর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে।
গিরিং জলাগমে যদ্বজ্জলদা জলবৃষ্টিভিঃ ॥ ১২

অভিমন্যুস্ততঃ ক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নে চ পীড়িতে।
অভিদুদ্রাব বেগেন মদ্ররাজরথং প্রতি ॥ ১৩

ততো মদ্রাধিপরথং কার্ষ্ণিঃ প্রাপ্যাতিকোপনঃ।
আর্তায়নিমমেয়াত্মা বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥ ১৪

ততস্তু তাবকা রাজন্ পরীপ্সন্তোঽর্জুনিং রণে।
মদ্ররাজরথং তূর্ণং পরিবার্য্যাবতস্থিরে ॥ ১৫

দুর্য্যোধনো বিকর্ণশ্চ দুঃশাসন-বিবিংশতী।
দুর্মর্ষণো দুঃসহশ্চ চিত্রসেনোঽথ দুর্মুখঃ ॥ ১৬

সত্যব্রতশ্চ ভদ্রং তে পুরুমিত্রশ্চ ভারত।
এতে মদ্রাধিপরথং পালয়ন্তঃ স্থিতা রণে ॥ ১৭

তান্ ভীমসেনঃ সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
দ্রৌপদেয়াঽভিমন্যুশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥ ১৮

ধার্তরাষ্ট্রান্ দশ রথান্ দশৈব প্রত্যবারয়ন্।
নানারূপাণি শস্ত্রাণি বিসৃজন্তো বিশাম্পতে ॥ ১৯

অভ্যবর্তন্ত সংহৃষ্টাঃ পরস্পরবধৈষিণঃ।
তে বৈ সমেয়ুঃ সংগ্রামে রাজন্ দুর্মন্ত্রিতে তব ॥ ২০

তস্মিন্ দশরথে ক্রুদ্ধে বর্তমানে মহাভয়ে।
তাবকানাং পরেষাং বা প্রেক্ষকা রথিনোঽভবন্ ॥ ২১

শস্ত্রাণ্যনেকরূপাণি বিসৃজন্তো মহারথাঃ।
অন্যোন্যমভিমর্দন্তঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥ ২২

তে তদা জাতসংরম্ভাঃ সর্বেঽন্যোন্যং জিঘাংসবঃ।
অন্যোন্যমভিমর্দন্তঃ স্পর্ধমানাঃ পরস্পরম্ ॥ ২৩

সেই সময় এই দুই মহারথীর মধ্যে পরাক্রমের দৃষ্টিতে কোন পার্থক্য দেখা যাইল না। মুহূর্ত্তকাল (দুই ঘটিকা) পর্য্যন্ত উভয়ে সমানভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ১০

মহারাজ! তদনন্তর রাজা শল্য সমরাঙ্গনে একটি ধারাল পীতবর্ণের ভল্লের দ্বারা ধৃষ্টদ্যুম্নের ধনু ছেদন করিলে ॥ ১১

তারপর যেরূপ বর্ষাকালে মেঘ পর্ব্বতের [illegible]র বারি বর্ষণ করে, সেইরূপ তিনিও ধৃষ্টদ্যুম্নের উপর বাণ বর্ষ[illegible] করত তাঁহাকে চারিদিকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ১২

অনন্তর ধৃষ্টদ্যুম্ন পীড়িত হইয়া পড়িলে ক্রুদ্ধ অভিমন্যু মদ্ররাজ শল্যের রথের উপর তীব্রবেগে আক্রমণ আরম্ভ করিলেন ॥ ১৩

মদ্ররাজের রথের নিকট উপস্থিত হইয়া অতিশয় কুপিত ও অনন্ত আত্মবলসম্পন্ন অর্জ্জুননন্দন অভিমন্যু তীক্ষ্ণ বাণসমূহে ঋতায়নপুত্র রাজা শল্যকে আহত করিয়া ফেলিলেন ॥ ১৪

রাজন্! তখন আপনার পুত্রগণ রণাঙ্গনে অভিমন্যুকে বন্দী করিবার ইচ্ছায় অতিক্রুত সেখানে আগমন করিলেন এবং মদ্ররাজ শল্যের রথকে চারিদিকে ঘিরিয়া যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥ ১৫

ভারত! আপনার মঙ্গল হউক। দুর্য্যোধন, বিকর্ণ, দুঃশাসন, বিবিংশতি, দুর্মর্ষণ, দুঃসহ, চিত্রসেন, দুর্মুখ, সত্যব্রত ও পুরুমিত্র—এই সকল আপনার পুত্র মদ্ররাজের রথ রক্ষা করিতে করিতে যুদ্ধ-ভূমিতে অবস্থিত রহিলেন ॥ ১৬-১৭

আপনার এই দশ মহারথী পুত্রকে অতিশয় ক্রুদ্ধ ভীমসেন, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন, মাদ্রীকুমার পাণ্ডুনন্দন নকুল-সহদেব, পঞ্চ ভ্রাতা দ্রৌপদীসুত ও অভিমন্যু—এই দশ মহারথী অবরোধ করিলেন। প্রজানাথ! তখন ইঁহারা সকলেই নানাপ্রকার [illegible]সমূহ বর্ষণ করিতেছিলেন ॥ ১৮-১৯

রাজন্! ইঁহারা সকলে তখন পরস্পর [illegible]স্পরকে বধ করিবার বাসনায় হর্ষ ও উৎসাহের সহিত আক্রমণ-প্রত্যাক্রমণ করিতে লাগিলেন। আপনারই কুমন্ত্রণার ফলে এইসব যোদ্ধাকে সংগ্রামে এইভাবে পরস্পরের সম্মুখীন হইতে হইয়াছে ॥ ২০

যে সময় এই দশ মহারথী ক্রুদ্ধ হইয়া মহাভয়ঙ্কর যুদ্ধে ব্যাপৃত হইলেন, সেই সময় আপনার ও পাণ্ডবগণের অন্য সকল সৈন্যই সেই যুদ্ধ দর্শন করিতে লাগিলেন ॥ ২১

তখন আপনার ও পাণ্ডবগণের এই মহারথী বীরবৃন্দ পরস্পরের উপর নানাপ্রকারের অস্ত্রসমূহ বর্ষণ করিয়া গর্জন করিতে করিতে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২২

সেই সময় ইঁহারা সকলেই অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন এবং পরস্পর পরস্পরকে বধ করিবার জন্য অভিলাষী ছিলেন। সকলে পরস্পরের উপর স্পর্দ্ধা দেখাইতে দেখাইতে পরস্পরকে মর্দিত করিয়া ফেলিবার চেষ্টা করিতেছিলেন ॥ ২৩

অন্যোন্যস্পর্ধয়া রাজন্ জ্ঞাতয়ঃ সঙ্গতা মিথঃ।
মহাস্ত্রাণি বিমুঞ্চন্তঃ সমাপেতুরমর্ষিণঃ ॥ ২৪
দুর্যোধনস্তু সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নং মহারণে।
বিব্যাধ নিশিতৈর্বাণৈশ্চতুর্ভিঃ সমরে দ্রুতম্ ॥ ২৫
দুর্মর্ষণশ্চ বিংশত্যা চিত্রসেনশ্চ পঞ্চভিঃ।
দুর্মুখো নবভির্বাণৈর্দুঃসহশ্চাপি সপ্তভিঃ ॥ ২৬
বিবিংশতিঃ পঞ্চভিশ্চ ত্রিভির্দুঃশাসনস্তথা।
তান্ প্রত্যবিধ্যদ্ রাজেন্দ্র পার্ষতঃ শত্রুতাপনঃ ॥ ২৭
একৈকং পঞ্চবিংশত্যা দর্শয়ন্ পাণিলাঘবম্।
সত্যব্রতঞ্চ সমরে পুরুমিত্রঞ্চ ভারত ॥ ২৮
অভিমন্যুরবিধ্যৎ তু দশভির্দশভিঃ শরৈঃ।
মাদ্রীপুত্রৌ তু সমরে মাতুলং মাতৃনন্দনৌ ॥ ২৯
অবিধ্যেতাং শরৈস্তীক্ষ্ণৈস্তদদ্ভুতমিবাভবৎ।
ততঃ শল্যো মহারাজ স্বস্রীয়ৌ রথিনাং বরৌ ॥ ৩০
শরৈর্বহুভিরানর্চ্ছৎ কৃতপ্রতিকৃতৈষিণৌ।
ছাদ্যমানৌ ততস্তৌ তু মাদ্রীপুত্রৌ ন চেলতুঃ ॥ ৩১

অথ দুর্যোধনং দৃষ্ট্বা ভীমসেনো মহাবলঃ।
বিধিৎসুঃ কলহস্যান্তং গদাং জগ্রাহ পাণ্ডবঃ ॥ ৩২
তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
ভীমসেনং মহাবাহুং পুত্রাস্তে প্রাদ্রবন্ ভয়াৎ ॥ ৩৩
দুর্যোধনস্তু সংক্রুদ্ধো মাগধং সমচোদয়ৎ।
অনীকং দশসাহস্রং কুঞ্জরাণাং তরস্বিনাম্ ॥ ৩৪
গজানীকেন সহিতস্তেন রাজা সুযোধনঃ।
মাগধং পুরতঃ কৃত্বা ভীমসেনং সমভ্যয়াৎ ॥ ৩৫
আপতন্তঞ্চ তং দৃষ্ট্বা গজানীকং বৃকোদরঃ।
গদাপাণিরবারোহদ্ রথাৎ সিংহ ইবোন্নদন্ ॥ ৩৬
অদ্রিসারময়ীং গুর্বীং প্রগৃহ্য মহতীং গদাম্।
অভ্যধাবদ্ গজানীকং ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥ ৩৭
স গজান্ গদয়া নিঘ্নন্ ব্যচরৎ সমরে বলী।
ভীমসেনো মহাবাহুঃ সবজ্র ইব বাসবঃ ॥ ৩৮
তস্য নাদেন মহতা মনোহৃদয়কম্পিনা।
ব্যত্যচেষ্টন্ত সংহত্য গজা ভীমস্য গর্জতঃ ॥ ৩৯

মহারাজ! ইঁহারা সকলে পরস্পরের জ্ঞাতি—ভাই-বন্ধু ছিলেন, কিন্তু পরস্পরের প্রতি পরস্পরের স্পর্দ্ধা থাকায় ইঁহারা যুদ্ধ করিতেছিলেন। সকলেই অতিশয় ক্রুদ্ধ হইয়া মহাস্ত্রসমূহ ক্ষেপণ করত তখন পরস্পরের উপর আক্রমণ-প্রত্যাক্রমণ করিতেছিলেন ॥ ২৪

দুর্যো[illegible]ক্রুদ্ধে অত্যন্ত কুপিত হইয়া এই মহাযুদ্ধে চারিটি তীক্ষ্ণ বাণদ্বারা [illegible]তিক্রুত ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥ ২৫

দুর্মর্ষণ বিশ, চিত্রসেন পাঁচ, দুর্মুখ নয়, দুঃসহ সাত, বিবংশতি পাঁচ ও দুঃশাসন তিনটি বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন। রাজেন্দ্র! তখন শত্রুতাপন ধৃষ্টদ্যুম্ন স্বীয় হস্তের নৈপুণ্য দেখাইয়া দুর্যোধন প্রভৃতি প্রত্যেককে পঁচিশটি করিয়া বাণে প্রতিবিদ্ধ করিলেন ॥

ভারত! অভিমন্যু সমরাঙ্গণে সত্যব্রত ও পুরুমিত্রকে দশটি দশটি বাণে আহত করিলেন ॥

মাতাকে আনন্দদানকারী নকুল ও সহদেব নিজ মামা শল্যকে তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল ॥

মহারাজ! তদনন্তর শল্য কৃতপ্রহারের প্রতিশোধ লইবার ইচ্ছায় রথিগণের মধ্যে শ্রেষ্ঠ দুই বীর ভাগিনেয়কে বহু বাণে পীড়িত করিলেন। তাঁহার বাণসমূহে আহত হইয়াও নকুল-সহদেব বিচলিত হইলেন না ॥ ২৬-৩১

তদনন্তর মহাবল পাণ্ডুপুত্র ভীমসেন দুর্যোধনকে দেখিয়া বিবাদের অন্তকরিবার ইচ্ছায় হাতে গদাগ্রহণ করিলেন ॥ ৩২

গদা উত্তোলিত করিয়া মহাবাহু ভীমসেনকে একটি শিখরযুক্ত কৈলাসপর্বতের ন্যায় উপস্থিত হইতে দেখিয়া আপনার সকল পুত্রগণ ভয়ে দৌড়াইয়া পলায়ন করিলেন ॥ ৩৩

তখন দুর্যোধন ক্রুদ্ধ হইয়া অতিশয় ক্রুদ্ধ হইয়া মগধদেশের দশ হাজার বেগশালী হস্তী সৈন্যকে যুদ্ধের জন্য প্রেরণ করিলেন ॥ ৩৪

এই গজসৈন্যের সহিত মগধরাজকে অগ্রে করিয়া দুর্যোধন ভীমসেনকে আক্রমণ করিলেন ॥ ৩৫

সেই গজসৈন্যকে আসিতে দেখিয়া ভীমসেন হস্তে গদা ধারণ করত সিংহের ন্যায় গর্জন করিতে করিতে রথ হইতে ভূতলে নামিয়া পড়িলেন ॥ ৩৬

লৌহনির্মিত সেই বিশাল ও ভারী গদাকে লইয়া ভীমসেন মুখবিস্তারকারী কালের তুল্য গজসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥

বলবান্ মহাবাহু ভীমসেন বজ্রধারী ইন্দ্রের সদৃশ গদাঘাতে গজসৈন্যদিগকে সংহার করিতে করিতে রণাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥ ৩৭-৩৮

মন ও হৃদয়কে কম্পিতকারী গর্জনরত ভীমসেনের তীব্র সিংহনাদে সেই সকল হস্তী সৈন্য ভয়ে একত্রে সমবেত হইয়া নিশ্চেষ্ট হইয়া পড়িল ॥৩৯

ততস্তু দ্রৌপদীপুত্রাঃ সৌভদ্রশ্চ মহারথঃ।
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ॥ ৪০
পৃষ্ঠং ভীমস্য রক্ষন্তঃ শরবর্ষেণ বারণান্।
অভ্যবর্ষন্ত ধাবন্তো মেঘা ইব গিরীন্ যথা॥ ৪১
ক্ষুরৈঃ ক্ষুরপ্রৈর্ভল্লৈশ্চ পীতৈশ্চাঞ্জলিকৈঃ শিতৈঃ।
ব্যহরন্নুত্তমাঙ্গানি পাণ্ডবা গজযোধিনাম্॥ ৪২
শিরোভিঃ প্রপতদ্ভিশ্চ বাহুভিশ্চ বিভূষিতৈঃ।
অশ্মবৃষ্টিরিবাভাতি পাণিভিশ্চ সহাঙ্কুশৈঃ॥ ৪৩
হৃতোত্তমাঙ্গাঃ স্কন্ধেষু গজানাং গজযোধিনঃ।
অদৃশ্যন্তাচলাগ্রেষু দ্রুমা ভগ্নশিখা ইব॥ ৪৪
ধৃষ্টদ্যুম্নহতানন্যানপশ্যাম মহাগজান্।
পততঃ পাত্যমানাংশ্চ পার্ষতেন মহাত্মনা॥ ৪৫
মাগধোঽথ মহীপালো গজমৈরাবণোপমম্।
প্রেষয়ামাস সমরে সৌভদ্রস্য রথং প্রতি॥ ৪৬

তমাপতন্তং সংপ্রেক্ষ্য মাগধস্য মহাগজম্।
জঘানৈকেষুণা বীরঃ সৌভদ্রঃ পরবীরহা॥ ৪৭
তস্যাবর্জিতনাগস্য কার্ষ্ণিঃ পরপুরঞ্জয়ঃ।
রাজ্ঞো রজতপুঙ্খেন ভল্লেনাপাহরচ্ছিরঃ॥ ৪৮
বিগাহ্য তদ্ গজানীকং ভীমসেনোঽপি পাণ্ডবঃ।
ব্যচরৎ সমরে মৃদ্নন্ গজানিন্দ্রো গিরীনিব॥ ৪৯
একপ্রহারনিহতান্ ভীমসেনেন দন্তিনঃ।
অপশ্যাম রণে তস্মিন্ গিরীন্ বজ্রহতানিব॥ ৫০
ভগ্নদন্তান্ ভগ্নকরান্ ভগ্নসক্থাংশ্চ বারণান্।
ভগ্নপৃষ্ঠত্রিকানন্যান্ নিহতান্ পর্বতোপমান্॥ ৫১
নদতঃ সীদতশ্চান্যান্ বিমুখান্ সমরে গতান্।
বিক্রন্তান্ ভয়সংবিগ্নাংস্তথা বিশকৃতোঽপরান্॥ ৫২
ভীমসেনস্য মার্গেষু পতিতান্ পর্বতোপমান্।
অপশ্যং নিহতান্ নাগান্ রাজন্ নিষ্ঠীবতোঽপরান্॥ ৫৩

তারপর দ্রৌপদীর পঞ্চ পুত্র, মহারথী অভিমন্যু, নকুল-সহদেব এবং দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন—ইঁহারা সকলে ভীমসেনের পৃষ্ঠভাগ রক্ষা করিতে করিতে হস্তী সৈন্যদের উপর ধাবিত হইয়া সেইভাবে বাণবর্ষণ করিতে লাগিলেন, যেভাবে মেঘ পর্ব্বতের উপর বারি বর্ষণ করিয়া থাকে॥ ৪০-৪১

পাণ্ডব-রথীরা ক্ষুর, ক্ষুরপ্র, পীতবর্ণের ভল্ল এবং তীক্ষ্ণ আঞ্জলিক-নামক বাণসমূহে গজারোহী সৈন্যদের মস্তক ছেদন করিতে থাকিলেন॥ ৪২

যখন তাহাদের মস্তক, বিভূষিত বাহু এবং অঙ্কুশসহ হস্তসমূহ পতিত হইতেছিল, তখন মনে হইতে লাগিল যে, আকাশ হইতে বৃষ্টিসহ প্রস্তর বর্ষণ হইতেছে॥ ৪৩

মস্তক ছিন্ন হইলেও হস্তীদিগের পৃষ্ঠে স্থিত গজারোহী যোদ্ধাগণের দেহ (ধড়)—সকল পর্ব্বতের শিখরে স্থিত শাখাহীন বৃক্ষসমূহের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল॥ ৪৪

আমরা ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক নিহত বহু হাতীকেও দেখিয়াছি। তখন মহাত্মা ধৃষ্টদ্যুম্নের প্রহারে বহু হাতী ভূপাতিত হইয়া পতিত হইতেছিল॥ ৪৫

এই সময় মগধদেশের ভূপাল যুদ্ধস্থলে অভিমন্যুর রথের দিকে ঐরাবততুল্য এক বিশাল হাতীকে প্রেরিত করিলেন॥ ৪৬

মগধরাজের সেই বিশাল হাতীকে আসিতে দেখিয়া শত্রুবীর-নাশী বীর সুভদ্রানন্দন তাহাকে একটি বাণেই নিহত করিলেন॥

শত্রুনগরবিজয়ী অর্জ্জুনপুত্র অভিমন্যু তখন নিহত হইলেও হস্তীকে ত্যাগ না করিয়া অবস্থিত মগধরাজের মস্তক রজতময় পক্ষযুক্ত একটি ভল্লাস্ত্রে দেহচ্যুত করিলেন॥ ৪৮

এদিকে পাণ্ডুনন্দন ভীমসেনও গজসৈন্যমধ্যে প্রবেশ করিয়া পর্ব্বতসমূহ বিদীর্ণকারী ইন্দ্রের ন্যায় হস্তীদিগকে বিধ্বস্ত করিতে করিতে রণস্থলে বিচরণ করিতে লাগিলেন॥ ৪৯

মহারাজ! এই সমরাঙ্গণে আমরা বজ্রের প্রহারে বিদীর্ণ পর্ব্বতের ন্যায় একবার প্রহারেই দন্তর হস্তিগণকে নিহত হইতে দেখিয়াছি॥ ৫০

তখন কতক হস্তীর দাঁত ভাঙ্গিয়া যাইল, শুণ্ড ছিন্ন হইল, কতকগুলির জঙ্ঘা বিদীর্ণ হইল, কতক হস্তীর পৃষ্ঠদেশ ভগ্ন হইয়া যাইল এবং কতক পর্ব্বততুল্য বিশালদেহ গজরাজ বিনষ্ট হইল। কতক হাতী চীৎকার করিতেছিল, কতক কষ্টে অবসন্ন হইয়া পড়িয়াছিল, কতক আবার যুদ্ধভূমি ত্যাগ করিয়া পলাইয়া যাইল এবং কতক ভয়ে ব্যাকুল হইয়া মল-মূত্র ত্যাগ করিতে লাগিল। এ সমস্তই আমি স্বচক্ষে দেখিয়াছি॥ ৫১-৫২

সেই সময় নানা যুদ্ধপথে ভীমসেনের দ্বারা নিহত পর্ব্বততুল্য বিশাল বহু হাতীকে পড়িয়া থাকিতে দেখিয়াছি। রাজন্! অন্য বহু হাতীকে আমি নিজ মুখ হইতে ফেনা নিঃসারণ করিতেও দেখিয়াছি॥ ৫৩

বমন্তো রুধিরং চান্যে ভিন্নকুম্ভা মহাগজাঃ।
বিহ্বলন্তো গতা ভূমিং শৈলা ইব ধরাতলে ॥ ৫৪

মেদোরুধিরদিগ্ধাঙ্গো বসামজ্জাসমুক্ষিতঃ।
ব্যচরৎ সমরে ভীমো দণ্ডপাণিরিবান্তকঃ ॥ ৫৫

গজানাং রুধিরক্লিন্নাং গদাং বিভ্রদ্ বৃকোদরঃ।
ঘোরঃ প্রতিভয়শ্চাসীৎ পিনাকীব পিনাকধৃক্ ॥ ৫৬

সম্মথ্যমানাঃ ক্রুদ্ধেন ভীমসেনেন দন্তিনঃ।
সহসা প্রাদ্রবন্ ক্লিষ্টা মৃদ্নন্তস্তব বাহিনীম্ ॥ ৫৭

তং হি বীরং মহেষ্বাসং সৌভদ্রপ্রমুখা রথাঃ।
পর্য্যরক্ষন্ত যুধ্যন্তং বজ্রায়ুধমিবামরাঃ ॥ ৫৮

শোণিতাক্তাং গদাং বিভ্রদুক্ষিতাং গজশোণিতৈঃ।
কৃতান্ত ইব রৌদ্রাত্মা ভীমসেনো ব্যদৃশ্যত ॥ ৫৯

ব্যায়চ্ছমানং গদয়া দিক্ষু সর্বাসু ভারত।
অপশ্যাম রণে ভীমং নৃত্যন্তমিব শঙ্করম্ ॥ ৬০

যমদণ্ডোপমাং গুর্বীমিন্দ্রাশনিসমস্বনাম্।
অপশ্যাম মহারাজ রৌদ্রাং বিশসনীং গদাম্ ॥ ৬১

বিমিশ্রাং কেশমজ্জাভিঃ প্রদিগ্ধাং রুধিরেণ চ।
পিনাকমিব রুদ্রস্য ক্রুদ্ধস্যাভিঘ্নতঃ পশূন্ ॥ ৬২

যথা পশূনাং সঙ্ঘাতং যষ্ট্যা পালঃ প্রকালয়েৎ।
তথা ভীমো গজানীকং গদয়া সমকালয়ৎ ॥ ৬৩

গদয়া বধ্যমানাস্তে মার্গণৈশ্চ সমন্ততঃ।
স্বান্যনীকানি মৃদ্নন্তঃ প্রাদ্রবন্ কুঞ্জরাস্তব ॥ ৬৪

মহাবাত ইবাভ্রাণি বিধমিত্বা স বারণান্।
অতিষ্ঠৎ তুমুলে ভীমঃ শ্মশান ইব শূলভৃৎ ॥ ৬৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি চতুর্থদিবসে ভীমযুদ্ধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬২

তখন অন্য বহু বিশাল হাতী রক্তবমন করিতেছিল এবং তাহাদের কুম্ভস্থল বিদীর্ণ হইয়া গিয়াছিল। বহু হাতী ব্যাকুল হইয়া সেই রণভূমিতে পর্ব্বতসমূহের ন্যায় পড়িয়াছিল ॥ ৫৪

ভীমসেনের সমগ্র শরীর তখন মেদ ও রক্তে লিপ্ত হইয়া গিয়াছিল। তিনি বসা ও মজ্জাতে যেন স্নাত হইয়াছিলেন এবং হাতে গদা লইয়া দণ্ডপাণি যমরাজের ন্যায় যুদ্ধভূমিতে বিচরণ করিতেছিলেন ॥ ৫৫

হস্তীদিগের রক্তে ক্লিন্না গদা ধারণ করিয়া ভীমসেন পিনাকধারী ভগবান্ রুদ্রের ন্যায় ঘোর ও ভয়ঙ্কর হইয়া গিয়াছিলেন ॥ ৫৬

ক্রুদ্ধ ভীমসেন তখন হস্তীদিগকে মথিত করিতেছিলেন; সেইজন্য তাহারা গুরুতর ক্লিষ্ট হইয়া আপনার সৈন্যগণকে মর্দ্দিত করিতে করিতে সহসা যুদ্ধস্থল হইতে পলায়ন করিতে লাগিল ॥ ৫৭

যেরূপ দেবগণ বজ্রধারী ইন্দ্রকে রক্ষা করিয়া থাকেন, সেইরূপ সুভদ্রানন্দন অভিমন্যু প্রভৃতি পাণ্ডব যোদ্ধারা যুদ্ধে তৎপর থাকিয়া মহাধনুর্দ্ধর বীর ভীমসেনকে রক্ষা করিতেছিলেন ॥ ৫৮

রক্তাক্ত ও হস্তিগণের রক্তে গাঢ় লিপ্ত গদাকে ধারণ করিয়া রুদ্ররূপধারী ভীমসেন যমরাজের ন্যায় দৃষ্টিগোচর হইতেছিলেন ॥ ৫৯

ভারত! ভীমসেন গদা লইয়া যেন চারিদিকে ব্যায়াম করিতেছিলেন। সমরাঙ্গণে আমরা ভীমকে তাণ্ডবনৃত্যকারী ভগবান্ শঙ্করের ন্যায় দেখিতেছিলাম ॥ ৬০

মহারাজ! ভীমসেনের এই ভারবহা ও ভয়ঙ্করী গদা সকলের সংহার-কারিণী ছিল। আমার নিকট ত' উহা যমদণ্ডের ন্যায় দৃষ্ট হইতে ছিল। প্রহার করিলে এই গদার বজ্রের তুল্য শব্দ হইয়া থাকে ॥ ৬১

রক্তে লিপ্তা এবং কেশ ও মজ্জায় মিশ্রিতা সেই গদাকে প্রলয়কালে ক্রুদ্ধ হইয়া সমস্ত পশুকে (জীবকে) সংহারকারী রুদ্রদেবের পিনাকের সদৃশ বলিয়া আমাদের ভ্রম হইতেছিল ॥ ৬২

যেরূপ পশুপালক বিচরণরত পশুসমূহকে যষ্টি দ্বারা (লাঠিদ্বারা) দমন করিয়া থাকে, সেইরূপ ভীমসেনও স্বীয় গদা দ্বারা গজসৈন্য-দিগকে দমন করিলেন ॥ ৬৩

মহারাজ! চারিদিক্ হইতে গদা ও বাণসমূহের আঘাত পাইয়া আপনার সৈন্য মধ্যস্থিত সেই সব হস্তীরা আপনার সৈন্য-দিগকে মর্দ্দন করিতে করিতে ধাবিত হইয়া পলায়ন করিল ॥ ৬৪

যেরূপ ঝঞ্ঝাবায়ু মেঘকে ছিন্ন-ভিন্ন করিয়া উড়াইয়া দেয়, সেইরূপ ভীমসেন সেই ভয়ঙ্কর যুদ্ধে হস্তী সৈন্যগণকে বিতাড়িত করিতে করিতে শ্মশানভূমিতে ত্রিশূলধারী ভগবান্ শঙ্করের ন্যায় সেস্থানে দাঁড়াইয়া রহিলেন ॥ ৬৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে চতুর্থদিবসে ভীমের যুদ্ধবিষয়ক দ্বিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

[রণাঙ্গনে প্রচণ্ডপরাক্রমশালিনা ভীমসেনেন সহ ভীষ্মস্য যুদ্ধম্, সাত্যকি-ভূরিশ্রবসোঃ পরাক্রমশ্চ।]

সঞ্জয় উবাচ

হতে তস্মিন্ গজানীকে পুত্রো দুর্য্যোধনস্তব।
ভীমসেনং ঘ্নতেত্যেবং সর্বসৈন্যান্যচোদয়ৎ ॥ ১

ততঃ সর্বাণ্যনীকানি তব পুত্রস্য শাসনাৎ।
অভ্যদ্রবন্ ভীমসেনং নদন্তং ভৈরবান্ রবান্ ॥

তং বলৌঘমপর্য্যন্তং দেবৈরপি সুদুঃসহম্।
আপতন্তং সুদুষ্পারং সমুদ্রমিব পর্বণি ॥ ৩

রথ-নাগাশ্বকলিলং শঙ্খ-দুন্দুভিনাদিতম্।
অনন্তরথপাদাতং রজসা সর্বতো বৃতম্ ॥ ৪

তং ভীমসেনঃ সমরে মহোদধিমিবাপরম্।
সেনাসাগরমক্ষোভ্যং বেলেব সমবারয়ৎ ॥ ৫

তদাশ্চর্য্যমপশ্যাম পাণ্ডবস্য মহাত্মনঃ।
ভীমসেনস্য সমরে রাজন্ কর্মাতিমানুষম ॥ ৬

উদীর্ণান্ পার্থিবান্ সর্বান্ সাশ্বান্ সরথ-কুঞ্জরান্।
অসম্ভ্রমং ভীমসেনো গদয়া সমবারয়ৎ ॥ ৭

স সংবার্য্য বলৌঘাংস্তান্ গদয়া রথিনাং বরঃ।
অতিষ্ঠৎ তুমুলে ভীমো গিরির্মেরুরিবাচলঃ ॥ ৮

তস্মিন্ সুতুমুলে ঘোরে কালে পরমদারুণে।
ভ্রাতরশ্চৈব পুত্রাশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ৯

দ্রৌপদেয়াঽভিমন্যুশ্চ শিখণ্ডী চাপরাজিতঃ।
ন প্রাজহন্ ভীমসেনং ভয়ে জাতে মহাবলম্ ॥ ১০

ততঃ শৈক্যায়সীং গুর্বীং প্রগৃহ্য মহতীং গদাম্।
অধাবৎ তাবকান্ যোধান্ দণ্ডপাণিরিবান্তকঃ ॥ ১১

পোথয়ন্ রথবৃন্দানি বাজিবৃন্দানি চাভিভূঃ।
কর্ষয়ন্ রথবৃন্দানি বাহুবেগেন পাণ্ডবঃ ॥ ১২

ত্রিষষ্টিতম অধ্যায়

[যুদ্ধস্থলে প্রচণ্ড পরাক্রমী ভীমসেনের সহিত ভীষ্মের যুদ্ধ এবং সাত্যকি ও ভূরিশ্রবার পরাক্রম।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! সেই হস্তী সৈন্য নিহত হইয়া যাইলে আপনার পুত্র দুর্য্যোধন আদেশ দিলেন যে, সমস্ত সৈন্য মিলিত হইয়া ভীমসেনকে বধ কর ॥ ১

তারপর আপনার পুত্রের আদেশে সমস্ত সৈন্যগণ ভৈরব স্বরে গর্জন করিতে করিতে ভীমসেনের উপর আক্রমণ করিল ॥ ২

সৈন্যগণের সেই অপরিসীম বেগ দেবতাদিগেরও দুঃসহ ছিল। পূর্ণিমায় সংবর্দ্ধিত সাগরের ন্যায় তখন যেন এই সৈন্যবাহিনী দুষ্পার বলিয়া মনে হইতেছিল ॥ ৩

এই সৈন্য-সমুদ্র রথ, হস্তী ও অশ্বে পূর্ণ ছিল এবং দুন্দুভি ও শঙ্খসমূহের ধ্বনিতে উহা কোলাহলপূর্ণ হইয়া উঠিল। উহাতে স্থিত রথ ও পদাতি সৈন্যের সংখ্যা বলিবার শক্তি আমার নাই এবং সৈন্যের দ্বারা চারিদিক্ ধূলিতে ব্যাপ্ত হইয়া পড়িল ॥ ৪

অপর এক মহাসাগরের ন্যায় সেই অক্ষোভ্য সৈন্যসমুদ্রকে যুদ্ধে ভীমসেন তীরের সদৃশ প্রতিরোধ করিয়া ফেলিলেন ॥ ৫

রাজন্! সেই সময় সংগ্রামভূমিতে আমরা মহাত্মা পাণ্ডুনন্দন ভীমসেনের অত্যন্ত আশ্চর্য্যময় অতিমানুষ কর্ম্ম স্বচক্ষে দর্শন করিতে লাগিলাম

অশ্ব, হস্তী ও রথসহ যত ভূপালগণই অগ্রে বর্দ্ধিত হইতে লাগিলেন, তাহাদের সকলকেই ভীমসেন কোনরূপ বিচলিত না হইয়াই রুদ্ধ করিলেন ॥ ৭

রথী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ ভীমসেন সেই সমগ্র সৈন্যবাহিনী গদাদ্বারা প্রতিরোধ করিয়া তাদৃশ ভয়ঙ্কর সংগ্রামস্থলে মেরু-পর্ব্বতের ন্যায় অবিচলভাবে অবস্থান করিতে লাগিলেন ॥ ৮

সেই সুতুমুল ও অত্যন্ত দারুণ ভয়ঙ্কর সময়ে মহাবল ভীমসেনকে তাঁহার ভ্রাতৃবৃন্দ, পুত্রগণ, দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পঞ্চ পুত্র, অভিমন্যু ও অপরাজিত বীর শিখণ্ডী—ইহারা কেহই তাঁহাকে পরিত্যাগ করিয়া যাইলেন না ॥ ৯-১০

তারপর যাহার সম্পূর্ণ অংশ লৌহসারের (ইস্পাতের) দ্বারা নির্ম্মিত হইয়াছিল, সেই বিশাল এবং ভারবহ গদা হাতে লইয়া ভীমসেন সাক্ষাৎ দণ্ডপাণি যমরাজের তুল্য আপনার সৈন্য-বাহিনীর উপর আক্রমণ করিলেন ॥ ১১

অনন্তর প্রভাবশালী বলবান্ পাণ্ডুনন্দন ভীমসেন রথী ও অশ্বারোহী বীর সৈন্যগণকে বিধ্বস্ত করিতে করিতে স্বীয় বাহু-বেগে রথসকলকে আকর্ষণ করত চূর্ণ-বিচূর্ণ করিতে করিতে প্রলয়কালে যমরাজের ন্যায় রণাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥

বিনিঘ্নন্ ব্যচরৎ সংখ্যে যুগান্তে কালবদ্ বিভুঃ।
উরুবেগেন সংকর্ষন্ রথজালানি পাণ্ডবঃ ॥ ১৩
বলানি সম্মমর্দাশু নড্বলানীব কুঞ্জরঃ।
মৃদ্গন্ রথেভ্যো রথিনো গজেভ্যো গজযোধিনঃ ॥১৪
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমৌ চাপি পদাতিনঃ।
গদয়া ব্যধমৎ সর্বান্ বাতো বৃক্ষানিবৌজসা ॥ ১৫
ভীমসেনো মহাবাহুস্তব পুত্রস্য বৈ বলে।
সাপি মজ্জাবসামাংসৈঃ প্রদিগ্ধা রুধিরেণ চ ॥ ১৬
অদৃশ্যত মহারৌদ্রা গদা নাগাশ্বপাতনী।
তত্র তত্র হতৈশ্চাপি মনুষ্য-গজ-বাজিভিঃ ॥ ১৭
রণাঙ্গনং সমভবন্মৃত্যোরাবাসসন্নিভম্।
পিনাকমিব রুদ্রস্য ক্রুদ্ধস্যাভিঘ্নতঃ পশূন্ ॥ ১৮
যমদণ্ডোপমামুগ্রামিন্দ্রাশনিসমস্বনাম্।
দদৃশুর্ভীমসেনস্য রৌদ্রীং বিশসনীং গদাম্ ॥ ১৯
আবিধ্যতো গদাং তস্য কৌন্তেয়স্য মহাত্মনঃ।
বভৌ রূপং মহাঘোরং কালস্যেব যুগক্ষয়ে ॥ ২০

পাণ্ডুনন্দন ভীমসেন নিজ প্রবলবেগে রথসমূহকে তুলিয়া লইয়া ধ্বংস করিতে লাগিলেন এবং ক্রুততার সহিত সমগ্র সৈন্যকে সেইভাবে মর্দ্দিত করিতে থাকিলেন, যেরূপ হাতী মানবগণকে মর্দ্দিত করিয়া থাকে ॥

মহাবাহু ভীমসেন আপনার পুত্রের রথসমূহে রথী বীরগণকে, হাতি সকলের দ্বারা হস্ত্যারোহীদিগকে, অশ্বগণের পৃষ্ঠের দ্বারা অশ্বারোহিবৃন্দকে এবং ভূতলে পাদচারী সৈন্যদিগকে গদাঘাতে সেই ভাবে বিধ্বস্ত করিতে লাগিলেন, যেরূপ প্রবলবায়ু স্ববেগে বৃক্ষসমূহকে উৎপাটিত করিয়া থাকে ॥

হস্তী ও অশ্বগণকে নিহতকারিণী ভীমসেনের সেই গদাও মজ্জা, বসা, মাংস এবং রক্তে লিপ্ত হইয়া মহাভয়ঙ্করী হইয়া উঠিল ॥

যেখানে সেখানে নিহত হইয়া পতিত মনুষ্য, হস্তী ও অশ্বে সেই সমগ্র রণভূমি মৃত্যুর নিবাসস্থানের ন্যায় প্রতীত হইতে লাগিল ॥

ভীমসেনের সেই সংহারকারিণী ভয়ঙ্করী গদাকে সকল মানুষই প্রলয়কালে পশুগণকে (জীবগণকে) সংহারকারী রুদ্রদেবের পিনাক ও যমদণ্ডের সদৃশ বলিয়া মনে করিতে লাগিল। ইহার শব্দও বজ্রের ন্যায় কঠোর ছিল ॥ ১২-১৯

স্বীয় গদাকে ঘুরাইতে ঘুরাইতে মহাত্মা কুন্তীনন্দন ভীমসেনের রূপ তখন যুগান্তকালে যমরাজের সমান অত্যন্ত ভয়ঙ্কর প্রতীত হইতেছিল ॥ ২০

তং তথা মহতীং সেনাং দ্রাবয়ন্তং পুনঃ পুনঃ।
দৃষ্ট্বা মৃত্যুমিবায়ান্তং সর্বে বিমনসোঽভবন্ ॥ ২১
যতো যতঃ প্রেক্ষতে স্ম গদামুদ্যম্য পাণ্ডবঃ।
তেন তেন স্ম দীর্য্যন্তে সর্বসৈন্যানি ভারত ॥২২
প্রদারয়ন্তং সৈন্যানি বলেনামিতবিক্রমম্।
গ্রসমানমনীকানি ব্যাদিতাস্যমিবান্তকম্ ॥ ২৩
তং তথা ভীমকর্মাণং প্রগৃহীতমহাগদম্।
দৃষ্ট্বা বৃকোদরং ভীষ্মঃ সহসৈব সমভ্যয়াৎ ॥ ২৪
মহতা রথঘোষেণ রথেনাদিত্যবর্চসা।
ছাদয়ন্ শরবর্ষেণ পর্জন্য ইব বৃষ্টিমান্ ॥ ২৫
তমায়ান্তং তথা দৃষ্ট্বা ব্যাত্তাননমিবান্তকম্।
ভীষ্মং ভীমো মহাবাহুঃ প্রত্যুদীয়াদমর্ষিতঃ ॥ ২৬
তস্মিন্ ক্ষণে সাত্যকিঃ সত্যসন্ধঃ
শিনিপ্রবীরোঽভ্যপতৎ পিতামহম্।
নিঘ্নন্নমিত্রান্ ধনুষা দৃঢ়েন
সংকম্পয়ংস্তব পুত্রস্য সৈন্যম্ ॥ ২৭

সেই বিশাল সৈন্যবাহিনীকে বারংবার বিদ্রাবিতকারী ভীমসেনকে সাক্ষাৎ মৃত্যুর ন্যায় সম্মুখে আসিতে দেখিয়া সমস্ত যোদ্ধাদিগের মন উদাসীন হইয়া যাইল ॥ ২১

ভারত! ভীমসেন গদা তুলিয়া যে যে দিকে দৃষ্টিপাত করিতেছিলেন, সেই সেই দিকের সমগ্র সৈন্যই বিদীর্ণ হইয়া যাইল (অর্থাৎ সৈন্যরা পলাইয়া গিয়া স্থান শূন্য করিয়া দিল) ॥২২

স্বীয় বলে সৈন্যগণকে বিদীর্ণকারী ভীমসেন সমগ্র সৈন্য-বাহিনীকে গ্রাস করিবার ইচ্ছায় মুখবিস্তারকারী সাক্ষাৎ কালের তুল্য বলিয়া মনে হইতেছিল। সেই সময় অতিশয় ভারযুক্তা গদাকে উত্তোলনকারী ভয়ঙ্কর পরাক্রমী ভীমসেনকে দেখিয়া ভীষ্ম সহসা সেখানে উপস্থিত হইলেন ॥ ২৩-২৪

তিনি সূর্য্যতুল্য তেজস্বী এবং চক্রসকলের গম্ভীর শব্দযুক্ত বিশাল রথে আরোহণ করিয়া বর্ষণরত মেঘসদৃশ বাণসমূহ বর্ষণ করত সমস্ত দিক্ আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২৫

মুখব্যাদিত যমরাজের ন্যায় ভীষ্মকে আসিতে দেখিয়া মহাবাহু ভীমসেন অমর্ষপূর্ণ হৃদয়ে তাঁহার সম্মুখে গমন করিলেন ॥ ২৬

সেই সময় শিনিবংশের প্রধান বীর সত্যপ্রতিজ্ঞ সাত্যকি স্বীয় সুদৃঢ় ধনু দ্বারা শত্রুগণকে সংহার করিতে করিতে আপনার

তং যান্তমশ্বৈ রজতপ্রকাশৈঃ
শরান্ বপন্তং নিশিতান্ সুপুঙ্খান্।
নাশক্নুবন্ ধারয়িতুং তদানীং
সর্বে গণা ভারত যে ত্বদীয়াঃ ॥২৮
অবিধ্যদেনং দশভিঃ পৃষৎকৈ-
রলম্বুষো রাক্ষসোঽসৌ তদানীম্।
শরৈশ্চতুর্ভিঃ প্রতিবিধ্য তঞ্চ
নপ্তা শিনেরভ্যপতদ্ রথেন ॥ ২৯
অন্বাগতং বৃষ্ণিবরং নিশম্য
তং শত্রুমধ্যে পরিবর্তমানম্।
প্রদ্রাবয়ন্তং কুরুপুঙ্গবাংশ্চ
পুনঃ পুনশ্চ প্রণদন্তমাজৌ ॥ ৩০
যোধাস্ত্বদীয়াঃ শরবর্ষৈরবর্ষন্
মেঘা যথা ভূধরমম্বুবেগৈঃ।
তথাপি তং ধারয়িতুং ন শেকু-
র্মধ্যন্দিনে সূর্য্যমিবাতপন্তম্ ॥ ৩১
ন তত্র কশ্চিন্নবিষণ্ণ আসী-
দৃতে রাজন্ সোমদত্তস্য পুত্রাৎ।
স বৈ সমাদায় ধনুর্মহাত্মা
ভূরিশ্রবা ভারত সৌমদত্তিঃ ॥ ৩২
দৃষ্ট্বা রথান্ স্বান্ ব্যপনীয়মানান্
প্রত্যুদ্যযৌ সাত্যকিং যোদ্ধুমিচ্ছন্ ॥৩৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সাত্যকি-ভূরিশ্রবঃ-সমাগমে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৩

পুত্রের সৈন্যবাহিনীকে কম্পিত করত পিতামহ ভীষ্মের উপর আক্রমণ করিলেন ॥ ২৭

ভারত! রজততুল্য শুভ্র অশ্বে বাহিত ও সুন্দর পক্ষযুক্ত তীক্ষ্ণবাণসমূহ বর্ষণকারী সাত্যকিকে সেই সময় আপনার সমস্ত সৈন্যবাহিনী প্রতিরোধ করিতে সমর্থ হইল না ॥ ২৮

কেবল অলম্বুষনামক রাক্ষসই তখন তাঁহাকে দশটি বাণে বিদ্ধ করিয়াছিল। তাহাতে শিনির পৌত্র সাত্যকিও এই রাক্ষসকে চারিটি বাণে বিদ্ধ করিয়া প্রতিশোধগ্রহণ করিলেন এবং রথের দ্বারা ভীষ্মকে আক্রমণ করিলেন ॥ ২৯

বৃষ্ণিবংশের শ্রেষ্ঠ বীর সাত্যকি আসিয়া শত্রুগণের মধ্যে বিচরণ করিতে লাগিলেন এবং যুদ্ধস্থলে কৌরবসৈন্যের মুখ্য মুখ্য বীরবৃন্দকে পলাইতে বাধ্য করিয়া বারংবার গর্জন করিতে থাকিলেন। ইহা দেখিয়া আপনার যোদ্ধারা তাঁহার উপর সেইভাবে বাণবর্ষণ করিতে আরম্ভ করিলেন, যেরূপ মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে। তথাপি তাঁহারা মধ্যাহ্নকালীন প্রখর তাপযুক্ত সূর্য্যের ন্যায় ইঁহাকে প্রতিরোধ করিতে সমর্থ হইলেন না ॥ ৩০-৩১

রাজন্! সেই সময় সোমদত্তপুত্র ভূরিশ্রবা ব্যতীত এরূপ অন্য কোন যোদ্ধা ছিলেন না, যিনি বিষাদগ্রস্ত হইয়া পড়েন নাই। ভারত! সোমদত্তপুত্র মহাত্মা ভূরিশ্রবা স্বীয় রথী বীরগণকে বিবশ হইয়া পলায়ন করিতে দেখিয়া ধনু গ্রহণ করত যুদ্ধের ইচ্ছায় সাত্যকির উপর আক্রমণ করিলেন ॥ ৩২-৩৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে সাত্যকি-ভূরিশ্রবার যুদ্ধে সমাগমবিষয়ক ত্রিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

[ভীমসেনস্য ঘটোৎকচস্য চ পরাক্রমঃ, কৌরবাণাং পরাজয়ঃ, চতুর্থদিবসস্য যুদ্ধসমাপ্তিশ্চ।]

সঞ্জয় উবাচ।

ততো ভূরিশ্রবা রাজন্ সাত্যকিং নবভিঃ শরৈঃ।
প্রাবিধ্যদ্ ভৃশসংক্রুদ্ধস্তোত্রৈরিব মহাদ্বিপম্॥ ১
কৌরবং সাত্যকিশ্চৈব শরৈঃ সন্নতপর্বভিঃ।
অবারয়দমেয়াত্মা সর্বলোকস্য পশ্যতঃ॥ ২
ততো দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ পরিবারিতঃ।
সৌমদত্তিং রণে যত্তঃ সমন্তাৎ পর্য্যবারয়ৎ॥ ৩
তং চৈব পাণ্ডবাঃ সর্বে সাত্যকিং রভসং রণে।
পরিবার্য্য স্থিতাঃ সংখ্যে সমন্তাৎ সুমহৌজসঃ॥৪
ভীমসেনস্তু সংক্রুদ্ধো গদামুদ্যম্য ভারত।
দুর্য্যোধনমুখান্ সর্বান্ পুত্রাংস্তে পর্য্যবারয়ৎ॥ ৫
রথৈরনেকসাহস্রৈঃ ক্রোধামর্ষসমন্বিতঃ।
নন্দকস্তব পুত্রস্তু ভীমসেনং মহাবলম্॥ ৬
বিব্যাধ বিশিখৈঃ ষড়্ভিঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ
দুর্য্যোধনশ্চ সমরে ভীমসেনং মহারথম্॥ ৭
আজঘানোরসি ক্রুদ্ধো মার্গণৈর্নবভিঃ শিতৈঃ।
ততো ভীমো মহাবাহুঃ স্বরথং সুমহাবলঃ॥ ৮
আরুরোহ রথশ্রেষ্ঠং বিশোকং চেদমব্রবীৎ।
এতে মহারথাঃ শূরা ধার্তরাষ্ট্রাঃ সমাগতাঃ॥ ৯
মামেব ভৃশসংক্রুদ্ধা হন্তুমভ্যুদ্যতা যুধি।
মনোরথদ্রুমোঽস্মাকং চিন্তিতো বহুবার্ষিকঃ॥ ১০
সফলঃ সূত চাদ্যেহ যোঽহং পশ্যামি সোদরান্।
যত্রাশোক সমুৎক্ষিপ্তা রেণবো রথনেমিভিঃ॥ ১১
প্রযান্ত্যন্তরিক্ষং হি শরবৃন্দৈর্দিগন্তরে।
তত্র তিষ্ঠতি সন্নদ্ধঃ স্বয়ং রাজা সুযোধনঃ॥ ১২
ভ্রাতরশ্চাস্য সন্নদ্ধাঃ কুলপুত্রা মদোৎকটাঃ।
এতানদ্য হনিষ্যামি পশ্যতস্তে ন সংশয়ঃ॥ ১৩

[চতুঃষষ্টি]তম অধ্যায়।

[ভীমসেন ও ঘটোৎকচের পরাক্রম, কৌরবগণের পরাজয় এবং চতুর্থ দিনের যুদ্ধ সমাপ্তি।]

সঞ্জয় কহিলেন,—রাজন্! তখন ভূরিশ্রবা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সাত্যকিকে নয়টি বাণে সেইভাবে বিদ্ধ করিলেন, যেরূপ গজরাজকে অঙ্কুশদ্বারা বিদ্ধ করা হইয়া থাকে॥ ১

সেই সময় অপরিমিত আত্মবলসম্পন্ন সাত্যকিও আনতপর্ব্ব বাণসমূহে সকল লোকের দৃষ্টিগোচরেই কুরুবংশীয় ভূরিশ্রবাকে প্রতিরোধ করিলেন॥ ২

ইহা দেখিয়া সহোদর ভ্রাতৃবৃন্দের সহিত রাজা দুর্য্যোধন যুদ্ধের জন্য উদ্যত হইয়া ভূরিশ্রবাকে চারিদিকে আবৃত করত তাঁহার রক্ষায় তৎপর রহিলেন॥ ৩

এদিকে অতিশয় মহাতেজস্বী পাণ্ডবগণও যুদ্ধভূমিতে সবেগে অগ্রে বর্দ্ধিত সাত্যকিকে চারিদিকে ঘিরিয়া রণাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন॥ ৪

ভারত! অত্যন্ত ক্রুদ্ধ ভীমসেন গদা উত্তোলিত করিয়া আপনার দুর্য্যোধনাদি সকল পুত্রকেই একাকীই রুদ্ধ করিয়া ফেলিলেন॥ ৫

তখন ক্রোধ ও অমর্ষে পূর্ণ আপনার পুত্র নন্দক বহু হাজার রথী বীর সৈন্যের সহিত আসিয়া শিলাতে শান দিয়া ধারালকৃত কঙ্কপত্রযুক্ত ছয়টি বাণে মহাবল ভীমসেনকে বিদ্ধ করিলেন॥

কুপিত দুর্য্যোধনও সেই যুদ্ধে মহারথী ভীমসেনের বক্ষঃস্থলে নয়টি তীক্ষ্ণ বাণের দ্বারা আঘাত করিলেন॥

তখন মহাবাহু ভীমসেন স্বীয় শ্রেষ্ঠ রথে আরোহণ করিলেন এবং সারথি বিশোককে এই কথা বলিলেন॥

এই মহারথী বীর ধৃতরাষ্ট্রপুত্রগণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আমাকে বধ করিবার জন্য উদ্যম করত এখানে উপস্থিত হইয়াছে॥

সূত! আমার মনে বহু বর্ষ ধরিয়া যাহার চিন্তা হইতেছে, সেই মনোরথরূপী বৃক্ষ আজ সফল হইতে চলিয়াছে; কারণ, এই সময় আমি এই যুদ্ধস্থলে দুর্য্যোধনকে ভ্রাতৃগণের সহিত একত্রিত হইতে দেখিতেছি॥

বিশোক! যেখানে রথের চক্রপাদের দ্বারা উত্থিত ধূলি বাণসমূহের সহিত অন্তরিক্ষ ও দিগন্ত সকলকে ব্যাপ্ত করিতেছে, সেই স্থানেই স্বয়ং রাজা দুর্য্যোধন কবচাদিতে সুসজ্জিত হইয়া যুদ্ধের জন্য অবস্থান করিতেছে॥ ৬-১২

উঁহার কুলীন ও মদোন্মত্ত ভ্রাতারাও কবচ বন্ধন করিয়া ঐ স্থানেই অপেক্ষা করিতেছে। আজ তোমার চোখের সামনেই আমি ইহাদের সকলকেই বিনাশ করিব,—ইহাতে কোনই সংশয়

তস্মাদশ্বানশ্বান্ সংগ্রামে যত্তঃ সংযচ্ছ সারথে।
এবমুক্ত্বা ততঃ পার্থস্তব পুত্রং বিশাম্পতে ॥১৪
বিব্যাধ দশভিস্তীক্ষ্ণৈঃ শরৈঃ কনকভূষণৈঃ।
নন্দকঞ্চ ত্রিভির্বাণৈরভ্যবিধ্যৎ স্তনান্তরে ॥ ১৫
তং তু দুর্য্যোধনঃ ষষ্ট্যা বিদ্ধ্বা ভীমং মহাবলম্।
ত্রিভিরন্যৈঃ সুনিশিতৈর্বিশোকং প্রত্যবিধ্যত ॥ ১৬
ভীমস্য চ রণে রাজন্ ধনুশ্চিচ্ছেদ ভাস্বরম্।
মুষ্টিদেশে ভৃশং তীক্ষ্ণৈস্ত্রিভির্ভল্লৈর্হসন্নিব ॥ ১৭
সমরে প্রেক্ষ্য যন্তারং বিশোকং তু বৃকোদরঃ।
পীড়িতং বিশিখৈস্তীক্ষ্ণৈস্তব পুত্রেণ ধন্বিনা ॥ ১৮
অমৃষ্যমাণঃ সংরব্ধো ধনুর্দিব্যং পরামৃশৎ।
পুত্রস্য তে মহারাজ বধার্থং ভরতর্ষভ ॥ ১৯
সমাধত্ত সুসংক্রুদ্ধঃ ক্ষুরপ্রং লোমবাহিনম্।
তেন চিচ্ছেদ নৃপতের্ভীমঃ কার্মুকমুত্তমম্ ॥ ২০
সোঽপবিদ্ধ্য ধনুশ্ছিন্নং পুত্রস্তে ক্রোধমূর্চ্ছিতঃ।
অন্যৎ কার্মুকমাদত্ত সত্বরং বেগবত্তরম্ ॥ ২১
সন্দধে বিশিখং ঘোরং কালমৃত্যুসমপ্রভম্।
তেনাজঘান সংক্রুদ্ধো ভীমসেনং স্তনান্তরে ॥ ২২
স গাঢ়বিদ্ধো ব্যথিতঃ স্যন্দনোপস্থ আবিশৎ।
স নিষণ্ণো রথোপস্থে মূর্চ্ছামভিজগাম হ ॥ ২৩
তং দৃষ্ট্বা ব্যথিতং ভীমমভিমন্যুপুরোগমাঃ।
নামৃষ্যন্ত মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ ॥ ২৪
ততস্তু তুমুলাং বৃষ্টিং শস্ত্রাণাং তীগ্মতেজসাম্।
পাতয়ামাসুরব্যগ্রাঃ পুত্রস্য তব মূর্ধনি ॥ ২৫
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং ভীমসেনো মহাবলঃ।
দুর্য্যোধনং ত্রিভির্বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥ ২৬
শল্যঞ্চ পঞ্চবিংশত্যা শরৈর্বিব্যাধ পাণ্ডবঃ।
রুক্মপুঙ্খৈর্মহেষ্বাসঃ স বিদ্ধো ব্যপয়াদ্ রণাৎ ॥ ২৭
প্রত্যুদ্যযুস্ততো ভীমং তব পুত্রাশ্চতুর্দশ।
সেনাপতিঃ সুষেণশ্চ জলসন্ধঃ সুলোচনঃ ॥ ২৮

নাই। অতএব সারথি! তুমি সাবধান হইয়া অশ্বগণকে সংযত করিয়া রাখ।

রাজন্! এই কথা বলিয়া কুন্তীপুত্র ভীমসেন স্বর্ণভূষিত দশটি বাণে দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন এবং নন্দকের বক্ষঃস্থলে তিনটি বাণে গভীরভাবে আঘাত করিলেন ॥ ১৩-১৫

ইহা দেখিয়া দুর্য্যোধন ষাট বাণে মহাবল ভীমসেনকে বিদ্ধ করিয়া অন্য তিনটি তীক্ষ্ণ বাণে সারথি বিশোককেও আঘাত করিলেন ॥ ১৬

রাজন্! তাহার পর দুর্য্যোধন যুদ্ধস্থলে তিনটি অত্যন্ত তীক্ষ্ণ ধারাল ভল্লের দ্বারা হাস্য করিতে করিতে ভীমসেনের তেজস্বী ধনুকের মধ্যভাগ ছিন্ন করিয়া ফেলিলেন ॥ ১৭

আপনার ধনুর্দ্ধর পুত্র দ্বারা সমরাঙ্গণে স্বীয় সারথি বিশোককে তীক্ষ্ণ বাণের আঘাতে পীড়িত হইতে দেখিয়া ভীমসেন সহ্য করিতে পারিলেন না। তিনি অতিশয় কুপিত হইয়া স্বীয় দিব্য ধনু গ্রহণ করিলেন। মহারাজ! ভরতশ্রেষ্ঠ! পুনরায় আপনার পুত্রকে বধ করিবার বাসনায় অতিশয় ক্রোধভরে তিনি পক্ষযুক্ত ক্ষুরপ্রবাণ সন্ধান (যোজনা) করিলেন এবং তাহাদ্বারা রাজা দুর্য্যোধনের উত্তম ধনুকে ছেদন করিয়া ফেলিলেন ॥ ১৮-২০

রাজন্! ধনু ছিন্ন হইলে আপনার পুত্র দুর্য্যোধন ক্রোধে মূর্চ্ছিত হইয়া পড়িলেন। তখন তিনি ছিন্ন ধনুকে পরিত্যাগ করিয়া অতি সত্বর তাহা হইতেও অধিক বেগশালী অপর একটি ধনু গ্রহণ করিলেন ॥ ২১

তারপর উহাতে কাল ও মৃত্যুতুল্য তেজস্বী ভয়ঙ্কর বাণ সন্ধান করিলেন এবং ক্রুদ্ধ হইয়া তাহা দ্বারা ভীমসেনের বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥ ২২

সেই বাণে গুরুতর আহত হইয়া ভীমসেন ব্যথিতচিত্তে রথের আসনে বসিয়া পড়িলেন এবং সঙ্গে সঙ্গে মূর্চ্ছিত হইলেন ॥ ২৩

ভীমসেনকে প্রহারে পীড়িত হইতে দেখিয়া অভিমন্যু প্রভৃতি মহাধনুর্দ্ধর পাণ্ডব মহারথিগণ ইহা সহ্য করিতে পারিলেন না ॥ ২৪

তখন তাহারা সকলে আপনার পুত্রের মস্তকে নির্ভয়চিত্তে তেজস্বী অস্ত্রসকল প্রবলভাবে বর্ষণ করিতে লাগিলেন ॥ ২৫

তদনন্তর সংজ্ঞালাভ করিয়া মহাবল ভীমসেন দুর্য্যোধনকে প্রথমে তিন বাণে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটি বাণে আঘাত করিলেন ॥ ২৬

তাহার পর মহাধনুর্দ্ধর পাণ্ডুপুত্র ভীমসেন সুবর্ণময় পক্ষযুক্ত পঁচিশটি বাণে রাজা শল্যকে বিদ্ধ করিলেন। সেই বাণে আহত হইয়া তিনি রণভূমি হইতে পলায়ন করিলেন ॥ ২৭

রাজন্! তখন আপনার চৌদ্দজন পুত্র ভীমসেনের দিকে ধাবিত হইলেন। ইঁহাদের নাম হইল—সেনাপতি, সুষেণ, জলসন্ধ, সুলোচন, বগ্র, ভীমরথ, ভীম, বীরবাহু, অলোলুপ,

উগ্রো ভীমরথো ভীমো বীরবাহুরলোলুপঃ।
দুর্মুখো দুষ্প্রধর্ষশ্চ বিবিৎসুর্বিকটঃ সমঃ ॥ ২৯
বিসৃজন্তো বহূন্ বাণান্ ক্রোধসংরক্তলোচনাঃ।
ভীমসেনমভিক্রুত্য বিব্যধুঃ সহিতা ভৃশম্ ॥ ৩০
পুত্রাংস্তু তব সম্প্রেক্ষ্য ভীমসেনো মহাবলঃ।
সৃক্কিণী বিলিহন্ বীরঃ পশুমধ্যে যথা বৃকঃ ॥ ৩১
অভিপত্য মহাবাহুর্গরুত্মানিব বেগিতঃ।
সেনাপতেঃ ক্ষুরপ্রেণ শিরশ্চিচ্ছেদ পাণ্ডবঃ ॥ ৩২
সম্প্রহস্য চ হৃষ্টাত্মা ত্রিভির্বাণৈর্মহাভুজঃ।
জলসন্ধং বিনির্ভিদ্য সোঽনয়দ্ যমসাদনম্ ॥ ৩৩
সুষেণঞ্চ ততো হত্বা প্রেষয়ামাস মৃত্যবে।
উগ্রস্য সশিরস্ত্রাণং শিরশ্চন্দ্রোপমং ভুবি ॥ ৩৪
পাতয়ামাস ভল্লেন কুণ্ডলাভ্যাং বিভূষিতম্।
বীরবাহুঞ্চ সপ্তত্যা সাশ্বকেতুং সসারথিম্ ॥ ৩৫
নিনায় সমরে বীরঃ পরলোকায় পাণ্ডবঃ।
ভীম-ভীমরথৌ চোভৌ ভীমসেনো হসন্নিব ॥৩৬
পুত্রৌ তে দুর্মদৌ রাজন্ননয়দ্ যমসাদনম্।
ততঃ সুলোচনং ভীমঃ ক্ষুরপ্রেণ মহামৃধে ॥৩৭
মিষতাং সর্বসৈন্যানামনয়দ্ যমসাদনম্।
পুত্রাস্তু তব তং দৃষ্ট্বা ভীমসেনপরাক্রমম্ ॥ ৩৮
শেষা যেঽন্যেঽভবংস্তত্র তে ভীমস্য ভয়ার্দিতাঃ।
বিপ্রদ্রুতা দিশো রাজন্ বধ্যমানা মহাত্মনা ॥ ৩৯
ততোঽব্রবীচ্ছান্তনবঃ সর্বানেব মহারথান্।
এষ ভীমো রণে ক্রুদ্ধো ধার্তরাষ্ট্রান্ মহারথান্ ॥ ৪০
যথা প্রাগ্র্যান্ যথা জ্যেষ্ঠান্ যথা শূরাংশ্চ সঙ্গতান্।
নিপাতয়ত্যুগ্রধন্বা তং প্রগৃহ্ণীত মাচিরম্ ॥ ৪১
এবমুক্তাস্ততঃ সর্বে ধার্তরাষ্ট্রস্য সৈনিকাঃ।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধা ভীমসেনং মহাবলম ॥ ৪২
ভগদত্তঃ প্রভিন্নেন কুঞ্জরেণ বিশাম্পতে।
অভ্যয়াৎ সহসা তত্র যত্র ভীমো ব্যবস্থিতঃ ॥ ৪৩

দুর্মুখ দুষ্প্রধর্ষ, বিবিৎসু, বিকট ও সম। ইঁহারা সকলে ক্রোধে রক্তচক্ষু হইয়া বহু বাণসমূহ বর্ষণ করিতে করিতে ভীমসেনের উপর আক্রমণ করিলেন এবং একত্রিত হইয়া তাঁহাকে অত্যন্ত আঘাত করিতে লাগিলেন ॥ ২৮-৩০

মহাবলী মহাবাহু বীর ভীমসেন আপনার পুত্রগণকে দেখিয়া পশুগণের মধ্যে অবস্থিত বৃকের (ব্যাঘ্রবিশেষ) ন্যায় স্বীয় মুখের দুই প্রান্তভাগ জিহ্বার দ্বারা লেহন করিতে করিতে গরুড়তুল্য তীব্রবেগে তাঁহাদের সম্মুখে উপস্থিত হইলেন। সেখানে উপস্থিত হইয়া তিনি ক্ষুরপ্রনামক বাণে সেনাপতির মস্তক ছেদন করিলেন। ৩১-৩২

তারপর প্রসন্নচিত্ত হইয়া মহাবাহু ভীমসেন হাস্য করিতে করিতে জলসন্ধকে তিনটি বাণে বিদীর্ণ করিয়া যমালয়ে প্রেরণ করিলেন। ৩৩

তদনন্তর সুষেণকে বধ করিয়া মৃত্যুলোকে পাঠাইয়া দিলেন এবং উগ্রের কুণ্ডলমণ্ডিত চন্দ্রতুল্য মস্তককে একটি ভল্লের দ্বারা শিরস্ত্রাণ সহ ছেদন করত ভূতলে পাতিত করিলেন ॥

অতঃপর পাণ্ডুনন্দন বীরবর ভীমসেন সমরাঙ্গণে অশ্ব, ধ্বজ ও সারথিসহ বীরবাহুকে সত্তর বাণে নিহত করিয়া পরলোকে প্রেরণ করিলেন ॥

রাজন্! তাহার পর ভীমসেন আপনার যে দুই পুত্র যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রাম করিতেছিলেন, সেই দুই পুত্র ভীম এবং ভীমরথকেও নিহত করিয়া যমগৃহে পাঠাইয়া দিলেন ॥

অনন্তর সেই মহাযুদ্ধে ভীমসেন সমগ্র সৈন্যবাহিনীর নয়ন-পথেই ক্ষুরপ্রবাণ প্রহার করিয়া সুলোচনকেও যমলোকে প্রেরণ করিলেন ॥

রাজন্! তাহার পর আপনার যে সমস্ত পুত্র অবশিষ্ট ছিলেন, তাঁহারা ভীমসেনের পরাক্রম দেখিয়া তাঁহার ভয়ে পীড়িতচিত্তে মহাত্মা পাণ্ডুনন্দনের বাণপ্রহারে জর্জরিত হইয়া চারিদিকে পলায়ন করিলেন ॥ ৩৪-৩৯

তদনন্তর শান্তনুনন্দন ভীষ্ম সকল মহারথী বীরগণকে বলিলেন,—এই ভয়ঙ্কর ধনুর্দ্ধর ভীমসেন যুদ্ধে ক্রুদ্ধ হইয়া সম্মুখে আগত শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ, বীর মহারথী ধৃতরাষ্ট্রপুত্রগণকে নিহত করিয়া ভূপাতিত করিতেছে, অতএব তোমরা সকলে একত্রে মিলিত হইয়া তাহাকে শীঘ্র বন্দী কর ॥ ৪০-৪১

তিনি এই কথা বলিলে পর দুর্যোধনের সমস্ত সৈন্যগণ ক্রুদ্ধ হইয়া মহাবল ভীমসেনের দিকে ধাবিত হইল ॥ ৪২

প্রজানাথ! রাজা ভগদত্ত মদবর্ষী গজরাজের উপর আরোহণ করিয়া সহসা সেইস্থানে উপস্থিত হইলেন, যেস্থানে ভীমসেন অবস্থান করিতেছিলেন ॥ ৪৩

আপতন্নেব চ রণে ভীমসেনং শিলীমুখৈঃ।
অদৃশ্যং সমরে চক্রে জীমূত ইব ভাস্করম্॥ ৪৪
অভিমন্যুমুখাস্তং তু নামৃষ্যন্ত মহারথাঃ।
ভীমস্যাচ্ছাদনং সংখ্যে স্ববাহুবলমাশ্রিতাঃ॥ ৪৫
ত এনং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ন্।
গজঞ্চ শরবৃষ্ট্যা তু বিভিদুস্তে সমন্ততঃ॥ ৪৬
স শস্ত্রবৃষ্ট্যাভিহতঃ সমস্তৈস্তৈর্মহারথৈঃ।
প্রাগ্‌জ্যোতিষগজো রাজন্ নানালিঙ্গৈঃ সুতেজনৈঃ॥৪৭
সঞ্জাতরুধিরোৎপীড়ঃ প্রেক্ষণীয়োঽভবদ্ রণে।
গভস্তিভিরিবার্কস্য সংস্যুতো জলদো মহান্॥ ৪৮
সঞ্চোদিতো মদস্রাবী ভগদত্তেন বারণঃ।
অভ্যধাবত তান্ সর্বান্ কালোৎসৃষ্ট ইবান্তকঃ॥ ৪৯
দ্বিগুণং জবমাস্থায় কম্পয়ংশ্চরণৈর্মহীম্।
তস্য তৎ সুমহদ্ রূপং দৃষ্ট্বা সর্বে মহারথাঃ॥ ৫০

অসহ্যং মন্যমানাশ্চ নাতিপ্রমনসোঽভবন্।
ততস্তু নৃপতিঃ ক্রুদ্ধো ভীমসেনং স্তনান্তরে॥ ৫১
আজঘান মহারাজ শরেণানতপর্বণা।
সোঽতিবিদ্ধো মহেষ্বাসস্তেন রাজ্ঞা মহারথঃ॥ ৫২
মূর্চ্ছয়াভিপরীতাত্মা ধ্বজযষ্টিং সমাশ্রয়ৎ।
তাংস্তু ভীতান্ সমালক্ষ্য ভীমসেনঞ্চ মূর্চ্ছিতম্॥ ৫৩
ননাদ বলবন্নাদং ভগদত্তঃ প্রতাপবান্।
ততো ঘটোৎকচো রাজন্ প্রেক্ষ্য ভীমং তথাগতম্॥৫৪
সংক্রুদ্ধো রাক্ষসো ঘোরস্তত্রৈবান্তরধীয়ত।
স কৃত্বা দারুণাং মায়াং ভীরূণাং ভয়বর্ধিনীম্॥ ৫৫
অদৃশ্যত নিমেষার্ধাদ্ ঘোররূপং সমাস্থিতঃ।
ঐরাবণং সমারূঢ়ঃ স বৈ মায়াকৃতং স্বয়ম্॥ ৫৬
(কৈলাসগিরিসঙ্কাশং বজ্রপাণিরিবাভ্যয়াৎ।)
তস্য চান্যেঽপি দিঙ্‌নাগা বভূবুরনুযায়িনঃ।
অঞ্জনো বামনশ্চৈব মহাপদ্মশ্চ সুপ্রভঃ॥ ৫৭

যুদ্ধে আসিয়াই তিনি স্বীয় বাণসমূহে ভীমসেনকে সেইভাবে অদৃশ্য করিয়া ফেলিলেন, যেরূপ মেঘ সূর্য্যকে অদৃশ্য করিয়া থাকে॥ ৪৪

সেই সময় অভিমন্যু প্রভৃতি মহারথী বীরগণ ভীমসেন এই ভাবে যুদ্ধে বাণে আচ্ছাদিত হইয়া যাওয়াকে সহ্য করিতে পারিলেন না। তাঁহারা নিজ নিজ বাহুবলের সাহায্যে যুদ্ধে ভগদত্তের উপর চারিদিক্ হইতে বাণ বর্ষণ করিয়া তাঁহাকে প্রতিরোধ করিতে লাগিলেন। তাঁহারা নিজ বাণসমূহের বর্ষণে ভগদত্তের হস্তীটিকে সর্ব্বদিকে ছিন্ন বিছিন্ন করিয়া ফেলিলেন॥ ৪৫-৪৬

রাজন্! যাঁহারা নানাপ্রকার চিহ্নধারণকারী ও অত্যন্ত তেজস্বী ছিলেন, সেই সমস্ত মহারথী বীরগণ কর্ত্তৃক কৃত অস্ত্রবর্ষণে নানাভাবে আহত হইয়া প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তের সেই হস্তীর মস্তক রক্তরঞ্জিত হইয়া উঠায় রণক্ষেত্রে সেইরূপ অতিশয় দর্শনীয় হইল, যেরূপ সূর্য্যদেবের রক্তিমকিরণে ব্যাপ্ত মহামেঘ দর্শনীয় হইয়া থাকে॥ ৪৭-৪৮

ভগদত্তকর্ত্তৃক চালিত হইয়া কালপ্রেরিত যমরাজতুল্য ভয়ঙ্কর সেই মদস্রাবী গজরাজ দ্বিগুণ বেগের আশ্রয় লইয়া স্বীয় পদভরে পৃথিবীকে কম্পিত করিতে করিতে তাঁহাদের সকলের প্রতি

মূর্চ্ছা..

তাহার সেই বিশাল রূপ দেখিয়া সকল মহারথীরাই নিজেদের পক্ষে অসহ্য মনে করত হতোৎসাহ হইয়া পড়িলেন॥

মহারাজ! তাহার পর ভগদত্ত কুপিত হইয়া আনতপর্ব্বযুক্ত বাণে ভীমসেনের বক্ষঃস্থলে আঘাত হানিলেন॥

রাজা ভগদত্ত কর্ত্তৃক এইভাবে গুরুতর আহত হইয়া মহাধনুর্দ্ধর মহারথী ভীমসেন মূর্চ্ছাগ্রস্ত হইয়া ধ্বজদণ্ডকে ধরিয়া ফেলিলেন॥

সেই সব মহারথী বীরগণকে ভয়ভীত ও ভীমসেনকে মূর্চ্ছিত দেখিয়া প্রতাপশালী ভগদত্ত সবেগে সিংহনাদ করিতে লাগিলেন॥

রাজন্! তারপর ভীমসেনকে এতাদৃশ অবস্থায় দেখিয়া ভয়ঙ্কর রাক্ষস ঘটোৎকচ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেস্থানেই অদৃশ্য হইয়া পড়িল॥

তাহার পর ভীরু কাপুরুষগণের ভয়বর্দ্ধনকারিণী দারুণা মায়া সৃজন করিল। সে তখন অর্দ্ধ নিমেষের মধ্যেই ভয়ঙ্কর রূপ ধারণ করিয়া সকলের দৃষ্টিগোচর হইল। ঘটোৎকচ স্বীয় মায়াদ্বারা নির্ম্মিত কৈলাসপর্ব্বততুল্য শ্বেতবর্ণ বিশাল ঐরাবতের উপর আরোহণ করিয়া বজ্রধারী ইন্দ্রসদৃশ সেখানে আসিয়া উপস্থিত হইল॥ ৪৯-৫৬

তাহার পশ্চাতে আরও অঞ্জন, বামন ও উত্তমকান্তিযুক্ত মহাপদ্ম—এই তিনটি দিগ্‌গজ ছিল। ইহাদের উপরে ঘটোৎকচের সহায়ক রাক্ষসগণ উপবিষ্ট ছিল॥

ত্রয় এতে মহানাগা রাক্ষসৈঃ সমধিষ্ঠিতাঃ।
মহাকায়াস্ত্রিধা রাজন্ প্রস্রবন্তো মদং বহু ॥ ৫৮
তেজো-বীর্য্য-বলোপেতা মহাবলপরাক্রমাঃ।
ঘটোৎকচস্তু স্বং নাগং চোদয়ামাস তং তদা ॥ ৫৯
সগজং ভগদত্তং তু হন্তুকামঃ পরন্তপঃ।
তে চান্যে চোদিতা নাগা রাক্ষসৈস্তৈর্মহাবলৈঃ ॥ ৬০
পরিপেতুঃ সুসংরব্ধাশ্চতুর্দংষ্ট্রাশ্চতুর্দিশম্।
ভগদত্তস্য তং নাগং বিষাণৈরভ্যপীড়য়ন্ ॥ ৬১
স পীড্যমানস্তৈর্নাগৈর্বেদনার্ত্তঃ শরাহতঃ।
অনদৎ সুমহানাদমিন্দ্রাশনিসমস্বনম্ ॥ ৬২
তস্য তং নদতো নাদং সুঘোরং ভীমনিঃস্বনম্।
শ্রুত্বা ভীষ্মোঽব্রবীদ্ দ্রোণং রাজানঞ্চ সুযোধনম্ ॥৬৩
এষ যুধ্যতি সংগ্রামে হৈড়িম্বেন দুরাত্মনা।
ভগদত্তো মহেষ্বাসঃ কৃচ্ছ্রে চ পরিবর্ততে ॥ ৬৪
রাক্ষসশ্চ মহাকায়ঃ স চ রাজাতিকোপনঃ।
এতৌ সমেতৌ সমরে কাল-মৃত্যুসমাবুভৌ ॥৬৫
শ্রূয়তে চৈব হৃষ্টানাং পাণ্ডবানাং মহাত্মনঃ।
হস্তিনশ্চৈব সুমহান্ ভীতস্য রুদিতধ্বনিঃ ॥ ৬৬
তত্র গচ্ছাম ভদ্রং বো রাজানং পরিরক্ষিতুম্।
অরক্ষ্যমাণঃ সমরে ক্ষিপ্রং প্রাণান্ বিমোক্ষ্যতি ॥ ৬৭
তে ত্বরধ্বং মহাবীর্য্যাঃ কিং চিরেণ প্রয়ামহে।
মহান্ হি বর্ততে রৌদ্রঃ সংগ্রামো লোমহর্ষণঃ ॥ ৬৮
ভক্তশ্চ কুলপুত্রশ্চ শূরশ্চ পৃতনাপতিঃ।
যুক্তং তস্য পরিত্রাণং কর্তুমস্মাভিরচ্যুত ॥ ৬৯
ভীষ্মস্য তদ্ বচঃ শ্রুত্বা সর্ব এব মহারথাঃ।
দ্রোণ-ভীষ্মৌ পুরস্কৃত্য ভগদত্তপরীপ্সয়া ॥ ৭০
উত্তমং জবমাস্থায় প্রযযুর্যত্র সোঽভবৎ।
তান্ প্রযাতান্ সমালোক্য যুধিষ্ঠিরপুরোগমাঃ ॥ ৭১

রাজন্! এই সমস্ত বিশালদেহ দিগ্‌গজ তিন স্থানে প্রচুর মদধারা ক্ষরণ করিতেছিল এবং ইহারা তেজ, বীর্য্য ও বলসম্পন্ন এবং মহাবলশালী ও মহাপরাক্রমী ছিল ॥

শত্রুসন্তাপক ঘটোৎকচ নিজ হস্তীকে গজারূঢ় রাজা ভগদত্তের দিকে চালিত করিল। তখন সে হস্তীর সহিত তাঁহাকে বধ করিবার ইচ্ছা করিয়াছিল ॥

মহাবলশালী রাক্ষসগণকর্ত্তৃক প্রেরিত হইয়া চারিটি করিয়া দন্তবিশিষ্ট অন্যান্য দিগ্‌গজগণও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া চারিদিক্ হইতে আক্রমণ করিল।

ইহারা সকলেই ভগদত্তের হাতীকে নিজ নিজ দন্ত দ্বারা পীড়িত করিতে লাগিল। পূর্ব্ব হইতেই সে বাণের দ্বারা গুরুতর আহত হইয়াছিল, তাহার উপর এই সব হাতীর দ্বারা পীড়িত হইতে থাকিলে বেদনায় অত্যন্ত ব্যাকুল হইয়া প্রবলবেগে চীৎকার করিতে লাগিল। তাহার এই চীৎকার তখন ইন্দ্রের বজ্রপতনের শব্দের ন্যায় মনে হইতেছিল। ৫৭-৬২

ভয়ঙ্কর চীৎকারের সহিত অত্যন্ত ঘোর শব্দকারী হাতীর সেই আর্ত্তনাদ শ্রবণ করিয়া ভীষ্ম দ্রোণাচার্য্য ও রাজা দুর্য্যোধনকে বলিলেন। ৬৩

এই মহাধনুর্দ্ধর রাজা ভগদত্ত দুরাত্মা হিড়িম্বানন্দন ঘটোৎকচের সহিত যুদ্ধ করিতেছেন এবং মহাসঙ্কটে পড়িয়াছেন। ৬৪

এই রাক্ষস বিশাল দেহধারী এবং রাজা ভগদত্তও বর্ত্তমানে অত্যন্ত ক্রুদ্ধ। ইহারা উভয়ে যুদ্ধে কাল ও মৃত্যুর ন্যায় প্রতীত হইতেছেন। ৬৫

দেখ, হৃষ্ট পাণ্ডবগণের মহাসিংহনাদ শুনা যাইতেছে এবং ভগদত্তের ভীত হস্তীর রোদনধ্বনিও তীব্রবেগে শ্রুতিগোচর হইতেছে। ৬৬

তোমাদের সকলের কল্যাণ হউক। আমরা রাজা ভগদত্তকে রক্ষা করিবার জন্য সেখানে যাইব, অন্যথায় অরক্ষিত অবস্থায় থাকিলে তিনি সমরাঙ্গণে শীঘ্রই প্রাণত্যাগ করিবেন। ৬৭

মহাপরাক্রমী বীরগণ! সত্বর চল। বিলম্ব করিয়া কি লাভ হইবে? আমাদের সত্বর যাওয়া উচিত; কারণ, এই সংগ্রাম অত্যন্ত ভয়ঙ্কর ও রোমাঞ্চকারী। ৬৮

রাজা ভগদত্ত কুলীন, পরাক্রমশালী বীর, আমাদের ভক্ত ও সেনাপতি। স্বীয় প্রভাব হইতে অবিচ্যুত দুর্য্যোধন! অতএব তাঁহাকে আমাদের রক্ষা করিতেই হইবে। ৬৯

ভীষ্মের এই বাক্য শ্রবণ করিয়া সমস্ত মহারথী বীরগণ দ্রোণাচার্য্য ও ভীষ্মকে অগ্রে করিয়া ভগদত্তকে রক্ষা করিবার জন্য তীব্রবেগে সেখানে আসিলেন, সেখানে রাজা ভগদত্ত রহিয়াছেন।

তাঁহাদের যাইতে দেখিয়া যুধিষ্ঠিরাদি পাণ্ডবগণ এবং পাঞ্চালগণও শত্রুদিগের পশ্চাদ্ধাবন করিলেন।

পঞ্চালাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং পৃষ্ঠতোঽনুযযুঃ পরান্।
তান্যনীকান্যথালোক্য রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্॥ ৭২
ননাদ সুমহানাদং বিস্ফোটমশনেরিব।
তস্য তং নিনদং শ্রুত্বা দৃষ্ট্বা নাগাংশ্চ যুধ্যতঃ॥ ৭৩
ভীষ্মঃ শান্তনবো ভূয়ো ভারদ্বাজমভাষত।
ন রোচতে মে সংগ্রামো হৈড়িম্বেন দুরাত্মনা॥ ৭৪
বলবীর্য্যসমাবিষ্টঃ সসহায়শ্চ সাম্প্রতম্।
নৈষ শক্যো যুধা জেতুমপি বজ্রভৃতা স্বয়ম্॥ ৭৫
লব্ধলক্ষ্যঃ প্রহারী চ বয়ঞ্চ শ্রান্তবাহনাঃ।
পাঞ্চালৈঃ পাণ্ডবেয়ৈশ্চ দিবসং ক্ষত-বিক্ষতাঃ॥৭৬
তন্ন মে রোচতে যুদ্ধং পাণ্ডবৈর্জিতকাশিভিঃ।
ঘুষ্যতামবহারোঽদ্য শ্বো যোৎস্যামঃ পরৈঃ সহ॥ ৭৭
পিতামহবচঃ শ্রুত্বা তথা চক্রুঃ স্ম কৌরবাঃ।
উপায়েনাপযানং তে ঘটোৎকচভয়ার্দিতাঃ॥ ৭৮

সেই সৈন্যগণকে আসিতে দেখিয়া প্রতাপশালী রাক্ষসরাজ ঘটোৎকচ অতিশয় বেগে বজ্রস্ফোটনের ন্যায় সিংহধ্বনি করিতে লাগিল॥

ঘটোৎকচের সেই গর্জন শ্রবণ করিয়া এবং যুদ্ধরত হাতীদিগকে দেখিয়া শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় দ্রোণাচার্য্যকে বলিলেন॥

আমার এই সময় দুরাত্মা ঘটোৎকচের সহিত যুদ্ধ করা উচিত বলিয়া মনে হইতেছে না; কারণ, সে বল ও পরাক্রমসম্পন্ন এবং এই সময় সে প্রবল সহায়কগণকেও পাইয়াছে॥

এইরূপ অবস্থায় সাক্ষাৎ বজ্রধারী ইন্দ্রও ইহাকে পরাজিত করিতে সমর্থ হইবেন না। ঘটোৎকচ অস্ত্রপ্রহারে নিপুণ ও লক্ষ্য ভেদ করিতেও পটু। এদিকে আমাদের বাহনগুলি শ্রান্ত হইয়া পড়িয়াছে। তাহারা সারাদিনেই পাণ্ডব ও পাঞ্চালগণের দ্বারা অস্ত্রে ক্ষত বিক্ষত হইয়াছে॥ ৭০-৭৬

সেইজন্য বিজয়সুশোভিত পাণ্ডবগণের সহিত বর্ত্তমানে যুদ্ধ করা আমার মতে সমীচীন নহে। আজ যুদ্ধের বিরতি ঘোষণা করা হউক। আগামীকাল আমরা শত্রুগণের সহিত যুদ্ধ করিব॥ ৭৭

পিতামহ ভীষ্মের এই কথা শুনিয়া কৌরবগণ উপায়ানুসারে যুদ্ধ হইতে অপসৃত হইবার কথা স্বীকার করিয়া লইলেন; কারণ, সেই সময় তাঁহারা সকলেই ঘটোৎকচের ভয়ে পীড়িত হইয়া পড়িয়াছিলেন॥ ৭৮

কৌরবেষু নিবৃত্তেষু পাণ্ডবা জিতকাশিনঃ।
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ ভারত॥ ৭৯
এবং তদভবদ্ যুদ্ধং দিবসং ভরতর্ষভ।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ পুরস্কৃত্য ঘটোৎকচম্॥ ৮০
কৌরবাস্তু ততো রাজন্ প্রযযুঃ শিবিরং স্বকম্।
ব্রীড়মানা নিশাকালে পাণ্ডবেয়ৈঃ পরাজিতাঃ॥ ৮১
শরবিক্ষতগাত্রাস্তু পাণ্ডুপুত্রা মহারথাঃ।
যুদ্ধে সুমনসো ভূত্বা জগ্মুঃ স্বশিবিরং প্রতি॥ ৮২
পুরস্কৃত্য মহারাজ ভীমসেন-ঘটোৎকচৌ।
পূজয়ন্তস্তদান্যোঽন্যং মুদা পরময়া যুতাঃ॥ ৮৩
নদন্তো বিবিধান্ নাদাংস্তূর্য্যস্বনবিমিশ্রিতান্।
সিংহনাদাংশ্চ কুর্বন্তো বিমিশ্রান্ শঙ্খনিঃস্বনৈঃ॥ ৮৪
বিনদন্তো মহাত্মানঃ কম্পয়ন্তশ্চ মেদিনীম্।
ঘট্টয়ন্তশ্চ মর্ম্মাণি তব পুত্রস্য মারিষ॥

ভারত! কৌরবগণ নিবৃত্ত হইলে পর বিজয়ে উল্লসিত হইয়া পাণ্ডবেরা পুনঃ পুনঃ সিংহনাদ করিতে লাগিলেন এবং শঙ্খবাদ্য করিলেন॥ ৭৯

এইরূপে সেইদিনে সম্পূর্ণ দিবসব্যাপী ঘটোৎকচকে অগ্রে করিয়া কৌরব ও পাণ্ডবগণের যুদ্ধ চলিয়াছিল॥ ৮০

রাজন্! তদনন্তর রাত্রির প্রারম্ভকালে পাণ্ডবগণ কর্ত্তৃক পরাজিত হইয়া কৌরবেরা সলজ্জভাবে নিজ নিজ শিবিরে প্রত্যাবর্ত্তন করিলেন॥ ৮১

মহারথী পাণ্ডবগণেরও শরীর যুদ্ধে ক্ষত-বিক্ষত হইয়া গিয়াছিল, তথাপি তাঁহারা প্রসন্নমনে নিজ নিজ শিবিরে ফিরিয়া আসিলেন॥ ৮২

মহারাজ! ভীমসেন ও ঘটোৎকচকে অগ্রে রাখিয়া পরস্পর পরস্পরের প্রশংসা করিতে করিতে প্রসন্নতার সহিত নানাপ্রকার সিংহনাদ করত (শিবির অভিমুখে) চলিলেন। তাঁহাদের সেই গর্জনধ্বনির সহিত বিবিধ বাদ্যধ্বনি ও শঙ্খধ্বনিও হইতেছিল॥ ৮৩-৮৪

শত্রুসন্তাপক শ্রেষ্ঠ নরেশ! মহাত্মা পাণ্ডবগণ গর্জন করিতে করিতে, পৃথিবীকে কম্পিত করিতে করিতে এবং আপনার পুত্রের মর্ম্মস্থানে আঘাত হানিতে হানিতে রাত্রিকালে শিবিরে প্রত্যাবর্ত্তন করিলেন॥ ৮৫

প্রয়াতাঃ শিবিরায়ৈব নিশাকালে পরন্তপ ॥৮৫
দুর্য্যোধনস্তু নৃপতির্দীনো ভ্রাতৃবধেন চ।
মুহূর্ত্তং চিন্তয়ামাস বাষ্পশোকসমাকুলঃ ॥৮৬
ততঃ কৃত্বা বিধিং সর্ব্বং শিবিরস্য যথাবিধি।
প্রদধ্যৌ শোকসন্তপ্তো ভ্রাতৃব্যসনকর্শিতঃ ॥ ৮৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি তৃতীয়দিবসাবহারে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৪

স্বীয় ভ্রাতৃবৃন্দের মৃত্যুতে রাজা দুর্য্যোধন অত্যন্ত দীন হইয়া পড়িলেন। তিনি নেত্র হইতে অশ্রুমোচন করিতে করিতে শোকব্যাকুলচিত্তে মুহূর্ত্তকাল চিন্তামগ্ন হইলেন ॥ ৮৬

তারপর শিবিরের সমস্ত কার্য্যের যথাবিধি ব্যবস্থা করিয়া ভ্রাতৃগণের বিনাশে দুঃখী ও শোকসন্তপ্ত হইয়া বিশেষভাবে চিন্তানিমগ্ন হইলেন ॥ ৮৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে চতুর্থদিবসের যুদ্ধবিরতিবিষয়ক চতুঃষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

[ধৃতরাষ্ট্র-সঞ্জয়য়োঃ সংবাদপ্রসঙ্গে দুর্য্যোধনেন পাণ্ডববিজয়কারণপৃষ্টস্য ভীষ্মস্য ব্রহ্মকৃতভগবৎস্তুতিকথনম্]

ধৃতরাষ্ট্র উবাচ।
ভয়ং মে সুমহজ্জাতং বিস্ময়শ্চৈব সঞ্জয়।
শ্রুত্বা পাণ্ডুকুমারাণাং কর্ম্ম দেবৈঃ সুদুষ্করম্ ॥ ১
পুত্রাণাঞ্চ পরাভাবং শ্রুত্বা সঞ্জয় সর্ব্বশঃ।
চিন্তা মে মহতী সূত ভবিষ্যতি কথং ত্বিতি ॥ ২
ধ্রুবং বিদুরবাক্যানি ধক্ষ্যন্তি হৃদয়ং মম।
যথা হি দৃশ্যতে সর্ব্বং দৈবযোগেন সঞ্জয় ॥ ৩
যত্র ভীষ্মমুখান্ সর্ব্বান্ শস্ত্রজ্ঞান্ যোধসত্তমান্।
পাণ্ডবানামনীকেষু যোধয়ন্তি প্রহারিণঃ ॥৪
কেনাবধ্যা মহাত্মানঃ পাণ্ডুপুত্রা মহাবলাঃ।
কেন দত্তবরাস্তাত কিং বা জ্ঞানং বিদন্তি তে ॥৫
যেন ক্ষয়ং ন গচ্ছন্তি দিবি তারাগণা ইব।
পুনঃ পুনর্ন মৃষ্যামি হতং সৈন্যং তু পাণ্ডবৈঃ ॥ ৬
ময্যেব দণ্ডঃ পততি দৈবাৎ পরমদারুণঃ।
যথাবধ্যাঃ পাণ্ডুসুতা যথা বধ্যাশ্চ মে সুতাঃ ॥ ৭
এতন্মে সর্ব্বমাচক্ষ্ব যাথাতথ্যেন সঞ্জয়।
ন হি পারং প্রপশ্যামি দুঃখস্যাস্য কথঞ্চন ॥ ৮

পঞ্চষষ্টিতম অধ্যায়।

[ধৃতরাষ্ট্র ও সঞ্জয়ের সংবাদপ্রসঙ্গে দুর্য্যোধন কর্ত্তৃক পাণ্ডবগণের বিজয়ের কারণ জিজ্ঞাসিত হইয়া ভীষ্মের ব্রহ্মকৃত ভগবৎস্তুতি-কথন।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! পাণ্ডবগণের দেবতাদিগের পক্ষেও দুষ্কর পরাক্রমের কথা শুনিয়া আমার অতিশয় ভয় হইতেছে এবং আমি বিস্মিত হইতেছি ॥ ১

সূত সঞ্জয়! স্বীয় পুত্রগণের সর্ব্বপ্রকারে পরাজয়ের সংবাদ শুনিয়া আমার চিন্তা ক্রমশঃ বাড়িয়াই চলিতেছে। ভাবিতেছি অতঃপর কি হইবে ॥২

সঞ্জয়! নিশ্চয়ই বিদুরের বাক্য আমার হৃদয়কে জ্বালাইয়া ভস্মীভূত করিবে, কারণ, সে যাহা বলিয়াছিল, দৈবযোগে তাহাই হইয়া চলিয়াছে দেখিতেছি ॥ ৩

পাণ্ডবগণের সৈন্যমধ্যে এরূপ সব প্রহারকুশল যোদ্ধারা আছে, যাহারা শস্ত্রবিদ্যায় অভিজ্ঞ এবং যোদ্ধাদিগের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম প্রভৃতি মহারথী বীরগণের সহিত যুদ্ধ করিতেছে ॥ ৪

তাত! মহাবল মহাত্মা পাণ্ডুপুত্রগণ কি কারণে অবধ্য হইয়াছে? কোন ব্যক্তি তাঁহাদের বর দিয়াছেন অথবা কি জ্ঞান তাহাদের আছে? ৫

যাহার জন্য আকাশের তারার ন্যায় তাহারা বিনষ্ট হইতেছে না। আমি পাণ্ডবগণ কর্ত্তৃক বারংবার আমাদের সৈন্যবাহিনীর নিধনবার্ত্তা শুনিয়া উহা আর সহ্য করিতে পারিতেছি না ॥ ৬

দৈববশে আমারই উপর অতিশয় ভয়ঙ্কর দণ্ড পতিত হইল। সঞ্জয়! কেন পাণ্ডবগণ অবধ্য এবং আমার পুত্রগণ নিহত হইতেছে? এ সমস্ত তুমি আমার নিকট যথাযথ ভাবে বল ॥

যেরূপ মানুষ নিজ হস্তে মহাসমুদ্র উত্তীর্ণ হইতে যাইয়া তাহার পার পায় না, সেইরূপ আমিও এই দুঃখের শেষ কোন রূপেই দেখিতে পাইতেছিনা ॥

সমুদ্রস্যেব মহতো ভুজাভ্যাং প্রতরন্ নরঃ।
পুত্রাণাং ব্যসনং মন্যে ধ্রুবং প্রাপ্তং সুদারুণম্ ॥ ৯
ঘাতয়িষ্যতি মে সর্বান্ পুত্রান্ ভীমো ন সংশয়ঃ।
ন হি পশ্যামি তং বীরং যো মে রক্ষেৎ সুতান্ রণে ॥১০
ধ্রুবং বিনাশঃ সম্প্রাপ্তঃ পুত্রাণাং মম সঞ্জয়।
তস্মান্মে কারণং সূত শক্তিং চৈব বিশেষতঃ ॥ ১১
পৃচ্ছতো বৈ যথাতত্ত্বং সর্বমাখ্যাতুমর্হসি।
দুর্য্যোধনশ্চ যচ্চক্রে দৃষ্ট্বা স্বান্ বিমুখান্ রণে ॥ ১২
ভীষ্ম-দ্রোণৌ কৃপশ্চৈব সৌবলশ্চ জয়দ্রথঃ।
দ্রৌণির্বাপি মহেষ্বাসো বিকর্ণো বা মহাবলঃ ॥ ১৩
নিশ্চয়ো বাপি কস্তেষাং তদা হ্যাসীন্মহাত্মনাম্।
বিমুখেষু মহাপ্রাজ্ঞ মম পুত্রেষু সঞ্জয় ॥ ১৪

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নবহিতঃ শ্রুত্বা চৈবাবধারয়।
নৈব মন্ত্রকৃতং কিঞ্চিন্নৈব মায়াং তথাবিধাম্ ॥ ১৫
ন বৈ বিভীষিকাং কাঞ্চিদ্ রাজন্ কুর্বন্তি পাণ্ডবাঃ।
যুধ্যন্তি তে যথান্যায়াঃ শক্তিমন্তশ্চ সংযুগে ॥ ১৬
ধর্মেণ সর্বকার্য্যাণি জীবিতাদীনি ভারত।
আরভন্তে সদা পার্থাঃ প্রার্থয়ানা মহদ্ যশঃ ॥ ১৭
ন তে যুদ্ধান্নিবর্তন্তে ধর্মোপেতা মহাবলাঃ।
শ্রিয়া পরময়া যুক্তা যতো ধর্মস্ততো জয়ঃ ॥ ১৮
তেনাবধ্যা রণে পার্থা জয়যুক্তাশ্চ পার্থিব।
তব পুত্রা দুরাত্মানঃ পাপেষ্বভিরতাঃ সদা ॥ ১৯
নিষ্ঠুরা হীনকর্মাণস্তেন হীয়ন্তি সংযুগে।
সুবহূনি নৃশংসানি পুত্রৈস্তব জনেশ্বর ॥ ২০
নিকৃতানীহ পাণ্ডূনাং নীচৈরিব যথা নরৈঃ।
সর্বঞ্চ তদনাদৃত্য পুত্রাণাং তব কিল্বিষম্ ॥ ২১
সাপহ্নবাঃ সদৈবাসন্ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্বজ।
ন চৈতান্ বহু মন্যন্তে পুত্রাস্তব বিশাম্পতে ॥২২

নিশ্চয়ই আমার পুত্রগণের উপর অত্যন্ত ভয়ঙ্কর সঙ্কট পতিত হইয়াছে। আমার মনে হইতেছে—ভীমসেন আমার সকল পুত্রকেই বিনাশ করিয়া ফেলিবে ॥

আমি এরূপ কোন বীরকে দেখিতে পাইতেছি না, যিনি রণক্ষেত্রে আমার পুত্রদিগকে রক্ষা করিতে পারেন। সঞ্জয়! নিশ্চয়ই আমার পুত্রগণের বিনাশকাল আসিয়া পড়িয়াছে ॥

সূত! অতএব আমি (পাণ্ডবগণের) শক্তি এবং (আমার পুত্রগণের পরাজয়ের) কারণ বিষয়ে যে বিশেষ প্রশ্ন করিতেছি, তুমি উহার যথাযথ উত্তর প্রদান কর ॥

যুদ্ধে নিজ সৈন্যগণকে বিমুখ হইতে দেখিয়া দুর্য্যোধন কি করিল? ভীষ্ম, দ্রোণ, কৃপাচার্য্য, শকুনি, জয়দ্রথ, মহাধনুর্দ্ধর অশ্বত্থামা ও মহাবল বিকর্ণই বা কি করিলেন? মহাপ্রাজ্ঞ সঞ্জয়! আমার পুত্রগণ বিমুখ হইয়া যাইলে মহাত্মা মহারথী বীর পাণ্ডবেরাই বা কি সিদ্ধান্ত করিল? ৭-১৪

সঞ্জয় কহিলেন,—মহারাজ! আপনি সাবধান হইয়া শ্রবণ করুন এবং শুনিয়া স্বয়ংই আপনি পাণ্ডবগণের শক্তি ও নিজের পরাজয়ের কারণ বিষয়ে নিশ্চয় করুন। পাণ্ডবগণের মধ্যে না কোন মন্ত্রপ্রভাব আছে এবং না কোন মায়াও তাহাদের আছে ॥১৫

রাজন্! পাণ্ডবেরা রণাঙ্গনে কোন বিভীষিকাও দেখান নাই অর্থাৎ তাঁহারা কোনরূপে ভয়ভীত করিবার চেষ্টাও করেন নাই। তাঁহারা ন্যায়ানুসারে যুদ্ধ করিয়া যাইতেছেন, সুতরাং শক্তিশালী ত' তাঁহারা হইবেনই ॥ ১৬

ভারত! কুন্তীপুত্রগণ জীবন-নির্ব্বাহাদি সকল কার্য্যই সদা ধর্ম্মানুসারে আরম্ভ করিয়া থাকেন; কারণ, তাঁহারা জগতে নিজেদের যশ বিস্তার করিতে অভিলাষী আছেন ॥ ১৭

তাঁহারা যুদ্ধ হইতে কখনও পশ্চাদপসরণ করেন না। ধর্ম্মবলসম্পন্ন বলিয়া তাঁহারা অতিশয় বলবান্ ও উত্তম সমৃদ্ধিশালী। যেখানে ধর্ম্ম আছেন, সেইখানে জয় হয় ॥ ১৮

মহারাজ! ধর্ম্মের জন্যই কুন্তীপুত্রগণ যুদ্ধে অবধ্য ও বিজয়ী। আর এদিকে আপনার দুরাত্মা পুত্রসকল সর্ব্বদা পাপেই আসক্ত। তাহার উপর তাঁহারা নির্দয় বলিয়া সদা নিকৃষ্ট কর্ম্মেই নিরত আছেন। এই কারণে যুদ্ধে তাহাদের ক্ষয় হইতেছে ॥

জনেশ্বর! আপনার পুত্রগণ নীচ মনুষ্যের ন্যায় পাণ্ডবদিগের প্রতি বহু ক্রূরতাপূর্ণ ব্যবহার এবং ছল-কপটতা করিয়াছেন, কিন্তু আপনার পুত্রগণের সেই সমস্ত অপরাধ বিস্মৃত হইয়া পাণ্ডবেরা সেই সব দোষ গোপন করিয়া গিয়াছেন। পাণ্ডুর জ্যেষ্ঠ ভ্রাতা মহারাজ! তথাপি আপনার পুত্রগণ এই পাণ্ডবদিগকে অধিক সমাদর করেন নাই ॥ ১৯-২২

তস্য পাপস্য সততং ক্রিয়মাণস্য কর্মণঃ।
সাম্প্রতং সুমহদ্ ঘোরং ফলং প্রাপ্তং জনেশ্বর ॥ ২৩
স ত্বং ভুঙ্ক্ষ্ব মহারাজ সপুত্রঃ সসুহৃজ্জনঃ।
নাববুধ্যসি যদ্ রাজন্ বার্য্যমাণঃ সুহৃজ্জনৈঃ ॥ ২৪
বিদুরেণাথ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা।
তথা ময়া চাপ্যসকৃদ্ বার্য্যমাণো ন বুধ্যসে ॥ ২৫
বাক্যং হিতঞ্চ পথ্যঞ্চ মর্ত্ত্যাঃ পথ্যমিবৌষধম্।
পুত্রাণাং মতমাজ্ঞায় জিতান্ মন্যসি পাণ্ডবান্ ॥ ২৬
শৃণু ভূয়ো যথা তত্ত্বং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
কারণং ভরতশ্রেষ্ঠ পাণ্ডবানাং জয়ং প্রতি ॥ ২৭
তৎ তেঽহং কথয়িষ্যামি যথাশ্রুতমরিন্দম।
দুর্য্যোধনেন সম্পৃষ্ট এতমর্থং পিতামহঃ ॥ ২৮
দৃষ্ট্বা ভ্রাতৄন্ রণে সর্বান্ নির্জ্জিতাংস্তু মহারথান্।
শোকসম্মূঢ়হৃদয়ো নিশাকালে স্ম কৌরবঃ ॥ ২৯
পিতামহং মহাপ্রাজ্ঞং বিনয়েনোপগম্য হ।
যদব্রবীৎ সুতস্তেঽসৌ তন্মে শৃণু জনেশ্বর ॥ ৩০

দুর্য্যোধন উবাচ।

দ্রোণশ্চ ত্বঞ্চ শল্যশ্চ কৃপো দ্রৌণিস্তথৈব চ।
কৃতবর্মা চ হার্দিক্যঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ ॥ ৩১
ভূরিশ্রবা বিকর্ণশ্চ ভগদত্তশ্চ বীর্য্যবান্।
মহারথাঃ সমাখ্যাতাঃ কুলপুত্রাস্তনুত্যজঃ ॥ ৩২
ত্রয়াণামপি লোকানাং পর্য্যাপ্তা ইতি মে মতিঃ।
পাণ্ডবানাং সমস্তাশ্চ নাতিষ্ঠন্ত পরাক্রমে ॥ ৩৩
তত্র মে সংশয়ো জাতস্তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ।
যং সমাশ্রিত্য কৌন্তেয়া জয়ন্ত্যস্মান্ ক্ষণে ক্ষণে ॥ ৩৪

ভীষ্ম উবাচ।

শৃণু রাজন্ বচো মহ্যং যথা বক্ষ্যামি কৌরব।
বহুশশ্চ ময়োক্তোঽসি ন চ মে তৎ ত্বয়া কৃতম্ ॥ ৩৫
ক্রিয়তাং পাণ্ডবৈঃ সার্দ্ধং শমো ভরতসত্তম।
এতৎ ক্ষেমমহং মন্যে পৃথিব্যাস্তব বা বিভো ॥ ৩৬

জনেশ্বর! নিরন্তর কৃত সেই পাপ-কর্ম্মের বর্ত্তমানে এই নিদারুণ ফল উপস্থিত হইয়াছে ॥ ২৩

মহারাজ! সুহৃদ্‌গণ নিষেধ করিলেও যাহা আপনি পূর্ব্বে বুঝিবার চেষ্টা করেন নাই, ইহার জন্য আপনি স্বয়ংই পুত্র ও সুহৃদ্বর্গের সহিত স্বীয় অনীতির ফল ভোগ করুন ॥ ২৪

বিদুর, ভীষ্ম ও মহাত্মা দ্রোণ এবং আমিও বারংবার আপনাকে নিষেধ করিয়াছি, কিন্তু আপনি কখনও তাহা বুঝিতে পারেন নাই ॥ ২৫

যেরূপ মরণাসন্ন মানুষ হিতকর ঔষধকেও ফেলিয়া দেয়, সেইরূপ আপনিও আমাদের কথিত লাভজনক ও হিতকর বাক্য অগ্রাহ্য করিয়াছেন। কেবল আপনি নিজের পুত্রদের কথা শুনিয়া ইহাই মনে করিয়া লইয়াছেন যে, আমরা পাণ্ডবগণকে জয় করিয়া ফেলিয়াছি ॥ ২৬

ভরতশ্রেষ্ঠ! আপনি পাণ্ডবগণের বিজয় ও নিজের পরাজয়ের কারণ জিজ্ঞাসা করিতেছেন, সুতরাং সেই বিষয়ে যথার্থ কারণ শ্রবণ করুন ॥ ২৭

শত্রুদমন! দুর্য্যোধন এই কথা পিতামহ ভীষ্মকে জিজ্ঞাসা করিয়াছিলেন, পূর্ব্বে সেই সময় আমি যাহা শুনিয়াছি, তাহাই আপনাকে বলিব ॥

মহারাজ! যুদ্ধে নিজের সমস্ত মহারথী বীর ভ্রাতৃবৃন্দকে পরাজিত হইতে দেখিয়া আপনার পুত্র কুরুরাজ দুর্য্যোধনের হৃদয় শোকে মোহিত হইয়া যাইল। তিনি রাত্রিতে মহাজ্ঞানী পিতামহ ভীষ্মের নিকট যাইয়া বিনয় সহকারে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন,' তাহা বলিতেছি—আমার নিকট হইতে শ্রবণ করুন ॥ ২৭-৩০

দুর্য্যোধন জিজ্ঞাসা করিলেন,—পিতামহ! আপনি, দ্রোণাচার্য্য, শল্য, কৃপাচার্য্য, অশ্বত্থামা, হৃদিকপুত্র কৃতবর্ম্মা, কম্বোজরাজ সুদক্ষিণ, ভূরিশ্রবা, বিকর্ণ ও পরাক্রমশালী ভগদত্ত —ইঁহাদের সকলকে মহারথী বলা হইয়া থাকে। সকলেই কুলীন এবং যুদ্ধে আমার জন্য প্রাণ পরিত্যাগ করিতেও প্রস্তুত আছেন ॥ ৩১-৩২

আমার ত' এরূপ ধারণা আছে যে, আপনারা সকলে যদি মিলিত হন, তবে তিন লোককেও আপনারা জয় করিতে পারেন; কিন্তু পাণ্ডবগণের সম্মুখে আপনারা কেন অবস্থান করিতে পারিতেছেন না —ইহার কারণ কি? ৩৩

এ বিষয়ে আমার সংশয় উপস্থিত হইয়াছে, সুতরাং আমার প্রশ্নের যথার্থ উত্তর প্রদান করুন। কাহার আশ্রয় লইয়া পাণ্ডবগণ প্রতিক্ষণে আমাদিগকে জয় করিতেছে? ৩৪

ভীষ্ম বলিলেন,—কুরুনন্দন! রাজন্! আমি যে কথা বলিব আমার বাক্য শ্রবণ কর। এ বিষয়ে আমি বহুবার তোমাকে যথার্থ কথা বলিয়াছি, কিন্তু তুমি পালন কর নাই ॥ ৩৫

ভরতশ্রেষ্ঠ! তুমি পাণ্ডবগণের সহিত সন্ধিস্থাপন কর।

ভুঙ্‌ক্ষেমাং পৃথিবীং রাজন্ ভ্রাতৃভিঃ সহিতঃ সুখী।
দুর্হৃদস্তাপয়ন্ সর্বান্ নন্দয়ংশ্চাপি বান্ধবান্॥ ৩৭

ন চ মে ক্রোশতস্তাত শ্রুতবানসি বৈ পুরা।
তদিদং সমনুপ্রাপ্তং যৎ পাণ্ডূনবমন্যসে॥ ৩৮

যশ্চ হেতুরবধ্যত্বে তেষামক্লিষ্টকর্মণাম্।
তং শৃণুষ্ব মহাবাহো মম কীর্ত্তয়তঃ প্রভো॥ ৩৯

নাস্তি লোকেষু তদ্ ভূতং ভবিতা ন ভবিষ্যতি।
যো জয়েৎ পাণ্ডবান সর্বান পালিতান্ শার্ঙ্গধন্বনা॥ ৪০

(সসুরাসুরমর্ত্ত্যেষু যো বিদ্যাৎ তত্ত্বতো হরিম্)
যত্তু মে কথিতং তাত মুনিভির্ভাবিতাত্মভিঃ।
পুরাণগীতং ধর্মজ্ঞ তচ্ছৃণুষ্ব যথাতথম্॥ ৪১

পুরা কিল সুরাঃ সর্বে ঋষয়শ্চ সমাগতাঃ।
পিতামহমুপাসেদুঃ পর্বতে গন্ধমাদনে॥ ৪২

প্রভো! ইহাতেই আমি তোমার ও সমগ্র ভূমণ্ডলের কল্যাণ হইবে বলিয়া মনে করি॥ ৩৬

রাজন্! তুমি নিজ সমস্ত শত্রুগণের সন্তাপ ও বন্ধু-বান্ধবগণের আনন্দবর্দ্ধন করিতে করিতে ভ্রাতৃবৃন্দের সহিত মিলিত হইয়া সুখী হও এবং এই পৃথিবীর রাজ্য ভোগ কর॥ ৩৭

বৎস! এরূপ পরামর্শ আমি সময়রে পূর্ব্বেও তোমাকে দিয়াছি, কিন্তু তুমি উহার অনুসরণ কর নাই। তুমি যে পাণ্ডবগণকে অপমান করিয়া আসিতেছে, আজ তাহারই ফল প্রাপ্ত হইয়াছ॥ ৩৮

মহাবাহো! প্রভো! অনায়াসে মহৎ কর্ম্ম করিতে সক্ষম পাণ্ডবগণের অবধ্যত্ব বিষয়ে যে কারণ আছে, উহা বলিতেছি—শ্রবণ কর॥ ৩৯

লোকসমূহে এরূপ কোনও প্রাণী উৎপন্ন হয় নাই এবং হইবে না, যিনি শার্ঙ্গধন্বর্দ্ধর ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক সুরক্ষিত এই সব পাণ্ডবগণকে জয়লাভ করিতে পারেন। (দেবতা, অসুর ও মনুষ্যদিগের মধ্যে এরূপ কেহই নাই, যিনি এই শ্রীহরিকে যথার্থরূপে জানিতে সক্ষম হইবেন।) ৪০

তাত! ধর্ম্মজ্ঞ! পবিত্রচিত্ত মুনিগণ আমাকে যে পুরাণ-প্রতিপাদিত যথার্থ কথা বলিয়াছেন, উহা এখন বলিতেছি, শ্রবণ কর॥ ৪১

ইহা বহু কালের পুরাণ বিষয়, সমস্ত দেবতা ও মহর্ষিগণ গন্ধমাদন পর্ব্বতে আসিয়া পিতামহ ব্রহ্মার নিকট উপবিষ্ট হইলেন॥ ৪২

তেষাং মধ্যে সমাসীনঃ প্রজাপতিরপশ্যত।
বিমানং প্রজ্বলদ্ ভাসা স্থিতং প্রবরমম্বরে॥ ৪৩

ধ্যানেনাবেদ্য তদ্ ব্রহ্মা কৃত্বা চ নিয়তোঽঞ্জলিম্।
নমশ্চকার হৃষ্টাত্মা পুরুষং পরমেশ্বরম্॥ ৪৪

ঋষয়স্ত্বথ দেবাশ্চ দৃষ্ট্বা ব্রহ্মাণমুত্থিতম্।
স্থিতাঃ প্রাঞ্জলয়ঃ সর্বে পশ্যন্তো মহদদ্ভুতম্॥ ৪৫

যথাবচ্চ তমভ্যর্চ্য ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ।
জগাদ জগতঃ স্রষ্টা পরং পরমধর্মবিৎ॥ ৪৬

বিশ্বাবসুর্বিশ্বমূর্ত্তির্বিশ্বেশো
বিষ্বক্সেনো বিশ্বকর্মা বশী চ।
বিশ্বেশ্বরো বাসুদেবোঽসি তস্মাদ্
যোগাত্মানং দৈবতং ত্বামুপৈমি॥ ৪৭

জয় বিশ্ব মহাদেব জয় লোকহিতে রত।
জয় যোগীশ্বর বিভো জয় যোগপরাবর॥ ৪৮

সেই সময় তাঁহাদের মধ্যে উপাবষ্ট প্রজাপতি ব্রহ্মা আকাশে অবস্থিত এক শ্রেষ্ঠ বিমান দেখিলেন, যাহা তখন স্বীয় তেজে প্রজ্বলিত হইতেছিল॥ ৪৩

স্বীয় মনকে সংযমে রাখিতে সমর্থ ব্রহ্মা সেই সময় ধ্যানদ্বারা যথার্থ বিষয় অবগত হইয়া কৃতাঞ্জলি হইলেন এবং প্রসন্নচিত্ত হইয়া সেই পরমপুরুষ পরমেশ্বরকে নমস্কার করিলেন॥ ৪৪

ঋষিগণ এবং দেবগণ ব্রহ্মাকে উত্থিত (ও কৃতাঞ্জলি) হইতে দেখিয়া নিজেরাও সেই পরম অদ্ভুত তেজকে দর্শন করিতে করিতে কৃতাঞ্জলি হইয়া উত্থিত হইলেন॥ ৪৫

ব্রহ্মজ্ঞদিগের মধ্যে শ্রেষ্ঠ, পরম ধর্ম্মজ্ঞ, জগৎস্রষ্টা ব্রহ্মা সেই তেজোময় পরমপুরুষকে বিধি অনুসারে পূজা করিয়া তাঁহার স্তব করিতে লাগিলেন॥ ৪৬

প্রভো! আপনি সম্পূর্ণ বিশ্বকে আচ্ছাদনকারী বিশ্বরূপ ও বিশ্বপতি। সর্ব্বদিক আপনার সেনা এবং এই বিশ্ব আপনার কার্য্য। আপনি সকলকে নিজের বশীভূত করিয়া রাখিয়াছেন, সেইজন্য আপনাকে বিশ্বেশ্বর ও বাসুদেব বলা হয়। আপনি যোগস্বরূপ দেবতা, আপনার শরণ গ্রহণ করিলাম॥ ৪৭

বিশ্বরূপ মহাদেব! আপনার জয় হউক। লোকহিতে রত পরমেশ্বর আপনার জয় হউক। সর্ব্বব্যাপক যোগীশ্বর! আপনার জয় হউক। যোগের আদি ও অন্তস্বরূপ ভগবান্! আপনার জয় হউক॥ ৪৮

পদ্মগর্ভ বিশালাক্ষ জয় লোকেশ্বরেশ্বর।
ভূতভব্যভবন্নাথ জয় সৌম্যাত্মজাত্মজ ॥ ৪৯
অসংখ্যেয় গুণাধার জয় সর্বপরায়ণ।
নারায়ণ সুদুষ্পার জয় শার্ঙ্গধনুর্ধর ॥ ৫০
জয় সর্বগুণোপেত বিশ্বমূর্তে নিরাময়।
বিশ্বেশ্বর মহাবাহো জয় লোকার্থতৎপর ॥ ৫১
মহোরগ বরাহাদ্য হরিকেশ বিভো জয়।
হরিবাস দিশামীশ বিশ্ববাসামিতাব্যয় ॥ ৫২
ব্যক্তাব্যক্তামিতস্থান নিয়তেন্দ্রিয় সংক্রিয়।
অসংখ্যেয়াত্মভাবজ্ঞ জয় গম্ভীর কামদ ॥ ৫৩
অনন্তবিদিত ব্রহ্মন্ নিত্য ভূতবিভাবন।
কৃতকার্য্য কৃতপ্রজ্ঞ ধর্মজ্ঞ বিজয়াবহ ॥ ৫৪

আপনার নাভি হইতে আদি কমলের উৎপত্তি হইয়াছে, আপনার নেত্র বিশাল, আপনি লোকেশ্বরগণেরও ঈশ্বর। আপনার জয় হউক। ভূত, ভবিষ্যত ও বর্ত্তমানের অধিপতি! আপনার জয় হউক। আপনার স্বরূপ সৌম্য, স্বয়ম্ভু আপনার পুত্র ॥ ৪৯

আপনি অসংখ্য গুণের আধার এবং সকলের শরণদাতা, আপনার জয় হউক। শার্ঙ্গধনুর্ধারণকারী নারায়ণ!, আপনার মহিমার পার পাওয়া কঠিন, আপনার জয় হউক ॥ ৫০

আপনি সমস্ত কল্যাণময় গুণসমূহে সম্পন্ন, বিশ্বমূর্তি ও সকল উপদ্রবরহিত পরমেশ্বর! আপনার জয় হউক। জগতের অভীষ্ট সাধনকারী মহাবাহু বিশ্বেশ্বর! আপনার জয় হউক ॥ ৫১

আপনি মহান্ শেষনাগ ও মহাবরাহ রূপধারণকারী, সকলের আদি কারণ। হরিকেশ! প্রভো! আপনার জয় হউক। আপনি পীতবস্ত্র পরিধানকারী, দিক্‌সমূহের অধিপতি, বিশ্বের আধার, অপ্রমেয় ও অবিনাশী ॥ ৫২

ব্যক্ত ও অব্যক্ত—সবই আপনার স্বরূপ। আপনার থাকিবার স্থান অনন্ত-অসীম, আপনি ইন্দ্রিয়গণের নিয়ামক। আপনার সকল কর্ম্মই শুভময়। আপনার কোনই ইয়ত্তা নাই। আপনিই আপনার স্বরূপের জ্ঞাতা, স্বভাবতঃ গম্ভীর ও ভক্তগণের কামনাপূরণকারী, আপনার জয় হউক ॥ ৫৩

ব্রহ্মন্! আপনি অনন্তবোধস্বরূপ, নিত্য ও সম্পূর্ণ ভূতসমূহের উৎপাদক। আপনার সকল কার্য্যই সম্পন্ন করা হইয়াছে, আপনার বুদ্ধি পবিত্র, আপনি ধর্ম্মের প্রকৃত তত্ত্ব অবগত আছেন এবং আপনি বিজয়প্রদ ॥ ৫৪

গুহ্যাত্মন্ সর্বযোগাত্মন্ স্ফুটং সম্ভূত সম্ভব।
ভূতাদ্য লোকতত্ত্বেশ জয় ভূতবিভাবন ॥ ৫৫
আত্মযোনে মহাভাগ কল্পসংক্ষেপতৎপর।
উদ্ভাবন মনোভাব জয় ব্রহ্ম জনপ্রিয় ॥ ৫৬
নিসর্গসর্গনিরত কামেশ পরমেশ্বর।
অমৃতোদ্ভব সদ্ভাব মুক্তাত্মন্ বিজয়প্রদ ॥ ৫৭
প্রজাপতিপতে দেব পদ্মনাভ মহাবল।
আত্মভূত মহাভূত সত্ত্বাত্মন্ জয় সর্বদা ॥ ৫৮
পাদৌ তব ধরা দেবী দিশো বাহু দিবং শিরঃ।
মূর্তিস্তেঽহং সুরাঃ কায়শ্চন্দ্রাদিত্যৌ চ চক্ষুষী ॥ ৫৯
বলং তপশ্চ সত্যঞ্চ কর্ম ধর্মাত্মকং তব।
তেজোঽগ্নিঃ পবনঃ শ্বাস আপস্তে স্বেদসম্ভবাঃ ॥ ৬০

পূর্ণযোগস্বরূপ পরাত্মন্! আপনার স্বরূপ গূঢ় হইলেও স্পষ্টরূপে প্রতীয়মান হইতে দেখা যায়। আজ পর্য্যন্ত যাহা কিছু উৎপন্ন হইয়াছে ও যাহা হইতেছে, তৎসমস্তই আপনার রূপ। আপনি সমস্ত ভূতগণের আদি কারণ ও লোকতত্ত্বের অধিপতি। হে ভূতভাবন! আপনার জয় হউক ॥ ৫৫

আপনি স্বয়ম্ভু, আপনার সৌভাগ্যও মহান্। আপনি এই কল্পের সংহারক এবং বিশুদ্ধ পরমব্রহ্ম। ধ্যান করিলে অন্তঃকরণে আপনার আবির্ভাব হয়, আপনি জীবমাত্রের প্রিয়তম পরব্রহ্ম, আপনার জয় হউক ॥ ৫৬

আপনি স্বভাবতঃ সংসারের সৃষ্টিতে প্রবৃত্ত আছেন। আপনি সমস্ত কামনার অধিপতি পরমেশ্বর। আপনি অমৃতের উৎপত্তি-স্থান, সত্যস্বরূপ, মুক্তাত্মা ও বিজয়দাতা ॥ ৫৭

দেব! আপনি প্রজাপতিগণেরও পতি, পদ্মনাভ এবং মহাবলবান্। আপনিই সকলের আত্মস্বরূপ ও মহাভূত। সত্ত্বস্বরূপ পরমাত্মন্! আপনার সর্ব্বদা জয় হউক ॥ ৫৮

পৃথিবীদেবী আপনার চরণ, দিক্‌সমূহ বাহু ও দ্যুলোক আপনার মস্তক। ব্রহ্মা আমি আপনার শরীর, দেবতাগণ অঙ্গপ্রত্যঙ্গ এবং চন্দ্র ও সূর্য্য নেত্র ॥ ৫৯

তপ ও সত্য আপনার বল এবং ধর্ম্ম ও কর্ম্ম আপনার স্বরূপ। অগ্নি আপনার তেজ, বায়ু শ্বাস এবং জল স্বেদ (ঘর্ম্ম) ॥ ৬০

অশ্বিনৌ শ্রবণৌ নিত্যং দেবী জিহ্বা সরস্বতী।
বেদাঃ সংস্কারনিষ্ঠা হি ত্বয়ীদং জগদাশ্রিতম্॥ ৬১
ন সংখ্যানং পরিমাণং ন তেজো ন পরাক্রমম্।
ন বলং যোগযোগীশ জানীমস্তে ন সম্ভবম্॥ ৬২
ত্বদ্ভক্তিনিরতাদেব নিয়মৈস্ত্বাং সমাশ্রিতাঃ।
অর্চয়ামঃ সদা বিষ্ণো পরমেশং মহেশ্বরম্॥ ৬৩
ঋষয়ো দেব-গন্ধর্বা যক্ষ-রাক্ষস-পন্নগাঃ।
পিশাচা মানুষাশ্চৈব মৃগ-পক্ষি-সরীসৃপাঃ॥৬৪
এবমাদি ময়া সৃষ্টং পৃথিব্যাং ত্বৎপ্রসাদজম্।
পদ্মনাভ বিশালাক্ষ কৃষ্ণ দুঃখপ্রণাশন॥ ৬৫
ত্বং গতিঃ সর্বভূতানাং ত্বং নেতা ত্বং জগদ্‌গুরুঃ।
ত্বৎপ্রসাদেন দেবেশ সুখিনো বিবুধাঃ সদা॥ ৬৬
পৃথিবী নির্ভয়াদেব ত্বৎপ্রসাদাৎ সদাভবৎ।
তস্মাদ্ ভব বিশালাক্ষ যদুবংশবিবর্ধনঃ॥ ৬৭

অশ্বিনীকুমারদ্বয় আপনার কর্ণ, সরস্বতী দেবী আপনার জিহ্বা এবং বেদ আপনার সংস্কারনিষ্ঠা। এই জগৎ সদা আপনার আধারেরই উপর স্থিত আছে॥ ৬১

হে যোগেশ্বর ও যোগীশ্বর! আমরা আপনার সংখ্যা জানি না এবং পরিমাণও জানি না। আপনার তেজ, পরাক্রম ও বল সম্বন্ধেও আমাদের কোন জ্ঞান নাই। আমরা ইহাও অবগত নহি যে, কিরূপে আপনার আবির্ভাব হইয়া থাকে॥ ৬২

দেব! আমরা ত' কেবল আপনার উপাসনাতেই নিরত আছি। আপনার নিয়মপালন করিতে করিতে আপনারই শরণগ্রহণ করিয়াছি। বিষ্ণো! আমরা সর্ব্বদা পরমেশ্বর ও মহেশ্বর আপনারই পূজা করি। আপনার কৃপাতেই আমরা পৃথিবীতে ঋষি, দেবতা, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, সর্প, পিশাচ, মনুষ্য, মৃগ, পক্ষী ও সরীসৃপ কীটাদির সৃষ্টি করিয়া থাকি।

পদ্মনাভ! বিশাললোচন! দুঃখহারী শ্রীকৃষ্ণ! আপনিই সকল প্রাণীর আশ্রয় ও নেতা। আপনি সংসারের সকল জীবের গুরু (উপদেষ্টা)। হে দেবেশ্বর! আপনার কৃপাপ্রসাদেই দেবগণ সর্ব্বদা সুখে বিরাজ করেন॥ ৬৩-৬৬

দেব! আপনার কৃপাতেই পৃথিবী সদা নির্ভয়ে থাকেন। হে বিশাললোচন! সেইজন্য আপনি পুনরায় পৃথিবীতে যদুবংশে অবতীর্ণ হইয়া ইহার কীর্ত্তি বর্দ্ধন করুন॥ ৬৭

ধর্মসংস্থাপনার্থায় দৈত্যানাঞ্চ বধায় চ।
জগতো ধারণার্থায় বিজ্ঞাপ্যং কুরু মে বিভো॥ ৬৮
যৎ তৎ পরমকং গুহ্যং ত্বৎপ্রসাদাদিদং বিভো।
বাসুদেব তদেতৎ তে ময়োক্তং তং যথাতথম্॥ ৬৯
সৃষ্ট্বা সঙ্কর্ষণং দেবং স্বয়মাত্মানমাত্মনা।
কৃষ্ণ ত্বমাত্মনাস্রাক্ষীঃ প্রদ্যুম্নং চাত্মসম্ভবম্॥ ৭০
প্রদ্যুম্নাদনিরুদ্ধং ত্বং যং বিদুর্বিষ্ণুমব্যয়ম্।
অনিরুদ্ধোঽসৃজন্মাং বৈ ব্রহ্মাণং লোকধারিণম্॥ ৭১
বাসুদেবময়ঃ সোঽহং ত্বয়ৈবাস্মি বিনির্মিতঃ।
(তস্মাদ্ যাচামি লোকেশ চতুরাত্মানমাত্মনা)
বিভজ্য ভাগশোঽঽত্মানং ব্রজ মানুষতাং বিভো॥ ৭২
তত্রাসুরবধং কৃত্বা সর্বলোকসুখায় বৈ।
ধর্মং প্রাপ্য যশঃ প্রাপ্য যোগং প্রাপ্স্যসি তত্ত্বতঃ॥ ৭৩

প্রভো! ধর্ম্মের স্থাপনা, দৈত্যদিগের বিনাশ ও জগতের রক্ষার জন্য আপনি আমার এই প্রার্থনা স্বীকার করুন॥ ৬৮

বাসুদেব! আপনিই পুর্ণতম পরমেশ্বর। আপনার যে পরমগুহ্য যথার্থস্বরূপ, উহাই এখানে আপনার করুণায় আমি গান (স্তুতিমুখে বর্ণনা) করিলাম॥ ৬৯

হে কৃষ্ণ! আপনি স্বয়ংই স্বীয় আত্মাদ্বারা নিজেকে সঙ্কর্ষণ দেবরূপে প্রকটিত করিয়া স্বীয় আত্মাদ্বারা আত্মজস্বরূপ প্রদ্যুম্নকে সৃষ্টি করিয়াছেন॥ ৭০

সেই প্রদ্যুম্ন হইতেই আপান সেই অনিরুদ্ধকে সৃষ্টি করিয়াছেন, যাঁহাকে জ্ঞানিগণ অবিনাশী বিষ্ণুস্বরূপ বলিয়া জানেন। সেই বিষ্ণুস্বরূপ অনিরুদ্ধই লোকধাতা ব্রহ্মা আমাকে সৃজন করিয়াছেন॥ ৭১

প্রভো! এই কারণে আপনিই আমাকে সৃষ্টি করিয়াছেন। আপনা হইতে অভিন্ন হওয়ায় আমিও বাসুদেবময়। লোকেশ্বর! সেই কারণে প্রার্থনা করিতেছি যে, আপনি স্বয়ংই আত্মাদ্বারা নিজেকে (বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই) চারি মূর্ত্তিতে বিভক্ত হইয়া মানবশরীর ধারণ করুন॥ ৭২

সেখানে সকল লোকের সুখের জন্য অসুরগণকে বধ করত ধর্ম্ম ও যশ বিস্তার করুন। সর্ব্বশেষে অবতারের উদ্দেশ্য পূর্ণ করিয়া আপনি পুনরায় স্বীয় পারমার্থিক স্বরূপে সংযুক্ত হইবেন॥ ৭৩

ত্বাং হি ব্রহ্মর্ষয়ো লোকে দেবাশ্চামিতবিক্রম।
তৈস্তৈর্হি নামভির্যুক্তা গায়ন্তি পরমাত্মকম্ ॥ ৭৪

স্থিতাশ্চ সর্বে ত্বয়ি ভূতসঙ্ঘাঃ
কৃত্বাশ্রয়ং ত্বাং বরদং সুবাহো।
অনাদিমধ্যান্তমপারযোগং
লোকস্য সেতুং প্রবদন্তি বিপ্রাঃ ॥ ৭৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি বিশ্বোপাখ্যানে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৫৬

অমিতপরাক্রমশালী পরমেশ্বর! সংসারে মহর্ষি ও দেবগণ একাগ্রচিত্ত হইয়া সেই লীলানুসারী নামসমূহে আপনার পরমাত্ম-স্বরূপের গান করিবেন ॥ ৭৪

হে সুবাহো! বরদায়ক প্রভু আপনারই শরণ গ্রহণ করিয়া সমস্ত প্রাণিসমুদায় আপনাতেই স্থিত আছে। ব্রাহ্মণগণ আপনাকে আদি, মধ্য ও অন্ত-রহিত, সকল সীমার সহিতই সম্বন্ধশূন্য (অসীম) এবং লোকমর্য্যাদার রক্ষার জন্য সেতুস্বরূপ বলিয়া কীর্ত্তন করেন ॥ ৭৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে বিশ্বের উপাখ্যানবিষয়ক পঞ্চষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ।

[নারায়ণাবতারস্য শ্রীকৃষ্ণস্য নরাবতারস্য ধনঞ্জয়স্য চ মহিমবর্ণনম্।]

ভীষ্ম উবাচ।

ততঃ স ভগবান্ দেবো লোকানামীশ্বরেশ্বরঃ।
ব্রহ্মাণং প্রত্যুবাচেদং স্নিগ্ধগম্ভীরয়া গিরা ॥ ১
বিদিতং তাত যোগান্মে সর্বমেতৎ তবেপ্সিতম্।
তথা তদ্ ভবিতেত্যুক্ত্বা তত্রৈবান্তরধীয়ত ॥ ২
ততো দেবর্ষি-গন্ধর্বা বিস্ময়ং পরমং গতাঃ।
কৌতূহলপরাঃ সর্বে পিতামহমথাব্রুবন্ ॥ ৩
কো ন্বয়ং যো ভগবতা প্রণম্য বিনয়াদ্ বিভো।
বাগ্‌ভিঃ স্তুতো বরিষ্ঠাভিঃ শ্রোতুমিচ্ছাম তং বয়ম্ ॥ ৪
এবমুক্তস্তু ভগবান্ প্রত্যুবাচ পিতামহঃ।
দেব-ব্রহ্মর্ষিগন্ধর্বান্ সর্বান্ মধুরয়া গিরা ॥ ৫
যৎ তৎ পরং ভবিষ্যঞ্চ ভবিতব্যঞ্চ যৎ পরম্।
ভূতাত্মা চ প্রভুশ্চৈব ব্রহ্ম যচ্চ পরং পদম্ ॥ ৬
তেনাস্মি কৃতসংবাদঃ প্রসন্নেন সুরর্ষভাঃ।
জগতোঽনুগ্রহার্থায় যাচিতো মে জগৎপতিঃ ॥ ৭
মানুষং লোকমাতিষ্ঠ বাসুদেব ইতি শ্রুতঃ।
অসুরাণাং বধার্থায় সম্ভবস্ব মহীতলে ॥ ৮

ষট্‌ষষ্টিতম অধ্যায়।

[নারায়ণ- অবতার শ্রীকৃষ্ণ ও নর-অবতার অর্জ্জুনের মহিমাকথন।]

ভীষ্ম বলিলেন,—দুর্য্যোধন! তখন লোকেশ্বরগণেরও ঈশ্বর দিব্যরূপধারী শ্রীভগবান্ স্নেহপূর্ণ মধুর গম্ভীর বাণীতে ব্রহ্মাকে এই কথা বলিলেন ॥ ১

তাত! "তোমার মনে যেরূপ বাসনা উৎপন্ন হইয়াছে, উহা আমি যোগবলে জ্ঞাত আছি। তদনুসারেই সকল কার্য্য সম্পন্ন হইবে" এই কথা বলিয়া শ্রীভগবান্ সে-স্থান হইতে অন্তর্হিত হইলেন ॥ ২

তখন দেবতা, ঋষি ও গন্ধর্ব্বগণ অত্যন্ত বিস্ময়াবিষ্ট হইয়া পড়িলেন। তাঁহারা সকলেই সেই সময় অতিশয় উৎসুক হইয়া পিতামহ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন ॥ ৩

প্রভো! আপনি বিনয়সহকারে প্রণাম করত শ্রেষ্ঠ বাক্যসমূহে যাঁহার স্তুতি করিলেন, ইনি কোন্ পুরুষ? আমরা তাঁহার বিষয় শুনিতে ইচ্ছুক হইয়াছি ॥ ৪

তাঁহারা এরূপ প্রশ্ন করিলে ভগবান্ ব্রহ্মা সকল দেবতা, ঋষি ও গন্ধর্ব্বগণকে মধুর বাণীতে বলিলেন ॥ ৫

শ্রেষ্ঠ দেবগণ! যিনি পরমতত্ত্ব; ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—এই তিন কালই যাঁহার উৎকৃষ্টস্বরূপ এবং যিনি এই সমস্ত হইতেই বিলক্ষণ, যিনি সকল ভূতের আত্মা ও সর্ব্বশক্তিমান্ প্রভু বলিয়া কথিত, যিনি পরমব্রহ্ম ও পরমপদনামে বিখ্যাত, সেই পরমাত্মাই আমাকে দর্শনদান করিয়া প্রসন্নচিত্তে আমার সহিত বার্ত্তালাপ করিলেন। আমি সেই জগদীশ্বরের সহিত সমগ্র জগতের উপর কৃপা করিবার জন্য এই প্রার্থনা করিলাম যে, প্রভো! আপনি বাসুদেবনামে বিখ্যাত হইয়া কিছুকাল পর্য্যন্ত

সংগ্রামে নিহতা যে তে দৈত্য-দানব-রাক্ষসাঃ।
ত ইমে নৃষু সম্ভূতা ঘোররূপা মহাবলাঃ॥ ৯
তেষাং বধার্থং ভগবান্ নরেণ সহিতো বশী।
মানুষীং যোনিমাস্থায় চরিষ্যতি মহাতলে॥ ১০
নর-নারায়ণৌ যৌ তৌ পুরাণাবৃষিসত্তমৌ।
সহিতৌ মানুষে লোকে সম্ভূতাবমিতদ্যুতী॥ ১১
অজেয়ৌ সমরে যত্তৌ সহিতৈরমরৈরপি।
মূঢ়াস্ত্বেতৌ ন জানন্তি নর-নারায়ণাবৃষী॥ ১২
তস্যাহমগ্রজঃ পুত্রঃ সর্বস্য জগতঃ প্রভুঃ।
বাসুদেবোঽর্চনীয়ো বঃ সর্বলোকমহেশ্বরঃ। ১৩
তথা মনুষ্যোঽয়মিতি কদাচিৎ সুরসত্তমাঃ
নাবজ্ঞেয়ো মহাবীর্য্যঃ শঙ্খ-চক্র-গদাধরঃ। ১৪
এতৎ পরমকং গুহ্যমেতৎ পরমকং পদম্।
এতৎ পরমকং ব্রহ্ম এতৎ পরমকং যশঃ॥ ১৫
এতদক্ষরমব্যক্তমেতদ্ বৈ শাশ্বতং মহঃ।

মনুষ্যলোকে বিরাজ করুন এবং অসুরগণকে বধ করিবার জন্য এই ভূতলে অবতীর্ণ হউন॥ ৬-৮

যে যে দৈত্য, দানব ও রাক্ষসগণ রণাঙ্গনে বিনষ্ট হইয়াছে, তাহারা মনুষ্যলোকে জন্মগ্রহণ করিয়াছে এবং অত্যন্ত বলশালী হইয়া জগতের পক্ষে ভয়ঙ্কর হইয়াছে॥ ৯

তাহাদের সকলকে বধ করিবার জন্য বশে রাখিতে সমর্থ ভগবান্ নারায়ণ নরের সহিত মনুষ্য-যোনিতে অবতীর্ণ হইয়া ভূতলে বিচরণ করিবেন॥ ১০

ঋষিগণের মধ্যে শ্রেষ্ঠ, পুরাতন মহর্ষি ও অতি তেজস্বী নর এবং নারায়ণ—ইঁহারা যদি বিজয়লাভের জন্য যত্নবান্ হন, তবে সমগ্র দেবমণ্ডলীও তাঁহাদেরকে পরাজিত করিতে সমর্থ হইবেন না। মূঢ় মনুষ্যগণ এই নর-নারায়ণ ঋষিদ্বয়কে জানিতে পারিবে না॥১১-১২

জগতের প্রভু ব্রহ্মা আমিও এই ভগবানের জ্যেষ্ঠ পুত্র। তোমাদের সকলেরও সেই সর্ব্বলোক মহেশ্বর ভগবান্ বাসুদেবের আরাধনা করা উচিত॥ ১৩

দেবশ্রেষ্ঠবৃন্দ! শঙ্খ, চক্র ও গদাধারণকারী মহাপরাক্রমী সেই ভগবান্ বাসুদেবকে "ইনি মনুষ্য" এরূপ বুঝিয়া অবজ্ঞা করা উচিত নহে॥ ১৪

এই ভগবান্‌ই পরমগুহ্য, ইনিই পরম পদ, ইনিই পরমব্রহ্ম এবং ইনিই পরম যশঃস্বরূপ॥ ১৫

যৎ তৎ পুরুষসংজ্ঞং বৈ গীয়তে জ্ঞায়তে ন চ॥ ১৬
এতৎ পরমকং তেজ এতৎ পরমকং সুখম্।
এতৎ পরমকং সত্যং কীর্তিতং বিশ্বকর্মণা॥ ১৭
তস্মাৎ সেন্দ্রৈঃ সুরৈঃ সর্বৈর্লোকৈশ্চামিতবিক্রমঃ।
নাবজ্ঞেয়ো বাসুদেবো মানুষোঽয়মিতি প্রভুঃ॥ ১৮
যশ্চ মানুষমাত্রোঽয়মিতি ব্রূয়াৎ স মন্দধীঃ।
হৃষীকেশমবজ্ঞানাৎ তমাহুঃ পুরুষাধমম্॥ ১৯
যোগিনং তং মহাত্মানং প্রবিষ্টং মানুষীং তনুম্।
অবমন্যেদ্ বাসুদেবং তমাহুস্তামসং জনাঃ॥ ২০
দেবং চরাচরাত্মানং শ্রীবৎসাঙ্কং সুবর্চসম্।
পদ্মনাভং ন জানাতি তমাহুস্তামসং বুধাঃ॥ ২১
কিরীট-কৌস্তুভধরং মিত্রাণামভয়ঙ্করম্।
অবজানন্ মহাত্মানং ঘোরে তমসি মজ্জতি॥ ২২
এবং বিদিত্বা তত্ত্বার্থং লোকানামীশ্বরেশ্বরঃ।
বাসুদেবো নমস্কার্য্যঃ সর্বলোকৈঃ সুরোত্তমাঃ॥২৩

ইনিই অক্ষর, অব্যক্ত ও সনাতন তেজ। যদিও ইঁহাকে পুরুষ নামে বলা হইয়া থাকে, তথাপি ইঁহার বাস্তবিক রূপ জানিবার সামর্থ্য কাহারও নাই। বিশ্বস্রষ্টা ব্রহ্মা কর্ত্তৃক ইনিই পরমসুখ, পরম তেজ ও পরম সত্য বলিয়া কীর্ত্তিত হইয়াছেন॥ ১৬-১৭

সেইজন্য 'ইনি মনুষ্য' এরূপ বোধ করিয়া ইন্দ্রাদি দেবগণ এবং সংসারের সকল মনুষ্যদিগের পক্ষেই অমিতপরাক্রমী ভগবান্ বাসুদেবকে অবহেলা করা কর্ত্তব্য নয়॥ ১৮

যে ব্যক্তি সকল ইন্দ্রিয়ের অধিপতি এই ভগবান্ বাসুদেবকে কেবল মনুষ্য বলিয়া থাকে, সেই ব্যক্তি মূর্খ। ভগবান্‌কে অবহেলা করার জন্য সেই মানুষকে নরাধম বলা হয়॥ ১৯

ভগবান্ বাসুদেব সাক্ষাৎ পরমাত্মা ও যোগশক্তিসম্পন্ন বলিয়া তিনি মানবশরীরে প্রবেশ করিয়াছেন। যে ব্যক্তি তাঁহাকে অবহেলা করে, জ্ঞানী পুরুষ তাহাকে তমোগুণী বলিয়া থাকেন॥২০

যে মানুষ চরাচরস্বরূপ, শ্রীবৎসচিহ্নভূষিত ও উত্তম কান্তিসম্পন্ন ভগবান্ পদ্মনাভকে জানে না, বিদ্বান্ পুরুষগণ তাহাকে তমোগুণী বলেন॥ ২১

কিরীট ও কৌস্তুভমণি-ধারণকারী এবং মিত্রগণের (ভক্তগণের) অভয়দাতা পরমাত্মাকে যে ব্যক্তি অবহেলা করে, সে মানুষ ঘোর নরকে মজ্জিত হয়॥ ২২

সুরশ্রেষ্ঠগণ! এইরূপে প্রকৃত তত্ত্ব অবগত হইয়া সকল

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা স ভগবান্ দেবান্ সর্ষিগণান্ পুরা।
বিসৃজ্য সর্বভূতাত্মা জগাম ভবনং স্বকম্॥ ২৪
ততো দেবাঃ সগন্ধর্বা মুনয়োঽপ্সরসোঽপি চ।
কথাং তাং ব্রহ্মণা গীতাং শ্রুত্বা প্রীতা দিবং যযুঃ॥ ২৫
এতচ্ছ্রুতং ময়া তাত ঋষীণাং ভাবিতাত্মনাম্।
বাসুদেবং কথয়তাং সমবায়ে পুরাতনম্॥ ২৬
রামস্য জামদগ্ন্যস্য মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
ব্যাস-নারদয়োশ্চাপি সকাশাদ্ ভরতর্ষভ॥ ২৭
এতমর্থঞ্চ বিজ্ঞায় শ্রুত্বা চ প্রভুমব্যয়ম্।
বাসুদেবং মহাত্মানং লোকানামীশ্বরেশ্বরম্॥ ২৮
(জানামি ভরতশ্রেষ্ঠ কৃষ্ণং নারায়ণং প্রভুম্।)
যস্য চৈবাত্মজো ব্রহ্মা সর্বস্য জগতঃ পিতা।
কথং ন বাসুদেবোঽয়মর্চ্যশ্চেজ্যশ্চ মানবৈঃ॥ ২৯

বারিতোঽসি ময়া তাত মুনিভির্বেদপারগৈঃ।
মা গচ্ছ সংযুগং তেন বাসুদেবেন ধন্বিনা॥ ৩০
মা পাণ্ডবৈঃ সার্ধমিতি তৎ ত্বং মোহান্ন বুধ্যসে।
মন্যে ত্বাং রাক্ষসং ক্রূরং তথা চাসি তমোবৃতঃ॥ ৩১
যস্মাদ্ দ্বিষসি গোবিন্দং পাণ্ডবং তং ধনঞ্জয়ম্।
নর-নারায়ণৌ দেবৌ কোঽন্যো দ্বিষ্যাদ্ধি মানবঃ॥ ৩২
তস্মাদ্ ব্রবীমি তে রাজন্নেষ বৈ শাশ্বতোঽব্যয়ঃ।
সর্বলোকময়ো নিত্যঃ শাস্তা ধাত্রীধরো ধ্রুবঃ॥ ৩৩
যো ধারয়তি লোকাংস্ত্রীংশ্চরাচরগুরুঃ প্রভুঃ।
যোদ্ধা জয়শ্চ জেতা চ সর্বপ্রকৃতিরীশ্বরঃ॥ ৩৪
রাজন্ সর্বময়ো হ্যেষ তমোরাগবিবর্জিতঃ।
যতঃ কৃষ্ণস্ততো ধর্মো যতো ধর্মস্ততো জয়ঃ॥ ৩৫
তস্য মাহাত্ম্যযোগেন যোগেনাত্মময়েন চ।
ধৃতাঃ পাণ্ডুসুতা রাজন্ জয়শ্চৈষাং ভবিষ্যতি॥ ৩৬

ব্যক্তিরই লোকেশ্বরগণেরও ঈশ্বর ভগবান্ বাসুদেবকে নমস্কার করা উচিত॥ ২৩

ভীষ্ম বলিলেন,—দুর্যোধন! দেবতা ও ঋষিগণকে এই কথা বলিয়া পুরাকালে সর্ব্বভূতাত্মা ভগবান্ ব্রহ্মা তাঁহাদের সকলকে বিদায় দিয়া স্বীয় ভবনে ব্রহ্মলোকে গমন করিলেন॥ ২৪

তারপর ব্রহ্মা কর্ত্তৃক কথিত এই পরমার্থের আলোচনা শ্রবণ করিয়া দেবতা, মুনি, গন্ধর্ব্ব ও অপ্সরাগণ—ইঁহারা সকলে প্রীত হইয়া স্বর্গলোকে গমন করিলেন॥ ২৫

তাত! এক সময় পবিত্রান্তঃকরণ ঋষিগণের এক সমাজ [মিলি]ত হইয়াছিলেন, সেইস্থানে এই পুরাতন ভগবান্ বাসুদেবের [ক]থা আলোচিত হইয়াছিল। আমি তাঁহাদের মু[খ] এই বৃত্তান্ত শ্রবণ করিয়াছি॥ ২৬

[ভরত]শ্রেষ্ঠ! এতদ্ব্যতীত জমদগ্নিনন্দন পরশুরাম, পরমজ্ঞানী [ব্য]াস এবং নারদও আমাকে এই কথা শুনাইয়াছেন॥ ২৭

[ভূ]ষণ! এই বিষয় শ্রবণ করিয়া ও বিশেষভাবে [জানিয়া] বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণকে অবিনাশী, প্রভু, পরম [ঈ]শ্বরগণেরও ঈশ্বর ও সর্ব্বশক্তিমান্ নারায়ণ বলিয়া জানি॥

সমগ্র [জগতের পি]তা ব্রহ্মা যাঁহার পুত্র, সেই ভগবান্ বাসুদেব মানবগণের [পূজ্য] ও পূজনীয় কেন হইবেন না? ২৯

তাত! বেদসকলের পারদর্শী বিদ্বান্ মহর্ষিগণ ও আমি তোমাকে নিষেধ করিয়াছিলাম যে, তুমি ধনুর্দ্ধর ভগবান্ বাসুদেবের সহিত বিরোধ করিও না, পাণ্ডবদিগের সহিত বিবাদ করিও না, কিন্তু মোহবশতঃ তুমি সেই কথার কোন তাৎপর্য্য বুঝিতেই পার নাই। আমি মনে করি, তুমি কোন ক্রূর রাক্ষস; কারণ, রাক্ষসদের ন্যায় তোমার বুদ্ধি সর্ব্বদা তমোগুণে আচ্ছন্ন আছে॥ ৩০-৩১

তুমি ভগবান্ গোবিন্দ ও পাণ্ডুনন্দন ধনঞ্জয়ের উপর দ্বেষ করিতেছ। ইঁহারা উভয়েই নর ও নারায়ণ দেবতা। তুমি ব্যতীত অন্য কোন্ মানুষ ইঁহাদের দ্বেষ করিতে সমর্থ হইবে? ৩২

রাজন্! সেইজন্য তোমাকে বলিতেছি যে, এই ভগবান্ শ্রীকৃষ্ণ সনাতন, অবিনাশী, সর্ব্বলোকস্বরূপ, নিত্যশাসক, ধরণীধর এবং অবিচল সত্যস্বরূপ॥ ৩৩

এই চরাচর জগতের গুরু ভগবান্ শ্রীহরি তিন লোককেই ধারণ করিয়া আছেন। ইনিই বিজয়ী পুরুষ ও সকলের কারণভূত পরমেশ্বরও ইনিই॥ ৩৪

রাজন্! শ্রীহরি সর্ব্বস্বরূপ এবং তম ও রাগবর্জিত। যেখানে শ্রীকৃষ্ণ, সেখানেই ধর্ম্ম, এবং যেখানে ধর্ম্ম, সেখানেই বিজয়॥ ৩৫

তাঁহার মাহাত্ম্য-যোগে ও আত্মস্বরূপ-যোগে সমস্ত পাণ্ডবই সুরক্ষিত। রাজন্! এইজন্য ইহাদের (পাণ্ডবদের) জয় হইবেই॥ ৩৬

শ্রেয়োযুক্তাং সদা বুদ্ধিং পাণ্ডবানাং দধাতি যঃ।
বলঞ্চৈব রণে নিত্যং ভয়েভ্যশ্চৈব রক্ষতি ॥ ৩৭
স এষ শাশ্বতো দেবঃ সর্বগুহ্যময়ঃ শিবঃ।
বাসুদেব ইতি জ্ঞেয়ো যন্মাং পৃচ্ছসি ভারত ॥ ৩৮
ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈঃ শূদ্রৈশ্চ কৃতলক্ষণৈঃ।
সেব্যতেঽভ্যর্চ্যতে চৈব নিত্যযুক্তৈঃ স্বকর্মভিঃ ॥ ৩৯
দ্বাপরস্য যুগস্যান্তে আদৌ কলিযুগস্য চ।
সাত্বতং বিধিমাস্থায় গীতঃ সঙ্কর্ষণেন বৈ ॥ ৪০
(কৃষ্ণেতি নাম্না বিখ্যাত ইমং লোকং স রক্ষতি।)
স এষ সর্বং সুরমর্ত্যলোকং
সমুদ্রকক্ষ্যান্তরিতাং পুরীঞ্চ।
যুগে যুগে মানুষঞ্চৈব বাসং
পুনঃ পুনঃ সৃজতে বাসুদেবঃ ॥ ৪১
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি বিশ্বোপাখ্যানে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬১

তিনি পাণ্ডবগণকে সর্ব্বদা কল্যাণময়ী বুদ্ধি প্রদান করিতেছেন, যুদ্ধে বল দান করিতেছেন এবং সকল ভয় হইতে তাহাদিগকে নিত্য রক্ষা করিতেছেন ॥ ৩৭

ভারত! যাঁহার বিষয়ে তুমি জিজ্ঞাসা করিতেছ, সেই সনাতন দেবতা সর্ব্বগুহ্যময় কল্যাণস্বরূপ পরমাত্মাই "বাসুদেব" এই নামে জানিবার যোগ্য ॥ ৩৮

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুভলক্ষণসম্পন্ন শূদ্র—ইঁহারা সকলেই নিত্য তৎপর হইয়া স্বীয় বর্ণোচিত কর্ম্মসমূহে ইঁহারই সেবা পূজা করিয়া থাকেন ৩৯

দ্বাপর যুগের শেষে ও কলিযুগের আদিতে সঙ্কর্ষণ শ্রীকৃষ্ণোপাসনার বিধির আশ্রয় গ্রহণ করিয়া ইঁহারই মহিমা কীর্ত্তন করিয়াছেন। (এই শ্রীকৃষ্ণনামেই বিখ্যাত হইয়া স্বয়ং নারায়ণ লোকরক্ষা করিতেছেন) ॥ ৪০

এই ভগবান্ বাসুদেবই যুগে যুগে দেবলোক, মনুষ্যলোক ও সমুদ্রপরিবেষ্টিত দ্বারকানগরী নির্ম্মাণ করেন এবং ইনিই পুনঃ পুনঃ মনুষ্যলোকে নিজের মানুষ-অবতার সৃজন করেন ॥ ৪১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে বিশ্বোপাখ্যানবিষয়ক ষট্‌ষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

[ভগবতঃ শ্রীকৃষ্ণস্য মহিমকথনম্।]

দুর্য্যোধন উবাচ।
বাসুদেবো মহদ্ ভূতং সর্বলোকেষু কথ্যতে।
তস্যাগমং প্রতিষ্ঠাঞ্চ জ্ঞাতুমিচ্ছে পিতামহ ॥ ১
ভীষ্ম উবাচ।
বাসুদেবো মহদ্ ভূতং সর্বদৈবতদৈবতম্।
ন পরং পুণ্ডরীকাক্ষাদ্ দৃশ্যতে ভরতর্ষভ ॥ ২
মার্কণ্ডেয়শ্চ গোবিন্দে কথয়ত্যদ্ভুতং মহৎ।
সর্বভূতানি ভূতাত্মা মহাত্মা পুরুষোত্তমঃ ॥ ৩
আপো বায়ুশ্চ তেজশ্চ ত্রয়মেতদকল্পয়ৎ।
স সৃষ্ট্বা পৃথিবীং দেবীং সর্বলোকেশ্বরঃ প্রভুঃ ॥ ৪
অপ্সু বৈ শয়নং চক্রে মহাত্মা পুরুষোত্তমঃ।
সবতেজোময়ো দেবো যোগাৎ সুষ্বাপ তত্র হ ॥ ৫

সপ্তষষ্টিতম অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের মহিমাবর্ণন।]

দুর্য্যোধন বলিলেন,—পিতামহ! বাসুদেব শ্রীকৃষ্ণকে সকল লোকেই মহান্ পুরুষ বলিয়া বর্ণনা করা হইয়াছে, অতএব আমি তাঁহার উৎপত্তি ও স্থিতি বিষয়ে কিছু জানিতে ইচ্ছুক হইয়াছি ॥ ১

ভীষ্ম বলিলেন,—ভরতশ্রেষ্ঠ! বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ বাস্তবিক মহান্ পুরুষ। তিনি দেবগণের দেবতা। কমললোচন শ্রীকৃষ্ণ হইতে অন্য কোন শ্রেষ্ঠ বস্তু নাই। ২

মহামুনি মার্কণ্ডেয় ভগবান্ গোবিন্দের বিষয়ে অত্যন্ত অদ্ভুত কথা বলিয়াছেন। এই ভগবান্‌ই সর্ব্বভূতময় এবং তিনিই আত্মস্বরূপ মহাত্মা পুরুষোত্তম। ৩

সৃষ্টির প্রারম্ভে এই পরমাত্মাই জল, বায়ু ও তেজ—এই তিন ভূত এবং সমস্ত প্রাণীকে সৃজন করিয়াছেন। সর্ব্বলোকেশ্বর প্রভু ভগবান্ পৃথিবীদেবীকে সৃষ্টি করিয়া জলে শয়ন করিয়াছিলেন। এই মহাত্মা পুরুষোত্তম সর্ব্বতেজোময় দেবতা স্বীয় যোগশক্তির বলে সেই জলে নিদ্রিত হইয়াছিলেন। ৪-৫

মুখতঃ সোঽগ্নিমসৃজৎ প্রাণাদ্ বায়ুমথাপি চ।
সরস্বতীঞ্চ বেদাংশ্চ মনসঃ সসৃজেঽচ্যুতঃ ॥ ৬
এষ লোকান্ সসর্জাদৌ দেবাংশ্চ ঋষিভিঃ সহ।
নিধনঞ্চৈব মৃত্যুঞ্চ প্রজানাং প্রভবাপ্যয়ৌ ॥ ৭
এষ ধর্মশ্চ ধর্মজ্ঞো বরদঃ সর্বকামদঃ।
এষ কর্তা চ কার্য্যঞ্চ পূর্বদেবঃ স্বয়ম্প্রভুঃ ॥ ৮
ভূতং ভব্যং ভবিষ্যচ্চ পূর্বমেতদকল্পয়ৎ।
উভে সন্ধ্যে দিশঃ খঞ্চ নিয়মাংশ্চ জনার্দনঃ ॥ ৯
ঋষীংশ্চৈব হি গোবিন্দস্তপশ্চৈবাভ্যকল্পয়ৎ।
স্রষ্টারং জগতশ্চাপি মহাত্মা প্রভুরব্যয়ঃ ॥ ১০
অগ্রজং সর্বভূতানাং সঙ্কর্ষণমকল্পয়ৎ।
তস্মান্নারায়ণো জজ্ঞে দেবদেবঃ সনাতনঃ ॥ ১১
নাভৌ পদ্মং বভূবাস্য সর্বলোকস্য সম্ভবাৎ।
তস্মাৎ পিতামহো জাতস্তস্মাজ্জাতাস্ত্বিমাঃ প্রজাঃ ॥১২

সেই অচ্যুত নিজ মুখ হইতে অগ্নিকে, প্রাণ হইতে বায়ুকে এবং মন হইতে সরস্বতীদেবীকে ও বেদসমূহকে সৃজন করিয়াছেন ॥ ৬

ইনিই সৃষ্টির আদিতে সমস্ত লোকসমূহ এবং ঋষিগণের সহিত দেবগণকে সৃষ্টি করিয়াছেন। ইনি প্রলয়ের অধিষ্ঠান ও মৃত্যুস্বরূপ। প্রজাগণের উৎপত্তি এবং বিনাশও ইঁহার দ্বারাই হইয়া থাকে ॥ ৭

ইনি ধর্মজ্ঞ, বরদাতা, সমস্ত কামনাপূর্ণকারী এবং ধর্মস্বরূপ। ইনিই কর্ত্তা, কর্ম্ম ও আদিদেব এবং সর্ব্বসমর্থ ॥ ৮

ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—এই তিন কালের সৃষ্টিও ইঁহার দ্বারা হইয়াছিল। এই জনার্দ্দন (দুষ্টজনপীড়ক) দুই সন্ধ্যা (প্রাতঃ সন্ধ্যা ও সায়ং সন্ধ্যা), দশ দিক্ (উত্তর, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম, ঈশান, অগ্নি, নৈর্ঋত ও বায়ু), আকাশ এবং নিয়মসমূহ রচনা করিয়াছেন ॥ ৯

মহাত্মা অবিনাশী প্রভু গোবিন্দ ঋষিগণ ও তপস্যাকে সৃজন করিয়াছেন। জগৎস্রষ্টা প্রজাপতি ব্রহ্মাকেও ইনিই উৎপন্ন করিয়াছেন ॥ ১০

এই পূর্ণতম পরমাত্মা শ্রীকৃষ্ণ প্রথমে সমস্ত ভূতগণের অগ্রজ সঙ্কর্ষণকে সৃজন করিয়াছেন, তারপর তাঁহা হইতে সনাতন দেবাধিদেব নারায়ণ প্রাদুর্ভূত হন ॥ ১১

এই নারায়ণের নাভিপ্রদেশ হইতে একটি কমল প্রকটিত হয়। সমস্ত জগতের উৎপত্তির স্থানভূত সেই কমল হইতে পিতামহ ব্রহ্মা উৎপন্ন হন এবং সেই ব্রহ্মাই সকল প্রজাকে সৃজন করেন ॥ ১২

শেষং চাকল্পয়দ্ দেবমনন্তং বিশ্বরূপিণম্।
যো ধারয়তি ভূতানি ধরাং চেমাং সপর্বতাম্ ॥ ১৩
ধ্যানযোগেন বিপ্রাশ্চ তং বিদন্তি মহৌজসম্।
কর্ণস্রোতোদ্ভবং চাপি মধুং নাম মহাসুরম্ ॥ ১৪
তমুগ্রমুগ্রকর্মাণমুগ্রাং বুদ্ধিং সমাস্থিতম্।
ব্রহ্মণোঽপচিতিং কুর্বন্ জঘান পুরুষোত্তমঃ ॥ ১৫
তস্য তাত বধাদেব দেব-দানব-মানবাঃ।
মধুসূদনমিত্যাহুঋষয়শ্চ জনার্দনম্ ॥ ১৬
বরাহশ্চৈব সিংহশ্চ ত্রিবিক্রমগতিঃ প্রভুঃ।
এষ মাতা পিতা চৈব সর্বেষাং প্রাণিনাং হরিঃ ॥ ১৭
পরং হি পুণ্ডরীকাক্ষান্ন ভূতং ন ভবিষ্যতি।
মুখতঃ সোঽসৃজদ্ বিপ্রান্ বাহুভ্যাং ক্ষত্রিয়াংস্তথা ॥১৮
বৈশ্যাংশ্চাপ্যূরুতো রাজন্ শূদ্রান্ বৈ পাদতস্তথা।
তপসা নিয়তো দেবং বিধানং সর্বদেহিনাম্ ॥ ১৯

যিনি ভূতগণকে এবং পর্ব্বতসমূহের সহিত এই পৃথিবীকে ধারণ করিয়া আছেন, যাঁহাকে বিশ্বরূপী অনন্তদেব ও শেষ বলা হইয়াছে, তাঁহাকেও এই পরমাত্মাই উৎপন্ন করিয়াছেন ॥ ১৩

ব্রাহ্মণগণ ধ্যান-যোগের দ্বারা এই পরম তেজস্বী বাসুদেবের জ্ঞানলাভ করেন। জলশায়ী নারায়ণের কর্ণমল হইতে মহাসুর মধু প্রকটিত হইয়াছিলেন। এই মধু অতিশয় উগ্রস্বভাব ও ক্রূরকর্ম্মা ছিলেন। তিনি অত্যন্ত ভয়ঙ্কর বুদ্ধির আশ্রয় লইয়াছিলেন। সেইজন্য ব্রহ্মার সমাদর করিয়া ভগবান্ পুরুষোত্তম এই মধুদৈত্যকে বধ করিয়াছিলেন ॥ ১৪-১৫

তাত! এই মধু দৈত্যকে বধ করার জন্যই দেবতা, দানব, মনুষ্য ও ঋষিগণ শ্রীজনার্দ্দনকে মধুসূদন বলিয়া থাকেন ॥ ১৬

এই ভগবান্ই সময়ে সময়ে (প্রয়োজনানুসারে) বরাহ, নৃসিংহ ও বামনরূপে অবতীর্ণ হন। এই শ্রীহরিই সমস্ত প্রাণীদিগের পিতা ও মাতা ॥ ১৭

এই কমলনয়ন ভগবান্ হইতে শ্রেষ্ঠ তত্ত্ব আর কিছুই নাই এবং হইবেও না। রাজন্! ইনিই নিজ মুখ হইতে ব্রাহ্মণ, বাহুদ্বয় হইতে ক্ষত্রিয়, জঙ্ঘা হইতে বৈশ্য এবং চরণ হইতে শূদ্রগণকে উৎপন্ন করিয়াছেন ॥

যে মানুষ তপস্যানিরত হইয়া সংযম-নিয়ম পালন করিতে করিতে অমাবস্যা ও পূর্ণিমাতিথিতে সমস্ত দেহধারিগণের

ব্রহ্মভূতমমাবাস্যাং পৌর্ণমাস্যাং তথৈব চ।
যোগভূতং পরিচরন্ কেশবং মহদাপ্নুয়াৎ ॥ ২০
কেশবঃ পরমং তেজঃ সর্বলোকপিতামহঃ।
এনমাহুর্হৃষীকেশং মুনয়ো বৈ নরাধিপ ॥ ২১
এবমেনং বিজানীহি আচার্য্যং পিতরং গুরুম্।
কৃষ্ণো যস্য প্রসীদেত লোকাস্তেনাক্ষয়া জিতাঃ ॥ ২২
যশ্চৈবৈনং ভয়স্থানে কেশবং শরণং ব্রজেৎ।
সদা নরঃ পঠংশ্চেদং স্বস্তিমান্ স সুখী ভবেৎ ॥ ২৩
যে চ কৃষ্ণং প্রপদ্যন্তে তেন মুহ্যন্তি মানবাঃ।
ভয়ে মহতি মগ্নাংশ্চ পাতি নিত্যং জনার্দনঃ ॥ ২৪
স তং যুধিষ্ঠিরো জ্ঞাত্বা যাথাতথ্যেন ভারত।
সর্বাত্মনা মহাত্মানং কেশবং জগদীশ্বরম্।
প্রপন্নঃ শরণং রাজন্ যোগানাং প্রভুমীশ্বরম্ ॥ ২৫
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি বিশ্বোপাখ্যানে
সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

আশ্রয়, ব্রহ্ম ও যোগস্বরূপ, ভগবান্ কেশবের (কেশব শব্দের ব্যুৎপত্তি হইল,—ক-ব্রহ্মা, অ-বিষ্ণু, ঈশ—শিব যাঁহার বপু, তিনি হইলেন কেশব।) আরাধনা করেন, তিনিই পরমপদ প্রাপ্ত হন ॥ ১৮-২০

নরেশ্বর! সর্ব্বলোকপিতামহ ভগবান্ শ্রীকৃষ্ণ পরম তেজ। মুনিগণ ইঁহাকেই হৃষীকেশ বলিয়া থাকেন ॥ ২১

এইরূপ এই ভগবান্ গোবিন্দকেই তুমি আচার্য্য, পিতা ও গুরু বলিয়া জানিবে। ভগবান্ শ্রীকৃষ্ণ যাঁহার উপর প্রসন্ন হন, তিনি অক্ষয় লোকসমূহ জয় করিতে সমর্থ হন ॥ ২২

যে ব্যক্তি ভয়ের সময় এই ভগবান্ শ্রীকৃষ্ণের শরণগ্রহণ করেন ও সর্ব্বদা ইঁহার স্তুতি পাঠ করেন, তিনি সুখী এবং কল্যাণভাগী হন ॥ ২৩

যে মানুষ ভগবান্ শ্রীকৃষ্ণের শরণগ্রহণ করেন, তিনি কখনও মোহগ্রস্ত হন না। ভগবান্ জনার্দ্দন মহাভয়ে পতিত সেই মানুষকে সর্ব্বদা রক্ষা করেন ॥ ২৪

ভরতবংশীয় নরেশ! এই কথা বিশেষভাবে জানিয়া রাজা যুধিষ্ঠির সম্পূর্ণ হৃদয়ে যোগসমূহের প্রভু, সর্ব্বসামর্থ্যশালী, জগদীশ্বর ও মহাত্মা ভগবান্ কেশবের শরণগ্রহণ করিয়াছেন ॥ ২৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে বিশ্বোপাখ্যান-বিষয়ক সপ্তষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ

[ব্রহ্মভূতস্তোত্রম্, শ্রীকৃষ্ণার্জুনয়োর্মহত্ত্বকথনম্।]

ভীষ্ম উবাচ।
শৃণু চেদং মহারাজ ব্রহ্মভূতং স্তবং মম।
ব্রহ্মর্ষিভিশ্চ দেবৈশ্চ যঃ পুরা কথিতো ভুবি ॥ ১
সাধ্যানামপি দেবানাং দেবদেবেশ্বরঃ প্রভুঃ।
লোকভাবনভাবজ্ঞ ইতি ত্বাং নারদোঽব্রবীৎ ॥ ২
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ মার্কণ্ডেয়োঽভ্যুবাচ হ।
যজ্ঞং ত্বাং চৈব যজ্ঞানাং তপশ্চ তপসামপি ॥ ৩
দেবানামপি দেবঞ্চ ত্বামাহ ভগবান্ ভৃগুঃ।
পুরাণং চৈব পরমং বিষ্ণো রূপং তবেতি চ ॥ ৪
বাসুদেবো বসুনাং ত্বং শক্রং স্থাপয়িতা তথা।
দেব দেবোঽসি দেবানামিতি দ্বৈপায়নোঽব্রবীৎ ॥ ৫

অধ্যায়।

[ব্রহ্মভূতস্তোত্র এবং শ্রীকৃষ্ণ ও অর্জুনের মহত্ত্বকথন।]

উত্তস্থুঃ সমরে তত্র কবন্ধানি সমন্ততঃ।
কুরূণাঞ্চৈব সৈন্যেষু পাণ্ডবানাঞ্চ ভারত ॥ ৩১
শোণিতোদং শরাবর্তং গজদ্বীপং হয়োর্মিণম্।
রথনৌভির্নরব্যাঘ্রাঃ প্রতেরুঃ সৈন্যসাগরম্ ॥ ৩২

মহারথী পুত্রগণ হাতে ধনু ধারণপূর্ব্বক অত্যন্ত বেগশালী অশ্বসমূহে সেখানে যাইয়া উপস্থিত হইলেন, যেস্থানে সেই পাণ্ডবপক্ষের বার জন মহারথী বীর বিদ্যমান ছিলেন ॥ ১৮-১৯

মহারাজ! ভরতনন্দন! তখন অপরাহ্নকালে আপনার ও পাণ্ডবপক্ষের অত্যন্ত বলবান্ যোদ্ধাদিগের মধ্যে মহাসংগ্রাম আরম্ভ হইল ॥ ২০

অভিমন্যু সেই মহাযুদ্ধে বিকর্ণের অশ্বগণকে নিহত করিয়া স্বয়ং বিকর্ণকেও পঁচিশ বাণে আহত করিয়া ফেলিলেন ॥ ২১

রাজন্! ভরতবংশধর! অশ্ব নিহত হইলে মহারথী বিকর্ণ নিজ রথ ত্যাগ করিয়া চিত্রসেনের রথে যাইয়া আরোহণ করিলেন ॥ ২২

হে ভারত! অর্জুননন্দন অভিমন্যু তখন একরথে উপবিষ্ট সেই দুই বংশবর্দ্ধক ভ্রাতাকে স্বীয় বাণজালে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২৩

চিত্রসেন এবং বিকর্ণও লৌহনির্ম্মিত পাঁচটি বাণে অভিমন্যুকে বিদ্ধ করিলেন। কিন্তু সেই আঘাতে অর্জুননন্দন অভিমন্যু বিচলিত হইলেন না, বরং মেরুপর্ব্বতের ন্যায় অবিচলভাবে অবস্থান করিতে লাগিলেন ॥ ২৪

আর্য্য! রাজেন্দ্র! দুঃশাসন একাকীই সমরভূমিতে পঞ্চ কেকয়রাজকুমারের সহিত যুদ্ধ করিতেছিলেন। ইহা এক তখন যেন অদ্ভুত বলিয়া মনে হইতেছিল ॥ ২৫

প্রজানাথ! যুদ্ধে কুপিত দ্রৌপদীর পঞ্চ পুত্র বিষধর সর্পতুল্য আকারবিশিষ্ট ভয়ঙ্কর বাণদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের অগ্রগতি রুদ্ধ করিয়া দিলেন ॥ ২৬

রাজন্! তখন আপনার দুর্দ্ধর্ষ পুত্র দুর্য্যোধনও তীক্ষ্ণ বাণসমূহে রণাঙ্গনে দ্রৌপদীর পঞ্চ (প্রতিবিন্ধ্য, শ্রুতসোম, শ্রুতকীর্ত্তি শতানীক ও শ্রুতসেন) পুত্রের উপর পৃথক্ পৃথক্ ভাবে প্রহার করিলেন ॥ ২৭

আবার তাঁহাদের দ্বারাও অত্যন্ত আহত হইয়া আপনার পুত্র দুর্য্যোধন রক্তে পরিপ্লুত হইয়া যাইলেন এবং গেরুয়া প্রভৃতি ধাতুসমূহ মিশ্রিত ঝরণার জলযুক্ত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৮

রাজন্! তদনন্তর বলবান্ ভীষ্মও সংগ্রামস্থলে পাণ্ডবসৈন্যদিগকে সেইভাবে বিতাড়িত করিতে লাগিলেন, যেভাবে পশুপালক পশুগণকে সঙ্ঘবদ্ধ করিয়া লইয়া যায় ॥ ২৯

প্রজানাথ! তদনন্তর শত্রুসংহারে নিরত অর্জুনের গাণ্ডীব ধনুর টঙ্কার ধ্বনিও সৈন্যবাহিনীর দক্ষিণভাগ হইতে উত্থিত হইল ॥ ৩০

ভারত! সেখানে সমরাঙ্গণে কৌরব ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে চারিদিকে কবন্ধসমূহ (মুণ্ডহীন শবদেহসমূহ) উঠিতে লাগিল ॥ ৩১

সেখানে সৈন্যবাহিনী একটি সমুদ্রের ন্যায় ছিল। রক্ত তাহার জল, বাণ আবর্ত্ত, হাতী দ্বীপ এবং অশ্ব তরঙ্গের তুল্য

ছিন্নহস্তা বিকবচা বিদেহাশ্চ নরোত্তমাঃ।
দৃশ্যন্তে পতিতাস্তত্র শতশোঽথ সহস্রশঃ॥ ৩৩
নিহতৈর্মত্তমাতঙ্গৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ পর্বতৈরাচিতা যথা॥ ৩৪
তত্রাদ্ভুতমপশ্যাম তব তেষাঞ্চ ভারত।
ন তত্রাসীৎ পুমান্ কশ্চিদ্ যোযুদ্ধং নাভিকাঙ্ক্ষতি॥৩৫
এবং যুযুধিরে বীরাঃ প্রার্থয়ানা মহদ্ যশঃ।
তাবকাঃ পাণ্ডবৈঃ সার্ধমাকাঙ্ক্ষন্তো জয়ং যুধি॥ ৩৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সঙ্কুলযুদ্ধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৮

ছিল। রথরূপ নৌকাদ্বারা নরশ্রেষ্ঠ বীরগণ সেই সৈন্যসাগর পার হইয়া যাইতেছিলেন॥ ৩২

সেখানে শত শত সহস্র সহস্র নরশ্রেষ্ঠ বীরকে ভূতলে পড়িয়া থাকিতে দেখা গিয়াছিল। তাহাদের মধ্যে বহু সৈন্যের হস্ত ছিন্ন হইয়াছিল, কাহারা আবার কবচহীন হইয়া পড়িয়াছিল এবং বহু সৈন্যের শরীর ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল॥ ৩৩

ভরতশ্রেষ্ঠ! নিহত হইয়া পতিত মদমত্ত বহু হাতী রক্তে পরিপ্লুত হইয়াছিল। তাহাদের দ্বারা আবৃত রণভূমি পর্ব্বতব্যাপ্ত বলিয়া মনে হইতেছিল॥ ৩৪

ভারত! আমরা সেখানে আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে অদ্ভুত উৎসাহ দেখিয়াছি। তথায় এরূপ কোন পুরুষ ছিলেন না, যিনি যুদ্ধের আকাঙ্ক্ষা করেন নাই॥ ৩৫

এইরূপ মহাযশের প্রার্থী ও যুদ্ধে বিজয়াকাঙ্ক্ষী আপনার বীর সৈন্যগণ পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতেছিলেন॥ ৩৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তুমুলযুদ্ধবিষয়ক অষ্টসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনাশীতিতমোঽধ্যায়ঃ।

[ভীমসেনেন দুর্য্যোধনস্য পরাজয়ঃ, অভিমন্যুনা দ্রৌপদ্যাঃ পুত্রৈশ্চ সহ ধৃতরাষ্ট্রপুত্রাণাং যুদ্ধম্, ষষ্ঠদিবসযুদ্ধ-সমাপ্তিশ্চ।]

সঞ্জয় উবাচ।
ততো দুর্য্যোধনো রাজা লোহিতায়তি ভাস্করে।
সংগ্রামরভসো ভীমং হন্তুকামোঽভ্যধাবত॥ ১
তমায়ান্তমভিপ্রেক্ষ্য নৃবীরং দৃঢ়বৈরিণম্।
ভীমসেনঃ সুসংক্রুদ্ধ ইদং বচনমব্রবীৎ॥ ২
অয়ং স কালঃ সম্প্রাপ্তো বর্ষপূগাভিবাঞ্ছিতঃ।
অদ্য ত্বাং নিহনিষ্যামি যদি নোৎসৃজসে রণম্॥ ৩
অদ্য কুন্ত্যাঃ পরিক্লেশং বনবাসঞ্চ কৃৎস্নশঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশং প্রণেষ্যামি হতে ত্বয়ি॥ ৪
যৎ পুরা মৎসরী ভূত্বা পাণ্ডবানবমন্যসে।
তস্য পাপস্য গান্ধারে পশ্য ব্যসনমাগতম্॥ ৫

একোনাশীতিতম অধ্যায়।

[ভীমসেনকর্ত্তৃক দুর্য্যোধনের পরাজয়, অভিমন্যু ও দ্রৌপদীর পুত্রগণের সহিত ধৃতরাষ্ট্রপুত্রদিগের যুদ্ধ এবং ষষ্ঠদিবসের যুদ্ধ-সমাপ্তি।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তারপর যখন সূর্য্যদেব রক্তবর্ণ হইয়া উঠিলেন, তখন যুদ্ধের জন্য উৎসাহী রাজা দুর্য্যোধন ভীমসেনকে বধ করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইলেন॥ ১

স্বীয় দৃঢ়শত্রু দুর্য্যোধনকে আসিতে দেখিয়া ভীমসেন অতিশয় ক্রুদ্ধ হইয়া তাঁহাকে এই কথা বলিলেন॥ ২

দুর্য্যোধন! আমি বহু বৎসর ধরিয়া যাহার অভিলাষ ও প্রতীক্ষা করিতেছি, সেই অবসর এখন পাইয়াছি। যদি তুমি যুদ্ধ পরিত্যাগ করিয়া পলাইয়া না যাও, তবে আজই তোমাকে অবশ্যই বিনাশ করিব॥ ৩

মাতা কুন্তীদেবীকে যে ক্লেশ সহ্য করিতে হইয়াছে, আমরা বনবাসে যে কষ্টভোগ করিয়াছি এবং সভামধ্যে দ্রৌপদীকে যে দুঃখ সহিতে হইয়াছে, তৎসমস্তেরই প্রতিশোধ আজ তোমাকে বধ করিয়া গ্রহণ করিব॥ ৪

গান্ধারীপুত্র! পূর্ব্বে মাৎসর্য্যবশতঃ তুমি যে পাণ্ডবদিগকে অবমাননা করিয়াছ, সেই পাপেরই ফলস্বরূপ এই সঙ্কট আজ তোমার উপর আসিয়া পড়িয়াছে,—তুমি ইহা অবলোকন কর॥৫

কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ যৎ পুরা।
অচিন্ত্য পাণ্ডবান্ কামাদ্ যথেষ্টং কৃতবানসি॥ ৬
যাচমানঞ্চ যন্মোহাদ্ দাশার্হমবমন্যসে।
উলূকস্য সমাদেশং যদ্ দদাসি চ হৃষ্টবৎ॥ ৭
তেন ত্বাং নিহনিষ্যামি সানুবন্ধং সবান্ধবম্।
সমীকরিষ্যে তৎ পাপং যৎ পুরা কৃতবানসি॥৮
এবমুক্ত্বা ধনুর্ঘোরং বিকৃষ্যোদ্‌ভ্রাম্য চাসকৃৎ।
সমাধত্ত শরান্ ঘোরান্ মহাশনিসমপ্রভান্॥ ৯
ষড়্‌বিংশতিমথ ক্রুদ্ধো মুমোচাশু সুযোধনে।
জ্বলিতাগ্নিশিখাকারান্ বজ্রকল্পানজিহ্মগান্॥ ১০
ততোঽস্য কার্মুকং দ্বাভ্যাং সূতং দ্বাভ্যাঞ্চ বিব্যধে।
চতুর্ভিরশ্বান্ জবনাননয়দ্ যমসাদনম্॥ ১১
দ্বাভ্যাঞ্চ সুবিকৃষ্টাভ্যাং শরাভ্যামরিমর্দনঃ।
ছত্রং চিচ্ছেদ সমরে রাজ্ঞস্তস্য নরোত্তম॥ ১২
ষড়্‌ভিশ্চ তস্য চিচ্ছেদ জ্বলন্তং ধ্বজমুত্তমম্।
ছিত্ত্বা তঞ্চ ননাদোচ্চৈস্তব পুত্রস্য পশ্যতঃ॥ ১৩
রথাচ্চ স ধ্বজঃ শ্রীমান্ নানারত্নবিভূষিতাৎ।
পপাত সহসা ভূমৌ বিদ্যুজ্জলধরাদিব॥১৪
জ্বলন্তং সূর্য্যসঙ্কাশং নাগং মণিময়ং শুভম্।
ধ্বজং কুরুপতেশ্ছিন্নং দদৃশুঃ সর্বপার্থিবাঃ॥ ১৫
অথৈনং দশভির্বাণৈস্তোত্ত্রৈরিব মহাদ্বিপম্।
আজঘান রণে বীরং স্ময়ন্নিব মহারথঃ॥ ১৬
ততঃ স রাজা সিন্ধূনাং রথশ্রেষ্ঠো মহারথঃ।
দুর্য্যোধনস্য জগ্রাহ পার্ষ্ণিং সৎপুরুষৈর্বৃতঃ॥ ১৭
কৃপশ্চ রথিনাং শ্রেষ্ঠঃ কৌরব্যমমিতৌজসম্।
আরোপয়দ্ রথং রাজন্ দুর্য্যোধনমমর্ষণম্॥ ১৮

পূর্ব্বে কর্ণ ও শকুনির মতকে অবলম্বন করিয়া পাণ্ডবগণকে কোনরূপে গণ্য না করত তুমি নিজের ইচ্ছামত যেরূপ ব্যবহার করিয়াছ; ভগবান্ শ্রীকৃষ্ণ সন্ধিস্থাপনের জন্য প্রার্থনা করিতে আসিয়াছিলেন, কিন্তু তুমি মোহবশতঃ তাহাকেও তিরস্কার করিয়াছ এবং তুমি অতিশয় হর্ষের সহিত উলূকের দ্বারা যে সংবাদ পাঠাইয়াছিলে, তুমি আমাকে ও আমার সকল ভ্রাতাকে বধ করিয়া সেই প্রতিজ্ঞা পূর্ণ কর; আমি তদনুসারে তোমাকে ভ্রাতৃবৃন্দ, বন্ধুবান্ধব এবং অনুচরবর্গের সহিত অবশ্যই বধ করিব। পূর্ব্বে তুমি যে সকল পাপ করিয়াছ, তৎসমস্তই প্রতিশোধ লইয়া সমান করিয়া দিব। ৬-৮

এই কথা বলিয়া ভীমসেন নিজ ভয়ঙ্কর ধনুটিকে বারংবার ঘুরাইয়া উহাকে বলপূর্ব্বক আকর্ষণ করত বজ্রতুল্য তেজস্বী ভয়ঙ্কর বাণসমূহ তাহার উপর স্থাপন করিলেন॥ ৯

সেই সরলগামী বাণগুলিকে বজ্র ও প্রজ্বলিত অগ্নির শিখাতুল্য বলিয়া মনে হইতে লাগিল। ইহাদের সংখ্যা ছিল ছাব্বিশ। ক্রুদ্ধ ভীমসেন অতিক্রুত এই বাণগুলিকে দুর্য্যোধনের উপর নিক্ষেপ করিলেন॥ ১০

তারপর ভীমসেন দুই বাণে দুর্য্যোধনের ধনু ছেদন করিলেন, দুই বাণে সারথিকে পীড়িত করিয়া ফেলিলেন এবং চার বাণে তাহার বেগবান্ অশ্বগুলিকে যমগৃহে পাঠাইয়া দিলেন॥ ১১

হে নরোত্তম! শত্রুমর্দন ভীমসেন পুনরায় ধনুকে উত্তমরূপে আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত দুইটি বাণে সমরাঙ্গণে রাজা দুর্য্যোধনের ছত্রটিকে কাটিয়া দিলেন॥ ১২

তারপর তাঁহার স্বীয় প্রভায় উদ্‌ভাসিত উত্তম ধ্বজকে ছয় বাণে খণ্ডিত করিলেন। আপনার পুত্রের সাক্ষাতেই সেই ধ্বজকে ছেদন করিয়া ভীমসেন উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন॥ ১৩

দুর্য্যোধনের নানা রত্নবিভূষিত রথ হইতে এই সৌন্দর্য্যশালী ধ্বজ সহসা ছিন্ন হইয়া ভূপতিত হইলে তখন মনে হইতে লাগিল যে, জলবহনকারী মেঘ হইতে ভূমিতে বিদ্যুৎ নিপতিত হইতেছে॥ ১৪

সকল ভূপতিগণ কুরুরাজ দুর্য্যোধনের সেই সূর্য্যতুল্য প্রজ্বলিত ও নাগচিহ্নযুক্ত মণিময় সুন্দর ধ্বজকে ছিন্ন হইয়া ভূপতিত হইতে দেখিয়াছিলেন॥ ১৫

তারপর মহারথী ভীমসেন ঈষৎ হাস্য করিতে করিতে রণাঙ্গনে বীরবর দুর্য্যোধনকে দশটি বাণে সেইরূপ আঘাত করিলেন, যেরূপ মাহুত অঙ্কুশদ্বারা গজরাজকে আঘাত করিয়া থাকে॥ ১৬

তদনন্তর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ মহারথী সিন্ধুরাজ জয়দ্রথ কিছু সৎপুরুষে পরিবৃত হইয়া দুর্য্যোধনের পৃষ্ঠভাগ রক্ষা করিতে লাগিলেন॥ ১৭

রাজন্! এইরূপ রথিগণের মধ্যে শ্রেষ্ঠ রথী কৃপাচার্য্য অমর্ষপূর্ণ অমিততেজস্বী কুরুবংশধর দুর্য্যোধনকে স্বীয় রথে আরোহণ করাইয়া লইলেন॥ ১৮

স গাঢ়বিদ্ধো ব্যথিতো ভীমসেনেন সংযুগে।
নিষসাদ রথোপস্থে রাজন্ দুর্য্যোধনস্তদা ॥ ১৯
পরিবার্য্য ততো ভীমং জেতুকামো জয়দ্রথঃ।
রথৈরনেকসাহস্রৈর্ভীমস্তাবারয়দ্ দিশঃ ॥ ২০
ধৃষ্টকেতুস্ততো রাজন্নভিমন্যুশ্চ বীর্য্যবান্।
কেকয়া দ্রৌপদেয়াশ্চ তব পুত্রানযোধয়ন্ ॥ ২১
চিত্রসেনঃ সুচিত্রশ্চ চিত্রাঙ্গশ্চিত্রদর্শনঃ।
চারুচিত্রঃ সুচারুশ্চ তথা নন্দোপনন্দকৌ ॥ ২২
অষ্টাবেতে মহেষ্বাসাঃ সুকুমারা যশস্বিনঃ।
অভিমন্যুরথং রাজন্ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥ ২৩
আজঘান ততস্তূর্ণমভিমন্যুর্মহামনাঃ।
একৈকং পঞ্চভির্বাণৈঃ শিতৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ২৪
বজ্রমৃত্যুপ্রতীকাশৈর্বিচিত্রায়ুধনিঃসৃতৈঃ।
অমৃষ্যমাণাস্তে সর্বে সৌভদ্রং রথসত্তমম্ ॥ ২৫

নরেশ্বর! সেই সময় ভীমসেন যুদ্ধে দুর্য্যোধনকে গুরুতর বাণবিদ্ধ করত ব্যথিত করিয়া দিয়াছিলেন, সুতরাং তিনি রথের পশ্চাদ্‌ভাগে যাইয়া উপবেশন করিলেন ॥ ১৯

তারপর জয়দ্রথ ভীমসেনকে জয় করিবার বাসনা লইয়া কয়েক হাজার রথের সহিত তাঁহাকে ঘিরিয়া ফেলিলেন এবং চারিদিক্ দিয়া তাঁহাকে অবরুদ্ধ করিলেন ॥ ২০

মহারাজ! এই সময় ধৃষ্টকেতু, পরাক্রমশালী অভিমন্যু, পঞ্চ কেকয়রাজকুমার এবং দ্রৌপদীর পঞ্চ পুত্র আপনার পুত্রগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২১

এই যুদ্ধে চিত্রসেন, সুচিত্র, চিত্রাঙ্গ, চিত্রদর্শন, চারুচিত্র, সুচারু, নন্দ ও উপনন্দ—এই আট জন যশস্বী, সুকুমার ও মহাধনুর্দ্ধর বীরগণ অভিমন্যুকে রথের চারিদিকে পরিবেষ্টিত করিলেন। ২২-২৩

তখন মহামনা অভিমন্যু অতিক্রত আনতপর্ব্বযুক্ত পাঁচটি করিয়া বাণদ্বারা প্রত্যেককে বিদ্ধ করিলেন ॥ ২৪

এই সবগুলি বাণই বিচিত্র ধনুদ্বারা নিক্ষিপ্ত হইয়াছিল এবং সব বাণই বজ্র ও মৃত্যুসদৃশ ভয়ঙ্কর ছিল। এই সমস্ত বাণের আঘাত আপনার পুত্রগণ সহ্য করিতে পারিলেন না। তখন তাঁহারা মিলিত হইয়া রথিশ্রেষ্ঠ অভিমন্যুর উপর তীক্ষ্ণ বাণসমূহের বর্ষণ আরম্ভ করিলেন, তাহাতে মনে হইতে লাগিল— জলবর্ষী মেঘ মেরুপর্ব্বতে জলধারা বর্ষণ করিতেছে।

ববৃষুর্মার্গণৈস্তীক্ষ্ণৈর্গিরিং মেরুমিবাম্বুদাঃ।
স পীড্যমানঃ সমরে কৃতাস্ত্রো যুদ্ধদুর্মদঃ ॥ ২৬
অভিমন্যুর্মহারাজ তাবকান্ সমকম্পয়ৎ।
যথা দেবাসুরে যুদ্ধে বজ্রপাণির্মহাসুরান্ ॥ ২৭
বিকর্ণস্য ততো ভল্লান্ প্রেষয়ামাস ভারত।
চতুর্দশরথশ্রেষ্ঠো ঘোরানাশীবিষোপমান্ ॥ ২৮
স তৈর্বিকর্ণস্য রথাৎ পাতয়ামাস বীর্য্যবান্।
ধ্বজং সূতং হয়াংশ্চৈব নৃত্যমান ইবাহবে ॥ ২৯
পুনশ্চান্যান্ শরান্ পীতানকুণ্ঠাগ্রান্ শিলাশিতান্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো বিকর্ণায় মহাবলঃ ॥ ৩০
তে বিকর্ণং সমাসাদ্য কঙ্কবর্হিণবাসসঃ।
ভিত্ত্বা দেহং গতা ভূমিং জ্বলন্ত ইব পন্নগাঃ ॥ ৩১
তে শরা হেমপুঙ্খাগ্রা ব্যদৃশ্যন্ত মহীতলে।
বিকর্ণরুধিরক্লিন্না বমন্ত ইব শোণিতম্ ॥ ৩২

মহারাজ! অভিমন্যু অস্ত্রবিদ্যায় পারদর্শী ও যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রাম করিতেছিলেন। তিনি রণাঙ্গনে বাণসমূহে পীড়িত হইয়াও আপনার সৈন্যদিগের মধ্যে সেইরূপ কম্পন উৎপন্ন করিয়া ফেলিলেন, যেরূপ দেবাসুর-সংগ্রামে বজ্রধারী ইন্দ্র মহাসুরদিগকেও ভয়ে পীড়িত করিয়াছিলেন ॥ ২৫-২৭

ভারত! তদনন্তর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ পরাক্রমশালী অভিমন্যু বিকর্ণের উপর সর্পতুল্য আকারবিশিষ্ট চৌদ্দটি ভয়ঙ্কর ভল্ল নিক্ষেপ করিলেন এবং তাহাদ্বারা বিকর্ণের রথ হইতে ধ্বজ, সারথি ও অশ্বগণকে নষ্ট করিয়া ভূপাতিত করিলেন। সেই সময় তিনি যেন যুদ্ধে নৃত্য করিতেছিলেন ॥ ২৮-২৯

তারপর সেই মহাবলী বীর অত্যন্ত কুপিত হইয়া শিলাতে শান দিয়া ধারালকৃত অপ্রতিহতাগ্রভাগযুক্ত অন্য বহু পীতবর্ণের বাণ বিকর্ণের উপর নিক্ষেপ করিলেন ॥ ৩০

এই বাণসমূহের পুচ্ছভাগে ময়ূরের পক্ষ সংযোজিত ছিল। ইহারা বিকর্ণের শরীর ভেদ করত মধ্যে প্রবেশ করিল এবং সেখান হইতেও নির্গত হইয়া প্রজ্বলিত সর্পসমূহের ন্যায় ভূতলে নিপতিত হইল ॥ ৩১

এই বাণসমূহের পুচ্ছ ও অগ্রভাগ স্বর্ণময় ছিল। ইহারা বিকর্ণের রক্তে আর্দ্র হইয়া ভূতলে যেন রক্তবমন করিতেছিল বলিয়া দেখা যাইল ॥ ৩২

বিকর্ণং বীক্ষ্য নির্ভিন্নং তস্যৈবাস্যে সহোদরাঃ।
অভ্যদ্রবন্ত সমরে সৌভদ্রপ্রমুখান্ রথান্॥ ৩৩
অভিযাত্বা তথৈবান্যান্ রথাংস্তান্ সূর্য্যবর্চসঃ।
অবিধ্যন্ সমরেঽন্যোন্যং সংরব্ধাদ্ যুদ্ধদুর্মদাঃ॥ ৩৪
দুর্মুখঃ শ্রুতকর্মাণং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজমেকেন চিচ্ছেদ সারথিঞ্চাস্য সপ্তভিঃ॥ ৩৫
অশ্বান্ জাম্বূনদৈর্জালৈঃ প্রচ্ছন্নান্ বাতরংহসঃ।
জঘান ষড়্ভিরাসাদ্য সারথিং চাভ্যপাতয়ৎ॥ ৩৬
স হতাশ্বে রথে তিষ্ঠন্ শ্রুতকর্মা মহারথঃ।
শক্তিং চিক্ষেপ সংক্রুদ্ধো মহোল্কাং জ্বলিতামিব॥ ৩৭
সা দুর্মুখস্য বিমলং বর্ম ভিত্ত্বা যশস্বিনঃ।
বিদার্য্য প্রাবিশদ্ ভূমিং দীপ্যমানা স্বতেজসা॥৩৮
তং দৃষ্ট্বা বিরথং তত্র সুতসোমো মহারথঃ।
পশ্যতাং সর্বসৈন্যানাং রথমারোপয়ৎ স্বকম্॥ ৩৯

শ্রুতকীর্তিস্তথা বীরো জয়ৎসেনং সুতং তব।
অভ্যয়াৎ সমরে রাজন্ হন্তুকামো যশস্বিনম্॥ ৪০
তস্য বিক্ষিপতশ্চাপং শ্রুতকীর্তের্মহাস্বনম্।
চিচ্ছেদ সমরে তূর্ণং জয়ৎসেনঃ সুতস্তব॥ ৪১
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন প্রহসন্নিব ভারত।
তং দৃষ্ট্বা ছিন্নধন্বানং শতানীকঃ সহোদরম্॥ ৪২
অভ্যপদ্যত তেজস্বী সিংহবন্নিনদন্ মুহুঃ।
শতানীকস্তু সমরে দৃঢ়ং বিস্ফার্য্য কার্মুকম্॥৪৩
বিব্যাধ দশভিস্তূর্ণং জয়ৎসেনং শিলীমুখৈঃ।
ননাদ সুমহানাদং প্রভিন্ন ইব বারণঃ॥ ৪৪
অথান্যেন সুতীক্ষ্ণেন সর্বাবরণভেদিনা।
শতানীকো জয়ৎসেনং বিব্যাধ হৃদয়ে ভৃশম্॥ ৪৫
তথা তস্মিন্ বর্তমানে দুষ্কর্ণো ভ্রাতুরন্তিকে।
চিচ্ছেদ সমরে চাপং নাকুলেঃ ক্রোধমূর্চ্ছিতঃ॥ ৪৬

বিকর্ণকে ক্ষত-বিক্ষত হইতে দেখিয়া তাঁহার অন্যান্য সহোদর ভ্রাতারা সমরাঙ্গণে সুভদ্রানন্দন অভিমন্যু প্রভৃতির উপর ধাবিত হইলেন॥ ৩৩

তাঁহারা তখন উন্মত্ত হইয়া যুদ্ধ করিতে লাগিলেন। ইঁহারা অন্যান্য রথিগণের উপরও, যাঁহারা (অভিমন্যুসদৃশই) সূর্য্যতুল্য তেজস্বী ছিলেন, তাঁহাদের উপর আক্রমণ করিলেন এবং অতিশয় ক্রুদ্ধ হইয়া পরস্পর পরস্পরকে বাণদ্বারা বিদ্ধ করিতে থাকিলেন॥ ৩৪

দুর্মুখ সাতটি শীঘ্রগামী বাণে শ্রুতকর্ম্মাকে বিদ্ধ করিয়া একটি বাণে তাঁহার ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন এবং অপর সাতটি বাণে তাঁহার সারথিকে আঘাত করিলেন॥ ৩৫

ইঁহার অশ্বগুলি বায়ুতুল্য বেগগামী এবং স্বর্ণজালে ভূষিত ছিল। দুর্মুখ এই অশ্বগুলিকে ছয় বাণে নিহত করেন ও সারথিকেও রথ হইতে ভূপাতিত করেন॥ ৩৬

মহারথী শ্রুতকর্ম্মা অশ্ব নিহত হইলেও সেই রথে অবস্থান করত অতিশয় ক্রুদ্ধ হইয়া দুর্মুখের উপর প্রজ্বলিত উল্কাতুল্য একটি শক্তি নিক্ষেপ করেন॥ ৩৭

স্বীয় তেজে দেদীপ্যমানা এই শক্তি যশস্বী দুর্মুখের নির্মল কবচকে ভেদ করিয়া পৃথিবীকে বিদীর্ণা করত তাহার মধ্যে করিল॥ ৩৮

মহারথী সুতসোম স্ব-ভ্রাতা শ্রুতকর্ম্মাকে যুদ্ধে রথহীন হইতে দেখিয়া সমস্ত সৈন্যগণের সাক্ষাতেই নিজ রথে তুলিয়া লইলেন॥৩৯

রাজন্! এইরূপ বীরবর শ্রুতকীর্ত্তি যুদ্ধস্থলে আপনার যশস্বী পুত্র জয়ৎসেনকে বধ করিবার ইচ্ছায় তাঁহার উপর আক্রমণ করিলেন॥ ৪০

ভারত! শ্রুতকীর্ত্তি যখন অতিশয় বেগে স্বীয় বিশাল ধনুর গম্ভীর টঙ্কারধ্বনি করিতেছিলেন, সেই সময় রণাঙ্গনে আপনার পুত্র জয়ৎসেন হাসিতে হাসিতেই একটি তীক্ষ্ণ ক্ষুরপ্রবাণে অতি-দ্রুত তাঁহার ধনুটিকে ছিন্ন করিয়া ফেলিলেন॥

স্বীয় ভ্রাতার ধনুটিকে ছিন্ন হইতে দেখিয়া তেজস্বী শতানীক বারংবার সিংহতুল্য গর্জন করিতে করিতে সেস্থানে আসিয়া উপস্থিত হইলেন॥

শতানীক রণাঙ্গনে স্বীয় ধনু বলপূর্বক আকর্ষণ করিয়া অতি সত্বর দশটি বাণে জয়ৎসেনকে বিদ্ধ করিলেন। তারপর তিনি মদবর্ষী গজরাজের ন্যায় অতি উচ্চৈঃস্বরে গর্জন করিতে লাগিলেন॥ ৪১-৪৪

অনন্তর সমস্ত আবরণ ভেদ করিতে সমর্থ অপর একটি তীক্ষ্ণ বাণে শতানীক জয়ৎসেনের বক্ষঃস্থলে গুরুতররূপে বিদ্ধ করিলেন॥ ৪৫

তাঁহাকে এইরূপ অবস্থায় পতিত দেখিয়া তাঁহার পার্শ্বে অবস্থিত ভ্রাতা দুষ্কর্ণ ক্রোধে ব্যাকুল হইয়া পড়িলেন। তিনি তখন সমরাঙ্গণে নকুলপুত্র শতানীকের ধনু ছেদন করিলেন॥ ৪৬

অথান্যদ্ ধনুরাদায় ভারসাহমনুত্তমম্।
সমাদত্ত শরান্ ঘোরান্ শতানীকো মহাবলঃ ॥ ৪৭
তিষ্ঠ তিষ্ঠেতি চামন্ত্র্য দুষ্কর্ণং ভ্রাতুরগ্রতঃ।
মুমোচাস্মৈ শিতান্ বাণান্ জ্বলিতান্ পন্নগানিব ॥ ৪৮
ততোঽস্য ধনুরেকেন দ্বাভ্যাং সূতঞ্চ মারিষ।
চিচ্ছেদ সমরে তূর্ণং তঞ্চ বিব্যাধ সপ্তভিঃ ॥ ৪৯
অশ্বান্ মনোজবাংস্তস্য কর্বুরান্ বাতরংহসঃ।
জঘান নিশিতৈস্তূর্ণং সর্বান্ দ্বাদশভিঃ শরৈঃ ॥ ৫০
অথাপরেণ ভল্লেন সুযুক্তেনাশুপাতিনা।
দুষ্কর্ণং সুদৃঢ়ং ক্রুদ্ধো বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥ ৫১
স পপাত ততো ভূমৌ বজ্রাহত ইব দ্রুমঃ।
দুষ্কর্ণং ব্যথিতং দৃষ্ট্বা পঞ্চ রাজন্ মহারথাঃ ॥ ৫২
জিঘাংসন্তঃ শতানীকং সর্বতঃ পর্য্যবারয়ন্।
ছাদ্যমানং শরব্রাতৈঃ শতানীকং যশস্বিনম্ ॥ ৫৩
অভ্যধাবন্ত সংক্রুদ্ধাঃ কেকয়াঃ পঞ্চ সোদরাঃ।
তানভ্যাপততঃ প্রেক্ষ্য তব পুত্রা মহারথাঃ ৫৪
প্রত্যুদ্যযুর্মহারাজ গজানিব মহাগজাঃ।
দুর্মুখো দুর্জয়শ্চৈব তথা দুর্মর্ষণো যুবা ॥ ৫৫
শত্রুঞ্জয়ঃ শত্রুসহঃ সর্বে ক্রুদ্ধা যশস্বিনঃ।
প্রত্যুদ্যাতা মহারাজ কেকয়ান্ ভ্রাতরঃ সমম্ ॥ ৫৬
রথৈর্নগরসঙ্কাশৈর্হয়ৈর্যুক্তৈর্মনোজবৈঃ।
নানাবর্ণবিচিত্রাভিঃ পতাকাভিরলঙ্কৃতৈঃ ॥ ৫৭
বরচাপধরা বীরা বিচিত্রকবচধ্বজাঃ।
বিবিশুস্তে পরং সৈন্যং সিংহা ইব বনাদ্ বনম্ ॥ ৫৮
তেষাং সুতুমুলং যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্।
অবর্ত্তত মহারৌদ্রং নিঘ্নতামিতরেতরম্ ॥ ৫৯
অন্যোন্যাগস্কৃতাং রাজন্ যমরাষ্ট্রবিবর্ধনম্।
মুহূর্ত্তাস্তমিতে সূর্য্যে চক্রুর্যুদ্ধং সুদারুণম্ ॥ ৬০

তারপর মহাবল শতানীক ভার সহ্য করিতে সমর্থ অপর একটি সর্ব্বোত্তম ধনু গ্রহণ করিয়া তাহাতে ভয়ঙ্কর বাণসমূহ যোজনা করিলেন ॥ ৪৭

তিনি ভ্রাতার সম্মুখেই দুষ্কর্ণকে "দাঁড়াও, দাঁড়াও" এই কথা বলিয়া তাঁহার উপর প্রজ্বলিত সর্পতুল্য তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিলেন ॥ ৪৮

আর্য্য! তারপর তিনি এক বাণে উঁহার ধনু ছেদন করিলেন, দুই বাণে সারথিকে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন এবং অপর সাত বাণে সেই সমরাঙ্গণে স্বয়ং দুষ্কর্ণকেও আহত করিলেন ॥ ৪৯

দুষ্কর্ণের অশ্বগুলি মন ও বায়ুতুল্য বেগগামী ছিল এবং কর্বুর-সদৃশ শুভ্রবর্ণ ছিল। শতানীক বারটি সেই সব অশ্বকে অতি সত্বর নিহত করিলেন ॥ ৫০

তারপর লক্ষ্যবস্তুকে শীঘ্র ভূপাতিত করিতে সমর্থ ভল্ল-নামক একটি বাণকে উত্তমরূপে প্রয়োগ করিয়া ক্রুদ্ধ শতানীক দুষ্কর্ণের হৃদয়ে গভীরভাবে আঘাত করিলেন ॥ ৫১

ইহাতে দুষ্কর্ণ বজ্রাহত বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন। রাজন্! দুষ্কর্ণকে আঘাতে পীড়িত হইতে দেখিয়া পঞ্চ মহারথী বীর শতানীককে বধ করিবার ইচ্ছায় তাঁহাকে চারিদিক্ দিয়া ঘিরিয়া ফেলিলেন ॥

তাঁহাদের বাণসমূহে শতানীককে আচ্ছাদিত হইতে দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমারগণ সেই পঞ্চ মহারথীর দিকে ধাবিত হইলেন ॥

মহারাজ! তাঁহাদিগকে আসিতে দেখিয়া আপনার মহারথী পুত্রগণ তাঁহাদের সম্মুখীন হইবার জন্য গজরাজগণের অপর গজরাজদিগের সহিত যুদ্ধ করিবার জন্য অগ্রসর হওয়ার ন্যায় অগ্রসর হইলেন ॥

নরেশ্বর! দুর্মুখ, দুর্জয়, যুবক বীর দুর্মর্ষণ, শত্রুঞ্জয় ও শত্রুসহ—এই সব যশস্বী বীরগণ ক্রুদ্ধ হইয়া পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমা-বৃন্দের সহিত যুদ্ধ করিবার জন্য একত্রে সমবেতভাবে অগ্রসর হইতে লাগিলেন ॥ ৫১-৫৬

তাঁহাদের রথগুলি নগরসমূহের ন্যায় প্রতীত হইতে লাগিল। ইহাদের মধ্যে মনের ন্যায় বেগগামী অশ্ব যোজিত ছিল। নানা বর্ণের চিত্রযুক্ত পতাকাসমূহে এই রথগুলি অলঙ্কৃত ছিল। এইরূপ রথে আরোহণ করিয়া সুন্দর ধনু ধারণকরত বিচিত্র কবচ ও ধ্বজসমূহে সুশোভিত সেই বীরগণ শত্রুসৈন্যের মধ্যে সেইভাবে প্রবেশ করিলেন, যেভাবে সিংহগণ এক বন হইতে অন্য বনে প্রবেশ করিয়া থাকে ॥ ৫৭-৫৮

তারপর পরস্পর পরস্পরের উপর প্রহাররত সেই সব মহারথী বীরগণের মধ্যে মহাভয়ঙ্কর অতিশয় তুমুল যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধে রথ রথের সহিত এবং হস্তী হস্তীর সহিত মিলিত হইল ॥৫৯

রাজন্! পরস্পর পরস্পরের সহিত ক্রোধভরে প্রহাররত সেই মহারথী বীরগণের এই যুদ্ধ যমরাজ্যের বৃদ্ধিকর ছিল। সূর্য্যাস্ত হইবার মুহূর্ত্তকাল পর পর্য্যন্তও এই অতিশয় নিদারুণ যুদ্ধ চলিয়াছিল ॥ ৬০

রথিনঃ সাদিনশ্চাথ ব্যকীর্যন্ত সহস্রশঃ।
ততঃ শান্তনবঃ ক্রুদ্ধঃ শরৈঃ সন্নতপর্বভিঃ ॥ ৬১
নাশয়ামাস সেনাং তাং ভীষ্মস্তেষাং মহাত্মনাম্।
পঞ্চালানাঞ্চ সৈন্যানি শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥ ৬২
এবং ভিত্ত্বা মহেষ্বাসঃ পাণ্ডবানামনীকিনীম্।
কৃত্বাবহারং সৈন্যানাং যযৌ স্বশিবিরং নৃপ ॥ ৬৩
(নাশয়ামাসতুর্বীরৌ ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
কৌরবাণামনীকানি শরৈঃ সন্নতপর্বভিঃ ॥)

এই যুদ্ধে সহস্র সহস্র রথী ও অশ্বারোহী যোদ্ধা প্রাণহীন অবস্থায় চারিদিকে বিকীর্ণ হইয়া পড়িয়াছিল। তখন শান্তনুনন্দন ভীষ্ম কুপিত হইয়া আনতপর্ব্বযুক্ত বাণসমূহ দ্বারা সেই মহাত্মা বীরগণের সৈন্যদিগকে বিনাশ করিতে লাগিলেন। এই যুদ্ধে তিনি পাঞ্চালদেশীয় বহু সৈন্যকেই যমলোকে প্রেরণ করিলেন ৬১-৬২

নরেশ্বর! মহাধনুর্দ্ধর ভীষ্ম এইভাবে পাণ্ডবসৈন্যদিগকে সংহার করিতে করিতে স্বীয় সৈন্যবাহিনীকে যুদ্ধ হইতে নিবৃত্ত করাইয়া নিজ শিবিরে গমন করিলেন। ৬৩

ধর্মরাজোঽপি সম্প্রেক্ষ্য ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
মূর্দ্ধ্নি চৈতাবুপাঘ্রায় প্রহৃষ্টঃ শিবিরং যযৌ ॥ ৬৪
(অর্জুনো বাসুদেবশ্চ কৌরবাণামনীকিনীম্।
হত্বা বিদ্রাব্য চ শরৈঃ শিবিরায়ৈব জগ্মতুঃ ॥)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ষষ্ঠদিবসাবহারে একোনাশীতিতমোঽধ্যায়ঃ ॥

(এইরূপ ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন—এই উভয় বীরই আনতপর্ব্বযুক্ত বাণসমূহে কৌরবসৈন্যদিগকে বিনাশ করিতে লাগিলেন।)

ধর্ম্মরাজ যুধিষ্ঠির ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন এই উভয়ের সহিত মিলিত হইয়া তাঁহাদের মস্তক আঘ্রাণ করত অত্যন্ত হৃষ্টচিত্তে শিবির অভিমুখে প্রস্থান করিলেন। ৬৪

(অর্জুন ও ভগবান্ শ্রীকৃষ্ণ কৌরবসৈন্যদিগকে বাণদ্বারা বিনাশ করিতে করিতে তাহাদিগকে রণভূমি হইতে বিতাড়িত করিয়া শিবিরে বিশ্রামের জন্য গমন করিলেন।)

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ষষ্ঠদিবসের যুদ্ধসমাপন-বিষয়ক একোনাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অশীতিতমোঽধ্যায়ঃ।

[দুর্যোধনায় ভীষ্মস্যাশ্বাসদানম্, সপ্তমদিনযুদ্ধায় কৌরবসৈন্যানাং প্রস্থানঞ্চ]

সঞ্জয় উবাচ।

অথ শূরা মহারাজ পরস্পরকৃতাগসঃ।
জগ্মুঃ স্বশিবিরাণ্যেব রুধিরেণ সমুক্ষিতাঃ ১
বিশ্রম্য চ যথান্যায়ং পূজয়িত্বা পরস্পরম্।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত ভূয়ো যুদ্ধচিকীর্ষয়া ॥ ২
ততস্তব সুতো রাজংশ্চিন্তয়াভিপরিপ্লুতঃ।
বিস্রবচ্ছোণিতাক্তাঙ্গঃ পপ্রচ্ছেদং পিতামহম্ ॥ ৩

অশীতিতম অধ্যায়।

[ভীষ্মকর্তৃক দুর্যোধনকে আশ্বাসদান এবং সপ্তমদিনের যুদ্ধের জন্য কৌরব সৈন্যের প্রস্থান।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! পরস্পর পরস্পরের সহিত যুদ্ধ করিয়া এই সব বীরগণ রক্তে লিপ্ত হইয়া নিজ নিজ শিবিরে গমন করিলেন ॥ ১

বিধি অনুসারে বিশ্রাম করত পরস্পর পরস্পরের প্রশংসা করিতে করিতে ইঁহারা সকলে পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছায় সজ্জিত হইলেন দেখা যাইল ॥ ২

রাজন্! তদনন্তর আপনার পুত্র দুর্যোধন স্বদেহ হইতে প্রবাহিত রক্তধারায় পরিপ্লুত অবস্থায় চিন্তামগ্ন হইয়া পিতামহ ভীষ্মের নিকট যাইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ॥ ৩

সৈন্যানি রৌদ্রাণি ভয়ানকানি
বূঢ়ানি সম্যগ্ বহুলধ্বজানি
বিদার্য্য হত্বা চ নিপীড্য শূরা—
স্তে পাণ্ডবানাং ত্বরিতা মহারথাঃ ॥ ৪

সম্মোহ্য সর্ব্বান্ যুধি কীর্ত্তিমন্তো
ব্যূহঞ্চ তং মকরং বজ্রকল্পম্।
প্রবিশ্য ভীমেন রণে হতোঽস্মি
ঘোরৈঃ শরৈর্মৃত্যুদণ্ডপ্রকাশৈঃ ॥ ৫

ক্রুদ্ধং তমুদ্বীক্ষ্য ভয়েন রাজন্
সম্মূর্চ্ছিতো ন লভে শান্তিমদ্য।
ইচ্ছে প্রসাদাৎ তব সত্যসন্ধ
প্রাপ্তুং জয়ং পাণ্ডবেয়াংশ্চ হন্তুম্ ॥ ৬

তেনৈবমুক্তঃ প্রহসন্ মহাত্মা
দুর্য্যোধনং মন্যুগতং বিদিত্বা।
তং প্রত্যুবাচাবিমনা মনস্বী
গঙ্গাসুতঃ শস্ত্রভৃতাং বরিষ্ঠঃ ॥ ৭

পরেণ যত্নেন বিগাহ্য সেনাং
সর্ব্বাত্মনাহং তব রাজপুত্র।
ইচ্ছামি দাতুং বিজয়ং সুখঞ্চ
ন চাত্মানং ছাদয়েঽহং ত্বদর্থে ॥ ৮

এতে তু রৌদ্রা বহবো মহারথা
যশস্বিনঃ শূরতমাঃ কৃতাস্ত্রাঃ।
যে পাণ্ডবানাং সমরে সহায়া
জিতক্লমা রোষবিষং বমন্তি ॥ ৯

তে নৈব শক্যাঃ সহসা বিজেতুং
বীর্য্যোদ্ধতাঃ কৃতবৈরাস্ত্বয়া চ।
অহং সেনাং প্রতিযোৎস্যামি রাজন্
সর্ব্বাত্মনা জীবিতং ত্যজ্য বীর ॥ ১০

রণে তবার্থায় মহানুভাব
ন জীবিতং রক্ষ্যতমং মমাদ্য।
সর্ব্বাংস্তবার্থায় সদেবদৈত্যান্
ঘোরান্ দহেয়ং কিমু শত্রুসেনাম্ ॥ ১১

পিতামহ! আমার সৈন্যগণ অত্যন্ত ভয়ঙ্কর এবং উগ্রমূর্ত্তি। তাহাদের ব্যূহরচনাও সর্ব্বোত্তম। ইহাদের মধ্যে ধ্বজের সংখ্যাও বহু। তথাপি পাণ্ডবগণের বীরবর মহারথীরা এই বিশাল সৈন্যবাহিনীর মধ্যে প্রবেশ করত তীব্রবেগে আমার সৈন্যগণকে বিদীর্ণ করিয়া, নিহত করিয়া এবং পীড়িত করিয়া চালিয়া যায় ॥ ৪

তাহারা যুদ্ধে সকলকে মোহিত করিয়া নিজ কীর্ত্তি বিস্তার করিতেছে। দেখুন, ভীমসেন বজ্রতুল্য দুর্ভেদ্য মকরব্যূহ মধ্যে প্রবেশ করিয়া মৃত্যুদণ্ডসদৃশ ভয়ঙ্কর বাণসমূহে যুদ্ধস্থলে আমাকে ক্ষত-বিক্ষত করিয়া দিয়াছে ॥ ৫

রাজন্! ভীমসেনকে ক্রুদ্ধ দেখিয়া আমি ভয়ে ব্যাকুল হইয়া উঠি। আজ আমি শান্তিলাভ করিতে পারিতেছি না। সত্যপ্রতিজ্ঞ পিতামহ! আমি আপনারই কৃপাতে পাণ্ডবগণকে বধ করিতে এবং তাহাদের উপর বিজয়লাভ করিতে ইচ্ছুক হইয়াছি ॥ ৬

দুর্য্যোধন এই কথা বলিলে পর এবং তাঁহাকে ক্রোধপূর্ণ জানিয়া শস্ত্রধারিগণের মধ্যে শ্রেষ্ঠ মনস্বী মহাত্মা গঙ্গানন্দন ভীষ্ম হাস্য করিতে করিতে প্রসন্নমনে তাঁহাকে এই কথা বলিলেন ॥ ৭

রাজকুমার! আমি নিজের পূর্ণশক্তি প্রয়োগ করিয়া অতিশয় যত্নের সহিত পাণ্ডবগণের সৈন্য মধ্যে প্রবেশ করত তোমাকে বিজয় ও সুখপ্রদান করিতে অভিলাষী। আমি তোমার জন্য নিজেকে কোনরূপ গোপন করিয়া রাখি নাই ॥ ৮

যাহারা সমরাঙ্গণে পাণ্ডবগণের সহায়ক, তাহারা সকলেই বীর মহারথী, অতিশয় ভয়ঙ্কর, পরম শৌর্য্যশালী, শস্ত্রবিদ্যায় অভিজ্ঞ ও যশস্বী। তাহারা ক্লান্তিকে জয় করিয়াছে এবং আমাদের উপর রোষরূপ বিষ উদ্‌গিরণ করিতেছে ॥ ৯

ইহারা বল ও পরাক্রমে প্রচণ্ড এবং তোমার সহিত শত্রুতা-বদ্ধ। ইহাদিগকে সহসা পরাজিত করা সম্ভব হইবে না। বীরবর রাজন্ দুর্য্যোধন! আমি সর্ব্বপ্রকারে স্বীয় প্রাণের মায়া ত্যাগ করত পাণ্ডবগণের সৈন্যদের সহিত যুদ্ধ করিব ॥ ১০

মহানুভব! তোমার কার্য্যের সিদ্ধির জন্য এখন যুদ্ধে আমার প্রাণরক্ষাকেও আমি আবশ্যক বলিয়া মনে করি না। আমি তোমার মনোরথ পূরণের জন্য দেবগণের সহিত সমস্ত ভয়ঙ্কর দৈত্যদিগকেও দগ্ধ করিতে সমর্থ; সুতরাং শত্রুসৈন্যগণের সম্বন্ধে আর কি বলিবার আছে? ১১

তান্ পাণ্ডবান্ যোধয়িষ্যামি রাজন্
প্রিয়ঞ্চ তে সর্বমহং করিষ্যে।
শ্রুত্বৈব চৈতদ্ বচনং তদানীং
দুর্য্যোধনঃ প্রীতমনা বভূব ॥ ১২

সর্বাণি সৈন্যানি ততঃ প্রহৃষ্টো
নির্গচ্ছতেত্যাহ নৃপাংশ্চ সর্বান্।
তদাজ্ঞয়া তানি বিনির্যযুদ্রুতং
গজাশ্বপাদাতরথাযুতানি ॥ ১৩

প্রহর্ষযুক্তানি তু তানি রাজন্
মহান্তি নানাবিধশস্ত্রবন্তি।
স্থিতানি নাগাশ্বপদাতিমন্তি
বিরেজুরাজৌ তব রাজন্ বলানি ॥ ১৪

শস্ত্রাস্ত্রবিদ্ভির্নরবীরযোধৈ-
রধিষ্ঠিতাঃ সৈন্যগণাস্ত্বদীয়াঃ।
রথৌঘপাদাতগজাশ্বসঙ্ঘৈঃ
প্রয়াস্তিরাজৌ বিধিবৎ প্রণুন্নৈঃ ॥ ১৫

সমুদ্ধতং বৈ তরুণার্কবর্ণং
রজো বভৌ চ্ছাদয়ন্ সূর্য্যরশ্মীন্।
রেজুঃ পতাকা রথদন্তিসংস্থা
বাতেরিতা ভ্রাম্যমাণাঃ সমন্তাৎ ॥ ১৬

নানারঙ্গাঃ সমরে তত্র রাজন্
মেঘৈর্যুতা বিদ্যুতঃ খে যথৈব।
বৃন্দৈঃ স্থিতাশ্চাপি সুসম্প্রযুক্তা-
শ্চকাশিরে দন্তিগণাঃ সমন্তাৎ ॥ ১৭

ধনূংষি বিস্ফারয়তাং নৃপাণাং
বভূব শব্দস্তুমুলোঽতিঘোরঃ।
বিমথ্যতো দেবমহাসুরৌঘৈ-
র্যথার্ণবস্যাদিযুগে তদানীম্ ॥ ১৮

তদুগ্রনাগং বহুরূপবর্ণং
তবাত্মজানাং সমুদীর্ণমেবম্।
বভূব সৈন্যং রিপুসৈন্যহন্তৃ
যুগান্তমেঘৌঘনিভং তদানীম্ ॥ ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভীষ্মদুর্য্যোধন-
সংবাদে অশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮০

রাজন্! আমি সেই পাণ্ডবগণের সহিতও যুদ্ধ করিব এবং তোমার সম্পূর্ণ প্রিয় কার্য্য করিব। সেই সময় ভীষ্মের এই কথা শুনিয়া দুর্য্যোধনের মন প্রসন্ন হইয়া উঠিল। ১২

তদনন্তর দুর্য্যোধন অত্যন্ত হৃষ্ট হইয়া সমস্ত রাজগণকে ও সমগ্র সৈন্যবাহিনীকে বলিলেন,—যুদ্ধের জন্য নির্গত হও। রাজা দুর্য্যোধনের আজ্ঞা পাইয়া সহস্র সহস্র হস্তী, অশ্ব, পদাতি ও রথ-সমূহে পূর্ণ সমস্ত সৈন্য দ্রুত যুদ্ধের জন্য প্রস্থিত হইল। ১৩

মহারাজ! আপনার এই বিশাল সৈন্যবাহিনী নানাপ্রকার অস্ত্রে সজ্জিত ও অতিশয় আনন্দে যুক্ত ছিল। রাজন্! হস্তী, অশ্ব ও পদাতিসকলে পূর্ণ রণভূমিতে স্থিত সেই সৈন্যগণের অতিশয় শোভা হইতেছিল। ১৪

আপনার সকল সেনাপতিই অস্ত্রশস্ত্রসমূহে অভিজ্ঞ ও নরবীর যোদ্ধা ছিলেন। তাঁহাদের দ্বারা বিধি অনুসারে অনুশাসিত হইয়া রথসমূহ, পদাতি, হস্তী ও অশ্বগণ যখন যুদ্ধভূমিতে যাইতে লাগিল, তখন তাহাদের পদসমুত্থিত ধূলি সূর্য্যের কিরণাবলিকে আচ্ছাদিত প্রাতঃকালীন সূর্য্যের কিরণতুল্য বলিয়া প্রতীত হইতে থাকিল। রথসমূহে ও হস্তিসমূহে স্থিত পতাকাগুলি চারিদিকে বায়ুর প্রেরণায় উড়িতে থাকিয়া অতিশয় শোভা পাইতে লাগিল। ১৫-১৬

রাজন্! যেরূপ আকাশে মেঘের সহিত বিদ্যুৎ চমকিত হইয়া থাকে, সেইরূপ এই রণাঙ্গনে চারিদিকে বিভিন্ন বর্ণের দণ্ডশোভিত হস্তিসমূহের এক একটি দল শোভিত হইতেছিল। ইহারা সুন্দর-ভাবে সমরাঙ্গণে চালিত হইতেছিল। ১৭

যেরূপ আদিযুগে (সত্যযুগে) দেবতা ও দৈত্যগণের দ্বারা সমুদ্রমন্থনের সময় অত্যন্ত ভয়ঙ্কর শব্দ হইতেছিল, সেইরূপ এই সময় যুদ্ধস্থলে নিজ নিজ ধনুর টঙ্কারধ্বনিকারী রাজগণের অত্যন্ত ভয়ানক তুমুল শব্দ উত্থিত হইতেছিল। ১৮

মহারাজ! আপনার পুত্রদিগের এই সৈন্যবাহিনী ভয়ঙ্কর গজরাজসমূহে পরিপূর্ণ ছিল। তাহারা বিভিন্ন রূপ ও বর্ণবিশিষ্ট ছিল এবং তাহাদের বেগ ক্রমবর্দ্ধমান ছিল। সেই সময় প্রলয়-কালীন মেঘসমুদয়ের ন্যায় শত্রুসেনাকে সংহার করিতে সমর্থ বলিয়া প্রতীত হইতেছিল। ১৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্ম-দুর্য্যোধনসংবাদবিষয়ক অশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাশীতিতমোঽধ্যায়ঃ ।

[সপ্তমদিবসযুদ্ধে কৌরব-পাণ্ডবসৈন্যানাং মণ্ডল-বজ্রব্যূহৌ নির্ম্মায় ভীষণ-সংগ্রামঃ ।]

সঞ্জয় উবাচ

অথাত্মজং তব পুনর্গাঙ্গেয়ো ধ্যানমাস্থিতম্ ।
অব্রবীদ্ ভরতশ্রেষ্ঠঃ সম্প্রহর্ষকরং বচঃ ॥ ১

অহং দ্রোণশ্চ শল্যশ্চ কৃতবর্মা চ সাত্বতঃ ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ ভগদত্তোঽথ সৌবলঃ ॥ ২

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বাহ্লীকঃ সহ বাহ্লিকৈঃ ।
ত্রিগর্তরাজো বলবান্ মাগধশ্চ সুদুর্জয়ঃ ॥ ৩

বৃহদ্বলশ্চ কৌশল্যশ্চিত্রসেনো বিবিংশতিঃ ।
রথাশ্চ বহুসাহস্রাঃ শোভনাশ্চ মহাধ্বজাঃ ॥ ৪

দেশজাশ্চ হয়া রাজন্ স্বারূঢ়া হয়সাদিভিঃ ।
গজেন্দ্রাশ্চ মদোদ্বৃত্তাঃ প্রভিন্নকরটামুখাঃ ॥ ৫

পাদাতাশ্চ তথা শূরা নানাপ্রহরণধ্বজাঃ ।
নানাদেশসমুৎপন্নাস্ত্বদর্থে যোদ্ধুমুদ্যতা ॥ ৬

এতে চান্যে চ বহবস্ত্বদর্থে ত্যক্তজীবিতাঃ ।
দেবানপি রণে জেতুং সমর্থা ইতি মে মতিঃ ॥ ৭

অবশ্যং হি ময়া রাজংস্তব বাচ্যং হিতং সদা ।
অশক্যাঃ পাণ্ডবা জেতুং দেবৈরপি সবাসবৈঃ ॥ ৮

বাসুদেবসহায়াশ্চ মহেন্দ্রসমবিক্রমাঃ ।
সর্বথাহং তু রাজেন্দ্র করিষ্যে বচনং তব ॥ ৯

পাণ্ডবাংশ্চ রণে জেষ্যে মাং বা জেষ্যন্তি পাণ্ডবাঃ ।
এবমুক্ত্বা দদাবস্মৈ বিশল্যকরণীং শুভাম্ ॥ ১০

ঔষধীং বীর্য্যসম্পন্নাং বিশল্যশ্চাভবৎ তদা ।
ততঃ প্রভাতে বিমলে স্বেন সৈন্যেন বীর্য্যবান্ ॥ ১১

অব্যূহত স্বয়ং ব্যূহং ভীষ্মো ব্যূহবিশারদঃ ।
মণ্ডলং মনুজশ্রেষ্ঠো নানাশস্ত্রসমাকুলম্ ॥ ১২

সম্পূর্ণং যোধমুখ্যৈশ্চ তথা দন্তিপদাতিভিঃ ।
রথৈরনেকসাহস্রৈঃ সমন্তাৎ পরিবারিতম্ ॥ ১৩

একাশীতিতম অধ্যায় ।

[সপ্তম দিবসের যুদ্ধে কৌরব-পাণ্ডবসৈন্যগণের মণ্ডল ও বজ্রব্যূহ নির্ম্মাণপূর্ব্বক ভীষণ সঙ্ঘর্ষ ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ ! তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধনকে চিন্তামগ্ন দেখিয়া ভরতশ্রেষ্ঠ গঙ্গানন্দন ভীষ্ম তাঁহাকে পুনরায় হর্ষবর্দ্ধনকর এই বাক্য বলিলেন

রাজন্ ! আমি, দ্রোণাচার্য্য, শল্য, যদুবংশের কৃতবর্ম্মা, অশ্বত্থামা, বিকর্ণ, ভগদত্ত, সুবলপুত্র শকুনি, অবন্তিদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ, বাহ্লীকদেশীয় বীরগণের সহিত রাজা বাহ্লীক, বলবান্ ত্রিগর্ত্তরাজ, অত্যন্ত দুর্জ্জয় মগধপতি, কোশলাধিপতি বৃহদ্বল, চিত্রসেন, বিবিংশতি ও বিশাল ধ্বজশোভিত পরমসুন্দর কয়েক হাজার রথ, অশ্বারোহীতে পূর্ণ দেশীয় অশ্বসকল, গণ্ডস্থল হইতে মদধারাবাহী মদোন্মত্ত গজরাজগণ এবং বিবিধ অস্ত্র ধ্বজধারণকারী বিভিন্ন দেশীয় শূরবীর পদাতিক সৈন্যবাহিনী তোমার জন্য যুদ্ধ করিতে উদ্যত ॥ ২-৬

ইহারা এবং আরও বহু এরূপ সৈন্য আছে, যাহারা তোমার জন্য নিজ নিজ জীবনের মায়া ত্যাগ করিয়া দিয়াছে। আমার ত' এইরূপ বিশ্বাস আছে যে, ইহারা সকলে মিলিত হইয়া যুদ্ধে দেবতাগণকেও জয় করিতে সমর্থ ॥ ৭

রাজন্ ! আমার পক্ষে সর্ব্বদা তোমার হিতকর বাক্যই বলা উচিত ; সেইজন্য বলিতেছি যে, পাণ্ডবগণকে ইন্দ্রসহ সমগ্র দেবতাবৃন্দও জয় করিতে সমর্থ নন্ ॥ ৮

রাজেন্দ্র ! একে ত' তাহারা দেবরাজ ইন্দ্রতুল্য পরাক্রমশালী, তাহার উপর ভগবান্ শ্রীকৃষ্ণ উহাদের সহায়ক, (অতএব ইহাদিগকে জয় করা অসম্ভব), তথাপি আমি সর্ব্বতোভাবে তোমার বাক্য পালন করিব ॥ ৯

আমি হয় পাণ্ডবগণকে যুদ্ধে জয় করিব, অথবা পাণ্ডবেরাই আমাকে জয় করিবে—এই কথা বলিয়া ভীষ্ম বিশল্যকরণী নামে শুভ ও শক্তিশালিনী ওষধি প্রদান করিলেন। সেই সময় এই ঔষধির প্রভাবে দুর্য্যোধনের দেহে প্রবিষ্ট বাণসমূহ পীড়াদান করিয়াই নির্গত হইল এবং আঘাতজনিত ক্ষত ও তাহার কষ্ট হইতে দুর্য্যোধন মুক্ত হইলেন ॥

তদনন্তর নির্ম্মল প্রভাতকালে ব্যূহবিশারদ নরশ্রেষ্ঠ পরাক্রমশালী ভীষ্ম স্বীয় সৈন্যগণের দ্বারা স্বয়ংই নানাশাস্ত্রে পূর্ণ মণ্ডলনামক ব্যূহ নির্ম্মাণ করিলেন ॥ ১০-১২

এই ব্যূহ হস্তী ও পদাতি প্রভৃতি মুখ্য মুখ্য যোদ্ধাগণে পরিব্যাপ্ত ছিল। কয়েক হাজার রথী সৈন্যদ্বারা উহা চারিদিকে আবৃত ছিল ॥ ১৩

অশ্ববৃন্দৈর্মহদ্ভিশ্চ ঋষ্টি-তোমরধারিভিঃ।
নাগে নাগে রথাঃ সপ্ত সপ্ত চাশ্বা রথে রথে ॥ ১৪
অন্বশ্বং দশ ধানুষ্কা ধানুষ্কে দশ চর্মিণঃ।
এবং ব্যূঢ়ং মহারাজ তব সৈন্যং মহারথৈঃ ॥ ১৫
স্থিতং রণায় মহতে ভীষ্মেণ যুধি পালিতম্।
দশাশ্বানাং সহস্রাণি দন্তিনাঞ্চ তথৈব চ ॥ ১৬
রথানামযুতং চাপি পুত্রাশ্চ তব দংশিতাঃ।
চিত্রসেনাদয়ঃ শূরা অভ্যরক্ষন্ পিতামহম্ ॥ ১৭
রক্ষ্যমাণঃ স তৈঃ শূরৈর্গোপ্যমানাশ্চ তেন তে।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত রাজানশ্চ মহাবলাঃ ॥ ১৮
দুর্য্যোধনস্তু সমরে দংশিতো রথমাস্থিতঃ।
ব্যরাজত শ্রিয়া জুষ্টো যথা শক্রস্ত্রিবিষ্টপে ॥ ১৯
ততঃ শব্দো মহানাসীৎ পুত্রাণাং তব ভারত।
রথঘোষশ্চ বিপুলো বাদিত্রাণাঞ্চ নিস্বনঃ ॥ ২০

ঋষ্টি ও তোমারধারী অশ্বারোহী যোদ্ধাদিগের বিরাট্ দলে এই ব্যূহ পূর্ণ ছিল। এক একটি হস্তীর পশ্চাতে সাত সাতটি করিয়া রথ ছিল। এইরূপ এক একটি রথের পশ্চাতে সাত সাত জন করিয়া অশ্বারোহী যোদ্ধা, প্রত্যেক অশ্বারোহীর পশ্চাতে দশজন করিয়া ধনুর্দ্ধর এবং প্রত্যেক ধনুর্দ্ধরের পশ্চাতে দশজন করিয়া ঢাল তরবারিধারী বীর যোদ্ধা ছিল ॥

মহারাজ! এইরূপ মহারথী বীরগণের দ্বারা ব্যূহবদ্ধ হইয়া আপনার সৈন্যবাহিনী যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিল এবং ভীষ্ম রণক্ষেত্রে তাহাদের রক্ষা করিতে লাগিলেন ॥

এইভাবে সেখানে দশ হাজার অশ্ব, দশ হাজার হাতী, দশ হাজার রথ এবং আপনার চিত্রসেনাদি বীর পুত্রগণ কবচ ধারণ করত পিতামহ ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন। ১৪-১৭

এই সব বীরগণে ভীষ্ম সুরক্ষিত ছিলেন এবং ভীষ্মও আবার তাঁহাদের সকলকে রক্ষা করিতে লাগিলেন। সেস্থলে বহু মহাবল রাজা যুদ্ধের জন্য কবচধারণ করত সজ্জিত হইয়া আছেন—দেখা যাইল। ১৮

সৌন্দর্য্যমণ্ডিত রাজা দুর্য্যোধনও যুদ্ধস্থলে কবচধারণ করত রথে আরোহণ করিয়া সেরূপ শোভা পাইতে লাগিলেন, যেরূপ দেবরাজ ইন্দ্র স্বর্গে স্বীয় দিব্য প্রভায় প্রকাশিত হইয়া থাকেন ॥১৯

ভারত! তদনন্তর আপনার পুত্রগণের মহান্ সিংহনাদ শব্দ হইতে লাগিল এবং সেই সঙ্গে রথ ও বাদ্যসমূহেরও গম্ভীর শব্দ সমুত্থিত হইল। ২০

ভীষ্মেণ ধার্তরাষ্ট্রাণাং ব্যূঢ়ঃ প্রত্যঙ্মুখো যুধি।
মণ্ডলঃ স মহাব্যূহো দুর্ভেদ্যোঽমিত্রঘাতনঃ ॥ ২১
সর্বতঃ শুশুভে রাজন্ রণেঽরীণাং দুরাসদঃ।
মণ্ডলং তু সমালোক্য ব্যূহং পরমদুর্জয়ম্ ॥ ২২
স্বয়ং যুধিষ্ঠিরো রাজা বজ্রং ব্যূহমথাকরোৎ।
তথা ব্যূঢ়েম্বনীকেষু যথাস্থানমবস্থিতাঃ ॥ ২৩
রথিনঃ সাদিনঃ সর্বে সিংহনাদমথানদন্।
বিভিৎসবস্ততো ব্যূহং নির্যযুর্যুদ্ধকাঙ্ক্ষিণঃ ॥ ২৪
ইতরেতরতঃ শূরাঃ সহসৈন্যাঃ প্রহারিণঃ।
ভারদ্বাজো যযৌ মৎস্যং দ্রৌণিশ্চাপি শিখণ্ডিনম্ ॥২৫
স্বয়ং দুর্য্যোধনো রাজা পার্ষতং সমুপাদ্রবৎ।
নকুলঃ সহদেবশ্চ মদ্ররাজানমীয়তুঃ ॥ ২৬
বিন্দানুবিন্দাবাবন্ত্যাবিরাবন্তমভিদ্রুতৌ।
সর্বে নৃপাস্তু সমরে ধনঞ্জয়মযোধয়ন্ ॥ ২৭

ভীষ্ম যুদ্ধস্থলে কৌরবসৈন্যগণের পশ্চিমাভিমুখে ব্যূহ রচনা করিয়াছিলেন। এই মণ্ডলনামক মহাব্যূহ দুর্ভেদ্য ও শত্রুসংহারক ছিল। ২১

রাজন্! সেই রণাঙ্গনে সর্ব্বদিকে এই ব্যূহের অতিশয় শোভা প্রকাশিত হইতেছিল। ইহা শত্রুগণের পক্ষে সর্ব্বতোভাবে দুর্গম ছিল। কৌরবগণের অত্যন্ত দুর্জয় মণ্ডলব্যূহকে দেখিয়া রাজা যুধিষ্ঠির স্বয়ং স্বীয় সৈন্যগণের জন্য বজ্রব্যূহ নির্ম্মাণ করিলেন।

এইভাবে সৈন্যদের ব্যূহরচনা শেষ হইলে যথাযথ স্থানে স্থিত রথী ও অশ্বারোহী প্রভৃতি সমস্ত সৈন্যগণই সিংহনাদ করিতে লাগিল।

তাহার পর প্রহার করিতে অভিজ্ঞ সমস্ত বীর যোদ্ধারা পরস্পরের ব্যূহ ভেদ করিতে এবং পরস্পরের সহিত যুদ্ধের ইচ্ছা করিয়া সসৈন্যে অগ্রসর হইতে লাগিলেন ॥

তখন দ্রোণাচার্য্য বিরাটের দিকে এবং অশ্বত্থামা শিখণ্ডীর দিকে ধাবিত হইলেন। স্বয়ং রাজা দুর্য্যোধন দ্রুপদের উপর আক্রমণ করিলেন।

নকুল ও সহদেব নিজের মামা মদ্ররাজ শল্যের দিকে ধাবিত হইলেন। অবন্তীদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ ইরাবানের উপর আক্রমণ করিলেন।

অন্যান্য সমস্ত নরপতিগণ তখন অর্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। ভীমসেন যুদ্ধে বিচরণ করিতে করিতে কৃতবর্ম্মাকে

ভীমসেনো রণে যান্তং হার্দিক্যং সমবারয়ৎ।
চিত্রসেনং বিকর্ণঞ্চ তথা দুর্মর্ষণং বিভুঃ॥ ২৮
আর্জুনিঃ সমরে রাজংস্তব পুত্রানযোধয়ৎ।
প্রাগ্‌জ্যোতিষো মহেষ্বাসো হৈড়িম্বং রাক্ষসোত্তমম্‌॥২৯
অভিদুদ্রাব বেগেন মত্তো মত্তমিব দ্বিপম্‌।
অলম্বুষস্তদা রাজন্‌ সাত্যকিং যুদ্ধদুর্মদম্‌॥ ৩০
সসৈন্যং সমরে ক্রুদ্ধো রাক্ষসঃ সমুপাদ্রবৎ।
ভূরিশ্রবা রণে যত্তো ধৃষ্টকেতুমযোধয়ৎ॥ ৩১
শ্রুতায়ুষঞ্চ রাজানং ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
চেকিতানশ্চ সমরে কৃপমেবান্বযোধয়ৎ॥ ৩২
শেষাঃ প্রতিযযুর্যত্তা ভীষ্মমেব মহারথম।
ততো রাজসমূহাস্তে পরিবব্রুর্ধনঞ্জয়ম॥ ৩৩
শক্তি-তোমর-নারাচ-গদা-পরিঘপাণয়ঃ।
অর্জুনোঽথ ভৃশং ক্রুদ্ধো বার্ষ্ণেয়মিদমব্রবীৎ॥ ৩৪
পশ্য মাধব সৈন্যানি ধার্তরাষ্ট্রস্য সংযুগে।
ব্যূঢানি ব্যূহবিদুষা গাঙ্গেয়েন মহাত্মনা॥ ৩৫
যুদ্ধাভিকামান্‌ শূরাংশ্চ পশ্য মাধব দংশিতান্‌।
ত্রিগর্তরাজং সহিতং ভ্রাতৃভিঃ পশ্য কেশব॥ ৩৬
অদ্যৈতান্‌ নাশয়িষ্যামি পশ্যতস্তে জনার্দন।
য ইমে মাং যদুশ্রেষ্ঠ যোদ্ধুকামা রণাজিরে॥ ৩৭
এতদুক্ত্বা তু কৌন্তেয়ো ধনুর্জ্যামবমৃজ্য চ।
ববর্ষ শরবর্ষাণি নরাধিপগণান্‌ প্রতি॥ ৩৮
তেঽপি তং পরমেষ্বাসাঃ শরবর্ষৈরপূরয়ন্‌।
তড়াগং বারিধারাভির্যথা প্রাবৃষি তোয়দাঃ॥ ৩৯
হাহাকারো মহানাসীৎ তব সৈন্যে বিশাম্পতে।
ছাদ্যমানৌ রণে কৃষ্ণৌ শরৈর্দৃষ্ট্বা মহারণে॥ ৪০
দেবা দেবর্ষয়শ্চৈব গন্ধর্বাশ্চ সহোরগৈঃ।
বিস্ময়ং পরমং জগ্মুর্দৃষ্ট্বা কৃষ্ণৌ তথাগতৌ॥ ৪১

নিবারিত করিলেন। রাজন্‌! শাক্তশালী অর্জ্জুননন্দন অভিমন্যু সংগ্রামভূমিতে আপনার তিন পুত্র চিত্রসেন, বিকর্ণ ও দুর্মর্ষণের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। মহাধনুর্দ্ধর ভগদত্ত তীব্রবেগে রাক্ষসপ্রবর ঘটোৎকচের উপর আক্রমণ করিলেন। তাহাতে মনে হইল—কোন মদমত্ত হস্তী অপর এক মদমত্ত হস্তীর উপর আক্রমণ করিল।

রাজন্‌! সেই সময় রাক্ষস অলম্বুষ যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রামরত সাত্যকির উপর ক্রোধভরে ধাবিত হইয়া আক্রমণ করিল॥

ভূরিশ্রবা রণভূমিতে যত্নসহকারে ধৃষ্টকেতুর সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। ধর্ম্মপুত্র যুধিষ্ঠির রাজা শ্রুতায়ুর সহিত যুদ্ধ করিতে লাগিলেন।

চেকিতান রণাঙ্গনে কৃপাচার্য্যের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। অবশিষ্ট যোদ্ধারা যত্নসহকারে মহারথী ভীষ্মের প্রতি যুদ্ধার্থ অগ্রসর হইলেন।

তারপর আপনার পক্ষের সেই রাজারা কুন্তীপুত্র ধনঞ্জয়কে সর্ব্বদিকে ঘিরিয়া ফেলিলেন। তাঁহাদের সকলের হাতে শক্তি, তোমর, নারাচ, গদা ও পরিঘ প্রভৃতি ছিল॥

তাহার পর অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ভগবান্‌ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন,—মাধব! যুদ্ধস্থলে দুর্য্যোধনের এই সৈন্যগণকে অবলোকন করুন, ব্যূহসম্বন্ধে বিশেষজ্ঞ মহাত্মা গঙ্গানন্দন ভীষ্ম ইহাদের ব্যূহ রচনা করিয়াছেন॥ ২২-৩৫

মাধব! যুদ্ধের আকাঙ্ক্ষা করিয়া কবচধারণ করত সমাগত এই সব বীর সৈন্যগণকে নিরীক্ষণ করুন। কেশব! আরও দেখুন, ভ্রাতৃবৃন্দের সহিত এই ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মাও এখানে উপস্থিত আছেন॥ ৩৬

জনার্দ্দন! যদুশ্রেষ্ঠ! এই যে যাঁহারা রণাঙ্গনে আমার সহিত যুদ্ধ করিতে অভিলাষী হইয়াছেন, আমি ইঁহাদের সকলকেই আপনার সাক্ষাতেই বিনাশ করিব॥ ৩৭

এই কথা বলিয়া কুন্তীনন্দন অর্জ্জুন স্বীয় গাণ্ডীবধনুর গুণের উপর হস্তমার্জ্জনা করিলেন এবং বিপক্ষীয় নরপতিগণের উপর বাণ বর্ষণ আরম্ভ করিয়া দিলেন॥ ৩৮

যেরূপ বারিবর্ষণশীল মেঘ বর্ষাকালে জলধারা বর্ষণ করিয়া তড়াগকে (বৃহৎ পুষ্করিণীকে) পূর্ণ করিয়া থাকে, সেইরূপ এই মহাধনুর্দ্ধর নরপতিগণও বাণবর্ষণের দ্বারা অর্জ্জুনকে পূর্ণ করিয়া ফেলিলেন॥ ৩৯

প্রজানাথ! সেই মহাযুদ্ধে অর্জ্জুন ও শ্রীকৃষ্ণকে বাণসমূহে আচ্ছাদিত হইয়া যাইতে দেখিয়া আপনার সৈন্যদের মধ্যে মহা-হাহাকার ধ্বনি হইতে লাগিল॥ ৪০

শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনকে এইরূপ অবস্থায় পতিত হইতে দেখিয়া দেবতা, দেবর্ষি, গন্ধর্ব্ব ও নাগগণের মধ্যে অতিশয় বিস্ময়ের সঞ্চার হইল॥ ৪১

ততঃ ক্রুদ্ধোঽর্জ্জুনো রাজন্নৈন্দ্রমস্ত্রমুদৈরয়ৎ।
তত্রাদ্ভুতমপশ্যাম বিজয়স্য পরাক্রমম্ ॥ ৪২
শস্ত্রবৃষ্টিং পরৈর্মুক্তাং শরৌঘৈর্যদবারয়ৎ।
ন চ তত্রাপ্যনির্ভিন্নঃ কশ্চিদাসীদ্ বিশাম্পতে ॥ ৪৩
তেষাং রাজসহস্রাণাং হয়ানাং দন্তিনাং তথা।
দ্বাভ্যাং ত্রিভিঃ শরৈশ্চান্যান্ পার্থো বিব্যাধ মারিষ ॥৪৪
তে হন্যমানাঃ পার্থেন ভীষ্মং শান্তনবং যযুঃ।
অগাধে মজ্জমানানাং ভীষ্মঃ পোতোঽভবৎ তদা ॥ ৪৫
আপতদ্ভিস্তু তৈস্তত্র প্রভগ্নং তাবকং বলম্।
সঙ্ক্ষুব্ধে মহারাজ বাতৈরিব মহার্ণবঃ ॥ ৪৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি সপ্তমযুদ্ধদিবসে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮১

রাজন্! তখন অর্জ্জুন কুপিত হইয়া ইন্দ্রাস্ত্র প্রয়োগ করিলেন। সেই সময় আমরা সকলে অর্জ্জুনের অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥ ৪২

তিনি স্বীয় বাণসমূহে শত্রুগণের কৃত বাণবর্ষণকে নিবারণ করিলেন। মহারাজ! সেই সময় সেখানে এরূপ কোন যোদ্ধাই ছিলেন না, যিনি তাঁহার বাণে ক্ষত-বিক্ষত হন নাই ॥ ৪৩

আর্য্য! কুন্তীকুমার অর্জ্জুন সেই সহস্র রাজগণের মধ্যে এবং অশ্ব ও হস্তিসকলের মধ্যে কাহাকেও দুই দুই বাণে এবং কাহাকেও তিন তিন বাণে বিদ্ধ করিয়াছিলেন ॥ ৪৪

অর্জ্জুনের বাণে পুনঃ পুনঃ আঘাতপ্রাপ্ত হইয়া তাঁহারা সকলে শান্তনুনন্দন ভীষ্মের শরণাপন্ন হইলেন। সেই সময় অগাধ বিপদ-সাগরে নিমজ্জমান সৈন্যদের পক্ষে ভীষ্ম পোত (জাহাজ)-স্বরূপ হইলেন ॥ ৪৫

মহারাজ! পাণ্ডবগণের আক্রমণে আপনার সৈন্যদের ব্যূহ ভঙ্গ হইয়া যাইল। তখন সেই সৈন্যবাহিনী প্রচণ্ডবায়ুর বেগে সমুদ্রের ক্ষুব্ধ হওয়ার ন্যায় বিক্ষুব্ধ হইয়া উঠিল ॥ ৪৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে সপ্তমদিবসের যুদ্ধবিষয়ক একাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণার্জ্জুনভয়েন যুদ্ধং বিহায় কৌরবসৈন্যানাং পলায়নম্, দ্রোণাচার্য্যেণ সহ বিরাটস্য সংগ্রামঃ, বিরাটপুত্র-শঙ্খস্য বিনাশঃ, শিখণ্ডিনা সহাশ্বত্থাম্নো যুদ্ধম্, সাত্যকিনালম্বুষস্য পরাজয়ঃ, ধৃষ্টদ্যুম্নেন দুর্য্যোধনস্য পরাভবঃ, ভীমসেনেন সহ কৃতবর্ম্মণঃ সঙ্ঘর্ষশ্চ।]

সঞ্জয় উবাচ।
তথা প্রবৃত্তে সংগ্রামে নিবৃত্তে চ সুশর্ম্মণি।
ভগ্নেষু চাপি বীরেষু পাণ্ডবেন মহাত্মনা ॥ ১
ক্ষুভ্যমাণে বলে তূর্ণং সাগরপ্রতিমে তব।
প্রত্যুদ্যাতে চ গাঙ্গেয়ে ত্বরিতং বিজয়ং প্রতি ॥
দৃষ্ট্বা দুর্য্যোধনো রাজা রণে পার্থস্য বিক্রমম্
ত্বরমাণঃ সমভ্যেত্য সর্ব্বাংস্তানব্রবীন্নৃপান্ ॥ ৩
তেষাং তু প্রমুখে শূরং সুশর্ম্মাণং মহাবলম্।
মধ্যে সর্ব্বস্য সৈন্যস্য ভৃশং সংহর্ষয়ন্নিব ॥ ৪

দ্ব্যশীতিতম অধ্যায়।

[শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের ভয়ে কৌরবসৈন্যগণের যুদ্ধত্যাগ করিয়া পলায়ন, দ্রোণাচার্য্য ও বিরাটের যুদ্ধ, বিরাটপুত্র শঙ্খের বিনাশ, শিখণ্ডী ও অশ্বত্থামার যুদ্ধ, সাত্যকিকর্তৃক অলম্বুষের পরাজয়, ধৃষ্টদ্যুম্ন কর্তৃক দুর্য্যোধনের পরাভব এবং ভীমসেন ও কৃতবর্ম্মার যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপে সংগ্রাম আরম্ভ হইলে র মহাত্মা পাণ্ডুনন্দন অর্জ্জুনকর্তৃক পরাজিত হইয়া সুশর্ম্মা যুদ্ধ হইতে দূরে পলায়ন করিলেন এবং অন্যান্য বীর যোদ্ধারাও রণে ভঙ্গ দিয়া পলায়ন করিলেন ॥ ১

আপনার সমুদ্রতুল্য বিশালবাহিনীর মধ্যে অতিক্রান্ত ক্ষোভের সঞ্চার হইল। সেই সময় গঙ্গানন্দন ভীষ্ম ত্বরিতগতিতে অর্জ্জুনের উপর আক্রমণ করিলেন ॥ ২

রাজা দুর্য্যোধন রণাঙ্গনে অর্জ্জুনের পরাক্রম দেখিয়া ব্যগ্রতা-সহকারে নিকটে যাইয়া সমস্ত নৃপগণকে বলিলেন ॥ ৩

সেই নরপতিগণের সম্মুখে সমস্ত সৈন্যদের মধ্যে বীর মহাবল সুশর্ম্মাকে অতিশয় হর্ষ প্রদান করিতে করিতে দুর্য্যোধন এই কথা বলিলেন ॥ ৪

এষ ভীষ্মঃ শান্তনবো যোদ্ধকামো ধনঞ্জয়ম্।
সর্বাত্মনা কুরুশ্রেষ্ঠস্ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥ ৫
তং প্রযান্তং রণে বীরং সর্বসৈন্যেন ভারতম্।
সংযত্তাঃ সমরে সর্বে পালয়ধ্বং পিতামহম্ ॥ ৬
বাঢ়মিত্যেবমুক্ত্বা তু তান্যনীকানি সর্বশঃ।
নরেন্দ্রাণাং মহারাজ সমাজগ্মুঃ পিতামহম্ ॥ ৭
ততঃ প্রযাতঃ সহসা ভীষ্মঃ শান্তনবোঽর্জুনম্।
রণে ভারতমায়ান্তমাসসাদ মহাবলঃ ॥ ৮
মহাশ্বেতাশ্বযুক্তেন ভীমবানরকেতুনা।
মহতা মেঘনাদেন রথেনাতিবিরাজতা ॥ ৯
সমরে সর্বসৈন্যানামুপযান্তং ধনঞ্জয়ম্।
অভবৎ তুমুলো নাদো ভয়াদ্ দৃষ্ট্বা কিরীটিনম্ ॥ ১০
অভীষুহস্তং কৃষ্ণঞ্চ দৃষ্ট্বাদিত্যমিবাপরম্।
মধ্যন্দিনগতং সংখ্যে ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ॥ ১১

বীরগণ! এই শান্তনুনন্দন ভীষ্ম স্বীয় জীবনের মায়া ত্যাগ করিয়া সর্বতোভাবে অর্জুনের সহিত যুদ্ধ করিতে অভিলাষী হইয়াছেন ॥ ৫

সকল সৈন্যের সহিত যুদ্ধের জন্য প্রস্থিত আমার বীর পিতামহ ভরতনন্দন ভীষ্মকে আপনারা সকলে যত্নসহকারে রক্ষা করুন ॥ ৬

মহারাজ! "আচ্ছা, তাহাই হউক" এই কথা বলিয়া নরপতিগণের সেই সমস্ত সৈন্যবাহিনী পিতামহ ভীষ্মের নিকট গমন করিলেন ॥ ৭

তদনন্তর শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধভূমিতে সহসা অর্জুনের সম্মুখে উপস্থিত হইলেন। ভরতবংশীয় ভীষ্মকে আসিতে দেখিয়া মহাবল অর্জুন তাঁহার নিকট গমন করিলেন ॥ ৮

তিনি যে রথে আরোহণ করিয়া আসিতেছিলেন, সেই রথ অতিশয় সুশোভিত ছিল। তাহাতে শ্বেতবর্ণের বিশাল অশ্বসমূহ যোজিত ছিল। তাহার উপর ভয়ঙ্কর বানরচিহ্নিত ধ্বজ উড়িতেছিল এবং এই রথের চক্রসমূহের শব্দ মেঘের ন্যায় গম্ভীর ছিল ॥ ৯

কিরীটধারী অর্জুনকে যুদ্ধের নিকটে আসিতে দেখিয়াই ভয়ে সমস্ত সৈন্যগণের মধ্যে তুমুল কোলাহল ধ্বনি হইতে লাগিল ॥ ১০

হস্তে অশ্বের রজ্জু ধারণ করত মধ্যাহ্নকালীন অপর এক সূর্য্যের ন্যায় তেজস্বী শ্রীকৃষ্ণকে রণাঙ্গনে উপস্থিত হইতে দেখিয়া কোনও যোদ্ধা তাঁহার দিকে দৃষ্টিপাত করিতেই পারিলেন না ॥ ১১

তথা শান্তনবং ভীষ্মং শ্বেতাশ্বং শ্বেতকার্মুকম্।
ন শেকুঃ পাণ্ডবা দ্রষ্টুং শ্বেতং গ্রহমিবোদিতম্ ॥ ১২
স সর্বতঃ পরিবৃতস্ত্রিগর্তৈঃ সুমহাত্মভিঃ।
ভ্রাতৃভিঃ সহপুত্রৈশ্চ তথান্যৈশ্চ মহারথৈঃ ॥ ১৩
ভারদ্বাজস্তু সমরে মৎস্যং বিব্যাধ পত্রিণা।
ধ্বজং চাস্য শরেণাজৌ ধনুশ্চৈকেন চিচ্ছিদে ॥ ১৪
তদপাস্য ধনুশ্ছিন্নং বিরাটো বাহিনীপতিঃ।
অন্যদাদত্ত বেগেন ধনুর্ভারসহং দৃঢ়ম্ ॥ ১৫
শরাংশ্চাশীবিষাকারান্ জ্বলিতান্ পন্নগানিব।
দ্রোণং ত্রিভিশ্চ বিব্যাধ চতুর্ভিশ্চাস্য বাজিনঃ ॥ ১৬
ধ্বজমেকেন বিব্যাধ সারথিং চাস্য পঞ্চভিঃ।
ধনুরেকেষুণাবিধ্যৎ তত্রাক্রুধ্যদ্ দ্বিজর্ষভঃ ॥ ১৭
তস্য দ্রোণোঽবধীদশ্বান্ শরৈঃ সন্নতপর্বভিঃ।
অষ্টাভির্ভরতশ্রেষ্ঠ সূতমেকেন পত্রিণা ॥ ১৮

এই রূপ শ্বেতঅশ্বযুক্ত ও শ্বেতবর্ণের ধনুঃশোভিত শান্তনুনন্দন ভীষ্মকে শ্বেত গ্রহের ন্যায় উদিত হইতে দেখিয়া পাণ্ডব সৈন্যগণ তাঁহার দিকে তাকাইতে সমর্থ হইলেন না ॥ ১২

মহাত্মা ত্রিগর্ত স্বীয় ভ্রাতৃবৃন্দ, পুত্র ও অন্যান্য মহারথী বীরগণের সহিত উপস্থিত হইয়া ভীষ্মকে চারিদিকে পরিবৃত করিয়া রাখিয়াছিলেন ॥ ১৩

অপর দিকে দ্রোণাচার্য্য মৎস্যরাজ বিরাটের সহিত যুদ্ধে তাঁহাকে এক বাণে বিদ্ধ করিলেন এবং এক বাণে ধ্বজ ও আর এক বাণে তাহার ধনু ছিন্ন করিলেন ॥ ১৪

সেনাপতি বিরাট সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া হস্তে অপর একটি সুদৃঢ় ধনু গ্রহণ করিলেন, যাহা ভার বহন করিতে সমর্থ ছিল ॥ ১৫

তিনি সেই ধনু দ্বারা প্রজ্বলিত সর্পসমূহসদৃশ বিষাক্ত নাগাকৃতিতুল্য বাণ নিক্ষেপ করিয়া তিন বাণে দ্রোণাচার্য্যকে এবং চার বাণে তাঁহার অশ্বগণকে বিদ্ধ করিলেন ॥ ১৬

পুনরায় এক বাণে ধ্বজ, পাঁচ বাণে সারথি ও এক বাণে ধনু বিদ্ধ করিলেন। ইহাতে দ্বিজশ্রেষ্ঠ দ্রোণাচার্য্য ক্রুদ্ধ হইলেন ॥ ১৭

ভরতশ্রেষ্ঠ! তারপর দ্রোণাচার্য্য আনতপর্বযুক্ত আট বাণে বিরাটের অশ্বগণকে এবং এক বাণে সারথিকে বিনাশ করিলেন। ১৮

স হতাশ্বাদবপ্লুত্য স্যন্দনাদ্ধতসারথিঃ।
আরুরোহ রথং তূর্ণং পুত্রস্য রথিনাং বরঃ॥ ১৯
ততস্তু তৌ পিতাপুত্রৌ ভারদ্বাজং রথে স্থিতৌ।
মহতা শরবর্ষেণ বারয়ামাসতুর্বলাৎ॥ ২০
ভারদ্বাজস্ততঃ ক্রুদ্ধঃ শরমাশীবিষোপমম্।
চিক্ষেপ সমরে তূর্ণং শঙ্খং প্রতি জনেশ্বর॥ ২১
স তস্য হৃদয়ং ভিত্ত্বা পীত্বা শোণিতমাহবে।
জগাম ধরণীং বাণো লোহিতার্দ্রবরচ্ছদঃ॥ ২২
স পপাত রণে তূর্ণং ভারদ্বাজশরাহতঃ।
ধনুস্ত্যক্ত্বা শরাংশ্চৈব পিতুরেব সমীপতঃ॥ ২৩
হতং তমাত্মজং দৃষ্ট্বা বিরাটঃ প্রাদ্রবদ্ ভয়াৎ।
উৎসৃজ্য সমরে দ্রোণং ব্যাত্তাননমিবান্তকম্॥ ২৪
ভারদ্বাজস্ততস্তূর্ণং পাণ্ডবানাং মহাচমূম্।
দারয়ামাস সমরে শতশোঽথ সহস্রশঃ॥ ২৫
শিখণ্ডী তু মহারাজ দ্রৌণিমাসাদ্য সংযুগে।
আজঘান ভ্রুবোর্মধ্যে নারাচৈস্ত্রিভিরাশুগৈঃ॥ ২৬
স বভৌ রথশার্দূলো ললাটে সংস্থিতৈস্ত্রিভিঃ।
শিখরৈঃ কাঞ্চনময়ৈর্মেরুস্ত্রিভিরিবোচ্ছ্রিতৈঃ॥ ২৭
অশ্বত্থামা ততঃ ক্রুদ্ধো নিমেষার্ধাচ্ছিখণ্ডিনঃ।
ধ্বজং সূতমথো রাজংস্তুরগানায়ুধানি চ॥ ২৮
শরৈর্বহুভিরাচ্ছিদ্য পাতয়ামাস সংযুগে।
স হতাশ্বাদবপ্লুত্য রথাদ্ বৈ রথিনাং বরঃ॥ ২৯
খড়্গমাদায় সুশিতং বিমলঞ্চ শরাবরম্।
শ্যেনবদ্ ব্যচরৎ ক্রুদ্ধঃ শিখণ্ডী শত্রুতাপনঃ॥ ৩০
সখড়্গস্য মহারাজ চরতস্তস্য সংযুগে।
নান্তরং দদৃশে দ্রৌণিস্তদদ্ভুতমিবাভবৎ॥ ৩১
ততঃ শরসহস্রাণি বহূনি ভরতর্ষভ।
প্রেষয়ামাস সমরে দ্রৌণিঃ পরমকোপনঃ॥ ৩২
তামাপতন্তীং সমরে শরবৃষ্টিং সুদারুণাম্।
অসিনা তীক্ষ্ণধারেণ চিচ্ছেদ বলিনাং বরঃ॥ ৩৩

সারথি ও অশ্ব নিহত হইলে রথিগণের মধ্যে শ্রেষ্ঠ বিরাট অতি দ্রুত নিজ রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং স্বীয় পুত্রের রথে গিয়া আরোহণ করিলেন॥ ১৯

তারপর পিতা পুত্র উভয়ে একই রথে উপবিষ্ট হইয়া প্রচুর বাণবর্ষণের দ্বারা দ্রোণাচার্য্যকে বলপূর্ব্বক নিবারণ করিলেন॥ ২০

জনেশ্বর! তখন দ্রোণাচার্য্য কুপিত হইয়া সমরাঙ্গণে বিষধর সর্প-তুল্য একটি ভয়ঙ্কর বাণ অতি দ্রুত শঙ্খের উপর নিক্ষেপ করিলেন॥ ২১

এই বাণ শঙ্খের বক্ষঃস্থল ভেদ করিয়া রক্তপান করত রণাঙ্গনে ভূতলে প্রবেশ করিল। এই বাণের শ্রেষ্ঠ পক্ষ রক্তে আর্দ্র হইয়া লোহিত বর্ণ হইয়াছিল॥ ২২

দ্রোণাচার্য্যের বাণে আহত হইয়া শঙ্খ পিতা বিরাটের নিকটেই ধনুর্বাণ পরিত্যাগ করিয়া দ্রুতগতিতে রণভূমিতে পতিত হইলেন॥ ২৩

নিজ পুত্রকে নিহত হইতে দেখিয়া মুখ বিস্তারকারী কালের ন্যায় ভয়ানক দ্রোণাচার্য্যকে সমরস্থলে পরিহার করিয়া বিরাট ভয়বশতঃ পলায়ন করিলেন॥ ২৪

তখন দ্রোণাচার্য্য সংগ্রাম-ভূমিতে অতি দ্রুতগতিতে পাণ্ডবগণের বিশাল বাহিনীকে বিদীর্ণ করিতে লাগিলেন। ইহাতে শত শত সহস্র সহস্র যোদ্ধা ধরাশায়ী হইল॥ ২৫

মহারাজ! অপর দিকে শিখণ্ডী যুদ্ধভূমিতে অশ্বত্থামার নিকট যাইয়া তিনটি শীঘ্রগামী নারাচের দ্বারা তাঁহার ভ্রূদ্বয়ের মধ্যভাগে আঘাত করিলেন॥ ২৬

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ অশ্বত্থামা ললাটে সংসক্ত সেই তিনটি বাণের দ্বারা তিনটি উচ্চ সুবর্ণময় শিখরে যুক্ত মেরুপর্ব্বততুল্য শোভা পাইতে লাগিলেন॥ ২৭

রাজন্! তদনন্তর ক্রুদ্ধ অশ্বত্থামা অর্দ্ধ নিমেষের মধ্যেই বহু বাণে শিখণ্ডীর ধ্বজ, সারথি, অশ্বগণ ও আয়ুধসমূহকে ছিন্ন করিয়া ভূপাতিত করিলেন॥

রথিগণশ্রেষ্ঠ শত্রুসন্তাপী শিখণ্ডী অশ্ব নিহত হইলে সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং অত্যন্ত তীক্ষ্ণ ও নির্ম্মল তরবারি এবং ঢাল হাতে লইয়া ক্রুদ্ধচিত্তে শ্যেন পক্ষীর ন্যায় চারিদিকে বিচরণ করিতে লাগিলেন॥ ২৮-৩০

মহারাজ! তরবারি লইয়া যুদ্ধে বিচরণকারী শিখণ্ডীর অল্পও কোন ছিদ্র অশ্বত্থামা দেখিতে পাইলেন না। ইহা যেন তখন এক অদ্ভুত ব্যাপার বলিয়া মনে হইতে লাগিল॥ ৩১

ভরতশ্রেষ্ঠ! তখন অতি কোপনস্বভাব অশ্বত্থামা সমরাঙ্গণে শিখণ্ডীর উপর কয়েক হাজার বাণ বর্ষণ করিলেন॥ ৩২

বলবান্‌গণের মধ্যে শ্রেষ্ঠ শিখণ্ডী সমরক্ষেত্রে নিজের উপর পতিত অতিশয় ভয়ঙ্কর বাণবর্ষণকে তীক্ষ্ণ ধারাল তরবারিদ্বারা ছেদন করিয়া ফেলিলেন॥ ৩৩

ততোঽস্য বিমলং দ্রৌণিঃ শতচন্দ্রং মনোরমম্।
চর্মাচ্ছিনদসিং চাস্য খণ্ডয়ামাস সংযুগে ॥ ৩৪
শিতৈস্তু বহুশো রাজংস্তঞ্চ বিব্যাধ পত্রিভিঃ।
শিখণ্ডী তু ততঃ খঙ্গং খণ্ডিতং তেন সায়কৈঃ ॥ ৩৫
আবিধ্য ব্যসৃজৎ তূর্ণং জ্বলন্তমিব পন্নগম্।
তমাপতন্তং সহসা কালানলসমপ্রভম্ ॥ ৩৬
চিচ্ছেদ সমরে দ্রৌণির্দর্শয়ন্ পাণিলাঘবম্।
শিখণ্ডিনঞ্চ বিব্যাধ শরৈর্বহুভিরায়সৈঃ ॥ ৩৭
শিখণ্ডী তু ভৃশং রাজংস্তাড্যমানঃ শিতৈঃ শরৈঃ।
আরুরোহ রথং তূর্ণং মাধবস্য মহাত্মনঃ ॥ ৩৮
সাত্যকিশ্চাপি সংক্রুদ্ধো রাক্ষসং ক্রূরমাহবে।
অলম্বুষং শরৈস্তীক্ষ্ণৈর্বিব্যাধ বলিনাং বরঃ ॥ ৩৯
রাক্ষসেন্দ্রস্ততস্তস্য ধনুশ্চিচ্ছেদ ভারত।
অর্ধচন্দ্রেণ সমরে তঞ্চ বিব্যাধ সায়কৈঃ ॥ ৪০

মায়াঞ্চ রাক্ষসীং কৃত্বা শরবর্ষৈরবাকিরৎ।
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়স্য পরাক্রমম্ ॥ ৪১
অসম্ভ্রমস্তু সমরে বধ্যমানঃ শিতৈঃ শরৈঃ।
ঐন্দ্রমস্ত্রঞ্চ বার্ষ্ণেয়ো যোজয়ামাস ভারত ॥ ৪২
বিজয়াদ্ যদনুপ্রাপ্তং মাধবেন যশস্বিনা
তদস্ত্রং ভস্মসাৎ কৃত্বা মায়াং তাং রাক্ষসীং তদা ॥ ৪৩
অলম্বুষং শরৈরন্যৈরভ্যাকিরত সর্বতঃ।
পর্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকঃ ॥ ৪৪
তৎ তথা পীড়িতং তেন মাধবেন যশস্বিনা।
প্রদুদ্রাব ভয়াদ্ রক্ষস্ত্যক্ত্বা সাত্যকিমাহবে ॥ ৪৫
তমজেয়ং রাক্ষসেন্দ্রং সংখ্যে মঘবতা অপি।
শৈনেয়ঃ প্রাণদজ্জিত্বা যোধানাং তব পশ্যতাম্ ॥ ৪৬
ন্যহনৎ তাবকাংশ্চাপি সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
নিশিতৈর্বহুভির্বাণৈস্তেঽদ্রবন্ত ভয়াদিতাঃ ॥ ৪৭

তখন অশ্বত্থামা শত চন্দ্রাকারচিহ্নে সুশোভিত শিখণ্ডীর পরম সুন্দর ঢাল ও নির্মল তরবারিকে যুদ্ধে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিয়া দিলেন ॥ ৩৪

রাজন্! তারপর পক্ষযুক্ত তীক্ষ্ণ বাণসমূহে শিখণ্ডীকে বিদ্ধ করিলেন। অশ্বত্থামার অস্ত্রসমূহের আঘাতে খণ্ডিত সেই তরবারিকে শিখণ্ডী সবেগে ঘুরাইয়া অতিসত্বর তাঁহার উপর নিক্ষেপ করিলেন। এই তরবারি তখন প্রজ্বলিত সর্পসদৃশ প্রকাশিত হইয়া উঠিল। নিজের দিকে আগত প্রলয়কালীন অগ্নিতুল্য তেজস্বী সেই তরবারিকে অশ্বত্থামা স্বীয় হস্তনৈপুণ্য দেখাইয়া সহসা ছেদন করিয়া ফেলিলেন। তাহার পর বহু লৌহময় বাণের দ্বারা শিখণ্ডীকেও বিদ্ধ করিলেন ॥ ৩৫-৩৭

রাজন্! অশ্বত্থামার তীক্ষ্ণবাণে শিখণ্ডী গুরুতর আহত হইয়া অতিদ্রুত মহাত্মা সাত্যকির রথের উপর আরোহণ করিলেন ॥ ৩৮

এদিকে বলবান্দিগের মধ্যে শ্রেষ্ঠ সাত্যকিও অতিশয় ক্রুদ্ধ হইয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে সংগ্রামভূমিতে ক্রূর রাক্ষস অলম্বুষকে বিদ্ধ করিতে লাগিলেন ॥ ৩৯

ভারত! তখন রাক্ষসরাজ অলম্বুষ রণাঙ্গনে অর্দ্ধচন্দ্রাকার বাণের দ্বারা সাত্যকির ধনু ছেদন করিয়া ফেলিল এবং বহু অস্ত্র নিক্ষেপ করিয়া সাত্যকিকে বিদ্ধ করিতে লাগিল ॥ ৪০

তাহার পর সে রাক্ষসী মায়া বিস্তার করিয়া তাঁহার উপর প্রভূত বাণবর্ষণ আরম্ভ করিল। সেই সময় আমরা সাত্যকির অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥ ৪১

ভারত! তিনি সমরাঙ্গণে তীক্ষ্ণ বাণসমূহে পীড়িত হইয়াও বিভ্রান্ত হন নাই। সেই যশস্বী যদুকুলভূষণ সাত্যকি অর্জুনের নিকট হইতে যে অস্ত্রের শিক্ষালাভ করিয়াছিলেন, সেই ঐন্দ্রাস্ত্র প্রয়োগ করিলেন।

তখন সেই দিব্যাস্ত্র উক্ত রাক্ষসী মায়াকে ভস্মসাৎ করিয়া অলম্বুষের উপর অন্য সমস্ত বাণ সেইরূপে বর্ষণ করিতে লাগিলেন, যেরূপ বর্ষাকালে মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে ॥ ৪২-৪৪

মধুবংশভূষণ যশস্বী সাত্যকি কর্তৃক এইভাবে পীড়িত হইতে থাকিলে সেই রাক্ষস অলম্বুষ ভয়ে সাত্যকিকে যুদ্ধস্থলে পরিত্যাগ করিয়া পলায়ন করিল ॥ ৪৫

যাহাকে ইন্দ্রও যুদ্ধে পরাজিত করিতে সমর্থ হন্ না, সেই রাক্ষসরাজ অলম্বুষকে আপনার যোদ্ধাগণের সাক্ষাতেই পরাজিত করিয়া সাত্যকি সিংহনাদ করিতে লাগিলেন ॥ ৪৬

তারপর সত্যপরাক্রম সাত্যকি স্বীয় তীক্ষ্ণবাণসমূহে আপনার অন্য যোদ্ধাদিগকেও বধ করিতে আরম্ভ করিলেন। সেই সময় তাঁহার ভয়ে পীড়িত সকল যোদ্ধারা পলায়ন করিতে লাগিল ॥ ৪৭

এতাস্মিন্নেব কালে তু দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ পুত্রং তব জনেশ্বরম্ ॥ ৪৮
ছাদয়ামাস সমরে শরৈঃ সন্নতপর্বভিঃ।
স ছাদ্যমানো বিশিখৈর্ধৃষ্টদ্যুম্নেন ভারত ॥ ৪৯
বিব্যথে ন চ রাজেন্দ্র তব পুত্রো জনেশ্বর।
ধৃষ্টদ্যুম্নঞ্চ সমরে তূর্ণং বিব্যাধ পত্রিভিঃ ॥ ৫০
ষষ্ট্যা চ ত্রিংশতা চৈব তদদ্ভুতমিবাভবৎ।
তস্য সেনাপতিঃ ক্রুদ্ধো ধনুশ্চিচ্ছেদ মারিষ ॥ ৫১
হয়াংশ্চ চতুরঃ শীঘ্রং নিজঘান মহাবলঃ।
শরৈশ্চৈনং সুনিশিতৈঃ ক্ষিপ্রং বিব্যাধ সপ্তভিঃ ॥ ৫২
স হতাশ্বান্মহাবাহুরবপ্লুত্য রথাদ্ বলী।
পদাতিরসিমুদ্যম্য প্রাদ্রবৎ পার্ষতং প্রতি ॥ ৫৩
শকুনিস্তং সমভ্যেত্য রাজগৃদ্ধী মহাবলঃ।
রাজানং সর্বলোকস্য রথমারোপয়ৎ স্বকম্ ॥ ৫৪

মহারাজ! এই সময় দ্রুপদের বলবান্ পুত্র ধৃষ্টদ্যুম্ন আপনার পুত্র রাজা দুর্য্যোধনকে রণস্থলে আনতপর্ব্বযুক্ত বাণসমূহে আচ্ছাদিত করিয়া ফেলিলেন।

ভরতনন্দন! রাজেন্দ্র! জনেশ্বর! ধৃষ্টদ্যুম্নের বাণসমূহে আচ্ছাদিত হইয়াও আপনার পুত্র দুর্য্যোধনের মনে কোন ব্যথা হইল না। তিনি যুদ্ধস্থলে ধৃষ্টদ্যুম্নকে নব্বইটি তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। তখন ইহা যেন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল।

আর্য্য! সেই সময় মহাবল পাণ্ডব সেনাপতি ধৃষ্টদ্যুম্নও কুপিত হইয়া দুর্য্যোধনের ধনু ছেদন করিলেন এবং অতি দ্রুত তাঁহার চারিটি অশ্বকে বধ করিলেন। তাহার পর অত্যন্ত তীক্ষ্ণ সাতটি বাণদ্বারা সত্বরতার সহিত দুর্য্যোধনকেও বিদ্ধ করিলেন ॥ ৪৮-৫২

অশ্ব নিহত হইলে বলবান্ মহাবাহু দুর্য্যোধন স্বীয় রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং তরবারি উত্তোলিত করিয়া ধৃষ্টদ্যুম্নের দিকে পায়ে হাঁটিয়াই দৌড়াইতে লাগিলেন ॥ ৫৩

সেই সময় মহাবল শকুনি, যিনি রাজাকে সর্ব্বপ্রকারে কামনা করেন, তিনি নিকটে আসিয়া জগতের অধিপতি দুর্য্যোধনকে স্বীয় রথে আরোহণ করাইলেন ॥ ৫৪

তখন শত্রুবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন রাজা দুর্য্যোধনকে পরাজিত করিয়া আপনার সৈন্যগণকে সেইরূপ বিনাশ করিতে আরম্ভ করিলেন, যেরূপ বজ্রধারী ইন্দ্র অসুরদিগকে বিনাশ করিয়া থাকেন ॥ ৫৫

ততো নৃপং পরাজিত্য পার্ষতঃ পরবীরহা।
ন্যহনৎ তাবকং সৈন্যং বজ্রপাণিরিবাসুরান্ ॥ ৫৫
কৃতবর্মা রণে ভীমং শরৈরার্চ্ছন্মহারথঃ।
প্রচ্ছাদয়ামাস চ তং মহামেঘো রবিং যথা ॥ ৫৬
ততঃ প্রহস্য সমরে ভীমসেনঃ পরন্তপঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সায়কান্ কৃতবর্মণে ॥ ৫৭
তৈরর্দ্যমানোঽতিরথঃ সাত্বতঃ সত্যকোবিদঃ।
নাকম্পত মহারাজ ভীমং চার্চ্ছচ্ছিতৈঃ শরৈঃ ॥ ৫৮
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা ভীমসেনো মহারথঃ।
সারথিং পাতয়ামাস সধ্বজং সুপরিষ্কৃতম্ ॥ ৫৯
শরৈর্বহুবিধৈশ্চৈনমাচিনোৎ পরবীরহা।
শকলীকৃত সর্বাঙ্গো হতাশ্বঃ প্রত্যদৃশ্যত ॥ ৬০
হতাশ্বশ্চ ততস্তূর্ণং বৃষকস্য রথং যযৌ।
শ্যালস্য তে মহারাজ তব পুত্রস্য পশ্যতঃ ॥ ৬১

অন্যদিকে মহারথী কৃতবর্ম্মা রণাঙ্গনে ভীমসেনকে স্বীয়-বাণসমূহে পীড়িত করিতে লাগিলেন এবং মহামেঘ যেরূপ সূর্য্যকে আচ্ছাদিত করিয়া থাকে, সেইরূপ বাণসমূহে তাঁহাকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৫৬

তখন শত্রুসন্তাপক ভীমসেন যুদ্ধে হাস্য করত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া কৃতবর্ম্মার উপর বহু বাণ নিক্ষেপ করিলেন ॥ ৫৭

মহারাজ! সেই বাণসমূহে অত্যন্ত পীড়িত হইয়াও অতিরথী এবং সত্যপ্রতিজ্ঞ সাত্বতবংশীয় কৃতবর্ম্মা বিচলিত হইলেন না। তিনি পুনরায় ভীমসেনকে তীক্ষ্ণ বাণসমূহে পীড়িত করিতে লাগিলেন ॥ ৫৮

তখন মহারথী ভীমসেন তাঁহার চারিটি অশ্বকে বধ করিয়া সুসজ্জিত রথকেও ছেদন করত ভূপাতিত করিলেন ॥ ৫৯

তাহার পর শত্রুবীরহন্তা ভীমসেন বহুবিধ বাণের দ্বারা কৃতবর্ম্মার সমস্ত শরীর ক্ষত-বিক্ষত করিয়া দিলেন। তাঁহার অশ্বও পূর্ব্বেই নিহত হইয়াছিল। সেই সময় তাঁহার সকল অঙ্গই ভীমসেনের বাণে ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে দেখা যাইল ॥ ৬০

মহারাজ! তখন অশ্ব নিহত হইয়া যাইলে কৃতবর্ম্মা আপনার পুত্রের সম্মুখেই নিজের সম্বন্ধী বৃষকের রথে গিয়া আরোহণ করিলেন ॥ ৬১

ভীমসেনোঽপি সংক্রুদ্ধস্তব সৈন্যমুপাদ্রবৎ।
নিজঘান চ সংক্রুদ্ধো দণ্ডপাণিরিবান্তকঃ॥ ৬২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি দ্বৈরথে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ॥ ৮২

এদিকে ভীমসেনও অত্যন্ত কুপিত হইয়া আপনার সৈন্যগণের উপর ধাবিত হইলেন এবং দণ্ডপাণি যমের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধচিত্তে তাহাদের সংহার করিতে লাগিলেন॥ ৬২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বৈরথ-যুদ্ধবিষয়ক দ্ব্যশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

[ইরাবতা বিন্দানুবিন্দয়োঃ পরাজয়ঃ, ভগদত্তেন ঘটোৎকচস্য পরাভবঃ, মদ্ররাজ-শল্যং জিত্বা নকুল-সহদেবয়োর্জয়লাভশ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ।

বহূনি হি বিচিত্রাণি দ্বৈরথানি স্ম সঞ্জয়।
পাণ্ডূনাং মামকৈঃ সার্ধমশ্রৌষং তব জল্পতঃ॥ ১
ন চৈবং মামকং কিঞ্চিদ্ধৃষ্টং শংসসি সঞ্জয়।
নিত্যং পাণ্ডুসুতান্ হৃষ্টানভগ্নান্ সম্প্রশংসসি॥ ২
জীয়মানান্ বিমনসো মামকান্ বিগতৌজসঃ।
বদসে সংযুগে সূত দিষ্টমেতন্ন সংশয়ঃ॥ ৩

সঞ্জয় উবাচ।

যথাশক্তি যথোৎসাহং যুদ্ধে চেষ্টন্তি তাবকাঃ।
দর্শয়ানাঃ পরং শক্ত্যা পৌরুষং পুরুষর্ষভ॥ ৪
গঙ্গায়াঃ সুরনদ্যা বৈ স্বাদু ভূত্বা যথোদকম্।
মহোদধেগুণাভ্যাসাল্লবণত্বং নিগচ্ছতি॥ ৫
তথা তৎ পৌরুষং রাজংস্তাবকানাং পরন্তপ।
প্রাপ্য পাণ্ডুসুতান্ বীরান্ ব্যর্থং ভবতি সংযুগে॥ ৬
ঘটমানান্ যথাশক্তি কুর্ব্বাণান্ কর্ম দুষ্করম্।
ন দোষেণ কুরুশ্রেষ্ঠ কৌরবান্ গন্তুমর্হসি॥ ৭
তবাপরাধাৎ সুমহান্ সপুত্রস্য বিশাম্পতে।
পৃথিব্যাঃ প্রক্ষয়ো ঘোরো যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ॥ ৮
আত্মদোষাৎ সমুৎপন্নং শোচিতুং নার্হসে নৃপ।
ন হি রক্ষন্তি রাজানঃ সর্বথাত্রাপি জীবিতম্॥ ৯

ত্র্যশীতিতম অধ্যায়।

[ইরাবান্ কর্ত্তৃক বিন্দ ও অনুবিন্দের পরাজয়, ভগদত্তের নিকট ঘটোৎকচের পরাভব এবং মদ্ররাজ শল্যকে জয় করিয়া নকুল-সহদেবের বিজয়লাভ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! আমি তোমার মুখ হইতে এখন পর্য্যন্ত পাণ্ডবগণের আমার পুত্রদের সহিত যে বহু বিচিত্র দ্বৈরথ যুদ্ধ হইয়াছিল, তাহার বর্ণনা শ্রবণ করিলাম॥ ১

সূত! কিন্তু তুমি আমার পক্ষে সংঘটিত কোন হর্ষজনক বাক্য এখনও বলিলে না; বরং পাণ্ডবগণেরই প্রতিদিন হর্ষপূর্ণ ও অপরাজিত থাকারই সংবাদ বলিতেছ॥ ২

আমার পুত্ররা তেজ ও বলহীন, বিমনা এবং যুদ্ধে পরাজিত —এই কথাই বলিতেছ। সঞ্জয়! এ সমস্ত প্রারব্ধেরই ফল— ইহাতে কোন সংশয় নাই॥ ৩

সঞ্জয় বলিলেন,—পুরুষশ্রেষ্ঠ! আপনার পুত্রগণও পূর্ণ শক্তিতে পুরুষার্থ দেখাইতে দেখাইতে স্বীয় বল ও উৎসাহ অনুসারে যুদ্ধে সফলতালাভ করিবার চেষ্টা করিতেছেন॥ ৪

পরন্তপ! নরেশ! যেরূপ দেবনদী গঙ্গার জল স্বাদিষ্ট হইয়াও মহাসাগরের সহিত সংযোগবশতঃ তাহার গুণ সংমিশ্রণ হইয়া যাওয়ায় লবণাক্ত হয়, সেইরূপ আপনার পুত্রদিগের পুরুষার্থ যুদ্ধে বীর পাণ্ডবগণ পর্য্যন্ত যাইয়া ব্যর্থ হইয়া পড়িতেছে॥ ৫-৬

কুরুশ্রেষ্ঠ! কৌরবগণ যথাশক্তি জয়লাভের জন্য প্রযত্ন করিতেছেন এবং দুষ্কর কর্ম্মও করিতেছেন, অতএব তাহাদের উপর দোষারোপ করা আপনার উচিত নয়॥ ৭

প্রজানাথ! পুত্রসহ আপনার অপরাধেই এই ভূমণ্ডলের মহাভয়ঙ্কর সংহার হইতেছে এবং তাহাতে যমলোক দিনে দিনে বর্দ্ধিতই হইতেছে॥ ৮

নরেশ্বর! আপনি নিজেরই দোষে যে মহাসঙ্কট প্রাপ্ত হইয়াছেন, তাহার জন্য আপনার শোক করা উচিত নয়। (আপনারই অপরাধের জন্য) ভূতলের এই রাজারাও সর্ব্বতোভাবে চেষ্টা করিয়াও নিজেদের জীবন রক্ষা করিতে পারিতেছেন না॥ ৯

যুদ্ধে সুকৃতিনাং লোকানিচ্ছন্তো বসুধাধিপাঃ।
চমূং বিগাহ্য যুধ্যন্তে নিত্যং স্বর্গপরায়ণাঃ ॥ ১০
পূর্বাহ্নে তু মহারাজ প্রাবর্তত জনক্ষয়ঃ।
তং ত্বমেকমনা ভূত্বা শৃণু দেবাসুরোপমম্ ॥ ১১
আবন্ত্যৌ তু মহেষ্বাসৌ মহাসেনৌ মহাবলৌ।
ইরাবন্তমভিপ্রেক্ষ্য সমেয়াতাং রণোৎকটৌ ॥ ১২
তেষাং প্রবৃত্তে যুদ্ধং সুমহল্লোমহর্ষণম্।
ইরাবাংস্তু সুসংক্রুদ্ধো ভ্রাতরৌ দেবরূপিণৌ ॥ ১৩
বিব্যাধ নিশিতৈস্তূর্ণং শরৈঃ সন্নতপর্বভিঃ।
তাবেনং প্রত্যবিধ্যেতাং সমরে চিত্রযোধিনৌ ॥ ১৪
যুধ্যতাং হি তথা রাজন্ বিশেষো ন ব্যদৃশ্যত।
যততাং শত্রুনাশায় কৃতপ্রতিকৃতৈষিণাম্ ॥ ১৫
ইরাবাংস্তু ততো রাজন্নুবিন্দস্য সায়কৈঃ।
চতুর্ভিশ্চতুরো বাহাননয়দ্ যমসাদনম্ ॥ ১৬

এই সব ভূপতিগণ যুদ্ধে পুণ্যাত্মাদিগের প্রাপ্য লোকসমূহ লাভ করিতে অভিলাষী হইয়া শত্রুসৈন্যদের মধ্যে প্রবেশ করত যুদ্ধ করিতেছিলেন এবং স্বর্গই তাঁহাদের তখন পরম লক্ষ্য ছিল ॥ ১০

মহারাজ! সেই দিন পূর্বাহ্নকালে অতিশয় জনক্ষয় হইয়াছিল। আপনি একাগ্রচিত্ত দেবাসুর-সংগ্রামতুল্য মহাভয়ঙ্কর সেই যুদ্ধের সংবাদ শ্রবণ করুন ॥ ১১

অবন্তীদেশের মহাবলশালী, মহাধনুর্দ্ধর ও বিশাল সৈন্যবাহিনীযুক্ত রাজকুমার বিন্দ ও অনুবিন্দ যুদ্ধে উন্মত্ত হইয়া যুদ্ধ করিতে করিতে সম্মুখে অর্জুনপুত্র ইরাবান্‌কে দেখিয়া তাঁহার সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥ ১২

এই তিন বীরের সেই যুদ্ধ অত্যন্ত রোমাঞ্চকারী ছিল। ইরাবান্ কুপিত হইয়া দেবতাদের ন্যায় রূপবান্ বিন্দ ও অনুবিন্দ এই দুই ভ্রাতাকে আনতপর্ব্বযুক্ত তীক্ষ্ণ বাণসমূহ অতিক্রত বিদ্ধ করিতে লাগিলেন। তাঁহারাও উভয়ে সমরাঙ্গণে বিচিত্র পদ্ধতিতে যুদ্ধ করিতেছিলেন, সুতরাং ইঁহারাও ইরাবান্‌কে বাণবিদ্ধ করিতে লাগিলেন ॥ ১৩-১৪

রাজন্! উভয়পক্ষের যোদ্ধারাই নিজ নিজ শত্রুদিগকে বিনাশ করিতে প্রযত্নশীল ছিলেন। তাঁহারা সকলেই পরস্পরের কৃত অস্ত্রপ্রহার নিবারণ করিতে অভিলাষী ছিলেন, সুতরাং যুদ্ধের সময় তাঁহাদের কোন পার্থক্যই বুঝা যাইতেছিল না ॥ ১৫

রাজন্! সেই সময় ইরাবান্ নিজ চারিটি বাণের দ্বারা অনুবিন্দের চারিটি অশ্বকে যমলোকে পাঠাইয়া দিলেন ॥ ১৬

ভল্লাভ্যাঞ্চ সুতীক্ষ্ণাভ্যাং ধনুঃ কেতুঞ্চ মারিষ।
চিচ্ছেদ সমরে রাজংস্তদদ্ভুতমিবাভবৎ ॥ ১৭
ত্যক্ত্বানুবিন্দোঽথ রথং বিন্দস্য রথমাস্থিতঃ।
ধনুর্গৃহীত্বা পরমং ভারসাধনমুত্তমম্ ॥ ১৮
তাবেকস্থৌ রণে বীরাবাবন্ত্যৌ রথিনাং বরৌ।
শরান্ মুমুচতুস্তূর্ণমিরাবতি মহাত্মনি ॥ ১৯
তাভ্যাং মুক্তা মহাবেগাঃ শরাঃ কাঞ্চনভূষণাঃ।
দিবাকরপথং প্রাপ্য চ্ছাদয়ামাসুরম্বরম্ ॥ ২০
ইরাবাংস্তু রণে ক্রুদ্ধো ভ্রাতরৌ তৌ মহারথৌ।
ববর্ষ শরবর্ষেণ সারথিং চাপ্যপাতয়ৎ ॥ ২১
তস্মিংস্তু পতিতে ভূমৌ গতসত্ত্বে তু সারথৌ।
রথঃ প্রদুদ্রাব দিশঃ সমুদ্ভ্রান্তহয়স্ততঃ ॥ ২২
তৌ স জিত্বা মহারাজ নাগরাজসুতাসুতঃ।
পৌরুষং খ্যাপয়ংস্তূর্ণং ব্যধমৎ তব বাহিনীম্ ॥ ২৩

আর্য্য! রাজন্! তারপর দুইটি তীক্ষ্ণ ভল্লের দ্বারা তিনি যুদ্ধে অনুবিন্দের ধনু ও ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা ঘটিয়া যাইল ॥ ১৭

তারপর অনুবিন্দ নিজ রথ পরিত্যাগ করিয়া বিন্দের রথে গিয়া আরোহণ করিলেন এবং ভারবহন করিতে সমর্থ অন্য একটি অত্যুত্তম ধনু গ্রহণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ১৮

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ এই দুই অবন্তীদেশের বীর রণাঙ্গনে একই রথে উপবিষ্ট থাকিয়া অতিক্রত গতিতে মহাত্মা ইরাবানের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ১৯

এই উভয় বীরের নিক্ষিপ্ত মহাবেগশালী স্বর্ণভূষিত বাণসমূহ সূর্য্যদেবের পথে উপস্থিত হইয়া আকাশকে আচ্ছাদিত করিয়া ফেলিল ॥ ২০

তখন ইরাবান্‌ও রণাঙ্গনে ক্রুদ্ধ হইয়া সেই বীর দুই ভ্রাতার উপর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন এবং তাঁহাদের সারথিকে ভূপাতিত করিলেন ॥ ২১

সারথি প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইলে সেই রথের অশ্বগণ বিশেষভাবে বিভ্রান্ত হইয়া চারিদিক্ দিয়া দৌড়াইতে দৌড়াইতে পলায়ন করিতে লাগিল ॥ ২২

মহারাজ! ইরাবান্ নাগরাজকন্যা উলূপীর পুত্র ছিলেন। তিনি বিন্দ ও অনুবিন্দকে পরাজিত করিয়া স্বীয় পুরুষার্থ দেখাইতে দেখাইতে অতিসত্বর আপনার সৈন্যদিগকে সংহার করিতে আরম্ভ করিলেন ॥ ২৩

সা বধ্যমানা সমরে ধার্তরাষ্ট্রী মহাচমূঃ।
বেগান্ বহুবিধাংশ্চক্রে বিষং পীত্বেব মানবঃ ॥ ২৪
হৈড়িম্বো রাক্ষসেন্দ্রস্তু ভগদত্তং সমাদ্রবৎ।
রথেনাদিত্যবর্ণেন সধ্বজেন মহাবলঃ ॥ ২৫
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা নাগরাজং সমাস্থিতঃ
যথা বজ্রধরঃ পূর্বং সংগ্রামে তারকাময়ে ॥ ২৬
তত্র দেবাঃ সগন্ধর্বা ঋষয়শ্চ সমাগতাঃ।
বিশেষং ন স্ম বিবিদুর্হৈড়িম্ব-ভগদত্তয়োঃ ॥ ২৭
যথা সুরপতিঃ শক্রস্ত্রাসয়ামাস দানবান্।
তথৈব সমরে রাজা দ্রাবয়ামাস পাণ্ডবান্ ॥ ২৮
তেন বিদ্রাব্যমাণাস্তে পাণ্ডবাঃ সর্বতো দিশম্।
ত্রাতারং নাভ্যগচ্ছন্ত স্বেষনীকেষু ভারত ॥ ২৯
ভৈমসেনিং রথস্থং তু তত্রাপশ্যাম ভারত।
শেষা বিমনসো ভূত্বা প্রাদ্রবন্ত মহারথাঃ ॥ ৩০
নিবৃত্তেষু তু পাণ্ডূনাং পুনঃ সৈন্যেষু ভারত।
আসীন্নিষ্ঠানকো ঘোরস্তব সৈন্যস্য সংযুগে ॥ ৩১
ঘটোৎকচস্ততো রাজন্ ভগদত্তং মহারণে।
শরৈঃ প্রচ্ছাদয়ামাস মেরুং গিরিমিবাম্বুদঃ ॥ ৩২
নিহত্য তান্ শরান্ রাজা রাক্ষসস্য ধনুশ্চ্যুতান্।
ভৈমসেনিং রণে তূর্ণং সর্বমর্মস্বতাড়য়ৎ ॥ ৩৩
স তাড্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্বভিঃ।
ন বিব্যথে রাক্ষসেন্দ্রো ভিদ্যমান ইবাচলঃ ॥ ৩৪
তস্য প্রাগ্‌জ্যোতিষঃ ক্রুদ্ধস্তোমরাংশ্চ চতুর্দশ।
প্রেষয়ামাস সমরে তাংশ্চিচ্ছেদ স রাক্ষসঃ ॥ ৩৫
স তাংশ্ছিত্ত্বা মহাবাহুস্তোমরান্ নিশিতৈঃ শরৈঃ।
ভগদত্তঞ্চ বিব্যাধ সপ্তত্যা কঙ্কপত্রিভিঃ ॥ ৩৬
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা প্রহসন্নিব ভারত।
তস্যাশ্বাংশ্চতুরঃ সংখ্যে পাতয়ামাস সায়কৈঃ ॥ ৩৭

রণাঙ্গনে ইরাবান্ কর্তৃক পীড়িত হইয়া আপনার বিশাল সৈন্যবাহিনী বিষপানকারী মানুষের ন্যায় নানাপ্রকার উদ্বেগ প্রকাশ করিতে লাগিল। ২৪

অপরদিকে রাক্ষসরাজ মহাবল ঘটোৎকচ সূর্য্যতুল্য তেজস্বী ও ধ্বজযুক্ত রথের দ্বারা ভগদত্তের উপর আক্রমণ করিল। ২৫

যেরূপ পুরাকালে তারকাময় সংগ্রামের সময় বজ্রধারী ইন্দ্র ঐরাবতনামক হাতীতে আরোহণ করিয়া যুদ্ধের জন্য গমন করিয়াছিলেন, সেইরূপ এই মহাযুদ্ধে প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি রাজা ভগদত্ত এক গজরাজে আরোহণ করত যুদ্ধের জন্য উপস্থিত হইলেন। ২৬

তখন সেখানে যুদ্ধ দেখিবার জন্য সমাগত দেবতা, গন্ধর্ব্ব এবং ঋষিগণ ঘটোৎকচ ও ভগদত্তের মধ্যে পরাক্রমের কোন পার্থক্য বুঝিতে পারেন নাই। ২৭

যেরূপ দেবরাজ ইন্দ্র দানবদিগকে ভীত করিয়া থাকেন, সেইরূপ ভগদত্ত পাণ্ডবসৈন্যগণকে ভীত করিয়া তাহাদিগকে পলাইয়া যাইতে বাধ্য করিলেন। ২৮

ভারত! ভগদত্ত কর্তৃক বিতাড়িত হইয়া পাণ্ডবসৈন্যগণ চারিদিকে পলায়ন করিতে করিতে নিজেদের মধ্যে কাহাকেও রক্ষাকর্ত্তারূপে পাইল না। ২৯

হে ভারত! সেই সময় সেখানে আমরা কেবল ভীম-পুত্র ঘটোৎকচকেই রথের উপর স্থিরভাবে বসিয়া থাকিতে দেখিলাম। অবশিষ্ট সকল মহারথীরাও বিমনা হইয়া পলায়ন করিলেন। ৩০

ভরতবংশধর! তারপর যখন পাণ্ডব সৈন্যগণ পুনরায় রণাঙ্গনে ফিরিয়া আসিলেন, তখন সেই রণক্ষেত্রে আপনার সৈন্যদের মধ্যে ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল। ৩১

রাজন্! সেই সময় এই মহাযুদ্ধে ঘটোৎকচ স্বীয় বাণসমূহে ভগদত্তকে সেইরূপে আচ্ছাদিত করিয়া ফেলিল, যেরূপ জল-বর্ষণশীল মেঘ মেরু পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে। ৩২

রাক্ষস ঘটোৎকচের ধনু হইতে নিক্ষিপ্ত সমস্ত বাণই রাজা ভগদত্ত ব্যর্থ করিয়া দিয়া রণস্থলে অতিক্রান্ত ঘটোৎকচের সকল মর্ম্মস্থানের উপর প্রহার করিলেন। ৩৩

আনতপর্ব্বযুক্ত বহু বাণে আহত হইয়াও বিদারিত পর্ব্বতের ন্যায় রাক্ষসরাজ ঘটোৎকচ ব্যথিত ও বিচলিত হইল না। ৩৪

তখন প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত ক্রুদ্ধ হইয়া ঘটোৎকচের উপর চৌদ্দটি তোমর নিক্ষেপ করিল, কিন্তু এই গুলিকে ঘটোৎকচ রণাঙ্গনে ছেদন করিয়া দিলেন। ৩৫

সেই তোমরগুলিকে তীক্ষ্ণবাণে ছেদন করিয়া মহাবাহু ঘটোৎকচ কঙ্কপত্রযুক্ত সত্তরটি বাণে ভগদত্তকে বিদ্ধ করিলেন। ৩৬

ভারত! তখন প্রাগ্‌জ্যোতিষপুরের রাজা ভগদত্ত যেন হাস্য করিতে করিতেই সেই যুদ্ধে স্বীয় বাণসমূহে ঘটোৎকচের চারিটি অশ্বকে ভূতলে পাতিত করিলেন। ৩৭

স হতাশ্বে রথে তিষ্ঠন্ রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্।
শক্তিং চিক্ষেপ বেগেন প্রাগ্‌জ্যোতিষগজং প্রতি ॥৩৮
তামাপতন্তীং সহসা হেমদণ্ডাং সুবেগিনীম্।
ত্রিধা চিচ্ছেদ নৃপতিঃ সা ব্যকীর্য্যত মেদিনীম্॥ ৩৯
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা হৈড়িম্বঃ প্রাদ্রবদ্ ভয়াৎ।
যথেন্দ্রস্য রণাৎ পূর্বং নমুচির্দৈত্যসত্তমঃ॥ ৪০
তং বিজিত্য রণে শূরং বিক্রান্তং খ্যাতপৌরুষম্।
অজেয়ং সমরে বীরং যমেন বরুণেন চ॥ ৪১
পাণ্ডবীং সমরে সেনাং সম্মমর্দ স কুঞ্জরঃ।
যথা বনগজো রাজন্ মৃদ্নংশ্চরতি পদ্মিনীম্॥ ৪২
মদ্রেশ্বরস্তু সমরে যমাভ্যাং সমসজ্জত।
স্বস্রীয়ৌ ছাদয়াঞ্চক্রে শরৌঘৈঃ পাণ্ডুনন্দনৌ॥ ৪৩
সহদেবস্তু সমরে মাতুলং দৃশ্য সঙ্গতম্।
অবারয়চ্ছরৌঘেণ মেঘো যদ্বদ্ দিবাকরম্॥ ৪৪
ছাদ্যমানঃ শরৌঘেণ হৃষ্টরূপতরোঽভবৎ।
তয়োশ্চাপ্যভবৎ প্রীতিরতুলা মাতৃকারণাৎ॥ ৪৫
ততঃ প্রহস্য সমরে নকুলস্য মহারথঃ।
(ধ্বজং চিচ্ছেদ বাণেন ধনুশ্চৈকেন মারিষ॥
অথৈনং ছিন্নধন্বানং ছাদয়ন্নিব ভারত।
নিজঘান রণে তং তু সূতং চাস্য ন্যপাতয়ৎ॥)
অশ্বাংশ্চ চতুরো রাজংশ্চতুর্ভিঃ সায়কোত্তমৈঃ॥ ৪৬
প্রেষয়ামাস সমরে যমস্য সদনং প্রতি।
হতাশ্বাৎ তু রথাৎ তূর্ণমবপ্লুত্য মহারথঃ॥ ৪৭
আরুরোহ ততো যানং ভ্রাতুরেব যশস্বিনঃ।
একস্থৌ তু রণে শূরৌ দৃঢ়ে বিক্ষিপ্য কার্মুকৌ॥ ৪৮
মদ্ররাজরথং তূর্ণং ছাদয়ামাসতুঃ ক্ষণাৎ।
স ছাদ্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্বভিঃ॥ ৪৯
স্বস্রীয়াভ্যাং নরব্যাঘ্রো নাকম্পত যথাচলঃ।
প্রহসন্নিব তাং চাপি শস্ত্রবৃষ্টিং জঘান হ॥ ৫০

অশ্ব নিহত হইলেও সেই রথেই উপবিষ্ট থাকিয়া প্রতাপশালী রাক্ষসরাজ ঘটোৎকচ ভগদত্তের হস্তীর উপর তীব্রবেগে একটি শক্তি নিক্ষেপ করিল॥ ৩৮

এই শক্তি স্বর্ণময় দণ্ডে যুক্ত ছিল। ইহার বেগও ছিল অতিশয়। এই শক্তিকে সহসা আসিতে দেখিয়া রাজা ভগদত্ত উহাকে তিনখণ্ড করিয়া ফেলিলেন। তখন উহা পৃথিবীতে ছড়াইয়া পড়িল॥ ৩৯

নিজ শক্তিকে খণ্ডিত দেখিয়া হিড়িম্বানন্দন ঘটোৎকচ ভগদত্তের ভয়ে সেইরূপে পলায়ন করিল, যেরূপ পুরাকালে দেবরাজ ইন্দ্রের সহিত যুদ্ধ করিতে করিতে দৈত্যরাজ নমুচি রণাঙ্গন হইতে পলায়ন করিয়াছিলেন॥ ৪০

রাজন্! ঘটোৎকচ স্বীয় পৌরুষের জন্য বিখ্যাত পরাক্রমশালী ও বীর ছিলেন। বরুণ এবং যমরাজও এই বীরকে সংগ্রামে পরাজিত করিতে সমর্থ হন না। এইরূপ বীরকেও রণাঙ্গনে জয় করিয়া ভগদত্তের সেই হাতী সমরভূমিতে পাণ্ডবসৈন্যগণকে সেইভাবে মর্দন করিতে লাগিল, যেরূপ বনহস্তী সরোবরের পদ্মকে মথিত করিতে করিতে বিচরণ করিয়া থাকে॥ ৪১-৪২

অপর দিকে মদ্ররাজ শল্য যুদ্ধে নিজ ভাগিনেয় (ভগিনীপুত্র) নকুল ও সহদেবের সহিত মিলিত হইলেন। তিনি পাণ্ডুকুলের আনন্দপ্রদ দুই ভাগিনেয়কে স্বীয় বাণসমূহে আচ্ছাদিত করিয়া ফেলিলেন॥ ৪৩

সহদেব নিজের মাতুল শল্যকে যুদ্ধে আসক্ত দেখিয়া যেরূপ মেঘ সূর্য্যকে আবৃত করিয়া থাকে, সেইরূপ তিনিও স্বীয় বাণসমূহে শল্যকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন॥ ৪৪

তাঁহার বাণসমূহে আচ্ছাদিত হইয়াও শল্য অতিশয় প্রসন্ন রহিলেন। নিজ জননীর জন্যও নকুল এবং সহদেবের মনে তাঁহার উপর অতুলনীয় প্রীতি ছিল॥ ৪৫

আর্য্য! তখন মহারথী শল্য রণাঙ্গনে হাস্য করিতে করিতেই এক বাণে নকুলের ধ্বজ এবং অপর বাণে তাঁহার ধনু ছেদন করিলেন। ভারত! ধনু ছিন্ন হইবার পর তাঁহাকে বাণে আচ্ছাদিত করিতে করিতে যুদ্ধস্থলে তাঁহার সারথিকেও বিনাশ করিলেন। রাজন্! তারপর তিনি চারিটি উত্তম বাণের দ্বারা নকুলের চারিটি অশ্বকেও যমলোকে প্রেরণ করিলেন। অশ্ব নিহত হইলে মহারথী নকুল অতিসত্বর সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং যশস্বী ভ্রাতা সহদেবের রথে গিয়া আরোহণ করিলেন।

তদনন্তর একই রথে উপবিষ্ট হইয়া দুই বীর ক্ষণকালের মধ্যেই নিজ নিজ সুদৃঢ় ধনু আকর্ষণ করিয়া রণভূমিতে মদ্ররাজ শল্যের রথকে সত্বর বাণদ্বারা আচ্ছাদিত করিয়া ফেলিলেন।

নিজ দুই ভাগিনেয়ের দ্বারা নিক্ষিপ্ত আনতপর্বযুক্ত বহু সংখ্যক

সহদেবস্ততঃ ক্রুদ্ধঃ শরমুদ্গৃহ্য বীর্য্যবান্।
মদ্ররাজমভিপ্রেক্ষ্য প্রেষয়ামাস ভারত ॥ ৫১
স শরঃ প্রেষিতস্তেন গরুড়ানিলবেগবান্।
মদ্ররাজং বিনির্ভিদ্য নিপপাত মহীতলে ॥ ৫২
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থে মহারথঃ।
নিষসাদ মহারাজ কশ্মলঞ্চ জগাম হ ॥ ৫৩
তং বিসংজ্ঞং নিপতিতং সূতঃ সম্প্রেক্ষ্য সংযুগে।
অপোবাহ রথেনাজৌ যমাভ্যামভিপীড়িতম্ ॥ ৫৪
দৃষ্ট্বা মদ্রেশ্বররথং ধার্ত্তরাষ্ট্রাঃ পরাঙ্মুখম্।
সর্ব্বে বিমনসো ভূত্বা নেদমস্তীত্যচিন্তয়ন্ ॥ ৫৫
নির্জ্জিত্য মাতুলং সংখ্যে মাদ্রীপুত্রৌ মহারথৌ।
দধ্মতুর্ম্মুদিতৌ শঙ্খৌ সিংহনাদঞ্চ নেদতুঃ ॥ ৫৬
অভিদুদ্রুবতুর্হৃষ্টৌ তব সৈন্যং বিশাম্পতে।
যথা দৈত্যচমূং রাজন্নিন্দ্রোপেন্দ্রাবিবামরৌ ॥ ৫৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি দ্বন্দযুদ্ধে
ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৩

বাণে আচ্ছাদিত হইয়াও নরশ্রেষ্ঠ শল্য পর্ব্বতের ন্যায় অবিচলভাবে অবস্থান করিতে লাগিলেন এবং তিনি হাস্য করিতে করিতেই তাঁহাদের সেই অস্ত্রবর্ষণ ব্যর্থ করিয়া দিলেন ॥ ৪৮-৫০

ভারত! তখন পরাক্রমশালী সহদেব ক্রুদ্ধ হইয়া একটি বাণ হাতে লইলেন এবং তাহা মদ্ররাজ শল্যের উপর নিক্ষেপ করিলেন ॥ ৫১

সহদেব কর্ত্তৃক নিক্ষিপ্ত এই বাণ গরুড় ও বায়ুতুল্য বেগশালী ছিল। উহা মদ্ররাজ শল্যকে বিদীর্ণ করিয়া ভূতলে পতিত হইল ॥ ৫২

মহারাজ! এই বাণের গভীর আঘাতে পীড়িত ও ব্যথিত হইয়া মহারথী শল্য রথের পশ্চাদ্ভাগে যাইয়া উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥ ৫৩

যুদ্ধস্থলে নকুল ও সহদেবের দ্বারা পীড়িত হইয়া তিনি সংজ্ঞাহীন অবস্থায় রথে পতিত হইয়াছেন দেখিয়া সারথি রথের দ্বারা তাঁহাকে রণভূমির বাহিরে লইয়া যাইল ॥ ৫৪

মদ্ররাজের রথকে যুদ্ধ হইতে বিমুখ দেখিয়া আপনার পুত্রগণ মনে মনে দুঃখিত হইয়া চিন্তা করিতে লাগিলেন,—মদ্ররাজ শল্যের জীবন শেষ হইয়া যায় নাই ত'? ৫৫

মহারথী মাদ্রীপুত্র নকুল ও সহদেব নিজের মাতুল শল্যকে পরাজিত করিয়া প্রসন্নতাসহকারে শঙ্খধ্বনি করিলেন এবং সিংহনাদ করিতে লাগিলেন ॥ ৫৬

প্রজানাথ! যেরূপ দেবরাজ ইন্দ্র ও উপেন্দ্র (ভগবান্ বিষ্ণু) দৈত্যসৈন্যদিগকে প্রহার করিয়া বিতাড়িত করেন, সেইরূপ হৃষ্টচিত্ত নকুল ও সহদেব আপনার সৈন্যদিগকে বিতাড়িত করিতে লাগিলেন ॥ ৫৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী-সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বন্দ্বযুদ্ধবিষয়ক ত্র্যশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুরশীতিতমোঽধ্যায়ঃ।

[যুধিষ্ঠিরেণ রাজ্ঞঃ শ্রুতায়ুষঃ পরাজয়ঃ, যুদ্ধে চেকিতান-কৃপাচার্য্যয়োর্মূর্চ্ছা, ভূরিশ্রবসা ধৃষ্টকেতোরভিমন্যুনা চিত্রসেন-প্রভৃতীনাং পরাভবঃ, সুশর্ম্মাদিভিঃ সহার্জুনস্য যুদ্ধারম্ভশ্চ]

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা মধ্যং প্রাপ্তে দিবাকরে।
শ্রুতায়ুষমভিপ্রেক্ষ্য প্রেষয়ামাস বাজিনঃ॥ ১

অভ্যধাবং ততো রাজা শ্রুতায়ুষমরিন্দমম্।
বিনিঘ্নন্ সায়কৈস্তীক্ষ্ণৈর্নবভির্নতপর্ব্বভিঃ॥ ২

স সংবার্য্য রণে রাজা প্রেষিতান্ ধর্মসূনুনা।
শরান্ সপ্ত মহেষ্বাসঃ কৌন্তেয়ায় সমার্পয়ৎ॥ ৩

তে তস্য কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে।
অসূনিব বিচিম্বন্তো দেহে তস্য মহাত্মনঃ॥ ৪

পাণ্ডবস্তু ভৃশং ক্রুদ্ধো বিদ্ধস্তেন মহাত্মনা।
রণে বরাহকর্ণেন রাজানং হৃদ্যবিধ্যত॥ ৫

অথাপরেণ ভল্লেন কেতুং তস্য মহাত্মনঃ।
রথশ্রেষ্ঠো রথাৎ তূর্ণং ভূমৌ পার্থো ন্যপাতয়ৎ॥৬

কেতুং বিপতিতং দৃষ্ট্বা শ্রুতায়ুঃ স তু পার্থিবঃ।
পাণ্ডবং বিশিখৈস্তীক্ষ্ণৈ রাজন্ বিব্যাধ সপ্তভিঃ॥ ৭

ততঃ ক্রোধাৎ প্রজজ্বাল ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
যথা যুগান্তে ভূতানি দিধক্ষুরিব পাবকঃ॥ ৮

ক্রুদ্ধং তু পাণ্ডবং দৃষ্ট্বা দেব-গন্ধর্ব-রাক্ষসাঃ।
প্রবিব্যথুর্মহারাজ ব্যাকুলং চাপ্যভূজ্জগৎ॥ ৯

সর্ব্বেষাং চৈব ভূতানামিদমাসীন্মনোগতম্।
ত্রীঁল্লোকানদ্য সংক্রুদ্ধো নৃপোঽয়ং ধক্ষ্যতীতি বৈ॥ ১০

ঋষয়শ্চৈব দেবাশ্চ চক্রুঃ স্বস্ত্যয়নং মহৎ।
লোকানাং নৃপ শান্ত্যর্থং ক্রোধিতে পাণ্ডবে তদা॥ ১১

স চ ক্রোধসমাবিষ্টঃ সৃক্কিণী পরিসংলিহন্।
দধারাত্মবপুর্ঘোরং যুগান্তাদিত্যসন্নিভম্॥ ১২

চতুরশীতিতম অধ্যায়।

[যুধিষ্ঠিরের দ্বারা রাজা শ্রুতায়ুর পরাজয়, যুদ্ধে চেকিতান ও কৃপাচার্য্যের মূর্চ্ছা, ভূরিশ্রবাকর্তৃক ধৃষ্টকেতু এবং অভিমন্যুদ্বারা চিত্রসেন প্রভৃতির পরাভব ও সুশর্ম্মাদির সহিত অর্জ্জুনের যুদ্ধ আরম্ভ]

সঞ্জয় কহিলেন,—মহারাজ! যখন সূর্য্যদেব দিবসের মধ্যভাগে উপস্থিত হইলেন, তখন রাজা যুধিষ্ঠির শ্রুতায়ুকে দেখিয়া তাঁহার দিকে অশ্বগণকে প্রেরণ করিলেন॥ ১

সেই সময় আনতপর্ব্বযুক্ত নয়টি তীক্ষ্ণ বাণে শত্রুদমন শ্রুতায়ুকে আহত করিয়া রাজা যুধিষ্ঠির তাঁহার দিকে ধাবিত হইলেন॥২

তখন মহাধনুর্দ্ধর রাজা শ্রুতায়ু যুদ্ধে ধর্মপুত্র যুধিষ্ঠির কর্তৃক নিক্ষিপ্ত বাণসমূহকে নিবারণ করিয়া সেই কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে সাতটি বাণে বিদ্ধ করিলেন॥ ৩

যুদ্ধস্থলে এই বাণগুলি মহাত্মা যুধিষ্ঠিরের শরীরে তাঁহার প্রাণকে অন্বেষণ করিতে করিতে কবচ ভেদ করত তাঁহার রক্তপান করিতে লাগিল॥ ৪

মহাত্মা শ্রুতায়ুর বাণে বিদ্ধ হইয়া পাণ্ডুনন্দন যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং তিনি রণাঙ্গনে বরাহকর্ণনামক এক বাণ নিক্ষেপ করিয়া রাজা শ্রুতায়ুর বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন॥ ৫

তাহার পর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কুন্তীপুত্র যুধিষ্ঠির ভল্লনামক অপর একটি বাণে মহাত্মা শ্রুতায়ুর ধ্বজকে ছেদন করিয়া অতিসত্বর রথ হইতে ভূতলে পাতিত করিলেন॥ ৬

রাজন্! ধ্বজকে পতিত দেখিয়া রাজা শ্রুতায়ু স্বীয় সাতটি তীক্ষ্ণবাণে পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন॥ ৭

ইহা দেখিয়া ধর্মপুত্র যুধিষ্ঠির প্রলয়কালে সমস্ত প্রাণীদিগকে দগ্ধ করিতে ইচ্ছুক অগ্নিদেবের ন্যায় ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন॥ ৮

মহারাজ! পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরকে কুপিত দেখিয়া দেবতা, গন্ধর্ব ও রাক্ষসগণ ব্যথিত হইয়া উঠিলেন এবং সমগ্র জগৎ ভয়ে ব্যাকুল হইয়া পড়িল॥ ৯

সেই সময় সমস্ত প্রাণীদিগের মনে এই প্রশ্ন জাগিল যে, আজ নিশ্চয়ই এই রাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া ত্রিভুবনকেই ভস্ম করিয়া ফেলিবেন॥ ১০

নরেশ্বর! যে সময়ে পাণ্ডুপুত্র যুধিষ্ঠির কুপিত হইয়া উঠিলেন, সেই সময় সমস্ত লোকসমূহের শান্তির জন্য দেবতা ও ঋষিগণ শ্রেষ্ঠ স্বস্তিবাচন করিতে লাগিলেন॥ ১১

তিনি ক্রোধে পরিব্যাপ্ত হইয়া মুখের দুই প্রান্ত ভাগ লেহন করিতে করিতে (চাটিতে চাটিতে) নিজের শরীরকে প্রলয়কালীন সূর্য্যের ন্যায় অত্যন্ত ভয়ঙ্কর করিয়া তুলিলেন॥ ১২

ততঃ সৈন্যানি সর্বাণি তাবকানি বিশাম্পতে।
নিরাশান্যভবংস্তত্র জীবিতং প্রতি ভারত ॥ ১৩
স তু ধৈর্য্যেণ তং কোপং সংনিবার্য্য মহাযশাঃ।
শ্রুতায়ুষঃ প্রচিচ্ছেদ মুষ্টিদেশে মহাধনুঃ ॥ ১৪
অথৈনং ছিন্নধন্বানং নারাচেন স্তনান্তরে।
নির্বিভেদ রণে রাজা সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥ ১৫
সত্বরঞ্চ রণে রাজংস্তস্য বাহান্ মহাত্মনঃ।
নিজঘান শরৈঃ ক্ষিপ্রং সূতঞ্চ সুমহাবলঃ ॥ ১৬
হতাশ্বং তু রথং ত্যক্ত্বা দৃষ্ট্বা রাজ্ঞোঽস্য পৌরুষম্
বিপ্রদুদ্রাব বেগেন শ্রুতায়ুঃ সমরে তদা ॥ ১৭
তস্মিন্ জিতে মহেষ্বাসে ধর্মপুত্রেণ সংযুগে।
দুর্য্যোধনবলং রাজন্ সর্বমাসীৎ পরাঙ্মুখম্ ॥ ১৮
এতৎ কৃত্বা মহারাজ ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ব্যাত্তাননো যথা কালস্তব সৈন্যং জঘান হ ॥ ১৯

প্রজানাথ! ভরতনন্দন! সেই সময় আপনার সকল সৈন্যগণ রণাঙ্গনে নিজ নিজ জীবনের আশা ত্যাগ করিয়া দিলেন ॥ ১৩

কিন্তু মহাযশস্বী যুধিষ্ঠির ধৈর্য্যের সহিত নিজের ক্রোধকে সংবরণ করিলেন এবং যেখানে শ্রুতায়ু ধনুটিকে মুষ্টিদ্বারা ধরিয়া রাখিয়াছিলেন, সেই স্থানে তাঁহার ধনুটিকে ছেদন করিলেন ॥ ১৪

রাজন্! ধনু ছিন্ন হইলে মহাবল রাজা যুধিষ্ঠির শ্রুতায়ুর বক্ষঃস্থলে একটি নারাচ প্রহার করিলেন। তারপর সকল সৈন্যের দৃষ্টিপথের মধ্যেই রণাঙ্গনে মহাত্মা শ্রুতায়ুর অশ্বগণকে অতি সত্বর বিনাশ করিলেন এবং তাঁহার সারথিকেও দ্রুত বধ করিয়া ফেলিলেন ॥ ১৫-১৬

রথের অশ্ব নিহত হইয়াছে—ইহা দেখিয়া এবং যুদ্ধে রাজা যুধিষ্ঠিরের পুরুষার্থ অবলোকন করিয়া শ্রুতায়ু সেই সময় তীব্র বেগে রথ পরিত্যাগ করিয়া পলায়ন করিলেন ॥ ১৭

রাজন্! সংগ্রামে ধর্মপুত্র যুধিষ্ঠির কর্তৃক মহাধনুর্দ্ধর শ্রুতায়ু পরাজিত হইলে দুর্য্যোধনের সকল সৈন্যই রণে পরাঙ্মুখ হইয়া পলায়ন করিল ॥ ১৮

মহারাজ! এইরূপ পরাক্রম করিয়া ধর্মপুত্র যুধিষ্ঠির মুখ বিস্তারকারী কালের ন্যায় আপনার সৈন্যগণকে বিনাশ করিতে লাগিলেন ॥ ১৯

অন্যদিকে বৃষ্ণিবংশসম্ভূত চেকিতান রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কৃপাচার্য্যকে সকল সৈন্যের সাক্ষাতেই নিজ বাণসমূহে আচ্ছাদিত

চেকিতানস্তু বার্ষ্ণেয়ো গৌতমং রথিনাং বরম্।
প্রেক্ষতাং সর্বসৈন্যানাং ছাদয়ামাস সায়কৈঃ ॥ ২০
সংনিবার্য্য শরাংস্তাংস্তু কৃপঃ শারদ্বতো যুধি।
চেকিতানং রণে যত্তং রাজন্ বিব্যাধ পত্রিভিঃ ॥ ২১
অথাপরেণ ভল্লেন ধনুশ্চিচ্ছেদ মারিষ।
সারথিং চাস্য সমরে ক্ষিপ্রহস্তোহভ্যপাতয়ৎ ॥ ২২
অশ্বাংশ্চাস্যাবধীদ্ রাজন্নুভৌ তৌ পার্ষ্ণিসারথী।
সোঽবপ্লুত্য রথাৎ তূর্ণং গদাং জগ্রাহ সাত্বতঃ ॥ ২৩
স তয়া বীরঘাতিন্যা গদয়া গদিনাং বরঃ।
গৌতমস্য হয়ান্ হত্বা সারথিঞ্চ ন্যপাতয়ৎ ॥ ২৪
ভূমিষ্ঠো গৌতমস্তস্য শরাঞ্চিক্ষেপ ষোড়শ।
শরাস্তে সাত্বতং ভিত্ত্বা প্রাবিশন্ ধরণীতলম্ ॥ ২৫
চেকিতানস্ততঃ ক্রুদ্ধঃ পুনশ্চিক্ষেপ তাং গদাম্।
গৌতমস্য বধাকাঙ্ক্ষী বৃত্রস্যেব পুরন্দরঃ ॥ ২৬

করিয়া ফেলিলেন ॥ ২০

রাজন্! শরদ্বানের পুত্র কৃপাচার্য্য যুদ্ধে সেই সব বাণকে ছেদন করিয়া অতিশয় সাবধানতার সহিত যুদ্ধরত চেকিতানকে পক্ষভূষিত বহু বাণে বিদ্ধ করিলেন ॥ ২১

আর্য্য! তারপর অন্য একটি ভল্লের দ্বারা তাঁহার ধনুটিকে ছেদন করিলেন এবং স্বীয় হস্তনৈপুণ্য দেখাইতে দেখাইতে সমরাঙ্গণে তাঁহার সারথিকেও বধ করিলেন ॥ ২২

রাজন্! তদনন্তর চেকিতানের চারিটি অশ্ব ও তাঁহার দুই পৃষ্ঠরক্ষককেও নিহত করিলেন। তখন সাত্বতবংশীয় চেকিতান রথ হইতে লাফাইয়া পড়িয়া অতি সত্বর স্বীয় গদা গ্রহণ করিলেন ॥ ২৩

গদাধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ চেকিতান সেই বীরঘাতিনী গদার দ্বারা কৃপাচার্য্যের অশ্বগণকে নিহত করিয়া তাঁহার সারথিকেও ধরাশায়ী করিয়া দিলেন ॥ ২৪

তখন কৃপাচার্য্য ভূমিতেই দাঁড়াইয়া চেকিতানের উপর ষোলটি বাণ নিক্ষেপ করিলেন। সেই বাণগুলি সাত্বতবংশধর চেকিতানকে ভেদ করিয়া ধরাতলে প্রবেশ করিল ॥ ২৫

তখন ক্রুদ্ধ চেকিতান কৃপাচার্য্যকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার উপর পুনরায় সেইরূপ গদার প্রহার করিলেন, যেরূপ বৃত্রাসুরের উপর ইন্দ্র অস্ত্রপ্রহার করিয়াছিলেন ॥ ২৬

তামাপতন্তীং বিমলামশ্মগর্ভাং মহাগদাম্।
শরৈরনেকসাহস্রৈর্বারয়মাস গৌতমঃ ॥ ২৭
চেকিতানস্ততঃ খড়্গং ক্রোধাদুদ্ধৃত্য ভারত।
লাঘবং পরমাস্থায় গৌতমং সমুপাদ্রবৎ ॥ ২৮
গৌতমোঽপি ধনুস্ত্যক্ত্বা প্রগৃহ্যাসিং সুসংযতঃ।
বেগেন মহতা রাজংশ্চেকিতানমুপাদ্রবৎ ॥ ২৯
তাবুভৌ বলসম্পন্নৌ নিস্ত্রিংশবরধারিণৌ।
নিস্ত্রিংশাভ্যাং সুতীক্ষ্ণাভ্যামন্যোন্যং সন্ততক্ষতুঃ ॥৩০
নিস্ত্রিংশবেগাভিহতৌ ততস্তৌ পুরুষর্ষভৌ।
ধরণীং সমনুপ্রাপ্তৌ সর্বভূতনিষেবিতাম্ ॥ ৩১
মূর্চ্ছয়াভিপরীতাঙ্গৌ ব্যায়ামেন তু মোহিতৌ।
ততোঽভ্যধাবদ্ বেগেন করকর্ষঃ সুহৃত্তয়া ॥ ৩২
চেকিতানং তথাভূতং দৃষ্ট্বা সমরদুর্মদঃ।
রথমারোপয়চ্চৈনং সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥ ৩৩
তথৈব শকুনিঃ শূরঃ শ্যালস্তব বিশাম্পতে।
আরোপয়দ্ রথং তূর্ণং গৌতমং রথিনাং বরম্ ॥ ৩৪
সৌমদত্তিং তথা ক্রুদ্ধো ধৃষ্টকেতুর্মহাবলঃ।
নবত্যা সায়কৈঃ ক্ষিপ্রং রাজন্ বিব্যাধ বক্ষসি ॥ ৩৫
সৌমদত্তিরুরঃস্থৈস্তৈর্ভৃশং বাণৈরশোভত।
মধ্যন্দিনে মহারাজ রশ্মিভিস্তপনো যথা ॥ ৩৬
ভূরিশ্রবাস্তু সমরে ধৃষ্টকেতুং মহারথম্।
হতসূত-হয়ং চক্রে বিরথং সায়কোত্তমৈঃ ॥ ৩৭
বিরথং তং সমালোক্য হতাশ্বং হতসারথিম্।
মহতা শরবর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে ॥ ৩৮
স তু তং রথমুৎসৃজ্য ধৃষ্টকেতুর্মহামনাঃ।
আরুরোহ ততো যানং শতানীকস্য মারিষ ॥ ৩৯
চিত্রসেনো বিকর্ণশ্চ রাজন্ দুর্মর্ষণস্তথা।
রথিনো হেমসংনাহাঃ সৌভদ্রমভিদুদ্রুবুঃ ॥ ৪০
অভিমন্যোস্ততস্তৈস্তু ঘোরং যুদ্ধমবর্তত।
শরীরস্য যথা রাজন্ বাত-পিত্ত-কফৈস্ত্রিভিঃ ॥৪১

সেই নির্মল ও লৌহনির্মিত বিশাল গদাকে নিজের উপর আসিতে দেখিয়া কৃপাচার্য্য বহু সহস্র বাণের দ্বারা তাহাকে নিবারণ করিলেন ॥ ২৭

ভারত! তখন চেকিতান ক্রোধবশতঃ স্বীয় তরবারি বাহির করিয়া লইলেন এবং নিপুণতার সহিত কৃপাচার্য্যের দিকে ধাবিত হইলেন ॥ ২৮

রাজন্! ইহা দেখিয়া কৃপাচার্য্যও ধনু পরিত্যাগ করত স্বীয় তরবারি হস্তে গ্রহণ করিলেন এবং অতিশয় সাবধানতার সহিত তীব্র বেগে চেকিতানের দিকে ধাবিত হইলেন ॥ ২৯

ইঁহারা উভয়েই বলবান্ ছিলেন, এবং উভয়েই উত্তম তরবারির দ্বারা পরস্পরকে ছেদন করিতে লাগিলেন ॥ ৩০

সেই তরবারির গভীর আঘাতে আহত হইয়া এই দুই শ্রেষ্ঠ পুরুষ সকল প্রাণীর নিবাসভূত ভূতলে পতিত হইলেন ॥ ৩১

তাঁহাদের সারা অঙ্গ মূর্চ্ছায় আবিষ্ট হইয়া পড়িল এবং অধিক পরিশ্রমের জন্য উভয়েই অচেতন হইয়া পড়িলেন। সেই সময় যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রামকারী করকর্ষ চেকিতানকে সেই অবস্থায় পতিত দেখিয়া সৌহার্দ্দবশতঃ তীব্রবেগে দৌড়াইয়া আসিলেন এবং সকল সৈন্যের সাক্ষাতেই তাঁহাকে রথে তুলিয়া লইলেন ॥ ৩২-৩৩

প্রজানাথ! এইরূপ আপনার শ্যালক (সম্বন্ধী) বীর শকুনি রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কৃপাচার্য্যকেও অতিসত্বর নিজ রথে আরোহণ করাইলেন ॥ ৩৪

রাজন্! অপর দিকে মহাবল ধৃষ্টকেতু ক্রুদ্ধ হইয়া নব্বইটি বাণে অতিদ্রুত ভূরিশ্রবার বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন ॥ ৩৫

মহারাজ! বক্ষঃস্থলে প্রবিষ্ট সেই বাণসমূহে ভূরিশ্রবা তাদৃশ শোভা পাইতে লাগিলেন, যেরূপ মধ্যাহ্নকালে সূর্য্য স্বীয় কিরণাবলীতে অধিক প্রকাশিত হইয়া থাকেন ॥ ৩৬

তখন ভূরিশ্রবাও সমরাঙ্গণে উত্তম বাণসমূহে মহারথী ধৃষ্টকেতুর অশ্বগণকে ও সারথিকে নিহত করিয়া তাঁহাকে রথহীন করিয়া দিলেন ॥ ৩৭

ভূরিশ্রবা অশ্ব ও সারথি নিহত হইবার পর ধৃষ্টকেতুকে রথহীন দেখিয়া প্রভূত বাণবর্ষণে তাঁহাকে আবৃত করিয়া ফেলিলেন ॥ ৩৮

আর্য্য! তাঁহার পর মহামনা ধৃষ্টকেতু সেই রথকে পরিত্যাগ করিয়া শতানীকের রথে যাইয়া আরোহণ করিলেন ॥ ৩৯

রাজন্! সেই সময় চিত্রসেন, বিকর্ণ ও দুর্মর্ষণ এই তিন রথী স্বর্ণনির্মিত কবচ ধারণ করত সুভদ্রানন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥ ৪০

রাজন্! তখন তাঁহাদের সহিত অভিমন্যুর সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল, যেরূপ বাত, পিত্ত ও কফের সহিত শরীরের যুদ্ধ হইয়া থাকে ॥ ৪১

বিরথাংস্তব পুত্রাংস্তু কৃত্বা রাজন্ মহাহবে।
ন জঘান নরব্যাঘ্রঃ স্মরন্ ভীমবচস্তদা ॥ ৪২
ততো রাজ্ঞাং বহুশতৈর্গজাশ্ব-রথযায়িভিঃ।
সংবৃতং সমরে ভীষ্মং দেবৈরপি দুরাসদম্ ॥ ৪৩
প্রযান্তং শীঘ্রমুদ্বীক্ষ্য পরিত্রাতুং সুতাংস্তব।
অভিমন্যুং সমুদ্দিশ্য বালমেকং মহারথম্ ॥ ৪৪
বাসুদেবমুবাচেদং কৌন্তেয়ঃ শ্বেতবাহনঃ।
চোদয়াশ্বান্ হৃষীকেশ যত্রৈতে বহুলা রথাঃ ॥ ৪৫
এতে হি বহবঃ শূরাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্মদাঃ।
যথা হন্যুর্ন নঃ সেনাং তথা মাধব চোদয় ॥ ৪৬
এবমুক্তঃ স বার্ষ্ণেয়ঃ কৌন্তেয়েনামিতৌজসা।
রথং শ্বেতহয়ৈর্যুক্তং প্রেষয়ামাস সংযুগে ॥ ৪৭
নিষ্টানকো মহানাসীৎ তব সৈন্যস্য মারিষ।
যদর্জুনো রণে ক্রুদ্ধঃ সংযাতস্তাবকান্ প্রতি ॥ ৪৮
সমাসাদ্য তু কৌন্তেয়ো রাজ্ঞস্তান্ ভীষ্মরক্ষিণঃ।
সুশর্মাণমথো রাজন্নিদং বচনমব্রবীৎ ॥ ৪৯

রাজন্! সেই মহাসংগ্রামে আপনার পুত্রগণকে রথহীন করিয়া নরশ্রেষ্ঠ অভিমন্যু সেই সময় ভীমসেনের প্রতিজ্ঞার কথা স্মরণ করিয়া তাঁহাদিগকে বধ করিলেন না ॥ ৪২

তদনন্তর হস্তী, অশ্ব ও রথের সাহায্যে যুদ্ধ-যাত্রাকারী বহুশত রাজগণে পরিবেষ্টিত এবং রণাঙ্গনে দেবতাদিগেরও দুর্জয় ভীষ্ম আপনার পুত্রদিগকে রক্ষা করিবার জন্য একমাত্র বালক মহারথী অভিমন্যুকে লক্ষ্য করত তীব্রবেগে গমন করিলেন। তাঁহাকে সেই দিকে যাইতে দেখিয়া শ্বেতবাহন কুন্তীপুত্র অর্জুন বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন।

হৃষীকেশ! যেদিকে এই বহু সংখ্যক রথ যাইতেছে, সেই দিকেই আপনি অশ্বচালনা করুন। মাধব! অস্ত্রবিদ্যায় পারদর্শী ও রণদুর্মদ বহু সংখ্যক এই বীরগণ যাহাতে আমাদের সৈন্যদিগকে বিনাশ করিতে না পারে, সেইভাবে এই রথকে ঐ দিকেই লইয়া চলুন ॥ ৪৩-৪৬

অমিততেজস্বী কুন্তীকুমার অর্জুন এই কথা বলিলে পর বৃষ্ণিবংশভূষণ শ্রীকৃষ্ণ যুদ্ধে শ্বেতবাহনযোজিত সেই রথকে অগ্রসর করিলেন ॥ ৪৭

আর্য্য! যখন রণভূমিতে ক্রুদ্ধ অর্জুন আপনার সৈন্যদের অভিমুখে যাইতে লাগিলেন, তখন আপনার সৈন্যমধ্যে ভয়ঙ্কর কোলাহলধ্বনি উত্থিত হইল ॥ ৪৮

জানামি ত্বাং যুধাং শ্রেষ্ঠমত্যন্তং পূর্ববৈরিণম্।
অনয়স্যাদ্য সম্প্রাপ্তং ফলং পশ্য সুদারুণম্ ॥ ৫০
অদ্য তে দর্শয়িষ্যামি পূর্বপ্রেতান্ পিতামহান্।
এবং সংজল্পতস্তস্য বীভৎসোঃ শত্রুঘাতিনঃ ॥ ৫১
শ্রুত্বাপি পরুষং বাক্যং সুশর্মা রথযূথপঃ।
ন চৈনমব্রবীৎ কিঞ্চিচ্ছুভং বা যদি বাশুভম্ ॥ ৫২
অভিগম্যার্জুনং বীরং রাজভির্বহুভির্বৃতঃ।
পুরস্তাৎ পৃষ্ঠতশ্চৈব পার্শ্বতশ্চৈব সর্বশঃ ॥ ৫৩
পরিবার্য্যার্জুনং সংখ্যে তব পুত্রৈর্মহারথঃ।
শরৈঃ সংছাদয়ামাস মেঘৈরিব দিবাকরম্ ॥ ৫৪
ততঃ প্রবৃত্তঃ সুমহান্ সংগ্রামঃ শোণিতোদকঃ।
তাবকানাঞ্চ সমরে পাণ্ডবানাঞ্চ ভারত ॥ ৫৫
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সপ্তমযুদ্ধদিবসে সুশর্মার্জুন-সমাগমে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৪

রাজন্! কুন্তীকুমার অর্জুন ভীষ্মকে রক্ষাকারী সেই সব রাজগণের নিকট যাইয়া সুশর্ম্মাকে এই কথা বলিলেন ॥ ৪৯

বীর! আমি জানি যে, তুমি পাণ্ডবগণের পূর্ব্ব শত্রু এবং যোদ্ধাদিগের মধ্যে অত্যন্ত শ্রেষ্ঠ। তোমরা যে অন্যায় করিয়াছ, তাহার অতিশয় ভয়ঙ্কর এই ফল আজ প্রাপ্ত হইয়াছ, ইহা দেখ। আজ আমি তোমাকে পূর্ব্ব মৃত তোমার পিতামহকে দর্শন করাইব।

এইরূপ বাক্যভাষী শত্রুহন্তা অর্জুনের কঠোর বাক্য শ্রবণ করিয়াও রথযূথপতি সুশর্ম্মা তাঁহাকে শুভ কিংবা অশুভ কোন কিছুই বলিলেন না ॥ ৫০-৫২

বহু নৃপগণে পরিবৃত সেই মহারথী বীর আপনার পুত্রদিগকে সঙ্গে লইয়া যুদ্ধে বীর অর্জুনের সম্মুখে গমন করত তাঁহাকে অগ্রে, পশ্চাতে ও পার্শ্বভাগে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন এবং যেরূপ মেঘ সূর্য্যকে আচ্ছাদিত করিয়া থাকে, সেইরূপ বাণসমূহে অর্জুনকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৫৩-৫৪

ভারত! তাহার পর রণাঙ্গনে আপনার পুত্র ও পাণ্ডবগণের মধ্যে রক্তরূপ জলপ্রবাহকারী ঘোরতর মহাসংগ্রাম বাধিয়া যাইল ॥ ৫৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী-সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে সপ্তম দিবসের যুদ্ধে সুশর্ম্মা ও অর্জুনের সমাগমবিষয়ক চতুরশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

১০ম বর্ষ, শ্রাবণমাস ১৩৭৮] [দ্বিতীয় সংখ্যা—শারদী যাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

* * *

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য ডি,লিট্ * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম্-এ, ডি,লিট

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী ঃ—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

যুগ্ম-কর্ম্মকিঙ্কর ঃ—
ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস্, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ (লণ্ডন)
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয়

৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

[বার্ষিক মূল্য সডাক ১৫'০০ টাকা প্রতি সংখ্যা ১'৫০ টাকা]

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫·০০ টাকা, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০ টাকা, প্রতি সংখ্যা ২·০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—**আর্য্যশাস্ত্র**
শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি, ডব্লিউ, ডি রোড
কলিকাতা—৩৫

স দ্রৌণিমিষুণৈকেন বিদ্‌ধ্বা শল্যঞ্চ পঞ্চভিঃ।
ধ্বজং সাংযমনেশ্চৈব সোঽষ্টাভিশ্চিচ্ছিদে ততঃ ॥ ৮
রুক্মদণ্ডাং মহাশক্তিং প্রেষিতাং সৌমদত্তিনা।
শিতেনোরগসঙ্কাশাং পত্রিণাপজহার তাম্ ॥ ৯
শল্যস্তু চ মহাবেগানস্যতঃ সমরে শরান্।
(ধনুশ্চিচ্ছেদ ভল্লেন তীব্রবেগেন ফাল্গুনিঃ)
নিবার্য্যার্জুনদায়াদো জঘান চতুরো হয়ান্ ॥ ১০
ভূরিশ্রবাশ্চ শল্যশ্চ দ্রৌণিঃ সাংযমনিঃ শলঃ।
নাভ্যবর্তন্ত সংরব্ধাঃ কার্ষ্ণের্বাহুবলোদয়ম্ ॥ ১১
ততস্ত্রিগর্তা রাজেন্দ্র মদ্রাশ্চ সহ কেকয়ৈঃ।
পঞ্চবিংশতিসাহস্রাস্তব পুত্রেণ চোদিতাঃ ॥ ১২
ধনুর্বেদবিদো মুখ্যা অজেয়াঃ শত্রুভির্যুধি।
সহপুত্রং জিঘাংসন্তং পরিবব্রুঃ কিরীটিনম্ ॥ ১৩
তৌ তু তত্র পিতাপুত্রৌ পরিক্ষিপ্তৌ মহারথৌ।
দদর্শ রাজন্ পাঞ্চাল্যঃ সেনাপতিররিন্দম ॥ ১৪
স বারণরথৌঘানাং সহস্রৈর্বহুভির্বৃতঃ।
বাজিভিঃ পত্তিভিশ্চৈব বৃতঃ শতসহস্রশঃ ॥ ১৫
ধনুর্বিস্ফার্য্য সংক্রুদ্ধো নোদয়িত্বা চ বাহিনীম্।
যযৌ তং মদ্রকানীকং কেকয়াংশ্চ পরন্তপ ॥ ১৬
তেন কীর্ত্তিমতা গুপ্তমনীকং দৃঢ়ধন্বনা।
সংরব্ধরথনাগাশ্বং যোৎস্যমানমশোভত ॥ ১৭
সোঽর্জুনপ্রমুখে যান্তং পাঞ্চালকুলবর্ধনঃ।
ত্রিভিঃ শারদ্বতং বাণৈর্জত্রুদেশে সমার্পয়ৎ ॥ ১৮
ততঃ স মদ্রকান্ হত্বা দশৈব দশভিঃ শরৈঃ।
পৃষ্ঠরক্ষং জঘানাশু ভল্লেন কৃতবর্মণঃ ॥ ১৯
দমনং চাপি দায়াদং পৌরবস্য মহাত্মনঃ।
জঘান বিমলাগ্রেণ নারাচেন পরন্তপঃ ॥ ২০
ততঃ সাংযমনেঃ পুত্রঃ পাঞ্চাল্যং যুদ্ধদুর্মদম্।
অবিধ্যৎ ত্রিংশতাবাণৈর্দশভিশ্চাস্য সারথিম্ ॥ ২১
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সৃক্কিণী পরিসংলিহন্।
ভল্লেন ভৃশতীক্ষ্ণেন নিচকর্তাস্য কার্মুকম্ ॥ ২২

তিনি অশ্বত্থামাকে এক ও শল্যকে পাঁচ বাণে আহত করিয়া শলের ধ্বজকে আট বাণে ছেদন করিয়া ফেলিলেন ॥ ৮

তারপর ভূরিশ্রবা কর্তৃক নিক্ষিপ্তা স্বর্ণদণ্ডভূষিতা সর্পসদৃশী মহাশক্তিকে তীক্ষ্ণ বাণসমূহে নষ্ট করিয়া দিলেন ॥ ৯

সমরাঙ্গণে শল্য মহাবেগশালী বাণসমূহ নিক্ষেপ করিতেছিলেন, অর্জুনপুত্র অভিমন্যু তীব্র বেগযুক্ত ভল্লাস্ত্রে তাঁহার ধনুকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন এবং তাঁহার অগ্রগতি রোধ করিয়া পার্থকুমার তাঁহার চারিটি অশ্বকেও বিনাশ করিলেন ॥ ১০

ভূরিশ্রবা, শল্য, অশ্বত্থামা, সংযমন (সোমদত্ত)-পুত্র শল—ইঁহারা সকলেই যদিও তখন অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন, তথাপি তাঁহারা অভিমন্যুর বাহুবলবৃদ্ধিকে প্রতিরোধ করিতে পারিলেন না ॥ ১১

রাজেন্দ্র! তখন আপনার পুত্র দুর্যোধন কর্তৃক প্রেরিত হইয়া ত্রিগর্ত্ত ও কেকয়গণের সহিত মদ্রদেশের পঁচিশ হাজার যোদ্ধা শত্রুবধের ইচ্ছা রাখিয়া পুত্রসহ কিরীটধারী অর্জুনকে ঘিরিয়া ফেলিলেন। এই সকল যোদ্ধা ধনুর্ব্বেদে বিশেষজ্ঞ ও যুদ্ধস্থলে শত্রুগণকর্তৃক অজেয় ছিলেন ॥ ১২-১৩

শত্রুদমন নরেশ! পিতা-পুত্র মহারথ অর্জুন ও অভিমন্যুকে শত্রুগণকর্তৃক পরিবৃত হইতে দেখিয়া পাঞ্চালরাজকুমার সেনাপতি ধৃষ্টদ্যুম্ন কয়েক হাজার হস্তী ও রথ এবং লক্ষ লক্ষ অশ্বারোহী ও পদাতিক সৈন্যে আবৃত হইয়া স্বীয় বিশাল বাহিনীকে অগ্রবর্ত্তন করাইতে করাইতে এবং ক্রোধের সহিত ধনুষ্টঙ্কার করিতে করিতে মদ্র ও কেকয়সৈন্যদিগের উপর আক্রমণ করিলেন ॥ ১৪-১৬

সুদৃঢ় ধনুর্দ্ধারী যশস্বী ধৃষ্টদ্যুম্নকর্তৃক সুরক্ষিত হইয়া যুদ্ধের জন্য উদ্যত এই সৈন্যবাহিনী রণাঙ্গনে শোভা পাইতে লাগিল, এই বাহিনীর রথারোহী, হস্ত্যারোহী সকল সৈন্যই তখন অতিশয় ক্রুদ্ধ ছিল ॥ ১৭

পাঞ্চালবংশবর্দ্ধন ধৃষ্টদ্যুম্ন অর্জুনের সম্মুখে গমনোদ্যত কৃপাচার্য্যের কণ্ঠের উপরিভাগে (স্কন্ধের সন্ধিস্থলে) তিনটি বাণ প্রহার করিলেন ॥ ১৮

তারপর দশটি বাণে দশজন মদ্রদেশীয় যোদ্ধাকে নিহত করিয়া অতিক্রুত একটি ভল্লে কৃতবর্ম্মার পৃষ্ঠরক্ষককে বধ করিলেন ॥ ১৯

তাহার পর শত্রুসন্তাপক পাণ্ডবসেনাপতি ধৃষ্টদ্যুম্ন তীক্ষ্ণাগ্রবিশিষ্ট নারাচে মহাত্মা পৌরবের পুত্র দমনকে বিনাশ করিলেন।

তখন শলের পুত্র ত্রিশটি বাণে রণদুর্ম্মদ ধৃষ্টদ্যুম্নকে ও দশটি বাণে তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥ ২০-২১

এইভাবে গুরুতর আহত হইয়া স্বীয় মুখের দুই প্রান্তভাগ জিহ্বার দ্বারা লেহন করিতে করিতে মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন অত্যন্ত তীক্ষ্ণ ভল্লাস্ত্রে শলের পুত্রের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥ ২২

অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষিপ্রমেব সমার্পয়ৎ।
অশ্বাংশ্চাস্যাবধীদ্ রাজন্নুভৌ তৌ পার্ষ্ণিসারথী ॥ ২৩
স হতাশ্বে রথে তিষ্ঠন্ দদর্শ ভরতর্ষভ।
পুত্রঃ সাংযমনেঃ পুত্রং পাঞ্চাল্যস্য মহাত্মনঃ ॥ ২৪
স প্রগৃহ্য মহাঘোরং নিস্ত্রিংশবরমায়সম্।
পদাতিস্তূর্ণমানর্চ্ছদ্ রথস্থং পুরুষর্ষভঃ ॥ ২৫
তং মহৌঘমিবায়ান্তং খাৎ পতন্তমিবোরগম্।
ভ্রান্তাবরণনিস্ত্রিংশং কালোৎসৃষ্টমিবান্তকম্ ॥ ২৬
দীপ্যমানমিবাদিত্যং মত্তবারণবিক্রমম্।
অপশ্যন্ পাণ্ডবাস্তত্র ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥ ২৭
তস্য পাঞ্চালদায়াদঃ প্রতীপমভিধাবতঃ।
শিতনিস্ত্রিংশহস্তস্য শরাবরণধারিণঃ ॥ ২৮
বাণবেগমতীতস্য তথাভ্যাসমুপেয়ুষঃ।
ত্বরন্ সেনাপতিঃ ক্রুদ্ধো বিভেদ গদয়া শিরঃ ॥২৯
তস্য রাজন্ সনিস্ত্রিংশং সুপ্রভঞ্চ শরাবরম্।
হতস্য পততো হস্তাদ্ বেগেন ন্যপতদ্ ভুবি ॥ ৩০
তং নিহত্য গদাগ্রেণ স লেভে পরমাং মুদম্।
পুত্রঃ পাঞ্চালরাজস্য মহাত্মা ভীমবিক্রমঃ ॥ ৩১
তস্মিন্ হতে মহেষ্বাসে রাজপুত্রে মহারথে।
হাহাকারো মহানাসীৎ তব সৈন্যস্য মারিষ ॥ ৩২
ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধো দৃষ্ট্বা নিহতমাত্মজম্।
অভিদুদ্রাব বেগেন পাঞ্চাল্যং যুদ্ধদুর্মদম্ ॥ ৩৩
তৌ তত্র সমরে শূরৌ সমেতৌ যুদ্ধদুর্মদৌ।
দদৃশুঃ সর্বরাজানঃ কুরবঃ পাণ্ডবাস্তথা ॥ ৩৪
ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধঃ পার্ষতং পরবীরহা।
আজঘান ত্রিভির্বাণৈস্তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥ ৩৫

রাজন্! তারপর তিনি অতি সত্বর পঁচিশটি বাণে শলপুত্রকে আহত করিলেন এবং তাঁহার অশ্বগণকে ও দুইজন পৃষ্ঠরক্ষককে বধ করিলেন ॥ ২৩

ভরতশ্রেষ্ঠ! যে রথের অশ্ব বিনষ্ট হইয়াছে, সেই রথেই অবস্থান করিয়া শলের পুত্র মহাত্মা পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥ ২৪

তারপর পুরুষশ্রেষ্ঠ শলপুত্র অতিক্রত একটি ভয়ঙ্কর লৌহ-নির্ম্মিত তরবারি লইয়া পায়ে হাঁটিয়া রথে উপবিষ্ট পাঞ্চালরাজ-কুমার ধৃষ্টদ্যুম্নের দিকে যাইতে আরম্ভ করিলেন ॥ ২৫

এই যুদ্ধে পাণ্ডবগণ ও দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন দেখিতে লাগিলেন যে, মদমত্ত গজরাজের ন্যায় পরাক্রমী এবং সূর্য্যতুল্য দেদীপ্যমান শলপুত্র (ধৃষ্টদ্যুম্নের দিকে) আসিতেছেন। তখন তিনি মহা-বেগশালী জলপ্রবাহ, আকাশ হইতে পতিত সর্প এবং কালপ্রেরিত মৃত্যুসদৃশ বলিয়া প্রতীত হইতেছিলেন। তাঁহার হাতে আবরণমুক্ত (খোলা) তরবারি ছিল ॥ ২৬-২৭

তিনি সেই সময় বিরুদ্ধ মনোভাব লইয়া ধাবিত হইতে-ছিলেন। তাঁহার হস্তে তীক্ষ্ণ তরবারি ছিল। তিনি স্বীয় অঙ্গে কবচধারণ করিয়াছিলেন। তিনি ক্রমশঃ বাণের বেগ লঙ্ঘন করিয়া অত্যন্ত নিকটে আসিয়া উপস্থিত হইলেন। এরূপ অবস্থায় পাঞ্চালরাজকুমার সেনাপতি ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া অতিক্রত গদা দ্বারা আঘাত করত তাঁহার মস্তক বিদীর্ণ করিয়া দিলেন ॥ ২৮-২৯

রাজন্! তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গেই তাঁহার শরীর হইতে অতিশয় প্রভামণ্ডিত কবচ ও হস্ত হইতে তরবারি তাঁহার পতনের সহিতই সবেগে ভূতলে পতিত হইল ॥ ৩০

পাঞ্চালরাজের ভয়ানক পরাক্রমশালী পুত্র মহাত্মা ধৃষ্টদ্যুম্ন গদার অগ্রভাগে শলপুত্রকে নিহত করিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥ ৩১

আর্য্য! সেই মহাধনুর্দ্ধর মহারথী রাজকুমার নিহত হইলে আপনার সৈন্যদের মধ্যে মহা হাহাকার পড়িয়া গেল। ৩২

স্বীয় পুত্রকে নিহত হইতে দেখিয়া ক্রুদ্ধ সংযমনকুমার শল রণদুর্ম্মদ পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্নের উপর সবেগে ধাবিত হইলেন ॥ ৩৩

যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রামরত এই দুই বীর তখন পরস্পরের উপর আক্রমণ-প্রত্যাক্রমণ করিতে লাগিলেন। কৌরব ও পাণ্ডব উভয়পক্ষের সমস্ত ভূপতিগণ সেই সময় ইঁহাদের যুদ্ধ দেখিতে লাগিলেন ॥ ৩৪

তারপর শত্রুবীরনাশী শল কোন মাহুত যেরূপ কোন এক মহান্ গজরাজকে অঙ্কুশের আঘাত করে, সেইরূপ দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্নকে ক্রোধের সহিত তিনটি বাণে আঘাত করিলেন ॥ ৩৫

তথৈবং পার্ষতং শূরং শল্যঃ সমিতিশোভনঃ।
আজঘানোরসি ক্রুদ্ধস্ততো যুদ্ধমবর্তত ॥ ৩৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি চতুর্থযুদ্ধদিবসে সাংযমনি-পুত্রবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬১

এইরূপ সংগ্রামশোভী শল্যও ক্রুদ্ধ হইয়া পরাক্রমী বীর ধৃষ্টদ্যুম্নের বক্ষঃস্থলে আঘাত করিলেন। তাহার পরও তাঁহাদের মধ্যে যুদ্ধ চলিতে লাগিল ॥৩৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে চতুর্থ দিবসের যুদ্ধে শলের পুত্রবধ-বিষয়ক একষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

(উভয়পক্ষয়োর্ধৃষ্টদ্যুম্ন-শল্য-প্রভৃতীনাং বীরাণাং যুদ্ধম্, ভীমসেনেন গজসেনানাং সংহারশ্চ।)

ধৃতরাষ্ট্র উবাচ।

দৈবমেব পরং মন্যে পৌরুষাদপি সঞ্জয়।
যৎ সৈন্যং মম পুত্রস্য পাণ্ডুসৈন্যেন বাধ্যতে ॥ ১
নিত্যং হি মামকাংস্তাত হতানেব হি শংসসি।
অব্যগ্রাংশ্চ প্রহৃষ্টাংশ্চ নিত্যং শংসসি পাণ্ডবান্ ॥ ২
হীনান্ পুরুষকারেণ মামকানদ্য সঞ্জয়।
পাতিতান্ পাত্যমানাংশ্চ হতানেব চ শংসসি ॥ ৩
যুধ্যমানান্ যথাশক্তি ঘটমানান্ জয়ং প্রতি।
পাণ্ডবা হি জয়ন্ত্যেব জীয়ন্তে চৈব মামকাঃ ॥ ৪
সোঽহং তীব্রাণি দুঃখানি দুর্য্যোধনকৃতানি চ।
শ্রোষ্যামি সততং তাত দুঃসহানি বহূনি চ ॥ ৫
তমুপায়ং ন পশ্যামি জীয়েরন্ যেন পাণ্ডবাঃ।
মামকা বিজয়ং যুদ্ধে প্রাপ্নুয়ুর্যেন সঞ্জয় ॥ ৬

সঞ্জয় উবাচ।

ক্ষয়ং মনুষ্যদেহানাং গজ-বাজি-রথক্ষয়ম্।
শৃণু রাজন্ স্থিরো ভূত্বা তবৈবাপনয়ো মহান্ ॥
ধৃষ্টদ্যুম্নস্তু শল্যেন পীড়িতো নবভিঃ শরৈঃ।
পীড়য়ামাস সংক্রুদ্ধো মদ্রাধিপতিমায়সৈঃ ॥ ৮
তত্রাদ্ভুতমপশ্যাম পার্ষতস্য পরাক্রমম্।
ন্যবারয়ত যত্তূর্ণং শল্যং সমিতিশোভনম্ ॥ ৯

দ্বিষষ্টিতম অধ্যায়

[উভয়পক্ষেরই ধৃষ্টদ্যুম্ন ও শল্য প্রভৃতি বীরগণের মধ্যে যুদ্ধ এবং ভীমসেন কর্তৃক গজসৈন্য সংহার।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! আমি পুরুষার্থ অপেক্ষা দৈবকেই প্রধান বলিয়া মনে করি, যাহার জন্য আমার পুত্র দুর্য্যোধনের সৈন্য পাণ্ডবগণের সৈন্য কর্তৃক পীড়িত হইতেছে ॥ ১

তাত! তুমি প্রতিদিন আমারই সৈন্যগণের নিধনসংবাদ বলিতেছ এবং পাণ্ডবদিগকে সর্ব্বদা ব্যগ্রতাশূন্য ও হর্ষোল্লাসে পরিপূর্ণ জানাইতেছ ॥ ২

সঞ্জয়! এখন আমার পুত্রগণ পুরুষকারহীন, শত্রু কর্তৃক ভূপাতিত, প্রায় মৃত্যুকবলিত ও নিহত হইতেছে—এরূপ সংবাদই জানাইতেছ ॥ ৩

আমার পুত্র বিজয়লাভের জন্য যথাশক্তি চেষ্টা করিতেছে ও যুদ্ধ করিতেছে, তথাপি পাণ্ডবেরাই বিজয়ী হইতেছে এবং আমার পুত্রগণ পরাজিত হইতেছে ॥ ৪

তাত! আমার মনে হইতেছে, দুর্য্যোধনের কৃত কর্ম্মের জন্য আমাকে সদা অত্যন্ত দুঃসহ ও তীব্র দুঃখেরই বহু কথা শুনিতে হইবে ॥ ৫

সঞ্জয়! আমি এরূপ কোন উপায় দেখিতে পাইতেছি না, যাহাতে যুদ্ধে পাণ্ডবেরা পরাজিত হইতে পারে এবং আমার পুত্রগণ জয়লাভ করিতে পারে ॥ ৬

সঞ্জয় কহিলেন,—রাজন্! সেই যুদ্ধে মানব-দেহসমূহের ভয়ানক ক্ষয় হইয়াছিল এবং হস্তী, অশ্ব ও রথসকল বিনষ্ট হইয়াছিল। এই সমস্ত বৃত্তান্ত আপনি স্থির হইয়া শ্রবণ করুন; কারণ, ইহা আপনারই গুরুতর অন্যায়ের অবশ্যম্ভাবী ফল ॥৭

শল্যের বাণে পীড়িত হইয়া ধৃষ্টদ্যুম্ন অতিশয় কুপিত হইলেন। তখন তিনি লৌহনির্ম্মিত নয়টি বাণে মদ্ররাজ শল্যকে গভীর পীড়াদান করিলেন ॥ ৮

সেখানে আমরা ধৃষ্টদ্যুম্নের এই অদ্ভুত পরাক্রম দেখিলাম যে, তিনি সংগ্রামশোভী রাজা শল্যকে অতিসত্বর অগ্রগমন হইতে নিবারিত করিলেন ॥ ৯

নান্তরং দৃশ্যতে তত্র তয়োশ্চ রথিনোস্তদা।
মুহূর্ত্তমিব তদ্ যুদ্ধং তয়োঃ সমমিবাভবৎ ॥ ১০

ততঃ শল্যো মহারাজ ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥ ১১

অথৈনং শরবর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে।
গিরিং জলাগমে যদ্বজ্জলদা জলবৃষ্টিভিঃ ॥ ১২

অভিমন্যুস্ততঃ ক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নে চ পীড়িতে।
অভিদুদ্রাব বেগেন মদ্ররাজরথং প্রতি ॥ ১৩

ততো মদ্রাধিপরথং কার্ষ্ণিঃ প্রাপ্যাতিকোপনঃ।
আর্ত্তায়নিমমেয়াত্মা বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥ ১৪

ততস্তু তাবকা রাজন্ পরীপ্সন্তোঽর্জ্জুনিং রণে।
মদ্ররাজরথং তূর্ণং পরিবার্য্যাবতস্থিরে ॥ ১৫

দুর্য্যোধনো বিকর্ণশ্চ দুঃশাসন-বিবিংশতী।
দুর্মর্ষণো দুঃসহশ্চ চিত্রসেনোঽথ দুর্মুখঃ ॥ ১৬

সত্যব্রতশ্চ ভদ্রং তে পুরুমিত্রশ্চ ভারত।
এতে মদ্রাধিপরথং পালয়ন্তঃ স্থিতা রণে ॥ ১৭

তান্ ভীমসেনঃ সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
দ্রৌপদেয়াঽভিমন্যুশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥ ১৮

ধার্ত্তরাষ্ট্রান্ দশ রথান্ দশৈব প্রত্যবারয়ন্।
নানারূপাণি শস্ত্রাণি বিসৃজন্তো বিশাম্পতে ॥ ১৯

অভ্যবর্ত্তন্ত সংহৃষ্টাঃ পরস্পরবধৈষিণঃ।
তে বৈ সমেয়ুঃ সংগ্রামে রাজন্ দুর্মন্ত্রিতে তব ॥ ২০

তস্মিন্ দশরথে ক্রুদ্ধে বর্তমানে মহাভয়ে।
তাবকানাং পরেষাং বা প্রেক্ষকা রথিনোঽভবন্ ॥ ২১

শস্ত্রাণ্যনেকরূপাণি বিসৃজন্তো মহারথাঃ।
অন্যোন্যমভিমর্দন্তঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥ ২২

তে তদা জাতসংরম্ভাঃ সর্ব্বেঽন্যোন্যং জিঘাংসবঃ।
অন্যোন্যমভির্মদন্তঃ স্পর্ধমানাঃ পরস্পরম্ ॥ ২৩

সেই সময় এই দুই মহারথীর মধ্যে পরাক্রমের দৃষ্টিতে কোন পার্থক্য দেখা যাইল না। মুহূর্ত্তকাল (দুই ঘটিকা) পর্য্যন্ত উভয়ে সমানভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ১০

মহারাজ! তদনন্তর রাজা শল্য সমরাঙ্গণে একটি ধারাল পীতবর্ণের ভল্লের দ্বারা ধৃষ্টদ্যুম্নের ধনু ছেদন করিলেন ॥ ১১

তারপর যেরূপ বর্ষাকালে মেঘ পর্ব্বতের উপর বারি বর্ষণ করে, সেইরূপ তিনিও ধৃষ্টদ্যুম্নের উপর বাণ বর্ষণ করত তাঁহাকে চারিদিকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ১২

অনন্তর ধৃষ্টদ্যুম্ন পীড়িত হইয়া পড়িলে ক্রুদ্ধ অভিমন্যু মদ্ররাজ শল্যের রথের উপর তীব্রবেগে আক্রমণ আরম্ভ করিলেন ॥ ১৩

মদ্ররাজের রথের নিকট উপস্থিত হইয়া অতিশয় কুপিত ও অনন্ত আত্মবলসম্পন্ন অর্জ্জুননন্দন অভিমন্যু তীক্ষ্ণ বাণসমূহে ঋতায়নপুত্র রাজা শল্যকে আহত করিয়া ফেলিলেন ॥ ১৪

রাজন্! তখন আপনার পুত্রগণ রণাঙ্গনে অভিমন্যুকে বন্দী করিবার ইচ্ছায় অতিক্রুত সেখানে আগমন করিলেন এবং মদ্ররাজ শল্যের রথকে চারিদিকে ঘিরিয়া যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥ ১৫

ভারত! আপনার মঙ্গল হউক। দুর্য্যোধন, বিকর্ণ, দুঃশাসন, বিবিংশতি, দুর্মর্ষণ, দুঃসহ, চিত্রসেন, দুর্মুখ, সত্যব্রত ও পুরুমিত্র—এই সকল আপনার পুত্র মদ্ররাজের রথ রক্ষা করিতে করিতে যুদ্ধ-ভূমিতে অবস্থিত রহিলেন ॥ ১৬-১৭

আপনার এই দশ মহারথী পুত্রকে অতিশয় ক্রুদ্ধ ভীমসেন, দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন, মাদ্রীকুমার পাণ্ডুনন্দন নকুল-সহদেব, পঞ্চ ভ্রাতা দ্রৌপদীসুত ও অভিমন্যু—এই দশ মহারথী অবরোধ করিলেন। প্রজানাথ! তখন ইঁহারা সকলেই নানাপ্রকার অস্ত্রসমূহ বর্ষণ করিতেছিলেন ॥ ১৮-১৯

রাজন্! ইঁহারা সকলে তখন পরস্পর পরস্পরকে বধ করিবার বাসনায় হর্ষ ও উৎসাহের সহিত আক্রমণ-প্রত্যাক্রমণ করিতে লাগিলেন। আপনারই কুমন্ত্রণার ফলে এইসব যোদ্ধাকে সংগ্রামে এইভাবে পরস্পরের সম্মুখীন হইতে হইয়াছে ॥ ২০

যে সময় এই দশ মহারথী ক্রুদ্ধ হইয়া মহাভয়ঙ্কর যুদ্ধে ব্যাপৃত হইলেন, সেই সময় আপনার ও পাণ্ডবগণের অন্য সকল সৈন্যই সেই যুদ্ধ দর্শন করিতে লাগিলেন ॥ ২১

তখন আপনার ও পাণ্ডবগণের এই মহারথী বীরবৃন্দ পরস্পরের উপর নানাপ্রকারের অস্ত্রসমূহ বর্ষণ করিয়া গর্জন করিতে করিতে যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২২

সেই সময় ইঁহারা সকলেই অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন এবং পরস্পর পরস্পরকে বধ করিবার জন্য অভিলাষী ছিলেন। সকলে পরস্পরের উপর স্পর্দ্ধা দেখাইতে দেখাইতে পরস্পরকে মর্দিত করিয়া ফেলিবার চেষ্টা করিতেছিলেন ॥ ২৩

অন্যোন্যস্পর্ধয়া রাজন্ জ্ঞাতয়ঃ সঙ্গতা মিথঃ।
মহাস্ত্রাণি বিমুঞ্চন্তঃ সমাপেতুরমর্ষিণঃ ॥ ২৪
দুর্য্যোধনস্তু সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নং মহারণে।
বিব্যাধ নিশিতৈর্বাণৈশ্চতুর্ভিঃ সমরে দ্রুতম্ ॥ ২৫
দুর্মর্ষণশ্চ বিংশত্যা চিত্রসেনশ্চ পঞ্চভিঃ।
দুর্মুখো নবভির্বাণৈর্দুঃসহশ্চাপি সপ্তভিঃ ॥ ২৬
বিবিংশতিঃ পঞ্চভিশ্চ ত্রিভির্দুঃশাসনস্তথা।
তান্ প্রত্যবিধ্যদ্ রাজেন্দ্র পার্ষতঃ শত্রুতাপনঃ ॥ ২৭
একৈকং পঞ্চবিংশত্যা দর্শয়ন্ পাণিলাঘবম্।
সত্যব্রতঞ্চ সমরে পুরুমিত্রঞ্চ ভারত ॥ ২৮
অভিমন্যুরবিধ্যৎ তু দশভির্দশভিঃ শরৈঃ।
মাদ্রীপুত্রৌ তু সমরে মাতুলং মাতৃনন্দনৌ ॥ ২৯
অবিধ্যেতাং শরৈস্তীক্ষ্ণৈস্তদদ্ভুতমিবাভবৎ।
ততঃ শল্যো মহারাজ স্বস্রীয়ৌ রথিনাং বরৌ ॥ ৩০
শরৈর্বহুভিরানর্চ্ছৎ কৃতপ্রতিকৃতৈষিণৌ।
ছাদ্যমানৌ ততস্তৌ তু মাদ্রীপুত্রৌ ন চেলতুঃ ॥ ৩১

মহারাজ! ইঁহারা সকলে পরস্পরের জ্ঞাতি—ভাই-বন্ধু ছিলেন, কিন্তু পরস্পরের প্রতি পরস্পরের স্পর্দ্ধা থাকায় ইঁহারা যুদ্ধ করিতেছিলেন। সকলেই অতিশয় ক্রুদ্ধ হইয়া মহাস্ত্রসমূহ ক্ষেপণ করত তখন পরস্পরের উপর আক্রমণ-প্রত্যাক্রমণ করিতেছিলেন ॥ ২৪

দুর্য্যোধন রণক্ষেত্রে অত্যন্ত কুপিত হইয়া এই মহাযুদ্ধে চারিটি তীক্ষ্ণ বাণদ্বারা অতিক্রত ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥ ২৫

দুর্মর্ষণ বিশ, চিত্রসেন পাঁচ, দুর্মুখ নয়, দুঃসহ সাত, বিবংশতি পাঁচ ও দুঃশাসন তিনটি বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন। রাজেন্দ্র! তখন শত্রুতাপন ধৃষ্টদ্যুম্ন স্বীয় হস্তের নৈপুণ্য দেখাইয়া দুর্য্যোধন প্রভৃতি প্রত্যেককে পঁচিশটি করিয়া বাণে প্রতিবিদ্ধ করিলেন ॥

ভারত! অভিমন্যু সমরাঙ্গণে সত্যব্রত ও পুরুমিত্রকে দশটি দশটি বাণে আহত করিলেন ॥

মাতাকে আনন্দদানকারী নকুল ও সহদেব নিজ মামা শল্যকে তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল ॥

মহারাজ! তদনন্তর শল্য কৃতপ্রহারের প্রতিশোধ লইবার ইচ্ছায় রথিগণের মধ্যে শ্রেষ্ঠ দুই স্বীয় ভাগিনেয়কে বহু বাণে পীড়িত করিলেন। তাঁহার বাণসমূহে আহত হইয়াও নকুল-সহদেব বিচলিত হইলেন না ॥ ২৬-৩১

অথ দুর্য্যোধনং দৃষ্ট্বা ভীমসেনো মহাবলঃ।
বিধিৎসুঃ কলহস্যান্তং গদাং জগ্রাহ পাণ্ডবঃ ॥ ৩২
তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
ভীমসেনং মহাবাহুং পুত্রাস্তে প্রাদ্রবন্ ভয়াৎ ॥ ৩৩
দুর্য্যোধনস্তু সংক্রুদ্ধো মাগধং সমচোদয়ৎ।
অনীকং দশসাহস্রং কুঞ্জরাণাং তরস্বিনাম্ ॥ ৩৪
গজানীকেন সহিতস্তেন রাজা সুযোধনঃ।
মাগধং পুরতঃ কৃত্বা ভীমসেনং সমভ্যয়াৎ ॥ ৩৫
আপতন্তঞ্চ তং দৃষ্ট্বা গজানীকং বৃকোদরঃ।
গদাপাণিরবারোহদ্ রথাৎ সিংহ ইবোন্নদন্ ॥ ৩৬
অদ্রিসারময়ীং গুর্বীং প্রগৃহ্য মহতীং গদাম্।
অভ্যধাবদ্ গজানীকং ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥ ৩৭
স গজান্ গদয়া নিঘ্নন্ ব্যচরৎ সমরে বলী।
ভীমসেনো মহাবাহুঃ সবজ্র ইব বাসবঃ ॥ ৩৮
তস্য নাদেন মহতা মনোহৃদয়কম্পিনা।
ব্যত্যচেষ্টন্ত সংহত্য গজা ভীমস্য গর্জতঃ ॥ ৩৯

তদনন্তর মহাবল পাণ্ডুপুত্র ভীমসেন দুর্য্যোধনকে দেখিয়া বিবাদের অন্ত করিবার ইচ্ছায় হাতে গদাগ্রহণ করিলেন ॥ ৩২

গদা উত্তোলিত করিয়া মহাবাহু ভীমসেনকে একটি শিখরযুক্ত কৈলাসপর্ব্বতের ন্যায় উপস্থিত হইতে দেখিয়া আপনার সকল পুত্রগণ ভয়ে দ্রুত পলায়ন করিলেন ॥ ৩৩

তখন দুর্য্যোধন অতিশয় ক্রুদ্ধ হইয়া মগধদেশের দশ হাজার বেগশালী হস্তী সৈন্যকে যুদ্ধের জন্য প্রেরণ করিলেন ॥ ৩৪

এই গজসৈন্যের সহিত মগধরাজকে অগ্রে করিয়া দুর্য্যোধন ভীমসেনকে আক্রমণ করিলেন ॥ ৩৫

সেই গজসৈন্যকে আসিতে দেখিয়া ভীমসেন হস্তে গদা ধারণ করত সিংহের ন্যায় গর্জন করিতে করিতে রথ হইতে ভূতলে নামিয়া পড়িলেন ॥ ৩৬

লৌহনির্ম্মিত সেই বিশাল ও ভারী গদাকে লইয়া ভীমসেন মুখবিস্তারকারী কালের তুল্য গজসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥

বলবান্ মহাবাহু ভীমসেন বজ্রধারী ইন্দ্রের সদৃশ গদাঘাতে গজসৈন্যদিগকে সংহার করিতে করিতে রণাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥ ৩৭-৩৮

মন ও হৃদয়কে কম্পিতকারী গর্জনরত ভীমসেনের তীব্র সিংহনাদে সেই সকল হস্তী সৈন্য ভয়ে একত্রে সমবেত হইয়া নিশ্চেষ্ট হইয়া পড়িল ॥ ৩৯

ততস্তু দ্রৌপদীপুত্রাঃ সৌভদ্রশ্চ মহারথঃ।
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ॥ ৪০
পৃষ্ঠং ভীমস্য রক্ষন্তঃ শরবর্ষেণ বারণান্।
অভ্যবর্ষন্ত ধাবন্তো মেঘা ইব গিরীন্ যথা॥ ৪১
ক্ষুরৈঃ ক্ষুরপ্রৈর্ভল্লৈশ্চ পীতৈশ্চাঞ্জলিকৈঃ শিতৈঃ।
ব্যহরন্নুত্তমাঙ্গানি পাণ্ডবা গজযোধিনাম্॥ ৪২
শিরোভিঃ প্রপতদ্ভিশ্চ বাহুভিশ্চ বিভূষিতৈঃ।
অশ্মবৃষ্টিরিবাভাতি পাণিভিশ্চ সহাঙ্কুশৈঃ॥ ৪৩
হৃতোত্তমাঙ্গাঃ স্কন্ধেষু গজানাং গজযোধিনঃ।
অদৃশ্যন্তাচলাগ্রেষু দ্রুমা ভগ্নশিখা ইব॥ ৪৪
ধৃষ্টদ্যুম্নহতানন্যানপশ্যাম মহাগজান্।
পততঃ পাত্যমানাংশ্চ পার্ষতেন মহাত্মনা॥ ৪৫
মাগধোহথ মহীপালো গজমৈরাবণোপমম্।
প্রেষয়ামাস সমরে সৌভদ্রস্য রথং প্রতি॥ ৪৬

তমাপতন্তং সম্প্রেক্ষ্য মাগধস্য মহাগজম্।
জঘানৈকেষুণা বীরঃ সৌভদ্রঃ পরবীরহা॥ ৪৭
তস্যাবর্জিতনাগস্য কার্ষ্ণিঃ পরপুরঞ্জয়ঃ।
রাজ্ঞো রজতপুঙ্খেন ভল্লেনাপাহরচ্ছিরঃ॥ ৪৮
বিগাহ্য তদ্ গজানীকং ভীমসেনোহপি পাণ্ডবঃ।
ব্যচরৎ সমরে মৃদ্নন্ গজানিন্দ্রো গিরীনিব॥ ৪৯
একপ্রহারনিহতান্ ভীমসেনেন দন্তিনঃ।
অপশ্যাম রণে তস্মিন্ গিরীন্ বজ্রহতানিব॥ ৫০
ভগ্নদন্তান্ ভগ্নকরান্ ভগ্নসক্থাংশ্চ বারণান্।
ভগ্নপৃষ্ঠত্রিকানন্যান্ নিহতান্ পর্বতোপমান্॥ ৫১
নদতঃ সীদতশ্চান্যান্ বিমুখান্ সমরে গতান্।
বিক্রুতান্ ভয়সংবিগ্নাংস্তথা বিশকৃতোহপরান্॥ ৫২
ভীমসেনস্য মার্গেষু পতিতান্ পর্বতোপমান্।
অপশ্যং নিহতান্ নাগান্ রাজন্ নিষ্ঠীবতোহপরান্॥ ৫৩

তারপর দ্রৌপদীর পঞ্চ পুত্র, মহারথী অভিমন্যু, নকুল-সহদেব এবং দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন—ইঁহারা সকলে ভীমসেনের পৃষ্ঠভাগ রক্ষা করিতে করিতে হস্তী সৈন্যদের উপর ধাবিত হইয়া সেইভাবে বাণবর্ষণ করিতে লাগিলেন, যেভাবে মেঘ পর্ব্বতের উপর বারি বর্ষণ করিয়া থাকে॥ ৪০-৪১

পাণ্ডব-রথীরা ক্ষুর, ক্ষুরপ্র, পীতবর্ণের ভল্ল ও তীক্ষ্ণ আঞ্জলিক-নামক বাণসমূহে গজারোহী সৈন্যদের মস্তক ছেদন করিতে থাকিলেন॥ ৪২

যখন তাহাদের মস্তক, বিভূষিত বাহু ও অঙ্কুশসহ হস্তসমূহ পতিত হইতেছিল, তখন মনে হইতে লাগিল যে, আকাশ হইতে বৃষ্টিসহ প্রস্তর বর্ষণ হইতেছে॥ ৪৩

মস্তক ছিন্ন হইলেও হস্তীদিগের পৃষ্ঠে স্থিত গজারোহী যোদ্ধা-গণের দেহ (ধড়)—সকল পর্ব্বতের শিখরে স্থিত শাখাহীন বৃক্ষসমূহের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল॥ ৪৪

আমরা ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক নিহত বহু হাতীকেও দেখিয়াছি। তখন মহাত্মা ধৃষ্টদ্যুম্নের প্রহারে বহু হাতী ভূপাতিত হইয়া পতিত হইতেছিল॥ ৪৫

এই সময় মগধদেশের ভূপাল যুদ্ধস্থলে অভিমন্যুর রথের দিকে ঐরাবততুল্য এক বিশাল হাতীকে প্রেরিত করিলেন॥ ৪৬

মগধরাজের সেই বিশাল হাতীকে আসিতে দেখিয়া শত্রুবীর-নাশী বীর সুভদ্রানন্দন তাহাকে একটি বাণেই নিহত করিলেন॥

শত্রুনগরবিজয়ী অর্জুনপুত্র অভিমন্যু তখন নিহত হইলেও হস্তীকে ত্যাগ না করিয়া অবস্থিত মগধরাজের মস্তক রজতময় পক্ষযুক্ত একটি ভল্লাস্ত্রে দেহচ্যুত করিলেন॥ ৪৮

এদিকে পাণ্ডুনন্দন ভীমসেনও গজসৈন্যমধ্যে প্রবেশ করিয়া পর্ব্বতসমূহ বিদীর্ণকারী ইন্দ্রের ন্যায় হস্তীদিগকে বিধ্বস্ত করিতে করিতে রণস্থলে বিচরণ করিতে লাগিলেন॥ ৪৯

মহারাজ! এই সমরাঙ্গণে আমরা বজ্রের প্রহারে বিদীর্ণ পর্ব্বতের ন্যায় একবার প্রহারেই দন্তুর হস্তিগণকে নিহত হইতে দেখিয়াছি॥ ৫০

তখন কতক হস্তীর দাঁত ভাঙিয়া যাইল, শুণ্ড ছিন্ন হইল, কতকগুলির জঙ্ঘা বিদীর্ণ হইল, কতক হস্তীর পৃষ্ঠদেশ ভগ্ন হইয়া যাইল এবং কতক পর্ব্বততুল্য বিশালদেহ গজরাজ বিনষ্ট হইল। কতক হাতী চীৎকার করিতেছিল, কতক কষ্টে অবসন্ন হইয়া পড়িয়াছিল, কতক আবার যুদ্ধভূমি ত্যাগ করিয়া পলাইয়া যাইল এবং কতক ভয়ে ব্যাকুল হইয়া মল-মূত্র ত্যাগ করিতে লাগিল। এ সমস্তই আমি স্বচক্ষে দেখিয়াছি॥ ৫১-৫২

সেই সময় নানা যুদ্ধপথে ভীমসেনের দ্বারা নিহত পর্ব্বততুল্য বিশাল বহু হাতীকে পড়িয়া থাকিতে দেখিয়াছি। রাজন্! অন্য বহু হাতীকে আমি নিজ মুখ হইতে ফেনা নিঃসারণ করিতেও দেখিয়াছি॥ ৫৩

বমন্তো রুধিরং চান্যে ভিন্নকুম্ভা মহাগজাঃ।
বিহ্বলন্তো গতা ভূমিং শৈলা ইব ধরাতলে ॥ ৫৪
মেদোরুধিরদিগ্ধাঙ্গো বসামজ্জাসমুক্ষিতঃ।
ব্যচরৎ সমরে ভীমো দণ্ডপাণিরিবান্তকঃ ॥ ৫৫
গজানাং রুধিরক্লিন্নাং গদাং বিভ্রদ্ বৃকোদরঃ।
ঘোরঃ প্রতিভয়শ্চাসীৎ পিনাকীব পিনাকধৃক্ ॥ ৫৬
সম্মথ্যমানাঃ ক্রুদ্ধেন ভীমসেনেন দন্তিনঃ।
ভীষ্ম বলিলেন,—দুর্য্যোধন! তখন লোকেশ্বরগণেরও ঈশ্বর দিব্যরূপধারী শ্রীভগবান্‌ স্নেহপূর্ণ মধুর গম্ভীর বাণীতে ব্রহ্মাকে এই কথা বলিলেন ॥ ১

তাত! "তোমার মনে যেরূপ বাসনা উৎপন্ন হইয়াছে, উহা আমি যোগবলে জ্ঞাত আছি। তদনুসারেই সকল কার্য্য সম্পন্ন হইবে" এই কথা বলিয়া শ্রীভগবান্‌ সে-স্থান হইতে অন্তর্হিত হইলেন ॥ ২

তখন দেবতা, ঋষি ও গন্ধর্ব্বগণ অত্যন্ত বিস্ময়াবিষ্ট হইয়া পড়িলেন। তাঁহারা সকলেই সেই সময় অতিশয় উৎসুক হইয়া পিতামহ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন ॥ ৩

প্রভো! আপনি বিনয়সহকারে প্রণাম করত শ্রেষ্ঠ বাক্যসমূহে যাঁহার স্তুতি করিলেন, ইনি কোন্‌ পুরুষ? আমরা তাঁহার বিষয় শুনিতে ইচ্ছুক হইয়াছি ॥ ৪

তাঁহারা এরূপ প্রশ্ন করিলে ভগবান্‌ ব্রহ্মা সকল দেবতা, ঋষি ও গন্ধর্ব্বগণকে মধুর বাণীতে বলিলেন ॥ ৫

শ্রেষ্ঠ দেবগণ! যিনি পরমতত্ত্ব; ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—এই তিন কালই যাঁহার উৎকৃষ্টস্বরূপ এবং যিনি এই সমস্ত হইতেই বিলক্ষণ, যিনি সকল ভূতের আত্মা ও সর্ব্বশক্তিমান্‌ প্রভু বলিয়া কথিত, যিনি পরমব্রহ্ম ও পরমপদনামে বিখ্যাত, সেই পরমাত্মাই আমাকে দর্শনদান করিয়া প্রসন্নচিত্তে আমার সহিত বার্ত্তালাপ করিলেন। আমি সেই জগদীশ্বরের সহিত সমগ্র জগতের উপর কৃপা করিবার জন্য এই প্রার্থনা করিলাম যে, প্রভো! আপনি বাসুদেবনামে বিখ্যাত হইয়া কিছুকাল পর্য্যন্ত

সংগ্রামে নিহতা যে তে দৈত্য-দানব-রাক্ষসাঃ।
ত ইমে নৃষু সম্ভূতা ঘোররূপা মহাবলাঃ ॥ ৯
তেষাং বধার্থং ভগবান্ নরেণ সহিতো বশী।
মানুষীং যোনিমাস্থায় চরিষ্যতি মহাতলে ॥ ১০
নর-নারায়ণৌ যৌ তৌ পুরাণবৃষিসত্তমৌ।
সহিতৌ মানুষে লোকে সম্ভূতাবমিতদ্যুতী ॥ ১১
অজেয়ৌ সমরে যত্তৌ সহিতৈরমরৈরপি।
মূঢাস্ত্বেতৌ ন জানন্তি নর-নারায়ণাবৃষী ॥ ১২
তস্যাহমগ্রজঃ পুত্রঃ সর্বস্য জগতঃ প্রভুঃ।
বাসুদেবোঽর্চনীয়ো বঃ সর্বলোকমহেশ্বরঃ ॥ ১৩
তথা মনুষ্যোঽয়মিতি কদাচিৎ সুরসত্তমাঃ।
নাবজ্ঞেয়ো মহাবীর্যাঃ শঙ্খ-চক্র-গদাধরঃ ॥ ১৪
এতৎ পরমকং গুহ্যমেতৎ পরমকং পদম্।
এতৎ পরমকং ব্রহ্ম এতৎ পরমকং যশঃ ॥ ১৫
এতদক্ষরমব্যক্তমেতদ্ বৈ শাশ্বতং মহঃ।

মনুষ্যলোকে বিরাজ করুন এবং অসুরগণকে বধ করিবার জন্য এই ভূতলে অবতীর্ণ হউন ॥ ৬-৮

যে যে দৈত্য, দানব ও রাক্ষসগণ রণাঙ্গনে বিনষ্ট হইয়াছে, তাহারা মনুষ্যলোকে জন্মগ্রহণ করিয়াছে এবং অত্যন্ত বলশালী হইয়া জগতের পক্ষে ভয়ঙ্কর হইয়াছে ॥ ৯

তাহাদের সকলকে বধ করিবার জন্য বশে রাখিতে সমর্থ ভগবান্ নারায়ণ নরের সহিত মনুষ্য-যোনিতে অবতীর্ণ হইয়া ভূতলে বিচরণ করিবেন ॥ ১০

ঋষিগণের মধ্যে শ্রেষ্ঠ, পুরাতন মহর্ষি ও অতি তেজস্বী নর এবং নারায়ণ—ইঁহারা যদি বিজয়লাভের জন্য যত্নবান্ হন, তবে সমগ্র দেবমণ্ডলীও তাঁহাদেরকে পরাজিত করিতে সমর্থ হইবেন না। মূঢ় মনুষ্যগণ এই নর-নারায়ণ ঋষিদ্বয়কে জানিতে পারিবে না ॥১১-১২

জগতের প্রভু ব্রহ্মা আমিও এই ভগবানের জ্যেষ্ঠ পুত্র। তোমাদের সকলেরও সেই সর্ব্বলোক মহেশ্বর ভগবান্ বাসুদেবের আরাধনা করা উচিত ॥ ১৩

দেবশ্রেষ্ঠবৃন্দ! শঙ্খ, চক্র ও গদাধারণকারী মহাপরাক্রমী সেই ভগবান্ বাসুদেবকে "ইনি মনুষ্য" এরূপ বুঝিয়া অবজ্ঞা করা [illegible]ক নহে ॥ ১৪

হে [illegible] [illegible]নিই পরমগুহ্য, ইনিই পরম পদ, ইনিই পরমব্রহ্ম এবং যদুবংশে অবতীর্ণ [illegible] ॥ ১৫

যৎ তৎ পুরুষসংজ্ঞং বৈ গীয়তে জ্ঞায়তে ন চ ॥ ১৬
এতৎ পরমকং তেজ এতৎ পরমকং সুখম্।
এতৎ পরমকং সত্যং কীর্তিতং বিশ্বকর্মণা ॥ ১৭
তস্মাৎ সেন্দ্রৈঃ সুরৈঃ সর্বৈর্লোকৈশ্চামিতবিক্রমঃ।
নাবজ্ঞেয়ো বাসুদেবো মানুষোঽয়মিতি প্রভুঃ ॥ ১৮
যশ্চ মানুষমাত্রোঽয়মিতি ব্রূয়াৎ স মন্দধীঃ।
হৃষীকেশমবজ্ঞানাৎ তমাহুঃ পুরুষাধমম্ ॥ ১৯
যোগিনং তং মহাত্মানং প্রবিষ্টং মানুষীং তনুম্।
অবমন্যেদ্ বাসুদেবং তমাহুস্তামসং জনাঃ ॥ ২০
দেবং চরাচরাত্মানং শ্রীবৎসাঙ্কং সুবর্চসম্।
পদ্মনাভং ন জানাতি তমাহুস্তামসং বুধাঃ ॥ ২১
কিরীট-কৌস্তুভধরং মিত্রাণামভয়ঙ্করম্।
অবজানন্ মহাত্মানং ঘোরে তমসি মজ্জতি ॥ ২২
এবং বিদিত্বা তত্ত্বার্থং লোকানামীশ্বরেশ্বরঃ।
বাসুদেবো নমস্কার্য্যঃ সর্বলোকৈঃ সুরোত্তমাঃ ॥২৩

ইনিই অক্ষর, অব্যক্ত ও সনাতন তেজ। যদিও ইঁহাকে পুরুষ নামে বলা হইয়া থাকে, তথাপি ইঁহার বাস্তবিক রূপ জানিবার সামর্থ্য কাহারও নাই। বিশ্বস্রষ্টা ব্রহ্মা কর্ত্তৃক ইনিই পরমসুখ, পরম তেজ ও পরম সত্য বলিয়া কীর্তিত হইয়াছেন ॥ ১৬-১৭

সেইজন্য 'ইনি মনুষ্য' এরূপ বোধ করিয়া ইন্দ্রাদি দেবগণ এবং সংসারের সকল মনুষ্যদিগের পক্ষেই অমিতপরাক্রমী ভগবান্ বাসুদেবকে অবহেলা করা কর্ত্তব্য নয় ॥ ১৮

যে ব্যক্তি সকল ইন্দ্রিয়ের অধিপতি এই ভগবান্ বাসুদেবকে কেবল মনুষ্য বলিয়া থাকে, সেই ব্যক্তি মূর্খ। ভগবান্‌কে অবহেলা করার জন্য সেই মানুষকে নরাধম বলা হয় ॥ ১৯

ভগবান্ বাসুদেব সাক্ষাৎ পরমাত্মা ও যোগশক্তিসম্পন্ন বলিয়া তিনি মানবশরীরে প্রবেশ করিয়াছেন। যে ব্যক্তি তাঁহাকে অবহেলা করে, জ্ঞানী পুরুষ তাহাকে তমোগুণী বলিয়া থাকেন ॥২০

যে মানুষ চরাচরস্বরূপ, শ্রীবৎসচিহ্নভূষিত ও উত্তম কান্তিসম্পন্ন ভগবান্ পদ্মনাভকে জানে না, বিদ্বান্ পুরুষগণ তাহাকে তমোগুণী বলেন ॥ ২১

কিরীট ও কৌস্তুভমণি-ধারণকারী এবং মিত্রগণের (ভক্তগণের) অভয়দাতা পরমাত্মাকে যে ব্যক্তি অবহেলা করে, সে মানুষ ঘোর নরকে মজ্জিত হয় ॥ ২২

সুরশ্রেষ্ঠগণ! এইরূপে প্রকৃত তত্ত্ব অবগত হইয়া সকল

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা স ভগবান্ দেবান্ সর্ষিগণান্ পুরা।
বিসৃজ্য সর্বভূতাত্মা জগাম ভবনং স্বকম্ ॥ ২৪

ততো দেবাঃ সগন্ধর্বা মুনয়োঽপ্সরসোঽপি চ।
কথাং তাং ব্রহ্মণা গীতাং শ্রুত্বা প্রীতা দিবং যযুঃ ॥ ২৫

এতচ্ছ্রুতং ময়া তাত ঋষীণাং ভাবিতাত্মনাম্।
বাসুদেবং কথয়তাং সমবায়ে পুরাতনম্ ॥ ২৬

রামস্য জামদগ্ন্যস্য মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
ব্যাস নারদয়োশ্চাপি সকাশাদ্ ভরতর্ষভ ॥ ২৭

এতমর্থঞ্চ বিজ্ঞায় শ্রুত্বা চ প্রভুমব্যয়ম্।
বাসুদেবং মহাত্মানং লোকানামীশ্বরেশ্বরম্ ॥ ২৮

(জানামি ভরতশ্রেষ্ঠ কৃষ্ণং নারায়ণং প্রভুম্।)
যস্য চৈবাত্মজো ব্রহ্মা সর্বস্য জগতঃ পিতা।
কথং ন বাসুদেবোঽয়মর্চ্যশ্চেজ্যশ্চ মানবৈঃ ॥ ২৯

বারিতোঽসি ময়া তাত মুনিভির্বেদপারগৈঃ।
মা গচ্ছ সংযুগং তেন বাসুদেবেন ধন্বিনা ॥ ৩০

মা পাণ্ডবৈঃ সার্ধমিতি তৎ ত্বং মোহান্ন বুধ্যসে।
মন্যে ত্বাং রাক্ষসং ক্রূরং তথা চাসি তমোবৃতঃ ॥ ৩১

যস্মাদ্ দ্বিষসি গোবিন্দং পাণ্ডবং তং ধনঞ্জয়ম্।
নর-নারায়ণৌ দেবৌ কোঽন্যো দ্বিষ্যাদ্ধি মানবঃ ॥ ৩২

তস্মাদ্ ব্রবীমি তে রাজন্নেষ বৈ শাশ্বতোঽব্যয়ঃ।
সর্বলোকময়ো নিত্যঃ শাস্তা ধাত্রীধরো ধ্রুবঃ ॥ ৩৩

যো ধারয়তি লোকাংস্ত্রীংশ্চরাচরগুরুঃ প্রভুঃ।
যোদ্ধা জয়শ্চ জেতা চ সর্বপ্রকৃতিরীশ্বরঃ ॥ ৩৪

রাজন্ সর্বময়ো হ্যেষ তমোরাগবিবর্জিতঃ।
যতঃ কৃষ্ণস্ততো ধর্মো যতো ধর্মস্ততো জয়ঃ ॥ ৩৫

তস্য মাহাত্ম্যযোগেন যোগেনাত্মময়েন চ।
ধৃতাঃ পাণ্ডুসুতা রাজন্ জয়শ্চৈষাং ভবিষ্যতি ॥ ৩৬

ব্যক্তিরই লোকেশ্বরগণেরও ঈশ্বর ভগবান্ বাসুদেবকে নমস্কার করা উচিত ॥ ২৩

ভীষ্ম বলিলেন,—দুর্যোধন! দেবতা ও ঋষিগণকে এই কথা বলিয়া পুরাকালে সর্ব্বভূতাত্মা ভগবান্ ব্রহ্মা তাঁহাদের সকলকে বিদায় দিয়া স্বীয় ভবনে ব্রহ্মলোকে গমন করিলেন ॥ ২৪

তারপর ব্রহ্মা কর্তৃক কথিত এই পরমার্থের আলোচনা শ্রবণ করিয়া দেবতা, মুনি, গন্ধর্ব্ব ও অপ্সরাগণ—ইঁহারা সকলে প্রীত হইয়া স্বর্গলোকে গমন করিলেন ॥ ২৫

তাত! এক সময় পবিত্রান্তঃকরণ ঋষিগণের এক সমাজ একত্রিত হইয়াছিলেন, সেইস্থানে এই পুরাতন ভগবান্ বাসুদেবের মাহাত্ম্যকথা আলোচিত হইয়াছিল। আমি তাঁহাদের মুখ হইতেই এই বৃত্তান্ত শ্রবণ করিয়াছি ॥ ২৬

ভরতশ্রেষ্ঠ! এতদ্ব্যতীত জমদগ্নিনন্দন পরশুরাম, পরমজ্ঞানী মার্কণ্ডেয়, ব্যাস এবং নারদও আমাকে এই কথা শুনাইয়াছেন ॥ ২৭

ভরতকুলভূষণ! এই বিষয় শ্রবণ করিয়া ও বিশেষভাবে বুঝিয়া আমি বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণকে অবিনাশী, প্রভু, পরমাত্মা, লোকেশ্বরগণেরও ঈশ্বর ও সর্ব্বশক্তিমান্ নারায়ণ বলিয়া জানি ॥ ২৮

সমগ্র জগতের পিতা ব্রহ্মা যাঁহার পুত্র, সেই ভগবান্ বাসুদেব মানবগণের আরাধনীয় ও পূজনীয় কেন হইবেন না? ২৯

তাত! বেদসকলের পারদর্শী বিদ্বান্ মহর্ষিগণ ও আমি তোমাকে নিষেধ করিয়াছিলাম যে, তুমি ধনুর্দ্ধর ভগবান্ বাসুদেবের সহিত বিরোধ করিও না, পাণ্ডবদিগের সহিত বিবাদ করিও না, কিন্তু মোহবশতঃ তুমি সেই কথার কোন তাৎপর্য্য বুঝিতেই পার নাই। আমি মনে করি, তুমি কোন ক্রূর রাক্ষস; কারণ, রাক্ষসদের ন্যায় তোমার বুদ্ধি সর্ব্বদা তমোগুণে আচ্ছন্ন আছে ॥ ৩০-৩১

তুমি ভগবান্ গোবিন্দ ও পাণ্ডুনন্দন ধনঞ্জয়ের উপর দ্বেষ করিতেছ। ইঁহারা উভয়েই নর ও নারায়ণ দেবতা। তুমি ব্যতীত অন্য কোন্ মানুষ ইঁহাদের দ্বেষ করিতে সমর্থ হইবে? ৩২

রাজন্! সেইজন্য তোমাকে বলিতেছি যে, এই ভগবান্ শ্রীকৃষ্ণ সনাতন, অবিনাশী, সর্ব্বলোকস্বরূপ, নিত্যশাসক, ধরণীধর এবং অবিচল সত্যস্বরূপ ॥ ৩৩

এই চরাচর জগতের গুরু ভগবান্ শ্রীহরি তিন লোককেই ধারণ করিয়া আছেন। ইনিই বিজয়ী পুরুষ ও সকলের কারণভূত পরমেশ্বরও ইনিই ॥ ৩৪

রাজন্! শ্রীহরি সর্ব্বস্বরূপ এবং তম ও রাগবর্জিত। যেখানে শ্রীকৃষ্ণ, সেখানেই ধর্ম্ম, এবং যেখানে ধর্ম্ম, সেখানেই বিজয় ॥ ৩৫

তাঁহার মাহাত্ম্য-যোগে ও আত্মস্বরূপ-যোগে সমস্ত পাণ্ডবই সুরক্ষিত। রাজন্! এইজন্য ইঁহাদের (পাণ্ডবদের) জয় হইবেই ॥ ৩৬

শ্রেয়োযুক্তাং সদা বুদ্ধিং পাণ্ডবানাং দধাতি যঃ।
বলঞ্চৈব রণে নিত্যং ভয়েভ্যশ্চৈব রক্ষতি ॥ ৩৭
স এষ শাশ্বতো দেবঃ সর্বগুহ্যময়ঃ শিবঃ।
বাসুদেব ইতি জ্ঞেয়ো যন্মাং পৃচ্ছসি ভারত ॥ ৩৮
ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈঃ শূদ্রৈশ্চ কৃতলক্ষণৈঃ।
সেব্যতেঽভ্যর্চ্যতে চৈব নিত্যযুক্তৈঃ স্বকর্মভিঃ ॥ ৩৯
দ্বাপরস্য যুগস্যান্তে আদৌ কলিযুগস্য চ।
সাত্বতং বিধিমাস্থায় গীতঃ সঙ্কর্ষণেন বৈ ॥ ৪০
(কৃষ্ণেতি নাম্না বিখ্যাত ইমং লোকং স রক্ষতি।)
স এষ সর্বং সুরমর্ত্যলোকং
সমুদ্রকক্ষ্যান্তরিতাং পুরীঞ্চ।
যুগে যুগে মানুষঞ্চৈব বাসং
পুনঃ পুনঃ সৃজতে বাসুদেবঃ ॥ ৪১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি বিশ্বোপাখ্যানে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৬

তিনি পাণ্ডবগণকে সর্ব্বদা কল্যাণময়ী বুদ্ধি প্রদান করিতেছেন, যুদ্ধে বল দান করিতেছেন এবং সকল ভয় হইতে তাহাদিগকে নিত্য রক্ষা করিতেছেন ॥ ৩৭

ভারত! যাঁহার বিষয়ে তুমি জিজ্ঞাসা করিতেছ, সেই সনাতন দেবতা সর্ব্বগুহ্যময় কল্যাণস্বরূপ পরমাত্মাই "বাসুদেব" এই নামে জানিবার যোগ্য ॥ ৩৮

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুভলক্ষণসম্পন্ন শূদ্র—ইঁহারা সকলেই নিত্য তৎপর হইয়া স্বীয় বর্ণোচিত কর্ম্মসমূহে ইঁহারই সেবা পূজা করিয়া থাকেন ৩৯

দ্বাপর যুগের শেষে ও কলিযুগের আদিতে সঙ্কর্ষণ শ্রীকৃষ্ণোপাসনার বিধির আশ্রয় গ্রহণ করিয়া ইঁহারই মহিমা কীর্ত্তন করিয়াছেন। (এই শ্রীকৃষ্ণনামেই বিখ্যাত হইয়া স্বয়ং নারায়ণ লোকরক্ষা করিতেছেন) ॥ ৪০

এই ভগবান্ বাসুদেবই যুগে যুগে দেবলোক, মনুষ্যলোক ও সমুদ্রপরিবেষ্টিত দ্বারকানগরী নির্ম্মাণ করেন এবং ইনিই পুনঃ পুনঃ মনুষ্যলোকে নিজের মানুষ-অবতার সৃজন করেন ॥ ৪১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে বিশ্বোপাখ্যানবিষয়ক ষট্‌ষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

[ভগবতঃ শ্রীকৃষ্ণস্য মহিমকথনম্।]

দুর্য্যোধন উবাচ।
বাসুদেবো মহদ্ ভূতং সর্বলোকেষু কথ্যতে।
তস্যাগমং প্রতিষ্ঠাঞ্চ জ্ঞাতুমিচ্ছে পিতামহ ॥
ভীষ্ম উবাচ।
বাসুদেবো মহদ্ ভূতং সর্বদৈবতদৈবতম্।
ন পরং পুণ্ডরীকাক্ষাদ্ দৃশ্যতে ভরতর্ষভ ॥ ২
মার্কণ্ডেয়শ্চ গোবিন্দে কথয়ত্যদ্ভুতং মহৎ।
সর্বভূতানি ভূতাত্মা মহাত্মা পুরুষোত্তমঃ ॥ ৩
আপো বায়ুশ্চ তেজশ্চ ত্রয়মেতদকল্পয়ৎ।
স সৃষ্ট্বা পৃথিবীং দেবীং সর্বলোকেশ্বরঃ প্রভুঃ ॥ ৪
অপ্সু বৈ শয়নং চক্রে মহাত্মা পুরুষোত্তমঃ।
সবতেজোময়ো দেবো যোগাৎ সুষ্বাপ তত্র হ ॥ ৫

সপ্তষষ্টিতম অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের মহিমাবর্ণন।]

দুর্য্যোধন বলিলেন,—পিতামহ! বাসুদেব শ্রীকৃষ্ণকে সকল লোকেই মহান্ পুরুষ বলিয়া বর্ণনা করা হইয়াছে, অতএব আমি তাঁহার উৎপত্তি ও স্থিতি বিষয়ে কিছু জানিতে ইচ্ছুক হইয়াছি ॥ ১

ভীষ্ম বলিলেন,—ভরতশ্রেষ্ঠ! বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ বাস্তবিক মহান্ পুরুষ। তিনি দেবগণের দেবতা। কমললোচন শ্রীকৃষ্ণ হইতে অন্য কোন শ্রেষ্ঠ বস্তু নাই। ২

মহামুনি মার্কণ্ডেয় ভগবান্ গোবিন্দের বিষয়ে অত্যন্ত অদ্ভুত কথা বলিয়াছেন। এই ভগবান্ই সর্ব্বভূতময় এবং তিনিই আত্মস্বরূপ মহাত্মা পুরুষোত্তম ॥ ৩

প্রারম্ভে এই পরমাত্মাই জল, বায়ু ও তেজ—এই তিন ভূত এবং সমস্ত প্রাণীকে সৃজন করিয়াছেন। সর্ব্বলোকেশ্বর প্রভু ভগবান্ পৃথিবীদেবীকে সৃষ্টি করিয়া জলে শয়ন করিয়াছিলেন। এই মহাত্মা পুরুষোত্তম সর্ব্বতেজোময় দেবতা স্বীয় যোগশক্তির বলে সেই জলে নিদ্রিত হইয়াছিলেন ॥ ৪-৫

মুখতঃ সোঽগ্নিমসৃজৎ প্রাণাদ্ বায়ুমথাপি চ।
সরস্বতীঞ্চ বেদাংশ্চ মনসঃ সসৃজেঽচ্যুতঃ ॥ ৬
এষ লোকান্ সসর্জাদৌ দেবাংশ্চ ঋষিভিঃ সহ।
নিধনঞ্চৈব মৃত্যুঞ্চ প্রজানাং প্রভবাপ্যয়ৌ ॥ ৭
এষ ধর্মশ্চ ধর্মজ্ঞো বরদঃ সর্বকামদঃ।
এষ কর্তা চ কার্য্যঞ্চ পূর্বদেবঃ স্বয়ম্প্রভুঃ ॥ ৮
ভূতং ভব্যং ভবিষ্যচ্চ পূর্বমেতদকল্পয়ৎ।
উভে সন্ধ্যে দিশঃ খঞ্চ নিয়মাংশ্চ জনার্দনঃ ॥ ৯
ঋষীংশ্চৈব হি গোবিন্দস্তপশ্চৈবাভ্যকল্পয়ৎ।
স্রষ্টারং জগতশ্চাপি মহাত্মা প্রভুরব্যয়ঃ ॥ ১০
অগ্রজং সর্বভূতানাং সঙ্কর্ষণমকল্পয়ৎ।
তস্মান্নারায়ণো জজ্ঞে দেবদেবঃ সনাতনঃ ॥ ১১
নাভৌ পদ্মং বভূবাস্য সর্বলোকস্য সম্ভবাৎ।
তস্মাৎ পিতামহো জাতস্তস্মাজ্জাতাস্ত্বিমাঃ প্রজাঃ ॥১২

সেই অচ্যুত নিজ মুখ হইতে অগ্নিকে, প্রাণ হইতে বায়ুকে এবং মন হইতে সরস্বতীদেবীকে ও বেদসমূহকে সৃজন করিয়াছেন ॥ ৬

ইনিই সৃষ্টির আদিতে সমস্ত লোকসমূহ এবং ঋষিগণের সহিত দেবগণকে সৃষ্টি করিয়াছেন। ইনি প্রলয়ের অধিষ্ঠান ও মৃত্যুস্বরূপ। প্রজাগণের উৎপত্তি এবং বিনাশও ইঁহার দ্বারাই হইয়া থাকে ॥ ৭

ইনি ধর্ম্মজ্ঞ, বরদাতা, সমস্ত কামনাপূর্ণকারী এবং ধর্ম্মস্বরূপ। ইনিই কর্ত্তা, কর্ম্ম ও আদিদেব এবং সর্ব্বসমর্থ ॥ ৮

ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—এই তিন কালের সৃষ্টিও ইঁহার দ্বারা হইয়াছিল। এই জনার্দ্দন (দুষ্টজনপীড়ক) দুই সন্ধ্যা (প্রাতঃ সন্ধ্যা ও সায়ং সন্ধ্যা), দশ দিক্ (উত্তর, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম, ঈশান, অগ্নি, নৈর্ঋত ও বায়ু), আকাশ এবং নিয়মসমূহ রচনা করিয়াছেন ॥ ৯

মহাত্মা অবিনাশী প্রভু গোবিন্দ ঋষিগণ ও তপস্যাকে সৃজন করিয়াছেন। জগৎস্রষ্টা প্রজাপতি ব্রহ্মাকেও ইনিই উৎপন্ন করিয়াছেন ॥ ১০

এই পূর্ণতম পরমাত্মা শ্রীকৃষ্ণ প্রথমে সমস্ত ভূতগণের অগ্রজ সঙ্কর্ষণকে সৃজন করিয়াছেন, তারপর তাঁহা হইতে সনাতন দেবাধিদেব নারায়ণ প্রাদুর্ভূত হন ॥ ১১

এই নারায়ণের নাভিপ্রদেশ হইতে একটি কমল প্রকটিত হয়। সমস্ত জগতের উৎপত্তির স্থানভূত সেই কমল হইতে

শেষং চাকল্পয়দ্ দেবমনন্তং বিশ্বরূপিণম্।
যো ধারয়তি ভূতানি ধরাং চেমাং সপর্বতাম্ ॥ ১৩
ধ্যানযোগেন বিপ্রাশ্চ তং বিদন্তি মহৌজসম্।
কর্ণস্রোতোদ্ভবং চাপি মধুং নাম মহাসুরম্ ॥ ১৪
তমুগ্রমুগ্রকর্মাণমুগ্রাং বুদ্ধিং সমাস্থিতম্।
ব্রহ্মণোঽপচিতিং কুর্বন্ জঘান পুরুষোত্তমঃ ॥ ১৫
তস্য তাত বধাদেব দেব-দানব-মানবাঃ।
মধুসূদনমিত্যাহুঋর্ষয়শ্চ জনার্দনম্ ॥ ১৬
বরাহশ্চৈব সিংহশ্চ ত্রিবিক্রমগতিঃ প্রভুঃ।
এষ মাতা পিতা চৈব সর্বেষাং প্রাণিনাং হরিঃ ॥ ১৭
পরং হি পুণ্ডরীকাক্ষান্ন ভূতং ন ভবিষ্যতি।
মুখতঃ সোঽসৃজদ্ বিপ্রান্ বাহুভ্যাং ক্ষত্রিয়াংস্তথা ॥১৮
বৈশ্যাংশ্চাপ্যূরুতো রাজন্ শূদ্রান্ বৈ পাদতস্তথা।
তপসা নিয়তো দেবং বিধানং সর্বদেহিনাম্ ॥ ১৯

পিতামহ ব্রহ্মা উৎপন্ন হন এবং সেই ব্রহ্মাই সকল প্রজাকে সৃজন করেন ॥ ১২

যিনি ভূতগণকে এবং পর্ব্বতসমূহের সহিত এই পৃথিবীকে ধারণ করিয়া আছেন, যাঁহাকে বিশ্বরূপী অনন্তদেব ও শেষ বলা হইয়াছে, তাঁহাকেও এই পরমাত্মাই উৎপন্ন করিয়াছেন ॥ ১৩

ব্রাহ্মণগণ ধ্যান-যোগের দ্বারা এই পরম তেজস্বী বাসুদেবের জ্ঞানলাভ করেন। জলশায়ী নারায়ণের কর্ণমল হইতে মহাসুর মধু প্রকটিত হইয়াছিলেন। এই মধু অতিশয় উগ্রস্বভাব ও ক্রূরকর্ম্মা ছিলেন। তিনি অত্যন্ত ভয়ঙ্কর বুদ্ধির আশ্রয় লইয়াছিলেন। সেইজন্য ব্রহ্মার সমাদর করিয়া ভগবান্ পুরুষোত্তম এই মধুদৈত্যকে বধ করিয়াছিলেন ॥ ১৪-১৫

তাত! এই মধু দৈত্যকে বধ করার জন্যই দেবতা, দানব, মনুষ্য ও ঋষিগণ শ্রীজনার্দ্দনকে মধুসূদন বলিয়া থাকেন ॥ ১৬

এই ভগবানই সময়ে সময়ে (প্রয়োজনানুসারে) বরাহ, নৃসিংহ ও বামনরূপে অবতীর্ণ হন। এই শ্রীহরিই সমস্ত প্রাণীদিগের পিতা ও মাতা ॥ ১৭

এই কমলনয়ন ভগবান্ হইতে শ্রেষ্ঠ তত্ত্ব আর কিছুই নাই এবং হইবেও না। রাজন্! ইনিই নিজ মুখ হইতে ব্রাহ্মণ, বাহুদ্বয় হইতে ক্ষত্রিয়, জঙ্ঘা হইতে বৈশ্য এবং চরণ হইতে শূদ্রগণকে উৎপন্ন করিয়াছেন ॥

যে মানুষ তপস্যানিরত হইয়া সংযম-নিয়ম পালন করিতে করিতে অমাবস্যা ও পূর্ণিমাতিথিতে সমস্ত দেহধারিগণের

ব্রহ্মভূতমমাবাস্যাং পৌর্ণমাস্যাং তথৈব চ।
যোগভূতং পরিচরন্ কেশবং মহদাপ্নুয়াৎ ॥ ২০
কেশবঃ পরমং তেজঃ সর্বলোকপিতামহঃ।
এনমাহুর্হৃষীকেশং মুনয়ো বৈ নরাধিপ ॥ ২১
এবমেনং বিজানীহি আচার্য্যং পিতরং গুরুম্।
কৃষ্ণো যস্য প্রসীদেত লোকাস্তেনাক্ষয়া জিতাঃ ॥ ২২
যশ্চৈবৈনং ভয়স্থানে কেশবং শরণং ব্রজেৎ।
সদা নরঃ পঠংশ্চেদং স্বস্তিমান্ স সুখী ভবেৎ ॥ ২৩
যে চ কৃষ্ণং প্রপদ্যন্তে তেন মুহ্যন্তি মানবাঃ।
ভয়ে মহতি মগ্নাংশ্চ পাতি নিত্যং জনার্দনঃ ॥ ২৪
স তং যুধিষ্ঠিরো জ্ঞাত্বা যাথাতথ্যেন ভারত।
সর্বাত্মনা মহাত্মানং কেশবং জগদীশ্বরম্।
প্রপন্নঃ শরণং রাজন্ যোগানাং প্রভুমীশ্বরম্ ॥ ২৫
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি বিশ্বোপাখ্যানে
সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

আশ্রয়, ব্রহ্ম ও যোগস্বরূপ, ভগবান্ কেশবের (কেশব শব্দের ব্যুৎপত্তি হইল,—ক-ব্রহ্মা, অ-বিষ্ণু, ঈশ—শিব যাঁহার বপু, তিনি হইলেন কেশব।) আরাধানা করেন, তিনিই পরমপদ প্রাপ্ত হন ॥ ১৮-২০

নরেশ্বর! সর্ব্বলোকপিতামহ ভগবান্ শ্রীকৃষ্ণ পরম তেজ। মুনিগণ ইঁহাকেই হৃষীকেশ বলিয়া থাকেন ॥ ২১

এইরূপ এই ভগবান্ গোবিন্দকেই তুমি আচার্য্য, পিতা ও গুরু বলিয়া জানিবে। ভগবান্ শ্রীকৃষ্ণ যাঁহার উপর প্রসন্ন হন, তিনি অক্ষয় লোকসমূহ জয় করিতে সমর্থ হন ॥ ২২

যে ব্যক্তি ভয়ের সময় এই ভগবান্ শ্রীকৃষ্ণের শরণগ্রহণ করেন ও সর্ব্বদা ইঁহার স্তুতি পাঠ করেন, তিনি সুখী এবং কল্যাণভাগী হন ॥ ২৩

যে মানুষ ভগবান্ শ্রীকৃষ্ণের শরণগ্রহণ করেন, তিনি কখনও মোহগ্রস্ত হন না। ভগবান্ জনার্দ্দন মহাভয়ে পতিত সেই মানুষকে সর্ব্বদা রক্ষা করেন ॥ ২৪

ভরতবংশীয় নরেশ! এই কথা বিশেষভাবে জানিয়া রাজা যুধিষ্ঠির সম্পূর্ণ হৃদয়ে যোগসমূহের প্রভু, সর্ব্বসামর্থ্যশালী, জগদীশ্বর ও মহাত্মা ভগবান্ কেশবের শরণগ্রহণ করিয়াছেন ॥ ২৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে বিশ্বোপাখ্যান-বিষয়ক সপ্তষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ

[ব্রহ্মভূতস্তোত্রম্, শ্রীকৃষ্ণার্জুনয়োর্মহত্ত্বকথনম্।]

ভীষ্ম উবাচ।
শৃণু চেদং মহারাজ ব্রহ্মভূতং স্তবং মম।
ব্রহ্মর্ষিভিশ্চ দেবৈশ্চ যঃ পুরা কথিতো ভুবি ॥ ১
সাধ্যানামপি দেবানাং দেবদেবেশ্বরঃ প্রভুঃ।
লোকভাবনভাবজ্ঞ ইতি ত্বাং নারদোঽব্রবীৎ ॥ ২
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ মার্কণ্ডেয়োঽভ্যুবাচ হ।
যজ্ঞং ত্বাং চৈব যজ্ঞানাং তপশ্চ তপসামপি ॥ ৩
দেবানামপি দেবঞ্চ ত্বামাহ ভগবান্ ভৃগুঃ।
পুরাণং চৈব পরমং বিষ্ণো রূপং তবেতি চ ॥ ৪
বাসুদেবো বসূনাং ত্বং শক্রং স্থাপয়িতা তথা।
দেব দেবোঽসি দেবানামিতি দ্বৈপায়নোঽব্রবীৎ ॥ ৫

অষ্টষষ্টিতম অধ্যায়।

[ব্রহ্মভূতস্তোত্র এবং শ্রীকৃষ্ণ ও অর্জুনের মহত্ত্বকথন।]

ভীষ্ম বলিলেন,—মহারাজ দুর্য্যোধন! পুরাকালে এই ভূতলে ব্রহ্মর্ষি ও দেবতাগণ ইঁহার যে ব্রহ্মভূত স্তোত্র বলিয়াছেন, উহা তুমি আমার নিকট হইতে শ্রবণ কর ॥ ১

প্রভো! আপনি সাধ্যগণ ও দেবতাদিগেরও প্রভু এবং দেবদেবেশ্বর। আপনি সকল লোকের হৃদয়ের ভাব অবগত আছেন। আপনার বিষয়ে নারদ এই কথাই বলিয়াছেন ॥ ২

মার্কণ্ডেয় আপনাকে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ বলিয়াছেন। তিনি আপনাকে যজ্ঞসমূহের যজ্ঞ এবং সকল তপস্যার সারভূত তপস্যা বলিয়াও কীর্ত্তন করিয়াছেন ॥ ৩

ভগবান্ ভৃগু আপনাকে দেবতাগণেরও দেবতারূপে বর্ণনা করিয়াছেন। বিষ্ণো! আপনার রূপ অত্যন্ত পুরাতন ও উৎকৃষ্ট ॥ ৪

প্রভো! আপনি বসুগণের বাসুদেব এবং ইন্দ্রকে স্বর্গরাজ্যে স্থাপন করিয়াছেন। দেব! আপনি দেবতাদিগেরও দেবতা। মহর্ষি

পূর্বে প্রজানিসর্গে চ দক্ষমাহুঃ প্রজাপতিম্।
স্রষ্টারং সর্বলোকানামঙ্গিরাস্ত্বাং তথাব্রবীৎ ॥ ৬
অব্যক্তং তে শরীরোত্থং ব্যক্তং তে মনসি স্থিতম্।
দেবাস্ত্বৎসম্ভবাশ্চৈব দেবলস্ত্বসিতোঽব্রবীৎ ॥ ৭
শিরসা তে দিবং ব্যাপ্তং বাহুভ্যাং পৃথিবী তথা।
জঠরং তে ত্রয়ো লোকাঃ পুরুষোঽসি সনাতনঃ ॥৮
এবং ত্বামভিজানন্তি তপসা ভাবিতা নরাঃ।
আত্মদর্শনতৃপ্তানামৃষীণাং চাসি সত্তমঃ ॥ ৯
রাজর্ষীণামুদারাণামাহবেষ্বনিবর্তিনাম্।
সর্বধর্মপ্রধানানাং ত্বং গতির্মধুসূদন ॥ ১০
ইতি নিত্যং যোগবিদ্ভির্ভগবান্ পুরুষোত্তমঃ।
সনৎকুমারপ্রমুখৈঃ স্তূয়তেঽভ্যর্চতে হরিঃ ॥ ১১
এষ তে বিস্তরস্তাত সংক্ষেপশ্চ প্রকীর্তিতঃ।
কেশবস্য যথাতত্ত্বং সুপ্রীতো ভজ কেশবম্ ॥ ১২

দ্বৈপায়ন (বেদব্যাস) আপনার বিষয়ে এই কথাই বলিয়াছেন ॥ ৫

প্রথম প্রজাসৃষ্টির সময় আপনাকেই দক্ষ প্রজাপতি বলা হইয়াছে। আপনিই সকল লোকসমূহের স্রষ্টা—এইরূপ কথা অঙ্গিরামুনি আপনার বিষয়ে বলিয়াছিলেন ॥ ৬

অব্যক্ত (প্রকৃতি) আপনার শরীর হইতে উৎপন্ন হইয়াছে, ব্যক্ত মহত্তত্ত্ব প্রভৃতি কার্য্যবর্গ আপনার মনে স্থিত এবং সকল দেবতা আপনা হইতেই উৎপন্ন হইয়াছেন—ইহা অসিত ও দেবল মুনি বলিয়াছেন ॥ ৭

আপনার মস্তকের দ্বারা দ্যুলোক এবং বাহুদ্বারা ভূলোক ব্যাপ্ত আছে। তিন লোক আপনার উদরে স্থিত। আপনিই সনাতন পুরুষ। তপস্যাপূতহৃদয় মহাত্মা পুরুষগণ আপনাকে এইরূপেই জানেন। আত্মসাক্ষাৎকারে তৃপ্ত জ্ঞানী মহর্ষিবৃন্দের দৃষ্টিতে আপনিই সর্ব্বশ্রেষ্ঠ ॥ ৮-৯

মধুসূদন! যাঁহারা সকল ধর্ম্মসমূহের প্রধান এবং সংগ্রাম হইতে কখনও পশ্চাদপসরণ করেন না, সেই উদার রাজর্ষিগণের পরম আশ্রয়ও আপনি ॥ ১০

এইরূপে যোগসম্বন্ধে অভিজ্ঞ সনৎকুমারাদিগণ সর্ব্বদা পাপহারী ভগবান্ পুরুষোত্তম আপনারই স্তুতি ও পূজা করেন ॥১১

তাত দুর্য্যোধন! এইভাবে বিস্তারের সহিত ও সংক্ষেপে আমি তোমাকে ভগবান্ কেশবের যথার্থ মহিমা বলিলাম। এখন তুমি অতিশয় প্রীত হইয়া তাঁহার ভজনা কর ॥ ১২

সঞ্জয় উবাচ।

পুণ্যং শ্রুত্বৈতদাখ্যানং মহারাজ সুতস্তব।
কেশবং বহু মেনে স পাণ্ডবাংশ্চ মহারথান্ ॥ ১৩
তমব্রবীন্মহারাজ ভীষ্মঃ শান্তনবঃ পুনঃ।
মাহাত্ম্যং তে শ্রুতং রাজন্ কেশবস্য মহাত্মনঃ ॥ ১৪
নরস্য চ যথাতত্ত্বং যন্মাং ত্বং পৃচ্ছসে নৃপ।
যদর্থং নৃষু সম্ভূতৌ নর-নারায়ণাবৃষী ॥ ১৫
অবধ্যৌ চ যথা বীরৌ সংযুগেষ্বপরাজিতৌ।
যথা চ পাণ্ডবা রাজন্নবধ্যা যুধি কস্যচিৎ ॥ ১৬
প্রীতিমান্ হি দৃঢ়ং কৃষ্ণঃ পাণ্ডবেষু যশস্বিষু।
তস্মাদ্ ব্রবীমি রাজেন্দ্র শমো ভবতু পাণ্ডবৈঃ ॥ ১৭
পৃথিবীং ভুঙ্ক্ষ্ব সহিতো ভ্রাতৃভির্বলিভির্বশী।
নর-নারায়ণৌ দেবাববজ্ঞায় নশিষ্যসি ॥ ১৮
এবমুক্ত্বা তব পিতা তূষ্ণীমাসীদ্ বিশাম্পতে।
ব্যসর্জয়চ্চ রাজানং শয়নঞ্চ বিবেশ হ ॥ ১৯

সঞ্জয় বলিলেন,—মহারাজ! ভীষ্মের মুখে এই পবিত্র উপাখ্যান শুনিয়া আপনার পুত্র দুর্য্যোধন শ্রীকৃষ্ণ ও মহারথী পাণ্ডবগণকে অতিশয় মহত্ত্বশালী বলিয়া মনে করিলেন ॥ ১৩

রাজন্! সেই সময় শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় দুর্য্যোধনকে বলিলেন,—নরেশ্বর! তুমি মহাত্মা কেশব ও নরস্বরূপ অর্জুনের যথার্থ মাহাত্ম্য, যে বিষয়ে তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, উহা তুমি আমার নিকট হইতে উত্তমরূপে শ্রবণ করিলে ॥

ঋষি নর ও নারায়ণ যে উদ্দেশ্যে মনুষ্যলোকে অবতীর্ণ হইয়াছেন, সেই দুই অপরাজিত বীর যেরূপে যুদ্ধে অবধ্য এবং যে প্রকারে অন্যান্য পাণ্ডবগণও যুদ্ধে কাহারও বধ্য নহে, সেই সব বিষয়ও তুমি আমার নিকট হইতে ভালভাবে শ্রবণ করিলে ॥ ১৪-১৬

রাজেন্দ্র! ভগবান্ শ্রীকৃষ্ণ যশস্বী পাণ্ডবগণের উপর অত্যন্ত প্রসন্ন আছেন। সেইজন্য আমি বলিতেছি যে, পাণ্ডবদিগের সহিত তোমার সন্ধি স্থাপিত হউক ॥ ১৭

তাহারা তোমার বলবান্ ভ্রাতা। তুমি নিজ মনকে স্ববশে রাখিয়া তাহাদের সহিত মিলিতভাবে পৃথিবীর রাজ্য ভোগ কর। ভগবান্ নর-নারায়ণ (অর্জুন ও শ্রীকৃষ্ণ)-কে অবহেলা করিয়া তুমি ধ্বংস হইয়া যাইবে ॥ ১৮

প্রজানাথ! এই কথা বলিয়া আপনার পিতৃতুল্য ভীষ্ম নীরব

রাজা চ শিবিরং প্রায়াৎ প্রণিপত্য মহাত্মনে।
শিশ্যে চ শয়নে শুভ্রে রাত্রিং তাং ভরতর্ষভ ॥ ২০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি বিশ্বোপাখ্যানে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ।

হইলেন। তারপর তিনি রাজা দুর্য্যোধনকে বিদায় দিলেন এবং স্বয়ং শয়ন করিবার জন্য শয়ন-গৃহে প্রবেশ করিলেন ॥ ১৯

ভরতশ্রেষ্ঠ! রাজা দুর্য্যোধনও মহাত্মা ভীষ্মকে প্রণাম করিয়া স্বীয় শিবিরে গমন করিলেন এবং নিজের শুভ্র শয্যায় শয়ন করত সেই রাত্রিতে নিদ্রা যাইলেন ॥ ২০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে বিশ্বোপাখ্যান-বিষয়ক অষ্টষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[কৌরবৈর্মকরব্যূহস্য পাণ্ডবৈঃ শ্যেনব্যূহস্য চ নির্ম্মাণম্, পঞ্চমদিবসযুদ্ধারম্ভশ্চ।]

সঞ্জয় উবাচ।

ব্যুষিতায়াং তু শর্ব্বর্য্যামুদিতে চ দিবাকরে।
উভে সেনে মহারাজ যুদ্ধায়ৈব সমীয়তুঃ ॥ ১
অভ্যধাবন্ত সংক্রুদ্ধাঃ পরস্পরজিগীষবঃ।
তে সর্বে সহিতা যুদ্ধে সমালোক্য পরস্পরম্ ॥ ২
পাণ্ডবা ধার্ত্তরাষ্ট্রাশ্চ রাজন্ দুর্মন্ত্রিতে তব।
ব্যূহৌ চ ব্যূহ্য সংরব্ধাঃ সম্প্রহৃষ্টাঃ প্রহারিণঃ ॥ ৩
অরক্ষন্মকরব্যূহং ভীষ্মো রাজন্ সমন্ততঃ।
তথৈব পাণ্ডবা রাজন্নরক্ষন্ ব্যূহমাত্মনঃ ॥ ৪
(অজাতশত্রুঃ শত্রূণাং মনাংসি সমকম্পয়ৎ।
শ্যেনবদ্ ব্যূহ্য তং ব্যূহং ধৌম্যস্য বচনাৎ স্বয়ম্ ॥
স হি তস্য সুবিজ্ঞাত অগ্নিচিত্যেষু ভারত।
মকরস্তু মহাব্যূহস্তব পুত্রস্য ধীমতঃ।
স্বয়ং সর্বেণ সৈন্যেন দ্রোণেনানুমতস্তদা।
যথাব্যূহং শান্তনবঃ সোঽন্ববর্ত্তত তং পুনঃ ॥)
স নির্যযৌ মহারাজ পিতা দেবব্রতস্তব।
মহতা রথবংশেন সংবৃতো রথিনাং বরঃ ॥ ৫
ইতরেতরমন্বীয়ুর্যথাভাগমবস্থিতা।
রথিনঃ পত্তয়শ্চৈব দন্তিনঃ সাদিনস্তথা ॥ ৬
তান্ দৃষ্ট্বাভ্যুদ্যতান্ সংখ্যে পাণ্ডবা হি যশস্বিনঃ
শ্যেনেন ব্যূহরাজেন তেনাজয্যেন সংযুগে ॥ ৭

একোনসপ্ততিতম অধ্যায়।

[কৌরবগণের মকরব্যূহ ও পাণ্ডবগণের শ্যেনব্যূহ নির্ম্মাণ এবং পঞ্চম দিনের যুদ্ধ আরম্ভ।]

সঞ্জয় বলিলেন,—সেই রাত্রি ব্যতীত হইয়া প্রভাত হইলে যখন সূর্য্যোদয় হইল, তখন উভয়পক্ষের সৈন্যগণ যুদ্ধের জন্য পরস্পরের সম্মুখীন হইয়া অবস্থান করিতে লাগিল ॥ ১

তারপর সকলে পরস্পরকে জয় করিবার ইচ্ছায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বিপক্ষ সৈন্যের উপর আক্রমণ করিল। রাজন্! আপনারই কুমন্ত্রণার ফলস্বরূপ আপনার পুত্রগণ ও পাণ্ডবগণ সকলে পরস্পরকে দেখিয়া কুপিত-চিত্তে নিজ নিজ সহায়কবৃন্দের সহিত আসিয়া ব্যূহ রচনা করত হর্ষ ও উৎসাহে পূর্ণ হইয়া পরস্পরকে প্রহার করিতে উদ্যত হইলেন ॥ ২-৩

রাজন্! ভীষ্ম সৈন্যবাহিনীর মকরব্যূহ রচনা করিয়া চারিদিক্ দিয়া তাহাকে রক্ষা করিতে লাগিলেন। এইরূপ পাণ্ডবগণও স্বীয় সৈন্যবাহিনীর শ্যেনব্যূহ নির্ম্মাণ করিলেন ॥ ৪

(স্বয়ং অজাতশত্রু যুধিষ্ঠির ধৌম্যমুনির আজ্ঞায় শ্যেনব্যূহ রচনা করিয়া শত্রুদিগের হৃদয় কাঁপাইয়া তুলিলেন। ভারত! অগ্নিচয়নবিষয়ক কর্ম্মসমূহে নিরত থাকিয়া তিনি শ্যেনব্যূহ-সম্বন্ধে বিশেষ অভিজ্ঞ ছিলেন। আপনার বুদ্ধিমান্ পুত্র দুর্য্যোধনের মকরনামক মহাব্যূহ রচিত হইল। দ্রোণাচার্য্যের অনুমতি লইয়া তিনি স্বয়ংই সমগ্র সৈন্যের সেই ব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন। তারপর শান্তনুনন্দন ভীষ্ম ব্যূহের বিধি অনুসারে নির্ম্মিত সেই মহাব্যূহকে স্বয়ংও অনুসরণ করিয়াছিলেন।)

মহারাজ! রথিগণের মধ্যে শ্রেষ্ঠ আপনার পিতৃতুল্য ভীষ্ম বিশাল রথী সৈন্যবাহিনীদ্বারা পরিবেষ্টিত হইয়া যুদ্ধের জন্য নির্গত হইলেন ॥ ৫

তারপর যথাস্থানে দণ্ডায়মান রথী, পদাতিক, হস্ত্যারোহী ও অশ্বারোহী সৈন্যগণ পরস্পর পরস্পরকে অনুসরণ করিয়া চলিতে লাগিল ॥ ৬

শত্রুদিগকে যুদ্ধের জন্য উদ্যত দেখিয়া যশস্বী পাণ্ডবগণ যুদ্ধে

অশোভত মুখে তস্য ভীমসেনো মহাবলঃ।
নেত্রে শিখণ্ডী দুর্ধর্ষো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ॥ ৮
শীর্ষে তস্যাভবদ্ বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
বিধুন্বন্ গাণ্ডিবং পার্থো গ্রীবায়ামভবৎ তদা॥ ৯
অক্ষৌহিণ্যা সমং তত্র বামপক্ষোঽভবৎ তদা।
মহাত্মা দ্রুপদঃ শ্রীমান্ সহ পুত্রেণ সংযুগে॥ ১০
দক্ষিণশ্চাভবৎ পক্ষঃ কৈকেয়োঽক্ষৌহিণীপতিঃ।
পৃষ্ঠতো দ্রৌপদেয়াশ্চ সৌভদ্রশ্চাপি বীর্য্যবান্॥ ১১
পৃষ্ঠে সমভবচ্ছ্রীমান্ স্বয়ং রাজা যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভ্যাং সহিতো বীরো যমাভ্যাং চারুবিক্রমঃ॥ ১২
প্রবিশ্য তু রণে ভীমো মকরং মুখতস্তদা।
ভীষ্মমাসাদ্য সংগ্রামে ছাদয়ামাস সায়কৈঃ॥ ১৩
ততো ভীষ্মো মহাস্ত্রাণি পাতয়ামাস ভারত।
মোহয়ন্ পাণ্ডুপুত্রাণাং ব্যূঢ়ং সৈন্যং মহাহবে॥ ১৪

অজেয় ব্যূহাকারে সংগঠিত হইয়া শোভা পাইতে লাগিলেন। সেই ব্যূহের মুখভাগে মহাবল ভীমসেন শোভিত হইয়া বিরাজমান রহিলেন। নেত্রদ্বয়ের স্থানে দুর্ধর্ষ বীর শিখণ্ডী ও দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন দণ্ডায়মান থাকিলেন॥ ৭-৮

শিরোভাগে সত্যপরাক্রমী বীর সাত্যকি ও গ্রীবাভাগে গাণ্ডীবধনুর টঙ্কার ধ্বনি করিতে করিতে কুন্তীনন্দন অর্জুন অবস্থান করিতে লাগিলেন॥ ৯

পুত্রসহ শ্রীমান্ মহাত্মা দ্রুপদ এক অক্ষৌহিণী সৈন্যের সহিত যুদ্ধে ব্যূহের বাম পার্শ্বে স্থিত রহিলেন॥ ১০

এক অক্ষৌহিণী সৈন্যের অধিপতি কেকয়রাজ দক্ষিণ পার্শ্বে অবস্থান করিতে লাগিলেন। দ্রৌপদীর পঞ্চ পুত্র ও পরাক্রমী সুভদ্রাকুমার অভিমন্যু—ইঁহারা পৃষ্ঠভাগে থাকিলেন॥ ১১

উত্তম পরাক্রমসম্পন্ন স্বয়ং শ্রীমান্ বীর রাজা যুধিষ্ঠিরও দুই ভ্রাতা নকুল-সহদেবের সহিত এই পৃষ্ঠ ভাগেই শোভা পাইতে লাগিলেন॥ ১২

তদনন্তর ভীমসেন রণক্ষেত্রে প্রবেশ করত মকরব্যূহের মুখভাগে দণ্ডায়মান ভীষ্মকে স্বীয় বাণসমূহে আচ্ছাদিত করিয়া ফেলিলেন॥ ১৩

ভারত! তখন সেই মহাযুদ্ধে পাণ্ডবগণের সেই ব্যূহবদ্ধ সৈন্যদিগকে মোহিত করিতে করিতে ভীষ্ম তাঁহার উপর মহাস্ত্রসমূহ প্রয়োগ করিতে লাগিলেন॥ ১৪

সম্মুহ্যতি তদা সৈন্যে ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
ভীষ্মং শরসহস্রেণ বিব্যাধ রণমূর্ধনি॥ ১৫
প্রতিসংবার্য্য চাস্ত্রাণি ভীষ্মমুক্তানি সংযুগে।
স্বেনানীকেন হৃষ্টেন যুদ্ধায় সমুপস্থিতঃ॥ ১৬
ততো দুর্য্যোধনো রাজা ভারদ্বাজমভাষত।
পূর্বং দৃষ্ট্বা বধং ঘোরং বলস্য বলিনাং বরঃ॥ ১৭
ভ্রাতৃণাঞ্চ বধং যুদ্ধে স্মরমাণো মহারথঃ।
আচার্য্য সততং হি ত্বং হিতকামো মমানঘ॥ ১৮
বয়ং হি ত্বাং সমাশ্রিত্য ভীষ্মং চৈব পিতামহম্।
দেবানপি রণে জেতুং প্রার্থয়ামো ন সংশয়ঃ॥ ১৯
কিমু পাণ্ডুসুতান্ যুদ্ধে হীনবীর্য্যপরাক্রমান্।
স তথা কুরু ভদ্রং তে যথা বধ্যন্তি পাণ্ডবাঃ॥ ২০
এবমুক্তস্ততো দ্রোণস্তব পুত্রেণ মারিষ।
(উবাচ তত্র রাজানং সংক্রুদ্ধ ইব নিঃশ্বসন্।

সেই সময় স্বীয় সৈন্যবাহিনীকে মোহিত হইতে দেখিয়া অর্জুন অতিশয় সত্বরতার সহিত যুদ্ধের সম্মুখভাগে এক হাজার বাণ বর্ষণ করিয়া ভীষ্মকে বিদ্ধ করিলেন॥ ১৫

সংগ্রামে ভীষ্মকর্তৃক নিক্ষিপ্ত সমস্ত অস্ত্রকেই নিবারণ করিয়া স্বীয় সৈন্যের সহিত হৃষ্টচিত্তে অর্জুন যুদ্ধের জন্য উপস্থিত হইলেন॥১৬

তখন বলবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ মহারথী রাজা দুর্য্যোধন পূর্বে আপনার যে সমস্ত সৈন্যের ভয়ঙ্কর সংহার হইয়াছিল, তাহার দিকে দৃষ্টি রাখিয়া এবং যুদ্ধে ভ্রাতৃগণের বধের বিষয় স্মরণ করিয়া ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্যকে বলিলেন,—নিষ্পাপ আচার্য্য! আপনার কল্যাণ হউক। আপনি এরূপ প্রযত্ন করুন, যাহাতে পাণ্ডবেরা নিহত হয়॥ ১৭-১৮

আমরা আপনার ও পিতামহ ভীষ্মের শরণ লইয়া দেবগণকেও যুদ্ধে জয়লাভ করিতে আশা রাখি—ইহাতে কোন সংশয় নাই। সেস্থলে বল ও পরাক্রমে হীন পাণ্ডবদিগকে জয় করার কথা আর কি বলিবার আছে। আপনার কল্যাণ হউক। অতএব আপনি এরূপ চেষ্টা করুন, যাহাতে পাণ্ডবেরা বিনষ্ট হয়॥ ১৯-২০

আর্য্য! আপনার পুত্র দুর্য্যোধন এইরূপ কথা বলিলে দ্রোণাচার্য্য কিছু ক্রুদ্ধ হইয়া পড়িলেন এবং দীর্ঘশ্বাস ত্যাগ করিতে করিতে রাজা দুর্য্যোধনকে বলিলেন॥

দ্রোণ উবাচ।

বালিশস্ত্বং ন জানীষে পাণ্ডবানাং পরাক্রমম্।
ন শক্যা হি যথা জেতুং পাণ্ডবা হি মহাবলাঃ॥
যথাবলং যথাবীর্য্যং কর্ম্ম কুর্য্যামহং হি তে।

সঞ্জয় উবাচ।

ইত্যুক্ত্বা তে সুতং রাজন্নভ্যপদ্যত বাহিনীম্।
অভিনৎ পাণ্ডবানীকং প্রেক্ষমাণস্য সাত্যকেঃ॥ ২১
সাত্যকিস্তু ততো দ্রোণং বারয়ামাস ভারত।
তয়োঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়াবহম্॥ ২২
শৈনেয়ং তু রণে ক্রুদ্ধো ভারদ্বাজঃ প্রতাপবান্।
অবিধ্যন্নিশিতৈর্বাণৈর্জত্রুদেশে হসন্নিব॥ ২৩
ভীমসেনস্ততঃ ক্রুদ্ধো ভারদ্বাজমবিধ্যত।
সংরক্ষন্ সাত্যকিং রাজন্ দ্রোণাচ্ছস্ত্রভৃতাং বরাৎ॥২৪
ততো দ্রোণশ্চ ভীষ্মশ্চ তথা শল্যশ্চ মারিষ।
ভীমসেনং রণে ক্রুদ্ধাশ্ছাদয়াঞ্চক্রিরে শরৈঃ॥ ২৫

তত্রাভিমন্যুঃ সংক্রুদ্ধো দ্রৌপদেয়াশ্চ মারিষ।
বিব্যধুর্নিশিতৈর্বাণৈঃ সর্বাংস্তানুদ্যতায়ুধান্॥ ২৬
দ্রোণ-ভীষ্মৌ তু সংক্রুদ্ধাবাপতন্তৌ মহাবলৌ।
প্রত্যুদ্যযৌ শিখণ্ডী তু মহেষ্বাসো মহাহবে॥ ২৭
প্রগৃহ্য বলবদ্ বীরো ধনুর্জলদনিঃস্বনম্।
অভ্যবর্ষচ্ছরৈস্তূর্ণং ছাদয়ানো দিবাকরম্॥ ২৮
শিখণ্ডিনং সমাসাদ্য ভরতানাং পিতামহঃ।
অবর্জয়ত সংগ্রামং স্ত্রীত্বং তস্যানুসংস্মরন্॥ ২৯
ততো দ্রোণো মহারাজ অভ্যদ্রবত তং রণে।
রক্ষমাণস্তদা ভীষ্মং তব পুত্রেণ চোদিতঃ॥ ৩০
শিখণ্ডী তু সমাসাদ্য দ্রোণং শস্ত্রভৃতাং বরম্।
অবর্জয়ত সংত্রস্তো যুগান্তাগ্নিমিবোল্বণম্॥ ৩১
ততো বলেন মহতা পুত্রস্তব বিশাম্পতে।
জুগোপ ভীষ্মমাসাদ্য প্রার্থয়ানো মহদ্ যশঃ॥ ৩২

দ্রোণাচার্য্য বলিলেন,—তুমি মূর্খ! সেজন্য পাণ্ডবগণ কিরূপ পরাক্রমশালী, তাহা বুঝিতে পারিতেছ না। মহাবল পাণ্ডবগণকে যুদ্ধে জয় করা অসম্ভব, তথাপি আমি স্বীয় বল ও পরাক্রম অনুসারে তোমার কার্য্য করিয়া যাইব॥

সঞ্জয় কহিলেন,—রাজন্! আপনার পুত্রকে এরূপ বলিয়া দ্রোণাচার্য্য পাণ্ডবগণের সৈন্যের সম্মুখীন হইবার জন্য গমন করিলেন। তিনি সাত্যকির সাক্ষাতেই পাণ্ডবসৈন্যদিগকে বিদীর্ণ করিতে লাগিলেন॥ ২১

ভারত! সেই সময় সাত্যকি অগ্রে গমন করিয়া দ্রোণাচার্য্যকে নিবারণ করিলেন। তখন তাঁহাদের উভয়ের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল॥ ২২

প্রতাপশালী দ্রোণাচার্য্য যুদ্ধে কুপিত হইয়া সাত্যকির কণ্ঠের উপরিভাগে যেন হাসিতে হাসিতেই তীক্ষ্ণ বাণসমূহে বিদ্ধ করিলেন॥ ২৩

রাজন্! তখন ভীমসেন ক্রুদ্ধ হইয়া শাস্ত্রধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ দ্রোণাচার্য্য হইতে সাত্যকিকে রক্ষা করিতে করিতে আচার্য্যকে নিজ বাণসমূহে বিদ্ধ করিতে লাগিলেন॥ ২৪

আর্য্য! তদনন্তর দ্রোণাচার্য্য, ভীষ্ম ও শল্য—ইঁহারা তিনজনে ক্রুদ্ধ হইয়া নিজ নিজ বাণে ভীমসেনকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন॥ ২৫

মহারাজ! তখন সেস্থলে অতিশয় ক্রুদ্ধ অভিমন্যু ও দ্রৌপদীর পঞ্চপুত্র অস্ত্র লইয়া যুদ্ধে অবস্থিত সেই সব কৌরব মহারথীদিগকে তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিতে লাগিলেন॥ ২৬

সেই সময় মহাসংগ্রামস্থলে অত্যন্ত কুপিত হইয়া আক্রমণরত মহাবল দ্রোণাচার্য্য ও ভীষ্মকে যুদ্ধে রুদ্ধ করিবার জন্য মহাধনুর্দ্ধর শিখণ্ডী অগ্রসর হইলেন॥ ২৭

এই বীর মেঘতুল্য গম্ভীর শব্দকারী নিজ ধনুকে বলপূর্ব্বক আকর্ষণ করিয়া অতিদ্রুত এত বাণ বর্ষণ করিলেন যে, তাহাতে সূর্য্যদেব আচ্ছাদিত হইয়া পড়িলেন॥ ২৮

ভরতকুলতিলক পিতামহ ভীষ্ম শিখণ্ডীর সম্মুখে উপস্থিত হইয়া তাঁহার স্ত্রীত্বের কথা বারংবার স্মরণ করিতে করিতে যুদ্ধ বন্ধ করিয়া দিলেন॥ ২৯

মহারাজ! ইহা দেখিয়া দ্রোণাচার্য্য যুদ্ধে আপনার পুত্রের দ্বারা প্রেরিত হইয়া ভীষ্মকে রক্ষা করিবার জন্য শিখণ্ডীর অভিমুখে ধাবিত হইলেন॥৩০

শিখণ্ডী প্রলয়কালের প্রচণ্ড অগ্নির সদৃশ তেজস্বী ও শস্ত্রধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ দ্রোণাচার্য্যের সম্মুখে পড়িয়া অত্যন্ত ভীত হইয়া যুদ্ধ পরিত্যাগ করত চলিয়া যাইলেন॥ ৩১

প্রজানাথ! তারপর আপনার পুত্র দুর্য্যোধন মহাযশ লাভ করিবার ইচ্ছায় স্বীয় বিশাল সৈন্যের সহিত ভীষ্মের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন॥ ৩২

তথৈব পাণ্ডবা রাজন্ পুরস্কৃত্য ধনঞ্জয়ম্।
ভীষ্মমেবাভ্যবর্তন্ত জয়ে কৃত্বা দৃঢ়াং মতিম্॥ ৩৩
তদ্ যুদ্ধমভবদ্ ঘোরং দেবানাং দানবৈরিব।
জয়মাকাঙ্ক্ষতাং সংখ্যে যশশ্চ সুমহাদ্ভুতম্॥ ৩৪

রাজন্! এইরূপ পাণ্ডবগণও বিজয়প্রাপ্তির জন্য দৃঢ় নিশ্চয় করিয়া অর্জ্জুনকে অগ্রে করত ভীষ্মের উপর আক্রমণ করিলেন॥৩৩

এই যুদ্ধে বিজয় ও অত্যন্ত অদ্ভুত যশোলাভের অভিলাষকারী পাণ্ডবদিগের সহিত কৌরবগণের সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল, যেরূপ দেবগণের দানবদের সহিত যুদ্ধ হইয়াছিল॥ ৩৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি পঞ্চমদিবসযুদ্ধারম্ভে একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে পঞ্চমদিবসের যুদ্ধআরম্ভবিষয়ক একোনসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্ততিতমোঽধ্যায়ঃ

[ভীষ্ম-ভীমসেনয়োস্তুমুলং যুদ্ধম্।]

সঞ্জয় উবাচ।
অকরোৎ তুমুলং যুদ্ধং ভীষ্মঃ শান্তনবস্তদা।
ভীমসেনভয়াদিচ্ছন্ পুত্রাংস্তারয়িতুং তব
পূর্বাহ্ণে তন্মহারৌদ্রং রাজ্ঞাং যুদ্ধমবর্তত।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ মুখ্যশূরবিনাশনম্॥
তস্মিন্নাকুলসংগ্রামে বর্তমানে মহাভয়ে।
অভবৎ তুমুলঃ শব্দঃ সংস্পৃশন্ গগনং মহৎ॥ ৩
নদদ্‌ভিশ্চ মহানাগৈর্হ্রেষমাণৈশ্চ বাজিভিঃ।
ভেরী-শঙ্খনিনাদৈশ্চ তুমুলঃ সমপদ্যত॥ ৪
যুযুৎসবস্তে বিক্রান্তা বিজয়ায় মহাবলাঃ।
অন্যোন্যমভিগর্জ্জন্তো গোষ্ঠেষ্বিব মহর্ষভাঃ॥ ৫
শিরসাং পাত্যমানানাং সমরে নিশিতৈঃ শরৈঃ
অশ্মবৃষ্টিরিবাকাশে বভূব ভরতর্ষভ॥ ৬
কুণ্ডলোষ্ণীষধারীণি জাতরূপোজ্জ্বলানি চ।
পতিতানি স্ম দৃশ্যন্তে শিরাংসি ভরতর্ষভ॥ ৭
বিশিখোন্মথিতৈর্গাত্রৈর্বাহুভিশ্চ সকার্মুকৈঃ।
সহস্তাভরণৈশ্চান্যৈরভবচ্ছাদিতা মহী॥ ৮
কবচোপহিতৈর্গাত্রৈর্হস্তৈশ্চ সমলঙ্কৃতৈঃ।
মুখৈশ্চ চন্দ্রসঙ্কাশৈ রক্তান্তনয়নৈঃ শুভৈঃ॥ ৯

সপ্ততিতম অধ্যায়।

[ভীষ্ম ও ভীমসেনের তুমুল যুদ্ধ।]

সঞ্জয় কহিলেন,—মহারাজ! আপনার পুত্রগণকে ভীমসেনের ভয় হইতে মুক্ত করিবার ইচ্ছা রাখিয়া সেই দিন শান্তনুনন্দন ভীষ্ম তুমুল যুদ্ধ করিয়াছিলেন॥ ১

পূর্ব্বাহ্নকালে কৌরব-পাণ্ডবগণের নরপতিদিগের এই মহাভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইয়াছিল, যাহাতে প্রধান প্রধান শৌর্য্যশালী বীরবৃন্দ বিনাশ প্রাপ্ত হন॥ ২

সেই অত্যন্ত মহাভয়জনক তুমুল সংগ্রামে অতি ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল, যাহা অনন্ত আকাশেও ব্যাপ্ত হইয়া পড়িয়াছিল॥৩

গর্জনকারী গজরাজ ও হ্রেষাধ্বনিকারী অশ্বসকল এবং ভেরী ও শঙ্খধ্বনিতে তখন অতিশয় তুমুল শব্দ হইতে লাগিল॥ ৪

যেরূপ মহাবৃষগণ গোচারণভূমিতে গর্জন করিতে করিতে পরস্পরের উপর আক্রমণ করে, সেইরূপ পরাক্রমশালী ও মহাবল সৈন্যগণ বিজয়লাভের জন্য যুদ্ধের ইচ্ছা রাখিয়া সিংহনাদ করিতে করিতে পরস্পরের সম্মুখীন হইলেন॥ ৫

ভরতশ্রেষ্ঠ! এই সমরাঙ্গণে তীক্ষ্ণ বাণসমূহে ছিন্ন বহু মস্তক ভূপতিত হইতে লাগিল, তাহাতে মনে হইল—যেন আকাশ হইতে প্রস্তরবৃষ্টি হইতেছে॥ ৬

ভরতবংশীয় নরেশ! কুণ্ডল ও উষ্ণীষ (পাগড়ী)-ধারণকারী ও স্বর্ণময় মুকুট প্রভৃতিতে সুশোভিত অগণিত মস্তক খণ্ডিত হইয়া ধরাতলে পড়িয়া থাকিতে দেখা যাইল॥ ৭

সমগ্র রণভূমি ছিন্নভিন্ন শবদেহ, ধনু ও হস্তাভরণসহ ছিন্ন বাহুতে আচ্ছাদিত হইয়া পড়িল॥ ৮

ভূপাল! মুহূর্ত্তকালের মধ্যেই সম্পূর্ণ রণভূমি কবচ আচ্ছাদিত দেহ, আভূষণভূষিত হস্ত, চন্দ্রতুল্য সুন্দর বদন, যাহাদের প্রান্তভাগ

গজ-বাজি-মনুষ্যাণাং সর্বগাত্রৈশ্চ ভূপতে।
আসীৎ সর্বা সমাস্তীর্ণা মুহূর্তেন বসুন্ধরা ॥ ১০
রজোমেঘৈশ্চ তুমুলৈঃ শস্ত্রবিদ্যুৎপ্রকাশিভিঃ।
আয়ুধানাঞ্চ নির্ঘোষঃ স্তনয়িত্নুসমোঽভবৎ ॥ ১১
স সম্প্রহারস্তুমুলঃ কটুকঃ শোণিতোদকঃ।
প্রাবর্তত কুরূণাঞ্চ পাণ্ডবানাঞ্চ ভারত ॥ ১২
তস্মিন্ মহাভয়ে ঘোরে তুমুলে লোমহর্ষণে।
ববৃষুঃ শরবর্ষাণি ক্ষত্রিয়া যুদ্ধদুর্মদাঃ ॥ ১৩
আক্রোশন্ কুঞ্জরাস্তত্র শরবর্ষপ্রতাপিতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ সংযুগে ভরতর্ষভ ॥ ১৪
সংরব্ধানাঞ্চ বীরাণাং ধীরাণামমিতৌজসাম্।
ধনুর্জ্যাতলশব্দেন ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ১৫
উত্থিতেষু কবন্ধেষু সর্বতঃ শোণিতোদকে।
সমরে পর্য্যধাবন্ত নৃপা রিপুবধোদ্যতাঃ ॥১৬
শর-শক্তি-গদাভিস্তে খড়্গৈশ্চামিততেজসঃ।
নিজঘ্নুঃ সমরেঽন্যোন্যং শূরাঃ পরিঘবাহবঃ ॥ ১৭
বভ্রমুঃ কুঞ্জরাশ্চাত্র শরৈর্বিদ্ধা নিরঙ্কুশাঃ।
অশ্বাশ্চ পর্য্যধাবন্ত হতারোহা দিশো দশ ॥১৮
উৎপত্য নিপতন্ত্যন্যে শরঘাতপ্রপীড়িতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ যোধা ভরতসত্তম ॥ ১৯
বাহানামুত্তমাঙ্গানাং কার্মুকাণাঞ্চ ভারত।
গদানাং পরিঘাণাঞ্চ হস্তানাং চোরুভিঃ সহ ॥ ২০
পাদানাং ভূষণানাঞ্চ কেয়ূরাণাঞ্চ সঙ্ঘশঃ।
রাশয়স্তত্র দৃশ্যন্তে ভীষ্ম-ভীমসমাগমে ॥ ২১
অশ্বানাং কুঞ্জরাণাঞ্চ রথানাং চানিবর্তিনাম্।
সঙ্ঘাতাঃ স্ম প্রদৃশ্যন্তে তত্র তত্র বিশাম্পতে ॥ ২২
গদাভিরসিভিঃ প্রাসৈর্বাণৈশ্চ নতপর্বভিঃ।
জঘ্নুঃ পরস্পরং তত্র ক্ষত্রিয়াঃ কাল আগতে ॥ ২৩
অপরে বাহুভির্বীরা নিযুদ্ধকুশলা যুধি।
বহুধা সমসজ্জন্ত আয়সৈঃ পরিঘৈরিব ॥ ২৪

ঈষদ্ রক্তবর্ণ ছিল, এরূপ নয়নসমূহ এবং হস্তী, অশ্ব ও মনুষ্যগণের অঙ্গ-প্রত্যঙ্গে পূর্ণ হইয়া যাইল ॥ ৯-১০

ধূলির ভয়ঙ্কর মেঘে রণাঙ্গন আচ্ছাদিত হইল। তাহাতে অস্ত্ররূপ বিদ্যুৎ প্রকাশিত হইতেছিল এবং ধনু প্রভৃতি অস্ত্রের যে গম্ভীর শব্দ হইতেছিল, উহাই মেঘ গর্জনতুল্য হইয়াছিল ॥ ১১

ভারত! কৌরব ও পাণ্ডবগণের সেই ভয়ঙ্কর যুদ্ধ অতিশয় কটু ও রক্তরূপ জলবহনকারী ছিল ॥ ১২

সেই গুরুতর ভয়প্রদ, ঘোর, রোমাঞ্চকারী এবং তুমুল সংগ্রামে রণদুর্মদ ক্ষত্রিয়গণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ১৩

ভরতশ্রেষ্ঠ! বাণসমূহের বর্ষণে পীড়িত হইয়া আপনার ও পাণ্ডবগণের হস্তীরা এই যুদ্ধে চীৎকার করিতে লাগিল ॥ ১৪

অতিশয় ক্রুদ্ধ অমিততেজস্বী ধীরস্বভাব বীরগণের ধনুসমূহের টঙ্কারধ্বনির দ্বারা অন্য কিছুই বুঝা যাইতেছিল না ॥ ১৫

তখন চারিদিকে কেবল কবন্ধ (মস্তকহীন দেহ-) -সমূহ উত্থিত ছিল এবং জলের ন্যায় রক্তের প্রবাহ বহিতেছিল। শত্রুদিগকে বধ করিবার জন্য উদ্যত নরপতিগণ সমরাঙ্গণে চারিদিকে দৌড়াদৌড়ি করিতেছিলেন ॥ ১৬

পরিঘসদৃশ স্থূল (মোটা) বাহুসমন্বিত অমিততেজস্বী শৌর্য্যশালী বীরগণ বাণ, শক্তি ও গদাসমূহে এবং খড়্গসকলে রণক্ষেত্রে পরস্পরকে আঘাত করিতে লাগিলেন ॥ ১৭

যাহাদের আরোহী নিহত হইয়াছে, তাদৃশ হস্তীরা অঙ্কুশরহিত বাণবিদ্ধ হইয়া সেখানে এদিকে ওদিকে ঘুরিতে লাগিল। আরোহী নিহত হইলে অশ্বগণও শরাঘাতে পীড়িত হইয়া চারিদিকে দৌড়াদৌড়ি আরম্ভ করিল ॥ ১৮

ভরতশ্রেষ্ঠ! আপনার ও শত্রুপক্ষের বহু যোদ্ধাই বাণের গুরুতর আঘাতে অত্যন্ত পীড়িত হইয়া ভূতলে লাফাইয়া পড়িতে লাগিলেন ॥ ১৯

ভারত! ভীষ্ম ও ভীমসেনের এই সংগ্রামে মৃত বাহনসকল, ছিন্ন মস্তক, ধনু, গদা, পরিঘ, হস্ত, জঙ্ঘা, চরণ, অলঙ্কার ও কেয়ূরসমূহ রাশি আকারে দেখা যাইতেছিল ॥ ২০-২১

প্রজানাথ! সেই যুদ্ধস্থলে যেখানে সেখানে পতিত বহু অশ্ব, হস্তী এবং যুদ্ধ হইতে অনিবৃত্ত রথসমূহ দৃষ্টিগোচর হইতেছিল ॥ ২২

ক্ষত্রিয়গণ গদা, খড়্গ, প্রাস ও আনতপর্ব্বযুক্ত বাণসমূহে পরস্পরকে বধ করিতেছিলেন; কারণ, তখন উঁহাদের মৃত্যুকাল আসিয়া উপস্থিত হইয়াছিল ॥ ২৩

মল্লযুদ্ধে নিপুণ বহু বীর এই যুদ্ধস্থলে লৌহনির্মিত পরিঘসদৃশ স্বীয় স্থূল বাহুদ্বারা পরস্পরের সহিত যুদ্ধের জন্য মিলিত হইয়া নানা প্রকারের কৌশল দেখাইতে দেখাইতে যুদ্ধ করিতেছিলেন ॥ ২৪

মুষ্টিভির্জানুভিশ্চৈব তলৈশ্চৈব বিশাম্পতে।
অন্যোন্যং জঘ্নিরে বীরাস্তাবকাঃ পাণ্ডবৈঃ সহ ॥ ২৫
পতিতৈঃ পাত্যমানৈশ্চ বিচেষ্টদ্ভিশ্চ ভূতলে।
ঘোরমায়োধনং জজ্ঞে তত্র তত্র জনেশ্বর ॥ ২৬
বিরথা রথিনশ্চাত্র নিস্ত্রিংশবরধারিণঃ।
অন্যোন্যমভিধাবন্তঃ পরস্পরবধৈষিণঃ ॥ ২৭
ততো দুর্য্যোধনো রাজা কলিঙ্গৈর্বহুভির্বৃতঃ।
পুরস্কৃত্য রণে ভীষ্মং পাণ্ডবানভ্যবর্তত ॥ ২৮
তথৈব পাণ্ডবাঃ সর্বে পরিবার্য্য বৃকোদরম্
ভীষ্মমভ্যদ্রবন্ ক্রুদ্ধাস্ততো যুদ্ধমবর্তত ॥ ২৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি
সঙ্কুলযুদ্ধে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭০

প্রজানাথ! আপনার বীর সৈন্যরা পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিবার সময় মুষ্টি (ঘুঁসি), জানু ও হস্ততলের (চাপড়) দ্বারা পরস্পরকে আঘাত করিতেছিলেন ॥ ২৫

জনেশ্বর! কিছু সৈন্য ভূতলে পতিত হইতেছিল, কিছু সৈন্য পূর্ব্বেই পতিত হইয়াছিল এবং কিছু সৈন্য ভূপতিত হইয়া যন্ত্রণায় ছটফট করিতেছিল। এইভাবে যেখানে সেখানে ভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিল ॥ ২৬

বহু রথী রথহীন হইয়া হাতে সুদৃঢ় তরবারি ধারণ করত পরস্পর পরস্পরকে বধ করিবার বাসনায় পরস্পরের উপর ধাবিত হইল ॥ ২৭

সেই সময় বহুসংখ্যক কলিঙ্গ সৈন্য পরিবেষ্টিত হইয়া রাজা দুর্যোধন যুদ্ধে ভীষ্মকে অগ্রে রাখিয়া পাণ্ডবগণের উপর আক্রমণ করিলেন ॥ ২৮

এইরূপ ক্রুদ্ধ পাণ্ডবগণও ভীমসেনকে পরিবেষ্টিত করিয়া ভীষ্মের প্রতি ধাবিত হইলেন। তখন উভয় পক্ষে আবার তুমুল যুদ্ধ বাধিয়া যাইল ॥ ২৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তুমুলযুদ্ধবিষয়ক সপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একসপ্ততিতমোঽধ্যায়ঃ

[ভীষ্মার্জুনাদি-যোদ্ধৃণাং তুমুল-যুদ্ধবর্ণনম্ ।]

সঞ্জয় উবাচ।
দৃষ্ট্বা ভীষ্মেণ সংসক্তান্ ভ্রাতৄনন্যাংশ্চ পার্থিবান্।
সমভ্যাধাবদ্ গাঙ্গেয়মুদ্যতাস্ত্রো ধনঞ্জয়ঃ ॥ ১
পাঞ্চজন্যস্য নির্ঘোষং ধনুষো গাণ্ডিবস্য চ।
ধ্বজঞ্চ দৃষ্ট্বা পার্থস্য সর্বান্ নো ভয়মাবিশৎ ॥ ২
সিংহ-লাঙ্গূলমাকাশে জ্বলন্তমিব পর্বতম্।
অসজ্জমানং বৃক্ষেষু ধূমকেতুমিবোত্থিতম্ ॥ ৩
বহুবর্ণং বিচিত্রঞ্চ দিব্যং বানরলক্ষণম্।
অপশ্যাম মহারাজ ধ্বজং গাণ্ডীবধন্বনঃ ॥ ৪
বিদ্যুতং মেঘমধ্যস্থাং ভ্রাজমানামিবাম্বরে।
দদৃশুর্গাণ্ডিবং যোধা রুক্মপৃষ্ঠং মহামৃধে ॥ ৫
অশুশ্রুম ভৃশং চাস্য শক্রস্যেবাভিগর্জতঃ।
সুঘোরং তলয়োঃ শব্দং নিঘ্নতস্তব বাহিনীম্ ॥ ৬

একসপ্ততিতম অধ্যায়।

[ভীষ্ম, অর্জুনাদি যোদ্ধাদিগের তুমুল যুদ্ধবর্ণন।]

সঞ্জয় কহিলেন,—মহারাজ! নিজ ভ্রাতৃগণকে ও অন্যান্য নৃপদিগকে ভীষ্মের সহিত যুদ্ধে সংসক্ত দেখিয়া অস্ত্র উত্তোলন করত অর্জুনও গঙ্গানন্দন ভীষ্মের উপর আক্রমণ করিলেন ॥ ১

পাঞ্চজন্য শঙ্খ ও গাণ্ডীব ধনুর শব্দ শুনিয়া এবং অর্জুনের ধ্বজকে দেখিয়া আমাদের সকল সৈন্যের মনে ভয় উপস্থিত হইল ॥ ২

মহারাজ! অর্জুনের ধ্বজ সিংহপুচ্ছসদৃশ বানরপুচ্ছের দ্বারা যুক্ত ছিল। উহা প্রজ্বলিত পর্ব্বতের ন্যায় দেখাইতেছিল। এই ধ্বজ বৃক্ষের দ্বারা কোথাও বাধাপ্রাপ্ত হয় (আটকাইয়া যায়) না এবং আকাশে উদিত ধূমকেতুর তুল্যরূপে প্রতীত হইতেছিল। উহা বহু বর্ণে সুশোভিত, বিচিত্র, দিব্য ও বানর চিহ্নে যুক্ত ছিল। এইরূপে আমরা গাণ্ডীবধারী অর্জুনের সেই ধ্বজ দেখিলাম ॥ ৩-৪

সেই মহাসংগ্রামে আমাদের পক্ষের যোদ্ধারা সুবর্ণময় পৃষ্ঠযুক্ত গাণ্ডীব ধনুকে আকাশমধ্যে মেঘের আবির্ভাবে প্রস্ফুরিত বিদ্যুতের ন্যায় দেখিতে লাগিল ॥ ৫

অর্জুন আপনার সৈন্যদিগকে সংহার করিতে থাকিয়া ইন্দ্রসদৃশ

চণ্ডবাতো যথা মেঘঃ সবিদ্যুৎস্তনয়িত্নুমান্।
দিশঃ সংপ্লাবয়ন্ সর্বাঃ শরবর্ষৈঃ সমন্ততঃ ॥ ৭
সমভ্যধাবদ্ গাঙ্গেয়ং ভৈরবাস্ত্রো ধনঞ্জয়ঃ।
দিশং প্রাচীং প্রতীচীঞ্চ ন জানীমোঽস্ত্রমোহিতাঃ ॥ ৮
কাংদিগ্ভূতাঃ শ্রান্তপত্রা হতাশ্বা হতচেতসঃ।
অন্যোন্যমভিসংশ্লিষ্য যোধাস্তে ভরতর্ষভ ॥ ৯
ভীষ্মমেবাভ্যলীয়ন্ত সহ সর্বৈস্তবাত্মজৈঃ।
তেষামার্তায়নমভূদ্ ভীষ্মঃ শান্তনবো রণে ॥ ১০
সমুৎপতন্তি বিত্রস্তা রথেভ্যো রথিনস্তথা।
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমৌ চাপি পদাতয়ঃ ॥ ১১
শ্রুত্বা গাণ্ডীবনির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ।
সর্বসৈন্যানি ভীতানি ব্যবালীয়ন্ত ভারত ॥ ১২
অথ কাম্বোজজৈরশ্বৈর্মহদ্ভিঃ শীঘ্রগামিভিঃ।
গোপানাং বহুসাহস্রৈর্বলৈর্গোপায়নৈর্বৃতঃ ॥ ১৩
মদ্র-সৌবীর-গান্ধারৈস্ত্রৈগর্তৈশ্চ বিশাম্পতে।
সর্বকালিঙ্গমুখ্যৈশ্চ কলিঙ্গাধিপতির্বৃতঃ ॥ ১৪
নানানরগণৌঘৈশ্চ দুঃশাসনপুরঃসরঃ।
জয়দ্রথশ্চ নৃপতিঃ সহিতঃ সর্বরাজভিঃ ॥ ১৫
হয়ারোহবরাশ্চৈব তব পুত্রেণ চোদিতাঃ।
চতুর্দশ সহস্রাণি সৌবলং পর্য্যবারয়ন্ ॥ ১৬
ততস্তে সহিতাঃ সর্বে বিভক্তরথবাহনাঃ।
অর্জুনং সমরে জগ্মুস্তাবকা ভরতর্ষভ ॥ ১৭
(চেদি-কাশি-পদাতৈশ্চ রথৈঃ পাঞ্চাল-সৃঞ্জয়ৈঃ।
সহিতাঃ পাণ্ডবাঃ সর্বে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ ॥
তাবকান্ সমরে জগ্মুর্ধর্মপুত্রেণ চোদিতাঃ।)
রথিভির্বারণৈরশ্বৈঃ পাদাতৈশ্চ সমীরিতম্।
ঘোরমায়োধনং চক্রে মহাভ্রসদৃশং রজঃ ॥ ১৮

গর্জন করিতে লাগিলেন। এই সময় আমরা তাঁহার দুই হস্ততলের এক ভয়ঙ্কর শব্দ শুনিলাম ॥ ৬

ভয়ঙ্কর অস্ত্রধারী ছিলেন অর্জুন প্রচণ্ড ঝঞ্ঝা বায়ুতুল্য, বিদ্যুৎ ও গর্জনযুক্ত মেঘের ন্যায় তিনি চারিদিক্ স্বীয় বাণবর্ষণে প্লাবিত করিতে করিতে গঙ্গানন্দন ভীষ্মের উপর আক্রমণ করিলেন।

সেই সময় আমরা সকলে তাঁহার অস্ত্রে এরূপ মোহিত হইয়া পড়িয়াছিলাম যে, আমরা কেহই পূর্ব্ব ও পশ্চিমে কোন দিক্ই বুঝিতে পারিতেছিলাম না। ভরতশ্রেষ্ঠ! আপনার সকল যোদ্ধাই বিভ্রান্ত হইয়া ইহা চিন্তা করিতে লাগিল যে, আমরা কোন্ দিক্ দিয়া যাইব। তাঁহাদের বাহনসকলও পরিশ্রান্ত হইয়া পড়িল। বহু যোদ্ধার অশ্ব নিহত হইল। তখন তাহাদের সকলেরই হার্দ্দিক উৎসাহ নষ্ট হইল। তাহারা পরস্পরকে ধরাধরি করিয়া আপনার পুত্রগণের সহিত ভীষ্মের শরণাপন্ন হইল। সেই যুদ্ধস্থলে পীড়িত সৈন্যগণের একমাত্র শান্তনুনন্দন ভীষ্মই কেবল শরণদাতারূপে প্রতীত হইতে লাগিলেন ॥ ৮-১০

তখন তাহারা এমন অতিশয় ভীত হইয়া পড়িল যে, রথীরা রথের উপর হইতে এবং অশ্বারোহীরা অশ্বপৃষ্ঠ হইতে পতিত হইতে লাগিল ও পদাতি সৈন্যরাও ভূতলশায়ী হইয়া পড়িল ॥ ১১

ভারত! বজ্রের সহিত বিদ্যুতের গম্ভীর শব্দের ন্যায় গাণ্ডীবের গম্ভীর শব্দ শ্রবণ করিয়া আমাদের সমস্ত সৈন্যবাহিনী সন্ত্রস্ত হইয়া উঠিল এবং এদিকে ওদিকে লুকাইয়া পড়িল ॥ ১২

অনন্তর কাম্বোজরাজ সুদক্ষিণ কাম্বোজদেশীয় বিশাল ও শীঘ্রগামী অশ্বে আরোহণ করিয়া যুদ্ধের জন্য গমন করিলেন। তখন তাঁহার সহিত গোপায়ননামক কয়েক হাজার গোপ সৈন্য ছিল ॥ ১৩

প্রজানাথ! সমস্ত কলিঙ্গদেশীয় প্রধান প্রধান বীরগণে পরিবেষ্টিত হইয়া কলিঙ্গরাজও যুদ্ধের জন্য অগ্রসর হইলেন। তাঁহার সহিত মদ্র, সৌবীর, গান্ধার ও ত্রিগর্ত্তদেশীয় যোদ্ধারাও ছিল ॥ ১৪

ইহা ব্যতীত রাজা জয়দ্রথ সম্পূর্ণ নরপতিগণকে সঙ্গে লইয়া দুঃশাসনকে অগ্রে স্থাপন করত যুদ্ধে চলিলেন। ইঁহার সহিতও বহু জনপদের বিশাল পদাতিক সৈন্যবাহিনী ছিল ॥ ১৫

আপনার পুত্র কর্ত্তৃক প্রেরিত হইয়া চৌদ্দ হাজার উত্তম অশ্বারোহী যোদ্ধা সুবলপুত্র শকুনিকে ঘিরিয়া যুদ্ধের জন্য সজ্জিত রহিল ॥ ১৬

ভরতশ্রেষ্ঠ! তারপর পৃথক্ পৃথক্ বাহন ও রথ লইয়া আপনার পক্ষের এই সব মহারথী যোদ্ধারা সমরাঙ্গণে অর্জুনের উপর অস্ত্রাঘাত করিতে লাগিল ॥ ১৭

(এদিকে, চেদি ও কাশিদেশের পদাতিক সৈন্যরা এবং পাঞ্চাল ও সৃঞ্জয়দেশীয় রথী বীরগণের সহিত ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি পাণ্ডববীরগণ ধর্মপুত্র যুধিষ্ঠির কর্ত্তৃক প্রেরিত হইয়া রণাঙ্গনে আপনার সৈন্যদিগকে সংহার করিতে লাগিলেন।)

রথী, হস্তী, অশ্ব ও পদাতিক সৈন্যগণের দ্বারা উত্থিত

তোমর-প্রাস-নারাচ-গজাশ্ব-রথযোধিনাম্।
বলেন মহতা ভীষ্মঃ সমসজ্জৎ কিরীটিনা ॥ ১৯

আবন্ত্যঃ কাশিরাজেন ভীমসেনেন সৈন্ধবঃ।
অজাতশত্রুর্মদ্রাণামৃষভেণ যশস্বিনা ॥ ২০

সহপুত্রঃ সহামাত্যঃ শল্যেন সমসজ্জত।
বিকর্ণঃ সহদেবেন চিত্রসেনঃ শিখণ্ডিনা ॥ ২১

মৎস্যা দুর্য্যোধনং জগ্মুঃ শকুনিঞ্চ বিশাম্পতে।
দ্রুপদশ্চেকিতানশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥ ২২

দ্রোণেন সমসজ্জন্ত সপুত্রেণ মহাত্মনা।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ ধৃষ্টদ্যুম্নমভিদ্রুতৌ ॥ ২৩

এবং প্রব্রজিতাশ্বানি ভ্রান্তনাগরথানি চ।
সৈন্যানি সমসজ্জন্ত প্রযুদ্ধানি সমন্ততঃ ॥ ২৪

নিরভ্রে বিদ্যুতস্তীব্রা দিশশ্চ রজসাবৃতাঃ।
প্রাদুরাসন্ মহোল্কাশ্চ সনির্ঘাতা বিশাম্পতে ॥ ২৫

প্রাদুর্ভূতো মহাবাতঃ পাংসুবর্ষং পপাত চ।
নভস্যন্তর্দধে সূর্য্যঃ সৈন্যেন রজসাবৃতঃ ॥ ২৬

প্রমোহঃ সর্বসত্ত্বানামতীব সমপদ্যত।
রজসা চাভিভূতানামস্ত্রজালৈশ্চ তুদ্যতাম্ ॥ ২৭

বীরবাহুবিসৃষ্টানাং সর্বাবরণভেদিনাম্।
সঙ্ঘাতঃ শরজালানাং তুমুলঃ সমপদ্যত ॥ ২৮

প্রকাশং চক্রুরাকাশমুদ্যতানি ভুজোত্তমৈঃ।
নক্ষত্রবিমলাভানি শস্ত্রাণি ভরতর্ষভ ॥ ২৯

আর্ষভাণি বিচিত্রাণি রুক্মজালাবৃতানি চ।
সম্পেতুর্দিক্ষু সর্বাসু চর্মাণি ভরতর্ষভ ॥ ৩০

সূর্য্যবর্ণৈশ্চ নিস্ত্রিংশৈঃ পাত্যমানানি সর্বশঃ।
দিক্ষু সর্বাস্বদৃশ্যন্ত শরীরাণি শিরাংসি চ ॥ ৩১

ভগ্নচক্রাক্ষনীড়াশ্চ নিপাতিতমহাধ্বজাঃ।
হতাশ্বাঃ পৃথিবীং জগ্মুস্তত্র তত্র মহারথাঃ ॥ ৩২

ধূলিরাশি মহামেঘ সদৃশ হইয়া আকাশে ব্যাপ্ত হইল এবং এই যুদ্ধকে ভয়ঙ্কর করিয়া তুলিল ॥ ১৮

ভীষ্ম তোমর, নারাচ ও প্রাসাদি অস্ত্রসমূহ ধারণকারী হস্ত্যারোহী, অশ্বারোহী ও রথারোহী যোদ্ধাগণের বিশাল বাহিনীর সহিত কিরীটধারী অর্জুনের সঙ্গে যুদ্ধে মিলিত হইলেন ॥ ১৯

তখন অবন্তীদেশপতি কাশীরাজের সহিত, সিন্ধুরাজ জয়দ্রথ ভীমসেনের সহিত এবং পুত্র ও মন্ত্রিবর্গের সহিত অজাতশত্রু রাজা যুধিষ্ঠির যশস্বী মদ্ররাজ শল্যের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥

প্রজানাথ! বিকর্ণ সহদেবের সহিত এবং চিত্রসেন শিখণ্ডীর সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। মৎস্যদেশীয় যোদ্ধারা দুর্য্যোধন ও শকুনির সহিত যুদ্ধের জন্য উপস্থিত হইলেন। দ্রুপদ, চেকিতান ও মহারথী সাত্যকি—ইঁহারা অশ্বত্থামার সহিত মহাত্মা দ্রোণকে যুদ্ধে ব্যাপৃত করিয়া রাখিলেন ॥

কৃপাচার্য্য ও কৃতবর্ম্মা—ইঁহারা উভয়ে ধৃষ্টদ্যুম্নের উপর আক্রমণ করিলেন। এইরূপে নিজ নিজ অশ্বসমূহকে অগ্রে বর্দ্ধিত করিয়া এবং হস্তী ও রথসকলকে চারিদিকে ঘুরাইতে থাকিয়া সমস্ত সৈন্যরা চারিদিকেই যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২০-২৪

প্রজানাথ! তখন বিনা মেঘেই দুঃসহ বিদ্যুৎ চমকাইতে লাগিল; সারা দিক্ ধূলিতে পূর্ণ হইয়া উঠিল এবং ভয়ঙ্কর বজ্রপাতের সহিত বিশাল বিশাল উল্কাপাত হইতে লাগিল ॥ ২৫

ভয়ানক ঝঞ্ঝাবাত উদ্ভূত হইল। ধূলিবর্ষণ হইতে লাগিল। সৈন্যগণের দ্বারা উত্থিত ধূলিজালে আকাশে সূর্য্যদেব আচ্ছাদিত হইয়া পড়িলেন ॥ ২৬

সেই সময় সমস্ত প্রাণিগণের মধ্যে গুরুতর মোহ উপস্থিত হইল, কারণ, তাহারা ত' ধূলিজালে অভিভূত হইয়া পড়িয়াছিল এবং অস্ত্রসমূহেও পীড়িত হইতেছিল ॥ ২৭

বীরগণের বাহু হইতে পরিত্যক্ত সর্ব্বপ্রকারের আবরণসমূহ (কবচ প্রভৃতি)কে ভেদকারী বাণরাশির তুমুল আঘাত চারিদিকেই হইতেছিল ॥ ২৮

ভরতশ্রেষ্ঠ! উত্তম বাহুসমূহ দ্বারা উপরে উত্তোলিত নক্ষত্রতুল্য নির্ম্মল ও চকচকে অস্ত্রসকল আকাশে প্রকাশ পাইতে লাগিল ॥ ২৯

ভরতভূষণ! স্বর্ণজালে আচ্ছাদিত ও ঋষভচর্ম্মে নির্ম্মিত বিচিত্র ঢালগুলি সমগ্র দিকে পতিত হইতে লাগিল ॥ ৩০

সূর্য্যসদৃশ তেজস্বী খড়্গসমূহে ছিন্ন হইয়া সর্ব্বদিকে পতিত শরীর ও মস্তকগুলি চারিদিকেই দৃষ্টিগোচর হইতেছিল ॥ ৩১

বহু মহারথীর রথসমূহের চক্র, অক্ষ ও মধ্যস্থিত বসিবার আসন ছিন্ন ভিন্ন হইয়া পড়িয়াছিল। বড় বড় ধ্বজগুলি খণ্ডিত হইয়া ভূপাতিত হইয়াছিল। অশ্ব নিহত হইলে মহারথীরাও মৃত্যুবরণ করত ধরাশায়ী হইয়াছিলেন ॥ ৩২

পরিপেতুর্হয়াশ্চাত্র কেচিচ্ছস্ত্রকৃতব্রণাঃ।
রথান্ বিপরিকর্ষন্তো হতেষু রথযোধিষু ॥ ৩৩
শরাহতা ভিন্নদেহা বদ্ধযোক্ত্রা হয়োত্তমাঃ।
যুগানি পর্য্যকর্ষন্ত তত্র তত্র স্ম ভারত ॥৩৪
অদৃশ্যন্ত সসূতাশ্চ সাশ্বাঃ সরথযোধিনঃ।
একেন বলিনা রাজন্ বারণেন বিমর্দিতাঃ ॥ ৩৫
গন্ধহস্তি-মদস্রাবমাঘ্রায় বহবো রণে।
সন্নিপাতে বলৌঘানাং বীতমাদদিরে গজাঃ ॥ ৩৬
সতোমরৈর্মহামাত্রৈর্নিপতদ্ভির্গতাসুভিঃ।
বভূবায়োধনং ছন্নং নারাচাভিহতৈর্গজৈঃ ॥ ৩৭
সন্নিপাতে বলৌঘানাং প্রেষিতৈর্বরবারণৈঃ।
নিপেতুর্যুধি সম্ভগ্নাঃ সযোধাঃ সধ্বজা গজাঃ ॥ ৩৮
নাগরাজোপমৈর্হস্তৈর্নাগৈরাক্ষিপ্য সংযুগে।
ব্যদৃশ্যন্ত মহারাজ সম্ভগ্না রথকূবরাঃ ॥ ৩৯
বিশীর্ণরথসঙ্ঘাশ্চ কেশেষ্বাক্ষিপ্য দন্তিভিঃ।
দ্রুমশাখা ইবাবিধ্য নিষ্পিষ্টা রথিনো রণে ॥ ৪০
রথেষু চ রথান্ যুদ্ধে সংসক্তান্ বরবারণাঃ।
বিকর্ষন্তো দিশঃ সর্বাঃ সম্পেতুঃ সর্বশব্দগাঃ ॥ ৪১
তেষাং তথা কর্ষতাং তু গজানাং রূপমাবভৌ।
সরঃসু নলিনীজালং বিষক্তমিব কর্ষতাম্ ॥ ৪২
এবং সঞ্ছাদিতং তত্র বভূবায়োধনং মহৎ।
সাদিভিশ্চ পদাতৈশ্চ সধ্বজৈশ্চ মহারথৈঃ ॥ ৪৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সঙ্কুলযুদ্ধে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭১

এই যুদ্ধস্থলে বহু অশ্ব অস্ত্রের আঘাতে আহত হইয়া স্বীয় রথীর মৃত্যু হওয়ার পরও বহন করিতে করিতে পলাইতে লাগিল এবং কিছুদূর গিয়া আবার ভূতলে পতিত হইল। ৩৩

ভারত! যদিও বহু উত্তম অশ্বের শরীর বাণে আহত হইয়া ক্ষত বিক্ষত হইয়া গিয়াছিল, তথাপি তাহারা রথের সহিত রজ্জুতে বদ্ধ ছিল, সেইজন্য যোক্ত্র (যোয়াল) এদিকে ওদিকে টানিতে ছিল ॥ ৩৪

রাজন্! বহু রথারোহী যোদ্ধাকে যুদ্ধস্থলে একটি মহাবল গজরাজ কর্ত্তৃক অশ্ব ও সারথির সহিত বিমর্দ্দিত হইতে দেখা যাইল ॥ ৩৫

সমস্ত সৈন্যের মধ্যে তখন ভীষণ হানাহানি চলিতে লাগিল এবং বহু হস্তী গন্ধযুক্ত গজরাজের মদধারা আঘ্রাণ করিয়া তাহারই ভ্রমে নির্ব্বল হাতীকেও নিহত করিবার জন্য ধরিতে লাগিল ॥ ৩৬

তোমরের সহিত প্রাণশূন্য হইয়া পতিত বহু মাহুত ও নারাচের দ্বারা মৃত্যুমুখে পতিত বহু হস্তীতে এই রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥ ৩৭

সৈন্যগণের সেই ভীষণ সংঘর্ষে অগ্রভাগস্থিত বহু বড় বড় হস্তীর আঘাতে ছোট ছোট হস্তীগুলির অঙ্গ ভাঙ্গিয়া যাওয়ায় আরোহী ও ধ্বজের সহিত ধরাশায়ী হইল ॥ ৩৮

মহারাজ! সেই যুদ্ধে বহু হস্তী কর্ত্তৃক বিশাল সর্পরাজের ন্যায় শুণ্ডের দ্বারা তুলিয়া নিক্ষিপ্ত রথসকলের ধ্বজ ও কূবরগুলি চূর্ণ বিচূর্ণ হইয়া ধরাতলে ছড়াইয়া পড়িল ॥ ৩৯

বহু দন্তার হস্তী রথসমূহকে চূর্ণ বিচূর্ণ করিয়া তাহাতে উপবিষ্ট রথী বীরগণের কেশে ধরিয়া তুলিয়া ফেলিল এবং বৃক্ষ-শাখার ন্যায় চারিদিকে ঘুরাইতে ঘুরাইতে ভূতলে আছড়াইয়া পিষ্ট করিতে লাগিল ॥ ৪০

কত যে বড় বড় গজরাজ রথসমূহের মধ্যে প্রবেশ করিয়া যুদ্ধরত রথসমূহকে ধরিয়া তুলিল এবং সর্ব্বপ্রকার শব্দের অনুসরণ করিতে করিতে চারিদিকে সেই রথগুলিকে তুলিয়া লইয়াই দূরে নিক্ষেপ করিতে লাগিল ॥ ৪১

এইভাবে রথসহ রথী বীরগণকে উত্তোলনকারী হস্তীদিগের স্বরূপ এমন হইল, যেন তাহারা সরোবরসমূহে বিকসিত পদ্ম-সকলকে তুলিতেছে ॥ ৪২

এইরূপে আরোহী, পদাতিক ও ধ্বজের সহিত মহারথী বীর-গণের শরীরে সেই বিশাল রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥ ৪৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ব্যাপকযুদ্ধবিষয়ক একসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[উভয়পক্ষস্থিতসৈন্যানাং ঘোরতরং যুদ্ধম্।]

সঞ্জয় উবাচ।

শিখণ্ডী সহ মৎস্যেন বিরাটেন বিশাম্পতে।
ভীষ্মমাশু মহেষ্বাসমাসসাদ সুদুর্জয়ম্॥ ১
দ্রোণং কৃপং বিকর্ণঞ্চ মহেষ্বাসং মহাবলম্।
রাজ্ঞশ্চান্যান্ রণে শূরান্ বহূনার্চ্ছদ্ ধনঞ্জয়ঃ॥ ২
সৈন্ধবঞ্চ মহেষ্বাসং সামাত্যং সহ বন্ধুভিঃ।
প্রাচ্যাংশ্চ দাক্ষিণাত্যাংশ্চ ভূমিপান্ ভূমিপর্ষভ॥ ৩
পুত্রঞ্চ তে মহেষ্বাসং দুর্য্যোধনমমর্ষণম্।
দুঃসহং চৈব সমরে ভীমসেনোঽভ্যবর্তত॥ ৪
সহদেবস্তু শকুনিমুলূকঞ্চ মহারথম্।
পিতাপুত্রৌ মহেষ্বাসাবভ্যবর্তত দুর্জয়ৌ॥ ৫
যুধিষ্ঠিরো মহারাজ গজানীকং মহারথঃ।
সমবর্তত সংগ্রামে পুত্রেণ নিকৃতস্তব॥ ৬
মাদ্রীপুত্রস্তু নকুলঃ শূরসংক্রন্দনো যুধি।
ত্রিগর্তানাং বরৈঃ সার্ধং সমসজ্জত পাণ্ডবঃ॥৭
অভ্যবর্তন্ত সংক্রুদ্ধাঃ সমরে শাল্ব-কেকয়ান্।
সাত্যকিশ্চেকিতানশ্চ সৌভদ্রশ্চ মহারথঃ॥ ৮
ধৃষ্টকেতুশ্চ সমরে রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
(নাকুলিশ্চ শতানীকঃ সমরে রথপুঙ্গবঃ)
পুত্রাণাং তে রথানীকং প্রত্যুদ্যাতাঃ সুদুর্জয়াঃ॥৯
সেনাপতিরমেয়াত্মা ধৃষ্টদ্যুম্নো মহাবলঃ।
দ্রোণেন সমরে রাজন্ সমিয়ায়োগ্রকর্মণা॥ ১০
এবমেতে মহেষ্বাসাস্তাবকাঃ পাণ্ডবৈঃ সহ।
সমেত্য সমরে শূরাঃ সম্প্রহারং প্রচক্রিরে॥ ১১
মধ্যংদিনগতে সূর্য্যে নভস্যাকুলতাং গতে।
কুরবঃ পাণ্ডবেয়াশ্চ নিজঘ্নুরিতরেতরম্॥ ১২
ধ্বজিনো হেমচিত্রাঙ্গা বিচরন্তো রণাজিরে।
সপতাকা রথা রেজুর্বৈয়াঘ্রপরিবারণাঃ॥ ১৩
সমেতানাঞ্চ সমরে জিগীষূণাং পরস্পরম্।
বভূব তুমুলঃ শব্দঃ সিংহানামিব নর্দতাম্॥ ১৪

দ্বিসপ্ততিতম অধ্যায়।

[উভয় পক্ষের সৈন্যের মধ্যে ঘোরতর যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! মৎস্যরাজ বিরাটের সহিত মিলিত হইয়া শিখণ্ডী অত্যন্ত দুর্জয় মহাধনুর্দ্ধর ভীষ্মের উপর দ্রুত আক্রমণ করিলেন। ১

সেই সময় অর্জুন এই রণাঙ্গনে মহাধনুর্দ্ধর এবং মহাবল দ্রোণ, কৃপাচার্য্য, বিকর্ণ এবং অন্যান্য শৌর্য্যশালী নরপতিগণকে স্বীয় বাণে পীড়িত করিতে লাগিলেন। ২

নৃপশ্রেষ্ঠ! এইরূপ মন্ত্রী ও বন্ধুবর্গের সহিত মহাধনুর্দ্ধর সিন্ধুরাজ জয়দ্রথের উপর, পূর্ব্বে ও দক্ষিণদেশীয় ভূপতিবৃন্দের উপর এবং আপনার অমর্ষশীল পুত্র মহাধনুর্দ্ধর দুর্য্যোধন ও দুঃসহের উপর ভীমসেন আক্রমণ করিলেন। ৩-৪

সহদেব শকুনি ও মহারথ উলুক এই দুই দুর্জয় মহাধনুর্দ্ধর পিতা-পুত্রের উপর ধাবিত হইলেন। ৫

মহারাজ! আপনার পুত্রের দ্বারা প্রতারিত মহারথী রাজা যুধিষ্ঠির গজসৈন্যের উপর আক্রমণ করিলেন। ৬

মাদ্রীনন্দন পাণ্ডুকুমার নকুল যুদ্ধে বড় বড় বীরগণকেও কাঁদাইয়া দিতেন। তিনি ত্রিগর্ত্তদেশীয় সৈন্যদের সহিত যুদ্ধে ব্যাপৃত রহিলেন। ৭

সাত্যকি, চেকিতান ও মহারথী অভিমন্যু সমরাঙ্গণে কুপিত হইয়া শাল্ব ও কেকয়গণের উপর ধাবিত হইলেন। ৮

ধৃষ্টকেতু, রাক্ষস ঘটোৎকচ ও নকুলপুত্র শ্রেষ্ঠ রথী শতানীক—এই সব দুর্জয় বীরবৃন্দ রণাঙ্গনে আপনার রথী সৈন্যদের উপর আক্রমণ করিলেন। ৯

রাজন্! অতিশয় আত্মবলসম্পন্ন পাণ্ডব-সেনাপতি মহাবল ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে ভয়ঙ্কর কর্ম্মকারী দ্রোণাচার্য্যের সহিত মিলিত হইলেন। ১০

এইভাবে আপনার এই সব মহাধনুর্দ্ধর বীর যোদ্ধারা পাণ্ডবগণের সহিত সমরভূমিতে যুদ্ধ করিতে লাগিলেন। ১১

যখন সূর্য্যদেব দিনের মধ্যভাগে উপস্থিত হইলেন এবং আকাশকে তাপিত করিতে লাগিলেন, তখনও কৌরব ও পাণ্ডবগণ পরস্পর পরস্পরকে অস্ত্রাঘাত করিতে থাকিলেন। ১২

তান্ প্রযাতান্ মহেষ্বাসানভিমন্যুপুরোগমান্।
ভীমসেনভয়াবিষ্টা ধৃষ্টদ্যুম্নবিমোহিতা ॥ ৬০
ন সংবারয়িতুং শক্তা তব সেনা জনাধিপ।
মদমূর্চ্ছান্বিতাত্মা বৈ প্রমদেবাধ্বনি স্থিতা ॥ ৬১
তেঽভিজাতা মহেষ্বাসাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
পরীপ্সন্তোঽভ্যধাবন্ত ধৃষ্টদ্যুম্ন-বৃকোদরৌ ॥ ৬২

পথ অনুসরণ কর। অভিমন্যু প্রভৃতি দ্বাদশজন বার মহারথী কবচাদিতে সুসজ্জিত হইয়া ভীমসেন ও ধৃষ্টদ্যুম্নের সংবাদসংগ্রহ করুক। কারণ এখন আমার মন ইহাদের বিষয়ে চিন্তিত হইয়া পড়িয়াছে ॥

যুধিষ্ঠিরের এতাদৃশ আজ্ঞা পাইয়া পরাক্রমপূর্ব্বক যুদ্ধ করিতে অভ্যস্ত সেই পুরুষমানী সমস্ত শৌর্য্যশালী বীরগণ "আচ্ছা, তাহাই হউক" এই কথা বলিয়া সূর্য্য দিনের দ্বিপ্রহরে উপস্থিত হইলে সেই সময় সেখান হইতে যাত্রা করিলেন ॥ ৫৪-৫৭

অভিমন্যুকে অগ্রে রাখিয়া বিশাল সৈন্যপরিবেষ্টিত পঞ্চ কেকয়-রাজকুমার, দ্রৌপদীর পঞ্চ পুত্র ও পরাক্রমী ধৃষ্টকেতু—এই সব শত্রুদমন বীরবরগণ সূচীমুখনামক সমরব্যূহ নির্ম্মাণ করিয়া আপনার পুত্রদিগের সৈন্যসমুদায়কে রণক্ষেত্রে বিদীর্ণ করিতে লাগিলেন ॥ ৫৮-৫৯

জনেশ্বর! আপনার সৈন্যরা তখন ভীমসেনের ভয়ে ব্যাকুল এবং ধৃষ্টদ্যুম্নের বাণে মোহিত হইয়া পড়িয়াছিল, সুতরাং তাহারা অভিমন্যু প্রভৃতি মহাধনুর্দ্ধর বীরগণকে নিবারণ করিতে সমর্থ হইল না। মদ ও মূর্চ্ছার বশীভূতা মদমত্তা স্ত্রীর ন্যায় তাহারা যুদ্ধপথে নীরবে দাঁড়াইয়া রহিল ॥ ৬০-৬১

সুবর্ণনির্ম্মিত ধ্বজ-সুশোভিত সেই মহাধনুর্দ্ধর কুলীন যোদ্ধারা ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেনকে রক্ষা করিবার জন্য তীব্রবেগে ধাবিত হইতে লাগিলেন ॥ ৬২

তৌ চ দৃষ্ট্বা মহেষ্বাসাবভিমন্যুপুরোগমান্।
বভূবতুর্মুদা যুক্তৌ নিঘ্নন্তৌ তব বাহিনীম্ ॥ ৬৩
(দ্রোণমিষ্বস্ত্রকুশলং সর্ববিদ্যাসু পারগম্)
দৃষ্ট্বা তু সহসায়ান্তং পাঞ্চাল্যো গুরুমাত্মনঃ।
নাশংসত বধং বীরঃ পুত্রাণাং তব ভারত ॥ ৬৪
ততো রথং সমারোপ্য কৈকেয়স্য বৃকোদরম্।
অভ্যধাবৎ সুসংক্রুদ্ধো দ্রোণমিষ্বস্ত্রপারগম্ ॥ ৬৫
তস্যাভিপততস্তূর্ণং ভারদ্বাজঃ প্রতাপবান্।
ক্রুদ্ধশ্চিচ্ছেদ বাণেন ধনুঃ শত্রুনিবর্হণঃ ॥ ৬৬
অন্যাংশ্চ শতশো বাণান্ প্রেষয়ামাস পার্ষতে।
দুর্য্যোধনহিতার্থায় ভর্তৃপিণ্ডমনুস্মরন্ ॥ ৬৭
অথান্যদ্ ধনুরাদায় পার্ষতঃ পরবীরহা।
দ্রোণং বিব্যাধ বিংশত্যা রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥ ৬৮

সেই দুই মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন এবং ভীমসেন অভিমন্যু প্রভৃতি বীরগণকে সহায়তার জন্য আসিতে দেখিয়া হর্ষ ও উৎসাহে পূর্ণ হইয়া পড়িলেন এবং আপনার সৈন্যদিগকে বিনাশ করিতে লাগিলেন ॥ ৬৩

ভারত! পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্ন ধনুর্বেদে কুশল ও সমস্ত বিদ্যায় পারদর্শী বিদ্বান্ নিজ গুরু দ্রোণাচার্য্যকে সহসা সেখানে আসিতে দেখিয়া আপনার পুত্রদিগের বধের ইচ্ছা ত্যাগ করিলেন ॥ ৬৪

তারপর ভীমসেনকে কেকয়রাজ-কুমারের রথে আরোহণ করাইয়া দিয়া অতিশয় ক্রুদ্ধ ধৃষ্টদ্যুম্ন অস্ত্রবিদ্যায় পারগামী বিদ্বান্ দ্রোণাচার্য্যের দিকে ধাবিত হইলেন ॥ ৬৫

তখন শত্রুবিনাশক প্রতাপশালী দ্রোণাচার্য্য কুপিত হইয়া স্বীয় অভিমুখে আগত ধৃষ্টদ্যুম্নের ধনু অতিসত্বর একবাণে ছিন্ন করিলেন ॥ ৬৬

তাহার পর দুর্য্যোধনের হিতের জন্য ভরণপোষণকারী তাঁহার প্রদত্ত অন্নের বিষয় স্মরণ করিতে করিতে তিনি ধৃষ্টদ্যুম্নের উপর আরও অন্যবিধ শত শত বাণ নিক্ষেপ করিলেন ॥ ৬৭

অনন্তর শত্রুবীরনাশী ধৃষ্টদ্যুম্ন অন্য ধনু গ্রহণ করত প্রস্তরে ঘর্ষণ করিয়া তীক্ষ্ণ ধারালকৃত ও স্বর্ণনির্ম্মিত পঙ্খভূষিত বিশটি বাণে দ্রোণাচার্য্যকে বিদ্ধ করিলেন ॥ ৬৮

তস্য দ্রোণঃ পুনশ্চাপং চিচ্ছেদামিত্রকর্ষণঃ।
হয়াংশ্চ চতুরস্তূর্ণং চতুর্ভিঃ সায়কোত্তমৈঃ ॥ ৬৯
বৈবস্বতক্ষয়ং ঘোরং প্রেষয়ামাস ভারত।
সারথিং চাস্য ভল্লেন প্রেষয়ামাস মৃত্যবে ॥ ৭০
হতাশ্বাৎ স রথাৎ তূর্ণমবপ্লুত্য মহারথঃ।
আরুরোহ মহাবাহুরভিমন্যোর্মহারথম্ ॥ ৭১
ততঃ সরথনাগাশ্বা সমকম্পত বাহিনী।
পশ্যতো ভীমসেনস্য পার্ষতস্য চ পশ্যতঃ ॥ ৭২
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা দ্রোণেনামিততেজসা।
নাশক্নুবন্ বারয়িতুং সমস্তাত্তে মহারথাঃ ॥ ৭৩
বধ্যমানং তু তৎ সৈন্যং দ্রোণেন নিশিতৈঃ শরৈঃ।
ব্যভ্রমৎ তত্র তত্রৈব ক্ষোভ্যমাণ ইবার্ণবঃ ॥ ৭৪
তথা দৃষ্ট্বা চ তৎ সৈন্যং জহৃষে তাবকং বলম্।
দৃষ্ট্বাচার্য্যং সুসংক্রুদ্ধং পতন্তং রিপুবাহিনীম্।
চুক্রুশুঃ সর্বতো যোধাঃ সাধু সাধ্বিতি ভারত ॥৭৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সঙ্কুলযুদ্ধে দ্রোণপরাক্রমে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭০

তখন শত্রুসূদন দ্রোণাচার্য্য পুনরায় ধৃষ্টদ্যুম্নের ধনু ছিন্ন করিয়া দিলেন এবং চারিটি উত্তম বাণে তাঁহার চার অশ্বকে দ্রুত ভয়ানক যমগৃহে পাঠাইলেন। ভারত! তারপর অন্য একটি ভল্লের দ্বারা তাঁহার সারথিকেও মৃত্যুরূপে প্রেরণ করিলেন ॥ ৬৯-৭০

অশ্ব ও সারথি নিহত হইলে মহারথী মহাবাহু ধৃষ্টদ্যুম্ন সত্বর সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং অভিমন্যুর বিশাল রথে আরোহণ করিলেন ॥ ৭১

তদনন্তর ভীমসেন ও ধৃষ্টদ্যুম্নের দৃষ্টিগোচরেই রথ, অশ্ব ও অশ্বারোহী সহ সমস্ত পাণ্ডব সৈন্যগণ কাঁপিতে লাগিল ॥ ৭২

অমিততেজস্বী আচার্য্য দ্রোণকর্তৃক স্বীয় সৈন্যের ব্যূহ ভঙ্গ হইতে দেখিয়া সেই সব মহারথী বীরবৃন্দ বহু চেষ্টা করিয়াও তাহাদিগকে নিবারণ করিতে পারিলেন না ॥ ৭৩

দ্রোণাচার্য্যের তীক্ষ্ণবাণসমূহে পীড়িত হইয়া সেই বিশাল সৈন্যবাহিনী বিক্ষুব্ধ মহাসাগরের ন্যায় চারিদিকে ভ্রমণ করিতে লাগিল ॥ ৭৪

দ্রোণাচার্য্যকে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শত্রুসৈন্যের উপর আক্রমণ করিতে এবং পাণ্ডব-সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া আপনার সৈন্যদের অতিশয় আনন্দ হইল। ভারত! তখন আপনার সকল সৈন্য চারিদিক্ হইতে দ্রোণাচার্য্যকে সাধুবাদ প্রদান করিতে লাগিল ॥ ৭৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তুমুলযুদ্ধে দ্রোণাচার্য্যের পরাক্রমবিষয়ক সপ্তসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[উভয়পক্ষয়োঃ সৈন্যানাং তুমুলং যুদ্ধম্।]

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা মোহাৎ প্রত্যাগতস্তদা।
শরবর্ষৈঃ পুনর্ভীমং প্রত্যবারয়দচ্যুতম্ ॥ ১
একীভূতাস্ততশ্চৈব তব পুত্রা মহারথাঃ।
সমেত্য সমরে ভীমং যোধয়ামাসুরুদ্যতাঃ ॥ ২
ভীমসেনোঽপি সমরে সম্প্রাপ্য স্বরথং পুনঃ।
সমারুহ্য মহাবাহুর্যযৌ যেন তবাত্মজঃ ॥ ৩

অষ্টসপ্ততিতম অধ্যায়।

[উভয়পক্ষের সৈন্যের মধ্যে তুমুল যুদ্ধ।]

সঞ্জয় কহিলেন,—মহারাজ! তদনন্তর (মোহনাস্ত্রজনিত) মোহ হইতে মুক্ত হইয়া রাজা দুর্য্যোধন স্বপরাক্রম হইতে অবিচ্যুত ভীমসেনকে পুনরায় বহু বাণবর্ষণে প্রতিরোধ করিয়া ফেলিলেন ॥ ১

তারপর আপনার সকল মহারথী পুত্রগণ সমরাঙ্গণে একত্রিত হইয়া উত্তম সহকারে ভীমসেনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২

মহাবাহু ভীমসেনও যুদ্ধস্থলে পুনরায় স্বীয় রথে আরোহণ করিয়া সেই পথে গমন করিলেন, যে পথে আপনার পুত্র দুর্য্যোধন গমন করিয়াছিলেন ॥ ৩

প্রগৃহ্য চ মহাবেগং পরান্তকরণং দৃঢ়ম্।
সজ্যং শরাসনং সংখ্যে শরৈর্বিব্যাধ তে সুতম্ ॥ ৪
ততো দুর্য্যোধনো রাজা ভীমসেনং মহাবলম্।
নারাচেন সুতীক্ষ্ণেন ভৃশং মর্মণ্যতাড়য়ৎ ॥ ৫
সোঽতিবিদ্ধো মহেষ্বাসস্তব পুত্রেণ ধন্বনা।
ক্রোধসংরক্তনয়নো বেগেনাক্ষিপ্য কার্মুকম্ ॥ ৬
দুর্য্যোধনং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ।
স তত্র শুশুভে রাজা শিখরৈর্গিরিরাড়িব ॥ ৭
তৌ দৃষ্ট্বা সমরে ক্রুদ্ধৌ বিনিঘ্নন্তৌ পরস্পরম্।
দুর্য্যোধনানুজাঃ সর্বে শূরাঃ সন্ত্যক্তজীবিতাঃ ॥ ৮
সংস্মৃত্য মন্ত্রিতং পূর্বং নিগ্রহে ভীমকর্মণঃ।
নিশ্চয়ং পরমং কৃত্বা নিগ্রহীতুং প্রচক্রমুঃ ॥ ৯
তানাপতত এবাজৌ ভীমসেনো মহাবলঃ।
প্রত্যুদ্যযৌ মহারাজ গজঃ প্রতিগজানিব ॥ ১০
ভৃশং ক্রুদ্ধশ্চ তেজস্বী নারাচেন সমার্পয়ৎ।
চিত্রসেনং মহারাজ তব পুত্রং মহাযশাঃ ॥ ১১
তথেতরাংস্তব সুতাংস্তাড়য়ামাস ভারত।
শরৈর্বহুবিধৈঃ সংখ্যে রুক্মপুঙ্খৈঃ সুতেজনৈঃ ॥ ১২
ততঃ সংস্থাপ্য সমরে তান্যনীকানি সর্বশঃ।
অভিমন্যুপ্রভৃতয়স্তে দ্বাদশ মহারথাঃ ॥ ১৩
প্রেষিতা ধর্মরাজেন ভীমসেনপদানুগাঃ।
প্রতিজগ্মুর্মহারাজ তব পুত্রান্ মহাবলান্ ॥ ১৪
দৃষ্ট্বা রথস্থাংস্তান্ শূরান্ সূর্য্যাগ্নিসমতেজসঃ।
সর্বানেব মহেষ্বাসান্ ভ্রাজমানান্ শ্রিয়া বৃতান্ ॥ ১৫
মহাহবে দীপ্যমানান্ সুবর্ণমুকুটোজ্জ্বলান্।
তত্যজুঃ সমরে ভীমং তব পুত্রা মহাবলাঃ ॥১৬
তান্ নামৃষ্যত কৌন্তেয়ো জীবমানা গতা ইতি।
অন্বীয় চ পুনঃ সর্বাংস্তব পুত্রানপীড়য়ৎ ॥ ১৭
অথাভিমন্যুং সমরে ভীমসেনেন সঙ্গতম্।
পার্ষতেন চ সম্প্রেক্ষ্য তব সৈন্যে মহারথাঃ ॥ ১৮

তিনি যুদ্ধস্থলে প্রাণান্তকর মহাবেগশালী সুদৃঢ় ধনু লইয়া তাহাতে গুণারোপণ করিলেন এবং প্রভূত বাণ নিক্ষেপ করিয়া আপনার পুত্রকে বিদ্ধ করিলেন ॥ ৪

তখন রাজা দুর্য্যোধন মহাবল ভীমসেনের মর্ম্মস্থলে অত্যন্ত তীক্ষ্ণ একটি নারাচে গভীরভাবে আঘাত করিলেন ॥ ৫

আপনার ধনুর্দ্ধর পুত্র কর্ত্তৃক সুনিক্ষিপ্ত বাণে অত্যন্ত পীড়িত হইয়া মহাধনুর্দ্ধর ভীমসেন ক্রোধে চক্ষু রক্তবর্ণ করত বেগের সহিত ধনু আকর্ষণ করিলেন এবং তিনটি বাণে দুর্য্যোধনের দুই বাহু ও বক্ষঃস্থলে আঘাত করিলেন। এই তিনটি বাণদ্বারা রাজা দুর্য্যোধন তিনটি শিখরবিশিষ্ট পর্ব্বতরাজের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৬-৭

ক্রুদ্ধ এই দুই বীরকে সমরাঙ্গণে পরস্পরের উপর প্রহার করিতে দেখিয়া দুর্য্যোধনের সকল বীর কনিষ্ঠ ভ্রাতৃবৃন্দ প্রাণের মায়া ত্যাগ করত ভয়ঙ্কর কর্ম্মকারী ভীমসেনকে জীবিত অবস্থায় বন্দী করিবার বিষয়ে পূর্ব্ব পরামর্শ স্মরণ করিয়া এক দৃঢ়নিশ্চয় পূর্ব্বক তাঁহাকে বন্দী করিতে উদ্যোগী হইলেন ॥ ৮-৯

মহারাজ! তিনি যুদ্ধে আক্রমণ করিতে দেখিয়া যেরূপ কোন হস্তী স্বীয় বিপক্ষভূত হস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ মহাবল ভীমসেন তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥ ১০

নরেশ্বর! মহাযশস্বী এবং তেজস্বী ভীমসেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তখন আপনার পুত্র চিত্রসেনের উপর একটি নারাচ প্রহার করিলেন ॥ ১১

ভারত! এইরূপ রণভূমিতে স্বর্ণময় পক্ষযুক্ত অতিশয় তীক্ষ্ণ বহু সংখ্যক বাণের দ্বারা আপনার অন্য পুত্রদিগকেও তাড়িত করিতে লাগিলেন ॥ ১২

মহারাজ! তাহার পর স্বীয় সৈন্যগণকে সর্ব্বপ্রকারে সমরভূমিতে স্থাপিত করিয়া ভীমসেনের পদাঙ্ক অনুসরণ পূর্ব্বক গমনরত সেই অভিমন্যু প্রভৃতি বার জন মহারথী, যাঁহাদিগকে ধর্ম্মরাজ যুধিষ্ঠির পাঠাইয়াছিলেন, তাঁহারা আপনার মহাবল পুত্রগণের উপর ধাবিত হইলেন ॥ ১৩-১৪

ইঁহারা সকলেই রথের উপর উপবিষ্ট, শৌর্য্যশালী বীর, সূর্য্য ও অগ্নিতুল্য তেজস্বী, মহাধনুর্দ্ধর, উত্তম শোভায় প্রকাশমান, সুবর্ণময় মুকুটে সমুজ্জ্বল এবং দেদীপ্যমান ছিলেন। এই মহাসমরে ইঁহাদিগকে আসিতে দেখিয়া আপনার মহাবল পুত্রগণ ভীমসেনকে ত্যাগ করিয়া যাইলেন ॥ ১৫-১৬

কিন্তু তাঁহারা জীবিত অবস্থায় চলিয়া যাইলেন, ইহা ভীমসেন সহ্য করিতে পারিলেন না। তিনি তখন পুনরায় আপনার পুত্রদিগের পশ্চাদ্ধাবন করিয়া তাঁহাদিগকে স্বীয় বাণে পীড়িত করিতে লাগিলেন ॥ ১৭

এদিকে সেই সমরাঙ্গণে অভিমন্যুকে ভীমসেন ও ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইতে দেখিয়া সৈন্যমধ্যে আপনার দুর্য্যোধনাদি

দুর্য্যোধনপ্রভৃতয়: প্রগৃহীতশরাসনা:।
ভৃশমশ্বৈ: প্রজবিতৈ: প্রযযুর্যত্র তে রথা: ॥ ১৯
অপরাহ্ণে মহারাজ প্রাবর্ত্তত মহারণ:।
তাবকানাঞ্চ বলিনাং পরেষাঞ্চৈব ভারত ॥ ২০
অভিমন্যুর্বিকর্ণস্য হয়ান্ হত্বা মহাহবে।
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥ ২১
হতাশ্বং রথমুৎসৃজ্য বিকর্ণস্তু মহারথ:।
আরুরোহ রথং রাজংশ্চিত্রসেনস্য ভারত ॥ ২২
স্থিতাবেকরথে তৌ তু ভ্রাতরৌ কুলবর্ধনৌ।
আর্জুনি: শরজালেন চ্ছাদয়ামাস ভারত ॥ ২৩
চিত্রসেনো বিকর্ণশ্চ কার্ষ্ণিং পঞ্চভিরায়সৈ:।
বিব্যাধ তেন চাকম্পৎ কার্ষ্ণির্মেরুরিব স্থিত: ॥ ২৪
দু:শাসনস্তু সমরে কেকয়ান্ পঞ্চ মারিষ।
যোধয়ামাস রাজেন্দ্র তদদ্ভুতমিবাভবৎ ॥২৫

দ্রৌপদেয়া রণে ক্রুদ্ধা দুর্য্যোধনমবারয়ন্।
শরৈরাশীবিষাকারৈ: পুত্রং তব বিশাম্পতে ॥ ২৬
পুত্রোঽপি তব দুর্ধর্ষো দ্রৌপদ্যাস্তনয়ান্ রণে।
সায়কৈর্নিশিতৈ রাজন্নাজঘান পৃথক্ পৃথক্ ॥ ২৭
তৈশ্চাপি বিদ্ধ: শুশুভে রুধিরেণ সমুক্ষিত:।
গিরি: প্রস্রবণৈর্যদ্বদ্ গৈরিকাদিবিমিশ্রিতৈ: ॥ ২৮
ভীষ্মোঽপি সমরে রাজন্ পাণ্ডবানামনীকিনীম্।
কালয়ামাস বলবান্ পাল: পশুগণানিব ॥ ২৯
ততো গাণ্ডীবনির্ঘোষ: প্রাদুরাসীদ্ বিশাম্পতে।
দক্ষিণেন বরূথিন্যা: পার্থস্যারীন্ বিনিঘ্নত: ॥ ৩০
উত্তস্থু: সমরে তত্র কবন্ধানি সমন্তত:।
কুরূণাঞ্চৈব সৈন্যেষু পাণ্ডবানাঞ্চ ভারত ॥ ৩১
শোণিতোদং শরাবর্ত্তং গজদ্বীপং হয়োর্মিণম্।
রথনৌভির্নরব্যাঘ্রা: প্রতেরু: সৈন্যসাগরম্ ॥ ৩২

মহারথী পুত্রগণ হাতে ধনু ধারণপূর্ব্বক অত্যন্ত বেগশালী অশ্বসমূহে সেখানে যাইয়া উপস্থিত হইলেন, যেস্থানে সেই পাণ্ডবপক্ষের বার জন মহারথী বীর বিদ্যমান ছিলেন ॥ ১৮-১৯

মহারাজ! ভরতনন্দন! তখন অপরাহ্ণকালে আপনার ও পাণ্ডবপক্ষের অত্যন্ত বলবান্ যোদ্ধাদিগের মধ্যে মহাসংগ্রাম আরম্ভ হইল ॥ ২০

অভিমন্যু সেই মহাযুদ্ধে বিকর্ণের অশ্বগণকে নিহত করিয়া স্বয়ং বিকর্ণকেও পঁচিশ বাণে আহত করিয়া ফেলিলেন ॥ ২১

রাজন্! ভরতবংশধর! অশ্ব নিহত হইলে মহারথী বিকর্ণ নিজ রথ ত্যাগ করিয়া চিত্রসেনের রথে যাইয়া আরোহণ করিলেন ॥ ২২

হে ভারত! অর্জুননন্দন অভিমন্যু তখন একরথে উপবিষ্ট সেই দুই বংশবর্দ্ধক ভ্রাতাকে স্বীয় বাণজালে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২৩

চিত্রসেন এবং বিকর্ণও লৌহনির্ম্মিত পাঁচটি বাণে অভিমন্যুকে বিদ্ধ করিলেন। কিন্তু সেই আঘাতে অর্জুননন্দন অভিমন্যু বিচলিত হইলেন না, বরং মেরুপর্ব্বতের ন্যায় অবিচলভাবে অবস্থান করিতে লাগিলেন ॥ ২৪

আর্য্য! রাজেন্দ্র! দু:শাসন একাকীই সমরভূমিতে পঞ্চ কেকয়রাজকুমারের সহিত যুদ্ধ করিতেছিলেন। ইহা এক তখন যেন অদ্ভুত বলিয়া মনে হইতেছিল ॥ ২৫

প্রজানাথ! যুদ্ধে কুপিত দ্রৌপদীর পঞ্চ পুত্র বিষধর সর্পতুল্য আকারবিশিষ্ট ভয়ঙ্কর বাণদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের অগ্রগতি রুদ্ধ করিয়া দিলেন ॥ ২৬

রাজন্! তখন আপনার দুর্দ্ধর্ষ পুত্র দুর্য্যোধনও তীক্ষ্ণ বাণসমূহে রণাঙ্গনে দ্রৌপদীর পঞ্চ (প্রতিবিন্ধ্য, শ্রুতসোম, শ্রুতকীর্ত্তি শতানীক ও শ্রুতসেন) পুত্রের উপর পৃথক্ পৃথক্ ভাবে প্রহার করিলেন ॥ ২৭

আবার তাঁহাদের দ্বারাও অত্যন্ত আহত হইয়া আপনার পুত্র দুর্য্যোধন রক্তে পরিপ্লুত হইয়া যাইলেন এবং গেরুয়া প্রভৃতি ধাতুসমূহ মিশ্রিত ঝরণার জলযুক্ত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৮

রাজন্! তদনন্তর বলবান্ ভীষ্মও সংগ্রামস্থলে পাণ্ডবসৈন্যদিগকে সেইভাবে বিতাড়িত করিতে লাগিলেন, যেভাবে পশুপালক পশুগণকে সঙ্ঘবদ্ধ করিয়া লইয়া যায় ॥ ২৯

প্রজনাথ! তদনন্তর শত্রুসংহারে নিরত অর্জুনের গাণ্ডীব ধনুর টঙ্কার ধ্বনিও সৈন্যবাহিনীর দক্ষিণভাগ হইতে উত্থিত হইল ॥ ৩০

ভারত! সেখানে সমরাঙ্গণে কৌরব ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে চারিদিকে কবন্ধসমূহ (মুণ্ডহীন শবদেহসমূহ) উঠিতে লাগিল ॥ ৩১

সেখানে সৈন্যবাহিনী একটি সমুদ্রের ন্যায় ছিল। রক্ত তাহার জল, বাণ আবর্ত্ত, হাতী দ্বীপ এবং অশ্ব তরঙ্গের তুল্য

ছিন্নহস্তা বিকবচা বিদেহাশ্চ নরোত্তমাঃ।
দৃশ্যন্তে পতিতাস্তত্র শতশোঽথ সহস্রশঃ॥ ৩৩
নিহতৈর্মত্তমাতঙ্গৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ পর্বতৈরাচিতা যথা॥ ৩৪
তত্রাদ্ভুতমপশ্যাম তব তেষাঞ্চ ভারত।
ন তত্রাসীৎ পুমান্ কশ্চিদ্ যোযুদ্ধং নাভিকাঙ্ক্ষতি॥৩৫
এবং যুযুধিরে বীরাঃ প্রার্থয়ানা মহদ্ যশঃ।
তাবকাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধমাকাঙ্ক্ষন্তো জয়ং যুধি॥ ৩৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সঙ্কুলযুদ্ধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৮

ছিল। রথরূপ নৌকাদ্বারা নরশ্রেষ্ঠ বীরগণ সেই সৈন্যসাগর পার হইয়া যাইতেছিলেন॥ ৩২

সেখানে শত শত সহস্র সহস্র নরশ্রেষ্ঠ বীরকে ভূতলে পড়িয়া থাকিতে দেখা গিয়াছিল। তাহাদের মধ্যে বহু সৈন্যের হস্ত ছিন্ন হইয়াছিল, কাহারা আবার কবচহীন হইয়া পড়িয়াছিল এবং বহু সৈন্যের শরীর ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল॥ ৩৩

ভরতশ্রেষ্ঠ! নিহত হইয়া পতিত মদমত্ত বহু হাতী রক্তে পরিপ্লুত হইয়াছিল। তাহাদের দ্বারা আবৃত রণভূমি পর্ব্বতব্যাপ্ত বলিয়া মনে হইতেছিল॥ ৩৪

ভারত! আমরা সেখানে আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে অদ্ভুত উৎসাহ দেখিয়াছি। তথায় এরূপ কোন পুরুষ ছিলেন না, যিনি যুদ্ধের আকাঙ্ক্ষা করেন নাই॥ ৩৫

এইরূপ মহাযশের প্রার্থী ও যুদ্ধে বিজয়াকাঙ্ক্ষী আপনার বীর সৈন্যগণ পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতেছিলেন॥ ৩৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তুমুলযুদ্ধবিষয়ক অষ্টসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনাশীতিতমোঽধ্যায়ঃ।

[ভীমসেনেন দুর্য্যোধনস্য পরাজয়ঃ, অভিমন্যুনা দ্রৌপদ্যাঃ পুত্রৈশ্চ সহ ধৃতরাষ্ট্রপুত্রাণাং যুদ্ধম্, ষষ্ঠদিবসযুদ্ধ-সমাপ্তিশ্চ]

সঞ্জয় উবাচ।
ততো দুর্য্যোধনো রাজা লোহিতায়তি ভাস্করে
সংগ্রামরভসো ভীমং হন্তুকামোঽভ্যধাবত॥ ১
তমায়ান্তমভিপ্রেক্ষ্য নৃবীরং দৃঢ়বৈরিণম্।
ভীমসেনঃ সুসংক্রুদ্ধ ইদং বচনমব্রবীৎ॥ ২
অয়ং স কালঃ সম্প্রাপ্তো বর্ষপূগাভিবাঞ্ছিতঃ।
অদ্য ত্বাং নিহনিষ্যামি যদি নোৎসৃজসে রণম্॥ ৩
অদ্য কুন্ত্যাঃ পরিক্লেশং বনবাসঞ্চ কৃৎস্নশঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশং প্রণেষ্যামি হতে ত্বয়ি॥ ৪
যৎ পুরা মৎসরী ভূত্বা পাণ্ডবানবমন্যসে।
তস্য পাপস্য গান্ধারে পশ্য ব্যসনমাগতম্॥ ৫

একোনাশীতিতম অধ্যায়।

[ভীমসেনকর্তৃক দুর্য্যোধনের পরাজয়, অভিমন্যু ও দ্রৌপদীর পুত্রগণের সহিত ধৃতরাষ্ট্রপুত্রদিগের যুদ্ধ এবং ষষ্ঠদিবসের যুদ্ধ-সমাপ্তি।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তারপর যখন সূর্য্যদেব রক্তবর্ণ হইয়া উঠিলেন, তখন যুদ্ধের জন্য উৎসাহী রাজা দুর্য্যোধন ভীমসেনকে বধ করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইলেন॥ ১

স্বীয় দৃঢ়শত্রু দুর্য্যোধনকে আসিতে দেখিয়া ভীমসেন অতিশয় ক্রুদ্ধ হইয়া তাঁহাকে এই কথা বলিলেন॥ ২

দুর্য্যোধন! আমি বহু বৎসর ধরিয়া যাহার অভিলাষ ও প্রতীক্ষা করিতেছি, সেই অবসর এখন পাইয়াছি। যদি তুমি যুদ্ধ পরিত্যাগ করিয়া পলাইয়া না যাও, তবে আজই তোমাকে অবশ্যই বিনাশ করিব॥ ৩

মাতা কুন্তীদেবীকে যে ক্লেশ সহ্য করিতে হইয়াছে; আমরা বনবাসে যে কষ্টভোগ করিয়াছি এবং সভামধ্যে দ্রৌপদীকে যে দুঃখ সহিতে হইয়াছে, তৎসমস্তেরই প্রতিশোধ আজ তোমাকে বধ করিয়া গ্রহণ করিব॥ ৪

গান্ধারীপুত্র! পূর্ব্বে মাৎসর্য্যবশতঃ তুমি যে পাণ্ডবদিগকে অবমাননা করিয়াছ, সেই পাপেরই ফলস্বরূপ এই সঙ্কট আজ তোমার উপর আসিয়া পড়িয়াছে,—তুমি ইহা অবলোকন কর॥৫

কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ যৎ পুরা।
অচিন্ত্য পাণ্ডবান্ কামাদ্ যথেষ্টং কৃতবানসি ॥ ৬
যাচমানঞ্চ যন্মোহাদ্ দাশার্হমবমন্যসে।
উলূকস্য সমাদেশং যদ্ দদাসি চ হৃষ্টবৎ ॥ ৭
তেন ত্বাং নিহনিষ্যামি সানুবন্ধং সবান্ধবম্।
সমীকরিষ্যে তৎ পাপং যৎ পুরা কৃতবানসি ॥৮
এবমুক্ত্বা ধনুর্ঘোরং বিকৃষ্যোদ্‌ভ্রাম্য চাসকৃৎ।
সমাধত্ত শরান্ ঘোরান্ মহাশনিসমপ্রভান্ ॥ ৯
ষড়্‌বিংশতিমথ ক্রুদ্ধো মুমোচাশু সুযোধনে।
জ্বলিতাগ্নিশিখাকারান্ বজ্রকল্পানজিহ্মগান্ ॥ ১০
ততোঽস্য কার্মুকং দ্বাভ্যাং সূতং দ্বাভ্যাঞ্চ বিব্যধে।
চতুর্ভিরশ্বান্ জবনাননয়দ্ যমসাদনম্ ॥ ১১
দ্বাভ্যাঞ্চ সুবিকৃষ্টাভ্যাং শরাভ্যামরিমর্দনঃ।
ছত্রং চিচ্ছেদ সমরে রাজ্ঞস্তস্য নরোত্তম ॥ ১২
ষড়্‌ভিশ্চ তস্য চিচ্ছেদ জ্বলন্তং ধ্বজমুত্তমম্।
ছিত্ত্বা তঞ্চ ননাদোচ্চৈস্তব পুত্রস্য পশ্যতঃ ॥ ১৩
রথাচ্চ স ধ্বজঃ শ্রীমান্ নানারত্নবিভূষিতাৎ।
পপাত সহসা ভূমৌ বিদ্যুজ্জলধরাদিব ॥১৪
জ্বলন্তং সূর্য্যসঙ্কাশং নাগং মণিময়ং শুভম্।
ধ্বজং কুরুপতেশ্ছিন্নং দদৃশুঃ সর্বপার্থিবাঃ ॥ ১৫
অথৈনং দশভির্বাণৈস্তোত্রৈরিব মহাদ্বিপম্।
আজঘান রণে বীরং স্ময়ন্নিব মহারথঃ ॥ ১৬
ততঃ স রাজা সিন্ধূনাং রথশ্রেষ্ঠো মহারথঃ।
দুর্য্যোধনস্য জগ্রাহ পার্ষ্ণিং সৎপুরুষৈর্বৃতঃ ॥ ১৭
কৃপশ্চ রথিনাং শ্রেষ্ঠঃ কৌরব্যমমিতৌজসম্।
আরোপয়দ্ রথং রাজন্ দুর্য্যোধনমমর্ষণম্ ॥ ১৮

পূর্ব্বে কর্ণ ও শকুনির মতকে অবলম্বন করিয়া পাণ্ডবগণকে কোনরূপে গণ্য না করত তুমি নিজের ইচ্ছামত যেরূপ ব্যবহার করিয়াছ; ভগবান্ শ্রীকৃষ্ণ সন্ধিস্থাপনের জন্য প্রার্থনা করিতে আসিয়াছিলেন, কিন্তু তুমি মোহবশতঃ তাঁহাকেও তিরস্কার করিয়াছ এবং তুমি অতিশয় হর্ষের সহিত উলূকের দ্বারা যে সংবাদ পাঠাইয়াছিলে, তুমি আমাকে ও আমার সকল ভ্রাতাকে বধ করিয়া সেই প্রতিজ্ঞা পূর্ণ কর, আমি তদনুসারে তোমাকে ভ্রাতৃবৃন্দ, বন্ধুবান্ধব এবং অনুচরবর্গের সহিত অবশ্যই বধ করিব। পূর্ব্বে তুমি যে সকল পাপ করিয়াছ, তৎসমস্তই প্রতিশোধ লইয়া সমান করিয়া দিব ॥ ৬-৮

এই কথা বলিয়া ভীমসেন নিজ ভয়ঙ্কর ধনুটিকে বারংবার ঘুরাইয়া উহাকে বলপূর্ব্বক আকর্ষণ করত বজ্রতুল্য তেজস্বী ভয়ঙ্কর বাণসমূহ তাহার উপর স্থাপন করিলেন ॥ ৯

সেই সরলগামী বাণগুলিকে বজ্র ও প্রজ্বলিত অগ্নির শিখাতুল্য বলিয়া মনে হইতে লাগিল। ইহাদের সংখ্যা ছিল ছাব্বিশ। ক্রুদ্ধ ভীমসেন অতিক্রুত এই বাণগুলিকে দুর্য্যোধনের উপর নিক্ষেপ করিলেন ॥ ১০

তারপর ভীমসেন দুই বাণে দুর্য্যোধনের ধনু ছেদন করিলেন, দুই বাণে সারথিকে পীড়িত করিয়া ফেলিলেন এবং চার বাণে তাহার বেগবান্ অশ্বগুলিকে যমগৃহে পাঠাইয়া দিলেন ॥ ১১

হে নরোত্তম! শত্রুমর্দ্দন ভীমসেন পুনরায় ধনুকে উত্তমরূপে আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত দুইটি বাণে সমরাঙ্গণে রাজা দুর্য্যোধনের ছত্রটিকে কাটিয়া দিলেন ॥ ১২

তারপর তাঁহার স্বীয় প্রভায় উদ্‌ভাসিত উত্তম ধ্বজকে ছয় বাণে খণ্ডিত করিলেন। আপনার পুত্রের সাক্ষাতেই সেই ধ্বজকে ছেদন করিয়া ভীমসেন উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন ॥ ১৩

দুর্য্যোধনের নানা রত্নবিভূষিত রথ হইতে এই সৌন্দর্য্যশালী ধ্বজ সহসা ছিন্ন হইয়া ভূপতিত হইলে তখন মনে হইতে লাগিল যে, জলবহনকারী মেঘ হইতে ভূমিতে বিদ্যুৎ নিপতিত হইতেছে ॥ ১৪

সকল ভূপতিগণ কুরুরাজ দুর্য্যোধনের সেই সূর্য্যতুল্য প্রজ্বলিত ও নাগচিহ্নযুক্ত মণিময় সুন্দর ধ্বজকে ছিন্ন হইয়া ভূপতিত হইতে দেখিয়াছিলেন ॥ ১৫

তারপর মহারথী ভীমসেন ঈষৎ হাস্য করিতে করিতে রণাঙ্গনে বীরবর দুর্য্যোধনকে দশটি বাণে সেইরূপ আঘাত করিলেন, যেরূপ মাহুত অঙ্কুশদ্বারা গজরাজকে আঘাত করিয়া থাকে ॥ ১৬

তদনন্তর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ মহারথী সিন্ধুরাজ জয়দ্রথ কিছু সৎপুরুষে পরিবৃত হইয়া দুর্য্যোধনের পৃষ্ঠভাগ রক্ষা করিতে লাগিলেন ॥ ১৭

রাজন্! এইরূপ রথিগণের মধ্যে শ্রেষ্ঠ রথী কৃপাচার্য্য অমর্ষপূর্ণ অমিততেজস্বী কুরুবংশধর দুর্য্যোধনকে স্বীয় রথে আরোহণ করাইয়া লইলেন ॥ ১৮

স গাঢ়বিদ্ধো ব্যথিতো ভীমসেনেন সংযুগে।
নিষসাদ রথোপস্থে রাজন্ দুর্য্যোধনস্তদা ॥ ১৯
পরিবার্য্য ততো ভীমং জেতুকামো জয়দ্রথঃ।
রথৈরনেকসাহস্রৈর্ভীমস্তাবারয়দ্ দিশঃ ॥ ২০
ধৃষ্টকেতুস্ততো রাজন্নভিমন্যুশ্চ বীর্য্যবান্।
কেকয়া দ্রৌপদেয়াশ্চ তব পুত্রানযোধয়ন্ ॥ ২১
চিত্রসেনঃ সুচিত্রশ্চ চিত্রাঙ্গশ্চিত্রদর্শনঃ।
চারুচিত্রঃ সুচারুশ্চ তথা নন্দোপনন্দকৌ ॥ ২২
অষ্টাবেতে মহেষ্বাসাঃ সুকুমারা যশস্বিনঃ।
অভিমন্যুরথং রাজন সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥২৩
আজঘান ততস্তূর্ণমভিমন্যুর্মহামনাঃ।
একৈকং পঞ্চভির্বাণৈঃ শিতৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ২৪
বজ্রমৃত্যুপ্রতীকাশৈর্বিচিত্রায়ুধনিঃসৃতৈঃ।
অমৃষ্যমাণাস্তে সর্বে সৌভদ্রং রথসত্তমম ॥ ২৫

বররষুর্মার্গ নৈস্তীক্ষ্ণৈর্গিরিং মেরুমিবাম্বুদাঃ।
স পীড্যমানঃ সমরে কৃতাস্ত্রো যুদ্ধদুর্মদঃ ॥ ২৬
অভিমন্যুর্মহারাজ তাবকান্ সমকম্পয়ৎ।
যথা দেবাসুরে যুদ্ধে বজ্রপাণির্মহাসুরান্ ॥ ২৭
বিকর্ণস্য ততো ভল্লান্ প্রেষয়ামাস ভারত।
চতুর্দশরথশ্রেষ্ঠো ঘোরানাশীবিষোপমান্ ॥ ২৮
স তৈর্বিকর্ণস্য রথাৎ পাতয়ামাস বীর্য্যবান্।
ধ্বজং সূতং হয়াংশ্চৈব নৃত্যমান ইবাহবে ॥ ২৯
পুনশ্চান্যান্ শরান্ পীতানকুণ্ঠাগ্রান শিলাশিতান্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো বিকর্ণায় মহাবলঃ ॥ ৩০
তে বিকর্ণং সমাসাদ্য কঙ্কবর্হিণবাসসঃ।
ভিত্ত্বা দেহং গতা ভূমিং জ্বলন্ত ইব পন্নগাঃ ॥ ৩১
তে শরা হেমপুঙ্খাগ্রা ব্যদৃশ্যন্ত মহীতলে।
বিকর্ণরুধিরক্লিন্না বমন্ত ইব শোণিতম্ ॥ ৩২

নরেশ্বর! সেই সময় ভীমসেন যুদ্ধে দুর্য্যোধনকে গুরুতর বাণবিদ্ধ করত ব্যথিত করিয়া দিয়াছিলেন, সুতরাং তিনি রথের পশ্চাদ্‌ভাগে যাইয়া উপবেশন করিলেন। ১৯

তারপর জয়দ্রথ ভীমসেনকে জয় করিবার বাসনা লইয়া কয়েক হাজার রথের সহিত তাঁহাকে ঘিরিয়া ফেলিলেন এবং চারিদিক্ দিয়া তাঁহাকে অবরুদ্ধ করিলেন ॥ ২০

মহারাজ! এই সময় ধৃষ্টকেতু, পরাক্রমশালী অভিমন্যু, পঞ্চ কেকয়রাজকুমার এবং দ্রৌপদীর পঞ্চ পুত্র আপনার পুত্রগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২১

এই যুদ্ধে চিত্রসেন, সুচিত্র, চিত্রাঙ্গ, চিত্রদর্শন, চারুচিত্র, সুচারু, নন্দ ও উপনন্দ—এই আট জন যশস্বী, সুকুমার ও মহাধনুর্দ্ধর বীরগণ অভিমন্যুকে রথের চারিদিকে পরিবেষ্টিত করিলেন। ২২-২৩

তখন মহামনা অভিমন্যু অতিক্রত আনতপর্ব্বযুক্ত পাঁচটি করিয়া বাণদ্বারা প্রত্যেককে বিদ্ধ করিলেন। ২৪

এই সবগুলি বাণই বিচিত্র ধনুদ্বারা নিক্ষিপ্ত হইয়াছিল এবং সব বাণই বজ্র ও মৃত্যুসদৃশ ভয়ঙ্কর ছিল। এই সমস্ত বাণের আঘাত আপনার পুত্রগণ সহ্য করিতে পারিলেন না। তখন তাঁহারা মিলিত হইয়া রথিশ্রেষ্ঠ অভিমন্যুর উপর তীক্ষ্ণ বাণসমূহের বর্ষণ আরম্ভ করিলেন, তাহাতে মনে হইতে লাগিল—জলবর্ষী মেঘ মেরুপর্ব্বতে জলধারা বর্ষণ করিতেছে ॥

মহারাজ! অভিমন্যু অস্ত্রবিদ্যায় পারদর্শী ও যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রাম করিতেছিলেন। তিনি রণাঙ্গনে বাণসমূহে পীড়িত হইয়াও আপনার সৈন্যদিগের মধ্যে সেইরূপ কম্পন উৎপন্ন করিয়া ফেলিলেন, যেরূপ দেবাসুর-সংগ্রামে বজ্রধারী ইন্দ্র মহাসুরদিগকেও ভয়ে পীড়িত করিয়াছিলেন। ২৫-২৭

ভারত! তদনন্তর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ পরাক্রমশালী অভিমন্যু বিকর্ণের উপর সর্পতুল্য আকারবিশিষ্ট চৌদ্দটি ভয়ঙ্কর ভল্ল নিক্ষেপ করিলেন এবং তাহাদ্বারা বিকর্ণের রথ হইতে ধ্বজ, সারথি ও অশ্বগণকে নষ্ট করিয়া ভূপাতিত করিলেন। সেই সময় তিনি যেন যুদ্ধে নৃত্য করিতেছিলেন। ২৮-২৯

তারপর সেই মহাবলী বীর অত্যন্ত কুপিত হইয়া শিলাতে শান দিয়া ধারালকৃত অপ্রতিহতাগ্রভাগযুক্ত অন্য বহু পীতবর্ণের বাণ বিকর্ণের উপর নিক্ষেপ করিলেন। ৩০

এই বাণসমূহের পুচ্ছভাগে ময়ূরের পক্ষ সংযোজিত ছিল। ইহারা বিকর্ণের শরীর ভেদ করত মধ্যে প্রবেশ করিল এবং সেখান হইতেও নির্গত হইয়া প্রজ্বলিত সর্পসমূহের ন্যায় ভূতলে নিপতিত হইল। ৩১

এই বাণসমূহের পুচ্ছ ও অগ্রভাগ স্বর্ণময় ছিল। ইহারা বিকর্ণের রক্তে আর্দ্র হইয়া ভূতলে যেন রক্তবমন করিতেছিল বলিয়া দেখা যাইল। ৩২

বিকর্ণং বীক্ষ্য নির্ভিন্নং তস্মৈবান্যে সহোদরাঃ।
অভ্যদ্রবন্ত সমরে সৌভদ্রপ্রমুখান্ রথান্ ॥ ৩৩
অভিযাত্বা তথৈবান্যান্ রথাংস্তান্ সূর্য্যবর্চসঃ।
অবিধ্যন্ সমরেঽন্যোন্যং সংরম্ভাদ্ যুদ্ধদুর্মদাঃ ॥ ৩৪
দুর্মুখঃ শ্রুতকর্মাণং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজমেকেন চিচ্ছেদ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥ ৩৫
অশ্বান্ জাম্বূনদৈর্জালৈঃ প্রচ্ছন্নান্ বাতরংহসঃ।
জঘান ষড়্ভিরাসাদ্য সারথিং চাভ্যপাতয়ৎ ॥ ৩৬
স হতাশ্বে রথে তিষ্ঠন্ শ্রুতকর্মা মহারথঃ।
শক্তিং চিক্ষেপ সংক্রুদ্ধো মহোল্কাং জ্বলিতামিব ॥ ৩৭
সা দুর্মুখস্য বিমলং বর্ম ভিত্ত্বা যশস্বিনঃ।
বিদার্য্য প্রাবিশদ্ ভূমিং দীপ্যমানা স্বতেজসা ॥৩৮
তং দৃষ্ট্বা বিরথং তত্র সুতসোমো মহারথঃ।
পশ্যতাং সর্বসৈন্যানাং রথমারোপয়ৎ স্বকম্ ॥ ৩৯

শ্রুতকীর্তিস্তথা বীরো জয়ৎসেনং সুতং তব।
অভ্যয়াৎ সমরে রাজন্ হন্তুকামো যশস্বিনম্ ॥ ৪০
তস্য বিক্ষিপতশ্চাপং শ্রুতকীর্তের্মহাত্মনম্।
চিচ্ছেদ সমরে তূর্ণং জয়ৎসেনঃ সুতস্তব ॥ ৪১
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন প্রহসন্নিব ভারত।
তং দৃষ্ট্বা ছিন্নধন্বানং শতানীকঃ সহোদরম্ ॥ ৪২
অভ্যপদ্যত তেজস্বী সিংহবন্নিনদন্ মুহুঃ।
শতানীকস্তু সমরে দৃঢ়ং বিস্ফার্য্য কার্মুকম্ ॥৪৩
বিব্যাধ দশভিস্তূর্ণং জয়ৎসেনং শিলীমুখৈঃ।
ননাদ সুমহানাদং প্রভিন্ন ইব বারণঃ ॥ ৪৪
অথান্যেন সুতীক্ষ্ণেন সর্বাবরণভেদিনা।
শতানীকো জয়ৎসেনং বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥ ৪৫
তথা তস্মিন্ বর্তমানে দুষ্কর্ণো ভ্রাতুরন্তিকে।
চিচ্ছেদ সমরে চাপং নাকুলেঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥ ৪৬

বিকর্ণকে ক্ষত-বিক্ষত হইতে দেখিয়া তাঁহার অন্যান্য সহোদর ভ্রাতারা সমরাঙ্গণে সুভদ্রানন্দন অভিমন্যু প্রভৃতির উপর ধাবিত হইলেন ॥ ৩৩

তাঁহারা তখন উন্মত্ত হইয়া যুদ্ধ করিতে লাগিলেন। ইঁহারা অন্যান্য রথিগণের উপরও, যাঁহারা (অভিমন্যুসদৃশই) সূর্য্যতুল্য তেজস্বী ছিলেন, তাঁহাদের উপর আক্রমণ করিলেন এবং অতিশয় ক্রুদ্ধ হইয়া পরস্পর পরস্পরকে বাণদ্বারা বিদ্ধ করিতে থাকিলেন ॥ ৩৪

দুর্মুখ সাতটি শীঘ্রগামী বাণে শ্রুতকর্ম্মাকে বিদ্ধ করিয়া একটি বাণে তাঁহার ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন এবং অপর সাতটি বাণে তাঁহার সারথিকে আঘাত করিলেন ॥ ৩৫

ইঁহার অশ্বগুলি বায়ুতুল্য বেগগামী এবং স্বর্ণজালে ভূষিত ছিল। দুর্মুখ এই অশ্বগুলিকে ছয় বাণে নিহত করেন ও সারথিকেও রথ হইতে ভূপাতিত করেন ॥ ৩৬

মহারথী শ্রুতকর্ম্মা অশ্ব নিহত হইলেও সেই রথে অবস্থান করত অতিশয় ক্রুদ্ধ হইয়া দুর্মুখের উপর প্রজ্বলিত উল্কাতুল্য একটি শক্তি নিক্ষেপ করেন ॥ ৩৭

স্বীয় তেজে দেদীপ্যমানা এই শক্তি যশস্বী দুর্মুখের নির্মল কবচকে ভেদ করিয়া পৃথিবীকে বিদীর্ণা করত তাহার মধ্যে প্রবেশ করিল ॥ ৩৮

মহারথী সুতসোম স্ব-ভ্রাতা শ্রুতকর্ম্মাকে যুদ্ধে রথহীন হইতে দেখিয়া সমস্ত সৈন্যগণের সাক্ষাতেই নিজ রথে তুলিয়া লইলেন ॥৩৯

রাজন্! এইরূপ বীরবর শ্রুতকীর্ত্তি যুদ্ধস্থলে আপনার যশস্বী পুত্র জয়ৎসেনকে বধ করিবার ইচ্ছায় তাঁহার উপর আক্রমণ করিলেন ॥ ৪০

ভারত! শ্রুতকীর্ত্তি যখন অতিশয় বেগে স্বীয় বিশাল ধনুর গম্ভীর টঙ্কারধ্বনি করিতেছিলেন, সেই সময় রণাঙ্গনে আপনার পুত্র জয়ৎসেন হাসিতে হাসিতেই একটি তীক্ষ্ণ ক্ষুরপ্রবাণে অতি-দ্রুত তাঁহার ধনুটিকে ছিন্ন করিয়া ফেলিলেন ॥

স্বীয় ভ্রাতার ধনুটিকে ছিন্ন হইতে দেখিয়া তেজস্বী শতানীক বারংবার সিংহতুল্য গর্জন করিতে করিতে সেস্থানে আসিয়া উপস্থিত হইলেন ॥

শতানীক রণাঙ্গনে স্বীয় ধনু বলপূর্ব্বক আকর্ষণ করিয়া অতি সত্বর দশটি বাণে জয়ৎসেনকে বিদ্ধ করিলেন। তারপর তিনি মদবর্ষী গজরাজের ন্যায় অতি উচ্চৈঃস্বরে গর্জন করিতে লাগিলেন ॥ ৪১-৪৪

অনন্তর সমস্ত আবরণ ভেদ করিতে সমর্থ অপর একটি তীক্ষ্ণ বাণে শতানীক জয়ৎসেনের বক্ষঃস্থলে গুরুতররূপে বিদ্ধ করিলেন ॥ ৪৫

তাঁহাকে এইরূপ অবস্থায় পতিত দেখিয়া তাঁহার পার্শ্বে অবস্থিত ভ্রাতা দুষ্কর্ণ ক্রোধে ব্যাকুল হইয়া পড়িলেন। তিনি তখন সমরাঙ্গণে নকুলপুত্র শতানীকের ধনু ছেদন করিলেন ॥ ৪৬

অথান্যদ্ ধনুরাদায় ভারসাহমনুত্তমম্।
সমাদত্ত শরান্ ঘোরান্ শতানীকো মহাবলঃ ॥ ৪৭
তিষ্ঠ তিষ্ঠেতি চামন্ত্র্য দুষ্কর্ণং ভ্রাতুরগ্রতঃ।
মুমোচাস্মৈ শিতান্ বাণান্ জ্বলিতান্ পন্নগানিব ॥ ৪৮
ততোঽস্য ধনুরেকেন দ্বাভ্যাং সূতঞ্চ মারিষ।
চিচ্ছেদ সমরে তূর্ণং তঞ্চ বিব্যাধ সপ্তভিঃ ॥ ৪৯
অশ্বান্ মনোজবাংস্তস্য কর্বুরান্ বাতরংহসঃ।
জঘান নিশিতৈস্তূর্ণং সর্বান্ দ্বাদশভিঃ শরৈঃ ॥ ৫০
অথাপরেণ ভল্লেন সুযুক্তেনাশুপাতিনা।
দুষ্কর্ণং সুদৃঢ়ং ক্রুদ্ধো বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥ ৫১
স পপাত ততো ভূমৌ বজ্রাহত ইব দ্রুমঃ।
দুষ্কর্ণং ব্যথিতং দৃষ্ট্বা পঞ্চ রাজন্ মহারথাঃ ॥ ৫২
জিঘাংসন্তঃ শতানীকং সর্বতঃ পর্য্যবারয়ন্।
ছাদ্যমানং শরব্রাতৈঃ শতানীকং যশস্বিনম্ ॥ ৫৩

তারপর মহাবল শতানীক ভার সহ্য করিতে সমর্থ অপর একটি সর্ব্বোত্তম ধনু গ্রহণ করিয়া তাহাতে ভয়ঙ্কর বাণসমূহ যোজনা করিলেন ॥ ৪৭

তিনি ভ্রাতার সম্মুখেই দুষ্কর্ণকে "দাঁড়াও, দাঁড়াও" এই কথা বলিয়া তাঁহার উপর প্রজ্বলিত সর্পতুল্য তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিলেন ॥ ৪৮

আর্য্য! তারপর তিনি এক বাণে উঁহার ধনু ছেদন করিলেন, দুই বাণে সারথিকে ক্ষত-বিক্ষত করিয়া দিলেন এবং অপর সাত বাণে সেই সমরাঙ্গণে স্বয়ং দুষ্কর্ণকেও আহত করিলেন ॥ ৪৯

দুষ্কর্ণের অশ্বগুলি মন ও বায়ুতুল্য বেগগামী ছিল এবং কর্বুর-সদৃশ শুভ্রবর্ণ ছিল। শতানীক বারটি সেই সব অশ্বকে অতি সত্বর নিহত করিলেন ॥ ৫০

তারপর লক্ষ্যবস্তুকে শীঘ্র ভূপাতিত করিতে সমর্থ ভল্ল-নামক একটি বাণকে উত্তমরূপে প্রয়োগ করিয়া ক্রুদ্ধ শতানীক দুষ্কর্ণের হৃদয়ে গভীরভাবে আঘাত করিলেন ॥ ৫১

ইহাতে দুষ্কর্ণ বজ্রাহত বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন। রাজন্! দুষ্কর্ণকে আঘাতে পীড়িত হইতে দেখিয়া পঞ্চ মহারথী বীর শতানীককে বধ করিবার ইচ্ছায় তাঁহাকে চারিদিক্ দিয়া ঘিরিয়া ফেলিলেন ॥

তাঁহাদের বাণসমূহে শতানীককে আচ্ছাদিত হইতে দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমারগণ সেই পঞ্চ মহারথীর দিকে ধাবিত হইলেন ॥

অভ্যধাবন্ত সংক্রুদ্ধাঃ কেকয়াঃ পঞ্চ সোদরাঃ।
তানভ্যাপততঃ প্রেক্ষ্য তব পুত্রা মহারথাঃ ॥ ৫৪
প্রত্যুদ্যযুর্মহারাজ গজানিব মহাগজাঃ।
দুর্মুখো দুর্জয়শ্চৈব তথা দুর্মর্ষণো যুবা ॥ ৫৫
শত্রুঞ্জয়ঃ শত্রুসহঃ সর্বে ক্রুদ্ধা যশস্বিনঃ।
প্রত্যুদ্যাতা মহারাজ কেকয়ান্ ভ্রাতরঃ সমম্ ॥ ৫৬
রথৈর্নগরসঙ্কাশৈর্হয়ৈর্যুক্তৈর্মনোজবৈঃ।
নানাবর্ণবিচিত্রাভিঃ পতাকাভিরলঙ্কৃতৈঃ ॥ ৫৭
বরচাপধরা বীরা বিচিত্রকবচধ্বজাঃ।
বিবিশুস্তে পরং সৈন্যং সিংহা ইব বনাদ্ বনম্ ॥ ৫৮
তেষাং সুতুমুলং যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্।
অবর্ত্তত মহারৌদ্রং নিঘ্নতামিতরেতরম্ ॥ ৫৯
অন্যোন্যাগস্কৃতাং রাজন্ যমরাষ্ট্রবিবর্ধনম্।
মুহূর্তাস্তমিতে সূর্য্যে চক্রুর্যুদ্ধং সুদারুণম্ ॥ ৬০

মহারাজ! তাঁহাদিগকে আসিতে দেখিয়া আপনার মহারথী পুত্রগণ তাঁহাদের সম্মুখীন হইবার জন্য গজরাজগণের অপর গজরাজদিগের সহিত যুদ্ধ করিবার জন্য অগ্রসর হওয়ার ন্যায় অগ্রসর হইলেন ॥

নরেশ্বর! দুর্মুখ, দুর্জয়, যুবক বীর দুর্মর্ষণ, শত্রুঞ্জয় ও শত্রুসহ—এই সব যশস্বী বীরগণ ক্রুদ্ধ হইয়া পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমা-রবৃন্দের সহিত যুদ্ধ করিবার জন্য একত্রে সমবেতভাবে অগ্রসর হইতে লাগিলেন ॥ ৫১-৫৬

তাঁহাদের রথগুলি নগরসমূহের ন্যায় প্রতীত হইতে লাগিল। ইঁহাদের মধ্যে মনের ন্যায় বেগগামী অশ্ব যোজিত ছিল। নানা বর্ণের চিত্রযুক্ত পতাকাসমূহে এই রথগুলি অলঙ্কৃত ছিল। এইরূপ রথে আরোহণ করিয়া সুন্দর ধনু ধারণকরত বিচিত্র কবচ ও ধ্বজসমূহে সুশোভিত সেই বীরগণ শত্রুসৈন্যের মধ্যে সেইভাবে প্রবেশ করিলেন, যেভাবে সিংহগণ এক বন হইতে অন্য বনে প্রবেশ করিয়া থাকে ॥ ৫৭-৫৮

তারপর পরস্পর পরস্পরের উপর প্রহাররত সেই সব মহারথী বীরগণের মধ্যে মহাভয়ঙ্কর অতিশয় তুমুল যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধে রথ রথের সহিত এবং হস্তী হস্তীর সহিত মিলিত হইল ॥ ৫৯

রাজন্! পরস্পর পরস্পরের সহিত ক্রোধভরে প্রহাররত সেই মহারথী বীরগণের এই যুদ্ধ যমরাজ্যের বৃদ্ধিকর ছিল। সূর্য্যাস্ত হইবার মুহূর্ত্তকাল পর পর্য্যন্তও এই অতিশয় নিদারুণ যুদ্ধ চলিয়াছিল ॥ ৬০

রথিনঃ সাদিনশ্চাথ ব্যকীর্যন্ত সহস্রশঃ।
ততঃ শান্তনবঃ ক্রুদ্ধঃ শরৈঃ সন্নতপর্বভিঃ ॥ ৬১
নাশয়ামাস সেনাং তাং ভীষ্মস্তেষাং মহাত্মনাম্।
পঞ্চালানাঞ্চ সৈন্যানি শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥ ৬২
এবং ভিত্ত্বা মহেষ্বাসঃ পাণ্ডবানামনীকিনীম্।
কৃত্বাবহারং সৈন্যানাং যযৌ স্বশিবিরং নৃপ ॥ ৬৩
(নাশয়ামাসতুর্বীরৌ ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
কৌরবাণামনীকানি শরৈঃ সন্নতপর্বভিঃ ॥)

এই যুদ্ধে সহস্র সহস্র রথী ও অশ্বারোহী যোদ্ধা প্রাণহীন অবস্থায় চারিদিকে বিকীর্ণ হইয়া পড়িয়াছিল। তখন শান্তনুনন্দন ভীষ্ম কুপিত হইয়া আনতপর্বযুক্ত বাণসমূহ দ্বারা সেই মহাত্মা বীরগণের সৈন্যদিগকে বিনাশ করিতে লাগিলেন। এই যুদ্ধে তিনি পাঞ্চালদেশীয় বহু সৈন্যকেই যমলোকে প্রেরণ করিলেন ৬১-৬২

নরেশ্বর! মহাধনুর্দ্ধর ভীষ্ম এইভাবে পাণ্ডবসৈন্যদিগকে সংহার করিতে করিতে স্বীয় সৈন্যবাহিনীকে যুদ্ধ হইতে নিবৃত্ত করাইয়া নিজ শিবিরে গমন করিলেন। ৬৩

ধর্মরাজোঽপি সম্প্রেক্ষ্য ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
মূর্দ্ধ্নি চৈতাবুপাঘ্রায় প্রহৃষ্টঃ শিবিরং যযৌ ॥ ৬৪
(অর্জুনো বাসুদেবশ্চ কৌরবাণামনীকিনীম্।
হত্বা বিদ্রাব্য চ শরৈঃ শিবিরায়ৈব জগ্মতুঃ ॥)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ষষ্ঠদিবসাবহারে একোনাশীতিতমোঽধ্যায়ঃ ॥

(এইরূপ ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন—এই উভয় বীরই আনতপর্বযুক্ত বাণসমূহে কৌরবসৈন্যদিগকে বিনাশ করিতে লাগিলেন।)

ধর্মরাজ যুধিষ্ঠির ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন এই উভয়ের সহিত মিলিত হইয়া তাঁহাদের মস্তক আঘ্রাণ করত অত্যন্ত হৃষ্টচিত্তে শিবির অভিমুখে প্রস্থান করিলেন ॥ ৬৪

(অর্জুন ও ভগবান্ শ্রীকৃষ্ণ কৌরবসৈন্যদিগকে বাণদ্বারা বিনাশ করিতে করিতে তাহাদিগকে রণভূমি হইতে বিতাড়িত করিয়া শিবিরে বিশ্রামের জন্য গমন করিলেন।)

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ষষ্ঠদিবসের যুদ্ধসমাপন-বিষয়ক একোনাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অশীতিতমোঽধ্যায়ঃ

[দুর্য্যোধনায় ভীষ্মস্যাশ্বাসদানম্, সপ্তমদিনযুদ্ধায় কৌরবসৈন্যানাং প্রস্থানঞ্চ।]

সঞ্জয় উবাচ।
অথ শূরা মহারাজ পরস্পরকৃতাগসঃ।
জগ্মুঃ স্বশিবিরাণ্যেব রুধিরেণ সমুক্ষিতাঃ ১
বিশ্রম্য চ যথান্যায়ং পূজয়িত্বা পরস্পরম্।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত ভূয়ো যুদ্ধচিকীর্ষয়া ॥ ২
ততস্তব সুতো রাজংশ্চিন্তয়াভিপরিপ্লুতঃ।
বিস্রবচ্ছোণিতাক্তাঙ্গঃ পপ্রচ্ছেদং পিতামহম্ ॥ ৩

অশীতিতম অধ্যায়।

[ভীষ্মকর্ত্তৃক দুর্য্যোধনকে আশ্বাসদান এবং সপ্তমদিনের যুদ্ধের জন্য কৌরব সৈন্যের প্রস্থান।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! পরস্পর পরস্পরের সহিত যুদ্ধ করিয়া এই সব বীরগণ রক্তে লিপ্ত হইয়া নিজ নিজ শিবিরে গমন করিলেন ॥ ১

বিধি অনুসারে বিশ্রাম করত পরস্পর পরস্পরের প্রশংসা করিতে করিতে ইঁহারা সকলে পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছায় সজ্জিত হইলেন দেখা যাইল ॥ ২

রাজন্! তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধন স্বদেহ হইতে প্রবাহিত রক্তধারায় পরিপ্লুত অবস্থায় চিন্তামগ্ন হইয়া পিতামহ ভীষ্মের নিকট যাইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ॥ ৩

সৈন্যানি রৌদ্রাণি ভয়ানকানি
বূঢ়ানি সম্যগ্ বহুলধ্বজানি
বিদার্য্য হত্বা চ নিপীড্য শূরা—
স্তে পাণ্ডবানাং ত্বরিতা মহারথাঃ ॥ ৪

সম্মোহ্য সর্বান্ যুধি কীর্তিমন্তো
ব্যূহঞ্চ তং মকরং বজ্রকল্পম্।
প্রবিশ্য ভীমেন রণে হতোঽস্মি
ঘোরৈঃ শরৈর্মৃত্যুদণ্ডপ্রকাশৈঃ ॥ ৫

ক্রুদ্ধং তমুদ্বীক্ষ্য ভয়েন রাজন্
সম্মূর্চ্ছিতো ন লভে শান্তিমদ্য।
ইচ্ছে প্রসাদাৎ তব সত্যসন্ধ
প্রাপ্তুং জয়ং পাণ্ডবেয়াংশ্চ হন্তুম্ ॥ ৬

তেনৈবমুক্তঃ প্রহসন্ মহাত্মা
দুর্য্যোধনং মন্যুগতং বিদিত্বা।
তং প্রত্যুবাচাবিমনা মনস্বী
গঙ্গাসুতঃ শস্ত্রভৃতাং বরিষ্ঠঃ ॥ ৭

পিতামহ! আমার সৈন্যগণ অত্যন্ত ভয়ঙ্কর এবং উগ্রমূর্ত্তি। তাহাদের ব্যূহরচনাও সর্ব্বোত্তম। ইহাদের মধ্যে ধ্বজের সংখ্যাও বহু। তথাপি পাণ্ডবগণের বীরবর মহারথীরা এই বিশাল সৈন্যবাহিনীর মধ্যে প্রবেশ করত তীব্রবেগে আমার সৈন্যগণকে বিদীর্ণ করিয়া, নিহত করিয়া এবং পীড়িত করিয়া চালিয়া যায় ॥ ৪

তাহারা যুদ্ধে সকলকে মোহিত করিয়া নিজ কীর্ত্তি বিস্তার করিতেছে। দেখুন, ভীমসেন বজ্রতুল্য দুর্ভেদ্য মকরব্যূহ মধ্যে প্রবেশ করিয়া মৃত্যুদণ্ডসদৃশ ভয়ঙ্কর বাণসমূহে যুদ্ধস্থলে আমাকে ক্ষত-বিক্ষত করিয়া দিয়াছে ॥ ৫

রাজন্! ভীমসেনকে ক্রুদ্ধ দেখিয়া আমি ভয়ে ব্যাকুল হইয়া উঠি। আজ আমি শান্তিলাভ করিতে পারিতেছি না। সত্যপ্রতিজ্ঞ পিতামহ! আমি আপনারই কৃপাতে পাণ্ডবগণকে বধ করিতে এবং তাহাদের উপর বিজয়লাভ করিতে ইচ্ছুক হইয়াছি ॥ ৬

দুর্য্যোধন এই কথা বলিলে পর এবং তাঁহাকে ক্রোধপূর্ণ জানিয়া শস্ত্রধারিগণের মধ্যে শ্রেষ্ঠ মনস্বী মহাত্মা গঙ্গানন্দন ভীষ্ম হাস্য করিতে করিতে প্রসন্নমনে তাঁহাকে এই কথা বলিলেন ॥ ৭

পরেণ যত্নেন বিগাহ্য সেনাং
সর্বাত্মনাহং তব রাজপুত্র।
ইচ্ছামি দাতুং বিজয়ং সুখঞ্চ
ন চাত্মানং ছাদয়েঽহং ত্বদর্থে ॥ ৮

এতে তু রৌদ্রা বহবো মহারথা
যশস্বিনঃ শূরতমাঃ কৃতাস্ত্রাঃ।
যে পাণ্ডবানাং সমরে সহায়া
জিতক্লমা রোষবিষং বমন্তি ॥ ৯

তে নৈব শক্যাঃ সহসা বিজেতুং
বীর্য্যোদ্ধতাঃ কৃতবৈরাস্ত্বয়া চ।
অহং সেনাং প্রতিযোৎস্যামি রাজন্
সর্বাত্মনা জীবিতং ত্যজ্য বীর ॥ ১০

রণে তবার্থায় মহানুভাব
ন জীবিতং রক্ষ্যতমং মমাদ্য।
সর্বাংস্তবার্থায় সদেবদৈত্যান্
ঘোরান্ দহেয়ং কিমু শত্রুসেনাম্ ॥ ১১

রাজকুমার! আমি নিজের পূর্ণশক্তি প্রয়োগ করিয়া অতিশয় যত্নের সহিত পাণ্ডবগণের সৈন্য মধ্যে প্রবেশ করত তোমাকে বিজয় ও সুখপ্রদান করিতে অভিলাষী। আমি তোমার জন্য নিজেকে কোনরূপ গোপন করিয়া রাখি নাই ॥ ৮

যাহারা সমরাঙ্গনে পাণ্ডবগণের সহায়ক, তাহারা সকলেই বীর মহারথী, অতিশয় ভয়ঙ্কর, পরম শৌর্য্যশালী, শস্ত্রবিদ্যায় অভিজ্ঞ ও যশস্বী। তাহারা ক্লান্তিকে জয় করিয়াছে এবং আমাদের উপর রোষরূপ বিষ উদ্গিরণ করিতেছে ॥ ৯

ইহারা বল ও পরাক্রমে প্রচণ্ড এবং তোমার সহিত শত্রুতা-বদ্ধ। ইহাদিগকে সহসা পরাজিত করা সম্ভব হইবে না। বীরবর রাজন্ দুর্য্যোধন! আমি সর্ব্বপ্রকারে স্বীয় প্রাণের মায়া ত্যাগ করত পাণ্ডবগণের সৈন্যদের সহিত যুদ্ধ করিব ॥ ১০

মহানুভব! তোমার কার্য্যের সিদ্ধির জন্য এখন যুদ্ধে আমার প্রাণরক্ষাকেও আমি আবশ্যক বলিয়া মনে করি না। আমি তোমার মনোরথ পূরণের জন্য দেবগণের সহিত সমস্ত ভয়ঙ্কর দৈত্যদিগকেও দগ্ধ করিতে সমর্থ; সুতরাং শত্রুসৈন্যগণের সম্বন্ধে আর কি বলিবার আছে? ১১

তান্ পাণ্ডবান্ যোধয়িষ্যামি রাজন্
প্রিয়ঞ্চ তে সর্বমহং করিষ্যে।
শ্রুত্বৈব চৈতদ্ বচনং তদানীং
দুর্যোধনঃ প্রীতমনা বভূব ॥ ১২

সর্বাণি সৈন্যানি ততঃ প্রহৃষ্টো
নির্গচ্ছতেত্যাহ নৃপাংশ্চ সর্বান্।
তদাজ্ঞয়া তানি বিনির্যযুর্হি তং
গজাশ্বপাদাতরথাযুতানি ॥ ১৩

প্রহর্ষযুক্তানি তু তানি রাজন্
মহান্তি নানাবিধশস্ত্রবন্তি।
স্থিতানি নাগাশ্বপদাতিমন্তি
বিরেজুরাজৌ তব রাজন্ বলানি ॥ ১৪

শস্ত্রাস্ত্রবিদ্ভির্নরবীরযোধৈ-
রধিষ্ঠিতাঃ সৈন্যগণাস্ত্বদীয়াঃ।
রথৌঘপাদাতগজাশ্বসঙ্ঘৈঃ
প্রয়ান্তিরাজৌ বিধিবৎ প্রণুন্নৈঃ ॥ ১৫

সমুদ্ধতং বৈ তরুণার্কবর্ণং
রজো বভৌ চ্ছাদয়ন্ সূর্য্যরশ্মীন্।
রেজুঃ পতাকা রথদন্তিসংস্থা
বাতেরিতা ভ্রাম্যমাণাঃ সমন্তাৎ ॥ ১৬

নানারঙ্গাঃ সমরে তত্র রাজন্
মেঘৈর্যুতা বিদ্যুতঃ খে যথৈব।
বৃন্দৈঃ স্থিতাশ্চাপি সুসম্প্রযুক্তা-
শ্চকাশিরে দন্তিগণাঃ সমন্তাৎ ॥ ১৭

ধনূংষি বিস্ফারয়তাং নৃপাণাং
বভূব শব্দস্তুমুলোঽতিঘোরঃ।
বিমথ্যতো দেবমহাসুরৌঘৈ-
র্যথার্ণবস্যাদিযুগে তদানীম্ ॥ ১৮

তদুগ্রনাগং বহুরূপবর্ণং
তবাত্মজানাং সমুদীর্ণমেবম্।
বভূব সৈন্যং রিপুসৈন্যহন্তৃ
যুগান্তমেঘৌঘনিভং তদানীম্ ॥ ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভীষ্মদুর্য্যোধন-
সংবাদে অশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮০

রাজন্! আমি সেই পাণ্ডবগণের সহিতও যুদ্ধ করিব এবং তোমার সম্পূর্ণ প্রিয় কার্য্য করিব। সেই সময় ভীষ্মের এই কথা শুনিয়া দুর্য্যোধনের মন প্রসন্ন হইয়া উঠিল ॥ ১২

তদনন্তর দুর্য্যোধন অত্যন্ত হৃষ্ট হইয়া সমস্ত রাজগণকে ও সমগ্র সৈন্যবাহিনীকে বলিলেন,—যুদ্ধের জন্য নির্গত হও। রাজা দুর্য্যোধনের আজ্ঞা পাইয়া সহস্র সহস্র হস্তী, অশ্ব, পদাতি ও রথসমূহে পূর্ণ সমস্ত সৈন্য দ্রুত যুদ্ধের জন্য প্রস্থিত হইল ॥ ১৩

মহারাজ! আপনার এই বিশাল সৈন্যবাহিনী নানাপ্রকার অস্ত্রে সজ্জিত ও অতিশয় আনন্দে যুক্ত ছিল। রাজন্! হস্তী, অশ্ব ও পদাতিসকলে পূর্ণ রণভূমিতে স্থিত সেই সৈন্যগণের অতিশয় শোভা হইতেছিল ॥ ১৪

আপনার সকল সেনাপতিই অস্ত্রশস্ত্রসমূহে অভিজ্ঞ ও নরবীর যোদ্ধা ছিলেন। তাঁহাদের দ্বারা বিধি অনুসারে অনুশাসিত হইয়া রথসমূহ, পদাতি, হস্তী ও অশ্বগণ যখন যুদ্ধভূমিতে যাইতে লাগিল, তখন তাহাদের পদসমুত্থিত ধূলি সূর্য্যের কিরণাবলিকে আচ্ছাদিত করিয়া প্রাতঃকালীন সূর্য্যের কিরণতুল্য বলিয়া প্রতীত হইতে থাকিল। রথসমূহে ও হস্তিসমূহে স্থিত পতাকাগুলি চারিদিকে বায়ুর প্রেরণায় উড়িতে থাকিয়া অতিশয় শোভা পাইতে লাগিল ॥ ১৫-১৬

রাজন্! যেরূপ আকাশে মেঘের সহিত বিদ্যুৎ চমকিত হইয়া থাকে, সেইরূপ এই রণাঙ্গনে চারিদিকে বিভিন্ন বর্ণের দণ্ডশোভিত হস্তিসমূহের এক একটি দল শোভিত হইতেছিল। ইহারা সুন্দরভাবে সমরাঙ্গণে চালিত হইতেছিল ॥ ১৭

যেরূপ আদিযুগে (সত্যযুগে) দেবতা ও দৈত্যগণের দ্বারা সমুদ্রমন্থনের সময় অত্যন্ত ভয়ঙ্কর শব্দ হইতেছিল, সেইরূপ এই সময় যুদ্ধস্থলে নিজ নিজ ধনুর টঙ্কারধ্বনিকারী রাজগণের অত্যন্ত ভয়ানক তুমুল শব্দ উত্থিত হইতেছিল ॥ ১৮

মহারাজ! আপনার পুত্রদিগের এই সৈন্যবাহিনী ভয়ঙ্কর গজরাজসমূহে পরিপূর্ণ ছিল। তাহারা বিভিন্ন রূপ ও বর্ণবিশিষ্ট ছিল এবং তাহাদের বেগ ক্রমবর্দ্ধমান ছিল। সেই সময় প্রলয়কালীন মেঘসমূদয়ের ন্যায় শত্রুসেনাকে সংহার করিতে সমর্থ বলিয়া প্রতীত হইতেছিল ॥ ১৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্ম-দুর্য্যোধনসংবাদবিষয়ক অশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাশীতিতমোঽধ্যায়ঃ।

[সপ্তমদিবসযুদ্ধে কৌরব-পাণ্ডবসৈন্যানাং মণ্ডল-বজ্রব্যূহৌ নির্ম্মায় ভীষণ-সংগ্রামঃ।]

সঞ্জয় উবাচ।

অথাত্মজং তব পুনর্গাঙ্গেয়ো ধ্যানমাস্থিতম্।
অব্রবীদ্ ভরতশ্রেষ্ঠঃ সম্প্রহর্ষকরং বচঃ॥ ১
অহং দ্রোণশ্চ শল্যশ্চ কৃতবর্মা চ সাত্বতঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ ভগদত্তোঽথ সৌবলঃ॥ ২
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বাহ্লীকঃ সহ বাহ্লিকৈঃ
ত্রিগর্তরাজো বলবান্ মাগধশ্চ সুদুর্জয়ঃ॥ ৩
বৃহদ্বলশ্চ কৌশল্যশ্চিত্রসেনো বিবিংশতিঃ।
রথাশ্চ বহুসাহস্রাঃ শোভনাশ্চ মহাধ্বজাঃ॥ ৪
দেশজাশ্চ হয়া রাজন্ স্বারূঢ়া হয়সাদিভিঃ।
গজেন্দ্রাশ্চ মদোদ্বৃত্তাঃ প্রভিন্নকরটামুখাঃ॥ ৫
পাদাতাশ্চ তথা শূরা নানাপ্রহরণধ্বজাঃ।
নানাদেশসমুৎপন্নাস্ত্বদর্থে যোদ্ধুমুদ্যতা॥ ৬
এতে চান্যে চ বহবস্ত্বদর্থে ত্যক্তজীবিতাঃ।
দেবানপি রণে জেতুং সমর্থা ইতি মে মতিঃ॥ ৭
অবশ্যং হি ময়া রাজংস্তব বাচ্যং হিতং সদা।
অশক্যাঃ পাণ্ডবা জেতুং দেবৈরপি সবাসবৈঃ॥ ৮
বাসুদেবসহায়াশ্চ মহেন্দ্রসমবিক্রমাঃ।
সর্বথাহং তু রাজেন্দ্র করিষ্যে বচনং তব॥ ৯
পাণ্ডবাংশ্চ রণে জেষ্যে মাং বা জেষ্যন্তি পাণ্ডবাঃ।
এবমুক্ত্বা দদাবস্মৈ বিশল্যকরণীং শুভাম্॥ ১০
ঔষধীং বীর্য্যসম্পন্নাং বিশল্যশ্চাভবৎ তদা।
ততঃ প্রভাতে বিমলে স্বেন সৈন্যেন বীর্য্যবান্॥ ১১
অব্যূহত স্বয়ং ব্যূহং ভীষ্মো ব্যূহবিশারদঃ।
মণ্ডলং মনুজশ্রেষ্ঠো নানাশস্ত্রসমাকুলম্॥ ১২
সম্পূর্ণং যোধমুখ্যৈশ্চ তথা দন্তিপদাতিভিঃ।
রথৈরনেকসাহস্রৈঃ সমন্তাৎ পরিবারিতম্॥ ১৩

একাশীতিতম অধ্যায়।

[সপ্তম দিবসের যুদ্ধে কৌরব-পাণ্ডবসৈন্যগণের মণ্ডল ও বজ্রব্যূহ নির্ম্মাণপূর্ব্বক ভীষণ সঙ্ঘর্ষ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধনকে চিন্তামগ্ন দেখিয়া ভরতশ্রেষ্ঠ গঙ্গানন্দন ভীষ্ম তাঁহাকে পুনরায় হর্ষবর্দ্ধনকর এই বাক্য বলিলেন॥

রাজন্! আমি, দ্রোণাচার্য্য, শল্য, যদুবংশের কৃতবর্ম্মা, অশ্বত্থামা, বিকর্ণ, ভগদত্ত, সুবলপুত্র শকুনি, অবন্তিদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ, বাহ্লীকদেশীয় বীরগণের সহিত রাজা বাহ্লীক, বলবান্ ত্রিগর্ত্তরাজ, অত্যন্ত দুর্জ্জয় মগধপতি, কোশলাধিপতি বৃহদ্বল, চিত্রসেন, বিবিংশতি ও বিশাল ধ্বজশোভিত পরমসুন্দর কয়েক হাজার রথ, অশ্বারোহীতে পূর্ণ দেশীয় অশ্বসকল, গণ্ডস্থল হইতে মদধারাবাহী মদোন্মত্ত গজরাজগণ এবং বিবিধ অস্ত্র ধ্বজধারণকারী বিভিন্ন দেশীয় শূরবীর পদাতিক সৈন্যবাহিনী তোমার জন্য যুদ্ধ করিতে উদ্যত॥ ২-৬

ইঁহারা এবং আরও বহু এরূপ সৈন্য আছে, যাহারা তোমার জন্য নিজ নিজ জীবনের মায়া ত্যাগ করিয়া দিয়াছে। আমার ত' এইরূপ বিশ্বাস আছে যে, ইহারা সকলে মিলিত হইয়া যুদ্ধে দেবতাগণকেও জয় করিতে সমর্থ॥ ৭

রাজন্! আমার পক্ষে সর্ব্বদা তোমার হিতকর বাক্যই বলা উচিত; সেইজন্য বলিতেছি যে, পাণ্ডবগণকে ইন্দ্রসহ সমগ্র দেবতাবৃন্দও জয় করিতে সমর্থ নন্॥ ৮

রাজেন্দ্র! একে ত' তাহারা দেবরাজ ইন্দ্রতুল্য পরাক্রমশালী, তাহার উপর ভগবান্ শ্রীকৃষ্ণ উহাদের সহায়ক, (অতএব ইহাদিগকে জয় করা অসম্ভব), তথাপি আমি সর্ব্বতোভাবে তোমার বাক্য পালন করিব॥ ৯

আমি হয় পাণ্ডবগণকে যুদ্ধে জয় করিব, অথবা পাণ্ডবেরাই আমাকে জয় করিবে—এই কথা বলিয়া ভীষ্ম বিশল্যকরণী নামে শুভ ও শক্তিশালিনী ওষধি প্রদান করিলেন। সেই সময় এই ঔষধির প্রভাবে দুর্য্যোধনের দেহে প্রবিষ্ট বাণসমূহ পীড়াদান করিয়াই নির্গত হইল এবং আঘাতজনিত ক্ষত ও তাহার কষ্ট হইতে দুর্য্যোধন মুক্ত হইলেন॥

তদনন্তর নির্ম্মল প্রভাতকালে ব্যূহবিশারদ নরশ্রেষ্ঠ পরাক্রমশালী ভীষ্ম স্বীয় সৈন্যগণের দ্বারা স্বয়ংই নানাশাস্ত্রে পূর্ণ মণ্ডলনামক ব্যূহ নির্ম্মাণ করিলেন॥ ১০-১২

এই ব্যূহ হস্তী ও পদাতি প্রভৃতি মুখ্য মুখ্য যোদ্ধাগণে পরিব্যাপ্ত ছিল। কয়েক হাজার রথী সৈন্যদ্বারা উহা চারিদিকে আবৃত ছিল॥ ১৩

অশ্ববৃন্দৈর্মহদ্ভিশ্চ ঋষ্টি-তোমরধারিভিঃ।
নাগে নাগে রথাঃ সপ্ত সপ্ত চাশ্বা রথে রথে ॥ ১৪
অন্বশ্বং দশ ধানুষ্কা ধানুষ্কে দশ চর্ম্মিণঃ।
এবং ব্যূঢ়ং মহারাজ তব সৈন্যং মহারথৈঃ ॥ ১৫
স্থিতং রণায় মহতে ভীষ্মেণ যুধি পালিতম্।
দশাশ্বানাং সহস্রাণি দন্তিনাঞ্চ তথৈব চ ॥ ১৬
রথানামযুতং চাপি পুত্রাশ্চ তব দংশিতাঃ।
চিত্রসেনাদয়ঃ শূরা অভ্যরক্ষন্ পিতামহম্ ॥ ১৭
রক্ষ্যমাণঃ স তৈঃ শূরৈর্গোপ্যমানাশ্চ তেন তে।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত রাজানশ্চ মহাবলাঃ ॥ ১৮
দুর্য্যোধনস্তু সমরে দংশিতো রথমাস্থিতঃ।
ব্যরাজত শ্রিয়া জুষ্টো যথা শক্রস্ত্রিবিষ্টপে ॥ ১৯
ততঃ শব্দো মহানাসীৎ পুত্রাণাং তব ভারত।
রথঘোষশ্চ বিপুলো বাদিত্রাণাঞ্চ নিস্বনঃ ॥ ২০

ভীষ্মেণ ধার্তরাষ্ট্রাণাং ব্যূঢ়ঃ প্রত্যঙ্মুখো যুধি।
মণ্ডলঃ স মহাব্যূহো দুর্ভেদ্যোঽমিত্রঘাতনঃ ॥ ২১
সর্বতঃ শুশুভে রাজন্ রণেঽরীণাং দুরাসদঃ।
মণ্ডলং তু সমালোক্য ব্যূহং পরমদুর্জ্জয়ম্ ॥ ২২
স্বয়ং যুধিষ্ঠিরো রাজা বজ্রং ব্যূহমথাকরোৎ।
তথা ব্যূঢ়েষ্বনীকেষু যথাস্থানমবস্থিতাঃ ॥ ২৩
রথিনঃ সাদিনঃ সর্বে সিংহনাদমথানদন্।
বিভিৎসবস্ততো ব্যূহং নির্যযুর্যুদ্ধকাঙ্ক্ষিণঃ ॥ ২৪
ইতরেতরতঃ শূরাঃ সহসৈন্যাঃ প্রহারিণঃ।
ভারদ্বাজো যযৌ মৎস্যং দ্রৌণিশ্চাপি শিখণ্ডিনম্ ॥২৫
স্বয়ং দুর্য্যোধনো রাজা পার্ষতং সমুপাদ্রবৎ।
নকুলঃ সহদেবশ্চ মদ্ররাজানমীয়তুঃ ॥ ২৬
বিন্দানুবিন্দাবাবন্ত্যাবিরাবন্তমভিদ্রুতৌ।
সর্বে নৃপাস্তু সমরে ধনঞ্জয়মযোধয়ন্ ॥ ১৭

ঋষ্টি ও তোমারধারী অশ্বারোহী যোদ্ধাদিগের বিরাট্ দলে এই ব্যূহ পূর্ণ ছিল। এক একটি হস্তীর পশ্চাতে সাত সাতটি করিয়া রথ ছিল। এইরূপ এক একটি রথের পশ্চাতে সাত সাত জন করিয়া অশ্বারোহী যোদ্ধা, প্রত্যেক অশ্বারোহীর পশ্চাতে দশজন করিয়া ধনুর্দ্ধর এবং প্রত্যেক ধনুর্দ্ধরের পশ্চাতে দশজন করিয়া ঢাল তরবারিধারী বীর যোদ্ধা ছিল॥

মহারাজ! এইরূপ মহারথী বীরগণের দ্বারা ব্যূহবদ্ধ হইয়া আপনার সৈন্যবাহিনী যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিল এবং ভীষ্ম রণক্ষেত্রে তাহাদের রক্ষা করিতে লাগিলেন॥

এইভাবে সেখানে দশ হাজার অশ্ব, দশ হাজার হাতী, দশ হাজার রথ এবং আপনার চিত্রসেনাদি বীর পুত্রগণ কবচ ধারণ করত পিতামহ ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন। ১৪-১৭

এই সব বীরগণে ভীষ্ম সুরক্ষিত ছিলেন এবং ভীষ্মও আবার তাঁহাদের সকলকে রক্ষা করিতে লাগিলেন। সেস্থলে বহু মহাবল রাজা যুদ্ধের জন্য কবচধারণ করত সজ্জিত হইয়া আছেন—দেখা যাইল। ১৮

সৌন্দর্য্যমণ্ডিত রাজা দুর্য্যোধনও যুদ্ধস্থলে কবচধারণ করত রথে আরোহণ করিয়া সেরূপ শোভা পাইতে লাগিলেন, যেরূপ দেবরাজ ইন্দ্র স্বর্গে স্বীয় দিব্য প্রভায় প্রকাশিত হইয়া থাকেন ॥১৯

ভারত! তদনন্তর আপনার পুত্রগণের মহান্ সিংহনাদ শব্দ হইতে লাগিল এবং সেই সঙ্গে রথ ও বাদ্যসমূহেরও গম্ভীর শব্দ সমুত্থিত হইল। ২০

ভীষ্ম যুদ্ধস্থলে কৌরবসৈন্যগণের পশ্চিমাভিমুখে ব্যূহ রচনা করিয়াছিলেন। এই মণ্ডলনামক মহাব্যূহ দুর্ভেদ্য ও শত্রুসংহারক ছিল। ২১

রাজন্! সেই রণাঙ্গনে সর্ব্বদিকে এই ব্যূহের অতিশয় শোভা প্রকাশিত হইতেছিল। ইহা শত্রুগণের পক্ষে সর্ব্বতোভাবে দুর্গম ছিল। কৌরবগণের অত্যন্ত দুর্জ্জয় মণ্ডলব্যূহকে দেখিয়া রাজা যুধিষ্ঠির স্বয়ং স্বীয় সৈন্যগণের জন্য বজ্রব্যূহ নির্ম্মাণ করিলেন॥

এইভাবে সৈন্যদের ব্যূহরচনা শেষ হইলে যথাযথ স্থানে স্থিত রথী ও অশ্বারোহী প্রভৃতি সমস্ত সৈন্যগণই সিংহনাদ করিতে লাগিল॥

তাহার পর প্রহার করিতে অভিজ্ঞ সমস্ত বীর যোদ্ধারা পরস্পরের ব্যূহ ভেদ করিতে এবং পরস্পরের সহিত যুদ্ধের ইচ্ছা করিয়া সসৈন্যে অগ্রসর হইতে লাগিলেন॥

তখন দ্রোণাচার্য্য বিরাটের দিকে এবং অশ্বত্থামা শিখণ্ডীর দিকে ধাবিত হইলেন। স্বয়ং রাজা দুর্য্যোধন দ্রুপদের উপর আক্রমণ করিলেন।

নকুল ও সহদেব নিজের মামা মদ্ররাজ শল্যের দিকে ধাবিত হইলেন। অবন্তীদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ ইরাবানের উপর আক্রমণ করিলেন॥

অন্যান্য সমস্ত নরপতিগণ তখন অর্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। ভীমসেন যুদ্ধে বিচরণ করিতে করিতে কৃতবর্ম্মাকে

ভীমসেনো রণে যান্তং হার্দিক্যং সমবারয়ৎ।
চিত্রসেনং বিকর্ণঞ্চ তথা দুর্মর্ষণং বিভুঃ॥ ২৮
আর্জুনিঃ সমরে রাজংস্তব পুত্রানযোধয়ৎ।
প্রাগ্‌জ্যোতিষো মহেষ্বাসো হৈড়িম্বং রাক্ষসোত্তমম্॥২৯
অভিদুদ্রাব বেগেন মত্তো মত্তমিব দ্বিপম্।
অলম্বুষস্তদা রাজন্ সাত্যকিং যুদ্ধদুর্মদম্॥ ৩০
সসৈন্যং সমরে ক্রুদ্ধো রাক্ষসঃ সমুপাদ্রবৎ।
ভূরিশ্রবা রণে যত্তো ধৃষ্টকেতুমযোধয়ৎ॥ ৩১
শ্রুতায়ুষঞ্চ রাজানং ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
চেকিতানশ্চ সমরে কৃপমেবান্বযোধয়ৎ॥ ৩২
শেষাঃ প্রতিযযুর্যত্তা ভীষ্মমেব মহারথম্।
ততো রাজসমূহাস্তে পরিবব্রুর্ধনঞ্জয়ম্॥ ৩৩
শক্তি-তোমর-নারাচ-গদা-পরিঘপাণয়ঃ।
অর্জুনোঽথ ভৃশং ক্রুদ্ধো বার্ষ্ণেয়মিদমব্রবীৎ॥ ৩৪

পশ্য মাধব সৈন্যানি ধার্ত্তরাষ্ট্রস্য সংযুগে।
ব্যূঢ়ানি ব্যূহবিদুষা গাঙ্গেয়েন মহাত্মনা॥ ৩৫
যুদ্ধাভিকামান্ শূরাংশ্চ পশ্য মাধব দংশিতান্।
ত্রিগর্তরাজং সহিতং ভ্রাতৃভিঃ পশ্য কেশব॥ ৩৬
অদ্যৈতান্ নাশয়িষ্যামি পশ্যতস্তে জনার্দন।
য ইমে মাং যদুশ্রেষ্ঠ যোদ্ধুকামা রণাজিরে॥ ৩৭
এতদুক্ত্বা তু কৌন্তেয়ো ধনুর্জ্যামবমৃজ্য চ।
ববর্ষ শরবর্ষাণি নরাধিপগণান্ প্রতি॥ ৩৮
তেঽপি তং পরমেষ্বাসাঃ শরবর্ষৈরপূরয়ন্।
তড়াগং বারিধারাভির্যথা প্রাবৃষি তোয়দাঃ॥ ৩৯
হাহাকারো মহানাসীৎ তব সৈন্যে বিশাম্পতে।
ছাদ্যমানৌ রণে কৃষ্ণৌ শরৈর্দৃষ্ট্বা মহারণে॥ ৪০
দেবা দেবর্ষয়শ্চৈব গন্ধর্বাশ্চ সহোরগৈঃ।
বিস্ময়ং পরমং জগ্মুর্দৃষ্ট্বা কৃষ্ণৌ তথাগতৌ॥ ৪১

নিবারিত করিলেন। রাজন্! শক্তিশালী অর্জুননন্দন অভিমন্যু সংগ্রামভূমিতে আপনার তিন পুত্র চিত্রসেন, বিকর্ণ ও দুর্মর্ষণের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। মহাধনুর্দ্ধর ভগদত্ত তীব্রবেগে রাক্ষসপ্রবর ঘটোৎকচের উপর আক্রমণ করিলেন। তাহাতে মনে হইল—কোন মদমত্ত হস্তী অপর এক মদমত্ত হস্তীর উপর আক্রমণ করিল।

রাজন্! সেই সময় রাক্ষস অলম্বুষ যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রাম-রক্ত সাত্যকির উপর ক্রোধভরে ধাবিত হইয়া আক্রমণ করিল।

ভূরিশ্রবা রণভূমিতে যত্নসহকারে ধৃষ্টকেতুর সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। ধর্মপুত্র যুধিষ্ঠির রাজা শ্রুতায়ুর সহিত যুদ্ধ করিতে লাগিলেন।

চেকিতান রণাঙ্গনে কৃপাচার্য্যের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন। অবশিষ্ট যোদ্ধারা যত্নসহকারে মহারথী ভীষ্মের প্রতি যুদ্ধার্থ অগ্রসর হইলেন।

তারপর আপনার পক্ষের সেই রাজারা কুন্তীপুত্র ধনঞ্জয়কে সর্ব্বদিকে ঘিরিয়া ফেলিলেন। তাঁহাদের সকলের হাতে শক্তি, তোমর, নারাচ, গদা ও পরিঘ প্রভৃতি ছিল।

তাহার পর অর্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন,—মাধব! যুদ্ধস্থলে দুর্য্যোধনের এই সৈন্যগণকে অবলোকন করুন, ব্যূহসম্বন্ধে বিশেষজ্ঞ মহাত্মা গঙ্গানন্দন ভীষ্ম ইহাদের ব্যূহ রচনা করিয়াছেন॥ ২২-৩৫

মাধব! যুদ্ধের আকাঙ্ক্ষা করিয়া কবচধারণ করত সমাগত এই সব বীর সৈন্যগণকে নিরীক্ষণ করুন। কেশব! আরও দেখুন, ভ্রাতৃবৃন্দের সহিত এই ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মাও এখানে উপস্থিত আছেন॥ ৩৬

জনার্দ্দন! যদুশ্রেষ্ঠ! এই যে যাঁহারা রণাঙ্গনে আমার সহিত যুদ্ধ করিতে অভিলাষী হইয়াছেন, আমি ইঁহাদের সকলকেই আপনার সাক্ষাতেই বিনাশ করিব॥ ৩৭

এই কথা বলিয়া কুন্তীনন্দন অর্জুন স্বীয় গাণ্ডীবধনুর গুণের উপর হস্তমার্জনা করিলেন এবং বিপক্ষীয় নরপতিগণের উপর বাণ বর্ষণ আরম্ভ করিয়া দিলেন॥ ৩৮

যেরূপ বারিবর্ষণশীল মেঘ বর্ষাকালে জলধারা বর্ষণ করিয়া তড়াগকে (বৃহৎ পুষ্করিণীকে) পূর্ণ করিয়া থাকে, সেইরূপ এই মহাধনুর্দ্ধর নরপতিগণও বাণবর্ষণের দ্বারা অর্জুনকে পূর্ণ করিয়া ফেলিলেন॥ ৩৯

প্রজানাথ! সেই মহাযুদ্ধে অর্জুন ও শ্রীকৃষ্ণকে বাণসমূহে আচ্ছাদিত হইয়া যাইতে দেখিয়া আপনার সৈন্যদের মধ্যে মহা-হাহাকার ধ্বনি হইতে লাগিল॥ ৪০

শ্রীকৃষ্ণ ও অর্জুনকে এইরূপ অবস্থায় পতিত হইতে দেখিয়া দেবতা, দেবর্ষি, গন্ধর্ব্ব ও নাগগণের মধ্যে অতিশয় বিস্ময়ের সঞ্চার হইল॥ ৪১

ততঃ ক্রুদ্ধোঽর্জ্জুনো রাজন্নৈন্দ্রমস্ত্রমুদৈরয়ৎ।
তত্রাদ্ভুতমপশ্যাম বিজয়স্য পরাক্রমম্ ॥ ৪২
শস্ত্রবৃষ্টিং পরৈর্মুক্তাং শরৌঘৈর্যদবারয়ৎ।
ন চ তত্রাপ্যনির্ভিন্নঃ কশ্চিদাসীদ্ বিশাম্পতে ॥ ৪৩
তেষাং রাজসহস্রাণাং হয়ানাং দন্তিনাং তথা।
দ্বাভ্যাং ত্রিভিঃ শরৈশ্চান্যান্ পার্থো বিব্যাধ মারিষ ॥৪৪
তে হন্যমানাঃ পার্থেন ভীষ্মং শান্তনবং যযুঃ।
অগাধে মজ্জমানানাং ভীষ্মঃ পোতোঽভবৎ তদা ॥ ৪৫
আপতদ্ভিস্তু তৈস্তত্র প্রভগ্নং তাবকং বলম্।
সঞ্চুক্ষুভে মহারাজ বাতৈরিব মহার্ণবঃ ॥ ৪৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি সপ্তমযুদ্ধদিবসে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮১

রাজন্! তখন অর্জুন কুপিত হইয়া ইন্দ্রাস্ত্র প্রয়োগ করিলেন। সেই সময় আমরা সকলে অর্জ্জুনের অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥ ৪২

তিনি স্বীয় বাণসমূহে শত্রুগণের কৃত বাণবর্ষণকে নিবারণ করিলেন। মহারাজ! সেই সময় সেখানে এরূপ কোন যোদ্ধাই ছিলেন না, যিনি তাঁহার বাণে ক্ষত-বিক্ষত হন নাই ॥ ৪৩

আর্য্য! কুন্তীকুমার অর্জুন সেই সহস্র রাজগণের মধ্যে এবং অশ্ব ও হস্তিসকলের মধ্যে কাহাকেও দুই দুই বাণে এবং কাহাকেও তিন তিন বাণে বিদ্ধ করিয়াছিলেন ॥ ৪৪

অর্জ্জুনের বাণে পুনঃ পুনঃ আঘাতপ্রাপ্ত হইয়া তাঁহারা সকলে শান্তনুনন্দন ভীষ্মের শরণাপন্ন হইলেন। সেই সময় অগাধ বিপদ-সাগরে নিমজ্জমান সৈন্যদের পক্ষে ভীষ্ম পোত (জাহাজ)-স্বরূপ হইলেন ॥ ৪৫

মহারাজ! পাণ্ডবগণের আক্রমণে আপনার সৈন্যদের ব্যূহ ভঙ্গ হইয়া যাইল। তখন সেই সৈন্যবাহিনী প্রচণ্ডবায়ুর বেগে সমুদ্রের ক্ষুব্ধ হওয়ার ন্যায় বিক্ষুব্ধ হইয়া উঠিল ॥ ৪৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে সপ্তমদিবসের যুদ্ধবিষয়ক একাশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণার্জুনভয়েন যুদ্ধং বিহায় কৌরবসৈন্যানাং পলায়নম্, দ্রোণাচার্য্যেণ সহ বিরাটস্য সংগ্রামঃ, বিরাটপুত্র-শঙ্খস্য বিনাশঃ, শিখণ্ডিনা সহাশ্বত্থাম্নো যুদ্ধম্, সাত্যকিনালম্বুষস্য পরাজয়ঃ, ধৃষ্টদ্যুম্নেন দুর্য্যোধনস্য পরাভবঃ, ভীমসেনেন সহ কৃতবর্ম্মণঃ সঙ্ঘর্ষশ্চ।]

সঞ্জয় উবাচ।

তথা প্রবৃত্তে সংগ্রামে নিবৃত্তে চ সুশর্মণি।
ভগ্নেষু চাপি বীরেষু পাণ্ডবেন মহাত্মনা ॥ ১
ক্ষুভ্যমাণে বলে তূর্ণং সাগরপ্রতিমে তব।
প্রত্যুদ্যাতে চ গাঙ্গেয়ে ত্বরিতং বিজয়ং প্রতি ॥ ২
দৃষ্ট্বা দুর্য্যোধনো রাজা রণে পার্থস্য বিক্রমম্
ত্বরমাণঃ সমভ্যেত্য সর্বাংস্তানব্রবীন্নৃপান্ ॥ ৩
তেষাং তু প্রমুখে শূরং সুশর্মাণং মহাবলম্।
মধ্যে সর্বস্য সৈন্যস্য ভৃশং সংহর্ষয়ন্নিব ॥ ৪

দ্ব্যশীতিতম অধ্যায়।

[শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের ভয়ে কৌরবসৈন্যগণের যুদ্ধত্যাগ করিয়া পলায়ন, দ্রোণাচার্য্য ও বিরাটের যুদ্ধ, বিরাটপুত্র শঙ্খের বিনাশ, শিখণ্ডী ও অশ্বত্থামার যুদ্ধ, সাত্যকিকর্তৃক অলম্বুষের পরাজয়, ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক দুর্য্যোধনের পরাভব এবং ভীমসেন ও কৃতবর্ম্মার যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপে সংগ্রাম আরম্ভ হইলে পর মহাত্মা পাণ্ডুনন্দন অর্জ্জুনকর্ত্তৃক পরাজিত হইয়া সুশর্ম্মা যুদ্ধ হইতে দূরে পলায়ন করিলেন এবং অন্যান্য বীর যোদ্ধারাও রণে ভঙ্গ দিয়া পলায়ন করিলেন ॥ ১

আপনার সমুদ্রতুল্য বিশালবাহিনীর মধ্যে অতিক্রান্ত ক্ষোভের সঞ্চার হইল। সেই সময় গঙ্গানন্দন ভীষ্ম ত্বরিতগতিতে অর্জ্জুনের উপর আক্রমণ করিলেন ॥ ২

রাজা দুর্য্যোধন রণাঙ্গনে অর্জুনের পরাক্রম দেখিয়া ব্যগ্রতা-সহকারে নিকটে যাইয়া সমস্ত নৃপগণকে বলিলেন ॥ ৩

সেই নরপতিগণের সম্মুখে সমস্ত সৈন্যদের মধ্যে বীর মহাবল সুশর্ম্মাকে অতিশয় হর্ষ প্রদান করিতে করিতে দুর্য্যোধন এই কথা বলিলেন ॥ ৪

এষ ভীষ্মঃ শান্তনবো যোদ্ধুকামো ধনঞ্জয়ম্।
সর্বাত্মনা কুরুশ্রেষ্ঠস্ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥ ৫
তং প্রযান্তং রণে বীরং সর্বসৈন্যেন ভারতম্।
সংযত্তাঃ সমরে সর্বে পালয়ধ্বং পিতামহম্ ॥ ৬
বাঢ়মিত্যেবমুক্ত্বা তু তান্যনীকানি সর্বশঃ।
নরেন্দ্রাণাং মহারাজ সমাজগ্মুঃ পিতামহম্ ॥ ৭
ততঃ প্রযাতঃ সহসা ভীষ্মঃ শান্তনবোঽর্জুনম্।
রণে ভারতমায়ান্তমাসসাদ মহাবলঃ ॥ ৮
মহাশ্বেতাশ্বযুক্তেন ভীমবানরকেতুনা।
মহতা মেঘনাদেন রথেনাতিবিরাজতা ॥ ৯
সমরে সর্বসৈন্যানামুপযান্তং ধনঞ্জয়ম্।
অভবৎ তুমুলো নাদো ভয়াদ্ দৃষ্ট্বা কিরীটিনম্ ॥ ১০
অভীষুহস্তং কৃষ্ণঞ্চ দৃষ্ট্বাদিত্যমিবাপরম্।
মধ্যন্দিনগতং সংখ্যে ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ॥ ১১

তথা শান্তনবং ভীষ্মং শ্বেতাশ্বং শ্বেতকার্মুকম্।
ন শেকুঃ পাণ্ডবা দ্রষ্টুং শ্বেতং গ্রহমিবোদিতম্ ॥ ১২
স সর্বতঃ পরিবৃতস্ত্রিগর্তৈঃ সুমহাত্মভিঃ।
ভ্রাতৃভিঃ সহপুত্রৈশ্চ তথান্যৈশ্চ মহারথৈঃ ॥ ১৩
ভারদ্বাজস্তু সমরে মৎস্যং বিব্যাধ পত্রিণা।
ধ্বজং চাস্য শরেণাজৌ ধনুশ্চৈকেন চিচ্ছিদে ॥ ১৪
তদপাস্য ধনুশ্ছিন্নং বিরাটো বাহিনীপতিঃ।
অন্যদাদত্ত বেগেন ধনুর্ভারসহং দৃঢ়ম্ ॥ ১৫
শরাংশ্চাশীবিষাকারান্ জ্বলিতান্ পন্নগানিব।
দ্রোণং ত্রিভিশ্চ বিব্যাধ চতুর্ভিশ্চাস্য বাজিনঃ ॥ ১৬
ধ্বজমেকেন বিব্যাধ সারথিং চাস্য পঞ্চভিঃ।
ধনুরেকেষুণাবিধ্যৎ তত্রাক্রুধ্যদ্ দ্বিজর্ষভঃ ॥ ১৭
তস্য দ্রোণোঽবধীদশ্বান্ শরৈঃ সন্নতপর্বভিঃ।
অষ্টাভির্ভরতশ্রেষ্ঠ সূতমেকেন পত্রিণা ॥ ১৮

বীরগণ! এই শান্তনুনন্দন ভীষ্ম স্বীয় জীবনের মায়া ত্যাগ করিয়া সর্ব্বতোভাবে অর্জুনের সহিত যুদ্ধ করিতে অভিলাষী হইয়াছেন ॥ ৫

সকল সৈন্যের সহিত যুদ্ধের জন্য প্রস্থিত আমার বীর পিতামহ ভরতনন্দন ভীষ্মকে আপনারা সকলে যত্নসহকারে রক্ষা করুন ॥ ৬

মহারাজ! "আচ্ছা, তাহাই হউক" এই কথা বলিয়া নরপতিগণের সেই সমস্ত সৈন্যবাহিনী পিতামহ ভীষ্মের নিকট গমন করিলেন ॥ ৭

তদনন্তর শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধভূমিতে সহসা অর্জুনের সম্মুখে উপস্থিত হইলেন। ভরতবংশীয় ভীষ্মকে আসিতে দেখিয়া মহাবল অর্জুন তাঁহার নিকট গমন করিলেন ॥ ৮

তিনি যে রথে আরোহণ করিয়া আসিতেছিলেন, সেই রথ অতিশয় সুশোভিত ছিল। তাহাতে শ্বেতবর্ণের বিশাল অশ্বসমূহ যোজিত ছিল। তাহার উপর ভয়ঙ্কর বানরচিহ্নিত ধ্বজ উড়িতে ছিল এবং এই রথের চক্রসমূহের শব্দ মেঘের ন্যায় গম্ভীর ছিল ॥ ৯

কিরীটধারী অর্জুনকে যুদ্ধের নিকটে আসিতে দেখিয়াই ভয়ে সমস্ত সৈন্যগণের মধ্যে তুমুল কোলাহল ধ্বনি হইতে লাগিল ॥ ১০

হস্তে অশ্বের রজ্জু ধারণ করত মধ্যাহ্নকালীন অপর এক সূর্য্যের ন্যায় তেজস্বী শ্রীকৃষ্ণকে রণাঙ্গনে উপস্থিত হইতে দেখিয়া কোনও যোদ্ধা তাঁহার দিকে দৃষ্টিপাত করিতেই পারিলেন না ॥ ১১

এই রূপ শ্বেতঅশ্বযুক্ত ও শ্বেতবর্ণের ধনুশোভিত শান্তনুনন্দন ভীষ্মকে শ্বেত গ্রহের ন্যায় উদিত হইতে দেখিয়া পাণ্ডব সৈন্যগণ তাঁহার দিকে তাকাইতে সমর্থ হইলেন না ॥ ১২

মহাত্মা ত্রিগর্ত্ত স্বীয় ভ্রাতৃবৃন্দ, পুত্র ও অন্যান্য মহারথী বীরগণের সহিত উপস্থিত হইয়া ভীষ্মকে চারিদিকে পরিবৃত করিয়া রাখিয়াছিলেন ॥ ১৩

অপর দিকে দ্রোণাচার্য্য মৎস্যরাজ বিরাটের সহিত যুদ্ধে তাঁহাকে এক বাণে বিদ্ধ করিলেন এবং এক বাণে ধ্বজ ও আর এক বাণে তাহার ধনু ছিন্ন করিলেন ॥ ১৪

সেনাপতি বিরাট সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া হস্তে অপর একটি সুদৃঢ় ধনু গ্রহণ করিলেন, যাহা ভার বহন করিতে সমর্থ ছিল ॥ ১৫

তিনি সেই ধনু দ্বারা প্রজ্বলিত সর্পসমূহসদৃশ বিষাক্ত নাগাকৃতিতুল্য বাণ নিক্ষেপ করিয়া তিন বাণে দ্রোণাচার্য্যকে এবং চার বাণে তাঁহার অশ্বগণকে বিদ্ধ করিলেন ॥ ১৬

পুনরায় এক বাণে ধ্বজ, পাঁচ বাণে সারথি ও এক বাণে ধনু বিদ্ধ করিলেন। ইহাতে দ্বিজশ্রেষ্ঠ দ্রোণাচার্য্য ক্রুদ্ধ হইলেন ॥ ১৭

ভরতশ্রেষ্ঠ! তারপর দ্রোণাচার্য্য আনতপর্ব্বযুক্ত আট বাণে বিরাটের অশ্বগণকে এবং এক বাণে সারথিকে বিনাশ করিলেন। ১৮

স হতাশ্বাদবপ্লুত্য স্যন্দনাদ্ধতসারথিঃ।
আরুরোহ রথং তূর্ণং পুত্রস্য রথিনাং বরঃ॥ ১৯
ততস্তু তৌ পিতাপুত্রৌ ভারদ্বাজং রথে স্থিতৌ।
মহতা শরবর্ষেণ বারয়ামাসতুর্বলাৎ॥ ২০
ভারদ্বাজস্ততঃ ক্রুদ্ধঃ শরমাশীবিষোপমম্।
চিক্ষেপ সমরে তূর্ণং শঙ্খং প্রতি জনেশ্বর॥ ২১
স তস্য হৃদয়ং ভিত্ত্বা পীত্বা শোণিতমাহবে।
জগাম ধরণীং বাণো লোহিতার্দ্রবরচ্ছদঃ॥ ২২
স পপাত রণে তূর্ণং ভারদ্বাজশরাহতঃ।
ধনুস্ত্যক্ত্বা শরাংশ্চৈব পিতুরেব সমীপতঃ॥ ২৩
হতং তমাত্মজং দৃষ্ট্বা বিরাটঃ প্রাদ্রবদ্ ভয়াৎ।
উৎসৃজ্য সমরে দ্রোণং ব্যাত্তাননমিবান্তকম্॥ ২৪
ভারদ্বাজস্ততস্তূর্ণং পাণ্ডবানাং মহাচমূম্।
দারয়ামাস সমরে শতশোঽথ সহস্রশঃ॥ ২৫
শিখণ্ডী তু মহারাজ দ্রৌণিমাসাদ্য সংযুগে।
আজঘান ভ্রুবোর্মধ্যে নারাচৈস্ত্রিভিরাশুগৈঃ॥ ২৬
স বভৌ রথশার্দূলো ললাটে সংস্থিতৈস্ত্রিভিঃ।
শিখরৈঃ কাঞ্চনময়ৈর্মেরুস্ত্রিভিরিবোচ্ছ্রিতৈঃ॥ ২৭
অশ্বত্থামা ততঃ ক্রুদ্ধো নিমেষার্ধাচ্ছিখণ্ডিনঃ।
ধ্বজং সূতমথো রাজংস্তুরগানায়ুধানি চ॥ ২৮
শরৈর্বহুভিরাচ্ছিদ্য পাতয়ামাস সংযুগে।
স হতাশ্বাদবপ্লুত্য রথাদ্ বৈ রথিনাং বরঃ॥ ২৯
খড়্গমাদায় সুশিতং বিমলঞ্চ শরাবরম্।
শ্যেনবদ্ ব্যচরৎ ক্রুদ্ধঃ শিখণ্ডী শত্রুতাপনঃ॥ ৩০
সখড়্গস্য মহারাজ চরতস্তস্য সংযুগে।
নান্তরং দদৃশে দ্রৌণিস্তদদ্ভুতমিবাভবৎ॥ ৩১
ততঃ শরসহস্রাণি বহূনি ভরতর্ষভ।
প্রেষয়ামাস সমরে দ্রৌণিঃ পরমকোপনঃ॥ ৩২
তামাপতন্তীং সমরে শরবৃষ্টিং সুদারুণাম্।
অসিনা তীক্ষ্ণধারেণ চিচ্ছেদ বলিনাং বরঃ॥ ৩৩

সারথি ও অশ্ব নিহত হইলে রথিগণের মধ্যে শ্রেষ্ঠ বিরাট অতি দ্রুত নিজ রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং স্বীয় পুত্রের রথে গিয়া আরোহণ করিলেন॥ ১৯

তারপর পিতা পুত্র উভয়ে একই রথে উপবিষ্ট হইয়া প্রভূত বাণবর্ষণের দ্বারা দ্রোণাচার্য্যকে বলপূর্ব্বক নিবারণ করিলেন॥ ২০

জনেশ্বর! তখন দ্রোণাচার্য্য কুপিত হইয়া সমরাঙ্গণে বিষধর সর্প-তুল্য একটি ভয়ঙ্কর বাণ অতি দ্রুত শঙ্খের উপর নিক্ষেপ করিলেন॥ ২১

এই বাণ শঙ্খের বক্ষঃস্থল ভেদ করিয়া রক্তপান করত রণাঙ্গনে ভূতলে প্রবেশ করিল। এই বাণের শ্রেষ্ঠ পক্ষ রক্তে আর্দ্র হইয়া লোহিত বর্ণ হইয়াছিল॥ ২২

দ্রোণাচার্য্যের বাণে আহত হইয়া শঙ্খ পিতা বিরাটের নিকটেই ধনুর্বাণ পরিত্যাগ করিয়া দ্রুতগতিতে রণভূমিতে পতিত হইলেন॥ ২৩

নিজ পুত্রকে নিহত হইতে দেখিয়া মুখ বিস্তারকারী কালের ন্যায় ভয়ানক দ্রোণাচার্য্যকে সমরস্থলে পরিহার করিয়া বিরাট ভয়বশতঃ পলায়ন করিলেন॥ ২৪

তখন দ্রোণাচার্য্য সংগ্রাম-ভূমিতে অতি দ্রুতগতিতে পাণ্ডবগণের বিশাল বাহিনীকে বিদীর্ণ করিতে লাগিলেন। ইহাতে শত শত সহস্র সহস্র যোদ্ধা ধরাশায়ী হইল॥ ২৫

মহারাজ! অপর দিকে শিখণ্ডী যুদ্ধভূমিতে অশ্বত্থামার নিকট যাইয়া তিনটি শীঘ্রগামী নারাচের দ্বারা তাঁহার ভ্রূদ্বয়ের মধ্যভাগে আঘাত করিলেন॥ ২৬

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ অশ্বত্থামা ললাটে সংসক্ত সেই তিনটি বাণের দ্বারা তিনটি উচ্চ স্বর্ণময় শিখরে যুক্ত মেরুপর্ব্বততুল্য শোভা পাইতে লাগিলেন॥ ২৭

রাজন্! তদনন্তর ক্রুদ্ধ অশ্বত্থামা অর্দ্ধ নিমেষের মধ্যেই বহু বাণে শিখণ্ডীর ধ্বজ, সারথি, অশ্বগণ ও আয়ুধসমূহকে ছিন্ন করিয়া ভূপাতিত করিলেন॥

রথিগণশ্রেষ্ঠ শত্রুসন্তাপী শিখণ্ডী অশ্ব নিহত হইলে সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং অত্যন্ত তীক্ষ্ণ ও নির্ম্মল তরবারি এবং ঢাল হাতে লইয়া ক্রুদ্ধচিত্তে শ্যেন পক্ষীর ন্যায় চারিদিকে বিচরণ করিতে লাগিলেন॥ ২৮-৩০

মহারাজ! তরবারি লইয়া যুদ্ধে বিচরণকারী শিখণ্ডীর অল্পও কোন ছিদ্র অশ্বত্থামা দেখিতে পাইলেন না। ইহা যেন তখন এক অদ্ভুত ব্যাপার বলিয়া মনে হইতে লাগিল॥ ৩১

ভরতশ্রেষ্ঠ! তখন অতি গোপনস্বভাব অশ্বত্থামা সমরাঙ্গণে শিখণ্ডীর উপর কয়েক হাজার বাণ বর্ষণ করিলেন॥ ৩২

বলবান্‌গণের মধ্যে শ্রেষ্ঠ শিখণ্ডী সমরক্ষেত্রে নিজের উপর পতিত অতিশয় ভয়ঙ্কর বাণবর্ষণকে তীক্ষ্ণধারাল তরবারিদ্বারা ছেদন করিয়া ফেলিলেন॥ ৩৩

ততোঽস্য বিমলং দ্রৌণিঃ শতচন্দ্রং মনোরমম্।
চর্মাচ্ছিনদসিং চাস্য খণ্ডয়ামাস সংযুগে ॥ ৩৪
শিতৈস্তু বহুশো রাজংস্তঞ্চ বিব্যাধ পত্রিভিঃ।
শিখণ্ডী তু ততঃ খড়্গং খণ্ডিতং তেন সায়কৈঃ ॥ ৩৫
আবিধ্য ব্যসৃজৎ তূর্ণং জ্বলন্তমিব পন্নগম্।
তমাপতন্তং সহসা কালানলসমপ্রভম্ ॥ ৩৬
চিচ্ছেদ সমরে দ্রৌণির্দর্শয়ন্ পাণিলাঘবম্।
শিখণ্ডিনঞ্চ বিব্যাধ শরৈর্বহুভিরায়সৈঃ ॥ ৩৭
শিখণ্ডী তু ভৃশং রাজংস্তাড্যমানঃ শিতৈঃ শরৈঃ।
আরুরোহ রথং তূর্ণং মাধবস্য মহাত্মনঃ ॥ ৩৮
সাত্যকিশ্চাপি সংক্রুদ্ধো রাক্ষসং ক্রূরমাহবে।
অলম্বুষং শরৈস্তীক্ষ্ণৈর্বিব্যাধ বলিনাং বরঃ ॥ ৩৯
রাক্ষসেন্দ্রস্ততস্তস্য ধনুশ্চিচ্ছেদ ভারত।
অর্ধচন্দ্রেণ সমরে তঞ্চ বিব্যাধ সায়কৈঃ ॥ ৪০

তখন অশ্বত্থামা শত চন্দ্রাকারচিহ্নে সুশোভিত শিখণ্ডীর পরম সুন্দর ঢাল ও নির্মল তরবারিকে যুদ্ধে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিয়া দিলেন ॥ ৩৪

রাজন্! তারপর পক্ষযুক্ত তীক্ষ্ণ বাণসমূহে শিখণ্ডীকে বিদ্ধ করিলেন। অশ্বত্থামার অস্ত্রসমূহের আঘাতে খণ্ডিত সেই তরবারিকে শিখণ্ডী সবেগে ঘুরাইয়া অতিসত্বর তাঁহার উপর নিক্ষেপ করিলেন। এই তরবারি তখন প্রজ্বলিত সর্পসদৃশ প্রকাশিত হইয়া উঠিল। নিজের দিকে আগত প্রলয়কালীন অগ্নিতুল্য তেজস্বী সেই তরবারিকে অশ্বত্থামা স্বীয় হস্তনৈপুণ্য দেখাইয়া সহসা ছেদন করিয়া ফেলিলেন। তাহার পর বহু লৌহময় বাণের দ্বারা শিখণ্ডীকেও বিদ্ধ করিলেন ॥ ৩৫-৩৭

রাজন্! অশ্বত্থামার তীক্ষ্ণবাণে শিখণ্ডী গুরুতর আহত হইয়া অতিক্রান্ত মহাত্মা সাত্যকির রথের উপর আরোহণ করিলেন ॥ ৩৮

এদিকে বলবান্দিগের মধ্যে শ্রেষ্ঠ সাত্যকিও অতিশয় ক্রুদ্ধ হইয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে সংগ্রামভূমিতে ক্রূর রাক্ষস অলম্বুষকে বিদ্ধ করিতে লাগিলেন ॥ ৩৯

ভারত! তখন রাক্ষসরাজ অলম্বুষ রণাঙ্গনে অর্দ্ধচন্দ্রাকার বাণের দ্বারা সাত্যকির ধনু ছেদন করিয়া ফেলিল এবং বহু অস্ত্র নিক্ষেপ করিয়া সাত্যকিকে বিদ্ধ করিতে লাগিল ॥ ৪০

মায়াঞ্চ রাক্ষসীং কৃত্বা শরবর্ষৈরবাকিরৎ।
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়স্য পরাক্রমম্ ॥ ৪১
অসম্ভ্রমস্তু সমরে বধ্যমানঃ শিতৈঃ শরৈঃ।
ঐন্দ্রমস্ত্রঞ্চ বার্ষ্ণেয়ো যোজয়ামাস ভারত ॥ ৪২
বিজয়াদ্ যদনুপ্রাপ্তং মাধবেন যশস্বিনা
তদস্ত্রং ভস্মসাৎ কৃত্বা মায়াং তাং রাক্ষসীং তদা ॥ ৪৩
অলম্বুষং শরৈরন্যৈরভ্যাকিরত সর্বতঃ।
পর্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকঃ ॥ ৪৪
তৎ তথা পীড়িতং তেন মাধবেন যশস্বিনা।
প্রদুদ্রাব ভয়াদ্ রক্ষস্ত্যক্ত্বা সাত্যকিমাহবে ॥ ৫৫
তমজেয়ং রাক্ষসেন্দ্রং সংখ্যে মঘবতা অপি।
শৈনেয়ঃ প্রাণদজ্জিত্বা যোধানাং তব পশ্যতাম্ ॥ ৪৬
ন্যহনৎ তাবকাংশ্চাপি সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
নিশিতৈর্বহুভির্বাণৈস্তেঽদ্রবন্ত ভয়াদিতাঃ ॥ ৪৭

তাহার পর সে রাক্ষসী মায়া বিস্তার করিয়া তাহার উপর প্রভূত বাণবর্ষণ আরম্ভ করিল। সেই সময় আমরা সাত্যকির অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥ ৪১

ভারত! তিনি সমরাঙ্গণে তীক্ষ্ণ বাণসমূহে পীড়িত হইয়াও বিভ্রান্ত হন নাই। সেই যশস্বী যদুকুলভূষণ সাত্যকি অর্জুনের নিকট হইতে যে অস্ত্রের শিক্ষালাভ করিয়াছিলেন, সেই ঐন্দ্রাস্ত্র প্রয়োগ করিলেন।

তখন সেই দিব্যাস্ত্র উক্ত রাক্ষসী মায়াকে ভস্মসাৎ করিয়া অলম্বুষের উপর অন্য সমস্ত বাণ সেইরূপে বর্ষণ করিতে লাগিলেন, যেরূপ বর্ষাকালে মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে ॥ ৪২-৪৪

মধুবংশভূষণ যশস্বী সাত্যকি কর্ত্তৃক এইভাবে পীড়িত হইতে থাকিলে সেই রাক্ষস অলম্বুষ ভয়ে সাত্যকিকে যুদ্ধস্থলে পরিত্যাগ করিয়া পলায়ন করিল ॥ ৪৫

যাহাকে ইন্দ্রও যুদ্ধে পরাজিত করিতে সমর্থ হন্ না, সেই রাক্ষসরাজ অলম্বুষকে আপনার যোদ্ধাগণের সাক্ষাতেই পরাজিত করিয়া সাত্যকি সিংহনাদ করিতে লাগিলেন ॥ ৪৬

তারপর সত্যপরাক্রম সাত্যকি স্বীয় তীক্ষ্ণবাণসমূহে আপনার অন্য যোদ্ধাদিগকেও বধ করিতে আরম্ভ করিলেন। সেই সময় তাঁহার ভয়ে পীড়িত সকল যোদ্ধারা পলায়ন করিতে লাগিল ॥ ৪৭

এতাস্মিন্নেব কালে তু দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ পুত্রং তব জনেশ্বরম্॥ ৪৮
ছাদয়ামাস সমরে শরৈঃ সন্নতপর্বভিঃ।
স ছাদ্যমানো বিশিখৈর্ধৃষ্টদ্যুম্নেন ভারত॥ ৪৯
বিব্যথে ন চ রাজেন্দ্র তব পুত্রো জনেশ্বর।
ধৃষ্টদ্যুম্নঞ্চ সমরে তূর্ণং বিব্যাধ পত্রিভিঃ॥ ৫০
ষষ্ট্যা চ ত্রিংশতা চৈব তদদ্ভুতমিবাভবৎ।
তস্য সেনাপতিঃ ক্রুদ্ধো ধনুশ্চিচ্ছেদ মারিষ॥ ৫১
হয়াংশ্চ চতুরঃ শীঘ্রং নিজঘান মহাবলঃ।
শরৈশ্চৈনং সুনিশিতৈঃ ক্ষিপ্রং বিব্যাধ সপ্তভিঃ॥ ৫২
স হতাশ্বান্মহাবাহুরবপ্লুত্য রথাদ্ বলী।
পদাতিরসিমুদ্যম্য প্রাদ্রবৎ পার্ষতং প্রতি॥ ৫৩
শকুনিস্তং সমভ্যেত্য রাজগৃদ্ধী মহাবলঃ।
রাজানং সর্বলোকস্য রথমারোপয়ৎ স্বকম॥ ৫৪

মহারাজ! এই সময় দ্রুপদের বলবান্ পুত্র ধৃষ্টদ্যুম্ন আপনার পুত্র রাজা দুর্য্যোধনকে রণস্থলে আনতপর্ব্বযুক্ত বাণসমূহে আচ্ছাদিত করিয়া ফেলিলেন।

ভরতনন্দন! রাজেন্দ্র! জনেশ্বর! ধৃষ্টদ্যুম্নের বাণসমূহে আচ্ছাদিত হইয়াও আপনার পুত্র দুর্য্যোধনের মনে কোন ব্যথা হইল না। তিনি যুদ্ধস্থলে ধৃষ্টদ্যুম্নকে নব্বইটি তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। তখন ইহা যেন এক অদ্ভুত ঘটনা সংঘটিত হইল।

আর্য্য! সেই সময় মহাবল পাণ্ডব সেনাপতি ধৃষ্টদ্যুম্নও কুপিত হইয়া দুর্য্যোধনের ধনু ছেদন করিলেন এবং অতি দ্রুত তাঁহার চারিটি অশ্বকে বধ করিলেন। তাহার পর অত্যন্ত তীক্ষ্ণ সাতটি বাণদ্বারা সত্বরতার সহিত দুর্য্যোধনকেও বিদ্ধ করিলেন॥ ৪৮-৫২

অশ্ব নিহত হইলে বলবান্ মহাবাহু দুর্য্যোধন স্বীয় রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং তরবারি উত্তোলিত করিয়া ধৃষ্টদ্যুম্নের দিকে পায়ে হাঁটিয়াই দৌড়াইতে লাগিলেন॥ ৫৩

সেই সময় মহাবল শকুনি, যিনি রাজাকে সর্ব্বপ্রকারে কামনা করেন, তিনি নিকটে আসিয়া জগতের অধিপতি দুর্য্যোধনকে স্বীয় রথে আরোহণ করাইলেন॥ ৫৪

ততো নৃপং পরাজিত্য পার্ষতঃ পরবীরহা।
ন্যহনৎ তাবকং সৈন্যং বজ্রপাণিরিবাসুরান্॥ ৫৫
কৃতবর্মা রণে ভীমং শরৈরার্চ্ছন্মহারথঃ।
প্রচ্ছাদয়ামাস চ তং মহামেঘো রবিং যথা॥ ৫৬
ততঃ প্রহস্য সমরে ভীমসেনঃ পরন্তপঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সায়কান্ কৃতবর্মণে॥ ৫৭
তৈরর্দ্যমানোঽতিরথঃ সাত্বতঃ সত্যকোবিদঃ।
নাকম্পত মহারাজ ভীমং চার্চ্ছচ্ছিতৈঃ শরৈঃ॥ ৫৮
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা ভীমসেনো মহারথঃ।
সারথিং পাতয়ামাস সধ্বজং সুপরিষ্কৃতম্॥ ৫৯
শরৈর্বহুবিধৈশ্চৈনমাচিনোৎ পরবীরহা।
শকলীকৃত সর্বাঙ্গো হতাশ্বঃ প্রত্যদৃশ্যত॥ ৬০
হতাশ্বশ্চ ততস্তূর্ণং বৃষকস্য রথং যযৌ।
শ্যালস্য তে মহারাজ তব পুত্রস্য পশ্যতঃ॥ ৬১

তখন শত্রুবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন রাজা দুর্য্যোধনকে পরাজিত করিয়া আপনার সৈন্যগণকে সেইরূপ বিনাশ করিতে আরম্ভ করিলেন, যেরূপ বজ্রধারী ইন্দ্র অসুরদিগকে বিনাশ করিয়া থাকেন॥ ৫৫

অন্যদিকে মহারথী কৃতবর্ম্মা রণাঙ্গনে ভীমসেনকে স্বীয়-বাণসমূহে পীড়িত করিতে লাগিলেন এবং মহামেঘ যেরূপ সূর্য্যকে আচ্ছাদিত করিয়া থাকে, সেইরূপ বাণসমূহে তাঁহাকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন॥ ৫৬

তখন শত্রুসন্তাপক ভীমসেন যুদ্ধে হাস্য করত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া কৃতবর্ম্মার উপর বহু বাণ নিক্ষেপ করিলেন॥ ৫৭

মহারাজ! সেই বাণসমূহে অত্যন্ত পীড়িত হইয়াও অতিরথী এবং সত্যপ্রতিজ্ঞ সাত্বতবংশীয় কৃতবর্ম্মা বিচলিত হইলেন না। তিনি পুনরায় ভীমসেনকে তীক্ষ্ণ বাণসমূহে পীড়িত করিতে লাগিলেন॥ ৫৮

তখন মহারথী ভীমসেন তাঁহার চারিটি অশ্বকে বধ করিয়া সুসজ্জিত রথকেও ছেদন করত ভূপাতিত করিলেন॥ ৫৯

তাহার পর শত্রুবীরহন্তা ভীমসেন বহুবিধ বাণের দ্বারা কৃতবর্ম্মার সমস্ত শরীর ক্ষত-বিক্ষত করিয়া দিলেন। তাঁহার অশ্বও পূর্ব্বেই নিহত হইয়াছিল। সেই সময় তাঁহার সকল অঙ্গই ভীমসেনের বাণে ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে দেখা যাইল॥ ৬০

মহারাজ! তখন অশ্ব নিহত হইয়া যাইলে কৃতবর্ম্মা আপনার পুত্রের সম্মুখেই নিজের সম্বন্ধী বৃষকের রথে গিয়া আরোহণ করিলেন॥ ৬১

ভীমসেনোঽপি সংক্রুদ্ধস্তব সৈনমুপাদ্রবৎ।
নিজঘান চ সংক্রুদ্ধো দণ্ডপাণিরিবান্তকঃ ॥ ৬২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি দ্বৈরথে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮২

এদিকে ভীমসেনও অত্যন্ত কুপিত হইয়া আপনার সৈন্যগণের উপর ধাবিত হইলেন এবং দণ্ডপাণি যমের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধচিত্তে তাহাদের সংহার করিতে লাগিলেন ॥ ৬২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বৈরথ-যুদ্ধবিষয়ক দ্ব্যশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

[ইরাবতা বিন্দানুবিন্দয়োঃ পরাজয়ঃ, ভগদত্তেন ঘটোৎকচস্য পরাভবঃ, মদ্ররাজ-শল্যং জিত্বা নকুল-সহদেবয়োর্জয়লাভশ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ।

বহূনি হি বিচিত্রাণি দ্বৈরথানি স্ম সঞ্জয়।
পাণ্ডূনাং মামকৈঃ সার্ধমশ্রৌষং তব জল্পতঃ ॥ ১
ন চৈবং মামকং কিঞ্চিদ্ধৃষ্টং শংসসি সঞ্জয়।
নিত্যং পাণ্ডুসুতান্ হৃষ্টানভগ্নান্ সম্প্রশংসসি ॥ ২
জীয়মানান্ বিমনসো মামকান্ বিগতৌজসঃ।
বদসে সংযুগে সূত দিষ্টমেতন্ন সংশয়ঃ ॥ ৩

সঞ্জয় উবাচ।

যথাশক্তি যথোৎসাহং যুদ্ধে চেষ্টন্তি তাবকাঃ।
দর্শয়ানাঃ পরং শক্ত্যা পৌরুষং পুরুষর্ষভ ॥ ৪
গঙ্গায়াঃ সুরনদ্যা বৈ স্বাদু ভূত্বা যথোদকম্।
মহোদধের্গুণাভ্যাসাল্লবণত্বং নিগচ্ছতি ॥ ৫
তথা তৎ পৌরুষং রাজংস্তাবকানাং পরন্তপ।
প্রাপ্য পাণ্ডুসুতান্ বীরান্ ব্যর্থং ভবতি সংযুগে ॥ ৬
ঘটমানান্ যথাশক্তি কুর্ব্বাণান্ কর্ম্ম দুষ্করম্।
ন দোষেণ কুরুশ্রেষ্ঠ কৌরবান গন্তুমর্হসি ॥ ৭
তবাপরাধাৎ সুমহান্ সপুত্রস্য বিশাম্পতে।
পৃথিব্যাঃ প্রক্ষয়ো ঘোরো যমরাষ্ট্রবিবর্ধনঃ ॥ ৮
আত্মদোষাৎ সমুৎপন্নং শোচিতুং নার্হসে নৃপ।
ন হি রক্ষন্তি রাজানঃ সর্বথাত্রাপি জীবিতম্ ॥ ৯

ত্র্যশীতিতম অধ্যায়।

[ইরাবান্ কর্ত্তৃক বিন্দ ও অনুবিন্দের পরাজয়, ভগদত্তের নিকট ঘটোৎকচের পরাভব এবং মদ্ররাজ শল্যকে জয় করিয়া নকুল-সহদেবের বিজয়লাভ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! আমি তোমার মুখ হইতে এখন পর্য্যন্ত পাণ্ডবগণের আমার পুত্রদের সহিত যে বহু বিচিত্র দ্বৈরথ যুদ্ধ হইয়াছিল, তাহার বর্ণনা শ্রবণ করিলাম ॥ ১

সূত! কিন্তু তুমি আমার পক্ষে সংঘটিত কোন হর্ষজনক বাক্য এখনও বলিলে না, বরং পাণ্ডবগণেরই প্রতিদিন হর্ষপূর্ণ ও অপরাজিত থাকারই সংবাদ বলিতেছ ॥ ২

আমার পুত্রেরা তেজ ও বলহীন, বিমনা এবং যুদ্ধে পরাজিত —এই কথাই বলিতেছ। সঞ্জয়! এ সমস্ত প্রারব্ধেরই ফল— ইহাতে কোন সংশয় নাই ॥ ৩

সঞ্জয় বলিলেন,—পুরুষশ্রেষ্ঠ! আপনার পুত্রগণও পূর্ণ শক্তিতে পুরুষার্থ দেখাইতে দেখাইতে স্বীয় বল ও উৎসাহ অনুসারে যুদ্ধে সফলতালাভ করিবার চেষ্টা করিতেছেন ॥ ৪

পরন্তপ! নরেশ! যেরূপ দেবনদী গঙ্গার জল স্বাদিষ্ট হইয়াও মহাসাগরের সহিত সংযোগবশতঃ তাহার গুণ সংমিশ্রণ হইয়া যাওয়ায় লবণাক্ত হয়, সেইরূপ আপনার পুত্রদিগের পুরুষার্থ যুদ্ধে বীর পাণ্ডবগণ পর্য্যন্ত যাইয়া ব্যর্থ হইয়া পড়িতেছে ॥ ৫-৬

কুরুশ্রেষ্ঠ! কৌরবগণ যথাশক্তি জয়লাভের জন্য প্রযত্ন করিতেছেন এবং দুষ্কর কর্ম্মও করিতেছেন, অতএব তাহাদের উপর দোষারোপ করা আপনার উচিত নয় ॥ ৭

প্রজানাথ! পুত্রসহ আপনার অপরাধেই এই ভূমণ্ডলের মহাভয়ঙ্কর সংহার হইতেছে এবং তাহাতে যমলোক দিনে দিনে বর্দ্ধিতই হইতেছে ॥ ৮

নরেশ্বর! আপনি নিজেরই দোষে যে মহাসঙ্কট প্রাপ্ত হইয়াছেন, তাহার জন্য আপনার শোক করা উচিত নয়। (আপনারই অপরাধের জন্য) ভূতলের এই রাজারাও সর্ব্বতোভাবে চেষ্টা করিয়াও নিজেদের জীবন রক্ষা করিতে পারিতেছেন না ॥ ৯

যুদ্ধে সুকৃতিনাং লোকানিচ্ছন্তো বসুধাধিপাঃ।
চমূং বিগাহ্য যুধ্যন্তে নিত্যং স্বর্গপরায়ণাঃ ॥ ১০
পূর্বাহ্ণে তু মহারাজ প্রাবর্তত জনক্ষয়ঃ।
তং ত্বমেকমনা ভূত্বা শৃণু দেবাসুরোপমম্ ॥ ১১
আবন্ত্যৌ তু মহেষ্বাসৌ মহাসেনৌ মহাবলৌ।
ইরাবন্তমভিপ্রেক্ষ্য সমেয়াতাং রণোৎকটৌ ॥ ১২
তেষাং প্রববৃতে যুদ্ধং সুমহল্লোমহর্ষণম্।
ইরাবাংস্তু সুসংক্রুদ্ধো ভ্রাতরৌ দেবরূপিণৌ ॥ ১৩
বিব্যাধ নিশিতৈস্তূর্ণং শরৈঃ সন্নতপর্বভিঃ।
তাবেনং প্রত্যবিধ্যেতাং সমরে চিত্রযোধিনৌ ॥ ১৪
যুধ্যতাং হি তথা রাজন্ বিশেষো ন ব্যদৃশ্যত।
যততাং শত্রুনাশায় কৃতপ্রতিকৃতৈষিণাম্ ॥ ১৫
ইরাবাংস্তু ততো রাজন্ননুবিন্দস্য সায়কৈঃ।
চতুর্ভিশ্চতুরো বাহাননয়দ্ যমসাদনম্ ॥ ১৬

ভল্লাভ্যাঞ্চ সুতীক্ষ্ণাভ্যাং ধনুঃ কেতুঞ্চ মারিষ।
চিচ্ছেদ সমরে রাজংস্তদদ্ভুতমিবাভবৎ ॥ ১৭
ত্যক্ত্বানুবিন্দোঽথ রথং বিন্দস্য রথমাস্থিতঃ।
ধনুর্গৃহীত্বা পরমং ভারসাধনমুত্তমম্ ॥ ১৮
তাবেকস্থৌ রণে বীরাবাবন্ত্যৌ রথিনাং বরৌ।
শরান্ মুমুচতুস্তূর্ণমিরাবতি মহাত্মনি ॥ ১৯
তাভ্যাং মুক্তা মহাবেগাঃ শরাঃ কাঞ্চনভূষণাঃ।
দিবাকরপথং প্রাপ্য চ্ছাদয়ামাসুরম্বরম্ ॥ ২০
ইরাবাংস্তু রণে ক্রুদ্ধো ভ্রাতরৌ তৌ মহারথৌ।
ববর্ষ শরবর্ষেণ সারথিং চাপ্যপাতয়ৎ ॥ ২১
তস্মিংস্তু পতিতে ভূমৌ গতসত্ত্বে তু সারথৌ।
রথঃ প্রদুদ্রাব দিশঃ সমুদ্ভ্রান্তহয়স্ততঃ ॥ ২২
তৌ স জিত্বা মহারাজ নাগরাজসুতাসুতঃ।
পৌরুষং খ্যাপয়ংস্তূর্ণং ব্যধমৎ তব বাহিনীম্ ॥ ২৩

এই সব ভূপতিগণ যুদ্ধে পুণ্যাত্মাদিগের প্রাপ্য লোকসমূহ লাভ করিতে অভিলাষী হইয়া শত্রুসৈন্যদের মধ্যে প্রবেশ করত যুদ্ধ করিতেছিলেন এবং স্বর্গই তাঁহাদের তখন পরম লক্ষ্য ছিল ॥ ১০

মহারাজ! সেই দিন পূর্বাহ্ণকালে অতিশয় জনক্ষয় হইয়াছিল। আপনি একাগ্রচিত্ত দেবাসুর-সংগ্রামতুল্য মহাভয়ঙ্কর সেই যুদ্ধের সংবাদ শ্রবণ করুন ॥ ১১

অবন্তীদেশের মহাবলশালী, মহাধনুর্দ্ধর ও বিশাল সৈন্যবাহিনীযুক্ত রাজকুমার বিন্দ ও অনুবিন্দ যুদ্ধে উন্মত্ত হইয়া যুদ্ধ করিতে করিতে সম্মুখে অর্জুনপুত্র ইরাবান্‌কে দেখিয়া তাঁহার সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥ ১২

এই তিন বীরের সেই যুদ্ধ অত্যন্ত রোমাঞ্চকারী ছিল। ইরাবান্ কুপিত হইয়া দেবতাদের ন্যায় রূপবান্ বিন্দ ও অনুবিন্দ এই দুই ভ্রাতাকে আনতপর্ব্বযুক্ত তীক্ষ্ণ বাণসমূহে অতিদ্রুত বিদ্ধ করিতে লাগিলেন। তাঁহারাও উভয়ে সমরাঙ্গণে বিচিত্র পদ্ধতিতে যুদ্ধ করিতেছিলেন, সুতরাং ইঁহারাও ইরাবান্‌কে বাণবিদ্ধ করিতে লাগিলেন। ১৩-১৪

রাজন্! উভয়পক্ষের যোদ্ধারাই নিজ নিজ শত্রুদিগকে বিনাশ করিতে প্রযত্নশীল ছিলেন। তাঁহারা সকলেই পরস্পরের কৃত অস্ত্রপ্রহার নিবারণ করিতে অভিলাষী ছিলেন, সুতরাং যুদ্ধের সময় তাঁহাদের কোন পার্থক্যই বুঝা যাইতেছিল না ॥ ১৫

রাজন্! সেই সময় ইরাবান্ নিজ চারিটি বাণের দ্বারা অনুবিন্দের চারিটি অশ্বকে যমলোকে পাঠাইয়া দিলেন। ১৬

আর্য! রাজন্! তারপর দুইটি তীক্ষ্ণ ভল্লের দ্বারা তিনি যুদ্ধে অনুবিন্দের ধনু ও ধ্বজ ছেদন করিয়া ফেলিলেন। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা ঘটিয়া যাইল ॥ ১৭

তারপর অনুবিন্দ নিজ রথ পরিত্যাগ করিয়া বিন্দের রথে গিয়া আরোহণ করিলেন এবং ভারবহন করিতে সমর্থ অন্য একটি অত্যুত্তম ধনু গ্রহণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ১৮

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ এই দুই অবন্তীদেশের বীর রণাঙ্গনে একই রথে উপবিষ্ট থাকিয়া অতিদ্রুত গতিতে মহাত্মা ইরাবানের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ১৯

এই উভয় বীরের নিক্ষিপ্ত মহাবেগশালী স্বর্ণভূষিত বাণসমূহ সূর্যদেবের পথে উপস্থিত হইয়া আকাশকে আচ্ছাদিত করিয়া ফেলিল ॥ ২০

তখন ইরাবান্‌ও রণাঙ্গনে ক্রুদ্ধ হইয়া সেই বীর দুই ভ্রাতার উপর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন এবং তাঁহাদের সারথিকে ভূপাতিত করিলেন ॥২১

সারথি প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইলে সেই রথের অশ্বগণ বিশেষভাবে বিভ্রান্ত হইয়া চরিদিক্ দিয়া দৌড়াইতে দৌড়াইতে পলায়ন করিতে লাগিল ॥ ২২

মহারাজ! ইরাবান্ নাগরাজকন্যা উলূপীর পুত্র ছিলেন। তিনি বিন্দ ও অনুবিন্দকে পরাজিত করিয়া স্বীয় পুরুষার্থ দেখাইতে দেখাইতে অতিসত্বর আপনার সৈন্যদিগকে সংহার করিতে আরম্ভ করিলেন। ২৩

সা বধ্যমানা সমরে ধার্ত্তরাষ্ট্রী মহাচমূঃ।
বেগান্ বহুবিধাংশ্চক্রে বিষং পীত্বেব মানবঃ ॥ ২৪
হৈড়িম্বো রাক্ষসেন্দ্রস্তু ভগদত্তং সমাদ্রবৎ।
রথেনাদিত্যবর্ণেন সধ্বজেন মহাবলঃ ॥ ২৫
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা নাগরাজং সমাস্থিতঃ।
যথা বজ্রধরঃ পূর্ব্বং সংগ্রামে তারকাময়ে ॥ ২৬
তত্র দেবাঃ সগন্ধর্ব্বা ঋষয়শ্চ সমাগতাঃ।
বিশেষং ন স্ম বিবিদুর্হৈড়িম্ব-ভগদত্তয়োঃ ॥ ২৭
যথা সুরপতিঃ শক্রস্ত্রাসয়ামাস দানবান্।
তথৈব সমরে রাজা দ্রাবয়ামাস পাণ্ডবান্ ॥ ২৮
তেন বিদ্রাব্যমাণাস্তে পাণ্ডবাঃ সর্ব্বতো দিশম্।
ত্রাতারং নাভ্যগচ্ছন্ত স্বেষনীকেষু ভারত ॥ ২৯
ভৈমসেনিং রথস্থং তু তত্রাপশ্যাম ভারত।
শেষা বিমনসো ভূত্বা প্রাদ্রবন্ত মহারথাঃ ॥ ৩০

রণাঙ্গনে ইরাবান্ কর্তৃক পীড়িত হইয়া আপনার বিশাল সৈন্যবাহিনী বিষপানকারী মানুষের ন্যায় নানাপ্রকার উদ্বেগ প্রকাশ করিতে লাগিল ॥ ২৪

অপরদিকে রাক্ষসরাজ মহাবল ঘটোৎকচ সূর্য্যতুল্য তেজস্বী ও ধ্বজযুক্ত রথের দ্বারা ভগদত্তের উপর আক্রমণ করিল ॥ ২৫

যেরূপ পুরাকালে তারকাময় সংগ্রামের সময় বজ্রধারী ইন্দ্র ঐরাবতনামক হাতীতে আরোহণ করিয়া যুদ্ধের জন্য গমন করিয়াছিলেন, সেইরূপ এই মহাযুদ্ধে প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি রাজা ভগদত্ত এক গজরাজে আরোহণ করত যুদ্ধের জন্য উপস্থিত হইলেন ॥ ২৬

তখন সেখানে যুদ্ধ দেখিবার জন্য সমাগত দেবতা, গন্ধর্ব্ব এবং ঋষিগণ ঘটোৎকচ ও ভগদত্তের মধ্যে পরাক্রমের কোন পার্থক্য বুঝিতে পারেন নাই ॥ ২৭

যেরূপ দেবরাজ ইন্দ্র দানবদিগকে ভীত করিয়া থাকেন, সেইরূপ ভগদত্ত পাণ্ডবসৈন্যগণকে ভীত করিয়া তাহাদিগকে পলাইয়া যাইতে বাধ্য করিলেন ॥ ২৮

ভারত! ভগদত্ত কর্তৃক বিতাড়িত হইয়া পাণ্ডবসৈন্যগণ চারিদিকে পলায়ন করিতে করিতে নিজেদের মধ্যে কাহাকেও রক্ষাকর্ত্তারূপে পাইল না ॥ ২৯

হে ভারত! সেই সময় সেখানে আমরা কেবল ভীম-পুত্র ঘটোৎকচকেই রথের উপর স্থিরভাবে বসিয়া থাকিতে দেখিলাম। অবশিষ্ট সকল মহারথীরাও বিমনা হইয়া পলায়ন করিলেন ॥ ৩০

নিবৃত্তেষু তু পাণ্ডূনাং পুনঃ সৈন্যেষু ভারত।
আসীন্নিষ্ঠানকো ঘোরস্তব সৈন্যস্য সংযুগে ॥ ৩১
ঘটোৎকচস্ততো রাজন্ ভগদত্তং মহারণে।
শরৈঃ প্রচ্ছাদয়ামাস মেরুং গিরিমিবাম্বুদঃ ॥ ৩২
নিহত্য তান্ শরান্ রাজা রাক্ষসস্য ধনুশ্চ্যুতান্।
ভৈমসেনিং রণে তূর্ণং সর্ব্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥ ৩৩
স তাড্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ন বিব্যথে রাক্ষসেন্দ্রো ভিদ্যমান ইবাচলঃ ॥ ৩৪
তস্য প্রাগ্‌জ্যোতিষঃ ক্রুদ্ধস্তোমরাংশ্চ চতুর্দ্দশ।
প্রেষয়ামাস সমরে তাংশ্চিচ্ছেদ স রাক্ষসঃ ॥ ৩৫
স তাংশ্ছিত্ত্বা মহাবাহুস্তোমরান্ নিশিতৈঃ শরৈঃ।
ভগদত্তঞ্চ বিব্যাধ সপ্তত্যা কঙ্কপত্রিভিঃ ॥ ৩৬
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা প্রহসন্নিব ভারত।
তস্যাশ্বাংশ্চতুরঃ সংখ্যে পাতয়ামাস সায়কৈঃ ॥ ৩৭

ভরতবংশধর! তারপর যখন পাণ্ডব সৈন্যগণ পুনরায় রণাঙ্গনে ফিরিয়া আসিলেন, তখন সেই রণক্ষেত্রে আপনার সৈন্যদের মধ্যে ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল ॥ ৩১

রাজন্! সেই সময় এই মহাযুদ্ধে ঘটোৎকচ স্বীয় বাণসমূহে ভগদত্তকে সেইরূপে আচ্ছাদিত করিয়া ফেলিল, যেরূপ জল-বর্ষণশীল মেঘ মেরু পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে ॥ ৩২

রাক্ষস ঘটোৎকচের ধনু হইতে নিক্ষিপ্ত সমস্ত বাণই রাজা ভগদত্ত ব্যর্থ করিয়া দিয়া রণস্থলে অতিক্রুত ঘটোৎকচের সকল মর্ম্মস্থানের উপর প্রহার করিলেন ॥ ৩৩

আনতপর্ব্বযুক্ত বহু বাণে আহত হইয়াও বিদারিত পর্ব্বতের ন্যায় রাক্ষসরাজ ঘটোৎকচ ব্যথিত ও বিচলিত হইল না ॥ ৩৪

তখন প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত ক্রুদ্ধ হইয়া ঘটোৎকচের উপর চৌদ্দটি তোমর নিক্ষেপ করিল, কিন্তু এই গুলিকে ঘটোৎকচ রণাঙ্গনে ছেদন করিয়া দিলেন ॥ ৩৫

সেই তোমরগুলিকে তীক্ষ্ণবাণে ছেদন করিয়া মহাবাহু ঘটোৎকচ কঙ্কপত্রযুক্ত সত্তরটি বাণে ভগদত্তকে বিদ্ধ করিলেন ॥ ৩৬

ভারত! তখন প্রাগ্‌জ্যোতিষপুরের রাজা ভগদত্ত যেন হাস্য করিতে করিতেই সেই যুদ্ধে স্বীয় বাণসমূহে ঘটোৎকচের চারিটি অশ্বকে ভূতলে পাতিত করিলেন ॥ ৩৭

স হতাশ্বে রথে তিষ্ঠন্ রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্।
শক্তিং চিক্ষেপ বেগেন প্রাগ্‌জ্যোতিষগজং প্রতি ॥৩৮

তামাপতন্তীং সহসা হেমদণ্ডাং সুবেগিনীম্।
ত্রিধা চিচ্ছেদ নৃপতিঃ সা ব্যকীর্য্যত মেদিনীম্ ॥ ৩৯

শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা হৈড়িম্বঃ প্রাদ্রবদ্ ভয়াৎ।
যথেন্দ্রস্য রণাৎ পূর্বং নমুচির্দৈত্যসত্তমঃ ॥ ৪০

তং বিজিত্য রণে শূরং বিক্রান্তং খ্যাতপৌরুষম্।
অজেয়ং সমরে বীরং যমেন বরুণেন চ ॥ ৪১

পাণ্ডবীং সমরে সেনাং সম্মমর্দ স কুঞ্জরঃ।
যথা বনগজো রাজন্ মৃদ্‌নংশ্চরতি পদ্মিনীম্ ॥ ৪২

মদ্রেশ্বরস্তু সমরে যমাভ্যাং সমসজ্জত।
স্বস্রীয়ৌ ছাদয়াঞ্চক্রে শরৌঘৈঃ পাণ্ডুনন্দনৌ ॥ ৪৩

সহদেবস্তু সমরে মাতুলং দৃশ্য সঙ্গতম্।
অবারয়চ্ছরৌঘেণ মেঘো যদ্বদ্ দিবাকরম্ ॥ ৪৪

ছাদ্যমানঃ শরৌঘেণ হৃষ্টরূপতরোঽভবৎ।
তয়োশ্চাপ্যভবৎ প্রীতিরতুলা মাতৃকারণাৎ ॥ ৪৫

ততঃ প্রহস্য সমরে নকুলস্য মহারথঃ।
(ধ্বজং চিচ্ছেদ বাণেন ধনুশ্চৈকেন মারিষ ॥

অথৈনং ছিন্নধন্বানং ছাদয়ন্নিব ভারত।
নিজঘান রণে তং তু সূতং চাস্য ন্যপাতয়ৎ ॥)

অশ্বাংশ্চ চতুরো রাজংশ্চতুর্ভিঃ সায়কোত্তমৈঃ ॥ ৪৬
প্রেষয়ামাস সমরে যমস্য সদনং প্রতি।

হতাশ্বাৎ তু রথাৎ তূর্ণমবপ্লুত্য মহারথঃ ॥ ৪৭
আরুরোহ ততো যানং ভ্রাতুরেব যশস্বিনঃ।

একস্থৌ তু রণে শূরৌ দৃঢ়ে বিক্ষিপ্য কার্মুকৌ ॥ ৪৮
মদ্ররাজরথং তূর্ণং ছাদয়ামাসতুঃ ক্ষণাৎ।

স ছাদ্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্বভিঃ ॥ ৪৯
স্বস্রীয়াভ্যাং নরব্যাঘ্রো নাকম্পত যথাচলঃ।
প্রহসন্নিব তাং চাপি শস্ত্রবৃষ্টিং জঘান হ ॥ ৫০

অশ্ব নিহত হইলেও সেই রথের উপবিষ্ট থাকিয়া প্রতাপশালী রাক্ষসরাজ ঘটোৎকচ ভগদত্তের হস্তীর উপর তীব্রবেগে একটি শক্তি নিক্ষেপ করিল ॥ ৩৮

এই শক্তি স্বর্ণময় দণ্ডে যুক্ত ছিল। ইহার বেগও ছিল অতিশয়। এই শক্তিকে সহসা আসিতে দেখিয়া রাজা ভগদত্ত উহাকে তিনখণ্ড করিয়া ফেলিলেন; তখন উহা পৃথিবীতে ছড়াইয়া পড়িল ॥ ৩৯

নিজ শক্তিকে খণ্ডিত দেখিয়া হিড়িম্বানন্দন ঘটোৎকচ ভগদত্তের ভয়ে সেইরূপে পলায়ন করিল, যেরূপ পুরাকালে দেবরাজ ইন্দ্রের সহিত যুদ্ধ করিতে করিতে দৈত্যরাজ নমুচি রণাঙ্গন হইতে পলায়ন করিয়াছিলেন ॥ ৪০

রাজন্! ঘটোৎকচ স্বীয় পৌরুষের জন্য বিখ্যাত পরাক্রমশালী ও বীর ছিলেন। বরুণ এবং যমরাজও এই বীরকে সংগ্রামে পরাজিত করিতে সমর্থ হন না। এইরূপ বীরকেও রণাঙ্গনে জয় করিয়া ভগদত্তের সেই হাতী সমরভূমিতে পাণ্ডবসৈন্যগণকে সেইভাবে মর্দন করিতে লাগিল, যেরূপ বনহস্তী সরোবরের পদ্মকে মথিত করিতে করিতে বিচরণ করিয়া থাকে ॥ ৪১-৪২

অপর দিকে মদ্ররাজ শল্য যুদ্ধে নিজ ভাগিনেয় (ভগিনীপুত্র) নকুল ও সহদেবের সহিত মিলিত হইলেন। তিনি পাণ্ডুকুলের আনন্দপ্রদ দুই ভাগিনেয়কে স্বীয় বাণসমূহে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৪৩

সহদেব নিজের মাতুল শল্যকে যুদ্ধে আসক্ত দেখিয়া যেরূপ মেঘ সূর্যকে আবৃত করিয়া থাকে, সেইরূপ তিনিও স্বীয় বাণসমূহে শল্যকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৪৪

তাঁহার বাণসমূহে আচ্ছাদিত হইয়াও শল্য অতিশয় প্রসন্ন রহিলেন। নিজ জননীর জন্যও নকুল এবং সহদেবের মনে তাঁহার উপর অতুলনীয় প্রীতি ছিল ॥ ৪৫

আর্য্য! তখন মহারথী শল্য রণাঙ্গনে হাস্য করিতে করিতেই এক বাণে নকুলের ধ্বজ এবং অপর বাণে তাঁহার ধনু ছেদন করিলেন। ভারত! ধনু ছিন্ন হইবার পর তাঁহাকে বাণে আচ্ছাদিত করিতে করিতে যুদ্ধস্থলে তাঁহার সারথিকেও বিনাশ করিলেন। রাজন্! তারপর তিনি চারিটি উত্তম বাণের দ্বারা নকুলের চারিটি অশ্বকেও যমলোকে প্রেরণ করিলেন। অশ্ব নিহত হইলে মহারথী নকুল অতিসত্বর সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং যশস্বী ভ্রাতা সহদেবের রথে গিয়া আরোহণ করিলেন ॥

তদনন্তর একই রথে উপবিষ্ট হইয়া দুই বীর ক্ষণকালের মধ্যেই নিজ নিজ সুদৃঢ় ধনু আকর্ষণ করিয়া রণভূমিতে মদ্ররাজ শল্যের রথকে সত্বর বাণদ্বারা আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥

নিজ দুই ভাগিনেয়ের দ্বারা নিক্ষিপ্ত আনতপর্ব্বযুক্ত বহু সংখ্যক

সহদেবস্ততঃ ক্রুদ্ধঃ শরমুদ্‌গৃহ্য বীর্য্যবান্ ।
মদ্ররাজমভিপ্রেক্ষ্য প্রেষয়ামাস ভারত ॥ ৫১
স শরঃ প্রেষিতস্তেন গরুড়ানিলবেগবান্ ।
মদ্ররাজং বিনির্ভিদ্য নিপপাত মহীতলে ॥ ৫২
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থে মহারথঃ ।
নিষসাদ মহারাজ কশ্মলঞ্চ জগাম হ ॥ ৫৩
তং বিসংজ্ঞং নিপতিতং সূতঃ সম্প্রেক্ষ্য সংযুগে ।
অপোবাহ রথেনাজৌ যমাভ্যামভিপীড়িতম্ ॥ ৫৪
দৃষ্ট্বা মদ্রেশ্বররথং ধার্ত্তরাষ্ট্রাঃ পরাঙ্‌মুখম্ ।
সর্ব্বে বিমনসো ভূত্বা নেদমস্তীত্যচিন্তয়ন্ ॥ ৫৫
নির্জ্জিত্য মাতুলং সংখ্যে মাদ্রীপুত্রৌ মহারথৌ ।
দধ্মতুর্ম্মুদিতৌ শঙ্খৌ সিংহনাদঞ্চ নেদতুঃ ॥ ৫৬
অভিদুদ্রুবতুর্হৃষ্টৌ তব সৈন্যং বিশাম্পতে ।
যথা দৈত্যচমূং রাজন্নিন্দ্রোপেন্দ্রাবিবামরৌ ॥ ৫৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি দ্বন্দযুদ্ধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৩

বাণে আচ্ছাদিত হইয়াও নরশ্রেষ্ঠ শল্য পর্ব্বতের ন্যায় অবিচলভাবে অবস্থান করিতে লাগিলেন এবং তিনি হাস্য করিতে করিতেই তাঁহাদের সেই অস্ত্রবর্ষণ ব্যর্থ করিয়া দিলেন ॥ ৪৮-৫

ভারত ! তখন পরাক্রমশালী সহদেব ক্রুদ্ধ হইয়া একটি বাণ হাতে লইলেন এবং তাহা মদ্ররাজ শল্যের উপর নিক্ষেপ করিলেন ॥ ৫১

সহদেব কর্ত্তৃক নিক্ষিপ্ত এই বাণ গরুড় ও বায়ুতুল্য বেগশালী ছিল। উহা মদ্ররাজ শল্যকে বিদীর্ণ করিয়া ভূতলে পতিত হইল ॥ ৫২

মহারাজ ! এই বাণের গভীর আঘাতে পীড়িত ও ব্যথিত হইয়া মহারথী শল্য রথের পশ্চাদ্‌ভাগে যাইয়া উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥ ৫৩

যুদ্ধস্থলে নকুল ও সহদেবের দ্বারা পীড়িত হইয়া তিনি সংজ্ঞাহীন অবস্থায় রথে পতিত হইয়াছেন দেখিয়া সারথি রথের দ্বারা তাঁহাকে রণভূমির বাহিরে লইয়া যাইল ॥ ৫৪

মদ্ররাজের রথকে যুদ্ধ হইতে বিমুখ দেখিয়া আপনার পুত্রগণ মনে মনে দুঃখিত হইয়া চিন্তা করিতে লাগিলেন,—মদ্ররাজ শল্যের জীবন শেষ হইয়া যায় নাই ত' ? ৫৫

মহারথী মাদ্রীপুত্র নকুল ও সহদেব নিজের মাতুল শল্যকে পরাজিত করিয়া প্রসন্নতাসহকারে শঙ্খধ্বনি করিলেন এবং সিংহনাদ করিতে লাগিলেন ॥ ৫৬

প্রজানাথ ! যেরূপ দেবরাজ ইন্দ্র ও উপেন্দ্র (ভগবান্ বিষ্ণু) দৈত্যসৈন্যদিগকে প্রহার করিয়া বিতাড়িত করেন, সেইরূপ হৃষ্টচিত্ত নকুল ও সহদেব আপনার সৈন্যদিগকে বিতাড়িত করিতে লাগিলেন ॥ ৫৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী-সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে দ্বন্দ্বযুদ্ধবিষয়ক ত্র্যশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

চতুরশীতিতমোঽধ্যায়ঃ

[যুধিষ্ঠিরেণ রাজ্ঞঃ শ্রুতায়ুষঃ পরাজয়ঃ, যুদ্ধে চেকিতান-কৃপাচার্য্যয়োর্মূর্চ্ছা, ভূরিশ্রবসা ধৃষ্টকেতোরভিমন্যুনা চিত্রসেন-প্রভৃতীনাং পরাভবঃ, সুশর্ম্মাদিভিঃ সহার্জুনস্য যুদ্ধারম্ভশ্চ]

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা মধ্যং প্রাপ্তে দিবাকরে।
শ্রুতায়ুষমভিপ্রেক্ষ্য প্রেষয়ামাস বাজিনঃ ॥ ১

অভ্যধাবৎ ততো রাজা শ্রুতায়ুষমরিন্দমম্।
বিনিঘ্নন্ সায়কৈস্তীক্ষ্ণৈর্নবভির্নতপর্ব্বভিঃ ॥ ২

স সংবার্য্য রণে রাজা প্রেষিতান্ ধর্ম্মসূনুনা।
শরান্ সপ্ত মহেষ্বাসঃ কৌন্তেয়ায় সমার্পয়ৎ ॥ ৩

তে তস্য কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে।
অসূনিব বিচিন্বন্তো দেহে তস্য মহাত্মনঃ ॥ ৪

পাণ্ডবস্তু ভৃশং ক্রুদ্ধো বিদ্ধস্তেন মহাত্মনা।
রণে বরাহকর্ণেন রাজানং হৃদ্যবিধ্যত ॥ ৫

অথাপরেণ ভল্লেন কেতুং তস্য মহাত্মনঃ।
রথশ্রেষ্ঠো রথাৎ তূর্ণং ভূমৌ পার্থো ন্যপাতয়ৎ ॥ ৬

কেতুং বিপতিতং দৃষ্ট্বা শ্রুতায়ুঃ স তু পার্থিবঃ।
পাণ্ডবং বিশিখৈস্তীক্ষ্ণৈ রাজন্ বিব্যাধ সপ্তভিঃ ॥ ৭

ততঃ ক্রোধাৎ প্রজজ্বাল ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
যথা যুগান্তে ভূতানি দিধক্ষুরিব পাবকঃ ॥ ৮

ক্রুদ্ধং তু পাণ্ডবং দৃষ্ট্বা দেব-গন্ধর্ব-রাক্ষসাঃ।
প্রবিব্যথুর্মহারাজ ব্যাকুলং চাপ্যভূজ্জগৎ ॥ ৯

সর্ব্বেষাং চৈব ভূতানামিদমাসীন্মনোগতম্।
ত্রীঁল্লোকানদ্য সংক্রুদ্ধো নৃপোঽয়ং ধক্ষ্যতীতি বৈ ॥ ১০

ঋষয়শ্চৈব দেবাশ্চ চক্রুঃ স্বস্ত্যয়নং মহৎ।
লোকানাং নৃপ শান্ত্যর্থং ক্রোধিতে পাণ্ডবে তদা ॥ ১১

স চ ক্রোধসমাবিষ্টঃ সৃক্কিণী পরিসংলিহন্।
দধারাত্মবপুর্ঘোরং যুগান্তাদিত্যসন্নিভম্ ॥ ১২

চতুরশীতিতম অধ্যায়।

[যুধিষ্ঠিরের দ্বারা রাজা শ্রুতায়ুর পরাজয়, যুদ্ধে চেকিতান ও কৃপাচার্য্যের মূর্চ্ছা, ভূরিশ্রবাকর্ত্তৃক ধৃষ্টকেতু এবং অভিমন্যুদ্বারা চিত্রসেন প্রভৃতির পরাভব ও সুশর্ম্মাদির সহিত অর্জুনের যুদ্ধ আরম্ভ]

সঞ্জয় কহিলেন,—মহারাজ! যখন সূর্য্যদেব দিবসের মধ্যভাগে উপস্থিত হইলেন, তখন রাজা যুধিষ্ঠির শ্রুতায়ুকে দেখিয়া তাঁহার দিকে অশ্বগণকে প্রেরণ করিলেন। ১

সেই সময় আনতপর্ব্বযুক্ত নয়টি তীক্ষ্ণ বাণে শত্রুদমন শ্রুতায়ুকে আহত করিয়া রাজা যুধিষ্ঠির তাঁহার দিকে ধাবিত হইলেন।২

তখন মহাধনুর্দ্ধর রাজা শ্রুতায়ু যুদ্ধে ধর্ম্মপুত্র যুধিষ্ঠির কর্ত্তৃক নিক্ষিপ্ত বাণসমূহকে নিবারণ করিয়া সেই কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে সাতটি বাণে বিদ্ধ করিলেন। ৩

যুদ্ধস্থলে এই বাণগুলি মহাত্মা যুধিষ্ঠিরের শরীরে তাঁহার প্রাণকে অন্বেষণ করিতে করিতে কবচ ভেদ করত তাঁহার রক্তপান করিতে লাগিল। ৪

মহাত্মা শ্রুতায়ুর বাণে বিদ্ধ হইয়া পাণ্ডুনন্দন যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং তিনি রণাঙ্গনে বরাহকর্ণনামক এক বাণ নিক্ষেপ করিয়া রাজা শ্রুতায়ুর বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন। ৫

তাহার পর রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কুন্তীপুত্র যুধিষ্ঠির ভল্লনামক অপর একটি বাণে মহাত্মা শ্রুতায়ুর ধ্বজকে ছেদন করিয়া অতিসত্বর রথ হইতে ভূতলে পাতিত করিলেন। ৬

রাজন্! ধ্বজকে পতিত দেখিয়া রাজা শ্রুতায়ু তীক্ষ্ণ সাতটি তীক্ষ্ণবাণে পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন। ৭

ইহা দেখিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির প্রলয়কালে সমস্ত প্রাণীদিগকে দগ্ধ করিতে ইচ্ছুক অগ্নিদেবের ন্যায় ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন। ৮

মহারাজ! পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরকে কুপিত দেখিয়া দেবতা, গন্ধর্ব্ব ও রাক্ষসগণ ব্যথিত হইয়া উঠিলেন এবং সমগ্র জগৎ ভয়ে ব্যাকুল হইয়া পড়িল। ৯

সেই সময় সমস্ত প্রাণীদিগের মনে এই প্রশ্ন জাগিল যে, আজ নিশ্চয়ই এই রাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া ত্রিভুবনকেই ভস্ম করিয়া ফেলিবেন। ১০

নরেশ্বর! যে সময়ে পাণ্ডুপুত্র যুধিষ্ঠির কুপিত হইয়া উঠিলেন, সেই সময় সমস্ত লোকসমূহের শান্তির জন্য দেবতা ও ঋষিগণ শ্রেষ্ঠ স্বস্তিবাচন করিতে লাগিলেন। ১১

তিনি ক্রোধে পরিব্যাপ্ত হইয়া মুখের দুই প্রান্ত ভাগ লেহন করিতে করিতে (চাটিতে চাটিতে) নিজের শরীরকে প্রলয়কালীন সূর্য্যের ন্যায় অত্যন্ত ভয়ঙ্কর করিয়া তুলিলেন। ১২

ততঃ সৈন্যানি সর্বাণি তাবকানি বিশাম্পতে।
নিরাশান্যভবংস্তত্র জীবিতং প্রতি ভারত ॥ ১৩
স তু ধৈর্য্যেণ তং কোপং সংনিবার্য্য মহাযশাঃ।
শ্রুতায়ুষঃ প্রচিচ্ছেদ মুষ্টিদেশে মহাধনুঃ ॥ ১৪
অথৈনং ছিন্নধন্বানং নারাচেন স্তনান্তরে।
নির্বিভেদ রণে রাজা সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥ ১৫
সত্বরঞ্চ রণে রাজংস্তস্য বাহান্ মহাত্মনঃ।
নিজঘান শরৈঃ ক্ষিপ্রং সূতঞ্চ সুমহাবলঃ ॥ ১৬
হতাশ্বং তু রথং ত্যক্ত্বা দৃষ্ট্বা রাজ্ঞোঽস্য পৌরুষম্।
বিপ্রদুদ্রাব বেগেন শ্রুতায়ুঃ সমরে তদা ॥ ১৭
তস্মিন্ জিতে মহেষ্বাসে ধর্মপুত্রেণ সংযুগে।
দুর্য্যোধনবলং রাজন্ সর্বমাসাৎ পরাঙ্মুখম্ ॥ ১৮
এতৎ কৃত্বা মহারাজ ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ব্যাত্তাননো যথা কালস্তব সৈন্যং জঘান হ ॥ ১৯
চেকিতানস্তু বার্ষ্ণেয়ো গৌতমং রথিনাং বরম্।
প্রেক্ষতাং সর্বসৈন্যানাং ছাদয়ামাস সায়কৈঃ ॥ ২০
সংনিবার্য্য শরাংস্তাংস্তু কৃপঃ শারদ্বতো যুধি।
চেকিতানং রণে যত্তং রাজন্ বিব্যাধ পত্রিভিঃ ॥ ২১
অথাপরেণ ভল্লেন ধনুশ্চিচ্ছেদ মারিষ।
সারথিং চাস্য সমরে ক্ষিপ্রহস্তোঽভ্যপাতয়ৎ ॥ ২২
অশ্বাংশ্চাস্যাবধীদ্ রাজন্নুভৌ তৌ পার্ষ্ণিসারথী।
সোঽবপ্লুত্য রথাৎ তূর্ণং গদাং জগ্রাহ সাত্বতঃ ॥ ২৩
স তয়া বীরঘাতিন্যা গদয়া গদিনাং বরঃ।
গৌতমস্য হয়ান্ হত্বা সারথিঞ্চ ন্যপাতয়ৎ ॥ ২৪
ভূমিষ্ঠো গৌতমস্তস্য শরাংশ্চিক্ষেপ ষোড়শ।
শরাস্তে সাত্বতং ভিত্ত্বা প্রাবিশন্ ধরণীতলম্ ॥ ২৫
চেকিতানস্ততঃ ক্রুদ্ধঃ পুনশ্চিক্ষেপ তাং গদাম্।
গৌতমস্য বধাকাঙ্ক্ষী বৃত্রস্যেব পুরন্দরঃ ॥ ২৬

প্রজানাথ! ভরতনন্দন! সেই সময় আপনার সকল সৈন্যগণ রণাঙ্গনে নিজ নিজ জীবনের আশা ত্যাগ করিয়া দিলেন ॥ ১৩

কিন্তু মহাযশস্বী যুধিষ্ঠির ধৈর্য্যের সহিত নিজের ক্রোধকে সংবরণ করিলেন এবং যেখানে শ্রুতায়ু ধনুটিকে মুষ্টিদ্বারা ধরিয়া রাখিয়াছিলেন, সেই স্থানে তাঁহার ধনুটিকে ছেদন করিলেন ॥ ১৪

রাজন্! ধনু ছিন্ন হইলে মহাবল রাজা যুধিষ্ঠির শ্রুতায়ুর বক্ষঃস্থলে একটি নারাচ প্রহার করিলেন। তারপর সকল সৈন্যের দৃষ্টিপথের মধ্যেই রণাঙ্গনে মহাত্মা শ্রুতায়ুর অশ্বগণকে অতি সত্বর বিনাশ করিলেন এবং তাঁহার সারথিকেও দ্রুত বধ করিয়া ফেলিলেন ॥ ১৫-১৬

রথের অশ্ব নিহত হইয়াছে—ইহা দেখিয়া এবং যুদ্ধে রাজা যুধিষ্ঠিরের পুরুষার্থ অবলোকন করিয়া শ্রুতায়ু সেই সময় তীব্র বেগে রথ পরিত্যাগ করিয়া পলায়ন করিলেন ॥ ১৭

রাজন্! সংগ্রামে ধর্মপুত্র যুধিষ্ঠির কর্ত্তৃক মহাধনুর্দ্ধর শ্রুতায়ু পরাজিত হইলে দুর্য্যোধনের সকল সৈন্যই রণে পরাঙ্মুখ হইয়া পলায়ন করিল ॥ ১৮

মহারাজ! এইরূপ পরাক্রম করিয়া ধর্মপুত্র যুধিষ্ঠির মুখ বিস্তারকারী কালের ন্যায় আপনার সৈন্যগণকে বিনাশ করিতে লাগিলেন ॥ ১৯

অন্যদিকে বৃষ্ণিবংশসম্ভূত চেকিতান রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কৃপাচার্য্যকে সকল সৈন্যের সাক্ষাতেই নিজ বাণসমূহে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২০

রাজন্! শরদ্বানের পুত্র কৃপাচার্য্য যুদ্ধে সেই সব বাণকে ছেদন করিয়া অতিশয় সাবধানতার সহিত যুদ্ধরত চেকিতানকে পক্ষভূষিত বহু বাণে বিদ্ধ করিলেন ॥ ২১

আর্য্য! তারপর অন্য একটি ভল্লের দ্বারা তাঁহার ধনুটিকে ছেদন করিলেন এবং স্বীয় হস্তনৈপুণ্য দেখাইতে দেখাইতে সমরাঙ্গণে তাঁহার সারথিকেও বধ করিলেন ॥ ২২

রাজন্! তদনন্তর চেকিতানের চারিটি অশ্ব ও তাঁহার দুই পৃষ্ঠরক্ষককেও নিহত করিলেন। তখন সাত্বতবংশীয় চেকিতান রথ হইতে লাফাইয়া পড়িয়া অতি সত্বর স্বীয় গদা গ্রহণ করিলেন ॥ ২৩

গদাধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ চেকিতান সেই বীরঘাতিনী গদার দ্বারা কৃপাচার্য্যের অশ্বগণকে নিহত করিয়া তাঁহার সারথিকেও ধরাশায়ী করিয়া দিলেন ॥ ২৪

তখন কৃপাচার্য্য ভূমিতেই দাঁড়াইয়া চেকিতানের উপর ষোলটি বাণ নিক্ষেপ করিলেন। সেই বাণগুলি সাত্বতবংশধর চেকিতানকে ভেদ করিয়া ধরাতলে প্রবেশ করিল ॥ ২৫

তখন ক্রুদ্ধ চেকিতান কৃপাচার্য্যকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার উপর পুনরায় সেইরূপ গদায় প্রহার করিলেন, যেরূপ বৃত্রাসুরের উপর ইন্দ্র অস্ত্রপ্রহার করিয়াছিলেন ॥ ২৬

তামাপতন্তীং বিমলামশ্মগর্ভাং মহাগদাম্।
শরৈরনেকসাহস্রৈর্বারয়মাস গৌতমঃ ॥ ২৭
চেকিতানস্ততঃ খড়্গং ক্রোধাদুদ্ধৃত্য ভারত।
লাঘবং পরমাস্থায় গৌতমং সমুপাদ্রবৎ ॥ ২৮
গৌতমোঽপি ধনুস্ত্যক্ত্বা প্রগৃহ্যাসিং সুসংযতঃ।
বেগেন মহতা রাজংশ্চেকিতানমুপাদ্রবৎ ॥ ২৯
তাবুভৌ বলসম্পন্নৌ নিস্ত্রিংশবরধারিণৌ।
নিস্ত্রিংশাভ্যাং সুতীক্ষ্ণাভ্যামন্যোন্যং সন্ততক্ষতুঃ ॥৩০
নিস্ত্রিংশবেগাভিহতৌ ততস্তৌ পুরুষর্ষভৌ।
ধরণীং সমনুপ্রাপ্তৌ সর্বভূতনিষেবিতাম্ ॥ ৩১
মূর্চ্ছয়াভিপরীতাঙ্গৌ ব্যায়ামেন তু মোহিতৌ।
ততোঽভ্যধাবদ্ বেগেন করকর্ষঃ সুহৃত্তয়া ॥ ৩২
চেকিতানং তথাভূতং দৃষ্ট্বা সমরদুর্মদঃ।
রথমারোপয়চ্চৈনং সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥ ৩৩
তথৈব শকুনিঃ শূরঃ শ্যালস্তব বিশাম্পতে।
আরোপয়দ্ রথং তূর্ণং গৌতমং রথিনাং বরম্ ॥ ৩৪
সৌমদত্তিং তথা ক্রুদ্ধো ধৃষ্টকেতুর্মহাবলঃ।
নবত্যা সায়কৈঃ ক্ষিপ্রং রাজন্ বিব্যাধ বক্ষসি ॥ ৩৫
সৌমদত্তিরুরঃস্থৈস্তৈর্ভৃশং বাণৈরশোভত।
মধ্যন্দিনে মহারাজ রশ্মিভিস্তপনো যথা ॥ ৩৬
ভূরিশ্রবাস্তু সমরে ধৃষ্টকেতুং মহারথম্।
হতসূত-হয়ং চক্রে বিরথং সায়কোত্তমৈঃ ॥ ৩৭
বিরথং তং সমালোক্য হতাশ্বং হতসারথিম্।
মহতা শরবর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে ॥ ৩৮
স তু তং রথমুৎসৃজ্য ধৃষ্টকেতুর্মহামনাঃ।
আরুরোহ ততো যানং শতানীকস্য মারিষ ॥ ৩৯
চিত্রসেনো বিকর্ণশ্চ রাজন্ দুর্মর্ষণস্তথা।
রথিনো হেমসংনাহাঃ সৌভদ্রমভিদুদ্রুবুঃ ॥ ৪০
অভিমন্যোস্ততস্তৈস্তু ঘোরং যুদ্ধমবর্তত।
শরীরস্য যথা রাজন্ বাত-পিত্ত-কফৈস্ত্রিভিঃ ॥৪১

সেই নির্মল ও লৌহনির্মিত বিশাল গদাকে নিজের উপর আসিতে দেখিয়া কৃপাচার্য্য বহু সহস্র বাণের দ্বারা তাহাকে নিবারণ করিলেন ॥ ২৭

ভারত! তখন চেকিতান ক্রোধবশতঃ স্বীয় তরবারি বাহির করিয়া লইলেন এবং নিপুণতার সহিত কৃপাচার্য্যের দিকে ধাবিত হইলেন ॥ ২৮

রাজন্! ইহা দেখিয়া কৃপাচার্য্যও ধনু পরিত্যাগ করত স্বীয় তরবারি হস্তে গ্রহণ করিলেন এবং অতিশয় সাবধানতার সহিত তীব্র বেগে চেকিতানের দিকে ধাবিত হইলেন ॥ ২৯

ইঁহারা উভয়েই বলবান্ ছিলেন, এবং উভয়েই উত্তম তরবারির দ্বারা পরস্পরকে ছেদন করিতে লাগিলেন ॥ ৩০

সেই তরবারির গভীর আঘাতে আহত হইয়া এই দুই শ্রেষ্ঠ পুরুষ সকল প্রাণীর নিবাসভূত ভূতলে পতিত হইলেন ॥ ৩১

তাঁহাদের সারা অঙ্গ মূর্চ্ছায় আবিষ্ট হইয়া পড়িল এবং অধিক পরিশ্রমের জন্য উভয়েই অচেতন হইয়া পড়িলেন। সেই সময় যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রামকারী করকর্ষ চেকিতানকে সেই অবস্থায় পতিত দেখিয়া সৌহার্দ্দবশতঃ তীব্রবেগে দৌড়াইয়া আসিলেন এবং সকল সৈন্যের সাক্ষাতেই তাঁহাকে রথে তুলিয়া লইলেন ॥ ৩২-৩৩

প্রজানাথ! এইরূপ আপনার শ্যালক (সম্বন্ধী) বীর শকুনি রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কৃপাচার্য্যকেও অতিসত্বর নিজ রথে আরোহণ করাইলেন ॥ ৩৪

রাজন্! অপর দিকে মহাবল ধৃষ্টকেতু ক্রুদ্ধ হইয়া নব্বইটি বাণে অতিক্রত ভূরিশ্রবার বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন ॥ ৩৫

মহারাজ! বক্ষঃস্থলে প্রবিষ্ট সেই বাণসমূহে ভূরিশ্রবা তাদৃশ শোভা পাইতে লাগিলেন, যেরূপ মধ্যাহ্নকালে সূর্য্য স্বীয় কিরণাবলিতে অধিক প্রকাশিত হইয়া থাকেন ॥ ৩৬

তখন ভূরিশ্রবাও সমরাঙ্গণে উত্তম বাণসমূহে মহারথী ধৃষ্টকেতুর অশ্বগণকে ও সারথিকে নিহত করিয়া তাঁহাকে রথহীন করিয়া দিলেন ॥ ৩৭

ভূরিশ্রবা অশ্ব ও সারথি নিহত হইবার পর ধৃষ্টকেতুকে রথহীন দেখিয়া প্রভূত বাণবর্ষণে তাঁহাকে আবৃত করিয়া ফেলিলেন ॥ ৩৮

আর্য্য! তাঁহার পর মহামনা ধৃষ্টকেতু সেই রথকে পরিত্যাগ করিয়া শতানীকের রথে যাইয়া আরোহণ করিলেন ॥ ৩৯

রাজন্! সেই সময় চিত্রসেন, বিকর্ণ ও দুর্মর্ষণ এই তিন রথী স্বর্ণনির্মিত কবচ ধারণ করত সুভদ্রানন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥ ৪০

রাজন্! তখন তাঁহাদের সহিত অভিমন্যুর সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল, যেরূপ বাত, পিত্ত ও কফের সহিত শরীরের যুদ্ধ হইয়া থাকে ॥ ৪১

বিরথাংস্তব পুত্রাংস্তু কৃত্বা রাজন্ মহাহবে।
ন জঘান নরব্যাঘ্রঃ স্মরন্ ভীমবচস্তদা ॥ ৪২
ততো রাজ্ঞাং বহুশতৈর্গজাশ্ব-রথযায়িভিঃ।
সংবৃতং সমরে ভীষ্মং দেবৈরপি দুরাসদম্ ॥ ৪৩
প্রযান্তং শীঘ্রমুদ্বীক্ষ্য পরিত্রাতুং সুতাংস্তব।
অভিমন্যুং সমুদ্দিশ্য বালমেকং মহারথম্ ॥ ৪৪
বাসুদেবমুবাচেদং কৌন্তেয়ঃ শ্বেতবাহনঃ।
চোদয়াশ্বান্ হৃষীকেশ যত্রৈতে বহুলা রথাঃ ॥ ৪৫
এতে হি বহবঃ শূরাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্মদাঃ।
যথা হন্যুর্ন নঃ সেনাং তথা মাধব চোদয় ॥ ৪৬
এবমুক্তঃ স বার্ষ্ণেয়ঃ কৌন্তেয়েনামিতৌজসা।
রথং শ্বেতহয়ৈর্যুক্তং প্রেষয়ামাস সংযুগে ॥ ৪৭
নিষ্টানকো মহানাসীৎ তব সৈন্যস্য মারিষ।
যদর্জুনো রণে ক্রুদ্ধঃ সংযাতস্তাবকান্ প্রতি ॥ ৪৮
সমাসাদ্য তু কৌন্তেয়ো রাজ্ঞস্তান্ ভীষ্মরক্ষিণঃ।
সুশর্ম্মাণমথো রাজন্নিদং বচনমব্রবীৎ ॥ ৪৯

রাজন্! সেই মহাসংগ্রামে আপনার পুত্রগণকে রথহীন করিয়া নরশ্রেষ্ঠ অভিমন্যু সেই সময় ভীমসেনের প্রতিজ্ঞার কথা স্মরণ করিয়া তাঁহাদিগকে বধ করিলেন না ॥ ৪২

তদনন্তর হস্তী, অশ্ব ও রথের সাহায্যে যুদ্ধ-যাত্রাকারী বহুশত রাজগণে পরিবেষ্টিত এবং রণাঙ্গনে দেবতাদিগেরও দুর্জ্জয় ভীষ্ম আপনার পুত্রদিগকে রক্ষা করিবার জন্য একমাত্র বালক মহারথী অভিমন্যুকে লক্ষ্য করত তীব্রবেগে গমন করিলেন। তাঁহাকে সেই দিকে যাইতে দেখিয়া শ্বেতবাহন কুন্তীপুত্র অর্জ্জুন বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন।

হৃষীকেশ! যেদিকে এই বহু সংখ্যক রথ যাইতেছে, সেই দিকেই আপনি অশ্বচালনা করুন। মাধব! অস্ত্রাভ্যাসে পারদর্শী ও রণদুর্মদ বহু সংখ্যক এই বীরগণ যাহাতে আমাদের সৈন্যদিগকে বিনাশ করিতে না পারে, সেইভাবে এই রথকে ঐ দিকেই লইয়া চলুন। ৪৩-৪৬

অমিততেজস্বী কুন্তীকুমার অর্জ্জুন এই কথা বলিলে পর বৃষ্ণিবংশভূষণ শ্রীকৃষ্ণ যুদ্ধে শ্বেতবাহনযোজিত সেই রথকে অগ্রসর করিলেন। ৪৭

আর্য্য! যখন রণভূমিতে ক্রুদ্ধ অর্জ্জুন আপনার সৈন্যদের অভিমুখে যাইতে লাগিলেন, তখন আপনার সৈন্যমধ্যে ভয়ঙ্কর কোলাহলধ্বনি উত্থিত হইল ॥ ৪৮

রাজন্! কুন্তীকুমার অর্জ্জুন ভীষ্মকে রক্ষাকারী সেই সব রাজগণের নিকট যাইয়া সুশর্ম্মাকে এই কথা বলিলেন। ৪৯

জানামি ত্বাং যুধাং শ্রেষ্ঠমত্যন্তং পূর্ববৈরিণম্।
অনয়স্যাস্য সম্প্রাপ্তং ফলং পশ্য সুদারুণম্ ॥ ৫০
অদ্য তে দর্শয়িষ্যামি পূর্বপ্রেতান্ পিতামহান্।
এবং সংজল্পতস্তস্য বীভৎসোঃ শত্রুঘাতিনঃ ॥ ৫১
শ্রুত্বাপি পরুষং বাক্যং সুশর্মা রথযূথপঃ।
ন চৈনমব্রবীৎ কিঞ্চিচ্ছুভং বা যদি বাশুভম্ ॥ ৫২
অভিগম্যার্জুনং বীরং রাজভির্বহুভির্বৃতঃ।
পুরস্তাৎ পৃষ্ঠতশ্চৈব পার্শ্বতশ্চৈব সর্বশঃ ॥ ৫৩
পরিবার্য্যার্জুনং সংখ্যে তব পুত্রৈর্মহারথঃ।
শরৈঃ সংছাদয়ামাস মেঘৈরিব দিবাকরম্ ॥ ৫৪
ততঃ প্রবৃত্তঃ সুমহান্ সংগ্রামঃ শোণিতোদকঃ।
তাবকানাঞ্চ সমরে পাণ্ডবানাঞ্চ ভারত ॥ ৫৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সপ্তমযুদ্ধদিবসে সুশর্মার্জুন-সমাগমে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥ ৮৪

বীর! আমি জানি যে, তুমি পাণ্ডবগণের পূর্ব্ব শত্রু এবং যোদ্ধাদিগের মধ্যে অত্যন্ত শ্রেষ্ঠ। তোমরা যে অন্যায় করিয়াছ, তাহার অতিশয় ভয়ঙ্কর এই ফল আজ প্রাপ্ত হইয়াছ, ইহা দেখ। আজ আমি তোমাকে পূর্ব্বে মৃত তোমার পিতামহকে দর্শন করাইব।

এইরূপ বাক্যভাষী শত্রুহন্তা অর্জ্জুনের কঠোর বাক্য শ্রবণ করিয়াও রথযূথপতি সুশর্ম্মা তাঁহাকে শুভ কিংবা অশুভ কোন কিছুই বলিলেন না। ৫০-৫২

বহু নৃপগণে পরিবৃত সেই মহারথী বীর আপনার পুত্রদিগকে সঙ্গে লইয়া যুদ্ধে বীর অর্জ্জুনের সম্মুখে গমন করত তাঁহাকে অগ্রে, পশ্চাতে ও পার্শ্বভাগে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন এবং যেরূপ মেঘ সূর্য্যকে আচ্ছাদিত করিয়া থাকে, সেইরূপ বাণসমূহে অর্জ্জুনকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন। ৫৩-৫৪

ভারত! তাহার পর রণাঙ্গনে আপনার পুত্র ও পাণ্ডবগণের মধ্যে রক্তরূপ জলপ্রবাহকারী ঘোরতর মহাসংগ্রাম বাধিয়া যাইল। ৫৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী-সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে সপ্তম দিবসের যুদ্ধে সুশর্ম্মা ও অর্জ্জুনের সমাগমবিষয়ক চতুরশীতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

১০ম বর্ষ, ভাদ্রমাস ১৩৭৮] [তৃতীয় সংখ্যা – দক্ষিণপার্শ্বীয়া যাত্রা

শ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্যব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

* * *

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

* * *

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য ডি,লিট্ * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম্-এ, ডি,লিট

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস্, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ (লণ্ডন)
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয়

৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

[বার্ষিক মূল্য সডাক ১৫'০০ টাকা প্রতি সংখ্যা ১'৫০ টাকা]

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫.০০ টাকা, প্রতি সংখ্যা ১.৫০ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২০.০০ টাকা, প্রতি সংখ্যা ২.০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্ত্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—**আর্য্যশাস্ত্র**
শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি, ডব্লিউ, ডি রোড
কলিকাতা—৩৫

পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ।

অর্জুনস্য পরাক্রমঃ, ভীষ্মোপরি পাণ্ডবানামাক্রমণম্, শিখণ্ডিনং প্রতি যুধিষ্ঠিরস্য তিরস্কারঃ, ভীমস্য পুরুষার্থশ্চ]

সঞ্জয় উবাচ।

স তাড্যমানস্তু শরৈর্ধনঞ্জয়ঃ
পদা হতো নাগ ইব শ্বসন্ বলী।
বাণেন বাণেন মহারথানাং
চিচ্ছেদ চাপানি চ রণে প্রসহ্য ॥
সঞ্ছিদ্য চাপানি চ তানি রাজ্ঞাং
তেষাং রণে বীর্য্যবতাং ক্ষণেন।
বিব্যাধ বাণৈর্যুগপন্মহাত্মা
নিঃশেষতাং তেষ্বথ মন্যমানঃ ॥ ২
নিপেতুরাজৌ রুধিরপ্রদিগ্ধা-
স্তে তাড়িতাঃ শক্রসুতেন রাজন্।
বিভিন্নগাত্রাঃ পতিতোত্তমাঙ্গা
গতাসবশ্ছিন্নতনুত্রকায়াঃ ॥ ৩
মহীং গতাঃ পার্থবলাভিভূতা
বিচিত্ররূপা যুগপদ্ বিনেশুঃ।
দৃষ্ট্বা হতাংস্তান্ যুধিরাজপুত্রাং-
স্ত্রিগর্ত্তরাজঃ প্রযযৌ রথেন ॥ ৪
তেষাং রথানামথ পৃষ্ঠগোপা
দ্বাত্রিংশদন্যেঽভ্যপতন্ত পার্থম্।
তথৈব তে তং পরিবার্য্য পার্থং
বিকৃষ্য চাপানি মহারবাণি ॥ ৫
অবীবৃষন্ বাণমহৌঘবৃষ্ট্যা
যথা গিরিং তোয়ধরা জলৌঘৈঃ
সম্পীড্যমানস্তু শরৌঘবৃষ্ট্যা
ধনঞ্জয়স্তান্ যুধি জাতরোষঃ ॥৬
ষষ্ট্যা শরৈঃ সংযতি তৈলধৌতৈ-
র্জঘান তানপ্যথ পৃষ্ঠগোপান্।
রথাংশ্চ তাংস্তানবজিত্য সংখ্যে
ধনঞ্জয়ঃ প্রীতমনা যশস্বী ॥ ৭

পঞ্চাশীতিতম অধ্যায়।

[অর্জুনের পরাক্রম, ভীষ্মের উপর পাণ্ডবগণের আক্রমণ, যুধিষ্ঠিরের শিখণ্ডীকে তিরস্কার এবং ভীমসেনের পুরুষার্থ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপে শত্রুগণের বাণে তাড়িত হইয়া বলবান্ অর্জুন পদাহত সর্পের ন্যায় ক্রোধে দীর্ঘশ্বাস ফেলিতে লাগিলেন। তিনি বলপূর্ব্বক পৃথক্ পৃথক্ বাণ নিক্ষেপ করিয়া যুদ্ধে সেই মহারথীদিগের প্রত্যেকেরই ধনু ছেদন করিলেন। ১

রণাঙ্গনে সেই পরাক্রমশালী নরপতিগণের ধনু ক্ষণকালের মধ্যেই ছেদন করিয়া মহাত্মা অর্জুন তাঁহাদের পূর্ণরূপে বিনাশ করিবার ইচ্ছায় একসঙ্গে সকলকে নিজ বাণে বিদ্ধ করিতে লাগিলেন। ২

রাজন্! ইন্দ্রপুত্র অর্জুন কর্তৃক তাড়িত হইয়া সেই সব নরপতিগণ রক্তাপ্লুত অবস্থায় রণাঙ্গনে পতিত হইলেন। তাঁহাদের সকলের অঙ্গ ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছিল, মস্তক খণ্ডিত হইয়া দূরে পতিত হইয়াছিল এবং কবচ ও দেহ খণ্ড খণ্ড হইয়াছিল। তাঁহারা এরূপ অবস্থায় পড়িয়া প্রাণত্যাগ করিতে লাগিলেন। ৩

পার্থের বলে অভিভূত হইয়া সেই বিচিত্ররূপধারী রাজকুমারগণ একসঙ্গে ভূতলে পতিত হইয়া বিনষ্ট হইলেন। সেই রাজপুত্রগণকে যুদ্ধে নিহত হইতে দেখিয়া ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা রথের দ্বারা অর্জুনকে আক্রমণ করিলেন। ৪

সেই রাজপুত্রগণের রথসমূহের যে ভিন্ন ভিন্ন বত্রিশ জন পৃষ্ঠরক্ষক ছিলেন, তাঁহারাও সুশর্ম্মার সহিত একসঙ্গে অর্জুনের উপর আক্রমণ করিলেন। এইরূপে ইঁহারা সকলে অর্জুনকে চারিদিকে ঘিরিয়া মহাটঙ্কারধ্বনিকারী নিজ নিজ ধনু আকর্ষণ করত পর্ব্বতের উপর মেঘের বারিবর্ষণের ন্যায় অর্জুনের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। তাঁহাদের বাণসমূহের বর্ষণে পীড়িত হইয়া রণাঙ্গনে অর্জুনের হৃদয়ে অতিশয় রোষ উপস্থিত হইল। ৫-৬

তিনি রণক্ষেত্রে তৈলধৌত ষাটটি বাণ নিক্ষেপ করিয়া সেই পৃষ্ঠরক্ষকগণকে সংহার করিলেন। এইভাবে যুদ্ধে সেই সব রথী বীরগণকে জয় করিয়া এবং কৌরবসৈন্যগণকে যুদ্ধে সংহার করত প্রসন্নচিত্ত হইয়া যশস্বী ও বিজয়ী অর্জুন ভীষ্মকে বধ করিবার জন্য সত্বরতা অবলম্বন করিলেন। ৭

বলানি রাজন্ সমরে নিহত্য।
ত্রিগর্তরাজো নিহতান্ সমীক্ষ্য
মহাত্মনা তানথ বন্ধুবর্গান্ ॥ ৮
রণে পুরস্কৃত্য নরাধিপাংস্তান্
জগাম পার্থং ত্বরিতো বধায়।
অভিদ্রুতং চাস্ত্রভৃতাং বরিষ্ঠং
ধনঞ্জয়ং বীক্ষ্য শিখণ্ডিমুখ্যাঃ ॥ ৯
অভ্যুদ্‌যযুস্তে শিতশস্ত্রহস্তা
রিরক্ষিষন্তো রথমর্জুনস্য।
পার্থোঽপি তানাপততঃ সমীক্ষ্য
ত্রিগর্তরাজ্ঞা সহিতান্ নৃবীরান্ ॥ ১০
বিধ্বংসয়িত্বা সমরে ধনুষ্মান্
গাণ্ডীবমুক্তৈর্নিশিতৈঃ পৃষৎকৈঃ।
ভীষ্মং যিযাসুর্যুধি সন্দদর্শ
দুর্য্যোধনং সৈন্ধবাদীংশ্চ রাজ্ঞঃ ॥ ১১
সংবারয়িষ্ণুনভিবারয়িত্বা
মুহূর্তমায়োধ্য বলেন বীরঃ।
উৎসৃজ্য রাজানমনন্তবীর্য্যো
জয়দ্রথাদীংশ্চ নৃপান্ মহৌজাঃ ॥ ১২
যযৌ ততো ভীমবলো মনস্বী
গাঙ্গেয়মাজৌ শরচাপপাণিঃ।
(ভীষ্মোঽপি দৃষ্ট্বা সমরে কৃতাস্ত্রান্
স পাণ্ডবানাং রথিনো হ্যুদারান্।
বিহায় সংগ্রামমুখে ধনঞ্জয়ং
জবেন পার্থং পুনরাজগাম ॥)
যুধিষ্ঠিরশ্চ প্রবলো মহাত্মা
সমাযযৌ ত্বরিতো জাতকোপঃ ॥ ১৩
মদ্রাধিপং সমভিত্যজ্য সংখ্যে
স্বভাগমাপ্তং তমনন্তকীর্তিঃ।
সার্দ্ধং স মাদ্রীসুতভীমসেনৈ-
র্ভীষ্মং যযৌ শান্তনবং রণায় ॥ ১৪
তৈঃ সম্প্রযুক্তঃ স মহারথাগ্র্যো-
র্গঙ্গাসুতঃ সমরে চিত্রযোধী।
ন বিব্যথে শান্তনবো মহাত্মা
সমাগতৈঃ পাণ্ডুসুতৈঃ সমস্তৈঃ ॥ ১৫

মহাত্মা অর্জুন কর্তৃক স্বীয় বন্ধুবর্গকে নিহত হইতে দেখিয়া ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা সুপ্রসিদ্ধ নরপতিগণকে যুদ্ধের জন্য অগ্রে করিয়া অতিক্রুদ্ধ অর্জুনের বধের জন্য তাঁহার সম্মুখে আগমন করিলেন ॥

অস্ত্রধারিগণের মধ্যে শ্রেষ্ঠ অর্জুনের উপর আক্রমণ হইতে দেখিয়া শিখণ্ডী প্রভৃতি মহারথী বীরবৃন্দ তাঁহাকে রক্ষা করিবার জন্য তীক্ষ্ণ অস্ত্রসমূহ হস্তে ধারণ করত অগ্রসর হইলেন ॥

এদিকে ধনুর্দ্ধর অর্জুনও ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মার সহিত সেই নরবীরগণকে আসিতে দেখিয়া সংগ্রামস্থলে গাণ্ডীবধনু হইতে নিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণসমূহে তাঁহাদের বিনষ্ট করিয়া ভীষ্মের নিকট যাইতে অভিলাষী হইলেন। তখন সেই রণাঙ্গনে তিনি রাজা দুর্য্যোধন ও সিন্ধুরাজ জয়দ্রথ প্রভৃতিকেও দেখিতে পাইলেন ॥ ৭-১১

দুর্য্যোধন ও জয়দ্রথাদি যোদ্ধারা অর্জুনকে রুদ্ধ করিয়া রাখিবার কার্য্যে সচেষ্ট ছিলেন, অতএব সেই সময় অনন্ত পরাক্রমশালী ও মহাতেজস্বী বীর অর্জুন মুহূর্ত্তকাল যুদ্ধ করিয়া তাঁহাদের সকলকে নিবারিত করিলেন। তাহার পর রাজা দুর্য্যোধন ও জয়দ্রথাদি নরপতিগণকে সেই স্থলেই পরিত্যাগ করিয়া ভয়ঙ্কর বলশালী ও মনস্বী অর্জুন হাতে ধনুর্বাণ লইয়া যুদ্ধস্থলে গঙ্গানন্দন ভীষ্মের দিকে গমন করিতে লাগিলেন ॥

(ভীষ্মও অস্ত্রবিদ্যায় বিশেষ পারদর্শী ও উদার পাণ্ডব রথী-দিগকে নিজের সম্মুখে দেখিয়াও যুদ্ধস্থলে তাঁহাদিগকে পরিহার করিয়া তীব্রবেগে পুনরায় অর্জুনের নিকট আসিলেন) ॥

সেই সময় উৎকৃষ্ট বলশালী অনন্তকীর্ত্তি মহাত্মা যুধিষ্ঠিরও যুদ্ধে স্বীয় ভাগে প্রাপ্ত মদ্ররাজ শল্যকে ত্যাগ করিয়া নকুল, সহদেব ও ভীমসেনের সহিত সক্রোধে অতি দ্রুত সেস্থান হইতে গমন করিলেন এবং যুদ্ধের জন্য শান্তনুনন্দন ভীষ্মের নিকট উপস্থিত হইলেন ॥ ১২-১৪

মহারথী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ সমস্ত পাণ্ডবেরা সংগঠিত হইয়া যদিও সেখানে আসিয়া উপস্থিত হইতে লাগিলেন, তথাপি সমরাঙ্গণে বিচিত্র পদ্ধতিতে যুদ্ধকারী গঙ্গাপুত্র শান্তনুনন্দন মহাত্মা ভীষ্ম ব্যথিত হইলেন না ॥ ১৫

অথৈত্য রাজা যুধি সত্যসন্ধো
জয়দ্রথোঽত্যুগ্রবলো মনস্বী।
চিচ্ছেদ চাপানি মহারথানাং
প্রসহ্য তেষাং ধনুষা বরেণ ॥১৬

যুধিষ্ঠিরং ভীমসেনং যমৌ চ
পার্থং কৃষ্ণং যুধি সঞ্জাতকোপঃ।
দুর্য্যোধনঃ ক্রোধবিষো মহাত্মা
জঘান বাণৈরনলপ্রকাশৈঃ ॥ ১৭

কৃপেণ শল্যেন শলেন চৈব
তথা বিভো চিত্রসেনেন চাজৌ।
বিদ্ধাঃ শরৈস্তেঽতিবিবৃদ্ধকোপৈ-
র্দেবা যথা দৈত্যগণৈঃ সমেতৈঃ ॥ ১৮

ছিন্নায়ুধং শান্তনবেন রাজা
শিখণ্ডিনং প্রেক্ষ্য চ জাতকোপঃ।
অজাতশত্রুঃ সমরে মহাত্মা
শিখণ্ডিনং ক্রুদ্ধ উবাচ বাক্যম্ ॥ ১৯

তাহার পর সত্যপ্রতিজ্ঞ, অত্যন্ত ভয়ঙ্কর শক্তিশালী ও মনস্বী রাজা জয়দ্রথ রণাঙ্গনে সম্মুখে আসিয়া উত্তম ধনুর দ্বারা বলপূর্ব্বক সেই সব মহারথীর ধনু ছেদন করিয়া ফেলিলেন। ১৬

ক্রোধরূপ বিষ উদ্‌গিরণকারী মহামনস্বী দুর্য্যোধন যুদ্ধে যুধিষ্ঠির, ভীমসেন, নকুল, সহদেব, অর্জ্জুন ও শ্রীকৃষ্ণের উপর কুপিত হইয়া অগ্নিতুল্য তেজস্বী বাণসমূহ প্রহার করিলেন। ১৭

প্রভো! যেরূপ ক্রুদ্ধ দৈত্যগণ একত্র হইয়া দেবতাদিগকে প্রহার করিয়া থাকে, সেইরূপ কৃপাচার্য্য, শল্য, শল এবং চিত্রসেন রণাঙ্গনে অতিশয় কুপিত হইয়া পাণ্ডবগণকে নিজ নিজ বাণে বিদ্ধ করিতে লাগিলেন। ১৮

শান্তনুনন্দন ভীষ্ম যখন শিখণ্ডীর ধনু ছিন্ন করিয়া দিলেন,* তখন রণাঙ্গনে অজাতশত্রু মহাত্মা যুধিষ্ঠির শিখণ্ডীর দিকে দৃষ্টিপাত করিয়া ক্রুদ্ধ হইয়া উঠিলেন এবং তাঁহাকে ক্রোধের সহিত ইহা বলিতে লাগিলেন। ১৯

উক্ত্বা তথা ত্বং পিতুরগ্রতো মা-
মহং হনিষ্যামি মহাব্রতং তম্।
ভীষ্মং শরৌঘৈর্বিমলার্কবর্ণৈঃ
সত্যং বদামীতি কৃতা প্রতিজ্ঞা ॥ ২০

ত্বয়া চ নৈনাং সফলাং করোষি
দেবব্রতং যন্ন নিহংসি যুদ্ধে।
মিথ্যাপ্রতিজ্ঞো ভব মাত্র বীর
রক্ষ স্বধর্মং স্বকুলং যশশ্চ ॥ ২১

প্রেক্ষস্ব ভীষ্মং যুধি ভীমবেগং
সর্বাংস্তপন্তং মম সৈন্যসঙ্ঘান্।
শরৌঘজালৈরতিতিগ্মবেগৈঃ
কালং যথা কালকৃতং ক্ষণেন ॥ ২২

নিকৃত্তচাপঃ সমরেঽনপেক্ষঃ
পরাজিতঃ শান্তনবেন চাজৌ।
বিহায় বন্ধূনথ সোদরাংশ্চ
ক্ব যাস্যসে নানুরূপং তবেদম্ ॥ ২৩

বীর! তুমি নিজ পিতার সম্মুখে প্রতিজ্ঞা করিয়া আমাকে এই কথা বলিয়াছিলে যে, "আমি মহাব্রতধারী ভীষ্মকে নির্ম্মল সূর্য্যতুল্য তেজস্বী বাণসমূহে অবশ্যই নিহত করিব, এই কথা আমি সত্য করিয়া বলিতেছি।" এইরূপ প্রতিজ্ঞা তুমি করিয়াছিলে। কিন্তু তুমি এই প্রতিজ্ঞাকে সফল করিতেছ না, কারণ, তুমি যুদ্ধে দেবব্রত ভীষ্মকে বধ করিতেছ না। মিথ্যা প্রতিজ্ঞাকারী হইও না, তুমি স্বীয় ধর্ম্ম, কুল ও যশকে রক্ষা কর। ২০-২১

যেরূপ যমরাজ সময়ানুসারে উপস্থিত হইয়া দেহধারী সকল প্রাণীকে ক্ষণকালের মধ্যেই বিনাশ করিয়া থাকেন, সেইরূপ এই যুদ্ধে ভয়ঙ্কর বেগশালী ভীষ্ম অত্যন্ত প্রচণ্ড বেগগামী বাণসমূহে আমার সৈন্যগণকে সন্তাপিত করিতেছেন—তুমি ইহা লক্ষ্য কর। ২২

যুদ্ধে শান্তনুনন্দন ভীষ্ম তোমার ধনু ছিন্ন করত তোমাকে পরাজিত করিয়াছেন, তথাপি তুমি নিরপেক্ষভাবে বসিয়া আছ। স্বীয় বন্ধু ও সহোদর ভ্রাতৃগণকে ত্যাগ করিয়া তুমি কোথায় যাইবে? ইহা তোমার উপযুক্ত কার্য্য নহে। ২৩

---

*ভীষ্ম নিজের উপর শিখণ্ডীকে প্রহার করিতে উদ্যত দেখিয়া তাঁহার ধনুটিকে কেবল ছেদন করিলেন, তাঁহার শরীরে কোনরূপ আঘাত করেন নাই; সুতরাং ইহাতে ভীষ্মের কোন দোষ হয় নাই কিংবা তাঁহার প্রতিজ্ঞাহানিও হয় নাই।

দৃষ্ট্বা হি ভীষ্মং তমনন্তবীর্য্যং
ভগ্নঞ্চ সৈন্যং দ্রবমাণমেবম্।
ভীতোঽসি নূনং দ্রুপদস্য পুত্র
তথা হি তে মুখবর্ণোঽপ্রহৃষ্টঃ ॥ ২৪

অজ্ঞায়মানে চ ধনঞ্জয়েঽপি
মহাহবে সম্প্রসক্তে নৃবীরে।
কথং হি ভীষ্মাৎ প্রথিতঃ পৃথিব্যাং
ভয়ং ত্বমদ্য প্রকরোষি বীর ॥ ২৫

স ধর্মরাজস্য বচো নিশম্য
রূক্ষাক্ষরং বিপ্রলাপানুবদ্ধম্।
প্রত্যাদেশং মন্যমানো মহাত্মা
প্রতত্বরে ভীষ্মবধায় রাজন্ ॥ ২৬

তমাপতন্তং মহতা জবেন
শিখণ্ডিনং ভীষ্মমভিদ্রবন্তম্।
নিবারয়ামাস হি শল্য এন-
মস্ত্রেণ ঘোরেণ সুদুর্জয়েন ॥ ২৭

স চাপি দৃষ্ট্বা সমুদীর্য্যমাণ-
মস্ত্রং যুগান্তাগ্নিসমপ্রকাশম্।
ন সম্মুমোহ দ্রুপদস্য পুত্রো
রাজন্ মহেন্দ্রপ্রতিমপ্রভাবঃ ॥ ২৮

তস্থৌ চ তত্রৈব মহাধনুষ্মান্
শরৈস্তদস্ত্রং প্রতিবাধমানঃ।
অথাদদে বারুণমন্যদস্ত্রং
শিখণ্ড্যথোগ্রং প্রতিঘাতমস্য ॥ ২৯

তদস্ত্রমস্ত্রেণ বিদার্য্যমাণং
খস্থাঃ সুরা দদৃশুঃ পার্থিবাশ্চ।
ভীষ্মস্তু রাজন্ সমরে মহাত্মা
ধনুশ্চ চিত্রং ধ্বজমেব চাপি ॥ ৩০

ছিত্ত্বানদৎ পাণ্ডুসুতস্য বীরো

ততঃ সমুৎসৃজ্য ধনুঃ সবাণং
যুধিষ্ঠিরং বীক্ষ্য ভয়াভিভূতম্ ॥ ৩১

গদাং প্রগৃহ্যাভিপপাত সংখ্যে
জয়দ্রথং ভীমসেনঃ পদাতিঃ।
তমাপতন্তং সহসা জবেন
জয়দ্রথঃ সগদং ভীমসেনম্ ॥ ৩২

ইন্দ্রলোকং জগামাশু শ্রুত্বা তত্রার্জুনং গতম্ ॥ ১১
সোঽভিগম্য মহাবাহুঃ পিতরং সত্যবিক্রমঃ।
অভ্যবাদয়দব্যগ্রো বিনয়েন কৃতাঞ্জলিঃ ॥ ১২
ন্যবেদয়ত চাত্মানমর্জুনস্য মহাত্মনঃ।
ইরাবানস্মি ভদ্রন্তে পুত্রশ্চাহং তব প্রভো ॥ ১৩
মাতুঃ সমাগমো যশ্চ তৎ সর্বং প্রত্যবেদয়ৎ।
তচ্চ সর্বং যথাবৃত্তমনুসস্মার পাণ্ডবঃ ॥ ১৪
পরিষ্বজ্য সুতং চাপি আত্মনঃ সদৃশং গুণৈঃ।
প্রীতিমাননয়ৎ পার্থো দেবরাজনিবেশনে ॥ ১৫
সোঽর্জুনেন সমাজ্ঞপ্তো দেবলোকে তদা নৃপ।
প্রীতিপূর্বং মহাবাহুঃ স্বকার্য্যং প্রতি ভারত ॥১৬
যুদ্ধকালে ত্বয়াস্মাকং সাহ্যং দেয়মিতি প্রভো।
বাঢ়মিত্যেবমুক্ত্বা তু যুদ্ধকাল ইহাগতঃ ॥ ১৭
কামবর্ণজবৈরশ্বৈর্বহুভিঃ সংবৃতো নৃপ।
তে হয়াঃ কাঞ্চনাপীড়া নানাবর্ণা মনোজবাঃ ॥ ১৮

নাগরাজের এই কন্যা সন্তানহীনা ছিলেন। ইহার মনোনীত পতিকে* গরুড় বধ করিয়াছিলেন, সেইজন্য ইনি অতিশয় দীনা ও দয়নীয়া হইয়া পড়িয়াছিলেন। ঐরাবতবংশীয় কৌরব্য নাগ ইহাকে অর্জুনের হস্তে সমর্পণ করেন এবং অর্জুনও কামবশবর্তিনী সেই কন্যাকে ভার্য্যারূপে গ্রহণ করিয়াছিলেন। এইভাবে এই অর্জুন-পুত্র উৎপন্ন হইয়াছিলেন এবং তিনি সর্বদা মাতৃকুলেই থাকিতেন ॥ ৮-৯

ইনি নাগলোকেই মাতাদ্বারা সর্বতোভাবে বর্দ্ধিত হইয়া সেখানে তাঁহার দ্বারা রক্ষিত হইতেছিলেন। এই বালককে কোন দুরাত্মা বয়োবৃদ্ধ সম্বন্ধী অর্জুনের প্রতি বিদ্বেষবশতঃ ইহাকে পরিত্যাগ করিয়াছেন ॥ ১০

ইরাবান্‌ও রূপবান্, বলশালী, গুণবান্ ও সত্যপরাক্রমী ছিলেন। ইনি যখন শুনিলেন যে, তাঁহার পিতা অর্জুন বর্ত্তমানে স্বর্গলোকে গিয়াছেন, তখন শীঘ্রই সেখানে যাইয়া উপস্থিত হইলেন ॥ ১১

সেই সত্যপরাক্রমী মহাবাহু বীর স্বীয় পিতার নিকট উপস্থিত হইয়া শান্তভাবে তাঁহাকে প্রণাম করিলেন এবং বিনয়ের সহিত কৃতাঞ্জলি হইয়া মহাত্মা অর্জুনের সম্মুখে নিজের পরিচয় দান করিতে করিতে বলিলেন,—প্রভো! আপনার কল্যাণ হউক। আমি আপনার পুত্র ইরাবান্। তাঁহার মাতার সহিত অর্জুনের যে ভাবে মিলন হইয়াছিল, সেই সমস্ত তিনি তাঁহাকে নিবেদন করিলেন। পাণ্ডুনন্দন অর্জুনেরও সেই সব বৃত্তান্ত যথাযথরূপে স্মরণ হইল ॥ ১২-১৪

নিজের তুল্য বহুগুণে গুণবান্ সেই পুত্রকে তখন অর্জুন আলিঙ্গন করিয়া অতিশয় প্রসন্নমনে তাঁহাকে দেবরাজের ভবনে লইয়া যাইলেন ॥ ১৫

ভরতবংশধর রাজন্! সেই দিনে দেবলোকে অর্জুন প্রীতি-সহকারে স্বীয় মহাবাহু পুত্রকে নিজের সমস্ত কার্য্যের কথা উল্লেখ করিয়া বলিলেন ॥ ১৬

শক্তিশালী পুত্র! যুদ্ধের সময় আসিলে তুমি আমাদের সাহায্য করিও। তখন "আচ্ছা, তাহাই হইবে" এই কথা বলিয়া ইরাবান্ চলিয়া যাইলেন এবং সেই যুদ্ধকাল আজ এখন উপস্থিত হইয়াছে ॥ ১৭

হে নৃপ! ইরাবানের সহিত ইচ্ছানুসারে বর্ণ ও বেগধারণ করিতে সমর্থ বহু অশ্ব ছিল। তাহারা সকলেই স্বর্ণের আভূষণে

এখানে অষ্টম শ্লোকে তৃতীয় চরণে যে "পত্যৌ" পদ আছে, উহা মুখ্যপতির বাচক পতি শব্দ নহে, কারণ, ব্যাকরণের নিয়মানুসারে মুখ্য পতি শব্দের সপ্তমীর একবচনে "পত্যৌ" রূপ হয়। সুতরাং এস্থলে "পতিরিব আচরতীতি পতিঃ" এই ব্যুৎপত্তি অনুসারে আচারকিবন্ত "পতি" শব্দেরই প্রয়োগ হইয়াছে। ইহার অর্থ হইল পতিসদৃশ। এখানে এরূপ প্রয়োগের তাৎপর্য্য হইল—যাহার উদ্দেশ্যে কন্যাদানের জন্য বাগ্‌দান হইয়াছে, তাদৃশ পুরুষকে মনোনীত পতি বলা হয়। এরূপ ব্যক্তি বিবাহের পূর্ব্ব পর্য্যন্ত "পতিতুল্য" থাকেন। বিবাহের পর তিনি সাক্ষাৎ "পতি" হন। এই নাগকন্যা উলূপীর মনোনীত পতিকে গরুড় বধ করিয়াছিলেন, সেইজন্য "নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতে পত্যৌ।" এই পরাশর-সংহিতার বচনানুসারে এই কন্যার সহিত অর্জুনের সম্বন্ধ হয় এবং ধর্ম্মাত্মা ও ভগবান্ শ্রীকৃষ্ণের অভিন্নহৃদয় সখা অর্জুন তাঁহাকে পত্নীরূপে গ্রহণ করেন।

উৎপেতুঃ সহসা রাজন্ হংসা ইব মহোদধৌ।
তে ত্বদীয়ান্ সমাসাদ্য হয়সঙ্ঘান্ মনোজবান্ ॥ ১৯
ক্রোড়ৈঃ ক্রোড়ানভিঘ্নন্তো ঘোণাভিশ্চ পরস্পরম্।
নিপেতুঃ সহসা রাজন্ সুবেগাভিহতা ভুবি ॥ ২০
নিপতদ্ভিস্তথা তৈশ্চ হয়সঙ্ঘৈঃ পরস্পরম্।
শুশ্রুবে দারুণঃ শব্দঃ সুপর্ণপতনে যথা ॥ ২১
তথৈব তাবকা রাজন্ সমেত্যান্যোন্যমাহবে।
পরস্পরবধং ঘোরং চক্রুস্তে হয়সাদিনঃ ॥ ২২
তস্মিংস্তথা বর্তমানে সঙ্কুলে তুমুলে ভৃশম্।
উভয়োরপি সংশান্তা হয়সঙ্ঘাঃ সমন্ততঃ ॥২৩
প্রক্ষীণসায়কাঃ শূরা নিহতাশ্বাঃ শ্রমাতুরাঃ।
বিলয়ং সমনুপ্রাপ্তাস্তক্ষমাণাঃ পরস্পরম্ ॥ ২৪
ততঃ ক্ষীণে হয়ানীকে কিঞ্চিচ্ছেষে চ ভারত।
সৌবলস্যাত্মজাঃ শূরা নির্গতা রণমূর্ধনি ॥ ২৫
বায়ুবেগসমস্পর্শান্ জবে বায়ুসমাংশ্চ তে।
আরুহ্য বলসম্পন্নান্ বয়ঃস্থাংস্তুরগোত্তমান্ ॥ ২৬
গজো গবাক্ষো বৃষভশ্চর্মবানার্জবঃ শুকঃ।
ষড়েতে বলসম্পন্না নির্যযুর্মহতো বলাৎ ॥ ২৭
বার্য্যমাণাঃ শকুনিনা তৈশ্চ যোধৈর্মহাবলৈঃ।
সন্নদ্ধা যুদ্ধকুশলা রৌদ্ররূপা মহাবলাঃ ॥ ২৮
তদনীকং মহাবাহো ভিত্ত্বা পরমদুর্জয়ম্।
বলেন মহতা যুক্তাঃ স্বর্গায় বিজয়ৈষিণঃ ॥ ২৯
বিবিশুস্তে তদা হৃষ্টা গান্ধারা যুদ্ধদুর্মদাঃ।
তান্ প্রবিষ্টাংস্তদা দৃষ্ট্বা ইরাবানপি বীর্য্যবান্ ॥ ৩০
অব্রবীৎ সমরে যোধান্ বিচিত্রান্ দারুণায়ুধান্।
যথৈতে ধার্তরাষ্ট্রস্য যোধাঃ সানুগবাহনাঃ ॥ ৩১
হন্যন্তে সমরে সর্বে তথা নীতির্বিধীয়তাম্।
বাঢ়মিত্যেবমুক্ত্বা তে সর্বে যোধা ইরাবতঃ ॥ ৩২
জঘ্নুস্তেষাং বলানীকং দুর্জয়ং সমরে পরৈঃ।
তদনীকমনীকেন সমরে বীক্ষ্য পাতিতম্ ॥ ৩৩

ভূষিত এবং মনের ন্যায় বেগগামী ছিল। তাহাদের বর্ণও বহু প্রকারের ছিল ॥ ১৮

রাজন্! ঐ অশ্বগণ মহাসাগরে উড্ডীয়মান হংসপঙ্‌ক্তির ন্যায় সহসা উড্ডীন হইল এবং আপনার মনের সদৃশ বেগশালী অশ্বসমুদায়ের মধ্যে উপস্থিত হইয়া ক্রোড়স্থলের দ্বারা ক্রোড়স্থল ও নাসিকার দ্বারা নাসিকাদেশে পরস্পর আঘাত করিতে লাগিল। তারপর তাহারা সবেগে আঘাতপ্রাপ্ত হইয়া ভূতলে পড়িতে লাগিল ॥ ১৯-২০

সেই অশ্বসমুদায় যখন পরস্পর আহত হইয়া ভূতলে পতিত হইতেছিল, তখন গরুড়ের বেগের সহিত অবতরণের ন্যায় শব্দের ভয়ঙ্কর শব্দ শুনা যাইতেছিল ॥ ২১

রাজন্! এইভাবে আপনার ও পাণ্ডবগণের অশ্বারোহী যোদ্ধারা যুদ্ধে পরস্পর পরস্পরের সহিত মিলিত হইয়া ভয়ঙ্কররূপে পরস্পরকে বধ করিতে লাগিল ॥ ২২

এইরূপে অত্যন্ত ভয়ঙ্কর তুমুল ব্যাপক যুদ্ধ আরম্ভ হইলে উভয়পক্ষেরই অশ্বগণ চারিদিকে নষ্ট হইয়া যাইল ॥ ২৩

শৌর্য্যশালী বীরগণের নিকট বাণ ফুরাইয়া যাইল। তাহাদের সকল অশ্ব নিহত হইল এবং তাহারা পরিশ্রমে পীড়িত হইয়া পরস্পরকে আঘাত প্রত্যাঘাত করিতে করিতে বিনষ্ট হইল ॥ ২৪

ভারত! এইভাবে যখন অশ্বারোহী সৈন্যগণ বিনষ্ট হইয়া যাইল এবং তাহাদের অল্পসংখ্যকই অবশিষ্ট থাকিল, সেই অবস্থায় শকুনির শৌর্য্যশালী ভ্রাতৃবৃন্দ যুদ্ধের সম্মুখে বাহির্গত হইলেন ॥ ২৫

যাহাদের স্পর্শ বায়ুবেগের ন্যায় দুঃসহ ছিল, বেগে যাহারা বায়ুতুল্য ছিল, এরূপ বলশালী ও বয়ঃস্থ উত্তম অশ্বগণের উপর আরোহণ করিয়া গজ, গবাক্ষ, বৃষভ, চর্ম্মবান্, আর্জব ও শুক—এই ছয়জন বীর স্বীয় বিশাল সৈন্যের সহিত যুদ্ধের জন্য বহির্গত হইলেন ॥ ২৬-২৭

যদিও শকুনি তাঁহাদিগকে নিষেধ করিয়াছিলেন, অন্যান্য মহাবলী যোদ্ধারাও বারণ করিয়াছিলেন, তথাপি এই যুদ্ধনিপুণ মহাবল ও ভয়ঙ্কররূপধারী ক্ষত্রিয়গণ কবচাদিতে সুসজ্জিত হইয়া যুদ্ধের জন্য বহির্গত হইলেন ॥ ২৮

মহাবাহো! সেই সময় সেই যুদ্ধদুর্মদ গান্ধারদেশীয় বীরগণ বিজয় কিংবা স্বর্গাভিলাষী হইয়া বিশাল সৈন্যের সহিত পাণ্ডববাহিনীর অতিশয় দুর্জয় ব্যূহ ভেদ করত হর্ষ ও উৎসাহভরে তাঁহার মধ্যে প্রবেশ করিলেন ॥

তখন তাঁহাদিগকে সৈন্যমধ্যে প্রবিষ্ট হইতে দেখিয়া পরাক্রমশালী ইরাবান্‌ও সমরাঙ্গণে ভয়ঙ্কর অস্ত্রধারী স্বীয় যোদ্ধাদিগকে বলিতে লাগিলেন—বীরগণ! তোমরা সকলে সংগ্রামে এরূপ নীতি স্থির করিয়া লও যে, যাহাতে দুর্য্যোধনের এই সমস্ত সৈন্যবাহিনী নিজ নিজ সেবক ও অনুচরবর্গের সহিত বিনাশপ্রাপ্ত হয়।

তখন "আচ্ছা, ইহাই হইবে" এই কথা বলিয়া ইরাবানের সমস্ত সৈন্যরা সেই ছয় বীরবৃন্দের সৈন্যগণকে, যাহারা অপরের

অমৃষ্যমাণাস্তে সর্বে সুবলস্যাত্মজা রণে।
ইরাবন্তমভিদ্রুত্য সর্বতঃ পর্য্যবারয়ন্ ॥ ৩৪
তাড়য়ন্তঃ শিতৈঃ প্রাসৈশ্চোদয়ন্তঃ পরস্পরম্।
তে শূরাঃ পর্য্যধাবন্ত কুর্বন্তো মহদাকুলম্ ॥ ৩৫
ইরাবানথ নির্ভিন্নঃ প্রাসৈস্তীক্ষ্ণৈর্মহাত্মভিঃ।
স্রবতা রুধিরেণাক্তস্তোত্রৈর্বিদ্ধ ইব দ্বিপঃ ॥ ৩৬
পুরতোঽপি চ পৃষ্ঠে চ পার্শ্বয়োশ্চ ভৃশাহতঃ।
একো বহুভিরত্যর্থং ধৈর্য্যাদ্ রাজন্ ন বিব্যথে ॥ ৩৭
ইরাবানপি সংক্রুদ্ধঃ সর্বাংস্তান্ নিশিতৈঃ শরৈঃ।
মোহয়ামাস সমরে বিদ্ধ্বা পরপুরঞ্জয়ঃ ॥ ৩৮
প্রাসানুৎকৃত্য তরসা স্বশরীরাদরিন্দমঃ।
তৈরেব তাড়য়ামাস সুবলস্যাত্মজান্ রণে ॥ ৩৯
বিকৃষ্য চ শিতং খড়্গং গৃহীত্বা চ শরাবরম্।
পদাতিস্তূর্ণমাগচ্ছজ্জিঘাংসুঃ সৌবলান্ যুধি ॥৪০
ততঃ প্রত্যাগতপ্রাণাঃ সর্বে তে সুবলাত্মজাঃ।
ভূয়ঃ ক্রোধসমাবিষ্টা ইরাবন্তমভিদ্রুতাঃ ॥ ৪১
ইরাবানপি খড়্গেন দর্শয়ন্ পাণিলাঘবম্।
অভ্যবর্ত্তত তান্ সর্বান্ সৌবলান্ বলদর্পিতঃ ॥ ৪২
লাঘবেনাথ চরতঃ সর্বে তে সুবলাত্মজাঃ।
অন্তরং নাভ্যগচ্ছন্ত চরন্তঃ শীঘ্রগৈর্হয়ৈঃ ॥ ৪৩
ভূমিষ্ঠমথ তং সংখ্যে সম্প্রদৃশ্য ততঃ পুনঃ।
পরিবার্য্য ভৃশং সর্বে গ্রহীতুমুপচক্রমুঃ ॥৪৪
অথাভ্যাসগতানাং স খড়্গেনামিত্রকর্শনঃ।
অসিহস্তাপহস্তাভ্যাং তেষাং গাত্রাণ্যকৃন্তত ॥ ৪৫
আয়ুধানি চ সর্বেষাং বাহূনপি বিভূষিতান্।
অপতন্ত নিকৃত্তাঙ্গা মৃতা ভূমৌ গতাসবঃ ॥ ৪৬

নিকট সমরাঙ্গণে দুর্জয় ছিল, বধ করিয়া ফেলিল ॥

স্বীয় সৈন্যগণকে সমরভূমিতে নিহত হইয়া পতিত হইতে দেখিয়া সুবলের পুত্রগণ তাহা সহ্য করিতে পারিলেন না। তাঁহারা ধাবিত হইয়া ইরাবান্‌কে তখন চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥ ৩১-৩৪

সেই ছয় বীর তীক্ষ্ণ প্রাসসমূহের আঘাত করিতে করিতে এবং পরস্পরকে প্রেরণাদান করিতে করিতে ইরাবানের উপর আক্রমণ করিলেন ও তাঁহাকে অত্যন্ত ব্যাকুল করিয়া তুলিলেন ॥ ৩৫

সেই মহাত্মা বীরগণের তীক্ষ্ণ প্রাসসমূহে ক্ষত-বিক্ষত হইয়া ইরাবান্ স্বীয় রক্তে স্নাত হইয়া পড়িলেন এবং অঙ্কুশসকলের আঘাতে হাতীর ন্যায় ব্যাকুল হইয়া পড়িলেন ॥ ৩৬

রাজন্! তিনি তখন একাকী ছিলেন, কিন্তু তাঁহার উপর প্রহারকারীর সংখ্যা ছিল বহু। তিনি সম্মুখে, পৃষ্ঠে এবং উভয় পার্শ্বে অত্যন্ত আহত হইলেন। তথাপি তিনি স্বীয় ধৈর্য্যবশতঃ ব্যথিত হইলেন না ॥ ৩৭

তখন ইরাবানেরও অতিশয় ক্রোধ উপস্থিত হইল। শত্রু-নগরবিজয়ী এই বীরও সমরে বাণের দ্বারা বিদ্ধ করিয়া সেই সকলকে মূর্চ্ছিত করিয়া ফেলিলেন ॥ ৩৮

শত্রুদমন ইরাবান্ স্বীয় শরীর হইতে সবেগে প্রাসগুলিকে উৎপাটিত করিয়া তাহাদের দ্বারা রণাঙ্গনে সুবলপুত্রগণের উপর প্রহার করিলেন ॥ ৩৯

তারপর তীক্ষ্ণ তরবারি ও ঢাল বাহির করিয়া ইরাবান্ যুদ্ধে সুবলপুত্রগণকে বধ করিবার ইচ্ছায় অতিদ্রুত পদব্রজে তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥ ৪০

তদনন্তর সুবলপুত্রগণের পুনরায় প্রাণশক্তি ফিরিয়া আসিল। অতএব তাঁহারা সকলে সচেতন হইলে পুনরায় ক্রুদ্ধ হইয়া উঠিলেন এবং ইরাবানের দিকে ধাবিত হইলেন ॥ ৪১

বলোন্মত্ত ইরাবান্‌ও তখন স্বীয় হস্তনৈপুণ্য দেখাইতে থাকিয়া খড়্গের দ্বারা সেই সমস্ত সুবলপুত্রগণকে আক্রমণ করিতে লাগিলেন ॥ ৪২

যদিও সেই সময় ইরাবান্ একাকীই হস্তনৈপুণ্য দেখাইতে দেখাইতে রণাঙ্গনে বিচরণ করিতেছিলেন এবং সুবলপুত্রগণ সকলে শীঘ্রগামী অশ্বসমূহের দ্বারা যুদ্ধভূমিতে বিচরণ করিতে-ছিলেন, তথাপি ইঁহারা সকলে ইরাবান্ হইতে নিজেদের কোন বিশেষতা লাভ করিতে পারেন নাই ॥ ৪৩

তারপর ইরাবন্‌কে ভূমিতে অবস্থিত দেখিয়া সুবলপুত্রগণ সকলে তাঁহাকে পুনরায় উত্তমরূপে ঘিরিয়া বন্দী করিবার উদ্যোগ করিলেন ॥ ৪৪

তখন শত্রুসূদন ইরাবান্ নিকটে সমাগত তাঁহাদের সকলের অঙ্গপ্রত্যঙ্গ কখনও বামহস্তে ও কখনও দক্ষিণ হস্তে তরবারি ঘুরাইয়া ছিন্ন ভিন্ন করিয়া দিলেন ॥ ৪৫

তিনি সেই সময় তাঁহাদের সকল অস্ত্র ও নানাবিধ ভূষণে বিভূষিত বাহুসমূহও ছেদন করিয়া ফেলিলেন। এই ভাবে তাঁহাদের অঙ্গপ্রত্যঙ্গ ছিন্ন হইয়া যাইলে তাঁহারা প্রাণশূন্য হইয়া মৃত অবস্থায় ভূমিতে পতিত হইলেন ॥ ৪৬

বৃষভস্তু মহারাজ বহুধা বিপরিক্ষতঃ।
অমুচ্যত মহারৌদ্রাৎ তস্মাদ্ বীরাবকর্তনাৎ ॥ ৪৭
তান্ সর্বান্ পতিতান্ দৃষ্ট্বা ভীতো দুর্য্যোধনস্ততঃ।
অভ্যধাবত সংক্রুদ্ধো রাক্ষসং ঘোরদর্শনম্ ॥৪৮
আর্য্যশৃঙ্গিং মহেষ্বাসং মায়াবিনমরিন্দমম্।
বৈরিণং ভীমসেনস্য পূর্বং বকবধেন বৈ ॥ ৪৯
পশ্য বীর যথা হ্যেষ ফাল্গুনস্য সুতো বলী।
মায়াবী বিপ্রিয়ং কর্তুমকার্ষীন্মে বলক্ষয়ম্ ॥ ৫০
ত্বঞ্চ কামগমস্তাত মায়াস্ত্রে চ বিশারদঃ।
কৃতবৈরশ্চ পার্থেন তস্মাদেনং রণে জহি ॥ ৫১
বাঢ়মিত্যেবমুক্ত্বা তু রাক্ষসো ঘোরদর্শনঃ।
প্রযযৌ সিংহনাদেন যত্রার্জুনসুতো যুবা ॥ ৫২
আরূঢ়ৈর্যুদ্ধকুশলৈর্বিমলপ্রাসযোধিভিঃ।
বীরৈঃ প্রহারিভির্যুক্তৈঃ স্বৈরনীকৈঃ সমাবৃতঃ ॥ ৫৩
হতশেষৈর্মহারাজ দ্বিসাহস্রৈর্হয়োত্তমৈঃ।
নিহন্তুকামঃ সমরে ইরাবন্তং মহাবলম্ ॥ ৫৪
ইরাবানপি সংক্রুদ্ধস্ত্বরমাণঃ পরাক্রমী।
হন্তুকামমমিত্রঘ্নো রাক্ষসং প্রত্যবারয়ৎ ॥ ৫৫
তমাপতন্তং সম্প্রেক্ষ্য রাক্ষসঃ সুমহাবলঃ।
ত্বরমাণস্ততো মায়াং প্রয়োক্তুমুপচক্রমে ॥ ৫৬
তেন মায়াময়াঃ সৃষ্টা হয়াস্তাবন্ত এব হি।
স্বারূঢ়া রাক্ষসৈর্ঘোরৈঃ শূলপট্টিশধারিভিঃ ॥ ৫৭
তে সংরব্ধাঃ সমাগম্য দ্বিসাহস্রাঃ প্রহারিণঃ।
অচিরাদ্ গময়ামাসুঃ প্রেতলোকং পরস্পরম্ ॥৫৮
তস্মিংস্তু নিহতে সৈন্যে তাবুভৌ যুদ্ধদুর্মদৌ।
সংগ্রামে সমতিষ্ঠেতাং যথা বৈ বৃত্র-বাসবৌ ॥ ৫৯

মহারাজ! সেই সময় বৃষভ যদিও গুরুতর ভাবে আহত হইয়া পড়িয়াছিলেন, তথাপি সেই বীরগণসংহারকারী মহাভয়ঙ্কর সংগ্রাম হইতে নিজেকে কোন রূপে মুক্ত করিতে সমর্থ হইয়াছিলেন ॥ ৪৭

তাঁহাদের সকলকে নিহত হইয়া ভূপতিত হইতে দেখিয়া দুর্য্যোধন ভীত হইয়া পড়িলেন এবং অতিশয় ক্রুদ্ধ হইয়া দেখিতে ভয়ঙ্কর রাক্ষস ঋষ্যশৃঙ্গপুত্র অলম্বুষের নিকট দৌড়াইয়া যাইলেন। সেই রাক্ষস শত্রুগণকে দমন করিতে সমর্থ, মায়াবী ও মহাধনুর্দ্ধর ছিল। পূর্ব্বকালে কৃত বকাসুর-বধের জন্য সে ভীমসেনের সহিত শত্রুতাবদ্ধ হইয়াছিল ॥ ৪৮-৪৯

এই রাক্ষসের নিকট যাইয়া দুর্য্যোধন বলিলেন,—বীর! দেখ, অর্জুনের এই বলবান্ পুত্র মায়াবী। সে আমার অপ্রিয় করিবার জন্য আমার সৈন্যগণকে সংহার করিতেছে ॥ ৫০

তাত! তুমি ইচ্ছানুসারে যত্র তত্র বিচরণ করিতে পার এবং মায়াময় অস্ত্রসমূহের প্রয়োগে নিপুণ। কুন্তীকুমার ভীমসেন তোমার সহিত শত্রুতা করিয়াছে, অতএব তুমি অবশ্যই এই যুদ্ধে ইরাবান্‌কে বধ কর ॥ ৫১

"আচ্ছা, তাহাই হউক" এই কথা বলিয়া দেখিতে ভয়ঙ্কর সেই রাক্ষস সিংহনাদ করিতে করিতে যে স্থানে সেই নবযুবক অর্জুননন্দন ইরাবান্ ছিলেন, সে স্থানে গমন করিল ॥ ৫২

তাহার সহিত নির্ম্মল প্রাসনামক অস্ত্রসমূহে যুদ্ধকারী, সংগ্রামকুশল ও প্রহার করিতে অভিজ্ঞ বহু বীরবৃন্দে পূর্ণ সৈন্যবাহিনী ছিল। ইহার সকল সৈন্যই বাহনে আরোহণ করিয়া ছিল। এই সকল সৈন্যে পরিবৃত হইয়া রাক্ষস অলম্বুষ সমরাঙ্গণে মহাবলী ইরাবান্‌কে বধ করিবার জন্য যুদ্ধস্থলে গমন করিল। মহারাজ! যুদ্ধের শেষে জীবিত দুই হাজার উত্তম অশ্বও তাহার সহিত ছিল ॥ ৫৩-৫৪

শত্রুহন্তা পরাক্রমশালী ইরাবান্‌ও তখন অতিশয় ক্রুদ্ধ ছিলেন। তিনি বধ করিতে অভিলাষী সেই রাক্ষসকে সত্বরতার সহিত নিবারণ করিলেন ॥ ৫৫

ইরাবান্‌কে আসিতে দেখিয়া সেই মহাবল রাক্ষস অলম্বুষ অতি সত্বর মায়া প্রয়োগ করিতে আরম্ভ করিল ॥৫৬

সে তখন দুই হাজার মায়াময় অশ্ব সৃষ্টি করিল, যাহাদের পৃষ্ঠে শূল ও পট্টিশধারী ভয়ঙ্কর বহু রাক্ষস আরোহণ করিয়া ছিল ॥ ৫৭

সেই দুই হাজার প্রহারকুশল যোদ্ধা ক্রুদ্ধচিত্তে উপস্থিত হইয়া ইরাবানের সৈন্যদের সহিত যুদ্ধ করিতে লাগিল। এই ভাবে উভয় দিকে যোদ্ধারা পরস্পর প্রহার করিতে করিতে অনতিবিলম্বে পরস্পরকে যমলোকে প্রেরণ করিল ॥ ৫৮

এইভাবে যখন উভয়পক্ষের সৈন্যগণ নিহত হইতে লাগিল, তখন যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রামকারী সেই দুই বীর ইরাবান্ ও রাক্ষস অলম্বুষ যুদ্ধভূমিতে বৃত্রাসুর এবং ইন্দ্রের ন্যায় অবস্থান করিতে লাগিলেন ॥ ৫৯

আত্রবন্তমভিপ্রেক্ষ্য রাক্ষসং যুদ্ধদুর্মদম্।
ইরাবানথ সংরব্ধঃ প্রত্যধাবন্মহাবলঃ ॥ ৬০
সমভ্যাসগতস্তাজ্ঞৌ তস্য খড়্গেন দুর্মতেঃ।
চিচ্ছেদ কার্মুকং দীপ্তং শরাবাপঞ্চ সত্বরম্ ॥ ৬১
স নিকৃত্তং ধনুর্দৃষ্ট্বা খং জবেন সমাবিশৎ।
ইরাবন্তমভিক্রুদ্ধং মোহয়ন্নিব মায়য়া ॥ ৬২
ততোঽন্তরিক্ষমুৎপত্য ইরাবানপি রাক্ষসম্।
বিমোহয়িত্বা মায়াভিস্তস্য গাত্রাণি সায়কৈঃ ॥ ৬৩
চিচ্ছেদ সর্বমর্মজ্ঞঃ কামরূপো দুরাসদঃ।
তথা স রাক্ষসশ্রেষ্ঠঃ শরৈঃ কৃত্তঃ পুনঃ পুনঃ ॥ ৬৪
সম্বভূব মহারাজ সমবাপ চ যৌবনম্।
মায়া হি সহজা তেষাং বয়ো রূপঞ্চ কামজম্ ॥ ৬৫
এবং তদ্ রাক্ষসস্যাঙ্গং ছিন্নং ছিন্নং বভূব হ।
ইরাবানপি সংক্রুদ্ধো রাক্ষসং তং মহাবলম্ ॥ ৬৬
পরশ্বধেন তীক্ষ্ণেন চিচ্ছেদ চ পুনঃ পুনঃ।
স তেন বলিনা বীরশ্ছিদ্যমান ইরাবতা ॥ ৬৭
রাক্ষসোঽপ্যনদদ্ ঘোরং স শব্দস্তুমুলোঽভবৎ।
পরশ্বধক্ষতং রক্ষঃ সুস্রাব বহু শোণিতম্ ॥ ৬৮
ততশ্চুক্রোধ বলবাংশ্চক্রে বেগঞ্চ সংযুগে।
আর্য্যশৃঙ্গিস্তথা দৃষ্ট্বা সমরে শত্রুমূর্জিতম্ ॥ ৬৯
কৃত্বা ঘোরং মহদ্ রূপং গ্রহীতুমুপচক্রমে।
অর্জুনস্য সুতং বীরমিরাবন্তং যশস্বিনম্ ॥ ৭০
সংগ্রামশিরসো মধ্যে সর্বেষাং তত্র পশ্যতাম্।
তাং দৃষ্ট্বা তাদৃশীং মায়াং রাক্ষসস্য দুরাত্মনঃ ॥ ৭১
ইরাবানপি সংক্রুদ্ধো মায়াং স্রষ্টুং প্রচক্রমে।
তস্য ক্রোধাভিভূতস্য সমরেষ্বনিবর্তিনঃ ॥ ৭২
যোঽন্বয়ো মাতৃকস্তস্য স এনমভিপেদিবান্।
স নাগৈর্বহুভী রাজন্নিরাবান্ সংবৃতো রণে ॥ ৭৩
দধার সুমহদ্ রূপমনন্ত ইব ভোগবান্।
ততো বহুবিধৈর্নাগৈশ্ছাদয়ামাস রাক্ষসম্ ॥ ৭৪
ছাদ্যমানস্তু নাগৈঃ স ধ্যাত্বা রাক্ষসপুঙ্গবঃ।
সৌপর্ণং রূপমাস্থায় ভক্ষয়ামাস পন্নগান্ ॥ ৭৫

রণদুর্মদ রাক্ষস অলম্বুষকে নিজের দিকে ধাবিত হইতে দেখিয়া মহাবল ইরাবান্ও অতিশয় ক্রোধের সহিত তাহার উপর প্রত্যাক্রমণ করিলেন ॥ ৬০

একবার যখন সেই দুর্মতি রাক্ষস অতি নিকটে আসিয়া পড়িল, তখন ইরাবান্ নিজের তরবারি দ্বারা তাঁহার দেদীপ্যমান ধনু এবং শরাবাপ (হস্তাবরণ) ছেদন করিয়া দিলেন ॥ ৬১

ধনু ছিন্ন হইতে দেখিয়া সেই রাক্ষস ক্রোধভরে ইরাবান্কে স্বীয় মায়ায় মোহিত করিতে করিতে তীব্রবেগে আকাশে উড়িয়া যাইল ॥ ৬২

সেই কামরূপধারী শ্রেষ্ঠ রাক্ষস সমস্ত মর্মস্থানসমূহে অভিজ্ঞ এবং দুর্জয় ছিল। সে বাণে পুনঃ পুনঃ ক্ষত-বিক্ষত হইলেও পুনরায় পূর্ববৎ হইয়া যাইল। মহারাজ! সে তখন নবযৌবনপ্রাপ্ত হইতে লাগিল; কারণ, রাক্ষসগণের মায়াবল স্বাভাবিক হইয়া থাকে এবং তাহারা ইচ্ছানুসারে রূপ ও অবস্থা ধারণ করিতে পারে ॥ ৬৩-৬৫

এইরূপে সেই রাক্ষসের যে যে অঙ্গ ছিন্ন ভিন্ন হইত, তাহা তৎক্ষণাৎ পুনরায় নূতনাকারে উৎপন্ন হইয়া যাইত। ইরাবান্ও অত্যন্ত কুপিত হইয়া সেই মহাবল রাক্ষসকে বারংবার তীক্ষ্ণ পরশুর সাহায্যে ছেদন করিতে লাগিলেন ॥

বলবান্ ইরাবানের পরশুতে ছিন্ন ভিন্ন হইয়া সেই বীর রাক্ষস ভয়ঙ্কর আর্তনাদ করিতে লাগিল। তখন তাহার সেই আর্তনাদ তুমুলাকার ধারণ করিল ॥

পরশুদ্বারা বারংবার ছিন্ন-ভিন্ন হইতে থাকিলে সেই রাক্ষসের শরীর হইতে বহু রক্ত ক্ষরিত হইল। ইহাতে রাক্ষস ঋষ্যশৃঙ্গের বলবান্ পুত্র অলম্বুষ সমরাঙ্গণে অতিশয় ক্রুদ্ধ হইয়া পড়িল এবং স্বীয় বেগ প্রকাশ করিতে লাগিল। সে যুদ্ধস্থলে নিজের শত্রুকে প্রবল হইতে দেখিয়া অত্যন্ত ভয়ঙ্কর ও বিশাল রূপ ধারণ করত অর্জুনের বীর ও যশস্বী পুত্র ইরাবান্কে বন্দী করিতে চেষ্টা আরম্ভ করিল ॥ ৬৬-৭০

যুদ্ধের সম্মুখভাগে সমস্ত যোদ্ধাগণের দৃষ্টিপথেই সে ইরাবান্কে বন্দী করিতে সচেষ্ট হইল। সেই দুরাত্মা রাক্ষসের সেইরূপ মায়া দেখিয়া ক্রুদ্ধ ইরাবান্ও মায়া প্রয়োগ করিতে আরম্ভ করিলেন ॥

সংগ্রামে কখনও পশ্চাদপসরণ করেন না, এরূপ বীর ইরাবান্ যখন ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিতেছিলেন, তখন তাঁহার মাতৃকুলের নাগগণ তাঁহার সাহায্যের জন্য সেখানে আসিয়া উপস্থিত হইলেন ॥

রাজন্! রণাঙ্গনে বহুতর নাগগণে পরিবৃত ইরাবান্ বিশাল শরীরধারী শেষ নাগের ন্যায় অতি বিশাল রূপ ধারণ করিলেন ॥

তারপর তিনি বহু নাগের দ্বারা সেই রাক্ষসকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন। নাগগণ কর্তৃক আচ্ছাদিত সেই রাক্ষসরাজ

মায়য়া ভক্ষিতে তস্মিন্নন্বয়ে তস্য মাতৃকে।
বিমোহিতমিরাবন্তং ন্যহনদ্ রাক্ষসোঽসিনা॥ ৭৬

সকুণ্ডলং সমুকুটং পদ্মেন্দুসদৃশপ্রভম্।
ইরাবতঃ শিরো রক্ষঃ পাতয়ামাস ভূতলে॥ ৭৭

তস্মিংস্তু নিহতে বীরে রাক্ষসেনার্জুনাত্মজে।
বিশোকাঃ সমপদ্যন্ত ধার্তরাষ্ট্রাঃ সরাজকাঃ॥ ৭৮

তস্মিন্ মহতি সংগ্রামে তাদৃশে ভৈরবে পুনঃ।
মহান্ ব্যতিকরো ঘোরঃ সেনয়োঃ সমপদ্যত॥ ৭৯

গজা হয়াঃ পদাতাশ্চ বিমিশ্রা দন্তিভির্হতাঃ।
রথাশ্বা দন্তিনশ্চৈব পত্তিভিস্তত্র সূদিতাঃ॥ ৮০

তথা পত্তিরথৌঘাশ্চ হয়াশ্চ বহবো রণে।
রথিভির্নিহতা রাজংস্তব তেষাঞ্চ সঙ্কুলে॥ ৮১

অজানন্নর্জুনশ্চাপি নিহতং পুত্রমৌরসম্।
জঘান সমরে শূরান্ রাজ্ঞস্তান্ ভীষ্মরক্ষিণঃ॥ ৮২

তথৈব তাবকা রাজন্ সৃঞ্জয়াশ্চ সহস্রশঃ।
জুহ্বতঃ সমরে প্রাণান্ নিজঘ্নুরিতরেতরম্॥ ৮৩

মুক্তকেশা বিকবচা বিরথাশ্ছিন্নকার্মুকাঃ।
বাহুভিঃ সমযুধ্যন্ত সমবেতাঃ পরস্পরম্॥ ৮৪

তথা মর্মাতিগৈর্ভীষ্মো নিজঘান মহারথান্।
কম্পয়ন্ সমরে সেনাং পাণ্ডবানাং পরন্তপঃ॥ ৮৫

তেন যৌধিষ্ঠিরে সৈন্যে বহবো মানবা হতাঃ।
দন্তিনঃ সাদিনশ্চৈব রথিনোঽথ হয়াস্তথা॥ ৮৬

তত্র ভারত ভীষ্মস্য রণে দৃষ্ট্বা পরাক্রমম্।
অত্যদ্ভুতমপশ্যাম শক্রস্যেব পরাক্রমম্॥ ৮৭

তথৈব ভীমসেনস্য পার্ষতস্য চ ভারত।
রৌদ্রমাসীদ্ রণে যুদ্ধং সাত্যকস্য চ ধন্বিনঃ॥ ৮৮

দৃষ্ট্বা দ্রোণস্য বিক্রান্তং পাণ্ডবান্ ভয়মাবিশৎ।
এক এব রণে শক্তো নিহন্তুং সর্বসৈনিকান্॥ ৮৯

কিং পুনঃ পৃথিবীশূরৈর্যোধব্রাতৈঃ সমাবৃতঃ।
ইত্যব্রুবন্ মহারাজ রণে দ্রোণেন পীড়িতাঃ॥ ৯০

কিছুকাল চিন্তা করিয়া গরুড়ের রূপ ধারণ করত সমস্ত নাগগণকে ভক্ষণ করিতে আরম্ভ করিল। ৭১-৭৫

যখন সেই রাক্ষস ইরাবানের মাতৃকুলের সমস্ত নাগগণকে ভক্ষণ করিয়া ফেলিল, তখন তাহার মায়ায় মোহিত ইরাবান্‌কে সে তরবারির দ্বারা নিহত করিল। ৭৬

ইরাবানের কমল ও চন্দ্রতুল্য কান্তিমান্ এবং কুণ্ডল ও মুকুট-মণ্ডিত মস্তককে ছেদন করিয়া রাক্ষস ভূতলে পাতিত করিল। ৭৭

এইরূপে রাক্ষস অলম্বুষ কর্তৃক অর্জুনের বীর পুত্র ইরাবান্ নিহত হইলে রাজা দুর্যোধনের সহিত আপনার সকল পুত্রই শোকশূন্য হইলেন। ৭৮

তারপর পুনরায় সেই ভয়ঙ্কর মহাসংগ্রামে উভয়পক্ষের সৈন্য-দের মধ্যে গুরুতর ও ভয়ানক সংমিশ্রণ হইয়া যাইল। ৭৯

রাজন্! আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের সেই তুমুল যুদ্ধে উভয়পক্ষের সম্মিলিত হস্তী, অশ্ব, রথ, ও পদাতি সৈন্যগণকে দন্তুর হস্তিগণ নিহত করিতে লাগিল। রথ, অশ্ব ও হস্তী সৈন্যদিগকে পদাতিক বাহিনীর সৈন্যরা বিনাশ করিল এবং বহু সংখ্যক পদাতি, রথিবৃন্দ ও অশ্বারোহী সৈন্য রথী যোদ্ধাদিগের দ্বারা বিনষ্ট হইল। ৮০-৮১

অর্জুন তখন পর্যন্তও নিজের ঔরসজাত পুত্র ইরাবনের মৃত্যুর কথা জানিতে পারেন নাই। তিনি সেই সময় ভীষ্মের রক্ষায় নিযুক্ত বীর নরপতিগণকে সমরাঙ্গণে সংহার করিতেছিলেন। ৮২

রাজন্! এইরূপে আপনার পুত্র ও সৈন্যগণ এবং সহস্র সহস্র সৃঞ্জয় বীরবৃন্দ রণাঙ্গনে প্রাণের আহুতি দান করিতে করিতে পরস্পর পরস্পরকে নিহত করিতেছিলেন। ৮৩

কবচ, রথ ও ধনু নষ্ট হইয়া যাইলে মুক্তকেশে বহু যোদ্ধা পরস্পর মিলিত হইয়া বাহুদ্বারা মল্লযুদ্ধ করিতে থাকিলেন। ৮৪

অপরদিকে শত্রুসন্তাপক ভীষ্ম রণাঙ্গণে স্বীয় মর্মভেদী বাণ দ্বারা পাণ্ডব সৈন্যদিগকে কম্পিত করিতে করিতে তাঁহাদের মহারথী বীরবৃন্দকে সংহার করিতে লাগিলেন। ৮৫

তিনি যুধিষ্ঠিরের সৈন্যদিগের বহু পদাতি, আরোহী-সহ হস্তী, রথারোহী ও অশ্বারোহী সৈন্যকে নিহত করিলেন। ৮৬

ভারত! আমরা সেই যুদ্ধস্থলে ভীষ্মের দেবরাজ ইন্দ্রের ন্যায় অত্যন্ত অদ্ভুত পরাক্রম দেখিলাম। ৮৭

ভরতনন্দন! সেইরূপই এই রণাঙ্গণে ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন ও ধনুর্দ্ধর সাত্যকির ও ভয়ানক যুদ্ধ চলিতেছিল। ৮৮

দ্রোণাচার্য্যের পরাক্রম দেখিয়া ত' পাণ্ডবগণের মনে ভয় উপস্থিত হইয়াছিল। মহারাজ! তাঁহারা দ্রোণাচার্য্যের দ্বারা পীড়িত হইয়া বলিতে লাগিলেন,—রণভূমিতে একাকী দ্রোণা-

বর্ত্তমানে তথা রৌদ্রে সংগ্রামে ভরতর্ষভ।
উভয়োঃ সেনয়োঃ শূরা নামৃষ্যন্ত পরস্পরম্॥ ৯১
আবিষ্টা ইব যুধ্যন্তে রক্ষোভূতা মহাবলাঃ।
তাবকাঃ পাণ্ডবেয়াশ্চ সংরব্ধাস্তাত ধন্বিনঃ॥ ৯২

ন স্ম পশ্যামহে কঞ্চিৎ প্রাণান্ যঃ পরিরক্ষতি।
সংগ্রামে দৈত্যসঙ্কাশে তস্মিন্ বীরবরক্ষয়ে॥ ৯৩
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি ইরাবদ্বধে
নবতিতমোঽধ্যায়ঃ॥ ৯০

চার্য্যই সমস্ত সৈন্যগণকে বধ করিতে সমর্থ, সুতরাং ইনি যখন ভূতলের সুবিখ্যাত বীর যোদ্ধাগণের দ্বারা পরিবৃত হইয়া যুদ্ধ করিবেন, তখন আর ইঁহার বিষয়ে বলিবার কি আছে? ৮৯-৯০

ভরতশ্রেষ্ঠ! সেই ভয়ঙ্কর সংগ্রামে উভয়পক্ষেরই বীর সৈন্যগণ পরস্পর পরস্পরের বীরত্ব সহ্য করিতে পারিলেন না॥ ৯১

তাত! আপনার ও পাণ্ডবদের মহাবল ধনুর্দ্ধর বীরগণ ভূতাবিষ্ট রাক্ষসসকলের ন্যায় ক্রোধসহকারে পরস্পরের প্রতি যুদ্ধ করিতে লাগিলেন॥ ৯২

শ্রেষ্ঠ বীরগণের ক্ষয়কারক সেই দৈত্যদের যুদ্ধসদৃশ যুদ্ধে আমরা এরূপ কাহাকেও দেখিলাম না, যিনি নিজের প্রাণ রক্ষা করিতে সমর্থ ছিলেন ৯৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ইরাবানের বধবিষয়ক নবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একনবতিতমোঽধ্যায়ঃ

[ঘটোৎকচ-দুর্য্যোধনয়োর্ভয়ঙ্করং যুদ্ধম্।]

ধৃতরাষ্ট্র উবাচ।
ইরাবন্তং তু নিহতং দৃষ্ট্বা পার্থা মহারথাঃ।
সংগ্রামে কিমকুর্ব্বন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয়॥ ১

সঞ্জয় উবাচ।
ইরাবন্তং তু নিহতং সংগ্রামে বীক্ষ্য রাক্ষসঃ।
ব্যনদৎ সুমহানাদং ভৈমসেনির্ঘটোৎকচঃ॥ ২
নদতস্তস্য শব্দেন পৃথিবী সাগরাম্বরা।
সপর্বত-বনা রাজংশ্চচাল সুভৃশং তদা॥ ৩
অন্তরিক্ষং দিশশ্চৈব সর্বাশ্চ প্রদিশস্তথা।
তং শ্রুত্বা সুমহানাদং তব সৈন্যস্য ভারত॥ ৪
উরুস্তম্ভঃ সমভবদ্ বেপথুঃ স্বেদ এব চ।
সর্ব এব মহারাজ তাবকা দীনচেতসঃ॥ ৫
সর্বতঃ সমচেষ্টন্ত সিংহভীতা গজা ইব।
নর্দিত্বা সুমহানাদং নির্ঘাতমিব রাক্ষসঃ॥ ৬
জ্বলিতং শূলমুদ্যম্য রূপং কৃত্বা বিভীষণম্।
নানারূপপ্রহরণৈর্বৃতো রাক্ষসপুঙ্গবৈঃ॥ ৭

একনবতিতম অধ্যায়।

[ঘটোৎকচ ও দুর্য্যোধনের মধ্যে ভয়ঙ্কর যুদ্ধ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—ইরাবান্‌কে সংগ্রামে নিহত হইতে দেখিয়া মহারথী কুন্তীপুত্রগণ কি করিল? সঞ্জয়! তাহা আমাকে বল॥ ১

সঞ্জয় বলিলেন,—রাজন্! ইরাবান্‌কে যুদ্ধভূমিতে নিহত হইতে দেখিয়া ভীমসেনের পুত্র রাক্ষস ঘটোৎকচ অতিশয় উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিল॥ ২

রাজন্! সেই রাক্ষসের গর্জনে তখন সমুদ্র, আকাশ, পর্ব্বত ও বনাকুল সহ সমগ্র পৃথিবী অতিশয় কম্পিতা হইতে লাগিলেন॥ ৩

অন্তরিক্ষ, পূর্ব্বাদি দিক্‌সমূহ এবং ঈশানাদি সমস্ত কোণসকলও কাঁপিতে থাকিল। ভারত! ঘটোৎকচের সেই ভয়ানক সিংহনাদ শুনিয়া আপনার সৈন্যদের জঙ্ঘাপ্রদেশ অচল হইয়া যাইল, শরীর কাঁপিতে লাগিল এবং সর্ব্বাঙ্গ ঘর্ম্মাক্ত হইয়া পড়িল॥

মহারাজ! আপনার সকল সৈন্যই সর্ব্বতোভাবে দীনচিত্ত হইয়া সিংহ হইতে ভীত হস্তিগণের ন্যায় ভয়পূর্ণ চেষ্টা করিতে লাগিল॥

বজ্রাঘাতের তুল্য ভয়ঙ্কর গর্জন করিতে করিতে কাল, অন্তক ও যমতুল্য ক্রুদ্ধ হইয়া সেই রাক্ষস অতিশয় ভীষণ রূপ ধারণ করত প্রজ্বলিত ত্রিশূল হাতে লইয়া নানাবিধ অস্ত্রে পরিবৃত শ্রেষ্ঠ রাক্ষসবৃন্দের সহিত উপস্থিত হইয়া আপনার সৈন্যগণকে সংহার করিতে লাগিল॥

আজঘান সুসংক্রুদ্ধঃ কালান্তকযমোপমঃ।
তমাপন্তং সম্প্রেক্ষ্য সংক্রুদ্ধং ভীমদর্শনম্ ॥ ৮
স্ববলঞ্চ ভয়াৎ তস্য প্রায়শো বিমুখীকৃতম্।
ততো দুর্য্যোধনো রাজা ঘটোৎকচমুপাদ্রবৎ ॥ ৯
প্রগৃহ্য বিপুলং চাপং সিংহবদ্ বিনদন্ মুহুঃ।
পৃষ্ঠতোঽনুযযৌ চৈনং স্রবদ্ভিঃ পর্বতোপমৈঃ ॥ ১০
কুঞ্জরৈর্দশসাহস্রৈর্বঙ্গানামধিপঃ স্বয়ম্।
তমাপতন্তং সম্প্রেক্ষ্য গজানীকেন সংবৃতম্ ॥ ১১
পুত্রং তব মহারাজ চুকোপ স নিশাচরঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ॥ ১২
রাক্ষসানাঞ্চ রাজেন্দ্র দুর্য্যোধনবলস্য চ।
গজানীকঞ্চ সম্প্রেক্ষ্য মেঘবৃন্দমিবোদিতম্ ॥ ১৩
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা রাক্ষসাঃ শস্ত্রপাণয়ঃ।
নদন্তো বিবিধান্ নাদান্ মেঘা ইব সবিদ্যুতঃ ॥১৪
শরশক্ত্যৃষ্টিনারাচৈর্নিঘ্নন্তো গজযোধিনঃ।
ভিন্দিপালৈস্তথা শূলৈর্মুদ্গরৈঃ সপরশ্বধৈঃ ॥ ১৫
পর্বতাগ্রৈশ্চ বৃক্ষৈশ্চ নিজঘ্নুস্তে মহাগজান্।
ভিন্নকুম্ভান্ বিরুধিরান্ ভিন্নগাত্রাংশ্চ বারণান্ ॥ ১৬
অপশ্যাম মহারাজ বধ্যমানান্ নিশাচরৈঃ।
তেষু প্রক্ষীয়মাণেষু ভগ্নেষু গজযোধিষু ॥ ১৭
দুর্য্যোধনো মহারাজ রাক্ষসান্ সমুপাদ্রবৎ।
অমর্ষবশমাপন্নস্ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥ ১৮
মুমোচ নিশিতান্ বাণান্ রাক্ষসেষু পরন্তপ।
জঘান চ মহেষ্বাসঃ প্রধানাংস্তত্র রাক্ষসান্ ॥ ১৯
সংক্রুদ্ধো ভরতশ্রেষ্ঠ পুত্রো দুর্য্যোধনস্তব।
বেগবন্তং মহারৌদ্রং বিদ্যুজ্জিহ্বং প্রমাথিনম্ ॥ ২০
শরৈশ্চতুর্ভিশ্চতুরো নিজঘান মহাবলঃ।
ততঃ পুনরমেয়াত্মা শরবর্ষং দুরাসদম্ ॥ ২১
মুমোচ ভরতশ্রেষ্ঠো নিশাচরবলং প্রতি।
তৎ তু দৃষ্ট্বা মহৎ কর্ম পুত্রস্য তব মারিষ ॥ ২২

অত্যন্ত ক্রুদ্ধ ও দেখিতে ভয়ঙ্কর সেই রাক্ষস ঘটোৎকচকে আক্রমণ করিতে দেখিয়া তাহার ভয়ে ভীত আপনার প্রায় সকল সৈন্যরা পলায়ন করিতে লাগিল ॥

তখন রাজা দুর্য্যোধন বিশাল ধনু লইয়া বারংবার সিংহের ন্যায় গর্জন করিতে করিতে রণাঙ্গনে ঘটোৎকচের উপর ধাবিত হইলেন ॥

তাঁহার পশ্চাতে মদধারাবাহী পর্ব্বতাকার দশ হাজার গজ-রাজ সৈন্যের সহিত স্বয়ং বঙ্গদেশের রাজাও গমন করিলেন ॥

মহারাজ! হস্তীদিগের এই সৈন্যে পরিবৃত হইয়া আপনার পুত্র দুর্য্যোধনকে আসিতে দেখিয়া সেই নিশাচর ঘটোৎকচ কুপিত হইয়া উঠিল ॥

রাজেন্দ্র! তখন দুর্য্যোধনের সৈন্য এবং রাক্ষসদের মধ্যে ভয়ঙ্কর ও লোমহর্ষণ যুদ্ধ আরম্ভ হইল ॥

আকাশে উদিত মেঘবৃন্দের ন্যায় সেই গজসৈন্যকে দেখিয়া অতিশয় ক্রুদ্ধ রাক্ষস ঘটোৎকচ হাতে অস্ত্রধারণ করত তাহার দিকে ধাবিত হইল ॥

সে তখন নানাবিধ গর্জন করিতে করিতে বিদ্যুৎ-সহ মেঘের ন্যায় শোভা পাইতে লাগিল। বাণ, শক্তি, ঋষ্টি, নারাচ, ভিন্দি-পাল, শূল, মুদ্গর, পরশু, পর্ব্বতশিখর এবং বৃক্ষসমূহ প্রহার করিয়া গজারোহী যোদ্ধা এবং গজরাজগণকে বধ করিতে লাগিল

মহারাজ! নিশাচর (রাক্ষস)-গণ কর্তৃক নিহত গজরাজ-সকলকে আমরা দেখিয়াছি। তখন এই গজরাজদিগের মধ্যে বহুর কুম্ভস্থল বিদীর্ণ হইয়াছিল, অধিকাংশের শরীরে রক্ত শূন্য হইয়া গিয়াছিল এবং কতকগুলির দেহ ছিন্ন-ভিন্ন হইয়াছিল।

মহারাজ! এই রূপে গজারোহী যোদ্ধারা ভগ্ন এবং নষ্ট হইয়া যাইলে দুর্য্যোধন অমর্ষের বশীভূত হইয়া স্বীয় জীবনের মোহ পরিত্যাগ করত সেই রাক্ষসদের উপর আক্রমণ করিলেন ॥ ৪-১৮

শত্রুদমন ভূপাল! মহাধনুর্দ্ধর দুর্য্যোধন রাক্ষসগণের উপর তীক্ষ্ণ বহু বাণ বর্ষণ করিলেন এবং তাহাদের মধ্যে প্রধান প্রধান রাক্ষসদিগকে বধ করিলেন ॥ ১৯

ভরতশ্রেষ্ঠ! অতিশয় ক্রুদ্ধ আপনার মহাবল পুত্র দুর্য্যোধন বেগবান্, মহারৌদ্র, বিদ্যুজ্জিহ্ব ও প্রমাথী এই চার রাক্ষসকে চারিটি বাণে নিহত করিলেন ॥

তাহার পর অমেয় আত্মবলসম্পন্ন ভরতশ্রেষ্ঠ দুর্য্যোধন সেই নিশাচর সৈন্যবাহিনীর উপর দুর্দ্ধর্ষ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥

আর্য্য! আপনার পুত্রের সেই মহৎ কর্ম্ম দেখিয়া ভীম-সেনের মহাবল পুত্র ঘটোৎকচ ক্রোধে জলিয়া উঠিল ॥

ক্রোধেনাভিপ্রজজ্বাল ভৈমসেনির্মহাবলঃ।
স বিস্ফার্য্য মহচ্চাপমিন্দ্রাশনিসমপ্রভম্ ॥ ২৩
অভিদুদ্রাব বেগেন দুর্য্যোধনমারন্দমম্।
তমাপতন্তমুদ্বীক্ষ্য কালসৃষ্টমিবান্তকম্ ॥ ২৪
ন বিব্যথে মহারাজ পুত্রো দুর্য্যোধনস্তব।
অথৈনমব্রবীৎ ক্রুদ্ধঃ ক্রূর সংরক্তলোচনঃ ॥ ২৫
অদ্যানৃণ্যং গমিষ্যামি পিতৄণাং মাতুরেব চ।
যে ত্বয়া সুনৃশংসেনং দীর্ঘকালং প্রবাসিতাঃ ॥ ২৬
যচ্চ তে পাণ্ডবা রাজংশ্ছলদ্যূতে পরাজিতা।
যচ্চৈব দ্রৌপদী কৃষ্ণা একবস্ত্রা রজস্বলা ॥ ২৭
সভামানীয় দুর্বুদ্ধে বহুধা ক্লেশিতা ত্বয়া।
তব চ প্রিয়কামেন আশ্রমস্থা দুরাত্মনা ॥ ২৮
সৈন্ধবেন পরামৃষ্টা পরিভূয় পিতৄন্ মম।
এতেষামপমানানামন্যেষাঞ্চ কুলাধম ॥ ২৯
অন্তমদ্য গমিষ্যামি যদি নোৎসৃজসে রণম্।
এবমুক্ত্বা তু হৈড়িম্বো মহদ্ বিস্ফার্য্য কার্ম্মুকম্ ॥ ৩০
সন্দশ্য দশনৈরোষ্ঠং সৃক্কিণী পরিসংলিহন্।
শরবর্ষেণ মহতা দুর্য্যোধনমবাকিরৎ।
পর্ব্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকঃ ॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি হৈড়িম্বযুদ্ধে
একনবতিতমোঽধ্যায়ঃ ॥ ৯১

সে তখন ইন্দ্রধনু-সদৃশ কান্তিমান্ বিশাল ধনু আকর্ষণ করিয়া শত্রুদমন দুর্য্যোধনের দিকে তীব্র বেগে ধাবিত হইল ॥

মহারাজ! কালপ্রেরিত মৃত্যুতুল্য সেই ঘটোৎকচকে আসিতে দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন অল্পও ব্যথিত হইলেন না ॥

তদনন্তর ক্রূর ঘটোৎকচ ক্রোধে চক্ষু রক্ত বর্ণ করিয়া দুর্য্যোধনকে বলিল—রে দুষ্ট! আজ আমি স্বীয় পিতৃগণ ও মাতার ঋণ হইতে মুক্ত হইব, যাহাদিগকে তুমি দীর্ঘকাল পর্য্যন্ত বনে বাস করিতে বাধ্য করিয়াছিলে। তুমি অতিশয় ক্রূর-স্বভাব। দুর্বুদ্ধি ভূপাল! তুমি যে পাশাখেলায় ছলনার আশ্রয় লইয়া পাণ্ডবগণকে পরাজিত করিয়াছিলে এবং একটি মাত্র বস্ত্র-পরিধানকারিণী দ্রুপদতনয়া কৃষ্ণাকে রজস্বলা অবস্থায় সভার মধ্যে আনাইয়া নানাপ্রকার ক্লেশ দিয়াছিলে এবং তোমারই প্রিয় করিতে ইচ্ছুক দুরাত্মা সিন্ধুরাজ জয়দ্রথ আমার পিতৃগণকে অবহেলা করিয়া আশ্রমে অবস্থিতা দ্রৌপদীকে অপহরণ করিয়াছিল, কুলাধম! যদি তুমি যুদ্ধ পরিত্যাগ করিয়া পলাইয়া না যাও, তবে এই সমস্ত অপমান ও অন্য সব অত্যাচারসমূহেরও প্রতিশোধ আজই গ্রহণ করিব ॥

এই কথা বলিয়া হিড়িম্বানন্দন ঘটোৎকচ দন্তসমূহে ওষ্ঠ চিবাইতে চিবাইতে এবং জিহ্বার দ্বারা মুখের দুই প্রান্তভাগ (কোণ) চাটিতে চাটিতে নিজের বিশাল ধনু আকর্ষণ পূর্ব্বক দুর্য্যোধনের উপর সেইরূপ প্রভূত বাণ বর্ষণ করিল, যেরূপ বর্ষাকালে মেঘ পর্ব্বতের শিখরের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে। ২০-৩১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে হিড়িম্বাপুত্র-ঘটোৎকচের যুদ্ধ-বিষয়ক একনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

[দুর্য্যোধন-দ্রোণাদিপ্রধানবীরৈঃ সহ ঘটোৎকচস্য ভয়ানকং যুদ্ধম্।]

সঞ্জয় উবাচ

ততস্তদ্ বাণবর্ষং তু দুঃসহং দানবৈরপি
দধার যুধি রাজেন্দ্রো যথা বর্ষং মহাদ্বিপঃ॥ ১
ততঃ ক্রোধসমাবিষ্টো নিঃশ্বসন্নিব পন্নগঃ।
সংশয়ং পরমং প্রাপ্তঃ পুত্রস্তে ভরতর্ষভ॥ ২
মুমোচ নিশিতাংস্তীক্ষ্ণান্ নারাচান্ পঞ্চবিংশতিম্।
তেঽপতন্ সহসা রাজংস্তস্মিন্ রাক্ষসপুঙ্গবে॥ ৩
আশীবিষা ইব ক্রুদ্ধাঃ পর্বতে গন্ধমাদনে।
স তৈর্বিদ্ধঃ স্রবন্ রক্তং প্রভিন্ন ইব কুঞ্জরঃ॥ ৪
দধ্রে মতিং বিনাশায় রাজ্ঞঃ স পিশিতাশনঃ।
জগ্রাহ স মহাশক্তিং গিরীণামপি দারিণীম্॥ ৫
সম্প্রদীপ্তাং মহোল্কাভামশনিং জ্বলিতামিব।
সমুদ্যচ্ছন্ মহাবাহুর্জিঘাংসুস্তনয়ং তব॥ ৬
তামুদ্যতামভিপ্রেক্ষ্য বঙ্গানামধিপস্ত্বরন্।
কুঞ্জরং গিরিসঙ্কাশং রাক্ষসং প্রত্যচোদয়ৎ॥ ৭
স নাগপ্রবরেণাজৌ বলিনা শীঘ্রগামিনা।
যতো দুর্য্যোধনরথস্তং মার্গং প্রত্যবর্তত॥ ৮
রথঞ্চ বারয়ামাস কুঞ্জরেণ সুতস্য তে।
মার্গমাবারিতং দৃষ্ট্বা রাজ্ঞা বঙ্গেন ধীমতা॥ ৯
ঘটোৎকচো মহারাজ ক্রোধসংরক্তলোচনঃ।
উদ্যতাং তাং মহাশক্তিং তস্মিংশ্চিক্ষেপ বারণে॥ ১০
স তয়াভিহতো রাজংস্তেন বাহুপ্রমুক্তয়া।
সঞ্জাতরুধিরোৎপীড়ঃ পপাত চ মমার চ॥ ১১
পতত্যথ গজে চাপি বঙ্গানামীশ্বরো বলী।
জবেন সমভিক্রত্য জগাম ধরণীতলম্॥ ১২
দুর্য্যোধনোঽপি সম্প্রেক্ষ্য পতিতং বরবারণম্।
প্রভগ্নঞ্চ বলং দৃষ্ট্বা জগাম পরমাং ব্যথাম্॥ ১৩

দ্বিনবতিতম অধ্যায়

[দুর্য্যোধন এবং দ্রোণাদি প্রধান বীরগণের সহিত ঘটোৎকচের ভয়ঙ্কর যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! দানবগণের পক্ষেও দুঃসহ সেই বাণবর্ষণকে রাজেন্দ্র দুর্য্যোধন যুদ্ধে সেইরূপে ধারণ করিলেন, যেরূপ গজরাজ জলবর্ষণকে নিজের উপর ধারণ করিয়া থাকে॥ ১

ভরতশ্রেষ্ঠ! সেই সময় গুরুতর ক্রোধাবিষ্ট হইয়া শ্বাসত্যাগকারী সর্পতুল্য দীর্ঘ শ্বাস ত্যাগ করিতে করিতে আপনার পুত্র দুর্য্যোধন জীবন-রক্ষাব্যাপারে অতিশয় সংশয়াপন্ন হইলেন॥ ২

তখন তিনি অত্যন্ত তীক্ষ্ণ পঁচিশটি নারাচ নিক্ষেপ করিলেন। মহারাজ! এই সব নারাচগুলি সহসা রাক্ষসরাজ ঘটোৎকচের নিকট যাইয়া পতিত হইল, গন্ধমাদন পর্ব্বতের উপরে যেরূপ বিষধর সর্পসমূহ কোন স্থান হইতে আসিয়া পড়ে॥

সেই বাণসমূহে আহত হইয়া সেই রাক্ষস কুম্ভস্থল হইতে মদের ধারা প্রবাহিতকারী গজরাজের ন্যায় নিজ শরীর হইতে রক্তধারা প্রবাহিত করিতে লাগিল। সে তখন রাজা দুর্য্যোধনকে বিনাশ করিবার জন্য বুদ্ধি স্থির করিল॥

তাহার পর সে পর্ব্বতসকলকে বিদারণ করিতে সমর্থা, প্রজ্বলিতা উল্কা ও বজ্রসদৃশ কান্তিমতী এক মহাশক্তি গ্রহণ করিল॥

মহাবাহু ঘটোৎকচ আপনার পুত্রকে বিনাশ করিবার ইচ্ছায় সেই শক্তি উপরে উত্তোলিত করিল। উত্তোলিত সেই শক্তিকে দেখিয়া বঙ্গদেশের রাজা অতিসত্বর স্বীয় পর্ব্বতাকার বিশাল গজরাজকে সেই রাক্ষসের দিকে প্রেরিত করিলেন॥ ৩-৭

এই বঙ্গপতি সেই শীঘ্রগামী মহাবল গজরাজে আরোহণ করিয়া যুদ্ধক্ষেত্রে সেই মার্গে পরিচালনা করিলেন, যেখানে দুর্য্যোধনের রথ বর্ত্তমান ছিল॥ ৮

তিনি নিজ হাতীর দ্বারা আপনার পুত্রের পথ রুদ্ধ করিয়া দিলেন। মহারাজ! বুদ্ধিমান্ বঙ্গনরেশ কর্ত্তৃক দুর্য্যোধনের রথের পথ রুদ্ধ হওয়ায় ঘটোৎকচের চক্ষু ক্রোধে রক্তবর্ণ হইয়া উঠিল॥

তখন ঘটোৎকচ উত্তোলিত সেই মহাশক্তিকে উক্ত হাতীর উপরই নিক্ষেপ করিলেন। রাজন্! ঘটোৎকচের বাহুনিক্ষিপ্ত ঐ শক্তির আঘাতে হাতীর কুম্ভস্থল বিদীর্ণ হইয়া যাইল এবং ইহাতে সে রক্তস্রোত প্রবাহিত করিতে লাগিল। তখন হাতী তৎক্ষণাৎ ভূপাতিত হইল এবং মৃত্যুবরণ করিল॥ ৯-১১

হাতী যখন ভূপাতিত হইল, তখন বলবান্ বঙ্গাধিপতি তাহার পৃষ্ঠ হইতে সবেগে লাফাইয়া ধরাতলে নামিয়া পড়িলেন॥ ১২

সেই শ্রেষ্ঠ গজরাজকে পতিত দেখিয়া সমগ্র কৌরবসৈন্য পলায়ন করিল। এই সমস্ত দেখিয়া দুর্য্যোধন অতিশয় ব্যথিত হইলেন॥ ১৩

(অশক্তঃ প্রতিযোদ্ধুং বৈ দৃষ্ট্বা তস্য পরাক্রমম
ক্ষত্রধর্মং পুরস্কৃত্য আত্মনশ্চাভিমানিতাম্।
প্রাপ্তেঽপক্রমণে রাজা তস্থৌ গিরিরিবাচলঃ ॥ ১৪
সন্ধায় চ শিতং বাণং কালাগ্নিসমতেজসম্।
মুমোচ পরমক্রুদ্ধস্তস্মিন্ ঘোরে নিশাচরে ॥ ১৫
তমাপতন্তং সম্প্রেক্ষ্য বাণমিন্দ্রাশনিপ্রভম্।
লাঘবান্মোচয়ামাস মহাত্মা বৈ ঘটোৎকচঃ ॥ ১৬
ভূয়শ্চ বিননাদোগ্রং ক্রোধসংরক্তলোচনঃ।
ত্রাসয়ামাস সৈন্যানি যুগান্তে জলদো যথা ॥ ১৭
তং শ্রুত্বা নিনদং ঘোরং তস্য ভীমস্য রক্ষসঃ।
আচার্য্যমুপসঙ্গম্য ভীষ্মঃ শান্তনবোঽব্রবীৎ ॥ ১৮
যথৈষ নিনদো ঘোরঃ শ্রূয়তে রাক্ষসেরিতঃ।
হৈড়িম্বো যুধ্যতে নূনং রাজ্ঞা দুর্য্যোধনেন হ ॥১৯
নৈষ শক্যো হি সংগ্রামে জেতুং ভূতেন কেনচিৎ
তত্র গচ্ছত ভদ্রং বো রাজানং পরিরক্ষত ॥ ২০
অভিদ্রুতো মহাভাগো রাক্ষসেন মহাত্মনা।
এতদ্ধি বঃ পরং কৃত্যং সর্বেষাং নঃ পরন্তপাঃ ॥ ২১
পিতামহবচঃ শ্রুত্বা ত্বরমাণা মহারথাঃ।
উত্তমং জবমাস্থায় প্রযযুর্যত্র কৌরবঃ ॥ ২২
দ্রোণশ্চ সোমদত্তশ্চ বাহ্লীকোঽথ জয়দ্রথঃ।
কৃপো ভূরিশ্রবাঃ শল্য আবন্ত্যঃ স বৃহদ্বলঃ ॥ ২৩
অশ্বত্থামা বিকর্ণশ্চ চিত্রসেনো বিবিংশতিঃ।
রথাশ্চানেকসাহস্রাঃ যে তেষামনুযায়িনঃ ॥ ২৪
অভিদ্রুতং পরীপ্সন্তঃ পুত্রং দুর্য্যোধনং তব।
তদনীকমনাধৃষ্যং পালিতং তু মহারথৈঃ ॥ ২৫
আততায়িনমায়ান্তং প্রেক্ষ্য রাক্ষসসত্তমঃ।
নাকম্পত মহাবাহুর্মৈনাক ইব পর্বতঃ ॥ ২৬

তিনি ঘটোৎকচের পরাক্রমের দিকে দৃষ্টি রাখিয়া তাহার সম্মুখে যুদ্ধ করিতে সমর্থ হইলেন না। ক্ষত্রিয়-ধর্ম্ম ও নিজের অভিমানের কথা সম্মুখে রাখিয়া পলায়নের অবসর থাকিলেও রাজা দুর্য্যোধন পর্ব্বতের ন্যায় অবিচলভাবে অবস্থান করিতে লাগিলেন ॥ ১৪

তাহার পর তিনি প্রলয়কালীন অগ্নিতুল্য তেজস্বী এবং তীক্ষ্ণ বাণ সন্ধান করিয়া তাহা অত্যন্ত ক্রোধের সহিত সেই ভয়ঙ্কর রাক্ষসের উপর নিক্ষেপ করিলেন ॥ ১৫

ইন্দ্রের বজ্রতুল্য প্রভামণ্ডিত সেই বাণকে নিজের দিকে আসিতে দেখিয়া মহাত্মা রাক্ষস ঘটোৎকচ স্বীয় নৈপুণ্যবশতঃ উহা হইতে নিজেকে মুক্ত করিল ॥ ১৬

তারপর সে পুনরায় ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া ভয়ঙ্কর গর্জন করিতে লাগিল। যেরূপ প্রলয়কালে সংবর্ত্তক মেঘের গর্জন হইয়া থাকে, সেইরূপই গর্জন করিতে করিতে সে সমস্ত কৌরবসৈন্য-দিগকে ভীত করিয়া তুলিল ॥ ১৭

সেই ভয়ানক রাক্ষসের ঐ ঘোর গর্জন শ্রবণ করিয়া শান্তনু-নন্দন ভীষ্ম দ্রোণাচার্য্যের নিকট যাইয়া এই কথা বলিলেন ॥ ১৮

এই রাক্ষসের মুখ হইতে নির্গত যেরূপ ভয়ঙ্কর গর্জন শুনা যাইতেছে, তাহাতে অনুমান করা যায় যে, অবশ্যই হিড়িম্বার পুত্র ঘটোৎকচ রাজা দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতেছে ॥ ১৯

ইহাকে কোন প্রাণীই সমরে জয় করিতে সমর্থ হইবে না, অতএব আপনার কল্যাণ হউক, আপনি সেস্থানে গমন করুন এবং রাজা দুর্য্যোধনকে রক্ষা করুন ॥ ২০

মনে হইতেছে—মহাভাগ দুর্য্যোধন বিশালকায় রাক্ষসের আক্রমণের মধ্যে পড়িয়াছে। শত্রুসন্তাপক বীরগণ! সুতরাং আপনার ও আমাদের সকলের সর্ব্বোত্তম কার্য্য হইল দুর্য্যোধনকে রক্ষা করা ॥ ২১

ভীষ্মের এই কথা শ্রবণ করিয়া সকল মহারথীরা অতি সত্বর তীব্রবেগের আশ্রয়গ্রহণ করত সেইস্থানে উপস্থিত হইলেন, যেস্থানে কুরুরাজ দুর্য্যোধন অবস্থিত ছিলেন ॥ ২২

দ্রোণাচার্য্য, সোমদত্ত, বাহ্লীক, জয়দ্রথ, কৃপাচার্য্য, ভূরিশ্রবা, শল্য, অবন্তীদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ, বৃহদ্বল, অশ্বত্থামা, বিকর্ণ, চিত্রসেন, বিবংশতি এবং তাঁহাদের অনুগামী বহু সহস্র রথী—ইহারা সকলে রাক্ষসকর্ত্তৃক আক্রান্ত আপনার পুত্র দুর্য্যো-ধনকে রক্ষা করিবার জন্য গমন করিলেন। এই সব মহারথী কর্ত্তৃক পালিত (রক্ষিত) হইয়া সেই সৈন্যবাহিনী তখন অজেয় হইয়া উঠিল ॥ ২৩-২৫

যুদ্ধে আততায়ী দুর্য্যোধনকে আসিতে দেখিয়া রাক্ষসশ্রেষ্ঠ মহাবাহু ঘটোৎকচ অবিচলভাবে মৈনাকপর্ব্বতের ন্যায় অবস্থান করিতে লাগিল ॥ ২৬

প্রগৃহ্য বিপুলং চাপং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
শূল-মুদ্গরহস্তৈশ্চ নানাপ্রহরণৈরপি ॥ ২৭
ততঃ সমভবদ্ যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ।
রাক্ষসানাঞ্চ মুখ্যস্য দুর্য্যোধনবলস্য চ ॥ ২৮
ধনুষাং কূজতাং শব্দঃ সর্বতস্তুমুলো রণে।
অশ্রূয়ত মহারাজ বংশানাং দহ্যতামিব ॥ ২৯
অস্ত্রাণাং পাত্যমানানাং কবচেষু শরীরিণাম্।
শব্দঃ সমভবদ্ রাজন্ গিরীণামিব ভিদ্যতাম্ ॥ ৩০
বীরবাহুবিসৃষ্টানাং তোমরাণাং বিশাম্পতে।
রূপমাসীদ্ বিয়ৎস্থানাং সর্পাণামিব সর্পতাম্ ॥ ৩১
ততঃ পরমসংক্রুদ্ধো বিস্ফার্য্য সুমহদ্ ধনুঃ।
রাক্ষসেন্দ্রো মহাবাহুর্বিনদন্ ভৈরবং রবম্ ॥ ৩২
আচার্য্যস্যার্দ্ধচন্দ্রেণ ক্রুদ্ধশ্চিচ্ছেদ কার্মুকম্।
সোমদত্তস্য ভল্লেন ধ্বজং চোন্মথ্য চানদৎ ॥ ৩৩

তাহার জ্ঞাতি বন্ধুরা হস্তে শূল, মুদ্গরাদি নানাবিধ অস্ত্র লইয়া তাহাকে চারিদিক্ পরিবৃত করিয়া রাখিল এবং রাক্ষস ঘটোৎকচও হাতে একটি বিশাল ধনু ধারণ করিয়াছিল ॥ ২৭

তদনন্তর রাক্ষসগণের মধ্যে প্রধান ঘটোৎকচ এবং দুর্য্যোধনের সৈন্যদের মধ্যে লোমহর্ষণ ও তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥ ২৮

মহারাজ! রণাঙ্গনে সর্ব্বদিকেই বংশসমূহের দগ্ধ হওয়ার ন্যায় ধনুসকলের টঙ্কারের ভয়ঙ্কর শব্দ শুনা যাইতে লাগিল ॥ ২৯

রাজন্! দেহধারীদিগের কবচসমূহের মধ্যে পতিত অস্ত্রসকলের এরূপ শব্দ হইতে লাগিল যে, তাহাতে মনে হইতেছিল পর্ব্বতসমূহ বিদীর্ণ হইতেছে ॥ ৩০

প্রজানাথ! বীরগণের বাহুদ্বারা নিক্ষিপ্ত তোমরশ্রেণী যখন আকাশপথে আসিতেছিল, তখন তাহাদের স্বরূপ তীব্রগতিতে বিচরণরত সর্পসমূহের ন্যায় মনে হইতেছিল ॥ ৩১

তারপর মহাবাহু রাক্ষসরাজ ঘটোৎকচ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ভয়ঙ্কর গর্জন করিতে করিতে বিশাল ধনু আকর্ষণ করত অর্দ্ধচন্দ্র বাণে দ্রোণাচার্য্যের ধনু ছেদন করিয়া ফেলিল। পুনরায় একটি ভল্লাস্ত্রে সোমদত্তের ধ্বজ খণ্ড খণ্ড করিয়া দিয়া সিংহনাদ করিতে লাগিল ॥ ৩২-৩৩

তারপর তিনটি বাণে বাহ্লীকের বক্ষঃস্থলে বিদ্ধ করিল। এক বাণে কৃপাচার্য্যকে এবং তিনটি বাণে চিত্রসেনকেও বিদ্ধ করিল ॥ ৩৪

বাহ্লীকঞ্চ ত্রিভির্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
কৃপমেকেন বিব্যাধ চিত্রসেনং ত্রিভিঃ শরৈঃ ॥ ৩৪
পূর্ণায়তবিসৃষ্টেন সম্যক্ প্রণিহিতেন চ।
জত্রুদেশে সমাসাদ্য বিকর্ণং সমতাড়য়ৎ ॥ ৩৫
ন্যষীদৎ স্বরথোপস্থে শোণিতেন পরিপ্লুতঃ।
ততঃ পুনরমেয়াত্মা নারাচান্ দশ পঞ্চ চ ॥ ৩৬
ভূরিশ্রবসি সংক্রুদ্ধঃ প্রাহিণোদ্ ভরতর্ষভ।
তে বর্ম ভিত্ত্বা তস্যাশু বিবিশুর্ধরণীতলম্ ॥ ৩৭
বিবিংশতেশ্চ দ্রৌণেশ্চ যন্তারৌ সমতাড়য়ৎ।
তৌ পেততু রথোপস্থে রশ্মীনুৎসৃজ্য বাজিনাম্ ॥ ৩৮
সিন্ধুরাজ্ঞোঽর্ধচন্দ্রেণ বারাহং স্বর্ণভূষিতম্।
উন্মমাথ মহারাজ দ্বিতীয়েনাচ্ছিনদ্ ধনুঃ ॥ ৩৯
চতুর্ভিরথ নারাচৈরাবন্ত্যস্য মহাত্মনঃ।
জঘান চতুরো বাহান্ ক্রোধসংরক্তলোচনঃ ॥ ৪০

তারপর ঘটোৎকচ পূর্ণরূপে ধনুটিকে আকর্ষণ করিয়া তাহার উপর উত্তম রীতিতে সন্ধান করত বিকর্ণের গলদেশের উপরিভাগে (স্কন্ধে) গভীরভাবে আঘাত করিল ॥ ৩৫

ইহাতে বিকর্ণ ব্যাকুল হইয়া স্বীয় রথের পশ্চাদ্ভাগে যাইয়া বসিয়া পড়িলেন। তখন তাঁহার সর্ব্বাঙ্গ রক্তে পরিপ্লুত হইল। ভরতশ্রেষ্ঠ! তারপর অপরিমিত আত্মবলসম্পন্ন ঘটোৎকচ ভূরিশ্রবার উপর পনেরটি নারাচ নিক্ষেপ করিল ॥

এই নারাচগুলি তাঁহার কবচ ছিন্ন ভিন্ন করিয়া অতি দ্রুত ধরাতলে প্রবিষ্ট হইল। সেই সঙ্গে ঘটোৎকচ বিবিংশতি এবং অশ্বত্থামার সারথি দুইজনকে গুরুতর আহত করিল। এই দুই জন তখন অশ্বগণের রজ্জু (লাগাম) পরিত্যাগ করিয়া রথের আসনের উপর পতিত হইল ॥ ৩৬-৩৮

মহারাজ! ঘটোৎকচ সেই সময় একটি অর্দ্ধচন্দ্র বাণে সিন্ধুরাজ জয়দ্রথের বরাহ-চিহ্নযুক্ত সুবর্ণভূষিত ধ্বজ ছেদন করিল এবং অপর এক বাণে তাঁহার ধনুও খণ্ড খণ্ড করিয়া ফেলিল ॥ ৩৯

তাহার পর ঘটোৎকচ ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া চারিটি নারাচের দ্বারা মহাত্মা অবন্তীদেশের অধিপতির চারিটি অশ্বকে নিহত করিল ॥ ৪০

পূর্ণায়তবিসৃষ্টেন পীতেন নিশিতেন চ।
নির্বিভেদ মহারাজ রাজপুত্রং বৃহদ্বলম্ ॥ ৪১
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
ভৃশং ক্রোধেন চাবিষ্টো রথস্থো রাক্ষসাধিপঃ ॥ ৪২
চিক্ষেপ নিশিতাংস্তীক্ষ্ণাঙ্শরানাশীবিষোপমান্।
বিভিদুস্তে মহারাজ শল্যং যুদ্ধবিশারদম্ ॥ ৪৩
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি হৈড়িম্বযুদ্ধে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ

রাজেন্দ্র! অনন্তর ধনুটিকে পূর্ণরূপে আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত পীতবর্ণের তীক্ষ্ণ ধারাল একটি বাণে সে রাজকুমার বৃহদ্বলকে বিদীর্ণ করিয়া ফেলিল ॥ ৪১

এই বাণে গুরুতর রূপে বিদ্ধ হইয়া বৃহদ্বল ব্যথিতচিত্তে রথের পশ্চাদ্ভাগে যাইয়া উপবেশ করিলেন। এদিকে রাক্ষসরাজ ঘটোৎকচ অত্যন্ত ক্রোধাবিষ্ট হইয়া রথে বসিয়া থাকিল ॥ ৪২

মহারাজ! সে রথে বসিয়া থাকিয়াই বিষধর সর্পগণের ন্যায় অত্যন্ত তীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিল। সেই বাণসমূহে যুদ্ধবিশারদ রাজা শল্যকে সে পূর্ণরূপে আহত করিয়া ফেলিল ॥ ৪৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্বান্তর্গত ভীষ্মবধপর্বে হিড়িম্বানন্দন ঘটোৎকচের যুদ্ধবিষয়ক দ্বিনবতিতম অধ্যায়র অনুবাদ সমাপ্ত।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ

[ঘটোৎকচং রক্ষিতুং সমাগতৈর্ভীমাদিভির্বীরৈঃ সহ কৌরবাণাং যুদ্ধং পলায়নঞ্চ।]

সঞ্জয় উবাচ।
বিমুখীকৃত্য সর্বাংস্তু তাবকান্ যুধি রাক্ষসঃ।
জিঘাংসুর্ভরতশ্রেষ্ঠ দুর্যোধনমুপাদ্রবৎ ॥ ১
তমাপতন্তং সম্প্রেক্ষ্য রাজানং প্রতি বেগিতম্।
অভ্যধাবন্‌জিঘাংসন্তস্তাবকা যুদ্ধদুর্মদাঃ ॥ ২
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহারথাঃ।
তমেকমভ্যধাবন্ত নদন্তঃ সিংহসঙ্ঘবৎ ॥ ৩
অথৈনং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবাকিরন্।
পর্বতং বারিধারাভিঃ শরদীব বলাহকাঃ ॥ ৪
স গাঢ়বিদ্ধো ব্যথিতস্তোত্রার্দিত ইব দ্বিপঃ।
উৎপপাত তদাকাশং সমন্তাদ্ বৈনতেয়বৎ ॥ ৫
ব্যনদৎ সুমহানাদং জীমূত ইব শারদঃ।
দিশঃ খং বিদিশশ্চৈব নাদয়ন্ ভৈরবস্বনঃ ॥ ৬
রাক্ষসস্য তু তং শব্দং শ্রুত্বা রাজা যুধিষ্ঠিরঃ।
উবাচ ভরতশ্রেষ্ঠ ভীমসেনমরিন্দমম্ ॥ ৭

ত্রিনবতিতম অধ্যায়

[ঘটোৎকচকে রক্ষা করিবার জন্য আগত ভীমাদি বীরগণের সহিত কৌরবদিগের যুদ্ধ এবং পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—ভরতশ্রেষ্ঠ! সেই রাক্ষস যুদ্ধস্থলে আপনার সকল সৈন্যদিগকে যুদ্ধ হইতে পরাঙ্মুখ করিয়া দিল এবং দুর্য্যোধনকে বধ করিবার ইচ্ছায় তাহার দিকে ধাবিত হইল ॥ ১

তাহাকে দুর্য্যোধনের দিকে সবেগে আসিতে দেখিয়া যুদ্ধদুর্মদ আপনার পুত্র ও সৈন্যগণ ঘটোৎকচকে বিনাশ করিবার জন্য তাহার দিকে ধাবিত হইলেন ॥ ২

সেই সব মহারথী বীরগণ চারি হাত লম্বা ধনু লইয়া আকর্ষণ করত সিংহসকলের ন্যায় গর্জন করিতে করিতে সেই একাকী যোদ্ধা ঘটোৎকচের দিকে ধাবিত হইলেন ॥ ৩

যেরূপ শরৎকালে মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে, সেইরূপ এই সব কৌরব বীরগণ চারিদিক্ হইতে ঘটোৎকচের উপর বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥ ৪

সেই সময় এই সব বাণের প্রহারে ঘটোৎকচ অঙ্কুশ প্রহারে হাতীর ন্যায় ব্যথিত হইয়া উঠিল এবং অতি দ্রুত গরুড়সদৃশ আকাশের চারিদিকে উড়িতে লাগিল ॥ ৫

সে তখন আকাশে থাকিয়াই শরৎকালে মেঘের ন্যায় ভীষণ ভয়ঙ্কর স্বরে অন্তরিক্ষ, দিক্ ও বিদিক্‌সমূহ নিনাদিত করিতে করিতে গর্জন করিতে লাগিল ॥ ৬

রাক্ষস ঘটোৎকচের ঐ গর্জন শুনিয়া রাজা যুধিষ্ঠির শত্রুদমন ভীমসেনকে এই কথা বলিলেন ॥ ৭

যুধ্যতে রাক্ষসো নূনং ধার্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
যথাস্য শ্রূয়তে শব্দো নদতো ভৈরবং স্বনম্ ॥ ৮

অতিভারঞ্চ পশ্যামি তস্মিন্ রাক্ষসপুঙ্গবে।
পিতামহশ্চ সংক্রুদ্ধঃ পঞ্চালান্ হন্তুমুদ্যতঃ ॥ ৯

তেষাঞ্চ রক্ষণার্থায় যুধ্যতে ফাল্গুনঃ পরৈঃ।
এতজ্জ্ঞাত্বা মহাবাহো কার্য্যদ্বয়মুপস্থিতম্ ॥১০

গচ্ছ রক্ষস্ব হৈড়িম্বং সংশয়ং পরমং গতম্।
ভ্রাতুর্বচনমাজ্ঞায় ত্বরমাণো বৃকোদরঃ ॥ ১১

প্রযযৌ সিংহনাদেন ত্রাসয়ন্ সর্বপার্থিবান্।
বেগেন মহতা রাজন্ পর্বকালে যথোদধিঃ ॥ ১২

তমন্বগাৎ সত্যধৃতিঃ সৌচিত্তির্যুদ্ধদুর্মদঃ।
শ্রেণিমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ ॥ ১৩

অভিমন্যুমুখাশ্চৈব দ্রৌপদেয়া মহারথাঃ।
ক্ষত্রদেবশ্চ বিক্রান্তঃ ক্ষত্রধর্মা তথৈব চ ॥ ১৪

অনূপাধিপতিশ্চৈব নীলঃ স্ববলমাস্থিতঃ।
মহতা রথবংশেন হৈড়িম্বং পর্য্যবারয়ন্ ॥১৫

কুঞ্জরৈশ্চ সদা মত্তৈঃ ষট্‌সাহস্রৈঃ প্রহারিভিঃ।
অভ্যরক্ষন্ত সহিতা রাক্ষসেন্দ্রং ঘটোৎকচম্ ॥ ১৬

সিংহনাদেন মহতা নেমিঘোষেণ চৈব হ।
খুরশব্দনিপাতৈশ্চ কম্পয়ন্তো বসুন্ধরাম্ ॥ ১৭

তেষামাপততাং শ্রুত্বা শব্দং তং তাবকং বলম্।
ভীমসেনভয়োদ্বিগ্নং বিবর্ণবদনং তথা ॥ ১৮

পরিবৃত্তং মহারাজ পরিত্যজ্য ঘটোৎকচম্।
ততঃ প্রববৃতে যুদ্ধং তত্র তেষাং মহাত্মনাম্ ॥ ১৯

তাবকানাং পরেষাঞ্চ সংগ্রামেম্বনিবর্তিনাম্।
নানারূপাণি শস্ত্রাণি বিসৃজন্তো মহারথাঃ ॥ ২০

অন্যোন্যমভিধাবন্তঃ সম্প্রহারং প্রচক্রিরে।
ব্যতিষক্তং মহারৌদ্রং যুদ্ধং ভীরুভয়াবহম্ ॥ ২১

রাক্ষস ঘটোৎকচ নিশ্চয়ই কৌরব মহারথীদিগের সহিত যুদ্ধ করিতেছে। ভৈরব স্বরে নিনাদকারী তাহার যেরূপ শব্দ শুনা যাইতেছে, তাহাতে ইহাই মনে হইতেছে। ৮

সেই রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচের উপর অতিশয় গুরু ভার পতিত হইয়াছে দেখিতেছি। এদিকে পিতামহ ভীষ্মও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাঞ্চালগণকে বধ করিতে উদ্যত হইয়াছেন। ৯

তাঁহাদের রক্ষার জন্য অর্জুন শত্রুগণের সহিত যুদ্ধ করিতেছে। মহাবাহো! নিজের উপর দুইটি কার্য্য ভার পড়িয়াছে, এরূপ মনে করিয়া তুমি যাও এবং গুরুতর সংশয়ে পতিত হিড়িম্বা-কুমারকে রক্ষা কর।

ভ্রাতা যুধিষ্ঠিরের এই আজ্ঞা মানিয়া ভীমসেন সিংহনাদে সমস্ত ভূপতিবৃন্দকে ভীত করিতে করিতে অতিশয় ত্বরান্বিত হইয়া প্রস্থান করিলেন।

রাজন্! যেরূপ পূর্ণিমায় সমুদ্রের বেগ অতিশয় বর্দ্ধিত হয়, সেইরূপ ভীমসেন অত্যন্ত তীব্রবেগে অগ্রসর হইতে লাগিলেন। তাঁহার পশ্চাতে পশ্চাতে সত্যধৃতি, রণদুর্মদ সৌচিত্তি, শ্রেণিমান্, বসুদান, কাশীরাজের পুত্র অভিভূ, অভিমন্যু প্রভৃতি যোদ্ধারা, দ্রৌপদীর পঞ্চ মহারথী পুত্র, পরাক্রমশালী ক্ষত্রদেব, ক্ষত্রধর্মা, অনুপদেশের রাজা নীল, যাঁহাদের নিজেদের শক্তির উপর পূর্ণ আস্থা আছে, সেই সব বীরগণ বিশাল রথসৈন্যের সহিত হিড়িম্বাকুমার ঘটোৎকচকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥১০-১৫

সর্ব্বদা উন্মত্ত, প্রহার করিতে পটু এতাদৃশ ছয় হাজার গজরাজের সহিত আসিয়া পূর্ব্বোক্ত বীরগণ একসঙ্গে সকলে ঘটোৎকচকে রক্ষা করিতে লাগিলেন। ১৬

তাঁহারা মহান্ সিংহনাদ, রথচক্রসমূহের ঘর্ঘর শব্দ এবং অশ্বসকলের ক্ষুরোত্থিত শব্দের দ্বারা পৃথিবীকে কম্পিত করিতে থাকিলেন। ১৭

তাঁহাদের সকলের আগমনের সময় যে কোলাহল হইতে লাগিল, তাহা শুনিয়া এবং ভীমসেনের ভয়ে অত্যন্ত উদ্বিগ্ন হইয়া আপনার সৈন্যগণের মন উদাস হইয়া যাইল। ১৮

মহারাজ! সেই সময় রক্ষকগণ কর্ত্তৃক চারিদিকে পরিবৃত ঘটোৎকচকে ত্যাগ করিয়া যুদ্ধ হইতে যাঁহারা কখনও নিবৃত্ত হন না, এরূপ আপনারও শত্রুদিগের সেই মহাত্মা যোদ্ধাদের মধ্যে অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল।

নানাপ্রকার অস্ত্রসমূহ নিক্ষেপ করিতে করিতে এবং পরস্পরের প্রতি দৌড়াইতে দৌড়াইতে উভয় পক্ষেরই মহারথী যোদ্ধাগণ ভীষণ যুদ্ধ করিতে লাগিলেন।

ভীরু মনুষ্যদের ভয়াবহ ও অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ তখন আরম্ভ হইয়া যাইল। অশ্বারোহী যোদ্ধারা হস্ত্যারোহী যোদ্ধার সহিত এবং পদাতি সৈন্যরা রথী বীরগণের সহিত যুদ্ধে মিলিত হইল।

হয়া গজৈঃ সমাজগ্মুঃ পাদাতা রথিভিঃ সহ।
অন্যোন্যং সমরে রাজন্ প্রার্থয়ানাঃ সমভ্যয়ুঃ ॥২২

সহসা চাভবৎ তীব্রং সন্নিপাতান্মহদ্ রজঃ।
গজাশ্ব-রথ পত্তীনাং পদনেমিসমুদ্ধতম্ ॥ ২৩

ধূম্রারুণং রজস্তীব্রং রণভূমিং সমাবৃণোৎ।
নৈব স্বে ন পরে রাজন্ সমজানন্ পরস্পরম্ ॥২৪

পিতা পুত্রং ন জানীতে পুত্রো বা পিতরং তথা।
নির্মর্য্যাদে তথাভূতে বৈশসে লোমহর্ষণে ॥২৫

শস্ত্রাণাং ভরতশ্রেষ্ঠ মনুষ্যাণাঞ্চ গর্জতাম্।
সুমহানভবচ্ছব্দঃ প্রেতানামিব ভারত ॥ ২৬

গজ-বাজি-মনুষ্যাণাং শোণিতান্ত্রতরঙ্গিণী।
প্রাবর্ত্তত নদী তত্র কেশ-শৈবলশাদ্বলা ॥ ২৭

নরাণাং চৈব কায়েভ্যঃ শিরসাং পততাং রণে।
শুশ্রুবে সুমহান্ শব্দঃ পততামশ্মনামিব ॥ ২৮

বিশিরস্কৈর্মনুষ্যৈশ্চ ছিন্নগাত্রৈশ্চ বারণৈঃ।
অশ্বৈঃ সম্ভিন্নদেহৈশ্চ সঙ্কীর্ণাভূদ্ বসুন্ধরা ॥ ২৯

নানাবিধানি শস্ত্রাণি বিসৃজন্তো মহারথাঃ।
অন্যোন্যমভিধাবন্তঃ সম্প্রহারার্থমুদ্যতাঃ ॥ ৩০

হয়া হয়ান্ সমাসাদ্য প্রেষিতা হয়সাদিভিঃ।
সমাহত্য রণেঽন্যোন্যং নিপেতুর্গতজীবিতাঃ ॥ ৩১

নরা নরান্ সমাসাদ্য ক্রোধরক্তেক্ষণা ভৃশম্।
উরাংস্যুরোভিরন্যোন্যং সমাশ্লিষ্য নিজঘ্নিরে ॥ ৩২

প্রেষিতাশ্চ মহামাত্রৈর্বারণাঃ পরবারণৈঃ।
অভ্যঘ্নন্ত বিষাণাগ্রৈর্বারণানেব সংযুগে ॥ ৩৩

তে জাতরুধিরোৎপীড়াঃ পতাকাভিরলঙ্কৃতাঃ।
সংসক্তাঃ প্রত্যদৃশ্যন্ত মেঘা ইব সবিদ্যুতঃ ॥৩৪

কেচিদ্ ভিন্না বিষাণাগ্রৈর্ভিন্নকুম্ভাশ্চ তোমরৈঃ।
বিনদন্তোঽভ্যধাবন্ত গর্জমানা ঘনা ইব ॥ ৩৫

রাজন্! ইহারা তখন পরস্পর পরস্পরকে যুদ্ধে আহ্বান করিয়া সংগ্রাম করিতে লাগিলেন। সেই সময় ঐ ভীষণ সঙ্ঘর্ষে সহসা তীব্রবেগে ধূলি উত্থিত হইতে থাকিল। হস্তী, অশ্ব, পদাতি সৈন্যগণের পদসঙ্ঘর্ষে এবং রথের চক্রপ্রান্তের আঘাতে এই ধূলিজাল উঠিয়াছিল। ১৯-২৩

মহারাজ! কাল ও লাল বর্ণের দুঃসহ ধূলি সমস্ত রণস্থলকে আচ্ছাদিত করিয়া ফেলিল। সেই সময় সৈন্যগণ নিজের ও শত্রুপক্ষের কাহাকেও চিনিতে পারিতে ছিল না। ২৪

সেই মর্য্যাদাহীন (শৃঙ্খলাহীন) রোমাঞ্চকারী লোকক্ষয় চলিতে থাকিলে পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে চিনিতে পারেন নাই ॥২৫

ভরতশ্রেষ্ঠ! শস্ত্রসমূহের আঘাত ও মনুষ্যদিগের তীব্র শব্দ ভূত-প্রেত গর্জনের ন্যায় মনে হইতেছিল। ২৬

হস্তী, অশ্ব ও মনুষ্যগণের রক্ত এবং অন্ত্রসমূহের এক ভয়ঙ্কর নদী প্রবাহিত হইল, যেখানে কেশগুচ্ছ শৈবাল (শেওলা) ও শাদ্বলের (নবঘাসের) ন্যায় মনে হইতেছিল। ২৭

মনুষ্যগণের শরীর সকল হইতে ছিন্ন হইয়া রণভূমিতে পতিত মস্তকসমূহের অতিশয় তীব্র শব্দ প্রস্তরবর্ষণের তুল্য বলিয়া প্রতীত হইতেছিল। ২৮

মস্তকহীন মনুষ্যগণ এবং ছিন্নগাত্র বহু হস্ত ও বিধ্বস্ত দেহ অশ্ববৃন্দের দ্বারা রণভূমি পরিপূর্ণ হইয়া যাইল। ২৯

নানাবিধ অস্ত্রসমূহ নিক্ষেপ করিতে করিতে এবং পরস্পর পরস্পরের দিকে দৌড়াইতে দৌড়াইতে মহারথী বীরগণ যুদ্ধের জন্য সর্ব্বতোভাবে উদ্যত ছিলেন। ৩০

অশ্বারোহী যোদ্ধাদের দ্বারা চালিত অশ্বগণ পরস্পরের সহিত যুদ্ধে মিলিত হইয়া পরস্পরকে আঘাত করিতে করিতে প্রাণহীন অবস্থায় রণাঙ্গনে পতিত হইতে লাগিল। ৩১

মনুষ্যগণ মনুষ্যদিগের উপর আক্রমণ করিয়া অত্যন্ত ক্রোধে চক্ষু রক্তবর্ণ করত বক্ষঃস্থলে বক্ষঃস্থল মিলিত করিয়া পরস্পরকে বধ করিতে লাগিল। ৩২

মাহুতগণ কর্ত্তৃক প্রেরিত হইয়া হস্তীরা বিপক্ষ হস্তীদিগের সহিত যুদ্ধ করিতে করিতে রণস্থলে স্বীয় দন্তের অগ্রভাগে অপর হস্তীদিগকে আঘাত করিতে থাকিল। ৩৩

সেই সময় তাহাদের মস্তক হইতে রক্তধারা বহিতে লাগিল। পরস্পর যুদ্ধে মিলিত এই সব হস্তীরা পতাকাসমূহে অলঙ্কৃত থাকায় বিদ্যুতের সহিত মেঘের ন্যায় দৃষ্টিগোচর হইতেছিল ॥৩৪

কতক হাতী দন্তাগ্রভাগদ্বারা বিদীর্ণ হইয়া যাইল। কতক হাতীর কুম্ভস্থল তোমরের আঘাতে বিদীর্ণ হইল। ইহাতে তখন তাহারা গর্জনরত মেঘের ন্যায় চীৎকার করিতে করিতে এদিকে ওদিকে দৌড়াইতে লাগিল। ৩৫

কেচিদ্দন্তৈর্দ্বিধা ছিন্নৈশ্ছিন্নগাত্রাস্তথাপরে।
নিপেতুস্তমুলে তস্মিংশ্ছিন্নপক্ষা ইবাদ্রয়ঃ ॥ ৩৬

পার্শ্বৈস্তু দারিতৈরন্যে বারণৈর্বরবারণাঃ।
মুমুচুঃ শোণিতং ভূরি ধাতূনিব মহীধরাঃ ॥ ৩৭

নারাচনিহতাস্তন্যে তথা বিদ্ধাশ্চ তোমরৈঃ।
বিনদন্তোঽভ্যধাবন্ত বিশৃঙ্গা ইব পর্বতাঃ ॥ ৩৮

কেচিৎ ক্রোধসমাবিষ্টা মদান্ধা নিরবগ্রহাঃ।
রথান্ হয়ান্ পদাতীংশ্চ মমৃদুঃ শতশো রণে ॥ ৩৯

তথা হয়া হয়ারোহৈস্তাড়িতাঃ প্রাস-তোমরৈঃ।
তেন তেনাভ্যবর্তন্ত কুর্বন্তো ব্যাকুলা দিশঃ ॥ ৪০

রথিনো রথিভিঃ সার্দ্ধং কুলপুত্রাস্তনুত্যজঃ।
পরাং শক্তিং সমাস্থায় চক্রুঃ কর্মাণ্যভীতবৎ ॥ ৪১

স্বয়ংবর ইবামর্দে প্রজহ্রুরিতরেতরম্।
প্রার্থয়ানা যশো রাজন্ স্বর্গং বা যুদ্ধশালিনঃ ॥ ৪২

তস্মিংস্তথা বর্তমানে সংগ্রামে লোমহর্ষণে।
ধার্তরাষ্ট্রং মহৎ সৈন্যং প্রায়শো বিমুখীকৃতম্ ॥ ৪৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি সঙ্কুলযুদ্ধে
ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥ ৯৩

কতক হাতীর শুণ্ড দ্বিখণ্ডিত হইয়া যাইল এবং কতক হাতীর সর্ব্বাঙ্গ ছিন্ন-ভিন্ন হইল। তখন এই সব হাতীরা ছিন্নপক্ষ পর্ব্বতসমূহের ন্যায় সেই তুমুল সংগ্রামে ভূপাতিত হইতে লাগিল ॥ ৩৬

বহুসংখ্যক শ্রেষ্ঠ হস্তী অন্য হস্তীদিগের দ্বারা আঘাতপ্রাপ্ত হইয়া স্বীয় পার্শ্বভাগ বিদীর্ণ হইলে সেইরূপ প্রচুর পরিমাণে রক্ত প্রবাহিত করিতে লাগিল, যেরূপ পর্ব্বতসমূহ গৈরিকাদি ধাতুমিশ্রিত ঝরণার জল প্রবাহিত করিয়া থাকে ॥ ৩৭

কতক হস্তী নারাচের আঘাতে নিহত হইল এবং কতক হাতীর শরীরে তোমর বিদ্ধ হইল। ইহাতে সেই সব হাতীরা চীৎকার করিতে করিতে চারিদিকে দৌড়াইতে লাগিল। তখন তাহারা শৃঙ্গহীন পর্ব্বতসকলের ন্যায় মনে হইতেছিল ॥ ৩৮

কতক মদান্ধ গজরাজ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যাওয়ায় বশীভূত থাকিল না। তাহারা তখন রণাঙ্গনে শত শত রথ, অশ্ব ও পদাতিক সৈন্যদিগকে পায়ের চাপে পেষণ করিতে লাগিল ॥ ৩৯

এইরূপ অশ্বারোহী যোদ্ধাদের দ্বারা নিক্ষিপ্ত প্রাস ও তোমর সকলের আঘাতে আহত হইয়া বহু অশ্ব ব্যাকুলচিত্তে এদিকে ওদিকে দৌড়াইয়া পলাইতে লাগিল ॥ ৪০

বহু কুলীন রথী বীর নিজেদের শরীরের মায়া ত্যাগ করত পূর্ণশক্তি প্রয়োগ করিয়া বিপক্ষের রথিগণের সহিত যেন নির্ভয়চিত্তে মহাপরাক্রম প্রকাশ করিতে লাগিলেন ॥ ৪১

রাজন্! রণশোভী বীর যোদ্ধারা স্বর্গ অথবা যশলাভের কামনা করিয়া স্বয়ংবরের ন্যায় সেই যুদ্ধে পরস্পরকে প্রহার করিতে থাকিলেন ॥ ৪২

এইরূপে চলমান সেই লোমহর্ষণ সংগ্রামে দুর্য্যোধনের বিশাল সৈন্যবাহিনীর প্রায় সকলেই যুদ্ধ হইতে বিমুখ হইল ॥ ৪৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে তুমুল যুদ্ধবিষয়ক ত্রিনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

[দুর্য্যোধনেন সহ ভীমসেনস্য, অশ্বত্থাম্না সহ রাজ্ঞো নীলস্য চ যুদ্ধম্, ঘটোৎকচমায়ামোহিতানাং কৌরবসৈন্যানাং পলায়নঞ্চ]

সঞ্জয় উবাচ।

স্বসৈন্যং নিহতং দৃষ্ট্বা রাজা দুর্য্যোধনঃ স্বয়ম্।
অভ্যধাবত সংক্রুদ্ধো ভীমসেনমরিন্দমম্॥ ১
প্রগৃহ্য সুমহচ্চাপমিন্দ্রাশনিসমস্বনম্।
মহতা শরবর্ষেণ পাণ্ডবং সমবাকিরৎ॥ ২
অর্দ্ধচন্দ্রঞ্চ সন্ধায় সুতীক্ষ্ণং লোমবাহিনম্।
ভীমসেনস্য চিচ্ছেদ চাপং ক্রোধসমন্বিতঃ॥ ৩
তদন্তরঞ্চ সংপ্রেক্ষ্য ত্বরমাণো মহারথঃ।
প্রসন্দধে শিতং বাণং গিরীণামপি দারণম্॥ ৪
তেনোরসি মহারাজ ভীমসেনমতাড়য়ৎ।
স গাঢ়বিদ্ধো ব্যথিতঃ সৃক্কিণী পরিসংলিহন্॥ ৫
সমাললম্বে তেজস্বী ধ্বজং হেমপরিষ্কৃতম্।
তথা বিমনসং দৃষ্ট্বা ভীমসেনং ঘটোৎকচঃ॥ ৬
ক্রোধেনাভিপ্রজজ্বাল দিধক্ষন্নিব পাবকঃ।
অভিমন্যুমুখাশ্চাপি পাণ্ডবানাং মহারথাঃ॥ ৭
সমভ্যধাবন্ ক্রোশন্তো রাজানং জাতসম্ভ্রমাঃ।
সম্প্রেক্ষ্যৈতান্ সম্পততঃ সংক্রুদ্ধাঞ্জাতসম্ভ্রমান্॥ ৮
ভারদ্বাজোঽব্রবীদ্ বাক্যং তাবকানাং মহারথান্।
ক্ষিপ্রং গচ্ছত ভদ্রং বো রাজানং পরিরক্ষত॥ ৯
সংশয়ং পরমং প্রাপ্তং মজ্জন্তং ব্যসনার্ণবে।
এতে ক্রুদ্ধা মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ॥ ১০
ভীমসেনং পুরস্কৃত্য দুর্য্যোধনমুপাদ্রবন্।
নানাবিধানি শস্ত্রাণি বিসৃজন্তো জয়ে ধৃতাঃ॥ ১১
নদন্তো ভৈরবান্ নাদাংস্ত্রাসয়ন্তশ্চ ভূমিপান্।
তদাচার্য্যবচঃ শ্রুত্বা সৌমদত্তিপুরোগমাঃ॥ ১২
তাবকাঃ সমবর্তন্ত পাণ্ডবানামনীকিনীম্।
কৃপো ভূরিশ্রবাঃ শল্যো দ্রোণপুত্রো বিবিংশতিঃ॥ ১৩

চতুর্নবতিতম অধ্যায়।

[দুর্য্যোধনের সহিত ভীমসেনের এবং অশ্বত্থামার সহিত রাজা নীলের যুদ্ধ ও ঘটোৎকচের মায়ায় মোহিত হইয়া কৌরব সৈন্যগণের পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—নিজের অধিকাংশ সৈন্যকে নিহত হইতে দেখিয়া স্বয়ং রাজা দুর্য্যোধন অত্যন্ত ক্রোধের সহিত শত্রুদমন ভীমসেনের উপর ধাবিত হইলেন॥ ১

তিনি ইন্দ্রের বজ্রের ন্যায় ভয়ানক টঙ্কারধ্বনিকারী বিশাল ধনু হাতে লইয়া পাণ্ডুনন্দন ভীমসেনের উপর প্রভূত বাণবর্ষণ করিয়া তাঁহাকে আচ্ছাদিত করিলেন॥ ২

কেবল ইহাই নহে, সেই সময় তিনি ক্রুদ্ধ হইয়া পক্ষযুক্ত অত্যন্ত ধারাল অর্দ্ধচন্দ্র বাণ প্রয়োগ করিয়া ভীমসেনের ধনু ছেদন করিলেন॥ ৩

তারপর সেইক্ষণই উপযুক্ত সময় মনে করিয়া মহারথী দুর্য্যোধন অতিশয় সত্বরতার সহিত একটি তাদৃশ তীক্ষ্ণ বাণ সন্ধান করিলেন, যাহা পর্ব্বতসমূহকে বিদীর্ণ করিতে পারে॥ ৪

মহারাজ! সেই বাণের দ্বারা দুর্য্যোধন ভীমসেনের বক্ষঃস্থলে গভীর আঘাত করিলেন। তাহাতে গুরুতর বিদ্ধ হইয়া তেজস্বী ভীমসেন ব্যথিত হইলেন এবং ওষ্ঠের দুই প্রান্তভাগ চাটিতে চাটিতে তিনি সুবর্ণভূষিত ধ্বজের আশ্রয় গ্রহণ করিলেন॥

ভীমসেনকে এইরূপ ব্যথিতচিত্ত দেখিয়া ঘটোৎকচ দগ্ধ করিতে ইচ্ছুক অগ্নিদেবের ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিল॥

সেই সময় অভিমন্যু প্রভৃতি পাণ্ডব মহারথীরাও তীব্রবেগে রাজা দুর্য্যোধনকে আহ্বান করিতে করিতে তাঁহার দিকে ধাবিত হইলেন॥

অত্যন্ত ক্রুদ্ধ সেই সমস্ত যোদ্ধাগণকে সবেগে ধাবিত হইয়া আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য আপনার মহারথীদিগকে বলিলেন,—বীরগণ! তোমাদের কল্যাণ হউক। শীঘ্র গমন কর এবং সঙ্কটসমুদ্রে নিমজ্জিত হইয়া মহান্ প্রাণসংশয়ে পতিত রাজা দুর্য্যোধনকে রক্ষা কর॥

এই মহাধনুর্দ্ধর পাণ্ডব-মহারথীরা ক্রুদ্ধ হইয়া ভীমসেনকে অগ্রে করত দুর্য্যোধনের দিকে ধাবিত হইতেছে এবং বিজয়-লাভের জন্য দৃঢ়সঙ্কল্প লইয়া নানাপ্রকার অস্ত্রবর্ষণ করিতে করিতে ভয়ঙ্কর গর্জন করত ভূপতিগণের ত্রাস উৎপাদন করিতেছে॥

আচার্য্যের এই বাক্য শ্রবণ করিয়া ভূরিশ্রবা প্রভৃতি আপনার মুখ্য যোদ্ধারা পাণ্ডবদের সৈন্যবাহিনীর উপর আক্রমণ করিলেন॥

কৃপাচার্য্য, ভূরিশ্রবা, শল্য, অশ্বত্থামা, বিবিংশতি, চিত্রসেন, বিকর্ণ, সিন্ধুরাজ জয়দ্রথ, বৃহদ্বল এবং অবন্তীদেশের দুই রাজকুমার

চিত্রসেনো বিকর্ণশ্চ সৈন্ধবোঽথ বৃহদ্বলঃ।
আবন্ত্যৌ চ মহেষ্বাসৌ কৌরবং পর্য্যবারয়ন্ ॥১৪
তে বিংশতিপদং গত্বা সম্প্রহারং প্রচক্রিরে।
পাণ্ডবা ধার্ত্তরাষ্ট্রাশ্চ পরস্পরজিঘাংসবঃ ॥ ১৫
এবমুক্ত্বা মহাবাহুর্মহদ্ বিস্ফার্য্য কার্ম্মুকম্।
ভারদ্বাজস্ততো ভীমং ষড়্বিংশত্যা সমার্পয়ৎ ॥ ১৬
ভূয়শ্চৈনং মহাবাহুঃ শরৈঃ শীঘ্রমবাকিরৎ।
পর্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকঃ ॥ ১৭
তং প্রত্যবিধ্যদ্ দশভির্ভীমসেনঃ শিলীমুখৈঃ।
ত্বরমাণো মহেষ্বাসঃ সব্যে পার্শ্বে মহাবলঃ ॥ ১৮
স গাঢ়বিদ্ধো ব্যথিতো বয়োবৃদ্ধশ্চ ভারত।
প্রনষ্টসংজ্ঞঃ সহসা রথোপস্থ উপাবিশৎ ॥ ১৯
গুরুং প্রব্যথিতং দৃষ্ট্বা রাজা দুর্য্যোধনঃ স্বয়ম্।
দ্রৌণায়নিশ্চ সংক্রুদ্ধৌ ভীমসেনমভিদ্রুতৌ ॥ ২০

তাবাপতন্তৌ সম্প্রেক্ষ্য কালান্তকযমোপমৌ।
ভীমসেনো মহাবাহুর্গদামাদায় সত্বরম্ ॥ ২১
অবপ্লুত্য রথাৎ তূর্ণং তস্থৌ গিরিরিবাচলঃ।
সমুদ্যম্য গদাং গুর্বীং যমদণ্ডোপমাং রণে ॥ ২২
তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
কৌরবো দ্রোণপুত্রশ্চ সহিতাবভ্যধাবতাম্ ॥ ২৩
তাবাপতন্তৌ সহিতৌ ত্বরিতৌ বলিনাং বরৌ।
অভ্যধাবত বেগেন ত্বরমাণো বৃকোদরঃ ॥ ২৪
তমাপতন্তং সম্প্রেক্ষ্য সংক্রুদ্ধং ভীমদর্শনম্।
সমভ্যধাবংস্ত্বরিতাঃ কৌরবাণাং মহারথাঃ ॥ ২৫
ভারদ্বাজমুখাঃ সর্বে ভীমসেনজিঘাংসয়া।
নানাবিধানি শস্ত্রাণি ভীমস্যোরস্যপাতয়ন্ ॥ ২৬
সহিতাঃ পাণ্ডবং সর্বে পীড়য়ন্তঃ সমন্ততঃ।
তং দৃষ্ট্বা সংশয়ং প্রাপ্তং পীড্যমানং মহারথম্ ॥২৭

বিন্দ ও অনুবিন্দ—ইঁহারা সকলে দুর্য্যোধনকে রক্ষা করিবার জন্য তাঁহাকে চারিদিকে ঘিরিয়া রাখিলেন ॥ ৫-১৪

তাঁহারা বিশ পদ অগ্রসর হইয়া অস্ত্রপ্রহার করিতে আরম্ভ করিলেন। পরস্পরকে বধ করিতে ইচ্ছুক হইয়া কৌরব ও পাণ্ডব-যোদ্ধারা যুদ্ধে নিরত হইলেন ॥ ১৫

কৌরব-মহারথীদিগকে পূর্ব্বোক্ত বাক্য বলিয়া মহাবাহু ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্য স্বীয় বিশাল ধনু আকর্ষণ করিয়া ভীমসেনকে ছাব্বিশটি বাণে বিদ্ধ করিলেন ॥ ১৬

পুনরায় মহাবাহু দ্রোণাচার্য্য ভীমসেনের উপর অতি শীঘ্রতার সহিত বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন, তখন ইহাতে মনে হইতেছিল—বর্ষাকালে মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিতেছে ॥ ১৭

তখন মহাবল এবং মহাধনুর্দ্ধর ভীমসেনও সত্বরতার সহিত দ্রোণাচার্য্যের বাম পার্শ্বে দশটি বাণ বিদ্ধ করিয়া প্রতিশোধ লইলেন ॥ ১৮

ভরতনন্দন! সেই বাণসমূহে দ্রোণাচার্য্য গাঢ়ভাবে বিদ্ধ হইয়া ব্যথিত হইলেন। তিনি বয়োবৃদ্ধ ছিলেন, তাই সহসা অচেতন হইয়া রথের পশ্চাদ্ভাগে যাইয়া বসিয়া পড়িলেন ॥ ১৯

আচার্য্য দ্রোণকে ব্যথায় পীড়িত দেখিয়া স্বয়ং রাজা দুর্য্যোধন ও অশ্বত্থামা ইঁহারা উভয়ে অত্যন্ত ক্রুদ্ধ ভীমসেনের উপর ধাবিত হইলেন ॥ ২০

প্রলয়কালীন যমরাজের ন্যায় এই দুই মহারথীকে আক্রমণ করিতে দেখিয়া মহাবাহু ভীমসেনও অতি দ্রুত হাতে গদা গ্রহণ করত রথ হইতে লাফাইয়া পড়িয়া পর্ব্বতের তুল্য অবিচলভাবে দাঁড়াইয়া রহিলেন ॥

তিনি হাতে যে ভারী গদাটিকে তুলিয়া ছিলেন, উহা রণাঙ্গনে যমদণ্ডের ন্যায় মনে হইতেছিল। শিখরবিশিষ্ট কৈলাসপর্ব্বতসদৃশ উপরে উত্তোলিত গদাহস্তে ভীমসেনকে দেখিয়া দুর্য্যোধন ও অশ্বত্থামা একসঙ্গে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥ ২১-২৩

বলবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ এই দুই বীরকে একসঙ্গে অতি দ্রুত আসিতে দেখিয়া ভীমসেনও সত্বর তীব্র বেগে তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥ ২৪

অতিশয় ক্রুদ্ধ এবং দেখিতে ভয়ঙ্কর ভীমসেনকে লক্ষ্য করিয়া কৌরব মহারথীরাও সত্বরতার সহিত তাঁহার দিকে দৌড়াইয়া যাইলেন ॥ ২৫

তখন দ্রোণাচার্য্য প্রভৃতি সকল যোদ্ধারা ভীমসেনকে বধ করিবার ইচ্ছায় তাঁহার বক্ষঃস্থলে নানাপ্রকারের অস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ২৬

তাঁহারা সকলে একত্রিত হইয়া চারিদিক্ হইতেই ভীমসেনকে পীড়িত করিতে লাগিলেন। মহারথী ভীমসেনকে পীড়িত ও তাঁহার প্রাণসংশয়ের অবস্থা উপস্থিত দেখিয়া অভিমন্যু প্রভৃতি

অভিমন্যুপ্রভৃতয়ঃ পাণ্ডবানাং মহারথাঃ।
অভ্যধাবন্ পরীপ্সন্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা সুদুস্ত্যজান্ ॥২৮

অনূপাধিপতিঃ শূরো ভীমস্ত দয়িতঃ সখা।
নীলো নীলাম্বুদপ্রখ্যঃ সংক্রুদ্ধো দ্রৌণিমভ্যয়াৎ ॥ ২৯

স্পর্ধতে হি মহেষ্বাসো নিত্যং দ্রোণসুতেন সঃ।
স বিস্ফার্য্য মহচ্চাপং দ্রৌণিং বিব্যাধ পত্রিণা ॥ ৩০

যথা শক্রো মহারাজ পুরা বিব্যাধ দানবম্।
বিপ্রচিত্তিং দুরাধর্ষং দেবতানাং ভয়ঙ্করম্ ॥ ৩১

যেন লোকত্রয়ং ক্রোধাৎ ত্রাসিতং স্বেন তেজসা।
তথা নীলেন নির্ভিন্নঃ সুমুক্তেন পতৎত্রিণা ॥ ৩২

সঞ্জাতরুধিরোৎপীড়ো দ্রৌণিঃ ক্রোধসমন্বিতঃ।
স বিস্ফার্য্য ধনুশ্চিত্রমিন্দ্রাশনিসমস্বনম্ ॥ ৩৩

দধ্রে নীলবিনাশায় মতিং মতিমতাং বরঃ।
ততঃ সন্ধায় বিমলান্ ভল্লান্ কর্মারমার্জ্জিতান্ ॥ ৩৪

জঘান চতুরো বাহান্ সারথিং ধ্বজমেব চ।
সপ্তমেন চ ভল্লেন নীলং বিব্যাধ বক্ষসি ॥ ৩৫

স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
মোহিতং বীক্ষ্য রাজানং নীলমভ্রচয়োপমম্ ॥ ৩৬

ঘটোৎকচোঽভিসংক্রুদ্ধো জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
অভিদুদ্রাব বেগেন দ্রৌণিমাহবশোভিনম্ ॥ ৩৭

তথেতরে চাভ্যধাবন্ রাক্ষসা যুদ্ধদুর্মদাঃ।
তমাপতন্তং সম্প্রেক্ষ্য রাক্ষসং ঘোরদর্শনম্ ॥৩৮

অভ্যধাবত তেজস্বী ভারদ্বাজাত্মজস্ত্বরন্।
নিজঘান চ সংক্রুদ্ধো রাক্ষসান্ ভীমদর্শনান্ ॥ ৩৯

যেঽভবন্নগ্রতঃ ক্রুদ্ধা রাক্ষসস্য পুরঃসরাঃ।
বিমুখাংশ্চৈব তান্ দৃষ্ট্বা দ্রৌণিচাপচ্যুতৈঃ শরৈঃ ॥৪০

অক্রুধ্যত মহাকায়ো ভৈমসেনির্ঘটোৎকচঃ।
প্রাদুশ্চক্রে ততো মায়াং ঘোররূপাং সুদারুণাম্ ॥৪১

পাণ্ডব মহারথী যোদ্ধারা নিজেদের দুস্ত্যজ প্রাণের মায়া ত্যাগ করত তাঁহাকে রক্ষা করিবার জন্য ছুটিয়া আসিলেন ॥ ২৭-২৮

অনূপদেশের শৌর্য্যশালী বীর রাজা নীল ভীমসেনের প্রিয় সখা ছিলেন। তাঁহার দেহের লাবণ্য শ্যামবর্ণ মেঘের ন্যায় শ্যামবর্ণ ছিল। তিনি অতিশয় কুপিত হইয়া অশ্বত্থামাকে আক্রমণ করিলেন ॥ ২৯

এই মহাধনুর্দ্ধর বীর সর্ব্বদাই দ্রোণনন্দন অশ্বত্থামার উপর স্পর্দ্ধা করিতেন। মহারাজ! তিনি স্বীয় বিশাল ধনু আকর্ষণ করিয়া একটি পক্ষযুক্ত বাণে অশ্বত্থামাকে সেইভাবে বিদ্ধ করিলেন, যেভাবে পুরাকালে দেবরাজ ইন্দ্র দেবতাগণের পক্ষে ভয়ঙ্কর বিপ্রচিত্তিনামক দুর্দ্ধর্ষ দানবকে অস্ত্রবিদ্ধ করিয়াছিলেন; কারণ, এই দানব তখন স্বীয় ক্রোধে ত্রিলোকেরই ভয়োৎপাদন করিয়াছিল ॥

নীলকর্ত্তৃক নিক্ষিপ্ত সেই পক্ষযুক্ত বাণে বিদীর্ণ হইয়া অশ্বত্থামার শরীর হইতে প্রচুর রক্তপ্রবাহ বহিতে লাগিল। ইহাতে অশ্বত্থামা অতিশয় ক্রুদ্ধ হইয়া পড়িলেন ॥

তদনন্তর বুদ্ধিমান্দিগের মধ্যে শ্রেষ্ঠ অশ্বত্থামা ইন্দ্রের বজ্রের ন্যায় ভয়ঙ্কর টঙ্কারধ্বনিকারী স্বীয় বিচিত্র ধনু আকর্ষণ করত নীলকে বিনাশ করিবার জন্য বুদ্ধিস্থির করিলেন ॥

তাহার পর তিনি কর্মকারকর্ত্তৃক মার্জিত সাতটি নির্ম্মল ভল্ল ধনুতে যোজনা করিয়া নিক্ষেপ করিলেন। এই ভল্লগুলির মধ্যে চারিটি ভল্লে নীলের চারটি অশ্বকে একটি ভল্লে তাঁহার সারথিকে নিহত করিলেন। ষষ্ঠ ভল্লে তাঁহার ধ্বজ ছেদন করিলেন এবং সপ্তম ভল্লের দ্বারা নীলের বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন ॥ ৩০-৩৫

এই বাণে গভীর ভাবে বিদ্ধ হইয়া নীল ব্যথিতচিত্তে রথের পশ্চাদ্ভাগে যাইয়া উপবিষ্ট হইলেন। নীলবর্ণের মেঘসমূহের ন্যায় নীলবর্ণ রাজা নীলকে অচৈতন্য দেখিয়া নিজ জ্ঞাতিবর্গে পরিবৃত ঘটোৎকচ অত্যন্ত কুপিত হইয়া উঠিল এবং যুদ্ধে শোভাপ্রাপ্ত অশ্বত্থামার দিকে তীব্রবেগে ধাবিত হইল। তখন তাহার সহিত অন্য বহু রণদুর্মদ রাক্ষসও তাঁহার দিকে দৌড়াইয়া যাইল ॥

দেখিতে ভয়ঙ্কর রাক্ষস ঘটোৎকচকে ধাবিত হইয়া আসিতে দেখিয়া তেজস্বী অশ্বত্থামাও অতি সত্বর তাহার দিকে ধাবিত হইলেন ॥

তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেই ভয়ঙ্কর রাক্ষসগণকে নিহত করিতে লাগিলেন, যাহারা ঘটোৎকচের অগ্রে থাকিয়া ক্রোধের সহিত তখন যুদ্ধ করিতেছিল ॥

অশ্বত্থামার ধনু হইতে নিক্ষিপ্ত বাণসমূহে আহত হইয়া রাক্ষসগণকে পলায়ন করিতে দেখিয়া বিশালদেহ ভীমসেনপুত্র ঘটোৎকচ ক্রুদ্ধ হইল ॥

মোহয়ন্ সমরে দ্রৌণিং মায়াবী রাক্ষসাধিপঃ।
ততস্তে তাবকাঃ সর্বে মায়য়া বিমুখীকৃতাঃ ॥ ৪২
অন্যোন্যং সমপশ্যস্ত নিকৃত্তা মেদিনীতলে।
বিচেষ্টমানাঃ কৃপণাঃ শোণিতেন পরিপ্লুতাঃ ॥ ৪৩
দ্রোণং দুর্যোধনং শল্যমশ্বত্থামানমেব চ।
প্রায়শশ্চ মহেষ্বাসা যে প্রধানাঃ স্ম কৌরবাঃ ॥৪৪
বিধ্বস্তা রথিনঃ সর্বে রাজানশ্চ নিপাতিতাঃ।
হয়াশ্চৈব হয়ারোহাঃ সন্নিকৃত্তাঃ সহস্রশঃ ॥ ৪৫
তদ্ দৃষ্ট্বা তাবকং সৈন্যং বিদ্রুতং শিবিরং প্রতি।
মম প্রাক্রোশতো রাজংস্তথা দেবব্রতস্য চ ॥ ৪৬
যুধ্যধ্বং মা পলায়ধ্বং মায়ৈষা রাক্ষসী রণে।
ঘটোৎকচপ্রযুক্তেতি নাতিষ্ঠন্ত বিমোহিতাঃ ॥ ৪৭
নৈব তে শ্রদ্দধুর্ভীতা বদতোরাবয়োর্বচঃ।
তাংশ্চ প্রদ্রবতো দৃষ্ট্বা জয়ং প্রাপ্তাশ্চ পাণ্ডবাঃ ॥ ৪৮
ঘটোৎকচেন সহিতাঃ সিংহনাদান্ প্রচক্রিরে।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈঃ সমন্তান্নেদিরে ভৃশম্ ॥ ৪৯
এবং তব বলং সর্বং হৈড়িম্বেন দুরাত্মনা।
সূর্যাস্তমনবেলায়াং প্রভগ্নং বিদ্রুতং দিশঃ ॥ ৫০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ঘটোৎকচযুদ্ধে
চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥

তারপর সেই মায়াবী রাক্ষসরাজ ঘটোৎকচ রণাঙ্গনে অশ্বত্থামাকে মোহিত করিতে করিতে অতিশয় দারুণ ও ভয়ঙ্কর মায়া সৃষ্টি করিল।

তখন সেই মায়ায় ভীত হইয়া আপনার সকল যোদ্ধারা যুদ্ধ হইতে বিমুখ হইয়া পড়িলেন। তাঁহারা তখন পরস্পরকে এবং দুর্যোধন, শল্য ও অশ্বত্থামাকেও এইরূপ দেখিলেন যে, ইঁহারা সকলে ছিন্ন ভিন্ন হইয়া ভূতলে পতিত হইয়াছেন এবং রক্তাপ্লুত হইয়া এক দয়নীয় অবস্থা লাভ করত ছট্‌ফট্ করিতেছেন। কৌরবগণের পক্ষে যে সমস্ত মহাধনুর্দ্ধর ও প্রধান বীর রথী ছিলেন, তাঁহারা প্রায় সকলেই বিধ্বংসিত হইয়াছেন। সকল রাজা নিহত হইয়াছেন এবং সহস্র সহস্র অশ্ব ও অশ্বারোহী খণ্ড খণ্ড গিয়াছে। ৩৬-৪৫

এই সমস্ত দেখিয়া আপনার সৈন্যগণ শিবির অভিমুখে গমন করিল। রাজন্! সেই সময় আমি ও দেবব্রত ভীষ্ম চীৎকার করিয়া বলিতে লাগিলাম—বীরগণ! যুদ্ধ কর, পলায়ন করিও না। রণভূমিতে তোমরা যাহা কিছু দেখিতেছ, সেই সমস্তই ঘটোৎকচ কর্তৃক নিক্ষিপ্ত রাক্ষসী মায়া, কিন্তু সেই সময় তাহারা বিশেষভাবে মোহিত হইয়া পড়ায় তাহারা আর রণাঙ্গনে থাকিল না। ৪৬-৪৭

তাহারা এরূপ ভীত হইয়া পড়িয়াছিল যে, আমাদের দুইজনের কথায় বিশ্বাসই করিতে পারিল না। তাহাদিগকে পলায়ন করিতে দেখিয়া জয়লাভ করত পাণ্ডবগণ ঘটোৎকচের সহিত সিংহনাদ করিতে লাগিলেন।

চারিদিকে শঙ্খ ও দুন্দুভি প্রভৃতি বাদ্যসকল তীব্রস্বরে বাদিত হইতেছিল। এইরূপে সূর্যাস্তের সময় দুরাত্মা ঘটোৎকচ কর্তৃক বিতাড়িত হইয়া আপনার সমুদয় সৈন্যবাহিনী চারিদিকে পলায়ন করিল। ৪৮-৫০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্বান্তর্গত ভীষ্মবধপর্বে অষ্টমদিনের যুদ্ধে ঘটোৎকচের যুদ্ধবিষয়ক চতুর্নবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

[দুর্য্যোধনস্যানুরোধেন ভীষ্মস্যাজ্ঞয়া চ প্রেরিতস্য ভগদত্তস্য ঘটোৎকচেন, ভীমসেনেন, পাণ্ডবসৈন্যৈশ্চ সহ ঘোরং যুদ্ধম্।]

সঞ্জয় উবাচ

তস্মিন্ মহতি সংক্রন্দে রাজা দুর্য্যোধনস্তদা।
(পরাজয়ং রাক্ষসেন নামৃষ্যত পরন্তপঃ)
গাঙ্গেয়মুপসঙ্গম্য বিনয়েনাভিবাদ্য চ ॥ ১
তস্য সর্বং যথাবৃত্তমাখ্যাতুমুপচক্রমে।
ঘটোৎকচস্য বিজয়মাত্মনশ্চ পরাজয়ম্ ॥ ২
কথয়ামাস দুর্ধর্ষো বিনিঃশ্বস্য পুনঃ পুনঃ।
অব্রবীচ্চ তদা রাজন্ ভীষ্মং কুরুপিতামহম্ ॥ ৩
ভবন্তং সমুপাশ্রিত্য বাসুদেবং যথা পরৈঃ।
পাণ্ডবৈর্বিগ্রহো ঘোরঃ সমারব্ধো ময়া প্রভো ॥ ৪
একাদশ সমাখ্যাতা অক্ষৌহিণ্যশ্চ যা মম।
নিদেশে তব তিষ্ঠন্তি ময়া সার্ধং পরন্তপ ॥ ৫
সোঽহং ভরতশার্দূল ভীমসেনপুরোগমৈঃ।
ঘটোৎকচং সমাশ্রিত্য পাণ্ডবৈর্যুধি নির্জিতঃ ॥ ৬
তন্মে দহতি গাত্রাণি শুষ্কবৃক্ষমিবানলঃ।
যদিচ্ছামি মহাভাগ ত্বৎপ্রসাদাৎ পরন্তপ ॥ ৭
রাক্ষসাপসদং হন্তুং স্বয়মেব পিতামহ।
ত্বাং সমাশ্রিত্য দুর্ধর্ষং তন্মে কর্তুং ত্বমর্হসি ॥৮
এতচ্ছ্রুত্বা তু বচনং রাজ্ঞো ভরতসত্তম।
দুর্য্যোধনমিদং বাক্যং ভীষ্মঃ শান্তনবোঽব্রবীৎ ॥৯
শৃণু রাজন্ মম বচো যৎ ত্বাং বক্ষ্যামি কৌরব।
যথা ত্বয়া মহারাজ বর্তিতব্যং পরন্তপ ॥ ১০
আত্মা রক্ষ্যো রণে তাত সর্বাবস্থাস্বরিন্দম।
ধর্মরাজেন সংগ্রামস্ত্বয়া কার্য্যঃ সদানঘ ॥১১
অর্জুনেন যমাভ্যাং বা ভীমসেনেন বা পুনঃ।
রাজধর্মং পুরস্কৃত্য রাজা রাজানমার্চ্ছতি ॥ ১২
(ন তু কার্য্যস্ত্বয়া রাজন্ হৈড়িম্বেন দুরাত্মনা)
অহং দ্রোণঃ কৃপো দ্রৌণিঃ কৃতবর্মা চ সাত্বতঃ।
শল্যশ্চ সৌমদত্তিশ্চ বিকর্ণশ্চ মহারথঃ ॥ ১৩

পঞ্চনবতিতম অধ্যায়।

[দুর্য্যোধনের অনুরোধে এবং ভীষ্মের আজ্ঞায় প্রেরিত ভগদত্ত-কর্ত্তৃক ঘটোৎকচ, ভীমসেন ও পাণ্ডবসৈন্যদের সহিত ঘোর যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! শত্রুতাপন রাজা দুর্য্যোধন সেই মহাযুদ্ধে এক রাক্ষসের দ্বারা প্রাপ্ত নিজের এই পরাজয়কে সহ্য করিতে পারিলেন না। তিনি গঙ্গানন্দন ভীষ্মের নিকট যাইয়া তাঁহাকে বিনীতভাবে প্রণাম করত তাহার পর সারা বৃত্তান্ত যথাযথরূপে বলিয়া শুনাইতে আরম্ভ করিলেন। এই দুর্দ্ধর্ষ বীর তখন পুনঃ পুনঃ দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিতে করিতে ঘটোৎকচের বিজয় এবং নিজের পরাজয়ের কথা বলিলেন॥

রাজন্! সেই সময় তিনি কুরুকুলের বৃদ্ধ পিতামহ ভীষ্মকে বলিলেন,—প্রভো! যেরূপে আমার শত্রুরা বসুদেবনন্দন শ্রীকৃষ্ণের আশ্রয় লইয়া যুদ্ধ করিতেছে, সেইরূপ আমিও কেবল আপনারই আশ্রয় লইয়া পাণ্ডবগণের সহিত ঘোর যুদ্ধ আরম্ভ করিয়াছি ॥১-৪

হে শত্রুতাপন! আমার সহিত আমার এই একাদশ অক্ষৌহিণী সৈন্য আপনার আদেশের অধীনে রহিয়াছে ॥ ৫

ভরতশ্রেষ্ঠ! এরূপ শক্তিশালী হইয়াও আমাকে ভীমসেনাদি পাণ্ডবেরা ঘটোৎকচের আশ্রয় লইয়া যুদ্ধে পরাজিত করিয়াছে ॥৬

মহাভাগ! যেরূপ অগ্নি শুষ্ক বৃক্ষকে দগ্ধ করিয়া থাকে, সেইরূপ এই অপমান আমার প্রতি অঙ্গ-প্রত্যঙ্গকে দগ্ধ করিতেছে। শত্রুতাপন পিতামহ! আমি আপনার কৃপায় স্বয়ংই এই নীচ ও দুর্দ্ধর্ষ রাক্ষস ঘটোৎকচকে বধ করিতে ইচ্ছুক হইয়াছি। আপনার আশ্রয় লইয়া আমি তাহাকে জয় করিতে অভিলাষী, অতএব আপনি আমার এই মনোরথ পূর্ণ করুন ॥ ৭-৮

ভরতশ্রেষ্ঠ! রাজা দুর্য্যোধনের এই কথা শ্রবণ করিয়া শান্তনুনন্দন ভীষ্ম তাঁহাকে বলিলেন ॥ ৯

রাজন্ কুরুবংশধর! আমি তোমাকে যাহা বলিব, তুমি উহা একাগ্রচিত্তে শ্রবণ কর। শত্রুসন্তাপক মহারাজ! বিশেষভাবে তোমার এই যুদ্ধে যেরূপ ব্যবহার করা উচিত, তাহা শুনিয়া লও ॥১০

তাত শত্রুদমন! তুমি যুদ্ধে সর্ব্বদা নিজেকেই রক্ষা কর। নিষ্পাপ! তোমার সর্ব্বদা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সহিতই যুদ্ধ করা উচিত ॥ ১১

অর্জুন, নকুল, সহদেব অথবা ভীমসেনের সহিতও তুমি যুদ্ধ করিতে পার। রাজধর্ম্মের কথা সম্মুখে রাখিয়াই তোমাকে এই কথা বলিলাম; কারণ, রাজা রাজারই সহিত যুদ্ধ করেন ॥ ১২

রাজন্! দুরাত্মা হিড়িম্বাপুত্র ঘটোৎকচের সহিত যুদ্ধ করা

তব চ ভ্রাতরঃ শ্রেষ্ঠা দুঃশাসনপুরোগমাঃ।
ত্বদর্থে প্রতিযোৎস্যামো রাক্ষসং তং মহাবলম্ ॥ ১৪
রৌদ্রে তস্মিন্ রাক্ষসেন্দ্রে যদি তেঽমুশয়ো মহান্।
অয়ং বা গচ্ছতু রণে তস্য যুদ্ধায় দুর্মতেঃ ॥ ১৫
ভগদত্তো মহীপালঃ পুরন্দরসমো যুধি।
এতাবদুক্ত্বা রাজানং ভগদত্তমথাব্রবীৎ ॥ ১৬
সমক্ষং পার্থিবেন্দ্রস্য বাক্যং বাক্যবিশারদঃ।
গচ্ছ শীঘ্রং মহারাজ হৈড়িম্বং যুদ্ধদুর্মদম্ ॥ ১৭
বারয়স্ব রণে যত্তো মিষতাং সর্বধন্বিনাম্।
রাক্ষসং ক্রূরকর্মাণং যথেন্দ্রস্তারকং পুরা ॥ ১৮
তব দিব্যানি চাস্ত্রাণি বিক্রমশ্চ পরন্তপ।
সমাগমশ্চ বহুভিঃ পুরাভূদমরৈঃ সহ ॥ ১৯
ত্বং তস্য নৃপশার্দূল প্রতিযোদ্ধা মহাহবে।
স্ববলেনোচ্ছ্রিতো রাজন্ জহি রাক্ষসপুঙ্গবম্ ॥ ২০

এতচ্ছ্রুত্বা তু বচনং ভীষ্মস্য পৃতনাপতেঃ।
প্রযযৌ সিংহনাদেন পরানভিমুখো দ্রুতম্ ॥ ২১
তমাদ্রবন্তং সম্প্রেক্ষ্য গর্জন্তমিব তোয়দম্।
অভ্যবর্তন্ত সংক্রুদ্ধাঃ পাণ্ডবানাং মহারথাঃ ॥ ২২
ভীমসেনোঽভিমন্যুশ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
দ্রৌপদেয়াঃ সত্যধৃতিঃ ক্ষত্রদেবশ্চ ভারত ॥ ২৩
চেদিপো বসুদানশ্চ দশার্ণাধিপতিস্তথা।
সুপ্রতীকেন তাংশ্চাপি ভগদত্তোঽপ্যুপাদ্রবৎ ॥ ২৪
ততঃ সমভবদ্ যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্।
পাণ্ডূনাং ভগদত্তেন যমরাষ্ট্রবিবর্ধনম্ ॥ ২৫
প্রযুক্তা রথিভির্বাণা ভীমবেগাঃ সুতেজনাঃ।
তে নিপেতুর্মহারাজ নাগেষু চ রথেষু চ ॥ ২৬
প্রভিন্নাশ্চ মহানাগা বিনীতা হস্তিসাদিভিঃ।
পরস্পরং সমাসাদ্য সন্নিপেতুরভীতবৎ ॥ ২৭

তোমার উচিত নয়। আমি, দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, অশ্বত্থামা, সাত্বতবংশীয় কৃতবর্ম্মা, শল্য, ভূরিশ্রবা, মহারথী বিকর্ণ এবং দুঃশাসনাদি তোমার ভ্রাতৃবৃন্দ—এই আমরা সকলে তোমার জন্য এই মহাবল রাক্ষসের সহিত যুদ্ধ করিব ॥ ১৩-১৪

যদি সেই ভয়ঙ্কর রাক্ষসরাজ ঘটোৎকচের উপর তোমার অত্যধিক রোষ থাকে, তবে সেই দুষ্টের সহিত যুদ্ধ করিবার জন্য রাজা ভগদত্ত গমন করুক; কারণ, যুদ্ধে সে ইন্দ্রসদৃশ পরাক্রমী ॥

এই কথা বলিয়া বাক্যকুশল ভীষ্ম রাজাধিরাজ দুর্য্যোধনের সম্মুখেই রাজা ভগদত্তকে বলিলেন ॥

মহারাজ! তুমি রণদুর্ম্মদ ঘটোৎকচের সহিত যুদ্ধ করিবার জন্য শীঘ্র গমন কর এবং সমস্ত ধনুর্দ্ধরগণের দৃষ্টিপথের মধ্যেই প্রযত্ন-সহকারে এই রণাঙ্গনে তাহার অগ্রগতি রুদ্ধ কর ॥

পুরাকালে ইন্দ্র যেরূপ তারকাসুরের অগ্রগতি রোধ করিয়াছিলেন, সেইরূপ তুমিও এই ক্রূরকর্ম্মা রাক্ষসের অগ্র গমন রোধ কর। পরন্তপ! তোমার নিকট বহু দিব্য অস্ত্র আছে এবং তুমি বিক্রমশালী। পূর্ব্বে দেবগণের সহিত তোমার যুদ্ধও হইয়াছিল (অতএব যুদ্ধবিষয়ে তুমি বিশেষ অভিজ্ঞ)। ১৫-১৯

নৃপশ্রেষ্ঠ! এই মহাযুদ্ধে তুমিই একমাত্র ঘটোৎকচের সহিত যুদ্ধ করিতে সমর্থ যোদ্ধা। রাজন্! তুমি নিজ বলে উৎকর্ষ লাভ করত এই রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচকে বধ কর। ২০

সেনাপতি ভীষ্মের এই কথা শ্রবণ করিয়া রাজা ভগদত্ত সিংহনাদ করিতে করিতে দ্রুত শত্রুদিগের অভিমুখে প্রস্থান করিলেন। ২১

ভারত! গর্জনরত মেঘতুল্য রাজা ভগদত্তকে ধাবিত হইতে দেখিয়া ভীমসেন, অভিমন্যু, রাক্ষস ঘটোৎকচ, দ্রৌপদীর পঞ্চ পুত্র, সত্যধৃতি, ক্ষত্রদেব, চেদিরাজ ধৃষ্টকেতু, বসুদান ও দশার্ণ-রাজ—এই সমস্ত পাণ্ডবপক্ষীয় মহারথীরা ক্রুদ্ধ হইয়া তাঁহার সম্মুখীন হইবার জন্য ধাবিত হইয়া আসিলেন। ভগদত্ত সুপ্রতীক-নামক হাতীতে আরোহণ করিয়া তাঁহাদের দিকে ধাবিত হইলেন। ২২-২৪

তাহার পর ভগদত্তের সহিত পাণ্ডবগণের ভয়ানক ও ঘোরতর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল, যাহা কেবল যম-রাজ্যেরই বৃদ্ধি করিতেছিল। ২৫

মহারাজ! রথিগণের দ্বারা প্রযুক্ত ভয়ঙ্কর বেগশালী ও অতিশয় তেজস্বী বাণসমূহ হস্তী এবং রথসকলের উপর পড়িতে লাগিল। ২৬

যাহাদের মস্তক হইতে মদধারা ক্ষরিত হইতেছিল, এইরূপ বড় বড় বহু হস্তী হস্ত্যারোহী যোদ্ধাদিগের দ্বারা প্রেরিত হইয়া পরস্পর পরস্পরের নিকটে উপস্থিত হইয়া নির্ভয়চিত্তে যুদ্ধরত হইল। ২৭

মদান্ধা রোষসংরব্ধা বিষাণাগ্রৈর্মহাহবে।
বিভিদুর্দন্তমুসলৈঃ সমাসাদ্য পরস্পরম্ ॥ ২৮

হয়াশ্চ চামরাপীড়াঃ প্রাসপাণিভিরাস্থিতাঃ।
চোদিতাঃ সাদিভিঃ ক্ষিপ্রং নিপেতুরিতরেতরম্ ॥ ২৯

পাদাতাশ্চ পদাত্যোঘৈস্তাড়িতাঃ শক্তি-তোমরৈঃ।
ন্যপতন্ত তদা ভূমৌ শতশোঽথ সহস্রশঃ ॥ ৩০

রথিনশ্চ রথৈ রাজন্ কর্ণি-নালীক-সায়কৈঃ।
নিহত্য সমরে বীরান্ সিংহনাদান্ বিনেদিরে ॥ ৩১

তস্মিংস্তথা বর্তমানে সংগ্রামে লোমহর্ষণে।
ভগদত্তো মহেষ্বাসো ভীমসেনমথাদ্রবৎ ॥ ৩২

কুঞ্জরেণ প্রভিন্নেন সপ্তধা স্রবতা মদম্।
পর্বতেন যথা তোয়ং স্রবমাণেন সর্বশঃ ॥ ৩৩

কিরঞ্ছরসহস্রাণি সুপ্রতীকশিরোগতঃ।
ঐরাবতস্থো মঘবান্ বারিধারা ইবানঘ ॥ ৩৪

সেই মহাযুদ্ধে রোষপূর্ণ মদান্ধ হস্তীরা নিজ নিজ দন্তাগ্র ভাগের দ্বারা অথবা দন্ত-রূপ মুসলের দ্বারা পরস্পরের নিকটবর্তী হইয়া পরস্পরকে বিদীর্ণ করিতে লাগিল ॥ ২৮

চামরভূষিত অশ্বগণ প্রাসধারী আরোহিবৃন্দের দ্বারা সঞ্চালিত হইয়া অতি দ্রুত পরস্পরের উপর আক্রমণ আরম্ভ করিল ॥ ২৯

সেই সময় পদাতি যোদ্ধারা পদাতি যোদ্ধাদিগের নিক্ষিপ্ত শক্তি ও তোমরসমূহে আহত হইয়া শত শত ও সহস্র সহস্র সংখ্যায় ধরাশায়ী হইতে লাগিল ॥ ৩০

রাজন্! রথী বীরগণ রথে আরোহণ করিয়া কর্ণ, নালীক ও বাণসমূহে রণাঙ্গনে বীর সৈন্যগণকে বধ করিয়া সিংহনাদ করিতে থাকিল ॥ ৩১

যখন এইরূপ রোমাঞ্চকর ভয়ঙ্কর সংগ্রাম চলিতে লাগিল, তখন মহাধনুর্দ্ধর ভগদত্ত ভীমসেনের উপর ধাবিত হইলেন ॥ ৩২

তিনি যে হাতীতে আরোহণ করিয়া আসিয়াছিলেন, তাহার কুম্ভস্থল হইতে মদের সাতটি ধারা নিঃসৃত হইতেছিল। তখন এই হাতী সর্ব্ব দিক্ হইতে জলের ধারাবাহী পর্ব্বতের ন্যায় মনে হইতেছিল ॥ ৩৩

নিষ্পাপ নরেশ! সেই সময় ভগদত্ত সুপ্রতীকনামক এই হাতীর মস্তক প্রদেশে স্থিত আসনে উপবেশন করিয়া সহস্র সহস্র বাণ বর্ষণ করিতে লাগিলেন, ইহাতে মনে হইতেছিল—যেন দেবরাজ ইন্দ্র ঐরাবত হস্তীর উপর আরোহণ করিয়া জলধারা বর্ষণ করিতেছেন ॥ ৩৪

স ভীমং শরধারাভিস্তাড়য়ামাস পার্থিবঃ।
পর্বতং বারিধারাভিস্তপান্তে জলদো যথা ॥ ৩৫

ভীমসেনস্তু সংক্রুদ্ধঃ পাদরক্ষান্ পরঃশতান্।
নিজঘান মহেষ্বাসঃ সংরব্ধঃ শরবৃষ্টিভিঃ ॥ ৩৬

তান্ দৃষ্ট্বা নিহতান্ ক্রুদ্ধো ভগদত্তঃ প্রতাপবান্।
চোদয়ামাস নাগেন্দ্রং ভীমসেনরথং প্রতি ॥ ৩৭

স নাগঃ প্রেষিতস্তেন বাণো জ্যাচোদিতো যথা।
অভ্যধাবত বেগেন ভীমসেনমরিন্দমম্ ॥ ৩৮

তমাপতন্তং সম্প্রেক্ষ্য পাণ্ডবানাং মহারথাঃ।
অভ্যবর্তন্ত বেগেন ভীমসেনপুরোগমাঃ ॥ ৩৯

কেকয়াশ্চাভিমন্যুশ্চ দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ।
দশার্ণাধিপতিঃ শূরঃ ক্ষত্রদেবশ্চ মারিষ ॥ ৪০

চেদিপশ্চিত্রকেতুশ্চ সংরব্ধাঃ সর্ব এব তে।
উত্তমাস্ত্রাণি দিব্যানি দর্শয়ন্তো মহাবলাঃ ॥ ৪১

যেরূপ গ্রীষ্মের শেষে বর্ষাকালে মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিয়া থাকে, সেইরূপ রাজা ভগদত্ত ভীমসেনের উপর বাণ বর্ষণ করিতে করিতে তাঁহাকে পীড়িত করিতে লাগিলেন ॥ ৩৫

তখন মহাধনুর্দ্ধর রোষাবিষ্ট ভীমসেন অত্যন্ত কুপিত হইয়া স্বীয় বাণবৃষ্টি দ্বারা হাতীর পাদরক্ষক শত যোদ্ধাকে নিহত করিলেন ॥ ৩৬

সেই সব যোদ্ধাকে নিহত হইতে দেখিয়া প্রতাপশালী ভগদত্ত ক্রুদ্ধ হইয়া সেই গজরাজকে ভীমসেনের রথের দিকে প্রেরিত করিলেন ॥ ৩৭

তাঁহার দ্বারা প্রেরিত হইয়া সেই গজরাজ ধনুর গুণ হইতে নিক্ষিপ্ত বাণের ন্যায় শত্রুদমন ভীমসেনের দিকে বেগের সহিত ধাবিত হইল ৩৮

সেই হাতীকে আসিতে দেখিয়া ভীমসেনাদি পাণ্ডব মহারথীরা অতি সত্বর তাহার চারিদিকে দণ্ডায়মান হইলেন ॥ ৩৯

আর্য্য! কেকয়রাজকুমার, অভিমন্যু, দ্রৌপদীর পঞ্চ পুত্র, শৌর্য্যশালী বীর দশার্ণাধিপতি ক্ষত্রদেব অত্যন্ত রোষাবিষ্ট হইয়া উত্তম দিব্যাস্ত্রসমূহের প্রয়োগ দেখাইতে দেখাইতে সেই একমাত্র হাতীকে ক্রোধসহকারে পরিবৃত করিয়া রহিলেন ॥

বহু বাণে আহত সেই মহাগজ রক্তরঞ্জিত হইয়া গেরুয়া প্রভৃতি ধাতুতে চিত্রিত গিরিরাজের ন্যায় সুশোভিত হইল।

তমেকং কুঞ্জরং ক্রুদ্ধাঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্।
স বিদ্ধো বহুভির্বাণৈর্ব্যরোচত মহাদ্বিপঃ ॥ ৪২
সঞ্জাতরুধিরোৎপীড়ো ধাতুচিত্র ইবাদ্রিরাট্।
দশার্ণাধিপতিশ্চাপি গজং ভূমিধরোপমম্ ॥ ৪৩
সমাস্থিতোঽভিদুদ্রাব ভগদত্তস্য বারণম্।
তমাপতন্তং সমরে গজং গজপতিঃ স চ ॥ ৪৪
দধার সুপ্রতীকোঽপি বেলেব মকরালয়ম্।
বারিতং প্রেক্ষ্য নাগেন্দ্রং দশার্ণস্য মহাত্মনঃ ॥ ৪৫
সাধু সাধ্বিতি সৈন্যানি পাণ্ডবেয়ান্যপূজয়ন্।
ততঃ প্রাগ্‌জ্যোতিষঃ ক্রুদ্ধস্তোমরান্ বৈ চতুর্দশ ॥ ৪৬
প্রাহিণোৎ তস্য নাগস্য প্রমুখে নৃপসত্তম।
বর্ম্ম মুখ্যং তনুত্রাণং শাতকুম্ভপরিষ্কৃতম্ ॥ ৪৭
বিদার্য্য প্রাবিশন্ ক্ষিপ্রং বল্মীকমিব পন্নগাঃ।
স গাঢ়বিদ্ধো ব্যথিতো নাগো ভরতসত্তম ॥ ৪৮
উপাবৃত্তমদঃ ক্ষিপ্রমভ্যবর্তত বেগিতঃ।
স প্রদুদ্রাব বেগেন প্রণদন্ ভৈরবং রবম্ ॥ ৪৯
সম্মর্দয়ানঃ স্ববলং বায়ুর্বৃক্ষানিবৌজসা।
তস্মিন্ পরাজিতে নাগে পাণ্ডবানাং মহারথাঃ ॥ ৫০
সিংহনাদং বিনদ্যোচ্চৈর্যুদ্ধায়ৈবাবতস্থিরে।
ততো ভীমং পুরস্কৃত্য ভগদত্তমুপাদ্রবন্ ॥ ৫১
কিরন্তো বিবিধান্ বাণান্ শস্ত্রাণি বিবিধানি চ।
তেষামাপততাং রাজন্ সংক্রুদ্ধানামমর্ষিণাম্ ॥ ৫২
শ্রুত্বা স নিনদং ঘোরমমর্ষাদ্ গতসাধ্বসঃ।
ভগদত্তো মহেষ্বাসঃ স্বনাগং প্রত্যচোদয়ৎ ॥ ৫৩
অঙ্কুশাঙ্গুষ্ঠনুদিতঃ স গজপ্রবরো যুধি।
তস্মিন্ ক্ষণে সমভবৎ সাংবর্তক ইবানলঃ ॥ ৫৪
রথসঙ্ঘাংস্তথা নাগান্ হয়াংশ্চ হয়সাদিভিঃ।
পাদাতাংশ্চ সুসংক্রুদ্ধঃ শতশোঽথ সহস্রশঃ ॥ ৫৫
অমৃদ্গাৎ সমরে নাগঃ সম্প্রধাবংস্ততস্ততঃ।
তেন সংলোড্যমানং তু পাণ্ডবানাং বলং মহৎ ॥৫৬

তদনন্তর দশার্ণদেশের অধিপতি ক্ষত্রদেবও এক পর্ব্বতাকার হাতীতে আরোহণ করিয়া ভগদত্তের হস্তীর দিকে ধাবিত হইলেন।

সমরাঙ্গণে নিজের অভিমুখে ধাবিত হইয়া আগত সেই হাতীকে গজরাজ সুপ্রতীক সেইরূপে রুদ্ধ করিয়া দিল, যেরূপ তীরভূমি সমুদ্রের অগ্রগতি রুদ্ধ করিয়া থাকে॥

মহাত্মা দশার্ণরাজের হাতীকে নিবারিত হইতে দেখিয়া সমস্ত পাণ্ডবসৈন্যগণ 'সাধু সাধু' বলিয়া সুপ্রতীকের প্রশংসা করিতে লাগিল॥

নৃপশ্রেষ্ঠ! তদনন্তর প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত কুপিত হইয়া দশার্ণরাজের হাতীর সম্মুখে চৌদ্দটি তোমর প্রহার করিলেন॥

যেরূপ সর্পগণ বল্মীকের (উইঢিপির) মধ্যে প্রবেশ করে, সেইরূপ ঐ তোমরগুলি হাতীর উপর পতিত হইয়া স্বর্ণভূষিত শ্রেষ্ঠ কবচ ছিন্ন-ভিন্ন করিয়া দ্রুত তাহার শরীরমধ্যে প্রবেশ করিল॥

ভরতশ্রেষ্ঠ! এই তোমরগুলির আঘাতে সেই হাতী অত্যন্ত আহত হইয়া ব্যথিত হইল। তখন তাহার সমস্ত মদধারা বহির্গত হইল এবং সে সবেগে পশ্চাদপসরণ করিল॥

যেরূপ বায়ু স্বশক্তি বলে বৃক্ষসমূহ উৎপাটিত করে, সেইরূপ ঐ হাতী সেই সময় ভয়ানক স্বরে চীৎকার করিতে করিতে ও নিজ সৈন্যগণকে মর্দ্দিত করিতে করিতে বেগের সহিত পলায়ন করিল॥

সেই হাতী পরাজিত হইলেও পাণ্ডব মহারথীরা উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে থাকিয়া যুদ্ধের জন্য অপেক্ষা করিতে লাগিলেন॥

তারপর পাণ্ডবসৈন্যগণ ভীমসেনকে অগ্রে রাখিয়া নানাপ্রকার বাণ ও অন্যান্য অস্ত্রসমূহ বর্ষণ করিতে করিতে ভগদত্তের উপর আক্রমণ করিলেন।

রাজন্! অতিশয় ক্রুদ্ধ হইয়া আক্রমণকারী অমর্ষশীল পাণ্ডবসৈন্যগণের সেই ভয়ঙ্কর সিংহনাদ শ্রবণ করিয়া মহাধনুর্দ্ধর ভগদত্ত অমর্ষবশতঃ নির্ভয়চিত্তে স্বীয় হস্তীকে তাহাদের দিকে চালিত করিলেন॥ ৪০-৫৩

সেই সময় তাঁহার অঙ্কুশ ও পাদাঙ্গুষ্ঠের দ্বারা প্রেরিত হইয়া সেই গজরাজ রণাঙ্গনে সংবর্তক (প্রলয়াগ্নির নাম সংবর্ত্তক) অগ্নির ন্যায় ভয়ঙ্কর হইয়া উঠিল॥ ৫৪

তখন সেই হাতী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া রথসমূহ, হস্তীসকল, অশ্বারোহীসহ অশ্বগণ এবং শত শত ও সহস্র সহস্র পদাতিক সৈন্যকে সমরাঙ্গণে এদিক্ ওদিক্ দৌড়াইতে দৌড়াইতে পেষণ করিতে লাগিল॥

মহারাজ! সেই হাতীর দ্বারা আলোড়িত হইয়া পাণ্ডবদের বিশাল সৈন্যবাহিনী অগ্নিতে স্থাপিত চর্ম্মের ন্যায় সঙ্কুচিত হইয়া পড়িল॥

সঙ্কুকোচ মহারাজ চর্মেবাগ্নৌ সমাহিতম্।
ভগ্নং তু স্ববলং দৃষ্ট্বা ভগদত্তেন ধীমতা ॥ ৫৭
ঘটোৎকচোঽথ সংক্রুদ্ধো ভগদত্তমুপাদ্রবৎ।
বিকটঃ পরুষো রাজন্ দীপ্তাস্যো দীপ্তলোচনঃ ॥ ৫৮
রূপং বিভীষণং কৃত্বা রোষেণ প্রজ্বলন্নিব।
জগ্রাহ বিমলং শূলং গিরীণামপি দারণম্ ॥ ৫৯
নাগং জিঘাংসুঃ সহসা চিক্ষেপ স মহাবলঃ।
স বিস্ফুলিঙ্গমালাভিঃ সমন্তাৎ পরিবেষ্টিতঃ ॥ ৬০
তমাপতন্তং সহসা দৃষ্ট্বা প্রাগ্‌জ্যোতিষো নৃপঃ।
চিক্ষেপ রুচিরং তীক্ষ্ণমর্ধচন্দ্রং সুদারুণম্ ॥ ৬১
চিচ্ছেদ তন্মহচ্ছূলং তেন বাণেন বেগবান্।
উৎপপাত দ্বিধা ছিন্নং শূলং হেমপরিষ্কৃতম্ ॥ ৬২
মহাশনির্যথা ভ্রষ্টা শক্রমুক্তা নভোগতা।
শূলং নিপতিতং দৃষ্ট্বা দ্বিধা কৃতঞ্চ পার্থিবঃ ॥ ৬৩

বুদ্ধিমান্ ভগদত্তকর্তৃক নিজ সৈন্যদিগকে রণে ভঙ্গ দিয়া পলায়ন করিতে দেখিয়া ঘটোৎকচ অত্যন্ত ক্রুদ্ধচিত্তে ভগদত্তের উপর ধাবিত হইল ॥

রাজন্! সেই সময় সে অতিশয় ভয়ানকরূপ ধারণ করত রোষে যেন প্রজ্বলিত হইয়া উঠিল। তখন তাহার আকৃতি বিকট ও নিষ্ঠুর দেখাইতে লাগিল এবং মুখ ও নেত্র উজ্জ্বল এবং প্রকাশিত দেখা যাইতেছিল ॥

এই মহাবল নিশাচর (রাক্ষস) সেই হাতীকে নিহত করিবার ইচ্ছায় হাতে একটি সেইরূপ ত্রিশূল গ্রহণ করিল, যাহা পর্ব্বতকেও বিদীর্ণ করিতে পারে। তারপর সহসা সেই ত্রিশূলটিকে নিক্ষেপ করিল ॥

ঐ ত্রিশূল চারিদিকে অগ্নির স্ফুলিঙ্গমালাতে পরিবেষ্টিত ছিল। তাহাকে সহসা নিজের দিকে আসিতে দেখিয়া প্রাগ্-জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত অত্যন্ত ভয়ঙ্কর তীক্ষ্ণ ও সুন্দর এক অর্দ্ধচন্দ্র বাণ প্রয়োগ করিলেন ॥ ৫৫-৬১

সেই বেগবান্ নরপতি উক্ত বাণের দ্বারা সেই বিশাল শূলটিকে দ্বিখণ্ডিত করিয়া ফেলিলেন। এই স্বর্ণভূষিত ত্রিশূলটি দুই খণ্ডে ছিন্ন হইয়া শূন্যমার্গে ভাসিতে লাগিল ॥

ত্রিশূলকে দ্বিখণ্ডিত হইয়া পতিত হইতে দেখিয়া রাজা ভগদত্ত অগ্নির শিখাপরিবেষ্টিত ও সুবর্ণময় দণ্ডে বিভূষিত একটি মহাশক্তি হাতে লইলেন এবং তাহা রাক্ষসের উপর নিক্ষেপ করিলেন।

রুক্মদণ্ডাং মহাশক্তিং জগ্রাহাগ্নিশিখোপমাম্।
চিক্ষেপ তাং রাক্ষসস্য তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ৬৪
তামাপতন্তীং সম্প্রেক্ষ্য বিয়ৎস্থামশনীমিব।
উৎপত্য রাক্ষসস্তূর্ণং জগ্রাহ চ ননাদ চ ॥ ৬৫
বভঞ্জ চৈনাং ত্বরিতো জানুন্যারোপ্য ভারত।
পশ্যতঃ পার্থিবেন্দ্রস্য তদদ্ভুতমিবাভবৎ ॥ ৬৬
তদবেক্ষ্য কৃতং কর্ম রাক্ষসেন বলীয়সা।
দিবি দেবাঃ সগন্ধর্বা মুনয়শ্চাপি বিস্মিতাঃ ॥ ৬৭
পাণ্ডবাশ্চ মহারাজ ভীমসেনপুরোগমাঃ।
সাধু সাধ্বিতি নাদেন পৃথিবীমনুনাদয়ন্ ॥ ৬৮
তং তু শ্রুত্বা মহানাদং প্রহৃষ্টানাং মহাত্মনাম্।
নামৃষ্যত মহেষ্বাসো ভগদত্তঃ প্রতাপবান্ ॥ ৬৯
স বিস্ফার্য্য মহচ্চাপমিন্দ্রাশনিসমপ্রভম্।
তর্জয়ামাস বেগেন পাণ্ডবানাং মহারথান্ ॥ ৭০

তারপর বলিলেন—দাঁড়াও, দাঁড়াও ॥ ৬২-৬৪

আকাশে প্রকাশিত অশনির (বজ্রের) ন্যায় সেই মহাশক্তিকে নিজের দিকে পতিত হইতে দেখিয়া রাক্ষস ঘটোৎকচ উড়িয়া যাইয়া (অথবা শূন্যমার্গে লাফ দিয়া) অতিক্রান্ত তাহাকে ধরিয়া ফেলিল এবং সিংহসদৃশ গর্জন করিতে লাগিল ॥ ৬৫

ভারত! তারপর সে রাজা ভগদত্তের দৃষ্টিপথেই সেই শক্তিকে জানুর উপর রাখিয়া ভাঙ্গিয়া ফেলিল। তখন ইহা যেন এক অদ্ভুত ব্যাপার ঘটিয়া গেল ॥ ৬৬

মহাবল রাক্ষসকর্তৃক কৃত এই মহৎ কর্ম্মকে দেখিয়া আকাশে বিরাজমান দেবতা, গন্ধর্ব্ব ও মুনিগণ অতিশয় বিস্মিত হইলেন ॥ ৬৭

মহারাজ! সেই সময় ভীমসেনাদি পাণ্ডবগণ 'সাধু সাধু' বলিয়া ঘটোৎকচকে প্রশংসিত করত সিংহনাদে পৃথিবীকে নিনাদিত করিয়া তুলিলেন ॥ ৬৮

অতিশয় হৃষ্ট এই সকল মহাত্মাগণের সেই সিংহনাদ শ্রবণ করিয়া মহাধনুর্দ্ধর ও প্রতাপশালী রাজা ভগদত্ত তাহা সহ্য করিতে পারিলেন না ॥ ৬৯

তিনি তখন ইন্দ্রের বজ্রের ন্যায় প্রকাশমান স্বীয় বিশাল ধনু আকর্ষণ করিয়া বেগের সহিত পাণ্ডব-মহারথীদিগকে লক্ষ্য করিয়া তর্জ্জন গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৭০

বিসৃজন্ বিমলাংস্তীক্ষ্ণান্ নারাচান্ জ্বলনপ্রভান্ ।
ভীমমেকেন বিব্যাধ রাক্ষসং নবভিঃ শরৈঃ ॥ ৭১
অভিমন্যুং ত্রিভিশ্চৈব কেকয়ান্ পঞ্চভিস্তথা ।
পূর্ণায়তবিসৃষ্টেন শরেণানতপর্বণা ॥ ৭২
বিভেদ দক্ষিণং বাহুং ক্ষত্রদেবস্য চাহবে ।
পপাত সহসা তস্য সশরং ধনুরুত্তমম্ ॥ ৭৩
দ্রৌপদেয়াংস্ততঃ পঞ্চ পঞ্চভিঃ সমতাড়য়ৎ ।
ভীমসেনস্য চ ক্রোধান্নিজঘান তুরঙ্গমান্ ॥ ৭৪
ধ্বজং কেসরিণং চাস্য চিচ্ছেদ বিশিখৈস্ত্রিভিঃ ।
নির্বিভেদ ত্রিভিশ্চান্যৈঃ সারথিং চাস্য পত্রিভিঃ ॥৭৫
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ ।
বিশোকো ভরতশ্রেষ্ঠ ভগদত্তেন সংযুগে ॥ ৭৬
ততো ভীমো মহাবাহুর্বিরথো রথিনাং বরঃ ।
গদাং প্রগৃহ্য বেগেন প্রচস্কন্দ রথোত্তমাৎ ॥ ৭৭

তাহার পর অগ্নিতুল্য প্রভামণ্ডিত নির্ম্মল ও তীক্ষ্ণ নারাচসমূহ প্রহার করিয়া একটি দ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন এবং নয়টি বাণে রাক্ষস ঘটোৎকচকে আহত করিলেন ॥ ৭১

তারপর তিনটি বাণে অভিমন্যুকে এবং পাঁচটি বাণে কেকয়-রাজকুমারগণকে বিদ্ধ করিলেন। অনন্তর ধনুটিকে উত্তমরূপে আকর্ষণ করিয়া আনতপর্ব্বযুক্ত বাণের দ্বারা তিনি রণাঙ্গনে ক্ষত্রদেবের দক্ষিণবাহু ছেদন করিলেন। তাঁহার বাহু ছিন্ন হইলে সহসা বাণসহ উত্তম ধনুটিও ভূতলে পতিত হইল ॥ ৭২-৭৩

তাহার পর দ্রৌপদীর পঞ্চ পুত্রকে ভগদত্ত পাঁচটি বাণে বিদ্ধ করিলেন এবং বেগের সহিত ভীমসেনের অশ্বগুলিকে নিহত করিলেন ॥ ৭৪

অনন্তর তিনটি বাণে তাঁহার সিংহচিহ্নিত ধ্বজও কাটিয়া ফেলিলেন এবং অন্য তিনটি পক্ষযুক্ত বাণপ্রহার করিয়া তাঁহার সারথিকে বিদীর্ণ করিলেন ॥ ৭৫

ভরতশ্রেষ্ঠ! ভগদত্তকর্ত্তৃক যুদ্ধে গুরুতর আহত হইয়া ভীমসেনের সারথি বিশোক ব্যথিত হইল এবং রথের পশ্চাদ্ভাগে নীরবে বসিয়া পড়িল ॥ ৭৬

এইভাবে রথহীন হইয়া পড়িলে রথিগণের মধ্যে শ্রেষ্ঠ মহাবাহু ভীমসেন হাতে গদা লইয়া রথ হইতে সবেগে লাফাইয়া পড়িলেন ॥ ৭৭

তমুদ্যতগদং দৃষ্ট্বা সশৃঙ্গমিব পর্বতম্ ।
তাবকানাং ভয়ং ঘোরং সমপদ্যত ভারত ॥ ৭৮
এতস্মিন্নেব কালে তু পাণ্ডবঃ কৃষ্ণসারথিঃ ।
আজগাম মহারাজ নিঘ্নন্ শত্রূন্ সমন্ততঃ ॥৭৯
যত্র তৌ পুরুষব্যাঘ্রৌ পিতাপুত্রৌ মহাবলৌ ।
প্রাগ্‌জ্যোতিষেণ সংযুক্তৌ ভীমসেন-ঘটোৎকচৌ ॥৮০
দৃষ্ট্বা চ পাণ্ডবো ভ্রাতৄন্ যুধ্যমানান্ মহারথান্ ।
ত্বরিতো ভরতশ্রেষ্ঠ তত্রাযুধ্যত কিরন্ শরান্ ॥ ৮১
ততো দুর্য্যোধনো রাজা ত্বরমাণো মহারথঃ ।
সেনামচোদয়ৎ ক্ষিপ্রং রথ-নাগাশ্বসঙ্কুলাম্ ॥ ৮২
তামাপতন্তীং সহসা কৌরবাণাং মহাচমূম্ ।
অভিদুদ্রাব বেগেন পাণ্ডবঃ শ্বেতবাহনঃ ॥ ৮৩
ভগদত্তশ্চ সমরে তেন নাগেন ভারত ।
বিমৃদ্নন্ পাণ্ডববলং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥ ৮৪

ভারত! শিখরযুক্ত পর্ব্বতের ন্যায় গদা উত্তোলিত করিয়া তাঁহাকে আসিতে দেখিয়া আপনার সৈন্যগণের মধ্যে ভয়ঙ্কর ত্রাসের সঞ্চার হইল ॥ ৭৮

মহারাজ! এই সময়েই শ্রীকৃষ্ণ যাঁহার সারথি, সেই পাণ্ডুনন্দন অর্জুন সর্ব্বদিক্ হইতে শত্রুগণকে সংহার করিতে করিতে সেস্থলে আসিয়া উপস্থিত হইলেন, যেস্থলে সেই দুই পুরুষসিংহ মহাবল পিতা-পুত্র ভীমসেন ও ঘটোৎকচ ভগদত্তের সহিত যুদ্ধ করিতেছিলেন ॥ ৭৯-৮০

ভরতশ্রেষ্ঠ! পাণ্ডুনন্দন অর্জুন স্বীয় মহারথী ভ্রাতৃবৃন্দকে যুদ্ধ করিতে দেখিয়া স্বয়ংও বাণবর্ষণ করিতে করিতে সত্বরই যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥ ৮১

তখন মহারথী রাজা দুর্য্যোধন অতিক্রততার সহিত রথ, হস্তী ও অশ্বে পূর্ণ স্বীয় সৈন্যবাহিনীকে শীঘ্রই সেস্থলে যুদ্ধের জন্য প্রেরণ করিলেন ॥ ৮২

কৌরবগণের এই বিশাল সৈন্যবাহিনীকে আসিতে দেখিয়া শ্বেতাশ্ববাহন পাণ্ডুনন্দন অর্জুন সহসা তীব্রবেগে সেইদিকে ধাবিত হইলেন ॥ ৮৩

ভারত! এদিকে ভগদত্তও সমরাঙ্গণে সেই হাতীর দ্বারা পাণ্ডবসৈন্যদিগকে মর্দ্দিত করিতে করিতে যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥ ৮৪

তদাসীৎ সুমহদ্ যুদ্ধং ভগদত্তস্য মারিষ।
পঞ্চালৈঃ পাণ্ডবেয়ৈশ্চ কেকয়ৈশ্চোদ্যতায়ুধৈঃ ॥ ৮৫
ভীমসেনোঽপি সমরে তাবুভৌ কেশবার্জুনৌ।
অশ্রাবয়দ্ যথাবৃত্তমিরাবদ্বধমুত্তমম্ ॥ ৮৬

আর্য্য! সেই সময় অস্ত্রধারী পাঞ্চাল, পাণ্ডব ও কেকয়সৈন্যগণের সহিত রাজা ভগদত্তের অতিশয় তুমুল যুদ্ধ আরম্ভ হইল ॥৮৫

অপরদিকে ভীমসেনও সেই সময় সমরাঙ্গণে শ্রীকৃষ্ণ ও অর্জুন এই দুইজনকেই ইরাবানের বধের কথা যথাযথরূপে বলিয়া শুনাইলেন ॥ ৮৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভগদত্তযুদ্ধে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভগদত্তের যুদ্ধবিষয়ক পঞ্চনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ।

[ইরাবতো মৃত্যুনার্জুনস্য দুঃখপূর্ণখেদোক্তিঃ, ভীমসেনেন ধৃতরাষ্ট্রস্য নবপুত্রাণাং সংহারঃ, অভিমন্যুম্বষ্ঠয়োর্যুদ্ধম্, যুদ্ধস্য ভয়ানকাবস্থায়াঃ বর্ণনম্, অষ্টমদিবসস্য যুদ্ধসমাপ্তিশ্চ।]

সঞ্জয় উবাচ।

পুত্রং বিনিহতং শ্রুত্বা ইরাবন্তং ধনঞ্জয়ঃ।
দুঃখেন মহতাবিষ্টো নিঃশ্বসন্ পন্নগো যথা ॥ ১
অব্রবীৎ সমরে রাজন্ বাসুদেবমিদং বচঃ।
ইদং নূনং মহাপ্রাজ্ঞো বিদুরো দৃষ্টবান্ পুরা ॥ ২
কুরূণাং পাণ্ডবানাঞ্চ ক্ষয়ং ঘোরং মহামতিঃ।
স ততো নিবারিতবান্ ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্ ॥ ৩
অন্যে চ বহবো বীরাঃ সংগ্রামে মধুসূদন।
নিহতাঃ কৌরবৈঃ সংখ্যে তথাস্মাভিশ্চ কৌরবাঃ ॥ ৪

অর্থহেতোর্নরশ্রেষ্ঠ ক্রিয়তে কর্ম কুৎসিতম্।
ধিগর্থান্ যৎকৃতে হ্যেবং ক্রিয়তে জ্ঞাতিসংক্ষয়ঃ ॥ ৫
অধনস্য মৃতং শ্রেয়ো ন চ জ্ঞাতিবধাদ্ ধনম্।
কিং নু প্রাপ্স্যামহে কৃষ্ণ হত্বা জ্ঞাতীন্ সমাগতান্ ॥ ৬
দুর্যোধনাপরাধেন শকুনেঃ সৌবলস্য চ।
ক্ষত্রিয়া নিধনং যান্তি কর্ণদুর্মন্ত্রিতেন চ ॥ ৭
ইদানীঞ্চ বিজানামি সুকৃতং মধুসূদন।
কৃতং রাজ্ঞা মহাবাহো যাচতা চ সুযোধনম্ ॥ ৮

ষণ্ণবতিতম অধ্যায়।

[ইরাবানের মৃত্যুতে অর্জুনের দুঃখপূর্ণ খেদোক্তি, ভীমসেন কর্তৃক ধৃতরাষ্ট্রের নয় পুত্রকে সংহার, অভিমন্যু ও অম্বষ্ঠের যুদ্ধ, যুদ্ধের ভয়ানক অবস্থার বর্ণন এবং অষ্টমদিবসের যুদ্ধের সমাপ্তি।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! স্বীয় পুত্র ইরাবানের মৃত্যুর কথা শ্রবণ করিয়া অর্জুন অতিশয় দুঃখিত হইয়া পড়িলেন। তখন তিনি সর্পের ন্যায় দীর্ঘশ্বাস ফেলিতে লাগিলেন ॥ ১

রাজন্! তখন তিনি রণাঙ্গনে ভগবান্ বাসুদেবকে এই কথা বলিলেন—ভগবন্! নিশ্চয়ই পরমজ্ঞানী বিদুর পূর্ব্বেই এই সব দেখিতে পাইয়াছিলেন ॥ ২

কৌরব ও পাণ্ডবগণের এই ভয়ঙ্কর বিনাশ মহামতি বিদুর জানিতে পারিয়াছিলেন বলিয়াই তিনি রাজা ধৃতরাষ্ট্রকে নিষেধ করিয়াছিলেন ॥ ৩

মধুসূদন! আরও বহুসংখ্যক বীরকে কৌরবগণ সংগ্রামে বধ করিয়াছে এবং আমরাও বহু কৌরবসৈন্যদিগকে বধ করিয়াছি ॥ ৪

নরশ্রেষ্ঠ! ধনের জন্য এই কুৎসিত কর্ম্ম করিয়া চলিতেছি, সুতরাং ধিক্ এই ধনকে, যাহার জন্য এইভাবে জ্ঞাতিগণের সংহার করিতে হইতেছে ॥ ৫

নরশ্রেষ্ঠ! মানুষের নির্ধন হইয়া মৃত্যুবরণ করাও ভাল, তবুও জ্ঞাতিগণকে বধ করিয়া ধনলাভ করাকে কখনও ভাল বলিয়া মনে করি না। কৃষ্ণ! আমরা যুদ্ধের জন্য সমাগত এই জ্ঞাতিগণকে বধ করিয়া কি লাভ করিতে সমর্থ হইব? ৬

দুর্য্যোধনের অপরাধ এবং সুবলপুত্র শকুনি ও কর্ণের কুমন্ত্রণায় এই ক্ষত্রিয়বর্গ নিহত হইতেছে ॥ ৭

মহাবাহু মধুসূদন! রাজা যুধিষ্ঠির পূর্ব্বে দুর্য্যোধনের নিকট যে যাচ্ঞা করিয়াছিলেন, তাহাই উত্তম কার্য্য ছিল; এই কথাই এখন আমার বোধে আসিতেছে ॥ ৮

রাজ্যার্ধং পঞ্চ বা গ্রামান্ নাকার্ষীৎ স চ দুর্মতিঃ।
দৃষ্ট্বা হি ক্ষত্রিয়ান্ শূরান্ শয়ানান্ ধরণীতলে ॥ ৯
নিন্দামি ভৃশমাত্মানং ধিগস্তু ক্ষত্রজীবিকাম্।
অশক্তমিতি মামেতে জ্ঞাস্যন্তে ক্ষত্রিয়া রণে ॥ ১০
যুদ্ধং তু মে ন রুচিতং জ্ঞাতিভির্মধুসূদন।
সঞ্চোদয় হয়ান্ শীঘ্রং ধার্তরাষ্ট্রচমূং প্রতি ॥ ১১
প্রতরিষ্যে মহাপারং ভুজাভ্যাং সমরোদধিম্।
নায়ং যাপয়িতুং কালো বিদ্যতে মাধব কচিৎ ॥ ১২
এবমুক্তস্তু পার্থেন কেশবঃ পরবীরহা।
চোদয়ামাস তানশ্বান্ পাণ্ডুরান্ বাতরংহসঃ ॥ ১৩
অথ শব্দো মহানাসীৎ তব সৈন্যস্য ভারত।
মারুতোদ্ধতবেগস্য সাগরস্যেব পর্বণি ॥ ১৪
অপরাহ্নে মহারাজ সংগ্রামঃ সমপদ্যত।
পর্জন্যসমনির্ঘোষো ভীষ্মস্য সহ পাণ্ডবৈঃ ॥ ১৫

ততো রাজংস্তব সুতা ভীমসেনমুপাদ্রবন্।
পরিবার্য রণে দ্রোণং বসবো বাসবং যথা ॥ ১৬
ততঃ শান্তনবো ভীষ্মঃ কৃপশ্চ রথিনাং বরঃ।
ভগদত্তঃ সুশর্মা চ ধনঞ্জয়মুপাদ্রবন্ ॥ ১৭
হার্দিক্যো বাহ্লিকশ্চৈব সাত্যকিং সমভিদ্রুতৌ।
অম্বষ্ঠকস্তু নৃপতিরভিমন্যুমবস্থিতঃ ॥ ১৮
শেষাস্ত্বন্যে মহারাজ শেষানেব মহারথান্।
ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়াবহম্ ॥ ১৯
ভীমসেনস্তু সম্প্রেক্ষ্য পুত্রাংস্তব জনেশ্বর।
প্রজজ্বাল রণে ক্রুদ্ধো হবিষা হব্যবাড়িব ॥ ২০
পুত্রাস্তু তব কৌন্তেয়ং ছাদয়াঞ্চক্রিরে শরৈঃ।
প্রাবৃষীব মহারাজ জলদা ইব পর্বতম্ ॥ ২১
স চ্ছাদ্যমানো বহুধা পুত্রৈস্তব বিশাম্পতে।
সৃক্কিণী সংলিহন্ বীরঃ শার্দূল ইব দর্পিতঃ ॥ ২২

যুধিষ্ঠির অর্দ্ধেক রাজ্য অথবা পাঁচটি গ্রাম চাহিয়াছিলেন, কিন্তু দুর্মতি দুর্য্যোধন তাহা পূর্ণ করে নাই। আজ ক্ষত্রিয় বীরগণকে ধরাতলে শায়িত দেখিয়া সর্ব্বাপেক্ষা আমি নিজেরই অত্যন্ত নিন্দা করিতেছি। হায়, ক্ষত্রিয়গণের এই জীবিকাকে ধিক্কার ॥

মধুসূদন! রণস্থলে আমার মুখ হইতে এরূপ কথা শুনিয়া এই ক্ষত্রিয়গণ আমাকে অসমর্থ মনে করিবেন; কিন্তু এই জ্ঞাতিবৃন্দের সহিত যুদ্ধ করা আমার ভাল লাগিতেছে না॥

(তথাপি আমি আপনার আদেশ অনুসারে যুদ্ধ করিব; অতএব) আপনি অতি সত্বর এই অশ্বগণকে দুর্য্যোধনের সৈন্যবাহিনীর দিকে চালিত করুন, যাহাতে আমি স্বীয় বাহুদ্বয় দ্বারা অতিশয় অপার রণসাগর পার হইয়া যাইতে পারি। মাধব! এই সময় কখনই বৃথা অতিবাহিত করিবার উপযুক্ত নয়॥ ৯-১২

পৃথা-(কুন্তী)-পুত্র অর্জুন এই কথা বলিলে পর শত্রুবীরনাশী কেশব বায়ুসদৃশ বেগগামী সেই শ্বেতবর্ণের অশ্বগুলিকে চালিত করিলেন ॥ ১৩

ভারত! তদনন্তর পূর্ণিমাদি পর্ব্বকালে বায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া সমুদ্রের বেগ বৃদ্ধি হইলে যেরূপ তাহার ভয়ঙ্কর গর্জন শ্রুতিগোচর হয়, সেইরূপ আপনার সৈন্যবাহিনীর তুমুল শব্দ হইতে লাগিল ॥ ১৪

মহারাজ! অপরাহ্নকালে পাণ্ডবগণের সহিত ভীষ্মের ভীষণ সংগ্রাম আরম্ভ হইল, যাহার ফলে তখন মেঘের গর্জনতুল্য গম্ভীর রণ শব্দ উত্থিত হইতে লাগিল ॥ ১৫

রাজন্! তখন আপনার পুত্রগণ ইন্দ্রকে পরিবৃত করিয়া বসুবৃন্দের ন্যায় দ্রোণাচার্য্যকে পরিবৃত করিয়া ভীমসেনের উপর দ্রুত আক্রমণ করিলেন ॥ ১৬

তারপর শান্তনুনন্দন ভীষ্ম, রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কৃপাচার্য্য ভগদত্ত এবং সুশর্ম্মা অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥ ১৭

কৃতবর্ম্মা ও বাহ্লীক সাত্যকির উপর আক্রমণ করিলেন। রাজা অম্বষ্ঠ অভিমন্যুর দিকে যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥ ১৮

মহারাজ! শেষ অন্য মহারথীরা শত্রুপক্ষের শেষ মহারথী যোদ্ধাদিগের উপর আক্রমণ করিলেন। তখন উভয় পক্ষের মধ্যে ঘোরতর ও ভয়াবহ যুদ্ধ আরম্ভ হইল ॥ ১৯

জনেশ্বর! যেরূপ ঘৃতাহুতি প্রদান করিলে অগ্নিদেব প্রজ্জলিত হইয়া উঠেন, সেইরূপ রণস্থলে আপনার পুত্রগণকে দেখিয়া ভীমসেন ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥ ২০

মহারাজ! আপনার পুত্রগণ কুন্তীনন্দন ভীমসেনকে স্বীয় বাণসমূহে সেইরূপ আচ্ছাদিত করিয়া ফেলিলেন, যেরূপ বর্ষাকালে মেঘ পর্ব্বতকে স্বীয় জলধারায় আচ্ছাদিত করিয়া থাকে ॥ ২১

প্রজানাথ! ভরতনন্দন! আপনার পুত্রগণের দ্বারা বারংবার বাণবর্ষণে আচ্ছাদিত হইতে থাকিলে ক্রোধের সহিত নিজ মুখের দুই প্রান্তভাগ জিহ্বার দ্বারা চাটিতে চাটিতে সিংহসদৃশ শৌর্য্যের

বৃন্দারকং ততো ভীমঃ পাতয়ামাস ভারত।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন সোঽভবদ্ গতজীবিতঃ॥ ২৩
অপরেণ তু ভল্লেন পীতেন নিশিতেন তু।
অপাতয়ৎ কুণ্ডলিনং সিংহঃ ক্ষুদ্রমৃগং যথা॥ ২৪
ততঃ সুনিশিতান্ পীতান্ সমাদত্ত শিলীমুখান্।
সসর্জ ত্বরয়া যুক্তঃ পুত্রাংস্তে প্রাপ্য মারিষ॥ ২৫
প্রেষিতা ভীমসেনেন শরাস্তে দৃঢ়ধন্বনা।
অপাতয়ন্ত পুত্রাংস্তে রথেভ্যঃ সুমহারথান্॥ ২৬
অনাধৃষ্টিং কুণ্ডভেদিং বৈরাটং দীর্ঘলোচনম্।
দীর্ঘবাহুং সুবাহুঞ্চ তথৈব কনকধ্বজম্॥ ২৭
প্রপতন্ত স্ম বীরাস্তে বিরেজুর্ভরতর্ষভ।
বসন্তে পুষ্পশবলাশ্চূতাঃ প্রপতিতা ইব॥ ২৮
ততঃ প্রদুদ্রুবুঃ শেষাস্তব পুত্রা মহাহবে।
তং কালমিব মন্যন্তো ভীমসেনং মহাবলম্॥ ২৯
দ্রোণস্তু সমরে বীরং নির্দহন্তং সুতাস্তব।
যথাদ্রিং বারিধারাভিঃ সমন্তাদ্ ব্যকিরচ্ছরৈঃ॥ ৩০
তত্রাদ্ভুতমপশ্যাম কুন্তীপুত্রস্য পৌরুষম্।
দ্রোণেন বার্য্যমাণোঽপি নিজঘ্নে যৎ সুতাংস্তব॥ ৩১
যথা গোবৃষভো বর্ষং সন্ধারয়তি খাৎ পতৎ।
ভীমস্তথা দ্রোণমুক্তং শরবর্ষমদীধরৎ॥ ৩২
অদ্ভুতঞ্চ মহারাজ তত্র চক্রে বৃকোদরঃ।
যৎ পুত্রাংস্তেঽবধীৎ সংখ্যে দ্রোণং চৈব ন্যবারয়ৎ॥ ৩৩
পুত্রেষু তব বীরেষু চিক্রীড়ার্জ্জুনপূর্বজঃ।
মৃগেম্বিব মহারাজ চরন্ ব্যাঘ্রো মহাবলঃ॥ ৩৪
যথা হি পশুমধ্যস্থো দারয়েত পশূন্ বৃকঃ।
বৃকোদরস্তব সুতাংস্তথা ব্যদ্রাবয়দ্ রণে॥ ৩৫

অভিমান পোষণকারী বীর ভীমসেন একটি অত্যন্ত তীক্ষ্ণ ক্ষুরপ্র-বাণে আপনার পুত্র বৃন্দারককে ভূপাতিত করিলেন। তখন তিনি জীবনহীন হইয়া পড়িলেন॥ ২২-২৩

তারপর যেরূপ সিংহ ক্ষুদ্র মৃগকে নিহত করিয়া ধরাশায়ী করে, সেইরূপ ভীমসেন অপর একটি পীতবর্ণের তীক্ষ্ণ ভল্লাস্ত্রে আপনার পুত্র কুণ্ডলীকে ধরাশায়ী করিলেন॥ ২৪

আর্য্য! তাহার পর ভীমসেন অতিশয় ত্বরান্বিত হইয়া বহু-সংখ্যক তীক্ষ্ণ ও পীতবর্ণের বাণ হস্তে ধারণ করিলেন এবং সেগুলিকে আপনার পুত্রদিগকে লক্ষ্য করিয়া নিক্ষেপ করিলেন॥ ২৫

সুদৃঢ় ধনুর্দ্ধারী ভীমসেন কর্তৃক নিক্ষিপ্ত সেই বাণগুলি আপনার বহু মহারথী বীর পুত্রকে রথসকল হইতে ভূপাতিত করিল॥ ২৬

সেই সব পুত্রের নাম হইল—অনাধৃষ্টি, কুণ্ডভেদি, বৈরাট, দীর্ঘলোচন, দীর্ঘবাহু, সুবাহু এবং কনকধ্বজ॥ ২৭

ভরতশ্রেষ্ঠ! সেই সব বীরগণ তখন ভূপাতিত হইয়া বসন্ত ঋতুতে ভূপতিত এবং পুষ্পিত আম্রবৃক্ষসমূহের ন্যায় সুশোভিত হইতে লাগিলেন॥ ২৮

সেই সময় আপনার অবশিষ্ট পুত্রগণ মহাশক্তিধর ভীমসেনকে সাক্ষাৎ কালস্বরূপ মনে করিয়া রণস্থল হইতে পলায়ন করিলেন॥ ২৯

তখন বীর ভীমসেন যুদ্ধক্ষেত্রে আপনার পুত্রগণকে দগ্ধ করিতে থাকিলে, দ্রোণাচার্য্য তাঁহার উপর চারিদিক্ হইতে সেই রূপ বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন, যেরূপ মেঘ পর্ব্বতের উপর বারিধারা বর্ষণ করিয়া থাকে॥ ৩০

মহারাজ! সেই সময় আমি কুন্তীপুত্র ভীমসেনের অদ্ভুত পরাক্রম দেখিলাম। যদিও দ্রোণাচার্য্য বাণবর্ষণ করিয়া ভীম-সেনকে তখন নিবারিত করিয়াছিলেন, তথাপিও তিনি আপনার পুত্রদিগকে বধ করিলেন॥ ৩১

যেরূপ কোন বৃষ আকাশ হইতে পতিত জলবর্ষণকে স্বীয় শরীরে শান্তভাবে ধারণ ও সহ্য করে, সেইরূপ ভীমসেনও দ্রোণাচার্য্য কর্তৃক নিক্ষিপ্ত বাণবর্ষণ নিজ শরীরে ধারণ করিলেন॥ ৩২

মহারাজ! ভীমসেন সেই রণাঙ্গনে আপনার পুত্রগণকে ত' বধ করিলেনই, তাহার উপর সেই সময় তিনি দ্রোণাচার্য্যেরও অগ্রগতি রুদ্ধ করিয়া দিলেন। ভীমসেন তখন এরূপ অদ্ভুত পরাক্রম করিয়াছিলেন॥ ৩৩

রাজন্! যেরূপ মহাবল ব্যাঘ্র মৃগগণের দলের মধ্যে বিচরণ করিয়া থাকে, সেইরূপ অর্জুনের পুর্ব্বে জাত ভীমসেনও আপনার বীর পুত্রগণের মধ্যে বিচরণ করিতে লাগিলেন॥ ৩৪

যেরূপ বৃক (ব্যাঘ্রবিশেষ—নেকড়ে বাঘ) পশুদের মধ্যে থাকিয়াই তাহাদের বিদীর্ণ করিয়া থাকে, সেইরূপ ভীমসেনও রণাঙ্গনে আপনার পুত্রগণের মধ্যে থাকিয়াই তাহাদিগকে বিতাড়িত করিতে লাগিলেন॥ ৩৫

গাঙ্গেয়ো ভগদত্তশ্চ গৌতমশ্চ মহারথাঃ।
পাণ্ডবং রভসং যুদ্ধে বারয়ামাসুরর্জুনম্ ॥ ৩৬
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য তেষাং সোঽতিরথো রণে।
প্রবীরাংস্তব সৈন্যেষু প্রেষয়ামাস মৃত্যবে ॥ ৩৭
অভিমন্যুস্তু রাজানমম্বষ্ঠং লোকবিশ্রুতম্।
বিরথং রথিনাং শ্রেষ্ঠং বারয়ামাস সায়কৈঃ ॥ ৩৮
বিরথো বধ্যমানস্তু সৌভদ্রেণ যশস্বিনা।
অবপ্লুত্য রথাৎ তূর্ণমম্বষ্ঠো বসুধাধিপঃ ॥ ৩৯
অসিং চিক্ষেপ সমরে সৌভদ্রস্য মহাত্মনঃ।
আরুরোহ রথং চৈব হার্দিক্যস্য মহাবলঃ। ৪০
আপতন্তং তু নিস্ত্রিংশং যুদ্ধমার্গবিশারদঃ।
লাঘবাদ্ ব্যংসয়ামাস সৌভদ্রঃ পরবীরহা ॥ ৪১
ব্যংসিতং বীক্ষ্য নিস্ত্রিংশং সৌভদ্রেণ রণে তদা।
সাধু সাধ্বিতি সৈন্যানাং প্রণাদোঽভূদ্ বিশাম্পতে ॥ ৪২
ধৃষ্টদ্যুম্নমুখাস্ত্বন্যে তব সৈন্যমযোধয়ন্।
তথৈব তাবকাঃ সর্বে পাণ্ডুসৈন্যমযোধয়ন্ ॥ ৪৩
তত্রাক্রন্দো মহানাসীৎ তব তেষাঞ্চ ভারত।
(পাণ্ডবানাঞ্চ রাজেন্দ্র সৈনিকানাং সুদারুণঃ)
নিঘ্নতাং দৃঢ়মন্যোন্যং কুর্বতাং কর্ম দুষ্করম্ ॥ ৪৪
অন্যোন্যং হি রণে শূরাঃ কেশেষ্বাক্ষিপ্য মানিনঃ।
নখদন্তৈরযুধ্যন্ত মুষ্টিভির্জানুভিস্তথা ॥ ৪৫
তলৈশ্চৈবাথ নিস্ত্রিংশৈর্বাহুভিশ্চ সুসংস্থিতৈঃ।
বিবরং প্রাপ্য চান্যোন্যমনয়ন্ যমসাদনম্ ॥ ৪৬
ন্যহনচ্চ পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা।
ব্যাকুলীকৃতসর্বাঙ্গা যুযুধুস্তত্র মানবাঃ ॥ ৪৭
রণে চারূণি চাপানি হেমপৃষ্ঠানি মারিষ।
হতানামপবিদ্ধানি কলাপাশ্চ মহাধনাঃ ॥ ৪৮
জাতরূপময়ৈঃ পুঙ্খৈ রাজতৈর্নিশিতাঃ শরাঃ।
তৈলধৌতা ব্যরাজন্ত নির্মুক্তভুজগোপমাঃ ॥ ৪৯

অপরদিকে গঙ্গানন্দন ভীষ্ম, ভগদত্ত এবং কৃপাচার্য্য—এই তিন মহারথী যুদ্ধে সবেগে অগ্রগমনকারী পাণ্ডুতনয় অর্জ্জুনকে নিবারণ করিতে লাগিলেন ॥ ৩৬

কিন্তু অতিরথী বীর অর্জ্জুন রণাঙ্গনে তাঁহার অস্ত্রসমূহের দ্বারা ইঁহাদের অস্ত্রসকল নিবারণ করিয়া আপনার সৈন্যদের প্রধান প্রধান বীরগণের যমলোকে প্রেরণ করিলেন ॥ ৩৭

অভিমন্যু রথিগণের মধ্যে শ্রেষ্ঠ লোকবিখ্যাত রাজা অম্বষ্ঠকে নিজ সায়কসমূহে রথহীন করিয়া তাঁহার অগ্রগতি রুদ্ধ করিলেন ॥ ৩৮

যশস্বী সুভদ্রানন্দন অভিমন্যুকর্তৃক পীড়িত ও রথহীন হইয়া রাজা অম্বষ্ঠ নিজ রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং মহাত্মা সুভদ্রাকুমারের উপর তিনি সেই রণস্থলে তরবারি নিক্ষেপ করিলেন। তারপর তিনি মহাবল নরপতি কৃতবর্ম্মার রথের উপর যাইয়া আরোহণ করিলেন ॥ ৩৯-৪০

যুদ্ধের পরিচালনাদি মার্গবিষয়ে কুশল এবং শত্রুবীরগণের সংহারকারী সুভদ্রানন্দন অভিমন্যু নিজের দিকে আগত অম্বষ্ঠের সেই তরবারিকে স্বীয় নৈপুণ্যবশতঃ নিষ্ফল করিয়া দিলেন ॥ ৪১

প্রজানাথ! সেই সময় রণক্ষেত্রে অম্বষ্ঠের নিক্ষিপ্ত তরবারিকে সুভদ্রানন্দন অভিমন্যুকর্তৃক নিষ্ফল হইয়া যাইতে দেখিয়া সমস্ত সৈন্যগণের মুখ হইতে "সাধু সাধু" বাক্য ধ্বনিত হইতে লাগিল ॥ ৪২

তারপর ধৃষ্টদ্যুম্নাদি অন্য মহারথীরা আপনার সৈন্যগণের সহিত এবং আপনার প্রধান সৈন্যরা পাণ্ডবসৈন্যগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৪৩

ভারত! রাজেন্দ্র! তখন পরস্পর পরস্পরের উপর সুদৃঢ় প্রহার করিতে এবং দুষ্কর পরাক্রমকারী আপনার ও পাণ্ডবগণের সৈন্যদের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর মহাসংগ্রাম হইতে লাগিল ॥ ৪৪

বহু শৌর্য্যশালী বীর সেই রণাঙ্গনে পরস্পর পরস্পরের কেশ ধারণ করত নখ, দাঁত, মুষ্টি ও জানুর প্রহার করিয়া যুদ্ধ করিতেছিলেন ॥ ৪৫

অবসর পাইয়া তাঁহারা করতল, তরবারি এবং সুদৃঢ় বাহু দ্বারাও পরস্পর পরস্পরকে যমলোকে প্রেরণ করিলেন ॥ ৪৬

সেই যুদ্ধে পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে নিহত করিতে লাগিলেন। যদিও সকল সৈন্যের সব অঙ্গই ব্যাকুল হইয়া পড়িয়াছিল, তথাপি তাঁহারা সকলেই যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৪৭

আর্য্য! সেই রণাঙ্গনে নিহত নরপতিগণের সুবর্ণময় পৃষ্ঠ-বিভূষিত সুন্দর ধনু এবং বহুমূল্য তরবারি এখানে সেখানে পড়িয়াছিল ॥ ৪৮

স্বর্ণ অথবা রজত পক্ষযুক্ত এবং তৈলধৌত তীক্ষ্ণ বাণসমূহ খোলোসমুক্ত সর্পতুল্য শোভা পাইতে লাগিল ॥ ৪৯

হস্তিদন্ত-ৎসরূন্ খড়্গান্ জাতরূপপরিষ্কৃতান্।
চর্মাণি চাপবিদ্ধানি রুক্মচিত্রাণি ধন্বিনাম্॥ ৫০
সুবর্ণবিকৃতপ্রাসান্ পট্টিশান্ হেমভূষিতান্।
জাতরূপময়াশ্চর্ষ্টীঃ শক্তীশ্চ কনকোজ্জ্বলাঃ॥ ৫১
সুসন্নাহাশ্চ পতিতা মুসলানি গুরূণি চ।
পরিঘান্ পট্টিশাংশ্চৈব ভিন্দিপালাংশ্চ মারিষ॥ ৫২
পতিতান্ বিবিধাংশ্চাপাংশ্চিত্রান্ হেমপরিষ্কৃতান্।
কুথা বহুবিধাকারাশ্চামরান্ ব্যজনানি চ॥ ৫৩
নানাবিধানি শস্ত্রাণি প্রগৃহ্য পতিতা নরাঃ।
জীবন্ত ইব দৃশ্যন্তে গতসত্ত্বা মহারথাঃ॥ ৫৪
গদাবিমথিতৈর্গাত্রৈর্মুসলৈর্ভিন্নমস্তকাঃ।
গজবাজিরথক্ষুণ্ণাঃ শেরতে স্ম নরাঃ ক্ষিতৌ॥ ৫৫
তথৈবাশ্ব-নৃ-নাগানাং শরীরৈর্বিবভৌ তদা।
সঞ্ছন্না বসুধা রাজন্ পর্বতৈরিব সর্বশঃ॥ ৫৬

আমরা দেখিলাম—রণভূমিতে ধনুর্দ্ধর বীরগণের তরবারি ও ঢাল নিক্ষিপ্ত হইয়া পড়িয়াছিল। তরবারিসকলে হাতীর দাঁতের মুষ্টি সংযুক্ত ছিল এবং তাহাদের নানাস্থানে সুবর্ণ জড়ান ছিল। এই প্রকার ঢালসকলে স্বর্ণময় বিচিত্র তারকাসমূহ চিত্রিত ছিল দেখা যাইল॥ ৫০

সুবর্ণভূষিত প্রাস, স্বর্ণজটিত পট্টিশ, স্বর্ণনির্ম্মিত ঋষ্টি এবং স্বর্ণভূষিত উজ্জ্বল শক্তিসমূহ যেখানে সেখানে পড়িয়াছিল॥ ৫১

আর্য্য! সেখানে বহু সুন্দর কবচও পতিত আছে। অতিশয় ভারী মুসল, পরিঘ, পট্টিশ এবং বহু ভিন্দিপালও এদিকে ওদিকে বিকীর্ণ হইয়া রহিয়াছে॥ ৫২

নানাপ্রকার বিচিত্র এবং স্বর্ণভূষিত বহু ধনু পতিত আছে। হস্তীর পৃষ্ঠে পাতিত (বিছান) নানাবিধ কম্বল, চামর এবং ব্যজনও যেখানে সেখানে পড়িয়া আছে॥ ৫৩

নানাবিধ অস্ত্রশস্ত্র হাতে লইয়া পৃথিবীতে পতিত প্রাণহীন মহারথী সৈন্যরা যেন তখনও জীবিত আছেন বলিয়া দেখা যাইতে লাগিল॥ ৫৪

বহু সৈন্যের শরীর গদার আঘাতে বিদীর্ণ হইয়াছে এবং বহু মানুষ, অশ্ব, হস্তী ও রথসমূহ হইতে ভূপাতিত হইয়া জীবনত্যাগ করত ভূতলশায়ী রহিয়াছে॥ ৫৫

রাজন্! এইরূপ অশ্ব, হস্তী ও মনুষ্যগণের মৃত-শরীরে সমগ্র রণভূমি আচ্ছাদিত হইয়া সেই সময় পর্ব্বতসকলে আচ্ছাদিত হওয়ার ন্যায় মনে হইতেছিল॥ ৫৬

সমরে পতিতৈশ্চৈব শক্ত্যৃষ্টিশরতোমরৈঃ।
নিস্ত্রিংশৈঃ পট্টিশৈঃ প্রাসৈরয়স্কুন্তৈঃ পরশ্বধৈঃ॥ ৫৭
পরিঘৈর্ভিন্দিপালৈশ্চ শতঘ্নীভিশ্চ মারিষ।
শরীরৈঃ শস্ত্রনির্ভিন্নৈঃ সমাস্তীর্য্যত মেদিনী॥ ৫৮
বিশব্দৈরল্পশব্দৈশ্চ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
গতাসুভিরমিত্রঘ্ন বিবভৌ নিচিতা মহী॥ ৫৯
সতলত্রৈঃ সকেয়ূরৈর্বাহুভিশ্চন্দনোক্ষিতৈঃ।
হস্তিহস্তোপমৈশ্ছিন্নৈরূরুভিশ্চ তরস্বিনাম্॥ ৬০
বদ্ধচূড়ামণিবরৈঃ শিরোভিশ্চ অকুণ্ডলৈঃ।
কবচৈঃ শোণিতাদিগ্ধৈর্বিপ্রকীর্ণৈশ্চ কাঞ্চনৈঃ॥ ৬১
ররাজ সুভৃশং ভূমিঃ শান্তার্চির্ভিরিবানলৈঃ॥ ৬২
বিপ্রবিদ্ধৈঃ কলাপৈশ্চ পতিতৈশ্চ শরাসনৈঃ।
বিপ্রকীর্ণৈঃ শরৈশ্চৈব রুক্মপুঙ্খৈঃ সমন্ততঃ॥ ৬৩

আর্য্য! সমরাঙ্গণে পতিত বাণ, তোমর, শক্তি, ঋষ্টি, খড়্গ, পট্টিশ, প্রাস, লৌহনির্ম্মিত বরশা, পরশু, ভিন্দিপাল এবং শতঘ্নী (তোপ)—এই সমস্ত অস্ত্র ও ইহাদের দ্বারা বিদীর্ণ হইয়া বহু মৃত শরীর দ্বারা রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল॥ ৫৭-৫৮

শত্রুনাশক মহারাজ! সেখানে ভূতলে এরূপ কিছু ব্যক্তি পতিত হইয়াছিল, যাহাদের মুখ হইতে কোন শব্দই বাহির হয় নাই। এরূপ কিছু ব্যক্তি ছিল, যাহাদের মুখ হইতে অল্প শব্দ প্রকাশ হইতেছিল। প্রায় সকল ব্যক্তিই তখন রক্তাপ্লুত ছিল এবং বহু এরূপ দেহ পড়িয়াছিল, যাহারা নিষ্প্রাণ ছিল। এই সবে সেখানকার ভূমি আচ্ছাদিত হইয়া শোভা পাইতে লাগিল॥ ৫৯

ভারত! রণভূমিতে পতিত বৃষভতুল্য সুদীর্ঘ নয়নবিশিষ্ট, বেগগামী বীরগণের বহু তলত্র (দস্তানা), কেয়ূরযুক্ত এবং চন্দন-চর্চ্চিত বাহুসকল, হস্তিশুণ্ডতুল্য প্রতীয়মান ছিন্ন-ভিন্ন জঙ্ঘাসমূহ এবং উত্তম চূড়ামণি-(মুকুট)-বদ্ধ ও কুণ্ডলমণ্ডিত মস্তকশ্রেণীতে সেই রণভূমি অদ্ভুত শোভাপ্রাপ্ত হইতেছিল॥ ৬০-৬১

রক্তলিপ্ত হইয়া এদিকে ওদিকে পতিত স্বর্ণময় কবচসমূহে এই যুদ্ধক্ষেত্র এরূপ অতিশয় শোভা পাইতেছিল যে, যেন শিখা-হীন অগ্নি স্থানে স্থানে পতিত আছে॥ ৬২

চারিদিকে বহু তূণীর পতিত ছিল, বহু ধনুও পড়িয়াছিল এবং স্বর্ণনির্ম্মিত পক্ষভূষিত বহু বাণও চারিদিকে লুণ্ঠিত ছিল॥ ৬৩

রথৈশ্চ সর্বতো ভগ্নৈঃ কিঙ্কিণীজালভূষিতৈঃ।
বাজিভিশ্চ হতৈর্বাণৈঃ স্রস্তজিহ্বৈঃ সশোণিতৈঃ ॥৬৪
অনুকর্ষৈঃ পতাকাভিরুপাসঙ্গৈর্ধ্বজৈরপি।
প্রবীরাণাং মহাশঙ্খৈর্বিপ্রকীর্ণৈশ্চ পাণ্ডুরৈঃ ॥ ৬৫
স্রস্তহস্তৈশ্চ মাতঙ্গৈঃ শয়ানৈর্বিবভৌ মহী।
নানারূপৈরলঙ্কারৈঃ প্রমদেবাভ্যলঙ্কৃতা ॥ ৬৬
দন্তিভিশ্চাপরৈস্তত্র স প্রাসৈর্গাঢ়বেদনৈঃ।
করৈঃ শব্দং বিমুঞ্চদ্ভিঃ শীকরঞ্চ মুহুর্মুহুঃ ॥ ৬৭
বিবভৌ তদ্ রণস্থানং স্যন্দমানৈরিবাচলৈঃ।
নানারাগৈঃ কম্বলৈশ্চ পরিস্তোমৈশ্চ দন্তিনাম্ ॥৬৮
বৈদূর্য্যমণিদণ্ডৈশ্চ পতিতৈরঙ্কুশৈঃ শুভৈঃ।
ঘণ্টাভিশ্চ গজেন্দ্রাণাং পতিতাভিঃ সমন্ততঃ ॥৬৯
বিপাটিতবিচিত্রাভিঃ কুথাভিরঙ্কুশৈস্তথা।
গ্রৈবেয়ৈশ্চিত্ররূপৈশ্চ রুক্মকক্ষ্যাভিরেব চ ॥ ৭০

যন্ত্রৈশ্চ বহুধাচ্ছিন্নৈস্তোমরৈশ্চাপি কাঞ্চনৈঃ।
অশ্বানাং রেণুকপিলৈ রুক্মচ্ছন্নৈরুরশ্ছদৈঃ ॥ ৭১
সাদিনাং ভুজগৈশ্ছিন্নৈঃ পতিতৈঃ সাঙ্গদৈস্তথা।
প্রাসৈশ্চ বিমলৈস্তীক্ষ্ণৈর্বিমলাভিস্তথার্চ্চিভিঃ ॥৭২
উষ্ণীষৈশ্চ তথাচিত্রৈর্বিপ্রবিদ্ধৈস্ততস্ততঃ।
বিচিত্রৈর্বাণবর্ষৈশ্চ জাতরূপপরিষ্কৃতৈঃ ॥ ৭৩
অশ্বাস্তরপরিস্তোমৈ রাঙ্কবৈর্মৃদিতৈস্তথা।
নরেন্দ্রচূড়ামণিভির্বিচিত্রৈশ্চ মহাধনৈঃ ॥ ৭৪
ছত্রৈস্তথাপবিদ্ধৈশ্চ চামরৈর্ব্যজনৈরপি।
পদ্মেন্দুদ্যুতিভিশ্চৈব বদনৈশ্চারুকুণ্ডলৈঃ ॥ ৭৫
কৢপ্তশ্মশ্রুভিরত্যর্থং বীরাণাং সমলঙ্কৃতৈঃ।
অপবিদ্ধৈর্মহারাজ সুবর্ণোজ্জ্বলকুণ্ডলৈঃ ॥ ৭৬
গ্রহনক্ষত্রশবলা দ্যৌরিবাসীদ্ বসুন্ধরা।
এবমেতে মহাসেনে মৃদিতে তত্র ভারত ॥৭৭

সর্ব্বদিকেই ক্ষুদ্রঘণ্টিকাসমূহের জালে বিভূষিত বহু রথ ভগ্নাবস্থায় পরিত্যক্ত ছিল। এই রণাঙ্গনে বাণসমূহের আঘাতে মৃত বহু অশ্ব রক্তাপ্লুত হইয়া জিভ বাহির করত পড়িয়াছিল ॥ ৬৪

অনুকর্ষ (রথের কাষ্ঠবিশেষ অথবা লাগাম), পতাকা, উপাসঙ্গ (তূণ), ধ্বজ এবং প্রধান প্রধান বীরগণের শ্বেতবর্ণের বড় বড় শঙ্খগুলিও চারিদিকে বিস্তীর্ণ ছিল ॥ ৬৫

যাহাদের শুণ্ড কর্ত্তিত হইয়াছিল, এরূপ মদমত্ত বহু হস্তী ধরাশায়ী হইয়া পড়িয়াছিল। এই সবের দ্বারা সেই রণভূমি নানাবিধ অলঙ্কারে অলঙ্কৃতা যুবতীর ন্যায় শোভা পাইতেছিল ॥৬৬

বহু দন্তবিশিষ্ট হাতী শরীরের মধ্যে প্রাস-অস্ত্র প্রবিষ্ট হওয়ায় গভীর ব্যথায় শুণ্ডের দ্বারা বারংবার চীৎকার করিতেছিল এবং জলকণা মোচন করিতেছিল ॥ ৬৭

এই কারণে সেই রণাঙ্গন তখন জলস্রোতবাহী পর্ব্বতসকলে পরিবেষ্টিত বলিয়া মনে হইতেছিল। সেখানে বিবিধ বর্ণবিশিষ্ট বহু কম্বল, হস্তিগণের পৃষ্ঠে বিছান ঝালর এবং বৈদূর্য্যমণিনির্ম্মিত দণ্ডযুক্ত সুন্দর অঙ্কুশ পতিত ছিল।

চারিদিকেই গজরাজগণের ঘণ্টা পতিত ছিল। হস্তীদিগের পৃষ্ঠে পাতিত ও বিদীর্ণ বিচিত্র বহু কম্বল এবং অঙ্কুশ স্থানে স্থানে ভূপাতিত ছিল। কণ্ঠদেশের বিচিত্র আভরণ এবং স্বর্ণনির্ম্মিত রজ্জু নানাস্থানে পড়িয়াছিল ॥ ৬৮-৭০

বহু খণ্ডে খণ্ডিত যন্ত্রসমূহ, সুবর্ণময় তোমর, ধূলিতে কপিলবর্ণরূপে প্রতীয়মান অশ্বগণকে আবৃত করিয়া রাখিবার স্বর্ণনির্ম্মিত বহু কবচ, অঙ্গদ সহ অশ্বারোহীদের হস্তে ধৃত তীক্ষ্ণ ও উজ্জ্বল প্রাস এবং নির্ম্মল ঋষ্টিসকল ছিন্ন-ভিন্ন হইয়া যেখানে সেখানে পড়িয়া আছে ॥ ৭১-৭২

স্থানে স্থানে পতিত বিচিত্র বহু উষ্ণীষ (পাগড়ী প্রভৃতি), জলবর্ষণের ন্যায় বর্ষিত স্বর্ণভূষিত নানাপ্রকার বাণসমূহ, অশ্বগণের পৃষ্ঠাস্তরণের জন্য রঙ্কুমৃগের মৃদু চর্ম্মনির্ম্মিত আসনসকল, যাহারা খণ্ড খণ্ড হইয়া ধূলিসাৎ হইয়া গিয়াছে এবং নরপতিগণের মুকুটে আরব্ধ বহুমূল্য ও বিচিত্র মণিরত্নসমূহ চারিদিকে ছড়াইয়া আছে ॥ ৭৩-৭৪

এদিকে ওদিকে পতিত নৃপগণের ছত্র, চামর, ব্যজন, বীর যোদ্ধাদিগের মনোহর কুণ্ডলে বিভূষিত, কমল ও চন্দ্রতুল্য প্রভামণ্ডিত শ্মশ্রু (মোচ ও দাড়ি)-সংযুক্ত এবং বিভূষিত ছিন্ন মস্তকসমূহ—যাহাদের মধ্যে সুন্দর কুণ্ডল সুশোভিত ছিল, চারিদিকে বিক্ষিপ্তভাবে পতিত আছে। মহারাজ! এই সব বস্তুতে আচ্ছাদিত হইয়া সেখানকার রণভূমি গ্রহ ও নক্ষত্রগণে পরিপূর্ণ আকাশের ন্যায় বিচিত্র শোভা ধারণ করিয়াছিল ॥

ভারত! এইরূপে আপনার ও পাণ্ডবগণের উভয়পক্ষেরই বিশাল সৈন্যবাহিনী পরস্পর পরস্পরের সম্মুখীন হইয়া যুদ্ধস্থলে বিধ্বস্ত হইতে থাকিল ॥

পরস্পরং সমাসাদ্য তব তেষাঞ্চ সংযুগে।
তেষু শ্রান্তেষু ভগ্নেষু মৃদিতেষু চ ভারত ॥ ৭৮
রাত্রিঃ সমভবদ্ তত্র নাপশ্যাম ততোঽনুগান্।
ততোঽবহারং সৈন্যানাং প্রচক্রুঃ কুরুপাণ্ডবাঃ ॥৭৯
রজনীমুখে সুরৌদ্রে তু বর্তমানে মহাভয়ে।

ভরতনন্দন! সেই সময় যখন অধিকাংশ সৈনিক পরিশ্রান্ত ও ছিন্ন-ভিন্ন হইয়া পলায়ন করিতে লাগিল, বহু যোদ্ধা অবলুপ্ত হইল, রাত্রি হইয়া আসিল এবং আমরা আমাদের অনুগামীদিগকে দেখিতে পাইলাম না, তখন কৌরব ও পাণ্ডবগণ নিজ নিজ সৈন্যদিগকে প্রত্যাহার করিয়া লইলেন। ৭৫-৭৯

অবহারং ততঃ কৃত্বা সহিতাঃ কুরুপাণ্ডবাঃ।
ন্যবিশন্তং যথাকালং গত্বা স্বশিবিরং তদা ॥ ৮০
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি অষ্টমদিবসযুদ্ধাবহারে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥ ৯৬

পুনরায় সেই মহাভয়ানক এবং অত্যন্ত ঘোরতর প্রদোষকালে কৌরব ও পাণ্ডবগণ একসঙ্গে নিজ নিজ সৈন্যদিগকে প্রত্যাহার করিয়া লইয়া স্ব স্ব শিবিরে প্রবেশ করিলেন এবং বিশ্রাম করিতে লাগিলেন ॥ ৮০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে অষ্টমদিবসের যুদ্ধসমাপ্তিবিষয়ক ষণ্ণবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ।

[স্বীয়মন্ত্রিভিঃ সহ পরামৃশ্য পাণ্ডবানাং বধায় কর্ণমাজ্ঞাপয়িতুং কিংবা যুদ্ধং কর্তুং ভীষ্মং প্রতি দুর্য্যোধনস্যানুরোধশ্চ।]

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা শকুনিশ্চাপি সৌবলঃ।
দুঃশাসনশ্চ পুত্রস্তে সূতপুত্রশ্চ দুর্জয়ঃ ॥ ১
সমাগম্য মহারাজ মন্ত্রং চক্রুর্বিবক্ষিতম্।
কথং পাণ্ডুসুতাঃ সংখ্যে জেতব্যাঃ সগণা ইতি ॥ ২
ততো দুর্য্যোধনো রাজা সর্বাংস্তানাহ মন্ত্রিণঃ।
সূতপুত্রং সমাভাষ্য সৌবলঞ্চ মহাবলম্ ॥ ৩

সপ্তনবতিতম অধ্যায়।

[স্বীয় মন্ত্রিমণ্ডলীর সহিত পরামর্শ করিয়া দুর্য্যোধনের পাণ্ডবগণকে বধ করিতে অথবা কর্ণকে যুদ্ধ করিতে আদেশ দিবার জন্য ভীষ্মের নিকট অনুরোধ জ্ঞাপন।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তদনন্তর রাজা দুর্য্যোধন, সুবল-পুত্র শকুনি, আপনার পুত্র দুঃশাসন ও দুর্জয় বীর সূতপুত্র কর্ণ—ইঁহারা সকলে মিলিত হইয়া অভীষ্ট কার্য্য-বিষয়ে গুপ্ত মন্ত্রণা করিতে লাগিলেন। ইঁহাদের মন্ত্রণার মুখ্য বিষয় ছিল—পাণ্ডবগণকে অনুগামীদিগের সহিত কিভাবে যুদ্ধে পরাজিত করা যায়? ১-২

সেই সময় রাজা দুর্য্যোধন সূতপুত্র কর্ণ এবং মহাবল শকুনিকে সম্বোধন করিয়া সেই সব মন্ত্রিবর্গকে বলিলেন ॥ ৩

দ্রোণো ভীষ্মঃ কৃপঃ শল্যঃ সৌমদত্তিশ্চ সংযুগে।
ন পার্থান্ প্রতিবাধন্তে ন জানে তচ্চ কারণম্ ॥ ৪
অবধ্যমানাস্তে চাপি ক্ষপয়ন্তি বলং মম।
সোঽস্মি ক্ষীণবলঃ কর্ণ ক্ষীণশস্ত্রশ্চ সংযুগে ॥ ৫
(ত্বয়ি যুদ্ধবিমুখে চাপি জিতশ্চাস্মি হি পাণ্ডবৈঃ।
দ্রোণস্য প্রমুখে বীরা হতাস্তে ভ্রাতরো মম ॥
ভীমসেনেন রাধেয় মম চৈবানুপশ্যতঃ।)
নিকৃতঃ পাণ্ডবৈঃ শূরৈরবধ্যৈর্দৈবতৈরপি।

বন্ধুগণ! দ্রোণাচার্য্য, ভীষ্ম, কৃপাচার্য্য, শল্য এবং ভূরিশ্রবা—ইঁহারা সকলে যুদ্ধে কুন্তীপুত্রগণের কোনরূপ বাধার সৃষ্টি করিতে পারিতেছেন না। ইহার কোন কারণই আমি বুঝিতে পারিতেছি না ॥ ৪

সেই পাণ্ডবগণ নিজেরা অবধ্য হইয়া সৈন্যদিগকে সংহার করিতেছে। কর্ণ! এই রূপে যুদ্ধে আমার সৈন্য ও অস্ত্রসকল ক্ষয় হইয়া যাইতেছে ॥ ৫

(রাধানন্দন! তুমি যুদ্ধ হইতে বিমুখ হইয়া রহিয়াছ, (সেই জন্য পাণ্ডবেরা আমাকে পরাজিত করিতেছে। দ্রোণাচার্য্যের সম্মুখেই আমার সাক্ষাতে ভীমসেন আমার বীর ভ্রাতৃবর্গকে নিহত করিয়াছে ॥)

সোঽহং সংশয়মাপন্নঃ প্রহরিষ্যে কথং রণে ॥ ৬
(এবমুক্তস্তু রাধেয়ো দুর্য্যোধনমরিন্দমম্)
তমব্রবীন্মহারাজং সূতপুত্রো নরাধিপম্ ।
কর্ণ উবাচ ।
মা শোচ ভরতশ্রেষ্ঠ করিষ্যেঽহং প্রিয়ং তব ॥ ৭
ভীষ্মঃ শান্তনবস্তূর্ণমপযাতু মহারণাৎ ।
নিবৃত্তে যুধি গাঙ্গেয়ে ন্যস্তশস্ত্রে চ ভারত ॥ ৮
অহং পার্থান্ হনিষ্যামি সহিতান্ সর্বসোমকৈঃ ।
পশ্যতো যুধি ভীষ্মস্য শপে সত্যেন তে নৃপ ॥ ৯
পাণ্ডবেষু দয়াং নিত্যং স হি ভীষ্মঃ করোতি বৈ ।
অশক্তশ্চরণে ভীষ্মো জেতুমেতান্ মহারথান্ ॥ ১০
অভিমানী রণে ভীষ্মো নিত্যং চাপি রণপ্রিয়ঃ ।
স কথং পাণ্ডবান্ যুদ্ধে জেষ্যতে তাত সঙ্গতান্ ॥ ১১
স ত্বং শীঘ্রমিতো গত্বা ভীষ্মস্য শিবিরং প্রতি ।
অনুমান্য গুরুং বৃদ্ধং শস্ত্রং ন্যাসয় ভারত ॥ ১২
ন্যস্তশস্ত্রে ততো ভীষ্মে নিহতান্ পশ্য পাণ্ডবান্ ।
ময়ৈকেন রণে রাজন্ সসুহৃদ্গণবান্ধবান্ ॥ ১৩
(এবমুক্তস্তু কর্ণেন পুত্রো দুর্য্যোধনস্তব ।
অব্রবীদ্ ভ্রাতরং তত্র দুঃশাসনমিদং বচঃ ॥ ১৪
অনুযাত্রং যথা সর্বং সজ্জীভবতি সর্বশঃ ।
দুঃশাসন তথা ক্ষিপ্রং সর্বমেবোপপাদয় ॥ ১৫
এবমুক্ত্বা ততো রাজন্ কর্ণমাহ জনেশ্বরঃ ।
অনুমান্য রণে ভীষ্মমেষোঽহং দ্বিপদাং বরম্ ॥ ১৬
আগমিষ্যে ততঃ ক্ষিপ্রং ত্বৎসকাশমরিন্দম ।
অপক্রান্তে ততো ভীষ্মে প্রহরিষ্যসি সংযুগে ॥ ১৭
নিষ্পপাত ততস্তূর্ণং পুত্রস্তব বিশাম্পতে ।
সহিতো ভ্রাতৃভিস্তৈস্তু দেবৈরিব শতক্রতুঃ ॥ ১৮
ততস্তং নৃপশার্দূলং শার্দূলসমবিক্রমম্ ।
আরোহয়দ্ধয়ং তূর্ণং ভ্রাতা দুঃশাসনস্তদা ॥ ১৯

পাণ্ডবেরা শৌর্য্যশালী বীর ও দেবতাগণের অবধ্য। তাহাদের দ্বারা পরাজিত হইয়া আমি আজ জীবনের সংশয়ে পতিত হইয়াছি। এরূপ অবস্থায় আমি রণস্থলে কিরূপে যুদ্ধ করিব ? ৬

এই কথা শ্রবণ করিয়া সূতপুত্র কর্ণ শত্রুদমন নরনাথ মহারাজ দুর্য্যোধনকে এরূপ বলিলেন। কর্ণ বলিলেন,—ভরতশ্রেষ্ঠ! শোক করিও না। আমি তোমার প্রিয় কার্য্য করিব, কিন্তু শান্তনুনন্দন ভীষ্ম এই মহাসংগ্রাম হইতে অতি সত্বর অপসৃত হউন ॥

ভরতবংশধর নৃপ! যখন এই যুদ্ধে গঙ্গানন্দন ভীষ্ম অস্ত্র পরিত্যাগ করিবেন এবং তিনি সর্ব্বতোভাবে এই যুদ্ধ হইতে নিবৃত্ত হইবেন, তখনই আমি তোমাকে সত্যের শপথ করিয়া বলিতেছি যে, ভীষ্মের সাক্ষাতেই আমি সমস্ত সোমকদিগের সহিত একত্রে মিলিত পাণ্ডবগণকে বধ করিব ॥ ৭-৯

ভীষ্ম সর্ব্বদাই পাণ্ডবগণকে দয়া করিয়া থাকেন, অতএব যুদ্ধে তিনি এই মহারথী পাণ্ডবগণকে জয় করিতে অসমর্থ ॥ ১০

তাত! যদিও ভীষ্ম যুদ্ধে অভিমানী এবং সর্ব্বদাই রণপ্রিয়, তথাপি পাণ্ডবগণের উপর দয়াবশতঃ তিনি কিভাবে যুদ্ধে তাহাদিগকে জয় করিতে সমর্থ হইবেন ? ১১

ভারত! অতএব তুমি শীঘ্রই এখান হইতে ভীষ্মের শিবিরে যাইয়া তোমার পূজনীয় বৃদ্ধ পিতামহকে অনুনয়-বিনয় করিয়া অস্ত্রত্যাগ করাও ॥ ১২

রাজন্! ভীষ্ম অস্ত্র পরিত্যাগ করিয়া দিলেই পাণ্ডবগণ কেবল একাকী আমার দ্বারাই সুহৃদ্ ও বন্ধু-বান্ধববর্গের সহিত নিহত হইয়াছে বলিয়াই মনে কর ॥ ১৩

কর্ণ এই কথা বলিলে পর আপনার পুত্র দুর্য্যোধন সে-স্থলেই স্বীয় ভ্রাতা দুঃশাসনকে এই কথা বলিলেন,—দুঃশাসন! তুমি শীঘ্র সর্ব্বতোভাবে এরূপ ব্যবস্থা কর, যাহাতে যাত্রা-বিষয়ে সমস্ত আবশ্যকীয় দ্রব্য সামগ্রী সজ্জিত থাকে ॥ ১৪-১৫

রাজন্! দুঃশাসনকে এই কথা বলিয়া জনেশ্বর দুর্য্যোধন কর্ণকে বলিলেন,—শত্রুদমন! আমি মনুষ্যগণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্মকে যুদ্ধ হইতে নিবৃত্ত হইবার জন্য স্বীকৃত করাইয়া এখনই তোমার নিকট ফিরিয়া আসিব। ভীষ্ম যুদ্ধ হইতে অপসৃত হইলে তুমি অবশ্যই রণাঙ্গনে শত্রুগণকে প্রহার করিবে ॥ ১৬-১৭

প্রজানাথ! তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধন অতি সত্বরই স্বীয় ভ্রাতৃবৃন্দের সহিত শিবির হইতে বহির্গত হইলেন। তখন মনে হইতে লাগিল—যেন ইন্দ্র দেবতাবৃন্দের সহিত স্বীয় ভবন হইতে বহির্গত হইলেন ॥ ১৮

সেই সময়ে ভ্রাতা দুঃশাসন স্বীয় জ্যেষ্ঠ ভ্রাতা সিংহতুল্য পরাক্রমী নৃপশ্রেষ্ঠ দুর্য্যোধনকে এক অশ্বের উপর আরোহণ করাইলেন ॥ ১৯

অঙ্গদী বদ্ধমুকুটো হস্তাভরণবান্ নৃপ।
ধার্তরাষ্ট্রো মহারাজ বিবভৌ স পথি ব্রজন্॥ ২০
ভণ্ডীপুষ্পনিকাশেন তপনীয়নিভেন চ।
অনুলিপ্তঃ পরার্ধ্যেন চন্দনেন সুগন্ধিনা॥ ২১
অরজোঽম্বরসংবীতঃ সিংহখেলগতির্নৃপ।
শুশুভে বিমলার্চিমান্ নভসীব দিবাকরঃ॥ ২২
তং প্রয়ান্তং নরব্যাঘ্রং ভীষ্মস্য শিবিরং প্রতি।
অনুজগ্মুর্মহেষ্বাসাঃ সর্বলোকস্য ধন্বিনঃ॥ ২৩
ভ্রাতরশ্চ মহেষ্বাসাস্ত্রিদশা ইব বাসবম্।
হয়ানন্যে সমারুহ্য গজানন্যে চ ভারত॥ ২৪
রথানন্যে নরশ্রেষ্ঠং পরিবব্রুঃ সমন্ততঃ।
আত্তশস্ত্রাশ্চ সুহৃদো রক্ষণার্থং মহীপতে॥ ২৫
প্রাদুর্বভূবুঃ সহিতাঃ শক্রস্যেবামরা দিবি।
স পূজ্যমানঃ কুরুভিঃ কৌরবাণাং মহাবলঃ॥ ২৬

হে নৃপ! হে মহারাজ! মস্তকে মুকুট, বাহুতে অঙ্গদ এবং বাহুতে অন্যান্য অলঙ্কার ধারণ করত পথিমধ্যে গমন করিতে করিতে আপনার পুত্র দুর্য্যোধন অতিশয় শোভা পাইতে লাগিলেন॥ ২০

তিনি মঞ্জিষ্ঠাপুষ্প ও স্বর্ণসদৃশ পীতবর্ণের বহুমূল্য সুগন্ধিত চন্দন শরীরে লেপন করিয়াছিলেন॥ ২১

রাজন্! তখন তাঁহার সর্ব্বাঙ্গ নির্ম্মল বস্ত্রে আচ্ছাদিত ছিল। তিনি সিংহসদৃশ স্বাভাবিক গাম্ভীর্য্য পূর্ণ মন্থরগতিতে যাইতে লাগিলেন এবং নিজের নির্ম্মল প্রভায় আকাশে সূর্য্যসদৃশ সুশোভিত ছিলেন॥ ২২

ভীষ্মের শিবির অভিমুখে গমনরত নরশ্রেষ্ঠ দুর্য্যোধনের পশ্চাতে সমগ্র জগতের মহাধনুর্দ্ধর কৌরবপক্ষীয় নরপতিগণ এবং বিশাল ধনুর্দ্ধারী তাঁহার ভ্রাতৃবৃন্দ সেই ভাবে যাইতে লাগিলেন, যেভাবে ইন্দ্রের পশ্চাতে দেবগণ গমন করিয়া থাকেন॥

ভারত! কেহ কেহ অশ্বের উপর এবং কেহ কেহ হস্তীর উপর আরোহণ করিয়া আবার কেহ কেহ রথের উপর আরোহণ করত সর্ব্বদিকে নরশ্রেষ্ঠ দুর্য্যোধনকে পরিবেষ্টিত করিয়াছিলেন॥

রাজা দুর্য্যোধনের রক্ষার জন্য সমস্ত সুহৃদ্বর্গ অস্ত্রগ্রহণ করত তাঁহার সহিত সেইরূপে যাইতে লাগিলেন, যেরূপে ইন্দ্রের রক্ষার জন্য দেবতাগণ অস্ত্রধারণ করত তাঁহার সহিত গমন করিয়া থাকেন॥

প্রযযৌ সদনং রাজা গাঙ্গেয়স্য যশস্বিনঃ।
অন্বীয়মানঃ সততং সোদরৈঃ পরিবারিতঃ॥ ২৭
দক্ষিণং দক্ষিণঃ কালে সম্ভৃত্য স্বভুজং তদা।
হস্তিহস্তোপমং শৈক্ষং সর্বশত্রুনিবর্হণম্॥ ২৮
প্রগৃহ্ণন্নঞ্জলীন্ নৃণামুদ্যতান্ সর্বতো দিশঃ।
শুশ্রাব মধুরা বাচো নানাদেশনিবাসিনাম্॥ ২৯
সংস্তূয়মানঃ সূতৈশ্চ মাগধৈশ্চ মহাযশাঃ।
পূজয়ানশ্চ তান্ সর্বান্ সর্বলোকেশ্বরেশ্বরঃ॥ ৩০
(এবং স প্রযযৌ রাজা সর্বসৈন্যসমাবৃতঃ)
প্রদীপৈঃ কাঞ্চনৈস্তত্র গন্ধতৈলাবসেচিতৈঃ।
পরিবব্রুর্মহারাজং প্রজ্বলদ্ভিঃ সমন্ততঃ॥ ৩১
স তৈঃ পরিবৃতো রাজা প্রদীপৈঃ কাঞ্চনৈর্জ্বলন্।
শুশুভে চন্দ্রমা যুক্তো দীপ্তৈরিব মহাগ্রহৈঃ॥ ৩২

এইরূপে কৌরবগণ কর্ত্তৃক পূজিত হইয়া মহাবল কৌরবরাজ দুর্য্যোধন যশস্বী ভীষ্মের শিবিরে গমন করিলেন। তাঁহার সহোদর ভ্রাতারা সর্ব্বদাই তাঁহাকে পরিবেষ্টিত করিয়া তাঁহার সহিত গমন করিতে লাগিলেন॥ ২৩-২৭

উদারস্বভাব রাজা দুর্য্যোধন সেই সময় সম্পূর্ণ শত্রুগণকে সংহার করিতে সমর্থ, হস্তিশুণ্ডসদৃশ বিশাল এবং অস্ত্রপ্রহার শিক্ষাতে নিপুণ স্বীয় দক্ষিণ বাহুকে উপরে উঠাইয়া চারিদিকে উত্থিত বিভিন্ন দেশবাসী মনুষ্যগণের প্রণামাঞ্জলিকে স্বীকার করিতে করিতে তাঁহাদের মধুর বচনসমূহ শুনিতে লাগিলেন॥ ২৮-২৯

সম্পূর্ণ জগতের অধীশ্বর মহাযশস্বী রাজা দুর্য্যোধন সমস্ত সৈন্যবাহিনীতে পরিবৃত হইয়া সূত ও মাগধগণের মুখ হইতে নিজের স্তুতি শুনিতে শুনিতে এবং সকল মনুষ্যগণকর্ত্তৃক সমাদৃত হইতে হইতে ভীষ্মের শিবির অভিমুখে প্রস্থান করিলেন॥ ৩০

সুগন্ধিত তৈলে পরিপূর্ণ স্বর্ণময় প্রজ্বলিত প্রদীপ লইয়া বহুসংখ্যক সেবক মহারাজ দুর্য্যোধনকে চারিদিকে ঘিরিয়া যাইতে লাগিলেন॥ ৩১

সেই স্বর্ণময় প্রজ্বলিত প্রদীপসমূহে পরিবেষ্টিত হইয়া প্রকাশমান রাজা দুর্য্যোধন প্রভামণ্ডিত মহাগ্রহসমূহে সংযুক্ত চন্দ্রের ন্যায় শোভা পাইতেছিলেন॥ ৩২

কাঞ্চনোষ্ণীষিণস্তত্র বেত্রঝর্ঝরপাণয়ঃ।
প্রোৎসারয়ন্তঃ শনকৈস্তং জনং সর্বতো দিশম্॥ ৩৩

সম্প্রাপ্য তু ততো রাজা ভীষ্মস্য সদনং শুভম্।
অবতীর্য্য হয়াচ্চাপি ভীষ্মং প্রাপ্য জনেশ্বরঃ॥ ৩৪

অভিবাদ্য ততো ভীষ্মং নিষণ্ণঃ পরমাসনে।
কাঞ্চনে সর্বতোভদ্রে স্পর্ধ্যাস্তরণসংবৃতে॥ ৩৫

উবাচ প্রাঞ্জলির্ভীষ্মং বাষ্পকণ্ঠোঽশ্রুলোচনঃ।
ত্বাং বয়ং হি সমাশ্রিত্য সংযুগে শত্রুসূদন॥ ৩৬

উৎসহেম রণে জেতুং সেন্দ্রানপি সুরাসুরান্।
কিমু পাণ্ডুসুতান্ বীরান্ সসুহৃদ্গণবান্ধবান্॥ ৩৭

তস্মাদর্হসি গাঙ্গেয় কৃপাং কর্তুং ময়ি প্রভো।
জহি পাণ্ডুসুতান্ বীরান্ মহেন্দ্র ইব দানবান্॥ ৩৮

অহং সর্বান্ মহারাজ নিহনিষ্যামি সোমকান্।
পঞ্চালান্ কেকয়ৈঃ সার্ধং করূষাংশ্চেতি ভারত॥ ৩৯

ত্বদ্বচঃ সত্যমেবাস্তু জহি পার্থান্ সমাগতান্।
সোমকাংশ্চ মহেষ্বাসান্ সত্যবাগ্ ভব ভারত॥ ৪০

দয়য়া যদি বা রাজন্ দ্বেষ্যভাবান্মম প্রভো।
মন্দভাগ্যতয়া বাপি মম রক্ষসি পাণ্ডবান্॥ ৪১

অনুজানীহি সমরে কর্ণমাহবশোভিনম্।
স জেষ্যসি রণে পার্থান্ সসুহৃদ্গণবান্ধবান্॥ ৪২

স এবমুক্ত্বা নৃপতিঃ পুত্রো দুর্যোধনস্তব।
নোবাচ বচনং কিঞ্চিদ্ ভীষ্মং সত্যপরাক্রমম্॥ ৪৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভীষ্মং প্রতি দুর্যোধনবাক্যে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ॥ ৯৭

স্বর্ণময় উষ্ণীষ (পাগড়ী) ধারণ করত হস্তে বেত্র ও ঝর্ঝরবাদ্য (রাজাগমনসূচক বাদ্যবিশেষ) লইয়া বহুসংখ্যক রক্ষী পুরুষ ধীরে ধীরে চারিদিকে জনসমুদায়কে সরাইতে সরাইতে যাইতে লাগিল॥ ৩৩

তাহার পর রাজা দুর্য্যোধন ভীষ্মের সুন্দর নিবাসস্থানের নিকট উপস্থিত হইয়া অশ্ব হইতে নামিয়া পড়িলেন এবং ভীষ্মের সম্মুখে যাইয়া তাঁহাকে প্রণাম করত বহুমূল্য শয্যাযুক্ত সর্ব্বতো-ভদ্রনামক সর্ব্বশ্রেষ্ঠ স্বর্ণময় সিংহাসনে উপবেশন করিলেন॥৩৪-৩৫

তদনন্তর অশ্রুসিক্তনয়নে কৃতাঞ্জলি হইয়া গদ্গদ কণ্ঠে সেই ভীষ্মকে এই কথা বলিলেন,—শত্রুসূদন! আমরা আপনার আশ্রয় লইয়া রণাঙ্গনে ইন্দ্রসহ সম্পূর্ণ দেবমণ্ডলী ও অসুরগণকেও জয় করিবার উৎসাহ রাখি; সুতরাং মিত্র এবং বন্ধুবান্ধবগণের সহিত বীর পাণ্ডবদিগকে জয় করিবার বিষয়ে আর কি বলিবার আছে? অতএব প্রভো! গঙ্গানন্দন! আপনি আমার উপর কৃপা করুন। যেরূপ দেবরাজ ইন্দ্র দানবগণকে সংহার করিয়া থাকেন, সেইরূপ আপনি বীর পাণ্ডবদিগকে বধ করুন॥ ৩৬-৩৮

মহারাজ! ভরতনন্দন! আমি কেকয়গণের সহিত সমস্ত সোমক, পাঞ্চাল এবং করূষসকলকে নিহত করিব—আপনার এই কথা সত্য হউক। ভারত! আপনি যুদ্ধে উপস্থিত কুন্তী-পুত্রগণকে এবং মহাধনুর্দ্ধর সোমকগণকে বধ করুন। ইহাই কার্য্যে পরিণত করিয়া আপনার বাক্যকে আপনি সত্যে পরিণত করুন॥ ৩৯-৪০

শক্তিশালী রাজন্! যদি পাণ্ডবদের প্রতি দয়াভাব অথবা আমার দুর্ভাগ্যবশতঃ আমার প্রতি দ্বেষভাব রাখিয়া আপনি পাণ্ডবগণকে রক্ষা করিতে থাকেন, তবে সমরশোভী কর্ণকে যুদ্ধের জন্য অনুমতিপ্রদান করুন। তিনি সুহৃদ্বর্গ ও বান্ধব-বৃন্দের সহিত কুন্তীপুত্রদিগকে অবশ্যই জয় করিবেন॥ ৪১-৪২

সত্যপরাক্রমী ভীষ্মকে এই কথা বলিয়া আপনার পুত্র রাজা দুর্য্যোধন নীরব হইয়া যাইলেন, আর কিছুই বলিলেন না॥ ৪৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্মের প্রতি দুর্য্যোধনের বাক্য-বিষয়ক সপ্তনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ।

[ভীষ্মেণ দুর্য্যোধনসমীপে অর্জুনস্য পরাক্রমবর্ণনম্, ভয়ঙ্করং যুদ্ধং কর্ত্তুং ভীষ্মস্য প্রতিজ্ঞা, প্রাতর্দুর্য্যোধনেন ভীষ্মস্য রক্ষায়া ব্যবস্থা চ।]

সঞ্জয় উবাচ।

বাক্শল্যৈস্তবপুত্ত্রেণ সোঽতিবিদ্ধো মহামনাঃ।
দুঃখেন মহতাবিষ্টো নোবাচ প্রিয়মপ্যপি ॥ ১

স ধ্যাত্বা সুচিরং কালং দুঃখ-রোষসমন্বিতঃ।
শ্বসমানো যথা নাগঃ প্রণুন্নো বাক্শলাকয়া ॥ ২

উদ্বৃত্য চক্ষুষী কোপান্নির্দহন্নিব ভারত।
সদেবাসুর-গন্ধর্বং লোকং লোকবিদাং বরঃ ॥ ৩

অব্রবীৎ তব পুত্ত্রং স সামপূর্বমিদং বচঃ।
কিং ত্বং দুর্য্যোধনৈবং মাং বাক্শল্যৈরপকৃন্তসি ॥ ৪

ঘটমানং যথাশক্তি কুর্বাণঞ্চ তব প্রিয়ম্।
জুহ্বানং সমরে প্রাণাংস্তব বৈ প্রিয়কাম্যয়া ॥ ৫

যদা তু পাণ্ডবঃ শূরঃ খাণ্ডবেঽগ্নিমতর্পয়ৎ।
পরাজিত্য রণে শক্রং পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥ ৬

যদা চ ত্বাং মহাবাহো গন্ধর্বৈর্হৃতমোজসা।
অমোচয়ৎ পাণ্ডুসুতঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥ ৭

দ্রবমাণেষু শূরেষু সোদরেষু তব প্রভো।
সূতপুত্রে চ রাধেয়ে পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥ ৮

যচ্চ নঃ সহিতান্ সর্বান্ বিরাটনগরে তদা।
এক এব সমুদ্যাতঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥ ৯

দ্রোণঞ্চ যুধি সংরব্ধং মাঞ্চ নির্জ্জিত্য সংযুগে।
বাসাংসি চ সমাদত্ত পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥ ১০

অষ্টনবতিতম অধ্যায়

[ভীষ্ম কর্তৃক দুর্য্যোধনের নিকট অর্জুনের পরাক্রমের কথা বর্ণন এবং ভয়ঙ্কর যুদ্ধ করিবার জন্য ভীষ্মের প্রতিজ্ঞা ও প্রাতঃকালে দুর্য্যোধনের দ্বারা ভীষ্মের রক্ষা ব্যবস্থা।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! আপনার পুত্র দুর্য্যোধনের দ্বারা বাগ্‌বাণে অত্যন্ত বিদ্ধ হইয়া মহাত্মা ভীষ্ম অতিশয় দুঃখিত হইলেন, তথাপি তখন তিনি দুর্য্যোধনকে অল্পও অপ্রিয় কথা বলিলেন না ॥ ১

তিনি দুঃখ ও রোষে আবিষ্ট হইয়া বহুক্ষণ ধরিয়া চিন্তা করত দীর্ঘশ্বাস ফেলিতে ফেলিতে বাণরূপ অঙ্কুশে পীড়িত হস্তীর ন্যায় ব্যথা অনুভব করিতে লাগিলেন ॥ ২

ভারত! পুনরায় ক্রোধে দুই চক্ষু রক্তবর্ণ করিয়া লোকবিদ্‌গণের মধ্যে শ্রেষ্ঠ ভীষ্ম এইরূপে দেখিতে লাগিলেন, যেন তিনি দেবতা, অসুর ও গন্ধর্ব্বগণের সহিত সম্পূর্ণ লোকসমূহকে দগ্ধ করিয়া ফেলিবেন ॥ ৩

তারপর তিনি আপনার পুত্রকে সান্ত্বনাপ্রদান করিতে করিতে বলিলেন,—পুত্র দুর্য্যোধন! তুমি এরূপ বাগ্‌বাণে আমাকে কেন আঘাত করিতেছ? আমি ত' যথাশক্তি শত্রুগণের জয় করিবার চেষ্টা করিয়া যাইতেছি এবং তোমার প্রিয় কার্য্যসাধনে সর্ব্বদা নিরত আছে। কেবল ইহাই নহে, তোমার প্রিয় করিবার জন্য প্রাণকেও আহুতি দিতে প্রস্তুত আছি ॥ ৪-৫

কিন্তু তোমার এ-বিষয় নিশ্চয়ই স্মরণ আছে যে, যে সময় পাণ্ডুনন্দন অর্জুন যুদ্ধে দেবরাজ ইন্দ্রকে পরাজিত করিয়া খাণ্ডববনে অগ্নি পরিতৃপ্ত করিয়াছিল, ইহাই তাহার অজেয়তার পক্ষে পর্য্যাপ্ত প্রমাণ ॥ ৬

মহাবাহো! যে সময় গন্ধর্ব্বগণ তোমাকে বলপূর্ব্বক ধরিয়া লইয়া যাইতেছিলেন, সেই সময়েও পাণ্ডুপুত্র অর্জুনই তোমাকে মুক্ত করিয়াছিল, সুতরাং তাহার অতুলনীয় পরাক্রমের বিষয় বুঝিবার পক্ষে ইহাই যথেষ্ট দৃষ্টান্ত বলিয়াই আমি মনে করি ॥ ৭

প্রভাবশালী দুর্য্যোধন! সেই সময়ে ত' তোমার শৌর্য্যশালী বীর ভ্রাতারা ও রাধানন্দন সূতপুত্র কর্ণ যুদ্ধ পরিত্যাগ করিয়া পলাইয়া ছিল, (কিন্তু অর্জুন পরাক্রমপ্রদর্শন করিয়া যুদ্ধে তাহাদিগকে পরাজিত করিয়াছিল) ইহাই অর্জুনের অদ্ভুত শক্তির পর্য্যাপ্ত নিদর্শন ॥ ৮

সেই সময় যখন আমরা বিরাটনগরে একসঙ্গে সমবেত হইয়া যুদ্ধ করিবার জন্য অপেক্ষা করিতেছিলাম, তখন অর্জুন একাকীই আমাদের উপর আক্রমণ করিয়াছিল। ইহাই তাহার অপরিমিত পরাক্রমের যথেষ্ট উদাহরণ ॥ ৯

অর্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দ্রোণাচার্য্যকে এবং আমাকেও যুদ্ধে পরাজিত করত সকলের বস্ত্র গ্রহণ করিয়াছিল। ইহাই তাহার অমিত সামর্থ্যের পর্য্যাপ্ত দৃষ্টান্ত ॥ ১০

তথা দ্রৌণিং মহেষ্বাসং শারদ্বতমথাপি চ।
গোগ্রহে জিতবান্ পূর্বং পর্য্যাপ্তং তন্নিদর্শনম্॥ ১১
বিজিত্য চ যদা কর্ণং সদা পুরুষমানিনম্।
উত্তরায়ৈ দদৌ বস্ত্রং পর্য্যাপ্তং তন্নিদর্শনম্॥ ১২
নিবাতকবচান্ যুদ্ধে বাসবেনাপি দুর্জয়ান্।
জিতবান্ সমরে পার্থঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্॥ ১৩
কো হি শক্তো রণে জেতুং পাণ্ডবং রভসং তদা।
যস্য গোপ্তা জগদ্গোপ্তা শঙ্খ-চক্র-গদাধরঃ॥ ১৪
বাসুদেবোঽনন্তশক্তিঃ সৃষ্টিসংহারকারকঃ।
সর্বেশ্বরো দেবদেবঃ পরমাত্মা সনাতনঃ॥ ১৫
উক্তোঽসি বহুশো রাজন্ নারদাদ্যৈর্মহর্ষিভিঃ।
ত্বং তু মোহান্ন জানীষে বাচ্যাবাচ্যং সুযোধন॥ ১৬
মুমূর্ষুর্হি নরঃ সর্বান্ বৃক্ষান্ পশ্যতি কাঞ্চনান্।
তথা ত্বমপি গান্ধারে বিপরীতানি পশ্যতি॥ ১৭
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পাণ্ডবৈঃ সহ সৃঞ্জয়ৈঃ।

পূর্ব্বে সেই গোগ্রহণের সময়েই পাণ্ডুনন্দন অর্জুন মহাধনুর্দ্ধর অশ্বত্থামা ও কৃপাচার্য্যকেও পরাভূত করিয়াছিল। এই নিদর্শনও তাহাকে বুঝিবার পক্ষে যথেষ্ট বলিয়াই আমার ধারণা॥ ১১

সেই সময়ে সর্ব্বদা নিজের পুরুষার্থের উপর অভিমানী কর্ণকেও জয় করিয়া তাহার বস্ত্রগ্রহণ করত উত্তরাকে প্রদান করিয়াছিল। এই দৃষ্টান্তও আমি পর্য্যাপ্ত বলিয়াই মনে করি॥ ১২

যাহাদিগকে পরাজিত করা সাক্ষাৎ দেবরাজ ইন্দ্রের পক্ষেও কঠিন ছিল, সেই নিবাতকবচদিগকে অর্জুন যুদ্ধে পরাজিত করিয়াছিল, সুতরাং তাহার অলৌকিক শক্তি বুঝিবার পক্ষে এই বিষয়ও যথেষ্ট উদাহরণস্বরূপ জানিও॥ ১৩

বিশ্বরক্ষক, শঙ্খ-চক্র-গদাধারী, অনন্তশক্তিশালী, সৃষ্টি ও সংহারকর্ত্তা, দেবাধিদেব, সনাতন, পরমাত্মা, সর্ব্বেশ্বর, ভগবান্ বাসুদেব যাহার রক্ষাকর্ত্তা, সেই বেগশালী বীর পাণ্ডুপুত্র অর্জুনকে যুদ্ধে জয় করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? ১৪-১৫

রাজন্! সুযোধন! এই কথা নারদাদি মহর্ষিগণ বহুবার তোমাকে বলিয়াছেন, কিন্তু মোহবশতঃ বলিবার যোগ্য ও বলিবার অযোগ্য কোন কথাই বুঝিতে পারিতেছ না॥ ১৬

গান্ধারীনন্দন! যেরূপ মুমূর্ষু (মরণাপন্ন) মনুষ্যগণ সকল বৃক্ষকেই স্বর্ণবর্ণ দেখিয়া থাকে, সেইরূপ তুমিও সব কিছুই বিপরীত দেখিতেছ॥ ১৭

তুমি নিজেই পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত গুরুতর শত্রুতা করিয়াছ, অতএব এখন তুমিই যুদ্ধ কর। আমরা সকলে উহা দেখিতে থাকি। তুমি স্বয়ংই পূর্ব্বে পুরুষত্বের পরিচয় দান কর। পাণ্ডবদিগকে দেবরাজ ইন্দ্র-সহ দেবতাগণও জয় করিতে সমর্থ হইবেন না॥ ১৮

যুদ্ধ্যস্ব তানদ্য রণে পশ্যামঃ পুরুষো ভব॥ ১৮
(অশক্যাঃ পাণ্ডবা জেতুং দেবৈরপি সবাসবৈঃ)
অহং তু সোমকান্ সর্বান্ পঞ্চালাংশ্চ সমাগতান্।
নিহনিষ্যে নরব্যাঘ্র বর্জয়িত্বা শিখণ্ডিনম্॥ ১৯
তৈর্বাহং নিহতঃ সংখ্যে গমিষ্যে যমসাদনম্।
তান্ বা নিহত্য সমরে প্রীতিং দাস্যাম্যহং তব॥ ২০
পূর্বং হি স্ত্রী সমুৎপন্না শিখণ্ডী রাজবেশ্মনি।
বরদানাৎ পুমান্ জাতঃ সৈষা বৈ স্ত্রী শিখণ্ডিনী॥ ২১
তমহং ন হনিষ্যামি প্রাণত্যাগেঽপি ভারত।
যাসৌ প্রাঙ্ নির্মিতা ধাত্রা সৈষা বৈ স্ত্রী শিখণ্ডিনী॥২২
সুখং স্বপিহি গান্ধারে শ্বোঽপি কর্তা মহারণম্।
যং জনাঃ কথয়িষ্যন্তি যাবৎ স্থাস্যতি মেদিনী॥ ২৩
এবমুক্তস্তব সুতো নির্জগাম জনেশ্বর।
অভিবাদ্য গুরুং মূর্দ্ধ্না প্রযযৌ স্বং নিবেশনম্॥ ২৪

নরশ্রেষ্ঠ! কিন্তু আমি কেবল শিখণ্ডীকে পরিত্যাগ করিয়া যুদ্ধে সমবেত সকল সোমক ও পাঞ্চালগণকে বধ করিব॥ ১৯

যুদ্ধে হয় আমি তাহাদের হাতে নিহত হইয়া যমালয়ে গমন করিব অথবা সমরাঙ্গণে তাহাদিগকে বধ করিয়া আমি তোমাকে হর্ষপ্রদান করিব॥ ২০

শিখণ্ডী প্রথমে রাজভবনে স্ত্রী হইয়া জন্মগ্রহণ করে, তারপর বরদানের প্রভাবে সে পুরুষত্বলাভ করে; অতএব আমার দৃষ্টিতে সে স্ত্রীরূপা শিখণ্ডিনী॥ ২১

ভারত! আমার প্রাণসঙ্কট উপস্থিত হইলেও আমি তাহাকে নিহত করিব না। যাহাকে বিধাতা পূর্ব্বে স্ত্রীরূপেই সৃষ্টি করিয়াছেন, সেই শিখণ্ডিনী আজও আমার দৃষ্টিতে স্ত্রীলোকই॥ ২২

গান্ধারীনন্দন! এখন তুমি যাইয়া শয়ন কর। কাল আমি অতিশয় ভীষণ যুদ্ধ করিব, যাহার আলোচনা মানুষ সেই পর্য্যন্ত করিয়া যাইবে, যে পর্য্যন্ত এই পৃথিবী বর্ত্তমান থাকিবে॥ ২৩

জনেশ্বর! ভীষ্ম এই কথা বলিলে পর আপনার পুত্র দুর্য্যোধন পিতামহ ভীষ্মকে মস্তকদ্বারা প্রণাম করত নিজ আবাস অভিমুখে গমন করিলেন॥ ২৪

আগম্য তু ততো রাজা বিসৃজ্য চ মহাজনম্।
প্রবিবেশ ততস্তূর্ণং ক্ষয়ং শত্রুক্ষয়ঙ্করঃ ॥ ২৫
প্রবিষ্টঃ স নিশাং তাঞ্চ গময়ামাস পার্থিবঃ।
প্রভাতায়াঞ্চ শর্বর্য্যাং প্রাতরুত্থায় তান্ নৃপঃ ॥ ২৬
রাজ্ঞঃ সমাজ্ঞাপয়ত সেনাং যোজয়তেতি হ।
অদ্য ভীষ্মো রণে ক্রুদ্ধো নিহনিষ্যতি সোমকান্ ॥ ২৭
দুর্যোধনস্য তচ্ছ্রুত্বা রাত্রৌ বিলপিতং বহু।
মন্যমানঃ স তং রাজন্ প্রত্যাদেশমিবাত্মনঃ ॥২৮
নির্বেদং পরমং গত্বা বিনিন্দ্য পরবশ্যতাম্।
দীর্ঘং দধ্যৌ শান্তনবো যোদ্ধুকামোঽর্জুনং রণে ॥২৯
ইঙ্গিতেন তু তজ্জ্ঞাত্বা গাঙ্গেয়েন বিচিন্তিতম্।
দুর্যোধনো মহারাজ দুঃশাসনমচোদয়ৎ ॥ ৩০
দুঃশাসন রথাস্তূর্ণং যুজ্যন্তাং ভীষ্মরক্ষিণঃ।
দ্বাবিংশতিমনীকানি সর্বাণ্যেবাভিচোদয় ॥ ৩১

সেখানে আসিয়া শত্রুবিনাশক রাজা দুর্যোধন বিশাল লোকসমুদায়কে বিদায় দিয়া তারপর নিজের শিবিরে প্রবেশ করিলেন ॥ ২৫

ভূপাল! সেখানে যাইয়া রাজা দুর্যোধন সুখে রাত্রি যাপন করিলেন এবং প্রাতঃকাল হইলে জাগরিত হইয়া রাজাদিগকে এই আদেশ দিলেন যে, হে রাজগণ! আপনারা সকলে যুদ্ধের জন্য সৈন্যদিগকে সজ্জিত করুন। আজ পিতামহ ভীষ্ম কুপিত হইয়া রণাঙ্গনে সোমকগণকে সংহার করিবেন ॥ ২৬-২৭

রাজন্! রাত্রিতে দুর্যোধনের অনেক প্রকার বিলাপ শ্রবণ করিয়া ভীষ্ম ইহাই বুঝিলেন যে, দুর্যোধন এখন আমাকে প্রত্যাখ্যান যুদ্ধ হইতে অপসারণ করিতে ইচ্ছুক হইয়াছে ॥ ২৮

ইহাতে তাঁহার মনে অত্যন্ত খেদ হইল। তিনি তখন পরাধীনতার অতিশয় নিন্দা করিয়া রণাঙ্গনে অর্জুনের সহিত যুদ্ধ করিবার সঙ্কল্প করত দীর্ঘকাল ধরিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২৯

মহারাজ! গঙ্গানন্দন ভীষ্ম কি চিন্তা করিতেছিলেন? এই বিষয় দুর্যোধন ইঙ্গিতে বুঝিয়া দুঃশাসনকে প্রণোদিত করিয়া বলিলেন ॥ ৩০

দুঃশাসন! তুমি শীঘ্রই ভীষ্মকে রক্ষা করিবার উপযোগী রথসমূহ যোজনা করিয়া প্রস্তুত রাখ এবং আমাদের নিকট যে দ্বাবিংশতিসংখ্যক সৈন্য আছে, তাহাদের সকলকেও ভীষ্মের রক্ষায় নিযুক্ত কর ॥ ৩১

ইদং হি সমনুপ্রাপ্তং বর্ষপূগাভিচিন্তিতম্।
পাণ্ডবানাং সসৈন্যানাং বধো রাজ্যস্য চাগমঃ ॥ ৩২
তত্র কার্য্যতমং মন্যে ভীষ্মস্যৈবাভিরক্ষণম্।
স নো গুপ্তঃ সহায়ঃ স্যাদ্ধন্যাৎ পার্থাংশ্চ সংযুগে ॥ ৩৩
অব্রবীদ্ধি বিশুদ্ধাত্মা নাহং হন্যাং শিখণ্ডিনম্।
স্ত্রীপূর্বকো হ্যসৌ রাজংস্তস্মাদ্ বর্জ্যো ময়া রণে ॥ ৩৪
লোকস্তদ্ বেদ যদহং পিতুঃ প্রিয়চিকীর্ষয়া।
রাজ্যং স্ফীতং মহাবাহো স্ত্রিয়শ্চ ত্যক্তবান্ পুরা ॥ ৩৫
নৈবং চাহং স্ত্রিয়ং জাতু ন স্ত্রীপূর্বং কথঞ্চন।
হন্যাং যুধি নরশ্রেষ্ঠ সত্যমেতদ্ ব্রবীমি তে ॥ ৩৬
অয়ং স্ত্রীপূর্বকো রাজন্ শিখণ্ডী যদি তে শ্রুতঃ।
উদ্যোগে কথিতং যত্তৎ তথা জাতা শিখণ্ডিনী ॥ ৩৭
কন্যা ভূত্বা পুমান্ জাতঃ স চ মাং যোধয়িষ্যতি।
তস্যাহং প্রমুখে বাণান্ ন মুঞ্চেয়ং কথঞ্চন ॥ ৩৮

আমরা বহু বর্ষকাল ধরিয়া যাহার চিন্তা করিয়া আসিতেছি, আজ সেই অবসর আসিয়া উপস্থিত হইয়াছে। আজ সসৈন্যে পাণ্ডবগণের বধ এবং রাজ্যলাভ করিবার সুযোগ আসিবে ॥ ৩২

এই বিষয়ে আমি ভীষ্মকেই রক্ষা করাকে নিজের প্রধান কর্তব্য বলিয়া মনে করিতেছি। তিনি সুরক্ষিত হইলেই আমাদের সহায়ক হইবেন এবং রণাঙ্গনে পাণ্ডবগণকে বধ করিবেন ॥ ৩৩

বিশুদ্ধচিত্ত মহাত্মা ভীষ্ম আমাকে বলিয়াছেন যে, রাজন্! আমি শিখণ্ডীকে বধ করিব না; কারণ, সে প্রথমে স্ত্রীরূপে জন্মগ্রহণ করে। এই কারণেই আমি তাহাকে যুদ্ধে বর্জন করিব ॥৩৪

মহাবাহো! সকল লোকেই জানে যে, আমি পূর্ব্বে পিতার প্রিয় করিবার ইচ্ছায় সমৃদ্ধিশালী রাজ্য এবং স্ত্রীগণকে পরিত্যাগ করিয়াছি ॥ ৩৫

নরশ্রেষ্ঠ! আমি কখনও কোন স্ত্রীকে অথবা যে পূর্ব্বে স্ত্রী হইয়া জন্মিয়াছিল এবং পরে কোন বিশেষ কারণে পুরুষ হইয়াছে, এরূপ পুরুষকেও যুদ্ধে বধ করিব না। এই সত্য কথা আমি তোমাকে বলিতেছি ॥ ৩৬

রাজন্! তুমিও ইহা শুনিয়াছ যে, এই শিখণ্ডী প্রথমে স্ত্রী হইয়া উৎপন্ন হয়। এ কথা আমি তোমাকে যুদ্ধোদ্যোগের সময়েই বলিয়াছি। এইরূপে কন্যা হইয়াই জাতা শিখণ্ডিনী পরে পুরুষ হইয়াছে। এইভাবে পুরুষত্বলাভকারী শিখণ্ডী যদি আমার

যুদ্ধে হি ক্ষত্রিয়াংস্তাত পাণ্ডবানাং জয়ৈষিণঃ।
সর্বানন্যান্ হনিষ্যামি সম্প্রাপ্তান্ রণমূর্ধনি ॥ ৩৯
এবং মাং ভরতশ্রেষ্ঠ গাঙ্গেয়ঃ প্রাহ শাস্ত্রবিৎ।
তত্র সর্বাত্মনা মন্যে গাঙ্গেয়স্যৈব পালনম্ ॥ ৪০
অরক্ষ্যমাণং হি বৃকো হন্যাৎ সিংহং মহাহবে।
মা বৃকেণেব গাঙ্গেয়ং ঘাতয়েম শিখণ্ডিনা ॥ ৪১
মাতুলঃ শকুনিঃ শল্যঃ কৃপো দ্রোণো বিবিংশতিঃ।
যত্তা রক্ষন্তু গাঙ্গেয়ং তস্মিন্ গুপ্তে ধ্রুবো জয়ঃ ॥৪২
এতচ্ছ্রুত্বা তু তে সর্বে দুর্যোধনবচস্তদা।
সর্বতো রথবংশেন গাঙ্গেয়ং পর্যবারয়ন্ ॥ ৪৩
পুত্রাশ্চ তব গাঙ্গেয়ং পরিবার্য্য যযুর্মুদা।
কম্পয়ন্তো ভুবং দ্যাঞ্চ ক্ষোভয়ন্তশ্চ পাণ্ডবান্ ॥ ৪৪
তে রথৈঃ সুসম্প্রযুক্তৈর্দন্তিভিশ্চ মহারথাঃ।
পরিবার্য্য রণে ভীষ্মং দংশিতাঃ সমবস্থিতাঃ ॥ ৪৫
যথা দেবাসুরে যুদ্ধে ত্রিদশা বজ্রধারিণম্।
সর্বে তে স্ম ব্যতিষ্ঠন্ত রক্ষন্তস্তং মহারথম্ ॥ ৪৬
ততো দুর্যোধনো রাজা পুনর্ভ্রাতরমব্রবীৎ।
সব্যং চক্রং যুধামন্যুরুত্তমৌজাশ্চ দক্ষিণম্ ॥৪৭
গোপ্তারাবর্জুনস্যৈতাবর্জুনোঽপি শিখণ্ডিনঃ।
রক্ষ্যমাণঃ স পার্থেন তথাস্মাভির্বিবর্জিতঃ ॥ ৪৮
যথা ভীষ্মং ন নো হন্যাদ্ দুঃশাসন তথা কুরু।
ভ্রাতুস্তদ্ বচনং শ্রুত্বা পুত্রো দুঃশাসনস্তব ॥ ৪৯
ভীষ্মং প্রমুখতঃ কৃত্বা প্রযযৌ সহ সেনয়া।
ভীষ্মং তু রথবংশেন দৃষ্ট্বা সমভিসংবৃতম্ ॥ ৫০
অর্জুনো রথিনাং শ্রেষ্ঠো ধৃষ্টদ্যুম্নমুবাচ হ।
শিখণ্ডিনং নরব্যাঘ্রং ভীষ্মস্য প্রমুখে নৃপ।
স্থাপয়স্বাদ্য পাঞ্চাল্য তস্য গোপ্তাহমিত্যুত ॥ ৫১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি ভীষ্মদুর্যোধনসংবাদে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ

সহিত যুদ্ধ করে, তবে আমি তাহার উপর কোনরূপেই বাণক্ষেপ করিব না ॥ ৩৭-৩৮

তাত! পাণ্ডবপক্ষের অন্য যে সমস্ত বিজয়াভিলাষী ক্ষত্রিয়বৃন্দ যুদ্ধের সম্মুখভাগে আসিবে, তাহাদের সকলকেই আমি বধ করিব ॥ ৩৯

হে ভরতশ্রেষ্ঠ! অস্ত্রজ্ঞ গঙ্গাপুত্র ভীষ্ম আমাকে এইরূপ কথা বলিয়াছেন। সেইহেতু রণাঙ্গনে ভীষ্মকেই সর্ব্বপ্রকারে রক্ষা করা একান্ত কর্ত্তব্য বলিয়া আমি মনে করি ॥ ৪০

যদি মহাযুদ্ধে এই (ভীষ্মরূপ) সিংহকে রক্ষা করা না হয়, তবে (শিখণ্ডীরূপ) একটি বৃক তাহাকে বিনাশ করিয়া ফেলিবে। কিন্তু আমরা বৃকসদৃশ শিখণ্ডীর হাতে সিংহতুল্য ভীষ্মকে নিহত হইতে দিব না ॥ ৪১

(অতএব তাঁহার রক্ষার জন্য সর্ব্ব প্রকার ব্যবস্থা অবলম্বন কর।) মামা শকুনি, শল্য, কৃপাচার্য্য, দ্রোণাচার্য্য এবং বিবিংশতি—ইঁহারা সকলে সাবধান হইয়া গঙ্গানন্দন ভীষ্মকে রক্ষা করুন। তিনি সুরক্ষিত হইলেই আমাদের নিশ্চয়ই জয়লাভ হইবে ॥ ৪২

সেই সময় দুর্য্যোধনের এই কথা শ্রবণ করিয়া সেই সব বীরগণ বিশাল রথিসৈন্য দ্বারা গঙ্গানন্দন ভীষ্মকে সর্ব্বদিকে পরিবেষ্টিত করিয়া রহিলেন ॥ ৪৩

আপনার পুত্রগণও ভীষ্মকে পরিবৃত করিয়া প্রসন্নতার সহিত গমন করিতে লাগিলেন। সেই সময় ইঁহারা সকলে ভূলোক ও দ্যুলোককে কম্পিত করিতে করিতে পাণ্ডবদিগের মনে ক্ষোভ উৎপন্ন করিলেন ॥ ৪৪

এই সব কৌরব মহারথীরা সুরক্ষিত রথ ও হস্তীসমূহে ভীষ্মকে ঘিরিয়া কবচাদিতে সুসজ্জিত হইয়া যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥ ৪৫

যেরূপ দেবাসুর সংগ্রামের সময় দেবতারা বজ্রধারী ইন্দ্রকে রক্ষা করিয়া থাকেন, সেইরূপ সকল কৌরবগণই মহারথী ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥ ৪৬

তারপর রাজা দুর্য্যোধন পুনরায় স্বীয় ভ্রাতা দুঃশাসনকে বলিলেন,—দুঃশাসন! অর্জুনের রথের বামচক্রের রক্ষা যুধামন্যু এবং দক্ষিণচক্রের রক্ষা উত্তমৌজা করিতেছেন। অর্জুনের এই দুই রক্ষক এবং শিখণ্ডীর রক্ষক স্বয়ং অর্জুন। অর্জুনকর্তৃক সুরক্ষিত এবং আমাদের দ্বারা উপেক্ষিত হইয়া যাহাতে শিখণ্ডী আমাদের পিতামহ ভীষ্মকে বিনাশ করিতে না পারে, তাহার ব্যবস্থা কর ॥

জ্যেষ্ঠ ভ্রাতা দুর্য্যোধনের এই কথা শ্রবণ করিয়া আপনার পুত্র দুঃশাসন ভীষ্মকে অগ্রে করিয়া সৈন্যবাহিনীর সহিত যুদ্ধস্থলে প্রস্থান করিলেন ॥

ভীষ্মকে রথসমূহে উত্তমরূপে পরিবেষ্টিত দেখিয়া রথিগণের মধ্যে শ্রেষ্ঠ অর্জুন ধৃষ্টদ্যুম্নকে বলিলেন ॥

নৃপ! আজ তুমি পুরুষশ্রেষ্ঠ শিখণ্ডীকে ভীষ্মের সম্মুখে উপস্থিত কর। আমি তাহাকে রক্ষা করিব ॥ ৪৭-৫১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীষ্ম-দুর্য্যোধনের সংবাদবিষয়ক অষ্টনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনশততমোঽধ্যায়ঃ।

[নবমদিবসযুদ্ধায়োভয়পক্ষয়োঃ সৈন্যানাং ব্যূহরচনা, তেষাং তুমুলযুদ্ধারম্ভঃ, বিনাশসূচকোৎপাতানাং বর্ণনঞ্চ।]

সঞ্জয় উবাচ।

ততঃ শান্তনবো ভীষ্মো নির্যযৌ সহ সেনয়া।
ব্যূহং চাব্যূহত মহৎ সর্বতোভদ্রমাত্মনঃ॥ ১

কৃপশ্চ কৃতবর্মাশ্চ শৈব্যশ্চৈব মহারথঃ।
শকুনিঃ সৈন্ধবশ্চৈব কাম্বোজশ্চ সুদক্ষিণঃ॥ ২

ভীষ্মেণ সহিতাঃ সর্ব্বে পুত্রৈশ্চ তব ভারত।
অগ্রতঃ সর্ব্বসৈন্যানাং ব্যূহস্য প্রমুখে স্থিতাঃ॥ ৩

দ্রোণো ভূরিশ্রবাঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ।
দক্ষিণং পক্ষমাশ্রিত্য স্থিতা ব্যূহস্য দংশিতাঃ॥ ৪

অশ্বত্থামা সোমদত্তশ্চাবন্ত্যৌ চ মহারথৌ।
মহত্যা সেনয়া যুক্তা বামং পক্ষমপালয়ন্॥ ৫

দুর্য্যোধনো মহারাজ ত্রিগর্ত্তৈঃ সর্ব্বতো বৃতঃ।
ব্যূহমধ্যে স্থিতো রাজন্ পাণ্ডবান্ প্রতি ভারত॥ ৬

অলম্বুষো রথশ্রেষ্ঠঃ শ্রুতায়ুশ্চ মহারথঃ।
পৃষ্ঠতঃ সর্ব্বসৈন্যানাং স্থিতৌ ব্যূহস্য দংশিতৌ॥ ৭

এবঞ্চ তং তদা ব্যূহং কৃত্বা ভারত তাবকাঃ।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত প্রতপন্ত ইবাগ্নয়ঃ॥ ৮

ততো যুধিষ্ঠিরো রাজা ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
নকুলঃ সহদেবশ্চ মাদ্রীপুত্রবুভাবপি॥ ৯

অগ্রতঃ সর্ব্বসৈন্যানাং স্থিতা ব্যূহস্য দংশিতাঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চ মহারথঃ॥ ১০

স্থিতাঃ সৈন্যেন মহতা পরানীকবিনাশনাঃ।
শিখণ্ডী বিজয়শ্চৈব রাক্ষসশ্চ ঘটোৎকচঃ॥ ১১

চেকিতানো মহাবাহুঃ কুন্তিভোজশ্চ বীর্য্যবান্।
স্থিতা রণে মহারাজ মহত্যা সেনয়া বৃতাঃ॥ ১২

অভিমন্যুর্মহেষ্বাসো দ্রুপদশ্চ মহাবলঃ।
যুযুধানো মহেষ্বাসো যুধামন্যুশ্চ বীর্য্যবান্॥ ১৩

একোনশততম অধ্যায়।

[নবমদিনের যুদ্ধের জন্য উভয়পক্ষের সৈন্যের ব্যূহরচনা, তাহাদের তুমুল যুদ্ধ আরম্ভ এবং বিনাশসূচক উৎপাতসমূহের বর্ণন।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তদনন্তর শান্তনুনন্দন ভীষ্ম সৈন্যের সহিত শিবির হইতে নিষ্ক্রান্ত হইলেন। তিনি নিজ সৈন্যবাহিনীকে সর্ব্বতোভদ্রনামক মহাব্যূহরূপে সংগঠিত করিলেন॥ ১

ভারত! কৃপাচার্য্য, কৃতবর্ম্মা, মহারথী শৈব্য, শকুনি, সিন্ধুরাজ জয়দ্রথ এবং কম্বোজরাজ সুদক্ষিণ—এই সব নরপতিগণ ভীষ্ম ও আপনার পুত্রগণের সহিত সৈন্যসকলের অগ্রে এবং ব্যূহের সম্মুখে অবস্থান করিতে লাগিলেন॥ ২-৩

আর্য্য! দ্রোণাচার্য্য, ভূরিশ্রবা, শল্য এবং ভগদত্ত—ইঁহারা কবচাদিতে সুসজ্জিত হইয়া ব্যূহের দক্ষিণ পক্ষ আশ্রয় করিয়া রহিলেন॥ ৪

অশ্বত্থামা, সোমদত্ত ও অবন্তিদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ—ইঁহারা বিশাল সৈন্যের সহিত ব্যূহের বাম পক্ষ রক্ষা করিতে লাগিলেন॥ ৫

মহারাজ! ভরতবংশীয় রাজন্! ত্রিগর্ত্তদেশীয় সৈন্যগণের দ্বারা চারিদিকে পরিবৃত হইয়া দুর্য্যোধন পাণ্ডবগণের সম্মুখীন হইবার জন্য ব্যূহের মধ্যভাগে থাকিলেন॥ ৬

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ অলম্বুষ ও মহারথী শ্রুতায়ু—ইঁহারা দুইজনে কবচধারণ করত সমগ্র সৈন্যের এবং ব্যূহের পৃষ্ঠভাগে অবস্থান করিতে লাগিলেন॥ ৭

ভারত! এইরূপে ব্যূহরচনা করত সেই সময় আপনার পুত্রগণ কবচাদিতে সুসজ্জিত হইয়া প্রজ্বলিত অগ্নিসমূহের ন্যায় দৃষ্ট হইতেছিলেন॥ ৮

অন্যদিকে রাজা যুধিষ্ঠির, পাণ্ডুনন্দন ভীমসেন, মাদ্রীসুত নকুল-সহদেব কবচধারণ করত সকল সৈন্যের এবং ব্যূহের অগ্রভাগে রহিলেন।

ধৃষ্টদ্যুম্ন, রাজা বিরাট এবং মহারথী সাত্যকি—এই সব শত্রু-সৈন্যবিনাশকারী বীরগণ বিশাল সৈন্যের সহিত ব্যূহের যথাস্থানে স্থিত রহিলেন।

মহারাজ! শিখণ্ডী, অর্জ্জুন, রাক্ষস ঘটোৎকচ, মহাবাহু চেকিতান এবং পরাক্রমী কুন্তিভোজ—ইঁহারা বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া যুদ্ধভূমির যথাযোগ্য স্থানে অবস্থান করিতে লাগিলেন॥ ৯-১২

মহাধনুর্দ্ধর অভিমন্যু, মহাবল দ্রুপদ, মহাধনুর্দ্ধারী যুযুধান, এবং পঞ্চ ভ্রাতা কেকয়রাজকুমারগণ—ইঁহারা কবচধারণ করত যুদ্ধের জন্য প্রস্তুত রহিলেন।

কেকয়া ভ্রাতরশ্চৈব স্থিতা যুদ্ধায় দংশিতাঃ।
এবং তেঽপি মহাব্যূহং প্রতিব্যূহ্য সুদুর্জয়ম্ ॥ ১৪
পাণ্ডবাঃ সমরে শূরাঃ স্থিতা যুদ্ধায় দংশিতাঃ।
তাবকাস্তু রণে যত্তাঃ সহসেনা নরাধিপাঃ ॥ ১৫
অভ্যুদ্যযু রণে পার্থান্ ভীষ্মং কৃত্বাগ্রতো নৃপ।
তথৈব পাণ্ডবা রাজন্ ভীমসেনপুরোগমাঃ ॥ ১৬
ভীষ্মং যোদ্ধুমভীপ্সন্তঃ সংগ্রামে বিজয়ৈষিণঃ।
ক্ষ্বেড়াঃ কিলকিলাঃ শঙ্খান্ ক্রকচান্ গোবিষাণিকাঃ ॥ ১৭
ভেরী-মৃদঙ্গ-পণবান্ নাদয়ন্তশ্চ পুষ্করান্।
পাণ্ডবা অভ্যবর্ত্তন্ত নদন্তো ভৈরবান্ রবান্ ॥ ১৮
ভেরী-মৃদঙ্গ-শঙ্খানাং দুন্দুভীনাঞ্চ নিঃস্বনৈঃ।
উৎকৃষ্টসিংহনাদৈশ্চ বল্গিতৈশ্চ পৃথগ্ বিধৈঃ ॥ ১৯
বয়ং প্রতিনদন্তস্তানগচ্ছাম ত্বরান্বিতাঃ।
সহসৈবাভিসংক্রুদ্ধাস্তদাসীৎ তুমুলং মহৎ ॥ ২০

ততোঽন্যোন্যং প্রধাবন্তঃ সম্প্রহারং প্রচক্রিরে।
ততঃ শব্দেন মহতা প্রচকম্পে বসুন্ধরা ॥ ২১
পক্ষিণশ্চ মহাঘোরং ব্যাহরন্তো বিবভ্রমুঃ।
সপ্রভশ্চোদিতঃ সূর্য্যো নিষ্প্রভঃ সমপদ্যত ॥ ২২
ববুশ্চ বাতাস্তুমুলাঃ শংসন্তঃ সুমহদ্ ভয়ম্।
ঘোরাশ্চ ঘোরনির্হ্রাদাঃ শিবাস্তত্র ববাশিরে ॥ ২৩
বেদয়ন্ত্যো মহারাজ মহদ্ বৈশসমাগতম্।
দিশঃ প্রজ্বলিতা রাজন্ পাংশুবর্ষং পপাত চ ॥ ২৪
রুধিরেণ সমুন্মিশ্রমস্থিবর্ষং তথৈব চ।
রুদতাং বাহনানাঞ্চ নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥ ২৫
সুস্রুবুশ্চ শকৃন্মূত্রং প্রধ্যায়ন্তো বিশাম্পতে।
অন্তর্হিতা মহানাদাঃ শ্রূয়ন্তে ভরতর্ষভ ॥ ২৬
রক্ষসাং পুরুষাদানাং নদতাং ভৈরবান্ রবান্।
সম্পতন্তশ্চ দৃশ্যন্তে গোমায়ু-বল-বায়সাঃ ॥ ২৭

এইরূপে সেই বীরবর পাণ্ডবগণও সমরাঙ্গণে অত্যন্ত দুর্জয় মহাব্যূহ রচনা করিয়া কবচধারণপূর্ব্বক যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥

রাজন্! আপনার সৈন্যদিগের মধ্যে নরপতিগণ নিজ নিজ সৈন্যসমূহের সহিত যুদ্ধের জন্য উদ্যত হইয়া ভীষ্মকে অগ্রে করত যুদ্ধে পাণ্ডবদের উপর আক্রমণ করিলেন। হে নৃপ! সেইরূপ ভীমসেন প্রভৃতি পাণ্ডবগণও আপনার সৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ১৩-১৬

সংগ্রামে ভীষ্মের সহিত যুদ্ধ করিতে ইচ্ছুক বিজয়াভিলাষী পাণ্ডবেরা সিংহনাদ, কিলকিলা শব্দ, শঙ্খধ্বনি, ক্রকচ, গোশৃঙ্গ, ভেরী, মৃদঙ্গ, পণব ও পুষ্করাদি বাদ্যসমূহ বাজাইতে বাজাইতে এবং ভয়ঙ্কর গর্জন করিতে করিতে কৌরবসৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ১৭-১৮

ভেরী, মৃদঙ্গ, শঙ্খ ও দুন্দুভিসমূহের ধ্বনি এবং উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে করিতে ও বহুপ্রকারের লম্ফঝম্ফ করিতে করিতে আমরাও সত্বরতার সহিত তাঁহাদের উপর আক্রমণ করিলাম এবং গর্জনের উত্তর আমরাও নিজ নিজ গর্জনের দ্বারা প্রদান করিলাম এবং তখন উভয় পক্ষের সৈন্যদের মধ্যে অতিশয় তুমুল যুদ্ধ আরম্ভ হইয়া যাইল ॥ ১৯-২০

উভয়পক্ষের যোদ্ধারাই পরস্পরের প্রতি ধাবিত হইয়া অস্ত্র-প্রহার করিতে লাগিল। সেই সময় যে মহাকোলাহল হইতে ছিল, তাহাতে পৃথিবী কাঁপিয়া উঠিল ॥ ২১

পক্ষীরা অতিশয় ভয়ঙ্কর শব্দ করিতে করিতে চারিদিকে ঘুরিয়া বেড়াইতে লাগিল। সূর্য্যদেব যদিও তেজস্বী রূপধারণ করত উদিত হইয়াছিলেন, তথাপি সেই সময় তিনিও যেন নিস্তেজ হইয়া যাইলেন ॥ ২২

মহাভয়ের সূচনাকারী বায়ু তীব্রবেগে বহিয়া চলিল। ঘোর বজ্রপাতের ন্যায় ভয়ঙ্কর শব্দ হইতে লাগিল। শিবাগণ তখন অশুভসূচক রব করিতেছিল ॥ ২৩

মহারাজ! তাহারা গুরুতর ধ্বংসের বিষয় জানাইতেছিল। রাজন্! তখন দিক্‌সমূহ যেন প্রজ্বলিত হইয়া উঠিল এবং চারিদিকেই ধূলিবর্ষণ হইতে থাকিল। সেই সঙ্গে রক্তমিশ্রিত বহু অস্থিও বর্ষিত হইতেছিল। সেই সময় ক্রন্দনরত বাহনগুলির নেত্র হইতে অশ্রুজল পতিত হইতে লাগিল ॥ ২৪-২৫

প্রজানাথ! এই সময় সমস্ত বাহনই অতিশয় চিন্তামগ্ন হইয়া মলমূত্র ত্যাগ করিতে আরম্ভ করিল। ভরতশ্রেষ্ঠ! ভয়ঙ্কর গর্জনকারী নরখাদক রাক্ষসগণের মহাশব্দ শোনা যাইতে লাগিল, কিন্তু এইরূপ শব্দকারীরা অদৃশ্য ছিল ॥ ২৬

চারিদিক্ হইতেই গোমায়ু ও বলশালী বায়সগণ পতিত হইতেছে—ইহা দেখা যাইল। আর্য্য! সেখানে কুকুরগুলিও নানাবিধ শব্দ করিতেছিল ॥ ২৭

শ্বানশ্চ বিবিধৈর্নাদৈর্বাশন্তস্তত্র মারিষ ॥ ২৭
জ্বলিতাশ্চ মহোল্কা বৈ সমাহত্য দিবাকরম্।
নিপেতুঃ সহসা ভূমৌ বেদয়ন্তো মহদ্ ভয়ম্ ॥ ২৮
মহান্ত্যনীকানি মহাসমুচ্ছ্রয়ে
ততস্তয়োঃ পাণ্ডব-ধার্ত্তরাষ্ট্রয়োঃ।
চকম্পিরে শঙ্খ-মৃদঙ্গনিঃস্বনৈঃ
প্রকম্পিতানীব বনানি বায়ুনা ॥ ২৯

প্রজ্বলিত বিশাল উল্কাসমূহ সূর্য্যদেবকে অভিভূত করিয়া মহাভয়ের সূচনা করিতে করিতে ধরাতলে পতিত হইতেছিল ॥২৮

সেই মহাসংগ্রামে পাণ্ডব ও কৌরব উভয়পক্ষেরই বিশাল সৈন্যবাহিনী শঙ্খ ও মৃদঙ্গের ধ্বনিতে সেইভাবে কাঁপিতে ছিল, যেভাবে বায়ুর বেগে সমগ্র বনভূমি কাঁপিতে থাকে ॥ ২৯

নরেন্দ্র-নাগাশ্বসমাকুলানা-
মভ্যায়তীনামশিবে মুহূর্ত্তে।
বভূব ঘোষস্তুমুলশ্চমূনাং
বাতোদ্ধুতানামিব সাগরাণাম্ ॥ ৩০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ববণি ভীষ্মবধপর্ববণি পরস্পরব্যূহরচনায়ামুৎপাত-দর্শনে একোনশততমোঽধ্যায়ঃ ॥ ৯৯

সেই অমঙ্গলজনক মুহূর্ত্তে নরপতি, হস্তী ও অশ্বগণে পরিপূর্ণ হইয়া পরস্পর পরস্পরের উপর আক্রমণ করিতে করিতে উভয় পক্ষেরই বিশাল সৈন্যবাহিনীর ভয়ঙ্কর শব্দ বায়ুবিক্ষুব্ধ সমুদ্রের গর্জ্জনের ন্যায় মনে হইতেছিল ॥ ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে পরস্পরের ব্যূহরচনার পর উৎপাত-দর্শনবিষয়ক একোনশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শততমোঽধ্যায়ঃ।

[দ্রৌপদ্যাঃ পঞ্চপুত্রাণামভিমন্যোশ্চ অলম্বুষেণ রাক্ষসেন সহ ভয়ঙ্করং যুদ্ধম্, অভিমন্যুনা বিনাশ্যমানানাং কৌরবসৈন্যানাং যুদ্ধতঃ পলায়নঞ্চ]

সঞ্জয় উবাচ।

অভিমন্যু রথোদারঃ পিশঙ্গৈস্তুরগোত্তমৈঃ।
অভিদুদ্রাব তেজস্বী দুর্য্যোধনবলং মহৎ ॥ ১
বিকিরন্ শরবর্ষাণি বারিধারা ইবাম্বুদঃ।
ন শেকুঃ সমরে ক্রুদ্ধং সৌভদ্রমরিসূদনম্ ॥ ২
(ক্রোড়রূপং হরিমিব প্রবিশন্তং মহার্ণবম্।)
শস্ত্রৌঘিণং গাহমানং সেনাসাগরমক্ষয়ম্।
নিবারয়িতুমপ্যাজৌ ত্বদীয়াঃ কুরুনন্দন ॥ ৩

তেন মুক্তা রণে রাজন্ শরাঃ শত্রুনিবর্হণাঃ।
ক্ষত্রিয়াননয়ন্ শূরান্ প্রেতরাজনিবেশনম্ ॥ ৪
যমদণ্ডোপমান্ ঘোরান্ জ্বলিতাশীবিষোপমান্।
সৌভদ্রঃ সমরে ক্রুদ্ধঃ প্রেষয়ামাস সায়কান্ ॥ ৫
সরথান্ রথিনস্তূর্ণং হয়াংশ্চৈব সসাদিনঃ।
গজারোহাংশ্চ সগজান্ দারয়ামাস ফাল্গুনিঃ ॥ ৬
তস্য তৎ কুর্ব্বতঃ কর্ম্ম মহৎ সংখ্যে মহীভৃতঃ।
পূজয়াঞ্চক্রিরে হৃষ্টাঃ প্রশশংসুশ্চ ফাল্গুনিম্ ॥ ৭

শততম অধ্যায়

[দ্রৌপদীর পঞ্চ পুত্র ও অভিমন্যুর রাক্ষস অলম্বুষের সহিত ভয়ঙ্কর যুদ্ধ এবং অভিমন্যুকর্তৃক বিনষ্ট হইতে হইতে কৌরব সৈন্যদের যুদ্ধ হইতে পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! রথিগণের মধ্যে শ্রেষ্ঠ তেজস্বী অভিমন্যু পিঙ্গলবর্ণের শ্রেষ্ঠ অশ্বসমূহে যোজিত রথের দ্বারা দুর্য্যোধনের বিশাল সৈন্যবাহিনীর দিকে ধাবিত হইলেন ॥ ১

যেরূপ মেঘ জলধারা বর্ষণ করে, সেইরূপ অভিমন্যুও বাণবর্ষণ করিতেছিলেন। যেরূপ বরাহরূপধারী ভগবান্ বিষ্ণু মহাসাগরে প্রবেশ করিয়াছিলেন, সেইরূপ শত্রুনাশক সুভদ্রাসুত কুপিত হইয়া যুদ্ধে অস্ত্রপ্রবাহযুক্ত কৌরবগণের অক্ষয় সৈন্যসমুদ্রে প্রবেশ করিলেন। কুরুনন্দন! সেই সময় আপনার সৈন্যগণ তাঁহাকে প্রতিরোধ করিতে পারে নাই ॥ ২-৩

রাজন্! রণাঙ্গনে অভিমন্যুকর্তৃক নিক্ষিপ্ত শত্রুনাশক বাণসমূহে বহুসংখ্যক বীরবর ক্ষত্রিয়দিগকে যমালয়ে প্রেরণ করিল ॥ ৪

সুভদ্রানন্দন সমরাঙ্গণে ক্রুদ্ধ হইয়া যমদণ্ডতুল্য ভয়ঙ্কর ও প্রজ্বলিত মুখবিশিষ্ট বিষধর সর্পসদৃশ ভয়ানক বাণসমূহ প্রহার করিতে লাগিলেন ॥ ৫

অর্জুনপুত্র অভিমন্যু রথের সহিত রথী, আরোহীর সহিত অশ্ব ও হাতীর সহিত তাহার আরোহীদিগকে অতিদ্রুত বিদীর্ণ করিতে থাকিলেন ॥ ৬

যুদ্ধের এরূপ মহান্ পরাক্রমকারী অভিমন্যুর এবং তাঁহার

তান্যনীকানি সৌভদ্রো দ্রাবয়মাস ভারত।
তূলরাশীনিবাকাশে মারুতঃ সর্ব্বতো দিশম্ ॥ ৮
তেন বিদ্রাব্যমাণানি তব সৈন্যানি ভারত।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কে মগ্না ইব দ্বিপাঃ ॥ ৯
বিদ্রাব্য সর্ব্বসৈন্যানি তাবকানি নরোত্তম।
অভিমন্যুঃ স্থিতো রাজন্ বিধূমোঽগ্নিরিব জ্বলন ॥১০
ন চৈনং তাবকা রাজন্ বিষেহুররিঘাতিনম্।
প্রদীপ্তং পাবকং যদ্বদ্ পতঙ্গাঃ কালচোদিতাঃ ॥ ১১
প্রহরন্ সর্ব্বশত্রুভ্যঃ পাণ্ডবানাং মহারথঃ।
অদৃশ্যত মহেষ্বাসঃ সবজ্র ইব বাসবঃ ॥ ১২
হেমপৃষ্ঠং ধনুশ্চাস্য দদৃশে বিচরদ্ দিশঃ।
তোয়দেষু যথা রাজন্ রাজমানা শতহ্রদা ॥ ১৩
শরাশ্চ নিশিতাঃ পীতা নিশ্চরন্তি স্ম সংযুগে।
বনাৎ ফুল্লদ্রুমাদ্ রাজন্ ভ্রমরাণামিব ব্রজাঃ ॥ ১৪

কর্ম্মের সকল রাজাই প্রসন্ন হইয়া ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন ॥ ৭

ভারত! যেরূপ বায়ু তুলারাশিকে উড়াইয়া থাকে, সেইরূপ সুভদ্রাকুমার অভিমন্যু সমস্ত সৈন্যবাহিনীকেই তাড়াইয়া দিলেন ॥৮

ভরতনন্দন! অভিমন্যুকর্তৃক বিতাড়িত হইয়া আপনার সৈন্যগণ পঙ্কে মগ্ন হস্তীদিগের ন্যায় নিজেদের কোন একজনও রক্ষক পাইল না ॥ ৯

হে নরোত্তম! রাজন্! আপনার সকল সৈন্যবাহিনীকে বিতাড়িত করিয়া অভিমন্যু ধূমরহিত অগ্নির ন্যায় প্রকাশিত হইতে লাগিলেন ॥ ১০

রাজন্! আপনার সৈন্যরা শত্রুঘাতী অভিমন্যুর বেগ সহ্য করিতে পারিল না। যেরূপ কালপ্রেরিত হইয়া পতঙ্গসকল প্রজ্বলিত অগ্নির তাপ সহ্য করিতে পারে না (অগ্নিতেই দগ্ধ হইয়া মৃত্যুবরণ করে), সেরূপ দশাও আপনার সৈন্যগণেরও হইয়াছিল ॥১১

সকল শত্রুর উপরই প্রহারকারী পাণ্ডব-মহারথী মহাধনুর্দ্ধর অভিমন্যু বজ্রধারী ইন্দ্রের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥ ১২

রাজন্! অভিমন্যুর ধনুর পৃষ্ঠভাগ স্বর্ণেতে ভূষিত ছিল, ঐ ধনু সকল দিকেই বিচরণকারী মেঘের ক্রোড়ে প্রস্ফুরিত বিদ্যুতের ন্যায় সুশোভিত হইতেছিল ॥ ১৩

যুদ্ধক্ষেত্রে অভিমন্যুর ধনু হইতে নিক্ষিপ্ত তীক্ষ্ণ ও পীতবর্ণের বাণসমূহ এরূপভাবে ছুটিতেছিল, মনে হইল—বৃক্ষশ্রেণীতে পরিপূর্ণ বনপ্রান্ত হইতে ভ্রমরসমূহ নির্গত হইতেছিল ॥ ১৪

তথৈব চরতস্তস্য সৌভদ্রস্য মহাত্মনঃ।
রথেন কাঞ্চনাঙ্গেন দদৃশুর্নান্তরং জনাঃ ॥ ১৫
মোহয়িত্বা কৃপং দ্রোণং দ্রৌণিঞ্চ সবৃহদ্বলম্।
সৈন্ধবঞ্চ মহেষ্বাসো ব্যচরল্লঘু সুষ্ঠু চ ॥ ১৬
মণ্ডলীকৃতমেবাস্য ধনুঃ পশ্যাম ভারত।
সূর্য্যমণ্ডলসঙ্কাশং দহতস্তব বাহিনীম্ ॥ ১৭
তং দৃষ্ট্বা ক্ষত্রিয়াঃ শূরাঃ প্রতপন্তং তরস্বিনম্।
দ্বিফাল্গুনমিমং লোকং মেনিরে তস্য কর্ম্মভিঃ ॥ ১৮
তেনার্দিতা মহারাজ ভারতী সা মহাচমূঃ।
বভ্রাম তত্র তত্রৈব যোষিন্মদবশাদিব ॥ ১৯
দ্রাবয়িত্বা মহাসৈন্যং কম্পয়িত্বা মহারথান্।
নন্দয়ামাস সুহৃদো ময়ং জিত্বেব বাসবঃ ॥ ২০
তেন বিদ্রাব্যমাণানি তব সৈন্যানি সংযুগে।
চক্রুরার্ত্তস্বনং ঘোরং পর্জন্যনিনদোপমম্ ॥ ২১

মহাত্মা সুভদ্রানন্দন অভিমন্যু স্বর্ণময় রথের দ্বারা পূর্ব্ববৎ রণভূমিতে বিচরণ করিতেছিলেন, তখন সেখানকার সকল লোকই তাঁহাকে প্রহার করিবার কোনরূপ অবসরই দেখিতে পাইল না ॥১৫

মহাধনুর্দ্ধর অভিমন্যু কৃপাচার্য্য, দ্রোণাচার্য্য, অশ্বত্থামা, বৃহদ্বল ও সিন্ধুরাজ জয়দ্রথ—ইহাদের সকলকেই মোহিত করিয়া সাবধানে দ্রুতগতিতে চারিদিকে বিচরণ করিতে লাগিলেন ॥ ১৬

ভারত! আপনার সৈন্যদিগকে দগ্ধ করিতে করিতে অভিমন্যুর ধনুকে তখন আমরা সর্ব্বদা সূর্য্যমণ্ডলের তুল্য মণ্ডলাকার হইয়াই আছে দেখিতে লাগিলাম ॥ ১৭

সকলকে সন্তপ্তকারী সেই বেগশালী বীরকে দেখিয়া সমস্ত বীরবর ক্ষত্রিয়গণ তাঁহাকে কর্ম্মের দ্বারা ইহাই মনে করিতে লাগিলেন যে, এই লোকে দুই জন অর্জুন রহিয়াছেন ॥ ১৮

মহারাজ! অভিমন্যুকর্তৃক পীড়িত ভরতবংশীয়দিগের সেই বিশাল সৈন্য মদোন্মত্তা যুবতীর ন্যায় চারিদিকে ঘুরিতে লাগিল ॥ ১৯

ময়াসুরবিজয়ী ইন্দ্রসদৃশ অভিমন্যু সেই বিশাল ভারত-সৈন্যকে বিতাড়িত করিয়া এবং মহারথী বীরগণকে কম্পিত করিতে থাকিয়া সুহৃদ্বর্গকে আনন্দিত করিলেন ॥ ২০

তাঁহার দ্বারা যুদ্ধে বিতাড়িত হইয়া আপনার সৈন্যগণ মেঘ-গর্জনসদৃশ ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল ॥ ২১

তং শ্রুত্বা নিনদং ঘোরং তব সৈন্যস্য ভারত।
মারুতোদ্ধতবেগস্য সাগরস্যেব পর্ববণি॥ ২২

দুর্য্যোধনস্তদা রাজন্নার্ষ্যশৃঙ্গিমভাষত।
এষ কার্ষ্ণির্মহাবাহো দ্বিতীয় ইব ফাল্গুনঃ॥ ২৩

চমূং দ্রাবয়তে ক্রোধাদ্ বৃত্রো দেবচমূমিব।
তস্য চান্যন্ন পশ্যামি সংযুগে ভেষজং মহৎ॥ ২৪

ঋতে ত্বাং রাক্ষসশ্রেষ্ঠং সর্ববিদ্যাসু পারগম্।
স গত্বা ত্বরিতং বীরং জহি সৌভদ্রমাহবে॥ ২৫

বয়ং পার্থং হনিষ্যামো ভীষ্ম-দ্রোণপুরোগমাঃ।
স এবমুক্তো বলবান্ রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্॥ ২৬

প্রযযৌ সমরে তূর্ণং তব পুত্রস্য শাসনাৎ।
নর্দমানো মহানাদং প্রাবৃষীব বলাহকঃ॥ ২৭

তস্য শব্দেন মহতা পাণ্ডবানাং বলং মহৎ।
প্রাচলৎ সর্বতো রাজন্ বাতোদ্ধত ইবার্ণবঃ॥ ২৮

বহবশ্চ মহারাজ তস্য নাদেন ভীষিতাঃ।
প্রিয়ান্ প্রাণান্ পরিত্যজ্য নিপেতুর্ধরণীতলে॥ ২৯

কার্ষ্ণিশ্চাপি মুদা যুক্তঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
নৃত্যন্নিব রথোপস্থে তদ্ রক্ষঃ সমুপাদ্রবৎ॥ ৩০

ততঃ স রাক্ষসঃ ক্রুদ্ধঃ সম্প্রাপ্যৈবার্জুনিং রণে।
নাতিদূরে স্থিতাং তস্য দ্রাবয়ামাস বৈ চমূম্॥ ৩১

তাং বধ্যমানাঞ্চ তথা পাণ্ডবানাং মহাচমূম্।
প্রত্যুদ্যযৌ রণে রক্ষো দেবসেনাং যথা বলঃ॥ ৩২

বিমর্দ্দঃ সুমহানাসীৎ তস্য সৈন্যস্য মারিষ।
রক্ষসা ঘোররূপেণ বধ্যমানস্য সংযুগে॥ ৩৩

ততঃ শরসহস্রৈস্তাং পাণ্ডবানাং মহাচমূম্।
ব্যদ্রাবয়দ্ রণে রক্ষো দর্শয়ন্ স্বপরাক্রমম্॥ ৩৪

সা বধ্যমানা চ তথা পাণ্ডবানামনীকিনী।
রক্ষসা ঘোররূপেণ প্রদুদ্রাব রণে ভয়াৎ॥ ৩৫

ভরতবংশধর রাজন্! পূর্ণিমার দিনে বায়ুর আঘাতে উদ্বেলিত সমুদ্রের গর্জনের ন্যায় আপনার সৈন্যদের ভয়ঙ্কর আর্ত্তনাদ শ্রবণ করিয়া সেই সময় দুর্য্যোধন রাক্ষস ঋষ্যশৃঙ্গপুত্র অলম্বুষকে এইরূপ বলিলেন,—মহাবাহো! এই অর্জ্জুনের পুত্র অভিমন্যু দ্বিতীয় অর্জ্জুনতুল্য পরাক্রমী॥ ২২-২৩

যেরূপ বৃত্রাসুর দেবসৈন্যগণকে প্রহার করিয়া বিতাড়িত করিয়াছিল, সেইরূপ অভিমন্যুও ক্রুদ্ধ হইয়া আমার সৈন্যদিগকে বিতাড়িত করিতেছে। আমি যুদ্ধস্থলে সমস্ত বিদ্যায় পারদর্শী এবং রাক্ষসগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ তোমার ন্যায় বীর ব্যতীত অন্য কাহাকেও এরূপ দেখিতেছি না, যে এই রোগের সর্ব্বোত্তম ঔষধ প্রদান করিতে পারে॥

অতএব তুমি অতিসত্বর যাইয়া যুদ্ধক্ষেত্রে বীর সুভদ্রাকুমারকে বধ কর এবং আমরা ভীষ্ম ও দ্রোণাচার্য্যকে অগ্রে রাখিয়া অর্জ্জুনকে সংহার করিব॥

আপনার পুত্র দুর্য্যোধন এই কথা বলিলে পর তাঁহার আজ্ঞায় বলবান্ ও প্রতাপশালী রাক্ষসরাজ অলম্বুষ অতিক্রুদ্ধ বর্ষাকালের মেঘের ন্যায় গম্ভীরস্বরে গর্জ্জন করিতে করিতে সমরাঙ্গণে গমন করিল॥ ২৪-২৭

রাজন্! তাহার মহাগর্জ্জনে বায়ুদ্বারা বিক্ষুব্ধ সমুদ্রের ন্যায় পাণ্ডবদিগের বিশাল সৈন্যবাহিনীর সর্ব্বদিকেই চঞ্চলতা উপস্থিত হইল॥ ২৮

মহারাজ! তাহার সিংহনাদে ভীত হইয়া বহুসংখ্যক সৈন্য স্বীয় প্রিয় প্রাণ পরিত্যাগ করিয়া ধরাতলে পতিত হইল॥ ২৯

অভিমন্যুও হর্ষ এবং উৎসাহের সহিত হাতে ধনুর্ব্বাণ লইয়া রথের আসনে যেন নৃত্য করিতে করিতেই সেই রাক্ষসের দিকে ধাবিত হইলেন॥ ৩০

তাহার পর সেই ক্রুদ্ধ রাক্ষস অলম্বুষ যুদ্ধে অভিমন্যুর নিকট উপস্থিত হইয়া তাঁহার পার্শ্বে স্থিত সৈন্যদিগকে বিতাড়িত করিতে লাগিল॥ ৩১

এইরূপে পীড়িত পাণ্ডবদিগের বিশাল সৈন্যবাহিনীর উপর রাক্ষস অলম্বুষ সেইভাবে ধাবিত হইল, যেরূপ বলনামক দৈত্য দেবসেনার উপর ধাবিত হইয়াছিল॥ ৩২

আর্য্য! যুদ্ধস্থলে ভয়ঙ্কর রাক্ষসকর্ত্তৃক আহত হইয়া সেই সৈন্যবাহিনীর ঘোরতর সংহার হইতে লাগিল॥ ৩৩

সেই সময় রাক্ষস নিজের পরাক্রম দেখাইয়া রণাঙ্গনে সহস্র সহস্র বাণের দ্বারা পাণ্ডবদের বিশাল সৈন্যবাহিনীকে বিতাড়িত করিতে থাকিল॥ ৩৪

সেই ভয়ঙ্কর রাক্ষসকর্ত্তৃক তাদৃশ পীড়িত হইয়া পাণ্ডবসৈন্যগণ ভয়ে রণভূমি হইতে পলায়ন করিতে লাগিল॥ ৩৫

প্রমৃদ্ন চ রণে সেনাং
পদ্মিনীং বারণো যথা।
ততোঽভিদুদ্রাব রণে
দ্রৌপদেয়ান্ মহাবলান্॥ ৩৬
তে তু ক্রুদ্ধা মহেষ্বাসা দ্রৌপদেয়াঃ প্রহারিণঃ।
রাক্ষসং দুদ্রুবুঃ সংখ্যে গ্রহাঃ পঞ্চ রবিং যথা॥ ৩৭
বীর্য্যবদ্ভিস্ততস্তৈস্তু পীড়িতো রাক্ষসোত্তমঃ।
যথা যুগক্ষয়ে ঘোরে চন্দ্রমাঃ পঞ্চভির্গ্রহৈঃ॥ ৩৮
প্রতিবিন্ধ্যস্ততো রক্ষো বিভেদ নিশিতৈঃ শরৈঃ।
সর্ব্বপারশবৈস্তূর্ণৈরকুণ্ঠাগ্রৈর্মহাবলঃ॥ ৩৯
স তৈর্ভিন্নতনুত্রাণঃ শুশুভে রাক্ষসোত্তমঃ।
মরীচিভিরিবার্কস্য সংস্যূতো জলদো মহান্॥ ৪০
বিষক্তৈঃ স শরৈশ্চাপি তপনীয়পরিচ্ছদৈঃ।
আর্ষ্যশৃঙ্গির্বভৌ রাজন্ দীপ্তশৃঙ্গ ইবাচলঃ॥ ৪১

যেরূপ হাতী পদ্মসুশোভিত সরোবরকে মথিত করিয়া থাকে, সেইরূপ রণাঙ্গনে পাণ্ডবসৈন্যদিগকে মথিত করিতে থাকিয়া অলম্বুষ দ্রৌপদীর মহাবল পুত্রদের দিকে ধাবিত হইল॥ ৩৬

দ্রৌপদীর পঞ্চ পুত্র মহাধনুর্দ্ধর ও প্রহার করিতে নিপুণ ছিলেন। তাঁহারা সমরাঙ্গণে কুপিত হইয়া সেই রাক্ষসের উপর সেইভাবে ধাবিত হইলেন, যেরূপ পঞ্চ গ্রহ সূর্য্যদেবের দিকে ধাবিত হইয়া থাকেন॥ ৩৭

তখন পরাক্রমশালী দ্রৌপদীপুত্রগণের দ্বারা সেই শ্রেষ্ঠ রাক্ষস তাদৃশ পীড়িত হইতে থাকিল, যেরূপ ভয়ানক প্রলয়কাল আসিলে চন্দ্র পঞ্চগ্রহের দ্বারা পীড়িত হন॥ ৩৮

সেই সময় মহাবল প্রতিবিন্ধ্য সম্পূর্ণভাগে লৌহদ্বারা নির্ম্মিত অপ্রতিহত ধারাল শীঘ্রগামী তীক্ষ্ণ বাণসমূহে সেই রাক্ষসকে বিদীর্ণ করিয়া ফেলিলেন॥ ৩৯

সেই বাণগুলি রাক্ষসের কবচ ভেদ করিয়া শরীরে প্রবেশ করিল। তাহাতে রাক্ষসরাজ অলম্বুষ সেইরূপ শোভা পাইতে লাগিল, যেরূপ মহামেঘ সূর্য্যের কিরণে ওতপ্রোতভাবে যুক্ত থাকিয়া শোভা পাইয়া থাকে॥ ৪০

রাজন্! শরীরের মধ্যে প্রবিষ্ট সেই স্বর্ণভূষিত বাণসমূহে ঋষ্যশৃঙ্গপুত্র রাক্ষস অলম্বুষ প্রদীপ্ত শিখরশোভিত পর্ব্বতের ন্যায় সুশোভিত ছিল॥ ৪১

ততস্তে ভ্রাতরঃ পঞ্চ রাক্ষসেন্দ্রং মহাহবে।
বিব্যধুর্নিশিতৈর্বাণৈস্তপনীয়বিভূষিতৈঃ॥ ৪২
স নির্ভিন্নঃ শরৈর্ঘোরৈর্ভুজগৈঃ কোপিতৈরিব।
অলম্বুষো ভৃশং রাজন্ নাগেন্দ্র ইব চুক্রুধে॥ ৪৩
সোঽতিবিদ্ধো মহারাজ মুহূর্ত্তমথ মারিষ।
প্রবিবেশ তমো দীর্ঘং পীড়িতস্তৈর্মহারথৈঃ॥ ৪৪
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং ক্রোধেন দ্বিগুণীকৃতঃ।
চিচ্ছেদ সায়কাংস্তেষাং ধ্বজাংশ্চৈব ধনূংষি চ॥ ৪৫
একৈকং পঞ্চভির্বাণৈরাজঘান স্ময়ন্নিব।
অলম্বুষো রথোপস্থে নৃত্যন্নিব মহারথঃ॥ ৪৬
ত্বরমাণঃ সুসংরব্ধো হয়াংস্তেষাং মহাত্মনাম্।
জঘান রাক্ষসঃ ক্রুদ্ধঃ সারথীংশ্চ মহাবলঃ॥ ৪৭
বিভেদ চ সুসংরব্ধঃ পুনশ্চৈনান্ সুসংশিতৈঃ।
শরৈর্বহুবিধাকারৈঃ শতশোঽথ সহস্রশঃ॥ ৪৮

তারপর পঞ্চ ভ্রাতা সেই মহাভারতে স্বর্ণভূষিত তীক্ষ্ণ বাণসমূহে রাক্ষসরাজ অলম্বুষকে ক্ষত-বিক্ষত করিয়া ফেলিলেন॥ ৪২

রাজন্! ক্রুদ্ধ সর্পসমূহসদৃশ সেই ভয়ঙ্কর বাণশ্রেণীতে অত্যন্ত আহত হইয়া অলম্বুষ অঙ্কুশবিদ্ধ গজরাজের ন্যায় কুপিত হইয়া উঠিল॥ ৪৩

মহারাজ! সেই মহারথী বীরগণের বাণশ্রেণীতে গুরুতর আহত ও পীড়িত অলম্বুষ মুহূর্ত্তকাল অতিশয় মোহাচ্ছন্ন হইয়া পড়িল॥ ৪৪

তারপর সংজ্ঞালাভ করিয়া সে ক্রোধে দ্বিগুণ জ্বলিয়া উঠিল। তখন অলম্বুষ নিজ বাণে তাঁহাদের অস্ত্রসমূহ, ধ্বজ ও ধনুগুলিকেও ছেদন করিয়া ফেলিল॥ ৪৫

তদনন্তর রথের আসনে থাকিয়া যেন নৃত্য করিতে করিতেই মহারথী অলম্বুষ হাস্যসহকারে তাঁহাদের প্রত্যেককে পাঁচটি করিয়া বাণ প্রহার করত আহত করিল॥ ৪৬

পুনরায় সত্বরতার সহিত অত্যন্ত রোষাবিষ্ট হইয়া মহাবল ক্রুদ্ধ রাক্ষস সেই মহাত্মা পঞ্চ ভ্রাতার অশ্ব ও সারথিগণকে সংহার করিয়া ফেলিল॥ ৪৭

তাহার পর অত্যন্ত ক্রোধভরে বহুপ্রকার শত শত ও সহস্র সহস্র সুতীক্ষ্ণ বাণ দ্বারা রাক্ষস তাঁহাদের সকলকেই গুরুতর আঘাত করিতে লাগিল॥ ৪৮

বিরথাংশ্চ মহেষ্বাসান্ কৃত্বা তত্র স রাক্ষসঃ।
অভিদুদ্রাব বেগেন হন্তুকামো নিশাচরঃ ॥ ৪৯
তানর্দিতান্ রণে তেন রাক্ষসেন দুরাত্মনা।
দৃষ্ট্বার্জুনসুতঃ সংখ্যে রাক্ষসং সমুপাদ্রবৎ ॥ ৫০
তয়োঃ সমভবদ্ যুদ্ধং বৃত্রবাসবয়োরিব।
দদৃশুস্তাবকাঃ সর্ব্বে পাণ্ডবাশ্চ মহারথাঃ ॥ ৫১
তৌ সমেতৌ মহাযুদ্ধে ক্রোধদীপ্তৌ পরস্পরম্।
মহাবলৌ মহারাজ ক্রোধসংরক্তলোচনৌ ॥ ৫২
পরস্পরমবেক্ষেতাম্ কালানলসমৌ যুধি।
তয়োঃ সমাগমো ঘোরো বভূব কটুকোদয়ঃ ॥ ৫৩
যথা দেবাসুরে যুদ্ধে শক্র শম্বরয়োঃ পুরা ॥ ৫৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি অলম্বুষাভিমন্যুসমাগমে শততমোঽধ্যায়ঃ ॥ ১০০

সেই মহাধনুর্দ্ধর বীরগণকে রথহীন করিয়া যুদ্ধে তাঁহাদেরকে বধ করিবার ইচ্ছায় নিশাচর অলম্বুষ তীব্রবেগে তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥ ৪৯

তখন পঞ্চভ্রাতাকেই রণাঙ্গনে রাক্ষসকর্তৃক অত্যন্ত পীড়িত হইতে দেখিয়া অর্জুনপুত্র অভিমন্যু পুনরায় তাহার উপর আক্রমণ করিলেন ॥ ৫০

তারপর তাঁহাদের উভয়ের মধ্যেই বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল। তখন আপনার ও পাণ্ডবপক্ষের সকল মহারথী যোদ্ধাই সেই যুদ্ধ দর্শন করিতে লাগিলেন ॥ ৫১

মহারাজ! সেই মহাযুদ্ধে ক্রোধে উদ্দীপ্ত হইয়া চক্ষু রক্তবর্ণ করত পরস্পর পরস্পরের সম্মুখীন হইয়া এই দুই মহাবল বীর যুদ্ধে কাল ও অগ্নির ন্যায় পরস্পরকে দেখিতে থাকিলেন। তাঁহাদের সেই ঘোরতর সংগ্রাম অত্যন্ত কটু পরিণাম সৃষ্টি করিয়াছিল। পূর্ব্বকালে দেবাসুর-সংগ্রামের সময় ইন্দ্র ও শম্বরাসুরের মধ্যে যেরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল, সেইরূপ যুদ্ধই ইহাদের আরম্ভ হইল ॥ ৫২-৫৪

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে অলম্বুষ ও অভিমন্যুর সংগ্রামবিষয়ক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাধিকশততমোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনাঽলম্বুষস্য পরাজয়ঃ, অর্জুনেন সহ ভীষ্ম-কৃপাচার্য্যয়োঃ, অশ্বত্থাম্না দ্রোণাচার্য্যেণ সহ সাত্যকেশ্চ যুদ্ধম্]

ধৃতরাষ্ট্র উবাচ।
আর্জ্জুনিং সমরে শূরং বিনিঘ্নন্তং মহারথান্।
অলম্বুষঃ কথং যুদ্ধে প্রত্যযুধ্যত সঞ্জয় ॥ ১
আর্ষ্যশৃঙ্গিং কথং চৈব সৌভদ্রঃ পরবীরহা।
তন্মমাচক্ষ্ব তত্ত্বেন যথাবৃত্তং স্ম সংযুগে ॥ ২
ধনঞ্জয়শ্চ কিং চক্রে মম সৈন্যেষু সংযুগে।
ভীমো বা রথিনাং শ্রেষ্ঠো রাক্ষসো বা ঘটোৎকচঃ ॥৩
নকুলঃ সহদেবো বা সাত্যকির্বা মহারথঃ।
এতদাচক্ষ্ব মে সত্যং কুশলো হ্যসি সঞ্জয় ॥ ৪
সঞ্জয় উবাচ।
হন্ত তেঽহং প্রবক্ষ্যামি সংগ্রামং লোমহর্ষণম্।
যথাভূদ্ রাক্ষসেন্দ্রস্য সৌভদ্রস্য চ মারিষ ॥ ৫
অর্জ্জুনশ্চ যথা সংখ্যে ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
নকুলঃ সহদেবশ্চ রণে চক্রুঃ পরাক্রমম্ ॥ ৬

একাধিকশততম অধ্যায়।

[অভিমন্যুকর্তৃক অলম্বুষের পরাজয়, অর্জুনের সহিত ভীষ্ম ও কৃপাচার্য্য এবং অশ্বত্থামা ও দ্রোণাচার্য্যের সহিত সাত্যকির যুদ্ধ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! সমরাঙ্গণে মহারথী বীরগণকে সংহারকারী শ্রেষ্ঠ বীর অর্জুননন্দন অভিমন্যুর সহিত রাক্ষস অলম্বুষের কিরূপে যুদ্ধ হইয়াছিল? এইরূপ শত্রুবীরনাশী সুভদ্রা-সুত ঋষ্যশৃঙ্গের পুত্র রাক্ষস অলম্বুষের সহিতই বা কিরূপে যুদ্ধ করিয়াছিল? যুদ্ধস্থলে এই উভয়ের সম্বন্ধে যাহা কিছু ঘটিয়াছিল, তৎসমস্তই তুমি আমাকে যথাযথভাবে বল ॥ ১-২

সেই রণাঙ্গনে অর্জুন আমার সৈন্যদের সহিত কি করিয়াছিল? রথিগণের শ্রেষ্ঠ ভীমসেন কিংবা রাক্ষস ঘটোৎকচ এবং নকুল-সহদেব ও মহারথী সাত্যকিই বা কি করিয়াছিল? সঞ্জয়! তুমি এই সব বৃত্তান্ত যথার্থরূপে বল; কারণ, তুমি ইহা বলিতে সমর্থ ॥ ৩-৪

সঞ্জয় বলিলেন,—আর্য্য! আমি অতিশয় দুঃখের সহিত সেই রোমাঞ্চকারী সংগ্রামের কথা বর্ণনা করিব, যে সংগ্রাম রাক্ষসরাজ অলম্বুষ ও সুভদ্রাকুমার অভিমন্যুর মধ্যে হইয়াছিল এবং পাণ্ডুনন্দন অর্জুন, ভীমসেন, নকুল ও সহদেব যুদ্ধে পরাক্রম করিয়াছিলেন

তথৈব তাবকাঃ সর্ব্বে ভীষ্ম-দ্রোণপুরঃপরাঃ।
অদ্ভুতানি বিচিত্রাণি চক্রুঃ কর্ম্মাণ্যভীতবৎ ॥ ৭
অলম্বুষস্তু সমরে অভিমন্যুং মহারথম্।
বিনদ্য সুমহানাদং তর্জয়িত্বা মুহুর্মুহুঃ ॥ ৮
অভিদুদ্রাব বেগেন তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ।
অভিমন্যুশ্চ বেগেন সিংহবদ্ বিনদন্ মুহুঃ ॥ ৯
আর্ষ্যশৃঙ্গিং মহেষ্বাসং পিতুরত্যন্তবৈরিণম্।
ততঃ সমীয়তুঃ সংখ্যে ত্বরিতৌ নর-রাক্ষসৌ ॥ ১০
রথাভ্যাং রথিনৌ শ্রেষ্ঠৌ যথা বৈ দেব-দানবৌ।
মায়াবী রাক্ষসশ্রেষ্ঠো দিব্যাস্ত্রৈশ্চৈব ফাল্গুনিঃ ॥ ১১
ততঃ কার্ষ্ণির্মহারাজ নিশিতৈঃ সায়কৈস্ত্রিভিঃ।
আর্ষ্যশৃঙ্গিং রণে বিদ্ধ্বা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥১২
অলম্বুষোঽপি সংক্রুদ্ধঃ কার্ষ্ণিং নবভিরাশুগৈঃ।
হৃদি বিব্যাধ বেগেন তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥ ১৩

এবং সেইরূপেই ভীষ্ম, দ্রোণাদি আপনার সকল যোদ্ধারা নির্ভীকচিত্তে যে অদ্ভুত ও বিচিত্র কর্ম্ম করিয়াছিলেন—এই সমস্তই আপনি শ্রবণ করুন ॥ ৫-৭

অলম্বুষ সমরাঙ্গণে মহারথী অভিমন্যুকে অতিশয় উচ্চৈঃস্বরে গর্জন করিতে করিতে বারংবার তর্জন করিয়া 'দাঁড়াও, দাঁড়াও' এই কথা বলিতে লাগিল এবং তারপর দ্রুতগতিতে তাহার দিকে ধাবিত হইল।

এইরূপে বীর অভিমন্যুও বারংবার সিংহনাদ করিতে করিতে নিজ পিতৃব্য ভীমসেনের অত্যন্ত বৈরী মহাধনুর্দ্ধর অলম্বুষের উপর সবেগে আক্রমণ করিলেন।

তারপর সেই মনুষ্য ও রাক্ষস উভয় বীরই অতি সত্বর যুদ্ধে পরস্পরের সম্মুখীন হইলেন। উভয়েই রথীদিগের মধ্যে শ্রেষ্ঠ রথী ছিলেন, সুতরাং দেবতা ও দানবগণের ন্যায় রথের দ্বারা উভয়ে পরস্পরের সহিত যুদ্ধে মিলিত হইলেন। রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ মায়াবী ছিল এবং অর্জুননন্দন অভিমন্যু দিব্যাস্ত্রসমূহে অভিজ্ঞ ছিলেন। ৮-১১

মহারাজ! তদনন্তর অর্জুনপুত্র অভিমন্যু তিনটি তীক্ষ্ণ সায়কে রণাঙ্গনে অলম্বুষকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটি বাণে আঘাত করিলেন ॥ ১২

তখন অতিশয় ক্রুদ্ধ অলম্বুষও নয়টি শীঘ্রগামী বাণের দ্বারা অর্জুনকুমার অভিমন্যুর বক্ষঃস্থলে সেইরূপে সবেগে প্রহার করিল, যেরূপ গজরাজকে অঙ্কুশদ্বারা প্রহার করা হইয়া থাকে ॥ ১৩

ততঃ শরসহস্রেণ ক্ষিপ্রকারী নিশাচরঃ।
অর্জ্জুনস্য সুতং সংখ্যে পীড়য়ামাস ভারত ॥ ১৪
অভিমন্যুস্ততঃ ক্রুদ্ধো নবভির্নতপর্ব্বভিঃ।
বিভেদ নিশিতৈর্বাণৈ রাক্ষসেন্দ্রং মহোরসি ॥ ১৫
তে তস্য বিবিশুস্তূর্ণং কায়ং নির্ভিদ্য মর্ম্মসু।
স তৈর্বিভিন্নসর্ব্বাঙ্গঃ শুশুভে রাক্ষসোত্তমঃ ॥ ১৬
পুষ্পিতৈঃ কিংশুকৈ রাজন্ সংস্তীর্ণ ইব পর্ব্বতঃ।
সন্ধারয়াণশ্চ শরান্ হেমপুঙ্খান্ মহাবলঃ ॥ ১৭
বিবভৌ রাক্ষসশ্রেষ্ঠঃ সজ্বাল ইব পর্ব্বতঃ।
ততঃ ক্রুদ্ধো মহারাজ আর্ষ্যশৃঙ্গিরমর্ষণঃ ॥ ১৮
মহেন্দ্রপ্রতিমং কার্ষ্ণিং ছাদয়ামাস পত্রিভিঃ।
তেন তে বিশিখা মুক্তা যমদণ্ডোপমাঃ শিতাঃ ॥ ১৯
অভিমন্যুং বিনির্ভিদ্য প্রাবিশন্ত ধরাতলম্।
তথৈবার্জ্জুনিনা মুক্তাঃ শরাঃ কনকভূষণাঃ ॥ ২০

ভারত! তাহার পর শীঘ্রতাসহকারে কার্য্য করিতে সমর্থ নিশাচর অলম্বুষ এক হাজার বাণ নিক্ষেপ করিয়া যুদ্ধে অর্জুনের পুত্রকে পীড়িত করিল ॥ ১৪

ইহাতে ক্রুদ্ধ হইয়া অভিমন্যুও রাক্ষসরাজ অলম্বুষের বিশাল বক্ষঃস্থলে আনতপর্ব্বযুক্ত নয়টি তীক্ষ্ণ বাণ বিদ্ধ করিলেন ॥ ১৫

তখন সেই বাণগুলি অতিক্রুত রাক্ষসের শরীর ভেদ করিয়া তাহার মর্ম্মস্থলে প্রবেশ করিল। রাজন্! এই বাণসমূহে সর্ব্বাঙ্গ ক্ষত-বিক্ষত হইয়া যাইলে রাক্ষসরাজ অলম্বুষ বিকসিত পলাশবৃক্ষসমূহে আচ্ছাদিত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিল।

সুবর্ণময় পক্ষযুক্ত সেই বাণগুলিকে স্বীয় অঙ্গে ধারণকরত মহাবল রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ অগ্নির শিখাসমূহে পরিব্যাপ্ত পর্ব্বততুল্য শোভা ধারণ করিল।

মহারাজ! তখন অমর্ষশীল অলম্বুষ কুপিত হইয়া দেবরাজ ইন্দ্রের সদৃশ পরাক্রমশালী অর্জুননন্দন অভিমন্যুকে পক্ষযুক্ত বাণসমূহে আবৃত করিয়া ফেলিল।

তাহার দ্বারা নিক্ষিপ্ত যমদণ্ডতুল্য ভয়ঙ্কর ও তীক্ষ্ণ বাণসমূহ অভিমন্যুর শরীর ভেদ করিয়া ধরাতলে প্রবিষ্ট হইল।

সেইরূপ অভিমন্যুকর্তৃক নিক্ষিপ্ত সুবর্ণভূষিত বাণসমূহ অলম্বুষকে বিদীর্ণ করিয়া ভূতলে প্রবেশ করিল।

অলম্বুষং বিনির্ভিদ্য প্রাবিশন্ত ধরাতলম্।
সৌভদ্রস্তু রণে রক্ষঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ২১
চক্রে বিমুখমাসাদ্য ময়ং শক্র ইবাহবে।
বিমুখঞ্চ ততো রক্ষো বধ্যমানং রণেঽরিণা ॥ ২২
প্রাদুশ্চক্রে মহামায়াং তামসীং পরতাপনাম্।
ততস্তে তমসা সর্ব্বে বৃতাশ্চাসন্ মহীপতে ॥ ২৩
নাভিমন্যুমপশ্যন্ত নৈব স্বান্ ন পরান্ রণে।
অভিমন্যুশ্চ তদ্ দৃষ্ট্বা ঘোররূপং মহত্তমঃ ॥ ২৪
প্রাদুশ্চক্রেঽস্ত্রমত্যুগ্রং ভাস্করং কুরুনন্দনঃ।
ততঃ প্রকাশমভবজ্জগৎ সর্ব্বং মহীপতে ॥ ২৫
তাং চাভিজঘ্নিবান্ মায়াং রাক্ষসস্য দুরাত্মনঃ।
সংক্রুদ্ধশ্চ মহাবীর্য্যো রাক্ষসেন্দ্রং নরোত্তমঃ ॥ ২৬
ছাদয়ামাস সমরে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
বহ্বীস্তথান্যা মায়াশ্চ প্রযুক্তাস্তেন রক্ষসা ॥ ২৭
সর্ব্বাস্ত্রবিদমেয়াত্মা বারয়ামাস ফাল্গুনিঃ।
হতমায়ং ততো রক্ষো বধ্যমানঞ্চ সায়কৈঃ ॥ ২৮
রথং তত্রৈব সন্ত্যজ্য প্রাদ্রবন্মহতো ভয়াৎ।
তস্মিন্ বিনির্জ্জিতে তূর্ণং কূটযোধিনি রাক্ষসে ॥ ২৯
আর্জ্জুনিঃ সমরে সৈন্যং তাবকং সম্মমর্দ হ।
মদান্ধো গন্ধনাগেন্দ্রঃ সপদ্মাং পদ্মিনীমিব ॥ ৩০
ততঃ শান্তনবো ভীষ্মঃ সৈন্যং দৃষ্ট্বাভিবিদ্রুতম্।
মহতা শরবর্ষেণ সৌভদ্রং পর্য্যবারয়ৎ ॥ ৩১
কোষ্ঠীকৃত্য চ তং বীরং ধার্ত্তরাষ্ট্রা মহারথাঃ।
একং সুবহবো যুদ্ধে ততক্ষুঃ সায়কৈর্দৃঢ়ম্ ॥ ৩২
স তেষাং রথিনাং বীরঃ পিতুস্তুল্যপরাক্রমঃ।
সদৃশো বাসুদেবস্য বিক্রমেণ বলেন চ ॥ ৩৩
উভয়োঃ সদৃশং কর্ম্ম স পিতুর্মাতুলস্য চ।
রণে বহুবিধং চক্রে সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ ॥ ৩৪
ততো ধনঞ্জয়ো বীরো বিনিঘ্নংস্তব সৈনিকান্।
আসসাদ রণে ভীষ্মং পুত্রং প্রেপ্সুরমর্ষণঃ ॥ ৩৫

যেরূপ ইন্দ্র যুদ্ধস্থলে ময়াসুরকে বিমুখ করিয়া দিয়াছিলেন, সেইরূপ সুভদ্রানন্দন অভিমন্যুও রণক্ষেত্রে আনতপর্ব্বযুক্ত বাণসমূহ প্রহার করিয়া সেই রাক্ষস অলম্বুষকে যুদ্ধ হইতে বিমুখ করিয়া দিলেন।

তারপর সমরাঙ্গণে শত্রুকর্ত্তৃক পীড়িত ও বিমুখ হইয়া রাক্ষস অলম্বুষ শত্রুসন্তাপকারিণী তামসী (অন্ধকারময়ী) মহামায়াকে প্রকটিত করিল।

মহীপতে! তখন সমস্ত পাণ্ডব-সৈন্যরা অন্ধকারে আচ্ছাদিত হইয়া পড়িল, সুতরাং সেই সময় রণাঙ্গনে কেহই অভিমন্যুকে দেখিতে পাইল না; এমন কি নিজেকে ও শত্রুপক্ষের সৈন্যদিগকেও দেখিতে পাইল না।

এই ভয়ঙ্কর এবং গাঢ়তম অন্ধকারকে দেখিয়া কুরুকুলের আনন্দপ্রদ অভিমন্যু অত্যন্ত উগ্র ভাস্করাস্ত্র প্রয়োগ করিলেন। রাজন্! ইহাতে সমগ্র জগৎ পুনরায় প্রকাশিত হইল ॥ ১৬-২৫

এইরূপ মহাপরাক্রমশালী নরশ্রেষ্ঠ অভিমন্যু সেই দুরাত্মা রক্ষসের মায়া নষ্ট করিয়া দিলেন এবং অতিশয় ক্রুদ্ধ হইয়া আনতপর্ব্বযুক্ত বাণসমূহ দ্বারা রাক্ষসরাজকে সমরভূমিতে আচ্ছাদিত করিয়া ফেলিলেন।

সেই সময় এই রাক্ষস আরও যে সমস্ত মায়া প্রকাশ করিয়াছিল, সেই সমস্ত মায়াকে সর্ব্ববিধ অস্ত্রে অভিজ্ঞ অনন্ত আত্মবলসম্পন্ন অভিমন্যু নষ্ট করিয়া দিয়াছিলেন।

স্বীয় মায়া নষ্ট হইয়া যাইলে বহুবিধ বাণে আহত হইয়া রাক্ষস অলম্বুষ অত্যন্ত ভয়বশতঃ নিজের রথ সেখানেই পরিত্যাগ করিয়া দ্রুত পলায়ন করিল।

মায়াদ্বারা যুদ্ধকারী সেই রাক্ষস পরাজিত হইলে অর্জুননন্দন অভিমন্যু অতিদ্রুত আপনার সৈন্যদিগকে সেইভাবে মর্দ্দিত করিতে লাগিলেন, যেভাবে গন্ধযুক্ত মদান্ধ গজরাজ পদ্মে পরিপূর্ণ পুষ্করিণীকে মথিত করিয়া থাকে ॥ ২৭-৩০

তারপর স্বীয় সৈন্যবাহিনীকে পলায়ন করিতে দেখিয়া শান্তনুনন্দন ভীষ্ম প্রভৃতি বাণবর্ষণ করিয়া সুভদ্রাপুত্র অভিমন্যুকে রুদ্ধ করিয়া দিলেন ॥ ৩১

তারপর আপনার মহারথী পুত্রগণ চারিদিক্ দিয়া ঘিরিয়া ফেলিলেন এবং যুদ্ধস্থলে একাকী সেই অভিমন্যুকে বহুসংখ্যক যোদ্ধা তীব্রবেগে বাণসমূহে আঘাত করিতে লাগিলেন ॥ ৩২

বীর অভিমন্যু স্বীয় পিতা অর্জুনের ন্যায় পরাক্রমী ছিলেন। বল ও বিক্রমে তিনি বসুদেবনন্দন শ্রীকৃষ্ণের সদৃশ ছিলেন। তখন সকল শাস্ত্রধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ বীর অভিমন্যু রণাঙ্গনে সেই সব কৌরব রথীদিগের সহিত নিজ পিতা ও মামার তুল্য বহুবিধ শৌর্য্যপূর্ণ কার্য্য করিলেন ॥ ৩৩-৩৪

তারপর বীর ধনঞ্জয় (অর্জুন) সমরাঙ্গণে আপনার সৈন্যদিগকে সংহার করিতে করিতে স্বীয় পুত্রকে রক্ষা করিবার জন্য অমর্ষচিত্তে ভীষ্মের নিকট আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩৫

তথৈব সমরে রাজন্ পিতা দেবব্রতস্তব।
আসসাদ রণে পার্থং স্বর্ভানুরিব ভাস্করম্ ॥ ৩৬
ততঃ সরথ-নাগাশ্বাঃ পুত্রাস্তব জনেশ্বর।
পরিবব্রু রণে ভীষ্মং জুগুপুশ্চ সমন্ততঃ ॥ ৩৭
তথৈব পাণ্ডবা রাজন্ পরিবার্য্য ধনঞ্জয়ম্।
রণায় মহতে যুক্তা দংশিতা ভরতর্ষভ ॥ ৩৮
শারদ্বতস্ততো রাজন্ ভীষ্মস্য প্রমুখে স্থিতম্।
অর্জ্জুনং পঞ্চবিংশত্যা সায়কানাং সমাচিনোৎ ॥ ৩৯
প্রত্যুদ্গম্যাথ বিব্যাধ সাত্যকিস্তং শিতৈঃ শরৈঃ।
পাণ্ডবপ্রিয়কামার্থং শার্দূল ইব কুঞ্জরম্ ॥ ৪০
গৌতমোঽপি ত্বরাযুক্তো মাধবং নবভিঃ শরৈঃ।
হৃদি বিব্যাধ সংক্রুদ্ধঃ কঙ্কপত্রপরিচ্ছদৈঃ ॥ ৪১
শৈনেয়োঽপি ততঃ ক্রুদ্ধশ্চাপমানম্য বেগবান্।
গৌতমান্তকরং তূর্ণং সমাধত্ত শিলীমুখম্ ॥ ৪২

রাজন্! যেরূপ সূর্য্যকে রাহু আক্রমণ করিয়া থাকে, সেইরূপ আপনার পিতৃব্য দেবব্রত ভীষ্ম যুদ্ধক্ষেত্রে কুন্তীকুমার অর্জুনের উপর আক্রমণ করিলেন ॥ ৩৬

জনেশ্বর! সেই সময় আপনার পুত্রগণ রথ, হস্তী, অশ্বগণের সৈন্যে পরিবৃত হইয়া যুদ্ধস্থলে ভীষ্মকে পরিবেষ্টন করত অবস্থান করিতে লাগিলেন এবং তাঁহাকে রক্ষা করিতে থাকিলেন ॥ ৩৭

রাজন্! ভরতশ্রেষ্ঠ! সেইরূপ পাণ্ডব-যোদ্ধারা অর্জুনকে চারিদিকে ঘিরিয়া কবচাদিতে সুসজ্জিত অবস্থায় মহাযুদ্ধের জন্য প্রস্তুত রহিলেন ॥ ৩৮

রাজন্! সেই সময় ভীষ্মের সম্মুখে অবস্থিত অর্জুনকে কৃপাচার্য্য পঁচিশ বাণ প্রহার করিলেন ॥ ৩৯

তখন যেরূপ সিংহ হস্তীকে আক্রমণ করে, সেইরূপ সাত্যকি অগ্রসর হইয়া পাণ্ডুনন্দন অর্জুনের প্রিয় করিবার জন্য কৃপাচার্য্যকে স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে বিদ্ধ করিলেন ॥ ৪০

ইহাতে কৃপাচার্য্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সত্বরতার সহিত মধুবংশজাত সাত্যকির বক্ষঃস্থলে কঙ্কপত্রভূষিত নয়টি বাণে বিদ্ধ করিলেন ॥ ৪১

তখন বেগশালী সাত্যকিও ক্রুদ্ধ হইয়া ধনু আনত করত অতিসত্বর তাহার উপর কৃপাচার্য্যের অন্তকর একটি বাণ যোজনা করিলেন ॥ ৪২

তমাপতন্তং বেগেন শক্রাশনিসমদ্যুতিম্।
দ্বিধা চিচ্ছেদ সংক্রুদ্ধো দ্রৌণিঃ পরমকোপনঃ ॥ ৪৩
সমুৎসৃজ্যাথ শৈনেয়ো গৌতমং রথিনাং বরঃ।
অভ্যদ্রবদ্ রণে দ্রৌণিং রাহুঃ খে শশিনং যথা ॥ ৪৪
তস্য দ্রোণসুতশ্চাপং দ্বিধা চিচ্ছেদ ভারত।
অথৈনং ছিন্নধন্বানং তাড়য়ামাস সায়কৈঃ ॥ ৪৫
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় শক্রঘ্নং ভারসাধনম্।
দ্রৌণিং ষষ্ট্যা মহারাজ বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥ ৪৬
স বিদ্ধো ব্যথিতশ্চৈব মুহূর্ত্তং কশ্মলাযুতঃ।
নিষসাদ রথোপস্থে ধ্বজযষ্টিং সমাশ্রিতঃ ॥ ৪৭
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
বার্ষ্ণেয়ং সমরে ক্রুদ্ধো নারাচেন সমার্পয়ৎ ॥ ৪৮
শৈনেয়ং স তু নির্ভিদ্য প্রাবিশদ্ ধরণীতলম্।
বসন্তকালে বলবান্ বিলং সর্পশিশুর্যথা ॥ ৪৯

এই বাণের প্রভাব ইন্দ্রের বজ্রের ন্যায় ছিল। তাহাকে সবেগে আসিতে দেখিয়া অতিশয় কোপনস্বভাব অশ্বত্থামা কুপিত হইয়া সেই বাণটিকে দুই খণ্ড করিয়া ফেলিলেন ॥ ৪৩

তখন রথিগণের মধ্যে শ্রেষ্ঠ সাত্যকি কৃপাচার্য্যকে পরিত্যাগ করিয়া রাহু যেরূপ আকাশে চন্দ্রকে আক্রমণ করে, সেইরূপ যুদ্ধস্থলে অশ্বত্থামার উপর ধাবিত হইলেন ॥ ৪৪

ভারত! তখন দ্রোণপুত্র অশ্বত্থামা সাত্যকির ধনুটিকে দুই খণ্ড করিয়া দিলেন এবং ধনু ছিন্ন হইলে তিনি সাত্যকিকে নিজ বাণসমূহে আঘাত করিতে লাগিলেন ॥ ৪৫

মহারাজ! তখন সাত্যকি ভারসাধনে সমর্থ এবং শত্রুবিনাশক অপর একটি ধনু গ্রহণ করিয়া ষাটটি বাণের দ্বারা অশ্বত্থামার বাহু ও বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥ ৪৬

ইহাতে অত্যন্ত আহত ও ব্যথিত হইয়া মূর্চ্ছিত অশ্বত্থামা ধ্বজদণ্ডের উপর আশ্রয় লইয়া মুহূর্ত্তকাল রথের পশ্চাদ্ভাগে উপবিষ্ট রহিলেন ॥ ৪৭

তারপর প্রতাপশালী দ্রোণপুত্র অশ্বত্থামা সংজ্ঞালাভ করত কুপিত হইয়া সমরাঙ্গণে সাত্যকিকে নারাচের দ্বারা আঘাত করিলেন ॥ ৪৮

এই নারাচ তখন সাত্যকিকে ভেদ করিয়া সেইভাবে ধরাতলে প্রবিষ্ট হইল, যেরূপ বসন্তকালে বলবান্ সর্পশিশু বিলের মধ্যে প্রবেশ করিয়া থাকে ॥ ৪৯

অথাপরেণ ভল্লেন মাধবস্য ধ্বজোত্তমম্।
চিচ্ছেদ সমরে দ্রৌণিঃ সিংহনাদং মুমোচ হ ॥ ৫০
পুনশ্চৈনং শরৈর্ঘোরৈশ্ছাদয়ামাস ভারত।
নিদাঘান্তে মহারাজ যথা মেঘো দিবাকরম্ ॥ ৫১
সাত্যকোঽপি মহারাজ শরজালং নিহত্য তৎ।
দ্রৌণিমভ্যকিরৎ তূর্ণং শরজালৈরনেকধা ॥ ৫২
তাপয়ামাস চ দ্রৌণিং শৈনেয়ঃ পরবীরহা।
বিমুক্তো মেঘজালেন যথৈব তপনস্তথা ॥ ৫৩
শরাণাঞ্চ সহস্রেণ পুনরেব সমুদ্যতঃ।
সাত্যকিশ্ছাদয়ামাস ননাদ চ মহাবলঃ ॥ ৫৪
দৃষ্ট্বা পুত্রঞ্চ তং গ্রস্তং রাহুণেব নিশাকরম্।
অভ্যদ্রবত শৈনেয়ং ভারদ্বাজঃ প্রতাপবান ॥ ৫৫
বিব্যাধ চ সুতীক্ষ্ণেন পৃষৎকেন মহামৃধে।
পরীপ্সন্ স্বসুতং রাজন্ বার্ষ্ণেয়েনাভিপীড়িতম্ ॥ ৫৬
সাত্যকিস্তু রণে হিত্বা গুরুপুত্রং মহারথম্।
দ্রোণং বিব্যাধ বিংশত্যা সর্ব্বপারশবৈঃ শরৈঃ ॥ ৫৭
তদন্তরমমেয়াত্মা কৌন্তেয়ঃ শত্রুতাপনঃ।
অভ্যদ্রবদ্ রণে ক্রুদ্ধো দ্রোণং প্রতি মহারথঃ ॥ ৫৮
ততো দ্রোণশ্চ পার্থশ্চ সমেয়াতাং মহামৃধে।
যথা বুধশ্চ শুক্রশ্চ মহারাজ নভস্তলে ॥ ৫৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি অলম্বুষাভিমন্যুযুদ্ধে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০১

ইহার পর অপর একটি ভল্লের দ্বারা সমরাঙ্গণে অশ্বত্থামা সাত্যকির উত্তম ধ্বজ ছেদন করিলেন এবং উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন ॥ ৫০

ভারত! মহারাজ! তদনন্তর যেরূপ বর্ষাকালে মেঘ সূর্য্যকে আচ্ছাদিত করিয়া থাকে, সেইরূপ তিনি পুনরায় স্বীয় ভয়ঙ্কর বাণসমূহে সাত্যকিকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৫১

নরেশ্বর! সেই সময় সাত্যকিও ঐ বাণগুলিকে নষ্ট করিয়া দিয়া অতিক্রুত অশ্বত্থামার উপর অনেক প্রকার বাণজাল বিস্তার করিলেন ॥ ৫২

তারপর শত্রুবীরসংহারকারী যুযুধান (সাত্যকি) মেঘজালমুক্ত সূর্য্যের ন্যায় দ্রোণপুত্র অশ্বত্থামাকে সন্তাপপ্রদান করিতে লাগিলেন ॥ ৫৩

মহাবল সাত্যকি পুনরায় এক হাজার বাণবর্ষণ করিয়া অশ্বত্থামাকে আবৃত করিলেন এবং উচ্চৈঃস্বরে গর্জ্জন করিতে থাকিলেন ॥ ৫৪

যেরূপ রাহু চন্দ্রকে গ্রাস করিয়া থাকে, সেইরূপ সাত্যকির দ্বারা নিজের পুত্রকে গ্রস্ত হইতে দেখিয়া প্রতাপশালী দ্রোণাচার্য্য তাঁহার দিকে ধাবিত হইলেন ॥ ৫৫

রাজন্! সেই মহাযুদ্ধে সাত্যকি দ্বারা পীড়িত নিজ পুত্রকে রক্ষা করিবার জন্য দ্রোণাচার্য্য তীক্ষ্ণবাণসমূহে তাঁহাকে বিদ্ধ করিলেন ॥ ৫৬

তখন সাত্যকি রণক্ষেত্রে গুরুপুত্র মহারথী অশ্বত্থামাকে পরিহার করিয়া সম্পূর্ণভাগ লৌহের দ্বারা নির্ম্মিত বিশটি বাণে দ্রোণাচার্য্যকে বিদ্ধ করিলেন ॥ ৫৭

এই সময় শত্রুসন্তাপক অপরিমিত আত্মবলসম্পন্ন মহারথী অর্জ্জুন যুদ্ধস্থলে কুপিত হইয়া দ্রোণাচার্য্যের উপর ধাবিত হইলেন ॥ ৫৮

মহারাজ! তাহার পর দ্রোণাচার্য্য ও অর্জ্জুন সেই মহাযুদ্ধে পরস্পরের সম্মুখীন হইলেন। তখন মনে হইল,—আকাশে বুধ ও শুক্র পরস্পর পরস্পরকে আক্রমণ করিলেন ॥ ৫৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে অলম্বুষ ও অভিমন্যুর যুদ্ধবিষয়ক একাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ।

[দ্রোণাচার্য্যেণ সুশর্ম্মণা চ সহার্জ্জুনস্য যুদ্ধম্, ভীমসেনেন গজসৈন্যানাং সংহারশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং দ্রোণো মহেষ্বাসঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ।
সমীয়তূ রণে যত্তৌ তাবুভৌ পুরুষর্ষভৌ ॥ ১
প্রিয়ো হি পাণ্ডবো নিত্যং ভারদ্বাজস্য ধীমতঃ।
আচার্য্যশ্চ রণে নিত্যং প্রিয়ঃ পার্থস্য সঞ্জয় ॥ ২
তাবুভৌ রথিনৌ সংখ্যে হৃষ্টৌ সিংহাবিবোৎকটৌ।
কথং সমীয়তুর্যত্তৌ ভারদ্বাজ-ধনঞ্জয়ৌ ॥ ৩

সঞ্জয় উবাচ।

ন দ্রোণঃ সমরে পার্থং জানীতে প্রিয়মাত্মনঃ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য পার্থো বা গুরুমাহবে ॥ ৪
ন ক্ষত্রিয়া রণে রাজন্ বর্জয়ন্তি পরস্পরম্।
নির্মর্য্যাদং হি যুধ্যন্তে পিতৃভির্ভ্রাতৃভিঃ সহ ॥ ৫
রণে ভারত পার্থেন দ্রোণো বিদ্ধস্ত্রিভিঃ শরৈঃ।
নাচিন্তয়চ্চ তান্ বাণান্ পার্থচাপচ্যুতান্ যুধি ॥ ৬
শরবৃষ্ট্যা পুনঃ পার্থশ্ছাদয়ামাস তং রণে।
স প্রজজ্বাল রোষেণ গহনেঽগ্নিরিবোর্জ্জিতঃ ॥ ৭
ততোঽর্জ্জুনং রণে দ্রোণঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ছাদয়ামাস রাজেন্দ্র নচিরাদেব ভারত ॥ ৮
ততো দুর্য্যোধনো রাজা সুশর্ম্মাণমচোদয়ৎ।
দ্রোণস্য সমরে রাজন্ পার্ষ্ণিগ্রহণকারণাৎ ॥ ৯
ত্রিগর্ত্তরাড়পি ক্রুদ্ধো ভৃশমায়ম্য কার্ম্মুকম্।
ছাদয়ামাস সমরে পার্থং বাণৈরয়োমুখৈঃ ॥ ১০
তাভ্যাং মুক্তাঃ শরা রাজন্নন্তরিক্ষে বিরেজিরে।
হংসা ইব মহারাজ শরৎকালে নভস্তলে ॥ ১১
তে শরাঃ প্রাপ্য কৌন্তেয়ং সমন্তাদ্ বিবিশুঃ প্রভো
ফলভারনতং যদ্বৎ স্বাদু বৃক্ষং বিহঙ্গমাঃ ॥ ১২

দ্ব্যধিকশততম অধ্যায়।

[দ্রোণাচার্য্য ও সুশর্ম্মার সহিত অর্জ্জুনের যুদ্ধ এবং ভীমসেন কর্ত্তৃক গজসৈন্যের সংহার।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! মহাধনুর্দ্ধর দ্রোণ ও পাণ্ডুনন্দন অর্জ্জুন—এই দুই পুরুষশ্রেষ্ঠ রণাঙ্গনে কিরূপ প্রযত্ন করিয়া পরস্পরের সহিত যুদ্ধে মিলিত হইলেন? ১

সুত! যুদ্ধে পরম জ্ঞানী দ্রোণাচার্য্যের নিকট পাণ্ডুপুত্র অর্জ্জুন সদাই প্রিয় ছিল এবং অর্জ্জুনেরও আচার্য্য দ্রোণ রণাঙ্গনে সর্ব্বদা প্রিয় ছিলেন। ২

সেইদিন সংগ্রামক্ষেত্রে দুইটি প্রচণ্ড সিংহের ন্যায় হর্ষ ও উৎসাহে পূর্ণ এই দুই মহারথী দ্রোণাচার্য্য এবং ধনঞ্জয় কিরূপ প্রচেষ্টার দ্বারা পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন? ৩

সঞ্জয় বলিলেন,—মহারাজ! সমরাঙ্গণে দ্রোণাচার্য্য অর্জ্জুনকে নিজের প্রিয় মনে করিতেন না এবং অর্জ্জুনও ক্ষত্রিয়ধর্ম্মের কথা চিন্তা করিয়া যুদ্ধস্থলে গুরু দ্রোণাচার্য্যকে নিজের প্রিয় বোধ করিতেন না। ৪

রাজন্! ক্ষত্রিয়গণ রণাঙ্গনে পরস্পরের সম্মুখীন হইয়া কাহাকেও বর্জন করেন না। তাঁহারা পিতা ও ভ্রাতৃবৃন্দের সহিতও মর্য্যাদাশূন্য (আত্মীয়তা প্রভৃতি সম্পর্কশূন্য) হইয়া যুদ্ধ করেন। ৫

ভারত! সেই রণাঙ্গনে অর্জ্জুন দ্রোণাচার্য্যকে তিনটি বাণে বিদ্ধ করিলেন; কিন্তু অর্জ্জুনের ধনু হইতে নিক্রান্ত সেই বাণগুলিকে যুদ্ধস্থলে দ্রোণাচার্য্য গ্রাহ্যই করিলেন না। ৬

তখন পুনরায় অর্জ্জুন রণাঙ্গনে স্বীয় বাণসমূহ বর্ষণ করিয়া দ্রোণাচার্য্যকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন। ইহা দেখিয়া তিনি রোষবশতঃ জ্বলিয়া উঠিলেন। তাহাতে মনে হইল—বনে দাবাগ্নি প্রজ্বলিত হইয়াছে। ৭

ভরতনন্দন! রাজেন্দ্র! তারপর দ্রোণাচার্য্য আনতপর্ব্বযুক্ত বাণসমূহে রণাঙ্গনে অর্জ্জুনকে অতিদ্রুত আচ্ছাদিত করিলেন। ৮

রাজন্! তখন রাজা দুর্য্যোধন সমরাঙ্গণে দ্রোণাচার্য্যের পৃষ্ঠভাগ রক্ষা করিবার জন্য সুশর্ম্মাকে প্রেরণ করিলেন। ৯

তাঁহার আজ্ঞা পাইয়া ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মাও সমরস্থলে ক্রোধের সহিত স্বীয় ধনুটিকে আকর্ষণ করিয়া লৌহমুখ বাণসমূহে অর্জ্জুনকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন। ১০

মহারাজ! যেরূপ শরৎকালে আকাশে হংসশ্রেণীকে উড়িতে দেখা যায়, সেইরূপ ইঁহাদের উভয়ের দ্বারা নিক্ষিপ্ত বাণসমূহ আকাশে শোভা পাইতে লাগিল। ১১

প্রভো! সেই বাণগুলি চারিদিক্ দিয়া কুন্তীকুমার অর্জ্জুনের উপর পতিত হইয়া তাঁহার শরীরে প্রবিষ্ট হইতে লাগিল। ইহাতে মনে হইতেছিল—ফলসমূহের ভারে নত স্বাদিষ্ট বৃক্ষের উপর চারিদিক্ হইতে বহু পক্ষী আসিয়া উপবেশন করিতেছে। ১২

অর্জ্জুনস্তু রণে নাদং বিনদ্য রথিনাং বরঃ।
ত্রিগর্ত্তরাজং সমরে সপুত্রং বিব্যধে শরৈঃ॥ ১৩
তে বধ্যমানাঃ পার্থেন কালেনেব যুগক্ষয়ে।
পার্থমেবাভ্যবর্ত্তন্ত মরণে কৃতনিশ্চয়াঃ॥ ১৪
মুমুচুঃ শরবৃষ্টিঞ্চ পাণ্ডবস্য রথং প্রতি।
শরবৃষ্টিং ততস্তাং তু শরবর্ষৈঃ সমন্ততঃ॥ ১৫
প্রতিজগ্রাহ রাজেন্দ্র তোয়বৃষ্টিমিবাচলঃ।
তত্রাদ্ভুতমপশ্যাম বীভৎসোর্হস্তলাঘবম্॥ ১৬
বিমুক্তাং বহুভির্যোধৈঃ শস্ত্রবৃষ্টিং দুরাসদাম্।
যদেকো বারয়ামাস মারুতোঽভ্রগণানিব॥ ১৭
কর্ম্মণা তেন পার্থস্য তুতুষুর্দেব দানবাঃ।
অথ ক্রুদ্ধো রণে পার্থস্ত্রিগর্ত্তান্ প্রতি ভারত॥ ১৮
মুমোচাস্ত্রং মহারাজ বায়ব্যং পৃতনামুখে।
প্রাদুরাসীৎ ততো বায়ুঃ ক্ষোভয়াণো নভস্তলম্॥ ১৯
পাতয়ন্ বৈ তরুগণান্ বিনিঘ্নংশ্চৈব সৈনিকান্।

কিন্তু রথী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ অর্জুন সিংহনাদ করিয়া রণাঙ্গনে পুত্রের সহিত ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মাকে স্বীয় বাণসমূহে বিদ্ধ করিলেন॥ ১৩

যেরূপ প্রলয়কালে সাক্ষাৎ কাল জীবজগৎকে সংহার করিয়া থাকেন, সেইরূপ অর্জ্জুনের দ্বারা প্রহৃত হইয়া ত্রিগর্ত্তদেশীয় সৈন্যগণ মরণেরই নিশ্চয় করত তাঁহার দিকেই ধাবিত হইল॥ ১৪

তাহারা পাণ্ডুনন্দন অর্জ্জুনের রথের উপর বাণসমূহের বর্ষণ আরম্ভ করিয়া দিল। রাজেন্দ্র! অর্জুন চারিদিক্ হইতে বর্ষিত এই বাণবর্ষণ সেই ভাবে গ্রহণ করিলেন, যেরূপ পর্ব্বত জলবর্ষণ ধারণ করিয়া থাকে॥

সেই যুদ্ধে আমরা অর্জুনের হস্তের অদ্ভুত অস্ত্রচালনা-নৈপুণ্য দেখিলাম। যেরূপ বায়ু মেঘকে ছিন্ন-ভিন্ন করিয়া দেয়, সেইরূপ বহুসংখ্যক যোদ্ধার দ্বারা কৃত দুঃসহ বাণবর্ষণ তিনি একাকীই নিবারণ করিয়া ফেলিলেন॥ ১৫-১৭

মহারাজ! অর্জুনের সেই পরাক্রমে দেবতা ও দানবগণ সকলেই সন্তুষ্ট হইলেন। ভারত! তদনন্তর ক্রুদ্ধ অর্জুন যুদ্ধের সম্মুখভাগে ত্রিগর্ত্ত-সৈন্যদের দিকে লক্ষ্য করিয়া বায়ব্যঅস্ত্র প্রয়োগ করিলেন; তাহাতে আকাশকে বিক্ষুব্ধকারী বায়ু প্রাদুর্ভূত হইল, যাহা বৃক্ষসমূহ পাতিত করিতে করিতে সৈন্যদিগকে সংহার করিতে লাগিল॥

ততো দ্রোণোঽভিবীক্ষ্যৈব বায়ব্যাস্ত্রং সুদারুণম্॥২০
শৈলমন্যন্মহারাজ ঘোরমস্ত্রং মুমোচ হ।
দ্রোণেন যুধি নির্মুক্তে তস্মিন্নস্ত্রে নরাধিপ॥ ২১
প্রশশাম ততো বায়ুঃ প্রসন্নাশ্চ দিশো দশ।
ততঃ পাণ্ডুসুতো বীরস্ত্রিগর্ত্তস্য রথব্রজান্॥ ২২
নিরুৎসাহান্ রণে চক্রে বিমুখান্ বিপরাক্রমান্।
ততো দুর্য্যোধনশ্চৈব কৃপশ্চ রথিনাং বরঃ॥২৩
অশ্বত্থামা তথা শল্যঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বাহ্লিকঃ সহ বাহ্লিকৈঃ॥ ২৪
মহতা রথবংশেন পার্থস্যাবারয়ন্ দিশঃ।
তথৈব ভগদত্তশ্চ শ্রুতায়ুশ্চ মহাবলঃ॥ ২৫
গজানীকেন ভীমস্য তাববারয়তাং দিশঃ।
ভূরিশ্রবাঃ শলশ্চৈব সৌবলশ্চ বিশাম্পতে॥ ২৬
শরৌঘৈর্বিমলৈস্তীক্ষ্ণৈর্মাদ্রীপুত্রাববারয়ন্।
ভীষ্মস্তু সংহতঃ সংখ্যে ধার্ত্তরাষ্ট্রৈঃ সসৈনিকৈঃ॥২৭

মহারাজ! তদনন্তর দ্রোণাচার্য্য অত্যন্ত ভয়ঙ্কর বায়ব্যাস্ত্রকে দেখিয়া তাহাকে নিবারণ করিবার জন্য ভয়ানক পর্ব্বতাস্ত্র প্রয়োগ করিলেন॥

নরাধিপ! দ্রোণাচার্য্য কর্ত্তৃক পর্ব্বতাস্ত্রের প্রয়োগ হইলে বায়ু শান্ত হইল এবং দিক্‌সমূহ প্রসন্ন হইল॥

তখন বীরবর পাণ্ডুপুত্র অর্জুন ত্রিগর্ত্তরাজের রথসমূহকে উৎসাহ-রহিত ও পরাক্রমশূন্য করিয়া তাহাদিগকে রণ-বিমুখ করিয়া দিলেন॥

তখন রথিগণের মধ্যে শ্রেষ্ঠ কৃপাচার্য্য, দুর্য্যোধন, অশ্বত্থামা, শল্য, কাম্বোজরাজ সুদক্ষিণ, অবন্তীদেশের রাজকুমার বিন্দ ও অনুবিন্দ এবং বাহ্লীকদেশীয় সৈন্যবাহিনীর সহিত রাজা বাহ্লীক এই সব রথিগণের বিশাল সৈন্যের দ্বারা অর্জুনের সকল দিক্ অর্থাৎ সকল পথ রুদ্ধ করিয়া ফেলিলেন॥

সেইরূপ ভগদত্ত ও মহাবল শ্রুতায়ু হস্তী সৈন্যদ্বারা ভীমসেনের চারিদিক আবৃত করিয়া ফেলিলেন॥

প্রজানাথ! ভূরিশ্রবা, শল এবং শকুনি তীক্ষ্ণ ও নির্ম্মল বাণসমূহ বর্ষণ করিতে করিতে মাদ্রীনন্দন নকুল ও সহদেবকে আচ্ছাদিত করিলেন॥

ভীষ্ম সৈন্যগণের সহিত ও আপনার পুত্রদিগের সহিত সংগঠিত হইয়া যুদ্ধে রাজা যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন॥

ষ্টরং সমাসাছ্য সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ।
আপতন্তং গজানীকং দৃষ্ট্বা পার্থো বৃকোদরঃ॥ ২৮
লেলিহন্ সৃক্কিণী বীরো মৃগরাড়িব কাননে।
ভীমস্তু রথিনাং শ্রেষ্ঠো গদাং গৃহ্য মহাহবে॥ ২৯
অবপ্লুত্য রথাৎ তূর্ণং তব সৈন্যান্যভীষয়ৎ।
তমুদ্বীক্ষ্য গদাহস্তং ততস্তে গজসাদিনঃ॥ ৩০
পরিবব্রু রণে যত্তা ভীমসেনং সমন্ততঃ।
গজমধ্যমনুপ্রাপ্তঃ পাণ্ডবঃ স ব্যরাজত॥ ৩১
মেঘজালস্য মহতো যথা মধ্যগতো রবিঃ।
ব্যধমৎ স গজানীকং গদয়া পাণ্ডবর্ষভঃ॥ ৩২
মহাভ্রজালমতুলং মাতরিশ্বেব সন্ততম্।
তে বধ্যমানা বলিনাং ভীমসেনেন দন্তিনঃ॥৩৩
আর্ত্তনাদং রণে চক্রুর্গর্জন্তো জলদা ইব।
বহুধা দারিতৈশ্চৈব বিষাণৈস্তত্র দন্তিভিঃ॥ ৩৪
ফুল্লাশোকনিভঃ পার্থঃ শুশুভে রণমূর্ধনি।
বিষাণে দন্তিনং গৃহ্য নির্বিষাণমথাকরোৎ॥ ৩৫
বিষাণেন চ তেনৈব কুম্ভেঽভ্যাহত্য দন্তিনম্।
পাতয়ামাস সমরে দণ্ডহস্ত ইবান্তকঃ॥ ৩৬
শোণিতাক্তাং গদাং বিভ্রন্মেদোমজ্জাকৃতচ্ছবিঃ।
কৃতাভ্যঙ্গঃ শোণিতেন রুদ্রবৎ প্রত্যদৃশ্যত॥ ৩৭
এবং তে বধ্যমানাশ্চ হতশেষা মহাগজাঃ।
প্রাদ্রবন্ত দিশো রাজন্ বিমৃদ্নন্তঃ স্বকং বলম্॥৩৮
দ্রবদ্ভিস্তৈর্মহানাগৈঃ সমন্তাদ্ ভরতর্ষভ।
দুর্য্যোধনবলং সর্ব্বং পুনরাসীৎ পরাঙ্মুখম্॥ ৩৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি ভীমপরাক্রমে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ॥ ১০২

হস্তী সৈন্যদিগকে আসিতে দেখিয়া বীর কুন্তীনন্দন ভীমসেন যেরূপ বনে সিংহ নিজের মুখের দুইপ্রান্ত চাটিতে থাকে, সেইরূপ মুখের দুই প্রান্তভাগ জিহ্বার দ্বারা চাটিতে লাগিলেন।

তারপর মহাসমরে রথিগণের মধ্যে শ্রেষ্ঠ ভীমসেন গদা লইয়া অতি দ্রুত রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং আপনার সৈন্য-দিগকে ভীত করিয়া তুলিলেন।

গদাহাতে ভীমসেনকে দেখিয়া সেই গজারোহী সৈন্যরা তাঁহাকে যত্নসহকারে চারিদিকে ঘিরিয়া ফেলিল।

সেই গজসৈন্যের মধ্যে দণ্ডায়মান পাণ্ডুনন্দন ভীমসেন মহা-মেঘসমূহের মধ্যে স্থিত সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন।

পাণ্ডবশ্রেষ্ঠ ভীমসেন স্বীয় গদার আঘাতে সম্পূর্ণ গজসৈন্যকে সেইরূপে নষ্ট করিয়া ফেলিলেন, যেরূপ বায়ু মহামেঘের চারিদিকে বিস্তৃত অতুলনীয় সমাবেশকে ছিন্ন-ভিন্ন করিয়া থাকে।

মহাবল ভীমসেনের গদার আঘাতে আহত হইয়া দন্তশোভিত বহু হাতী যুদ্ধস্থলে গর্জনরত মেঘের ন্যায় আর্ত্তনাদ করিতে লাগিল।

সেই সময় হাতীদিগের দন্তে বিদারিত হইয়া ভীমসেন যুদ্ধের অগ্রভাগে বিকসিত অশোকপুষ্পের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

তখন ভীমসেন কোন কোন দন্তযুক্ত হস্তীর দন্তধারণ করত তাহা উৎপাটিত করিয়া ফেলিলেন এবং সেই হস্তীকে দন্তহীন করিলেন। তারপর সেই দন্তের দ্বারাই সেই হস্তীর কুম্ভস্থলে প্রহার করত দণ্ডধারী যমরাজের ন্যায় তাহাকে নিহত করিয়া ভূপাতিত করিলেন॥ ১৮-৩৬

রক্তে রঞ্জিতা গদা গ্রহণপূর্ব্বক মেদ ও মজ্জার লেপনে নিজের শোভা বিকৃত করিয়া তাহার উপর রক্তের দ্বারা লিপ্ত হইয়া ভীমসেন ভগবান্ রুদ্রদেবের দৃষ্ট হইতে লাগিলেন। ৩৭

রাজন্! এইরূপে ভীমসেনের প্রহার খাইয়া হতাবশিষ্ট মহাগজগণ আপনার সৈন্যদিগকে পিষ্ট করিতে করিতে চারিদিকে পলায়ন করিল॥ ৩৮

ভরতশ্রেষ্ঠ! পলায়নপর সেই গজরাজগণের সহিতই দুর্য্যোধনের সকল সৈন্যরাও পুনরায় যুদ্ধবিমুখ হইয়া পড়িল॥ ৩৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ভীমসেনের পরাক্রমবিষয়ক দ্ব্যধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ।

[উভয়-পক্ষয়োঃ সৈন্যানাং তুমুলং যুদ্ধম্, রক্তময্যাঃ রণনদ্যা বর্ণনঞ্চ।]

সঞ্জয় উবাচ।

মধ্যন্দিনে মহারাজ সংগ্রামঃ সমপদ্যত।
লোকক্ষয়করো রৌদ্রো ভীষ্মস্য সহ সোমকৈঃ ॥১
গাঙ্গেয়ো রথিনাং শ্রেষ্ঠঃ পাণ্ডবানামনীকিনীম্।
ব্যধমন্নিশিতৈর্বাণৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥ ২
সম্মর্দ চ তৎ সৈন্যং পিতা দেবব্রতস্তব।
ধান্যানামিব লূনানাং প্রকরং গোগণা ইব ॥ ৩
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ বিরাটো দ্রুপদস্তথা।
ভীষ্মমাসাদ্য সমরে শরৈর্জঘ্নুর্মহারথম্ ॥ ৪
ধৃষ্টদ্যুম্নং ততো বিদ্ধ্বা বিরাটঞ্চ শরৈস্ত্রিভিঃ।
দ্রুপদস্য চ নারাচং প্রেষয়ামাস ভারত ॥ ৫
তেন বিদ্ধা মহেষ্বাসা ভীষ্মেণামিত্রকর্ষিণা।
চুক্রুধুঃ সমরে রাজন্ পাদস্পৃষ্টা ইবোরগাঃ ॥ ৬
শিখণ্ডী তঞ্চ বিব্যাধ ভরতানাং পিতামহম্।
স্ত্রীময়ং মনসা ধ্যাত্বা নাস্মৈ প্রাহরদচ্যুতঃ ॥ ৭
ধৃষ্টদ্যুম্নস্তু সমরে ক্রোধেনাগ্নিরিব জ্বলন্।
পিতামহং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥ ৮
দ্রুপদঃ পঞ্চবিংশত্যা বিরাটো দশভিঃ শরৈঃ।
শিখণ্ডী পঞ্চবিংশত্যা ভীষ্মং বিব্যাধ সায়কৈঃ ॥ ৯
সোঽতিবিদ্ধো মহারাজ শোণিতৌঘপরিপ্লুতঃ।
বসন্তে পুষ্পশবলো রক্তাশোক ইবাবভৌ ॥ ১০
তান্ প্রত্যবিধ্যদ্ গাঙ্গেয়স্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
দ্রুপদস্য চ ভল্লেন ধনুশ্চিচ্ছেদ মারিষ ॥ ১১
সোঽন্যৎ কার্মুকমাদায় ভীষ্মং বিব্যাধ পঞ্চভিঃ।
সারথিঞ্চ ত্রিভির্বাণৈঃ সুশিতৈ রণমূর্ধনি ॥ ১২
তথা ভীমো মহারাজ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
কেকয়া ভ্রাতরঃ পঞ্চ সাত্যকিশ্চৈব সাত্বতঃ ॥১৩

ত্র্যধিকশততম অধ্যায়।

[উভয় পক্ষের সৈন্যদিগের তুমুল যুদ্ধ এবং রক্তময়ী রণ-নদীর বর্ণন]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! মধ্যাহ্ন সময়ে সোমকগণের সহিত ভীষ্মের লোকক্ষয়কর ভীষণ সংগ্রাম আরম্ভ হইল ॥ ১

রথিগণের মধ্যে শ্রেষ্ঠ গঙ্গানন্দন ভীষ্ম শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিয়া পাণ্ডবদিগের বিশাল সৈন্যবাহিনীকে বিনাশ করিতে লাগিলেন ॥ ২

রাজন্! গরুর পাল যেরূপ ছিন্ন ধান্যের গুচ্ছগুলিকে মর্দ্দিত করিয়া থাকে, সেইরূপ আপনার পিতৃতুল্য দেবব্রত ভীষ্ম সেই সৈন্যবাহিনীকে মর্দ্দিত করিতে থাকিলেন ॥৩

তখন ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, বিরাট ও দ্রুপদ সমরাঙ্গণে মহারথী ভীষ্মের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে বাণসমূহে আঘাত করিতে লাগিলেন ॥৪

ভারত! তদনন্তর ভীষ্ম বিরাট ও ধৃষ্টদ্যুম্নকে তিনটি করিয়া বাণে বিদ্ধ করত দ্রুপদের উপর একটি নারাচ ক্ষেপণ করিলেন ॥৫

রাজন্! শত্রুসূদন ভীষ্ম কর্তৃক বাণবিদ্ধ হইয়া সেই মহাধনুর্দ্ধর বীরগণ পদাহত সর্পের ন্যায় রণাঙ্গনে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন ॥ ৬

শিখণ্ডী ভরতবংশীয় পিতামহ ভীষ্মকে তখন বাণবিদ্ধ করিলেন। কিন্তু মনে মনে তাঁহার স্ত্রী-রূপের কথা চিন্তা করিয়া স্ব-মর্য্যাদা হইতে অবিচ্যুত ভীষ্ম তাঁহার উপর বাণ প্রহার করিলেন না ॥ ৭

সেই সময় ধৃষ্টদ্যুম্ন রণস্থলে ক্রোধে অগ্নিতুল্য জ্বলিয়া উঠিলেন। তিনি সেই সময় তিনটি বাণে পিতামহ ভীষ্মের বক্ষঃস্থল ও বাহুতে আঘাত করিলেন ॥ ৮

দ্রুপদ পঁচিশ, বিরাট দশ ও শিখণ্ডী পঁচিশটি সায়ক (বাণ) প্রহার করিয়া তাঁহাকে আহত করিলেন ॥ ৯

মহারাজ! সেই সায়কসমূহে অত্যন্ত আহত হইয়া তিনি রক্তপ্রবাহে পরিপ্লুত হইলেন এবং বসন্ত ঋতুতে পুষ্পসমূহে পরিপূর্ণ অশোকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১০

আর্য্য! সেই সময় গঙ্গানন্দন ভীষ্ম তাঁহাদের সকলকেই সরলগামী তিনটি তিনটি করিয়া বাণে বিদ্ধ করিলেন এবং একটি ভল্লের দ্বারা দ্রুপদের ধনু ছিন্ন করিলেন ॥ ১১

তখন তিনি অপর একটি ধনু হাতে লইয়া যুদ্ধের অগ্রভাগে তীক্ষ্ণ পাঁচটি বাণে ভীষ্মকে এবং অপর তিনটি বাণে তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥ ১২

মহারাজ! ভীম, দ্রৌপদীর পঞ্চ পুত্র, পঞ্চ ভ্রাতা কেকয়-রাজকুমারগণ, সাত্বতবংশীয় সাত্যকি, যুধিষ্ঠিরাদি পাণ্ডবসৈন্যগণ

অভ্যদ্রবন্ত গাঙ্গেয়ং যুধিষ্ঠিরপুরোগমাঃ।
রিরক্ষিষন্তঃ পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ॥ ১৪
তথৈব তাবকাঃ সর্ব্বে ভীষ্মরক্ষার্থমুদ্যতাঃ।
প্রত্যুদ্যযুঃ পাণ্ডুসেনাং সহসৈন্যা নরাধিপ॥ ১৫
অত্রাসীৎ সুমহদ্ যুদ্ধং তব তেষাঞ্চ সঙ্কুলম্।
নরাশ্ব-রথনাগানাং যমরাষ্ট্রবিবর্ধনম্॥ ১৬
রথী রথিনমাসাদ্য প্রাহিণোদ্ যমসাদনম্।
তথেতরান্ সমাসাদ্য নর-নাগাশ্বসাদিনঃ॥ ১৭
অনয়ন্ পরলোকায় শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
শরৈশ্চ বিবিধৈর্ঘোরৈস্তত্র তত্র বিশাম্পতে॥ ১৮
রথাস্তু রথিভির্হীনা হতসারথয়স্তথা।
বিপ্রদ্রুতাশ্বাঃ সমরে দিশো জগ্মুঃ সমন্ততঃ॥ ১৯
মৃদ্নন্তস্তে নরান্ রাজন্ হয়াংশ্চ সুবহূন্ রণে।
বাতায়মানা দৃশ্যন্তে গন্ধর্বনগরোপমাঃ॥ ২০

এবং ধৃষ্টদ্যুম্নাদি পাঞ্চালসৈন্যগণ দ্রুপদকে রক্ষা করিবার জন্য গঙ্গানন্দন ভীষ্মের উপর আক্রমণ করিলেন॥ ১৩-১৪

নরেশ্বর! এইরূপ আপনার সমস্ত যোদ্ধারা ভীষ্মকে রক্ষা করিবার জন্য সৈন্যগণের সহিত উদ্যত হইয়া পাণ্ডবসৈন্যদের উপর আক্রমণ করিলেন॥ ১৫

তখন সেখানে পদাতি, অশ্বারোহী, রথী ও গজারোহী সৈন্যদের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর ব্যাপক যুদ্ধ আরম্ভ হইল, যাহা কেবল যমরাজ্যেরই বৃদ্ধিকর ছিল॥ ১৬

রথী যোদ্ধা রথীর সম্মুখে আসিয়া তাহাকে যমালয়ে পাঠাইয়া দিলেন। পদাতি, গজারোহী ও অশ্বারোহীরাও পরস্পরের সম্মুখীন হইয়া ঐরূপই করিতে লাগিলেন॥ ১৭

প্রজানাথ! সেই যুদ্ধস্থলে যেখানে সেখানে সকল যোদ্ধারা আনতপর্ব্বযুক্ত নানাবিধ ভয়ঙ্কর বাণসমূহে স্বীয় বিপক্ষদিগকে পরলোকে প্রেরণ করিতে থাকিলেন॥ ১৮

সারথিহীন বহু রথ রথিগণশূন্য হইয়া রণাঙ্গনে পলায়নপর অশ্বদিগের সহিত চারিদিকে ঘুরিতে লাগিল॥ ১৯

রাজন্! এই সব রথ রণস্থলে আপনার বহুসংখ্যক পদাতি-সৈন্য ও অশ্বদিগকে মর্দ্দিত করিতে করিতে বায়ুসদৃশ তীব্রগতিতে পলায়ন করিতেছিল এবং তখন তাহারা গন্ধর্ব্বনগরের ন্যায় প্রতীয়মান হইতেছিল॥ ২০

রথিনশ্চ রথৈর্হীনা বর্মিণস্তেজসা যুতাঃ।
কুণ্ডলোষ্ণীষিণঃ সর্ব্বে নিষ্কাঙ্গদবিভূষণাঃ॥ ২১
দেবপুত্রসমাঃ সর্ব্বে শৌর্য্যে শক্রসমা যুধি।
ঋদ্ধ্যা বৈশ্রবণং চাতি নয়েন চ বৃহস্পতিম্॥ ২২
সর্ব্বলোকেশ্বরাঃ শূরাস্তত্র তত্র বিশাম্পতে।
বিপ্রদ্রুতা ব্যদৃশ্যন্ত প্রাকৃতা ইব মানবাঃ॥ ২৩
দন্তিনশ্চ নরশ্রেষ্ঠ হীনাঃ পরমসাদিভিঃ।
মৃদ্নন্তঃ স্বান্যনীকানি নিপেতুঃ সর্ব্বশব্দগাঃ॥ ২৪
চর্মভিশ্চামরৈশ্চিত্রৈঃ পতাকাভিশ্চ মারিষ।
ছত্রৈঃ সিতৈর্হেমদণ্ডৈশ্চামরৈশ্চ সমন্ততঃ॥ ২৫
বিশীর্ণৈর্বিপ্রধাবন্তো দৃশ্যন্তে স্ম দিশো দশ।
নবমেঘপ্রতীকাশা জলদোপমনিঃস্বনাঃ॥ ২৬
তথৈব দন্তিভির্হীনা গজারোহা বিশাম্পতে।
প্রধাবন্তোঽন্বদৃশ্যন্ত তব তেষাঞ্চ সঙ্কুলে॥ ২৭

প্রজানাথ! বহু রথী রথসমূহহীন হইয়া পড়িয়াছিলেন। তাঁহারা কবচ, কুণ্ডল ও উষ্ণীষ (পাগ্ড়ী) ধারণ করিয়া অতিশয় তেজস্বী দেখাইতেছিলেন। ইঁহারা সকলে কণ্ঠে স্বর্ণময় পদক এবং বাহুতে অঙ্গদ ধারণ করিয়াছিলেন। ইঁহারা দেখিতে দেবকুমারগণের ন্যায় সুন্দর এবং ইন্দ্রসদৃশ শৌর্য্যশালী ছিলেন। ইঁহারা সমৃদ্ধিতে কুবের ও নীতিজ্ঞানে বৃহস্পতি হইতেও অধিক ছিলেন। এরূপ সর্ব্বলোকেশ্বর বীরবরগণকেও রথহীন হইয়া গ্রামীণ সাধারণ মনুষ্যদিগের ন্যায় যেদিকে সেদিকে পলায়ন করিতে দেখা যাইল॥ ২১ ২৩

নরশ্রেষ্ঠ! বহু দন্তভূষিত হাতী নিজের শ্রেষ্ঠ আরোহীশূন্য হইয়া নিজেদেরই সৈন্যবাহিনীকে মর্দ্দন করিতে করিতে প্রত্যেক শব্দের পশ্চাতে পশ্চাতে দৌড়াইতে লাগিল॥ ২৪

মাননীয় মহারাজ! ঢাল, বিচিত্র চামর, পতাকা, শ্বেতছত্র, সুবর্ণদণ্ডভূষিত চামর—এই সকল বস্তু চারিদিকে পতিত আছে—দেখা যাইল এবং নূতন মেঘের ন্যায় বর্ণবিশিষ্ট হাতীরা মেঘতুল্য গর্জন করিতে করিতে নানা দিকে দৌড়াইতেছে—ইহাও দেখা যাইল॥ ২৫-২৬

প্রজানাথ! এইরূপ হস্তিশূন্য হস্ত্যারোহী যোদ্ধারাও আপনার এবং পাণ্ডবদিগের সেই ভয়ানক যুদ্ধে এদিকে ওদিকে দৌড়াইতেছেন—দেখা যাইল॥ ২৭

নানাদেশসমুত্থাংশ্চ তুরগান্ হেমভূষিতান্।
বাতায়মানানদ্রাক্ষং শতশোঽথ সহস্রশঃ ॥ ২৮

অশ্বারোহান্ হতৈরশ্বৈর্গৃহীতাসীন্ সমন্ততঃ।
দ্রবমাণানপশ্যাম দ্রাব্যমাণাংশ্চ সংযুগে ॥ ২৯

গজো গজং সমাসাদ্য দ্রবমাণং মহাহবে।
যযৌ প্রমৃদ্য তরসা পাদাতান্ বাজিনস্তথা ॥ ৩০

তথৈব চ রথান্ রাজন্ প্রমমর্দ রণে গজঃ।
রথাশ্চৈব সমাসাদ্য পতিতাংস্তুরগান্ ভুবি ॥ ৩১

ব্যমৃদ্গন্ সমরে রাজংস্তুরগাশ্চ নরান্ রণে।
এবং তে বহুধা রাজন্ প্রত্যমৃদ্গন্ পরস্পরম্ ॥ ৩২

তস্মিন্ রৌদ্রে তথা যুদ্ধে বর্তমানে মহাভয়ে।
প্রাবর্তত নদী ঘোরা শোণিতান্ত্রতরঙ্গিণী ॥ ৩৩

অস্থিসঙ্ঘাতসম্বাধা কেশ-শৈবলশাদ্বলা।
রথহ্রদা শরাবর্তা হয়মীনা দুরাসদা ॥ ৩৪

শীর্ষোপলসমাকীর্ণা হস্তিগ্রাহসমাকুলা।
কবচোষ্ণীষফেনৌঘা ধনুর্বেগাসিকচ্ছপা ॥ ৩৫

পতাকাধ্বজবৃক্ষাঢ্যা মর্ত্যকূলাপহারিণী।
ক্রব্যাদহংসসঙ্কীর্ণা যমরাষ্ট্রবিবর্ধনী ॥ ৩৬

তাং নদীং ক্ষত্রিয়াঃ শূরা রথ-নাগ-হয়প্লবৈঃ।
প্রতেরুর্বহবো রাজন্ ভয়ং ত্যক্ত্বা মহারথাঃ ॥ ৩৭

অপোবাহ রণে ভীরূন্ কশ্মলেনাভিসংবৃতান্।
যথা বৈতরণী প্রেতান্ প্রেতরাজপুরং প্রতি ॥ ৩৮

প্রাক্রোশন্ ক্ষত্রিয়াস্তত্র দৃষ্ট্বা তদ্ বৈশসং মহৎ।
দুর্যোধনাপরাধেন গচ্ছন্তি ক্ষত্রিয়াঃ ক্ষয়ম্ ॥ ৩৯

গুণবৎসু কথং দ্বেষং ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
কৃতবান্ পাণ্ডুপুত্রেষু পাপাত্মা লোভমোহিতঃ ॥ ৪০

এবং বহুবিধা বাচঃ শ্রূয়ন্তে স্ম পরস্পরম্।
পাণ্ডবস্তব সংযুক্তাঃ পুত্রাণাং তে সুদারুণাঃ ॥ ৪১

নানা দেশ হইতে উৎপন্ন, স্বর্ণভূষিত এবং বায়ুসদৃশ তীব্র বেগশালী শত শত ও সহস্র সহস্র অশ্বকেও আমি রণভূমি হইতে পলায়ন করিতে দেখিলাম ॥ ২৮

আমরা যুদ্ধে বহুসংখ্যক অশ্বারোহীকে দেখিলাম, যাহারা অশ্ব নিহত হইলে পর হাতে তরবারি লইয়া পলায়ন করিতেছে এবং শত্রুরা তাহাদিগকে বিতাড়িত করিতেছে ॥ ২৯

সেই মহাসংগ্রামে একটি হাতী পলায়ন করিতে করিতে অন্য এক হাতীর নিকট উপস্থিত হইয়া স্বীয় বেগে বহু পদাতি সৈন্যকে এবং অশ্বদিগকে মর্দ্দন পূর্ব্বক তাহার অনুসরণ করিতে লাগিল ॥ ৩০

রাজন্! এইরূপ সেই রণাঙ্গনে এক হাতী বহু রথকে চূর্ণ-বিচূর্ণ করিয়া ফেলিল এবং বহু রথও ভূতলে পতিত অশ্বগণকে পিষ্ট করিয়া পলায়ন করিল ॥ ৩১

রাজন্! সমরাঙ্গণে বহুসংখ্যক অশ্ব প্রভৃত পদাতি সৈন্য পেষণ করিয়াছিল। নৃপ! এইরূপ সৈন্যরাও আবার পরস্পর পরস্পরকে নানাভাবে পিষ্ট করিতে লাগিল ॥ ৩২

সেই মহাভয়ঙ্কর ঘোরতর যুদ্ধে রক্ত ও অন্ত্রের (আঁতের) তরঙ্গযুক্তা এক ভয়ানক নদী প্রবাহিত হইল ॥ ৩৩

বহু অস্থিরূপ শিলাখণ্ডসমূহে এই নদী পূর্ণা ছিল কেশসমূহ ঐ নদীর শৈবাল (শেওলা) ও ঘাসের ন্যায় ছিল। রথসমূহ হ্রদ ও বাণশ্রেণী ঘূর্ণীর সদৃশ প্রতীত হইতেছিল। অশ্বগণ এই দুরতিক্রমণীয়া নদীর মৎস্যসদৃশ ছিল ॥ ৩৪

ছিন্ন মস্তকসকল প্রস্তরখণ্ডসমূহের ন্যায় দেখা যাইতে লাগিল। হস্তীরা বিশাল জলজন্তুর সদৃশ ছিল, কবচ ও উষ্ণীষসমূহ ফেনরাশি বলিয়া মনে হইতেছিল। ধনুসকল এই নদীর বেগযুক্তপ্রবাহ এবং তরবারিসকল কচ্ছপের তুল্য ছিল ॥ ৩৫

পতাকা ও ধ্বজগুলির তীরস্থ বৃক্ষশ্রেণীর ন্যায় দেখা যাইতেছিল। মনুষ্যগণের মৃতদেহসমূহ তীরাকারে পরিণত হইয়াছিল, যাহাদিগকে সেই সময় বেগের সহিত বহন করা হইতেছিল। মাংসাশী পক্ষীরা হংসগণের ন্যায় ঐ নদীতে শোভা পাইতেছিল এবং এই নদী যমরাজের রাজ্য বৃদ্ধি করিয়াছিল ॥ ৩৬

রাজন্! বহু বীরবর মহারথী ক্ষত্রিয়গণ নৌকার ন্যায় অশ্ব, রথ ও হাতী প্রভৃতিতে আরোহণ করিয়া ভয় ত্যাগ করত ঐ নদী পার হইতে লাগিলেন ॥ ৩৭

যেরূপ বৈতরণী নদী মৃত প্রাণীদিগকে প্রেতরাজের নগরে লইয়া যায়, সেইরূপ রক্তময়ী নদী ভীরু ও কাপুরুষগণকে মূর্ছিত করিয়া রণভূমি হইতে দূরে লইয়া যাইতে লাগিল ॥ ৩৮

সেখানে অবস্থিত ক্ষত্রিয়গণ সেই অতিশয় ভয়ঙ্কর হানাহানি দেখিয়া উচ্চৈঃস্বরে এই বলিয়া চীৎকার করিতে লাগিলেন যে, দুর্যোধনেরই অপরাধে এই সমগ্র ক্ষত্রিয়সমাজ আজ বিনষ্ট হইতেছে ॥ ৩৯

পাপাত্মা রাজা ধৃতরাষ্ট্র লোভে মোহিত হইয়া গুণবান্ পাণ্ডবদের উপর কেন দ্বেষ করিয়াছেন? ৪০

এইরূপে সেখানে পরস্পরের কথিত পাণ্ডবগণের প্রশংসা

তা নিশম্য ততো বাচঃ সর্ব্বযোধৈরুদাহৃতাঃ।
আগস্কৃৎ সর্ব্বলোকস্য পুত্রো দুর্যোধনস্তব ॥ ৪২
ভীষ্মং দ্রোণং কৃপং চৈব শল্যং চোবাচ ভারত।
যুধ্যধ্বমনহঙ্কারাঃ কিং চিরং কুরুথেতি চ ॥ ৪৩
ততঃ প্রববৃতে যুদ্ধং কুরূণাং পাণ্ডবৈঃ সহ।
অক্ষদ্যূতকৃতং রাজন্ সুঘোরং বৈশসং তদা ॥ ৪৪
যৎ পুরা ন নিগৃহ্লাসি বার্য্যমাণো মহাত্মভিঃ।
বৈচিত্রবীর্য্য তস্যেদং ফলং পশ্য সুদারুণম্ ॥৪৫
ন হি পাণ্ডুসুতা রাজন্ সসৈন্যাঃ সপদানুগাঃ।
রক্ষন্তি সমরে প্রাণান্ কৌরবা বাপি সংযুগে ॥ ৪৬
এতস্মাৎ কারণাদ্ ঘোরো বর্ত্ততে স্বজনক্ষয়ঃ।
দৈবাদ্ বা পুরুষব্যাঘ্র তব চাপনয়ান্নৃপ ॥ ৪৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৩

পূর্ণ এবং আপনার পুত্রদিগের সুতীব্র নিন্দাযুক্ত নানাপ্রকার বাক্য শুনা যাইতে লাগিল। ৪১

ভারত! তখন সমস্ত যোদ্ধাদিগের মুখ হইতে নির্গত সেই সব বাক্য শ্রবণ করিয়া সকল লোকের প্রতি অপরাধকারী আপনার পুত্র দুর্য্যোধন ভীষ্ম, দ্রোণ, কৃপ এবং শল্যকে বলিলেন —আপনারা অহঙ্কার ত্যাগ করিয়া যুদ্ধ করুন, কেন বিলম্ব করিতেছেন? ৪২-৪৩

রাজন্! তারপর পাণ্ডবদিগের সহিত কৌরবগণের পুনরায় অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল, যাহা কপটতাপূর্ণ পাশা খেলার জন্য উৎপন্ন হইয়াছিল এবং যাহাতে ঘোরতর হানাহানি চলিয়াছিল। ৪৪

বিচিত্রবীর্য্যনন্দন! পূর্ব্বে মহাত্মাপুরুষগণ নিষেধ করিলেও আপনি যে তাহা গ্রহণ করেন নাই, আজ তাহারই নিদারুণ ফল প্রাপ্ত হইতেছেন—ইহা অবলোকন করুন। ৪৫

রাজন্! সৈন্য ও সেবকগণের সহিত পাণ্ডব এবং কৌরবেরা সমরাঙ্গণে নিজ নিজ প্রাণকে রক্ষা করিলেন না—অর্থাৎ প্রাণের মোহ ত্যাগ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন। ৪৬

হে পুরুষশ্রেষ্ঠ! হে নৃপ! এই কারণে অথবা দৈবের প্রেরণায় কিংবা আপনারই অন্যায়ের ফলে এ যুদ্ধে স্বজনগণের ভীষণ ক্ষয় হইতে লাগিল। ৪৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে ব্যাপক যুদ্ধবিষয়ক ত্র্যধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুরধিকশততমোঽধ্যায়ঃ।

[অর্জুনেন ত্রিগর্ত্তানাং পরাজয়ঃ, কৌরবপাণ্ডবানাং মধ্যে ঘোরং যুদ্ধম্; অভিমন্যুনা চিত্রসেনস্য, দ্রোণেন দ্রুপদস্য, ভীমসেনেন চ বাহ্লীকস্য পরাভবঃ, সাত্যকিভীষ্ময়োর্মধ্যে ভয়ানকং যুদ্ধঞ্চ।]

সঞ্জয় উবাচ।

অর্জ্জুনস্তান্ নরব্যাঘ্রঃ সুশর্ম্মানুচরান্ নৃপান্।
অনয়ৎ প্রেতরাজস্য সদনং সায়কৈঃ শিতৈঃ ॥ ১
সুশর্ম্মাপি ততো বাণৈঃ পার্থং বিব্যাধ সংযুগে।
বাসুদেবঞ্চ সপ্তত্যা পার্থঞ্চ নবভিঃ পুনঃ ॥ ২
তং নিবার্য্য শরৌঘেণ শক্রসূনুর্মহারথঃ।
সুশর্ম্মণো রণে যোদ্ধান্ প্রাহিণোদ্ যমসাদনম্ ॥ ৩
তে বধ্যমানাঃ পার্থেন কালেনেব যুগক্ষয়ে।
ব্যদ্রবন্ত রণে রাজন্ ভয়ে জাতে মহারথাঃ ॥ ৪

চতুরধিক শততম অধ্যায়

[অর্জুনকর্তৃক ত্রিগর্ত্তগণের পরাজয়, কৌরব-পাণ্ডবদের মধ্যে ঘোরতর যুদ্ধ, অভিমন্যুকর্তৃক চিত্রসেন, দ্রোণকর্তৃক দ্রুপদ এবং ভীমসেনকর্তৃক বাহ্লীকের পরাজয় ও সাত্যকি এবং ভীষ্মের মধ্যে ভীষণ যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! নরশ্রেষ্ঠ অর্জুন নিজ তীক্ষ্ণ বাণসমূহে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মার অনুগামী নরপতিগণকে যমলোকে প্রেরণ করিতে লাগিলেন। ১

তখন সুশর্ম্মাও যুদ্ধস্থলে নানাপ্রকার বাণসমূহে কুন্তীনন্দন অর্জুনকে বিদ্ধ করিলেন। তারপর পুনরায় তিনি বসুদেবসুত শ্রীকৃষ্ণকে সত্তর এবং অর্জুনকে নয়টি বাণে আঘাত করিলেন। ২

ইহা দেখিয়া ইন্দ্রপুত্র মহারথী অর্জুন নিজ বাণসমূহে সুশর্ম্মাকে রুদ্ধ করিয়া রণাঙ্গনে তাঁহার যোদ্ধাদিগকে যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন। ৩

রাজন্! যেরূপ যুগান্তকালে সাক্ষাৎ কাল কর্তৃক সমস্ত প্রাণী বিনষ্ট হইয়া থাকে, সেইরূপ রণাঙ্গনে অর্জুনকর্তৃক প্রহৃত হইয়া

উৎসৃজ্য তুরগান্ কেচিদ্ রথান্ কেচিচ্চ মারিষ।
গজানন্যে সমুৎসৃজ্য প্রাদ্রবন্ত দিশো দশ ॥ ৫
অপরে তু তদাদায় বাজি-নাগ-রথান্ রণে।
ত্বরয়া পরয়া যুক্তাঃ প্রাদ্রবন্ত বিশাম্পতে ॥ ৬
পাদাতাশ্চাপি শস্ত্রাণি সমুৎসৃজ্য মহারণে।
নিরপেক্ষা ব্যধাবন্ত তেন তেন স্ম ভারত ॥ ৭
বার্য্যমাণাঃ সুবহুশস্ত্রৈগর্ত্তেন সুশর্মণা।
তথান্যৈঃ পার্থিবশ্রেষ্ঠৈর্ন ব্যতিষ্ঠন্ত সংযুগে ॥ ৮
তদ্ বলং প্রদ্রুতং দৃষ্ট্বা পুত্রো দুর্য্যোধনস্তব।
পুরস্কৃত্য রণে ভীষ্মং সর্ব্বসৈন্যপুরস্কৃতঃ ॥ ৯
সর্ব্বোদ্যোগেন মহতা ধনঞ্জয়মুপাদ্রবৎ।
ত্রিগর্ত্তাধিপতেরর্থে জীবিতস্য বিশাম্পতে ॥ ১০
স একঃ সমরে তস্থৌ কিরন্ বহুবিধান্ শরান্।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈঃ শেষা হি প্রদ্রুতা নরাঃ ॥ ১১
তথৈব পাণ্ডবা রাজন্ সর্ব্বোদ্যোগেন দংশিতাঃ।
প্রযযুঃ ফাল্গুনার্থায় যত্র ভীষ্মো ব্যতিষ্ঠত ॥ ১২
জ্ঞায়মানা রণে বীর্য্যং ঘোরং গাণ্ডীবধন্বনঃ।
হাহাকারকৃতোৎসাহা ভীষ্মং জগ্মুঃ সমন্ততঃ ॥ ১৩
ততস্তালধ্বজঃ শূরঃ পাণ্ডবানাং বরূথিনীম্।
ছাদয়ামাস সমরে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ১৪
একীভূতাস্ততঃ সর্ব্বে কুরবঃ সহ পাণ্ডবৈঃ।
অযুধ্যন্ত মহারাজ মধ্যং প্রাপ্তে দিবাকরে ॥ ১৫
সাত্যকিঃ কৃতবর্ম্মাণং বিদ্ধা পঞ্চভিরাশুগৈঃ।
অতিষ্ঠদাহবে শূর কিরন্ বাণান্ সহস্রশঃ ॥ ১৬
তথৈব দ্রুপদো রাজা দ্রোণং বিদ্ধ্বা শিতৈঃ শরৈঃ।
পুনর্বিব্যাধ সপ্তত্যা সারথিং চাস্য পঞ্চভিঃ ॥ ১৭
ভীমসেনস্তু রাজানং বাহ্লীকং প্রপিতামহম্।
বিদ্ধা নদন্মহানাদং শার্দূল ইব কাননে ॥ ১৮
আর্জ্জুনিশ্চিত্রসেনেন বিদ্ধো বহুভিরাশুগৈঃ।
অতিষ্ঠদাহবে শূরঃ কিরন্ বাণান্ সহস্রশঃ ॥ ১৯

সমস্ত মহারথীরা ভয়বশতঃ যুদ্ধ ত্যাগ করিয়া পলায়ন করিলেন ॥ ৪

আর্য্য! কিছু যোদ্ধা অশ্ব, কিছু রথ এবং এইভাবে কিছু যোদ্ধা হাতী ত্যাগ করিয়া চারিদিকে পলায়ন করিতে লাগিল ॥ ৫

প্রজানাথ! অপর কিছু যোদ্ধা সেই সময় অতি সত্বর নিজ হস্তী, অশ্ব ও রথকে সঙ্গে লইয়া রণভূমি হইতে পলাইয়া যাইল। ভারত! সেই মহাযুদ্ধে পদাতিক সৈন্যরাও নিজ নিজ অস্ত্র নিক্ষেপ করত কোনরূপ অপেক্ষা না করিয়াই যেদিকে সুযোগ পাইল, সেইদিকে পলাইয়া গেল ॥ ৬-৭

যদিও ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা এবং অন্যান্য শ্রেষ্ঠ নরপতিগণ তাহাদিগকে নিবৃত্ত করিবার জন্য বহু চেষ্টা করিলেন, তথাপি তাহারা নিবৃত্ত হইল না ॥ ৮

সেই সৈন্যদিগকে পলাইতে দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন রণাঙ্গনে ভীষ্মকে অগ্রে করিয়া সকল সৈন্যের সহিত সর্ব্বপ্রকার প্রযত্নদ্বারা ধনঞ্জয়ের উপর আক্রমণ করিলেন। প্রজানাথ! তাঁহার আক্রমণের উদ্দেশ্য ছিল ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মার জীবন রক্ষা করা ॥ ৯-১০

কেবল দুর্য্যোধনই স্বীয় সকল ভ্রাতৃবৃন্দের সহিত নানাপ্রকার অস্ত্রবর্ষণ করিতে করিতে রণাঙ্গনে অবস্থিত ছিলেন। অন্যান্যরা সকলে পলাইয়া যাইল ॥ ১১

রাজন্! সেইরূপ পাণ্ডবগণ কবচবন্ধন করিয়া বিবিধ উদ্যোগের সহিত অর্জুনকে রক্ষা করিবার জন্য সেইস্থানে গমন করিলেন, যেস্থানে ভীষ্ম অবস্থিত ছিলেন ॥ ১২

গাণ্ডীবধারী অর্জুনের ভয়ঙ্কর পরাক্রমের কথা জানিয়া ইঁহারা সকলে উৎসাহের সহিত কোলাহল এবং সিংহনাদ করিতে করিতে চারিদিক্ দিয়া ভীষ্মের উপর আক্রমণ করিলেন ॥ ১৩

তদনন্তর তালচিহ্নিত ধ্বজশোভিত বীরবর ভীষ্ম আনত পর্ব্বযুক্ত বাণসমূহে যুদ্ধে পাণ্ডব সৈন্যদিগকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ১৪

মহারাজ! তাহারপর সূর্য্য মধ্যাহ্নকালে উপনীত হইলে সমস্ত কৌরবগণ একত্রে সংগঠিত হইয়া পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ১৫

বীরবর সাত্যকি কৃতবর্ম্মাকে পাঁচ বাণে বিদ্ধ করিয়া সমরাঙ্গণে সহস্র সহস্র বাণ বর্ষণ করত অবস্থান করিতে লাগিলেন ॥ ১৬

এইরূপ রাজা দ্রুপদ দ্রোণাচার্য্যকে তীক্ষ্ণ বাণসমূহে একবার বিদ্ধ করিয়া পুনরায় সত্তরটি বাণে তাঁহাকে আঘাত করিলেন এবং তাঁহার সারথিকেও পাঁচ বাণে আহত করিয়া ফেলিলেন ॥ ১৭

ভীমসেন স্বীয় প্রপিতামহ রাজা বাহ্লীককে বাণে বিদ্ধ করিয়া বনমধ্যে ব্যাঘ্রের গর্জনের ন্যায় রণাঙ্গনে উচ্চৈঃস্বরে গর্জন করিতে লাগিলেন ॥ ১৮

যদিও অর্জুনকুমার অভিমন্যুকে চিত্রসেন বহু বাণে আহত

চিত্রসেনং ত্রিভির্বাণৈর্বিব্যাধ সমরে ভৃশম্।
সমাগতৌ তৌ তু রণে মহামাত্রৌ ব্যরোচতাম্॥ ২০
যথা দিবি মহাঘোরৌ রাজন্ বুধ-শনৈশ্চরৌ।
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা সূতঞ্চ নবভিঃ শরৈঃ॥ ২১
ননাদ বলবন্নাদং সৌভদ্রঃ পরবীরহা।
হতাশ্বাৎ তু রথাৎ তূর্ণং সোঽবপ্লুত্য মহারথঃ॥ ২২
আরুরোহ রথং তূর্ণং দুর্মুখস্য বিশাম্পতে।
দ্রোণশ্চ দ্রুপদং ভিত্ত্বা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ॥ ২৩
সারথিং চাস্য বিব্যাধ ত্বরমাণঃ পরাক্রমী।
পীড্যমানস্ততো রাজা দ্রুপদো বাহিনীমুখে॥ ২৪
অপায়াজ্জবনৈরশ্বৈঃ পূর্ব্ববৈরমনুস্মরন্।
ভীমসেনস্তু রাজানং মুহূর্ত্তাদিব বাহ্লিকম্॥ ২৫
ব্যশ্বসূতরথং চক্রে সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ।
সসম্ভ্রমো মহারাজ সংশয়ং পরমং গতঃ॥ ২৬
অবপ্লুত্য ততো বাহাদ বাহ্লীকঃ পুরুষোত্তমঃ।
আরুরোহ রথং তূর্ণং লক্ষ্মণস্য মহারণে॥ ২৭
সাত্যকিঃ কৃতবর্ম্মাণং বারয়িত্বা মহারণে।
শরৈর্বহুবিধৈ রাজন্নাসসাদ পিতামহম্॥ ২৮
স বিদ্ধ্বা ভারতং ষষ্ট্যা নিশিতৈর্লোমবাহিভিঃ।
নৃত্যন্নিব রথোপস্থে বিধুন্বানো মহদ্ ধনুঃ॥ ২৯
তস্যায়সীং মহাশক্তিং চিক্ষেপাথ পিতামহঃ।
হেমচিত্রাং মহাবেগাং নাগকন্যোপমাং শুভাম্॥ ৩০
তামাপতন্তীং সহসা মৃত্যুকল্পাং সুদুর্জ্জয়াম্।
ব্যংসয়ামাস বার্ষ্ণেয়ো লাঘবেন মহাযশাঃ॥ ৩১
অনাসাদ্য তু বার্ষ্ণেয়ং শক্তিঃ পরমদারুণা।
ন্যপতদ্ ধরণীপৃষ্ঠে মহোল্কেব মহাপ্রভা॥ ৩২
বার্ষ্ণেয়স্তু ততো রাজন্
স্বাং শক্তিং কনকপ্রভাম্।
বেগবদ্ গৃহ্য চিক্ষেপ
পিতামহরথং প্রতি॥ ৩৩

করিয়াছিলেন, তথাপি বীরবর অভিমন্যু সহস্র সহস্র বাণ বর্ষণ করিতে করিতে যুদ্ধস্থলে অবস্থিত রহিলেন। ১৯

তারপর সেই যুদ্ধে তিনি তিন বাণে চিত্রসেনকে গুরুতর আহত করিলেন। রাজন্! যেরূপ আকাশে দুই মহাভয়ঙ্কর গ্রহ বুধ ও শনৈশ্চর সুশোভিত হইয়া বিরাজ করেন, সেইরূপ এই দুই মহাবীর চিত্রসেন ও অভিমন্যু রণাঙ্গনে শোভা পাইতে লাগিলেন।

তখন শক্রবীরনাশী সুভদ্রাকুমার অভিমন্যু চিত্রসেনের চারিটি অশ্বকে বিনাশ করিয়া নয় বাণে তাঁহার সারথিকেও বধ করিলেন। তারপর তীব্রবেগে সিংহনাদ করিতে থাকিলেন। প্রজানাথ! অশ্ব নিহত হইলে মহারথী চিত্রসেন অতি দ্রুত রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং দুর্মুখের রথে গিয়া আরোহণ করিলেন।

পরাক্রমশালী দ্রোণাচার্য্যও আনতপর্ব্বযুক্ত বাণসমূহে দ্রুপদকে বিদ্ধ করিয়া অতিশয় সত্বরতার সহিত তাঁহার সারথিকেও বাণবিদ্ধ করিলেন।

এইভাবে যুদ্ধের অগ্রভূমিতে দ্রোণাচার্য্য কর্তৃক পীড়িত হইয়া রাজা দ্রুপদ পূর্ব্ব শত্রুতার কথা স্মরণ করিতে করিতে শীঘ্রগামী অশ্ব দ্বারা সেখান হইতে পলায়ন করিলেন।

ভীমসেন মুহূর্ত্তকালের মধ্যে সকল সৈন্যের সাক্ষাতেই রাজা বাহ্লীককে অশ্ব, সারথি ও রথহীন করিয়া দিলেন।

মহারাজ! নরশ্রেষ্ঠ বাহ্লীক তখন অতিশয় বিভ্রান্ত হইয়া পড়িলেন এবং তাঁহার গুরুতর প্রাণসংশয় উপস্থিত হইল। এই অবস্থায় তিনি রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং এই মহাযুদ্ধে অতি সত্বর লক্ষ্মণের রথে গিয়া আরোহণ করিলেন॥ ২০-২৭

রাজন্! অপর দিকে সেই মহাসংগ্রামে সাত্যকি কৃতবর্ম্মাকে রুদ্ধ করিয়া নানাপ্রকার বাণ বর্ষণ করিতে করিতে পিতামহ ভীষ্মের উপর ধাবিত হইলেন॥ ২৮

সেই সময় তিনি স্বীয় বিশাল ধনুর টঙ্কারধ্বনি বিস্তার করিতে করিতে এবং রথের আসনে যেন নৃত্য করিতে করিতে পক্ষযুক্ত ষাটটি তীক্ষ্ণ বাণে ভরতবংশীয় পিতামহ ভীষ্মকে বিদ্ধ করিলেন। ২৯

তখন পিতামহ সাত্যকির উপর লৌহনির্ম্মিত একটি শক্তি নিক্ষেপ করিলেন। যে শক্তি সুবর্ণভূষিত, অত্যন্ত বেগশালিনী এবং সর্পিণীতুল্য আকৃতিবিশিষ্টা ও দেখিতে মনোহরা ছিল। ৩০

সেই অত্যন্ত দুর্জ্জয় মৃত্যুস্বরূপা শক্তিকে সহসা আসিতে দেখিয়া মহাযশস্বী সাত্যকি স্বীয় হস্তনৈপুণ্যবশতঃ তাহাকে ব্যর্থ করিয়া দিলেন॥ ৩১

সেই অতিশয় ভয়ঙ্করী শক্তি সাত্যকির নিকট উপস্থিত না হইয়াই তেজস্বিনী মহোল্কার ন্যায় ভূপৃষ্ঠে পতিত হইল। ৩২

রাজন্! তখন সাত্যকিও স্বর্ণতুল্য প্রভাযুক্তা স্বীয় শক্তি গ্রহণ করত উহাকে তীব্রবেগে ভীষ্মের রথের দিকে নিক্ষেপ করিলেন। ৩৩

বার্ষ্ণেয়ভুজবেগেন প্রণুন্না সা মহাহবে।
অভিদুদ্রাব বেগেন কালরাত্রির্যথা নরম্ ॥ ৩৪
তামাপতন্তীং সহসা দ্বিধা চিচ্ছেদ ভারতঃ।
ক্ষুরপ্রাভ্যাং সুতীক্ষ্ণাভ্যাং সা ব্যশীর্য্যত মেদনীম্ ॥ ৩৫
ছিত্ত্বা শক্তিং তু গাঙ্গেয়ঃ সাত্যকিং নবভিঃ শরৈঃ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ প্রহসন্ শত্রুকর্শনঃ ॥ ৩৬
ততঃ সরথ-নাগাশ্বাঃ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্ব্বজ।
পরিবব্রু রণে ভীষ্মং মাধবত্রাণকারণাৎ ॥ ৩৭
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ সমরে বিজয়ৈষিণাম্ ॥ ৩৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি বার্ষ্ণেয়যুদ্ধে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৪

সেই মহাসমরে সাত্যকির বাহুবেগের দ্বারা নিক্ষিপ্তা শক্তি অতিশয় বেগে ভীষ্মের দিকে যাইতে লাগিল, ইহাতে মনে হইতে লাগিল—কালরাত্রি মনুষ্যের অভিমুখে ধাবিত হইতেছে ॥৩৪

কিন্তু ভরতবংশধর ভীষ্ম অত্যন্ত তীক্ষ্ণ দুইটি ক্ষুরপ্র-বাণে সহসা নিজের দিকে দ্রুতগতিতে আগত সেই শক্তিকে দ্বিখণ্ডিত করিয়া ফেলিলেন। তখন এই শক্তি ছিন্ন-ভিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥ ৩৫

শক্তিকে ছিন্ন করিয়া হাস্য করিতে করিতে শত্রুসূদন গঙ্গানন্দন ভীষ্ম কুপিত হইয়া সাত্যকির বক্ষঃস্থলে নয়টি বাণ প্রহার করিলেন ॥ ৩৬

পাণ্ডুর জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্র! সেই সময় মধুবংশজাত সাত্যকিকে রক্ষা করিবার জন্য পাণ্ডবেরা রথ, অশ্ব ও হস্তী সৈন্যের সহিত আসিয়া যুদ্ধস্থলে ভীষ্মকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥ ৩৭

তারপর যুদ্ধে বিজয়াভিলাষী কৌরব ও পাণ্ডবগণের মধ্যে পরস্পর রোমাঞ্চকারী তুমুল যুদ্ধ আরম্ভ হইল ॥ ৩৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে সাত্যকির যুদ্ধবিষয়ক চতুরধিক-শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ।

[ভীষ্মং রক্ষিতুং দুঃশাসনায় দুর্য্যোধনস্যাদেশদানম্, যুধিষ্ঠির-নকুল-সহদেবৈঃ শকুনেরশ্বারোহিণাং সৈন্যানাং পরাজয়ঃ, শল্যেন সহ তেষাং যুদ্ধঞ্চ।]

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ভীষ্মং রণে ক্রুদ্ধং পাণ্ডবৈরভিসংবৃতম্।
যথা মেঘৈর্মহারাজ তপান্তে দিবি ভাস্করম্ ॥ ১
দুর্য্যোধনো মহারাজ দুঃশাসনমভাষত।
এষ শূরো মহেষ্বাসো ভীষ্মঃ শূরনিষূদনঃ ॥ ২
ছাদিতঃ পাণ্ডবৈঃ শূরৈঃ সমন্তাদ্ ভরতর্ষভ।
তস্য কার্য্যং ত্বয়া বীর রক্ষণং সুমহাত্মনঃ ॥৩
রক্ষ্যমাণো হি সমরে ভীষ্মোঽস্মাকং পিতামহঃ।
নিহন্যাৎ সমরে যত্তান্ পাঞ্চালান্ পাণ্ডবৈঃ সহ ॥৪
তত্র কার্য্যতমং মন্যে ভীষ্মস্যৈবাভিরক্ষণম্।
গোপ্তা হ্যেষ মহেষ্বাসো ভীষ্মোঽস্মাকং মহাব্রতঃ ॥ ৫

পঞ্চাধিকশততম অধ্যায়।

[ভীষ্মকে রক্ষা করিবার জন্য দুঃশাসনকে দুর্য্যোধনের আদেশ-দান, যুধিষ্ঠির ও নকুল-সহদেব কর্তৃক শকুনির অশ্বারোহী সৈন্যদের পরাজয় এবং শল্যের সহিত তাঁহাদের সকলের যুদ্ধ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! গ্রীষ্মকালের শেষে (বর্ষা আরম্ভ হইলে) যেরূপ মেঘ আকাশে সূর্য্যদেবকে আবৃত করিয়া থাকে, সেইরূপ পাণ্ডবগণ রণাঙ্গনে ক্রুদ্ধ হইয়া ভীষ্মকে চারিদিকে আবৃত করিয়া ফেলিলেন। ইহা দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধন দুঃশাসনকে বলিলেন— ॥

ভরতশ্রেষ্ঠ! শত্রুবীরনাশী মহাধনুর্দ্ধর শৌর্য্যশালী বীর ভীষ্ম পরাক্রমী পাণ্ডবগণকর্তৃক চারিদিকে আবৃত হইয়া পড়িয়াছেন।

বীর! তুমি সেই মহাত্মা ভীষ্মকে অতি অবশ্য রক্ষা কর। যুদ্ধে সুরক্ষিত হইলে আমাদের পিতামহ ভীষ্ম রণাঙ্গনে জয়লাভ করিতে যত্নপরায়ণ পাণ্ডবদের সহিত পাঞ্চালগণকে সংহার করিবেন ॥ ১-৪

অতএব এখন আমি একমাত্র ভীষ্মকে রক্ষাকরাকেই প্রধান কর্তব্য বলিয়া মনে করি; কারণ, এই মহাব্রতধারী ও মহাধনুর্দ্ধর ভীষ্ম আমাদের সকলের রক্ষক ॥ ৫

স ভবান্ সর্ব্বসৈন্যেন পরিবার্য্য পিতামহম্।
সমরে কর্ম্ম কুর্ব্বাণং দুষ্করং পরিরক্ষতু ॥ ৬
স এবমুক্তঃ সমরে পুত্রো দুঃশাসনস্তব।
পরিবার্য্য স্থিতো ভীষ্মং সৈন্যেন মহতা বৃতঃ ॥ ৭
(পালয়ামাস মহতা যত্নেন চ সুসংযতঃ।)
ততঃ শতসহস্রাণাং হয়ানাং সুবলাত্মজঃ।
বিমলপ্রাসহস্তানামৃষ্টি-তোমরধারিণাম্। ৮
দর্পিতানাং সুবেশানাং বলস্থানাং পতাকিনাম্।
শিক্ষিতৈর্যুদ্ধকুশলৈরুপেতানাং নরোত্তমৈঃ ॥ ৯
(এবং বহুসহস্রৈশ্চ যোধানাং যুদ্ধশালিনাম্।
সংবৃতঃ শকুনিস্তস্থৌ যুদ্ধায়ৈব সুদংশিতঃ ॥)
নকুলং সহদেবঞ্চ ধর্ম্মরাজঞ্চ পাণ্ডবম্।
ন্যবারয়ন্নরশ্রেষ্ঠান্ পরিবার্য্য সমন্ততঃ ॥১০
ততো দুর্য্যোধনো রাজা শূরাণাং হয়সাদিনাম্।

সুতরাং তুমি সম্পূর্ণ সৈন্যমণ্ডলীর সহিত সমরাঙ্গণে দুষ্কর কর্ম্মকারী পিতামহ ভীষ্মকে চারিদিক্ দিয়া পরিবৃত করিয়া তাঁহাকে রক্ষা কর ॥ ৬

দুর্য্যোধন এই কথা বলিলে পর আপনার পুত্র দুঃশাসন সমরাঙ্গণে স্বীয় বিশাল সৈন্যের সহিত যাইয়া ভীষ্মকে পরিবৃত করত অবস্থান করিতে লাগিলেন এবং অতিশয় যত্নের সহিত সাবধানে থাকিয়া তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥ ৭

তদনন্তর সুবলপুত্র শকুনি এক লক্ষ অশ্বারোহী সৈন্যের সহিত যুদ্ধের জন্য আসিয়া উপস্থিত হইলেন। সেই সকল সৈন্যের প্রত্যেকের হাতেই নির্ম্মল প্রাস, ঋষ্টি ও তোমর অস্ত্র ছিল। প্রত্যেকেরই নিজ নিজ শৌর্য্যের উপর অভিমানও ছিল। ইহারা সকলে বলবান্, সুন্দর বেশভূষায় সজ্জিত এবং ধ্বজ-পতাকাযুক্ত ছিল। অস্ত্রবিদ্যায় শিক্ষাপ্রাপ্ত ও যুদ্ধনিপুণ শ্রেষ্ঠ পদাতি সৈন্যেরও এক বিশাল বাহিনী ইহাদের সহিত বিদ্যমান ছিল ॥ ৮-৯

এইরূপে যুদ্ধভূমিতে শোভাপ্রাপ্ত বহু সহস্র যোদ্ধায় পরিবৃত হইয়া শকুনি কবচধারণ করত যুদ্ধের জন্য সেস্থলে অবস্থান করিতে লাগিলেন।

রাজন্! শকুনি নকুল, সহদেব ও ধর্ম্মরাজ যুধিষ্ঠির—এই তিন শ্রেষ্ঠ পুরুষকে চারিদিকে ঘিরিয়া ইহাদের অগ্রগতি রুদ্ধ করিলেন ॥ ১০

তদনন্তর রাজা দুর্য্যোধন পাণ্ডবগণের অগ্রগতি রোধ করিবার

অযুতং প্রেষয়ামাস পাণ্ডবানাং নিবারণে ॥১১
তৈঃ প্রবিষ্টৈর্মহাবেগৈর্গরুত্মদ্ভিরিবাহবে।
(শুশুভে স মহাতেজাঃ শকুনি সুবলাত্মজঃ।
তৈরশ্বৈঃ সুমহাবেগৈর্মরুদ্ভিরিব বাসবঃ ॥)
খুরাহতা ধরা রাজংশ্চকম্পে চ ননাদ চ ॥ ১২
খুরশব্দশ্চ সুমহান্ বাজিনাং শুশ্রুবে তদা।
মহাবংশবনস্যেব দহ্যমানস্য পর্ব্বতে ॥ ১৩
উৎপতদ্ভিশ্চ তৈস্তত্র সমুদ্ভূতং মহৎ রজঃ।
দিবাকররথং প্রাপ্য ছাদয়ামাস ভাস্করম্ ॥ ১৪
বেগবদ্ভির্হয়ৈস্তৈস্তু ক্ষোভিতা পাণ্ডবী চমূঃ।
নিপতদ্ভির্মহাবেগৈর্হংসৈরিব মহৎ সরঃ ॥ ১৫
(তুরগৈর্বায়ুবেগৈশ্চ তৎ সৈন্যং ব্যাকুলীকৃতম্।)
হ্রেষতাং চৈব শব্দেন ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
ততো যুধিষ্ঠিরো রাজা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥১৬

জন্য দশ হাজার অশ্বারোহী বীর সৈন্য প্রেরণ করিলেন ॥ ১১

গরুড়ের ন্যায় অত্যন্ত বেগশালী সেই অশ্বগণ রণভূমিতে যাইয়া উপস্থিত হইল। যেরূপ দেবগণের দ্বারা মহাতেজস্বী ইন্দ্র শোভা পাইয়া থাকেন, সেইরূপ অত্যন্ত বেগশালী অশ্বগণের দ্বারা অতিশয় তেজস্বী সুবলপুত্র শকুনি শোভা পাইতে লাগিলেন। রাজন্! সেই সময় এই অশ্বদিগের খুরের চাপে আহতা ধরাদেবী কাঁপিতে লাগিলেন এবং শব্দ করিতে থাকিলেন ॥ ১২

তখন অশ্বগণের খুরের অতিশয় তীব্র খট্ খট্ শব্দ চারিদিকেই সেইভাবে শুনা যাইতে লাগিল, যেরূপ পর্ব্বতের উপরে প্রজ্বলিত বড় বড় বাঁশের বনে তাহাদের পর্ব্ব (গিরে)-স্ফোটনের ফট্ ফট্ শব্দ শোনা যায় ॥ ১৩

সেখানে অশ্বদিগের লম্ফ-ঝম্ফে যে প্রভূত ধূলি উত্থিত হইয়াছিল, তাহা সূর্য্যদেবের রথের মার্গে যাইয়া তাঁহাকে আচ্ছাদন করিয়া ফেলিল ॥ ১৪

সেই বেগশালী অশ্বগণ পাণ্ডবসৈন্যদিগকে সেইভাবে উদ্বেলিত করিয়া দিল, যেরূপে উড়িতে উড়িতে বহু হংস কোন এক জলাশয়ে তীব্রবেগে নামিয়া তাহাকে উদ্বেলিত করিয়া থাকে ॥ ১৫

(বায়ুতুল্য বেগগামী সেই অশ্বগণ পাণ্ডব-সৈন্যদিগকে ব্যাকুল করিয়া তুলিল।) তখন তাহাদের হ্রেষাধ্বনিতে অন্য কোন কিছুই বুঝা যাইতেছিল না। মহারাজ! সেই সময় রাজা পাণ্ডুপুত্র মাদ্রীনন্দন নকুল-সহদেব সমরাঙ্গণে সেই

প্রত্যঘ্নংস্তরসা বেগং সমরে হয়সাদিনাম্।
উদ্‌বৃত্তস্য মহারাজ প্রাবৃট্‌কালেঽতিপূর্য্যতঃ ॥ ১৭
পৌর্ণমাস্যামম্বুবেগং যথা বেলা মহোদধেঃ।
ততস্তে রথিনো রাজন্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ১৮
ন্যকৃন্তন্নুত্তমাঙ্গানি কায়েভ্যো হয়সাদিনাম্।
তে নিপেতুর্মহারাজ নিহতা দৃঢ়ধন্বিভিঃ ॥ ১৯
নাগৈরিব মহানাগা যথাবদ্ গিরিগহ্বরে।
তেঽপি প্রাসৈঃ সুনিশিতৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥ ২০
ন্যকৃন্তন্নুত্তমাঙ্গানি বিচরন্তো দিশ দশ।
অভ্যাহতা হয়ারোহা ঋষ্টিভির্ভরতর্ষভ ॥ ২১
অত্যজন্নুত্তমাঙ্গানি ফলানীব মহাদ্রুমাঃ।
সসাদিনো হয়া রাজংস্তত্র তত্র নিষূদিতাঃ ॥ ২২
পতিতাঃ পাত্যমানাশ্চ প্রত্যদৃশ্যন্ত সর্ব্বশঃ।
বধ্যমানা হয়াশ্চৈব প্রাদ্রবন্ত ভয়াদিতাঃ ॥ ২৩
যথা সিংহং সমাসাদ্য মৃগাঃ প্রাণপরায়ণাঃ।
পাণ্ডবাশ্চ মহারাজ জিত্বা শত্রূন্ মহামৃধে ॥২৪
দধ্মুঃ শঙ্খাংশ্চ ভেরীশ্চ তাড়য়ামাসুরাহবে।
ততো দুর্য্যোধনো দীনো দৃষ্ট্বা সৈন্যং পরাজিতম্ ॥২৫
অব্রবীদ্ ভরতশ্রেষ্ঠ মদ্ররাজমিদং বচঃ।
এষ পাণ্ডুসুতো জ্যেষ্ঠো যমাভ্যাং সহিতো রণে ॥ ২৬
পশ্যতাং বো মহাবাহো সেনাং দ্রাবয়তি প্রভো।
তং বারয় মহাবাহো বেলেব মকরালয়ম্ ॥ ২৭
ত্বং হি সংশ্রূয়সেঽত্যর্থমসহ্যবলবিক্রমঃ।
পুত্রস্য তব তদ্ বাক্যং শ্রুত্বা শল্যঃ প্রতাপবান্ ॥ ২৮
স যযৌ রথবংশেন যত্র রাজা যুধিষ্ঠিরঃ।
তদাপতদ্ বৈ সহসা শল্যস্য সুমহদ্ বলম্ ॥ ২৯
মহৌঘবেগং সমরে বারয়ামাস পাণ্ডবঃ।
মদ্ররাজঞ্চ সমরে ধর্ম্মরাজো মহারথঃ ॥ ৩০
দশভিঃ সায়কৈস্তূর্ণমাজঘান স্তনান্তরে।
নকুলঃ সহদেবশ্চ তং সপ্তভিরজিহ্মগৈঃ ॥ ৩১

অশ্বারোহী সৈন্যদের বেগ সেইভাবে নষ্ট করিয়া দিলেন, যেভাবে বর্ষাকালে জলে পরিপূর্ণ হইয়া মর্য্যাদা অতিক্রমকারী সমুদ্রের পূর্ণিমা তিথিতে বর্দ্ধিত বেগকে তীরভূমি রুদ্ধ করিয়া থাকে।

রাজন্! তারপর সেই রথী বীরগণ আনতপর্ব্বযুক্ত বাণসমূহে অশ্বারোহী সৈন্যদের মস্তক ছিন্ন করিতে লাগিলেন।

মহারাজ! এই সুদৃঢ় ধনুর্দ্ধারী বীরগণের দ্বারা নিহত হইয়া অশ্বারোহী সৈন্যরা সেইভাবে ভূপাতিত হইতেছিল, যেরূপ পর্ব্বতের কন্দরে বড় বড় হাতীরা অন্য হাতীর দ্বারা নিহত হইয়া পতিত হয়।

সেই অশ্বারোহী সৈন্যরাও চারিদিকে বিচরণ করিতে করিতে আনতপর্ব্বযুক্ত বাণসমূহে এবং প্রাসসমূহে শত্রুপক্ষের সৈন্যদিগের মস্তকসকল ছেদন করিতে লাগিল।

ভরতশ্রেষ্ঠ! ঋষ্টিসকলে নিহত অশ্বারোহী যোদ্ধারা নিজেদের মস্তকসমূহকে সেইরূপে ভূপাতিত করেতেছিল, যেরূপ বড় বড় বৃক্ষসকল স্বীয় পক্ক ফলগুলিকে ভূপাতিত করে।

রাজন্! আরোহিগণের সহিত মৃত বহু অশ্বকে চারিদিকে পতিত ও পাতিত অবস্থায় দেখা যাইতে লাগিল।

যেরূপ সিংহের সম্মুখে পড়িয়া মৃগগণ ভীত অবস্থায় নিজেদের প্রাণরক্ষার জন্য পলাইয়া যায়, সেইরূপ অস্ত্রপ্রহারে হন্যমান অশ্বরাও ভয়ে ব্যাকুল হইয়া ছুটিয়া পলায়ন করিতে লাগিল।

মহারাজ! পাণ্ডবগণ সেই মহাসংগ্রামে শত্রুদিগকে জয় করিয়া শঙ্খধ্বনি করিতে লাগিলেন এবং যুদ্ধস্থলে ভেরীসমূহ বাজাইতে আরম্ভ করিলেন।

ভরতশ্রেষ্ঠ! তখন সৈন্যবাহিনীকে পরাজিত হইতে দেখিয়া দুর্য্যোধন দীনচিত্তে মদ্ররাজ শল্যকে এই কথা বলিলেন—।

মহাবাহো! এই জ্যেষ্ঠ পাণ্ডুনন্দন যুধিষ্ঠির নকুল ও সহদেবকে সঙ্গে লইয়া রণাঙ্গনে আপনাদের সাক্ষাতেই আমার সৈন্যদিগকে বিতাড়িত করিতেছেন। প্রভাবশালী মহাবাহো! যেরূপ তীরভূমি সমুদ্রের অগ্রগতি রোধ করিয়া থাকে, সেইরূপ আপনিও যুধিষ্ঠিরের অগ্রগতি রোধ করুন; কারণ, আপনার বল ও পরাক্রম অত্যন্ত অসহ্য বলিয়া শোনা যায়।

রাজন্! আপনার পুত্র দুর্য্যোধনের এই কথা শ্রবণ করিয়া প্রতাপশালী রাজা শল্য রথসমূহের সহিত সেই স্থানে যাইলেন, যেস্থানে রাজা যুধিষ্ঠির বিদ্যমান আছেন।

সেই সময় সহসা নিজের অভিমুখে রাজা শল্যের বিশাল সৈন্যবাহিনীকে এবং স্বয়ং মদ্ররাজ শল্যকেও আসিতে দেখিয়া মহারথী ধর্ম্মরাজ যুধিষ্ঠির অতিশয় তীব্র জলপ্রবাহের ন্যায় সমরাঙ্গণে তাঁহাদিগকে নিবারণ করিলেন। ১৬-৩০

তখন তিনি অতিক্রুত শল্যের বক্ষঃস্থলে দশটি বাণ বিদ্ধ

মদ্ররাজোঽপি তান্ সর্ব্বানাজঘান ত্রিভিস্ত্রিভিঃ।
যুধিষ্ঠিরং পুনঃ ষষ্ট্যা বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ॥ ৩২
মাদ্রীপুত্রৌ চ সম্রান্তৌ দ্বাভ্যাং দ্বাভ্যামতাড়য়ৎ।
(পুনঃ স বহুভির্ব্বাণৈরাজঘান যুধিষ্ঠিরম্।)
ততো ভীমো মহাবাহুর্দৃষ্ট্বা রাজানমাহবে॥ ৩৩
মদ্ররাজরথং প্রাপ্তং মৃত্যোরাস্যগতং যথা।
অভ্যপদ্যত সংগ্রামে যুধিষ্ঠিরমমিত্রজিৎ॥ ৩৪
(আপতন্নেব ভীমস্তু মদ্ররাজমতাড়য়ৎ।
সর্ব্বপারশবৈস্তীক্ষ্ণৈর্নারাচৈর্মর্ম্মভেদিভিঃ॥
ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ সৈন্যেন মহতা বৃতৌ।
রাজানমভ্যপদ্যেতামঞ্জসা শরবর্ষিণৌ॥)
ততো যুদ্ধং মহাঘোরং প্রাবর্ত্তৎ সুদারুণম্।
অপরাং দিশমাস্থায় পতমানে দিবাকরে॥ ৩৫
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধপর্ব্বণি
পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ॥ ১০৫

করিলেন এবং নকুল ও সহদেবও সরলগামী সাতটি বাণে তাঁহাকে আহত করিয়া ফেলিলেন। ৩১

তখন মদ্ররাজ শল্যও তাঁহাদের প্রত্যেককে তিনটি বাণে আঘাত করিলেন। পুনরায় যুধিষ্ঠিরকে তিনি আরও ষাট্‌টি তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। ৩২

তাহার পর দুইটি দুইটি বাণে তিনি উত্তমকুলে উৎপন্ন দুই মাদ্রীপুত্র নকুল-সহদেবকেও আঘাত করিলেন এবং বহুবিধ বাণের দ্বারা রাজা যুধিষ্ঠিরকে পুনরায় আহত করিলেন। তখন শত্রু-বিজয়ী মহাবাহু ভীমসেন সমরাঙ্গণে রাজা যুধিষ্ঠিরকে মৃত্যুমুখে পতিত হওয়ার ন্যায় মদ্ররাজ শল্যের রথকে নিকটে উপস্থিত দেখিয়া যুদ্ধের জন্য সেস্থানে উপনীত হইলেন। ৩৩ ৩৪

(ভীমসেন আসিয়াই সম্পূর্ণভাগ লৌহে নির্ম্মিত ও মর্ম্মস্থান বিদীর্ণ করিতে সমর্থ তীক্ষ্ণ নারাচসমূহে মদ্ররাজ শল্যকে গুরুতর আহত করিয়া ফেলিলেন। তখন ভীষ্ম ও দ্রোণাচার্য্য এই দুই মহারথী বীর বিশাল সৈন্যের সহিত অনায়াসেই বাণবর্ষণ করিতে করিতে রাজা শল্যকে রক্ষা করিবার জন্য আসিয়া উপস্থিত হইলেন॥

তদনন্তর যখন সূর্য্যদেব পশ্চিমদিকের আশ্রয় লইয়া অস্তাচলে যাইতে উদ্যত হইলেন, তখন উভয়পক্ষের সৈন্যের মধ্যে পুনরায় অতিশয় নিদারুণ ও ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। ৩৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে পঞ্চাধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

[ভীষ্মেণ পরাজিতানাং পাণ্ডবসৈন্যানাং পলায়নম্, ভীষ্মং হন্তুমুদ্যতস্য শ্রীকৃষ্ণস্য ধনঞ্জয়েন নিবারণঞ্চ।]

সঞ্জয় উবাচ।
ততঃ পিতা তব ক্রুদ্ধো নিশিতৈঃ সায়কোত্তমৈঃ।
আজঘান রণে পার্থান্ সহসেনান্ সমন্ততঃ॥ ১
ভীমং দ্বাদশভির্বিদ্ধা সাত্যকিং নবভিঃ শরৈঃ।
নকুলঞ্চ ত্রিভির্বিদ্ধ্বা সহদেবঞ্চ সপ্তভিঃ॥ ২
যুধিষ্ঠিরং দ্বাদশভির্বাহ্বোরুরসি চার্পয়ৎ।
ধৃষ্টদ্যুম্নং ততো বিদ্ধ্বা ননাদ সুমহাবলঃ॥ ৩
তং দ্বাদশার্দ্ধৈর্নকুলো মাধবশ্চ ত্রিভিঃ শরৈঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ সপ্তত্যা ভীমসেনশ্চ সপ্তভিঃ॥ ৪

ষড়ধিকশততম অধ্যায়।

[ভীষ্ম কর্ত্তৃক পরাজিত পাণ্ডব সৈন্যদের পলায়ন এবং ভীষ্মকে বধ করিতে উদ্যত শ্রীকৃষ্ণকে অর্জ্জুনের নিবারণ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তখন আপনার পিতৃতুল্য ভীষ্ম ক্রুদ্ধ হইয়া রণাঙ্গনে স্বীয় তীক্ষ্ণ ও শ্রেষ্ঠ বাণসমূহে সৈন্য-সহ কুন্তীপুত্রগণকে চারিদিক্ দিয়া আঘাত করিতে লাগিলেন। ১

তিনি ভীমসেনকে বার, সাত্যকিকে নয়, নকুলকে তিন ও সহদেবকে সাত বাণে বিদ্ধ করিয়া রাজা যুধিষ্ঠিরের দুই বাহু ও বক্ষঃস্থলে বারটি বাণে আঘাত করিলেন। তারপর ধৃষ্টদ্যুম্নকেও স্বীয় বাণে বিদ্ধ করিয়া মহাবল ভীষ্ম সিংহধ্বনি করিতে লাগিলেন। ২-৩

তখন নকুল বার, সাত্যকি তিন, ধৃষ্টদ্যুম্ন সত্তর, ভীমসেন সাত এবং যুধিষ্ঠির বারটি বাণ প্রহার করিয়া পিতামহ ভীষ্মকে আহত করিয়া ফেলিলেন।

যুধিষ্ঠিরো দ্বাদশভিঃ প্রত্যবিধ্যৎ পিতামহম্।
দ্রোণস্তু সাত্যকিং বিদ্ধ্বা ভীমসেনমবিধ্যত ॥ ৫
একৈকং পঞ্চভির্বাণৈর্যমদণ্ডোপমৈঃ শিতৈঃ।
তৌ চ তং প্রত্যবিধ্যেতাং ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥ ৬
তোত্ত্রৈরিব মহানাগং দ্রোণং ব্রাহ্মণপুঙ্গবম্।
সৌবীরাঃ কিতবাঃ প্রাচ্যাঃ প্রতীচ্যোদীচ্যমালবাঃ ॥
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
সংগ্রামে নাজহুর্ভীষ্মং বধ্যমানাঃ শিতৈঃ শরৈঃ ॥ ৮
তথৈবান্যে মহীপালা নানাদেশসমাগতাঃ।
পাণ্ডবানভ্যবর্ত্তন্ত বিবিধায়ুধপাণয়ঃ ॥ ৯
তথৈব পাণ্ডবা রাজন্ পরিবব্রুঃ পিতামহম্।
স সমন্তাৎ পরিবৃতো রথৌঘৈরপরাজিতঃ ॥ ১০
গহনেঽগ্নিরিবোৎসৃষ্টঃ প্রজজ্বাল দহন্ পরান্।
রথাগ্ন্যগারশ্চাপার্চিরসিশক্তিগদেন্ধনঃ ॥ ১১
শরস্ফুলিঙ্গো ভীষ্মাগ্নির্দদাহ ক্ষত্রিয়র্ষভান্।
সুবর্ণপুঙ্খৈরিষুভির্গার্ধ্রপক্ষৈঃ সুতেজনৈঃ ॥ ১২
কর্ণি-নালীক-নারাচৈশ্ছাদয়ামাস তদ্ বলম্।
অপাতয়দ্ ধ্বজাংশ্চৈব রথিনশ্চ শিতৈঃ শরৈঃ ॥ ১৩
মুণ্ডতালবনানীব চকার স রথব্রজান্।
নির্মনুষ্যান্ রথান্ রাজন্ গজানশ্বাংশ্চ সংযুগে ॥ ১৪
অকরোৎ স মহাবাহুঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ।
তস্য জ্যাতলনির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ ॥ ১৫
নিশম্য সর্ব্বভূতানি সমকম্পন্ত ভারত।
অমোঘা হ্যপতন্ বাণাঃ পিতুস্তে ভরতর্ষভ ॥ ১৬
নাসজ্জন্ত তনুত্রেষু ভীষ্মচাপচ্যুতাঃ শরাঃ।
হতবীরান্ রথান্ রাজন্ সংযুক্তান্ জবনৈর্হয়ৈঃ ॥ ১৭
অপশ্যাম মহারাজ হ্রিয়মাণান্ রণাজিরে।
চেদি-কাশি-করূষাণাং সহস্রাণি চতুর্দশ ॥ ১৮

সেই সময় দ্রোণাচার্য্য যমদণ্ডতুল্য ভয়ঙ্কর এবং তীক্ষ্ণ পাঁচটি করিয়া বাণের দ্বারা সাত্যকি ও ভীমসেন প্রত্যেককেই বিদ্ধ করিয়া আহত করিলেন। তিনি প্রথমে সাত্যকিকে এবং পরে ভীমসেনকে বাণবিদ্ধ করিয়াছিলেন।

তখন ইঁহারা উভয়ে অঙ্কুশের দ্বারা গজরাজকে আঘাত করার ন্যায় সরলগামী তিনটি করিয়া বাণের দ্বারা ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণাচার্য্যকে আঘাত করত প্রতিশোধ লইলেন।

সৌবীর, কিতব, প্রাচ্য, প্রতীচ্য, উদীচ্য, মালব, অভীষাহ, শূরসেন, শিবি ও বসাতিদেশের যোদ্ধারা শত্রুগণের বাণে পীড়িত হইতে থাকিলেও রণাঙ্গনে ভীষ্মকে ত্যাগ করিয়া যাইলেন না। ৪-৮

এইরূপে বিভিন্ন দেশ হইতে আগত ভূপতিগণও হাতে নানা অস্ত্রধারণ করত পাণ্ডবদের উপর আক্রমণ করিলেন। ৯

রাজন্! পাণ্ডবগণও সেই সময় পিতামহ ভীষ্মকে ঘিরিয়া ফেলিলেন। চারিদিকে রথসমূহে পরিবৃত হইয়া অপরাজিত বীর ভীষ্ম গহনবনে প্রজ্বলিত অগ্নিসদৃশ শত্রুদিগকে দগ্ধ করিতে করিতে প্রজ্বলিত হইয়া উঠিলেন।

তখন রথই তাঁহার পক্ষে অগ্নিশালার ন্যায় ছিল, আর ধনু অগ্নিশিখাসমূহের ন্যায় প্রকাশিত হইতেছিল। খড়্গ, শক্তি ও গদা প্রভৃতি অস্ত্রসকল সমিধরূপে লক্ষিত হইতেছিল। বাণ ছিল অগ্নিস্ফুলিঙ্গসদৃশ। এইরূপে ভীষ্মরূপী অগ্নি সেখানে ক্ষত্রিয়-শিরোমণিগণকে দগ্ধ করিতে লাগিলেন।

তিনি স্বর্ণভূষিত গৃধ্রপক্ষযুক্ত অতিশয় তেজস্বী বাণ, কর্ণী, নালীক ও নারাচসমূহে পাণ্ডবদিগের সৈন্যবাহিনীকে আচ্ছাদিত করিয়া ফেলিলেন। তিনি তীক্ষ্ণ বাণসমূহে ধ্বজসকলকে ছেদন করিলেন এবং রথারোহী যোদ্ধাদিগকেও বধ করত ভূপাতিত করিতে লাগিলেন। ১০-১৩

সেই সময় তিনি ধ্বজসমূহ ছেদন করিয়া বহু রথকে মুণ্ডিত তালবৃক্ষের ন্যায় করিয়া দিলেন। রাজন্! যুদ্ধস্থলে সমস্ত অস্ত্রধারিগণের মধ্যে শ্রেষ্ঠ মহাবাহু ভীষ্ম বহুসংখ্যক রথ, হস্তী ও অশ্বগণকে মনুষ্যরহিত করিয়া ফেলিলেন।

তাঁহার ধনুর গুণের টঙ্কারধ্বনি বজ্রের পতন-শব্দের ন্যায় ভয়ঙ্কর ছিল। ভারত! এই শব্দ শুনিয়া তখন সমস্ত প্রাণীই কাঁপিয়া উঠিল। ভরতশ্রেষ্ঠ! আপনার পিতৃতুল্য ভীষ্মের বাণসমূহ অব্যর্থরূপে লক্ষ্যস্থলে পতিত হইতেছিল। ১৪-১৬

রাজন্! ভীষ্মের ধনু হইতে নিক্ষিপ্ত বাণগুলি কবচসমূহে নিবারিত হইত না (অর্থাৎ উহাদিগকে ছিন্ন-ভিন্ন করিয়া শরীরে প্রবেশ করিত)। মহারাজ! আমরা রণস্থলে এরূপ বহু রথ দেখিলাম, যাহাদের আরোহী যোদ্ধা ও চালক সারথি নিহত হইয়া ভূপাতিত হইলেও সেই সেই রথে বেগশালী অশ্ব-যোজিত থাকায় তাহারা এই রথগুলিকে টানিয়া এদিকে ওদিকে লইয়া যাইতে লাগিল।

মহারথাঃ সমাখ্যাতাঃ কুলপুত্রাস্তনুত্যজঃ।
অপরাবর্ত্তিনঃ সর্ব্বে-স্বুবর্ণবিকৃতধ্বজাঃ ॥ ১৯
সংগ্রামে ভীষ্মমাসাদ্য ব্যাদিতাস্যমিবান্তকম্।
নিমগ্নাঃ পরলোকায় সবাজি-রথ-কুঞ্জরাঃ ॥ ২০
ভগ্নাক্ষোপস্করান্ কাংশ্চিদ্ ভগ্নচক্রাংশ্চ ভারত।
অপশ্যাম মহারাজ শতশোঽথ সহস্রশঃ ॥ ২১
সবরূথৈ রথৈর্ভগ্নৈ রথিভিশ্চ নিপাতিতৈঃ।
শরৈঃ স্বুকবচৈশ্ছিন্নৈঃ পট্টিশৈশ্চ বিশাম্পতে ॥২২
গদাভিভিন্দিপালৈশ্চ নিশিতৈশ্চ শিলীমুখৈঃ।
অম্বুকর্ষৈরুপাসঙ্গৈশ্চক্রৈর্ভগ্নৈশ্চ মারিষ ॥ ২৩
বাহুভিঃ কার্মুকৈঃ খড়্গৈঃ শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ
তলত্রৈরঙ্গুলিত্রৈশ্চ ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥ ২৪
চাপৈশ্চ বহুধাচ্ছিন্নৈঃ সমাস্তীর্য্যত মেদিনী।
হতারোহা গজা রাজন্ হয়াশ্চ হতসাদিনঃ ॥ ২৫
ন্যপতন্ত গতপ্রাণাঃ শতশোঽথ সহস্রশঃ।

চেদি, কাশী ও করূষ দেশের চৌদ্দ হাজার বিখ্যাত মহারথী যোদ্ধা তখন এই রণাঙ্গনে উপস্থিত ছিলেন। ইঁহারা উচ্চকুলে উৎপন্ন হইয়াও পাণ্ডবদের জন্য নিজ নিজ দেহ উৎসর্গ করিয়া দিয়াছিলেন। ইঁহাদের মধ্যে কোন যোদ্ধাই যুদ্ধ হইতে পশ্চাদপসরণ করেন না। এই সকল প্রত্যেক যোদ্ধারাই ধ্বজ স্বর্ণনির্ম্মিত ছিল। মুখবিস্তারকারী সাক্ষাৎ কালের ন্যায় ভীষ্মের নিকটে যাইয়া এই সকল মহারথী বীর যুদ্ধরূপ সমুদ্রে নিমজ্জিত হইয়া পড়িলেন। ভীষ্ম সেই সময় অশ্ব, রথ ও হস্তী সহ এই সব যোদ্ধাকেই পরলোকে প্রেরণ করিলেন। ১৭-২০

ভরতনন্দন! মহারাজ! আমরা সেখানে শত শত ও সহস্র সহস্র এরূপ রথ দেখিলাম, যাহার ধুর প্রভৃতি রথসামগ্রী ভগ্ন হইয়াছিল এবং চক্রসমূহ খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। ২১

মাননীয় প্রজানাথ! বরূথের সহিত ভগ্ন হইয়া পতিত বহু রথ, নিহত রথারোহী যোদ্ধারা এবং ছিন্ন বাণ, কবচ, পট্টিশ, গদা, ভিন্দিপাল, তীক্ষ্ণ সায়ক, ছিন্ন-ভিন্ন অম্বুকর্ষ, উপাসঙ্গ, চক্র, ছিন্ন বাহু, ধনু, খড়্গ, কুণ্ডল-সহ মস্তক, তলত্রাণ (দস্তানা), অঙ্গুলিত্রাণ, পতিত ধ্বজ ও বহু খণ্ডে খণ্ডিত হইয়া পতিত ধনুসকল—এই সব বস্তুদ্বারা সেখানকার ভূমি আচ্ছাদিত হইয়া গিয়াছিল।

রাজন্! যাহাদের আরোহী নিহত হইয়াছে, এরূপ বহু হাতী ও অশ্ব শত শত এবং হাজার হাজার সংখ্যায় নিষ্প্রাণ হইয়া রণাঙ্গনে পড়িয়াছিল।

বর্তমানাশ্চ তে বীরা দ্রবমাণান্ মহারথান্ ॥ ২৬
নাশক্নুবন্ বারয়িতুং ভীষ্মবাণপ্রপীড়িতান্।
মহেন্দ্রসমবীর্য্যেণ বধ্যমানা মহাচমূঃ ॥ ২৭
অভজ্যত মহারাজ ন চ দ্বৌ সহ ধাবতঃ।
আবিদ্ধরথ-নাগাশ্বং পতিতধ্বজসঙ্কুলম্ ॥ ২৮
অনীকং পাণ্ডুপুত্রাণাং হাহাভূতমচেতনম্।
জঘানাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা ॥ ২৯
প্রিয়ং সখায়ং চাক্রন্দে সখা দৈববলাৎ কৃতঃ।
বিমুচ্য কবচানন্যে পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ ॥ ৩০
প্রকীর্য্য কেশান্ ধাবন্তঃ প্রত্যদৃশ্যন্ত সর্ব্বশঃ।
তদ্ গোকুলমিবোদ্ভ্রান্তমুদ্ভ্রান্তরথকূবরম্ ॥ ৩১
দদৃশে পাণ্ডুপুত্রস্য সৈন্যমার্তস্বরং তদা।
প্রভজ্যমানং সৈন্যং তু দৃষ্ট্বা যাদবনন্দনঃ ॥ ৩২
উবাচ পার্থং বীভৎসুং নিগৃহ্য রথমুত্তমম্।
অয়ং স কালঃ সম্প্রাপ্তঃ পার্থ যঃ কাঙ্ক্ষিতস্তব ॥ ৩৩

বীর পাণ্ডবগণ বহু প্রযত্ন করিয়াও ভীষ্মের বাণে পীড়িত হইয়া পলায়মান স্বীয় মহারথী যোদ্ধাদিগকে নিবারণ করিতে পারিলেন না।

মহারাজ! মহেন্দ্রসদৃশ পরাক্রমশালী ভীষ্মের দ্বারা অস্ত্রাঘাতে জর্জ্জরিত হইয়া সেই বিশাল সৈন্যমধ্যে ভাঙ্গন ধরিল। তখন একসঙ্গে দুই জনে কোথাও ধাবিত হইতেছিল না।

পাণ্ডবদের সৈন্যরা অচেতনপ্রায় হইয়া হাহাকার করিতে লাগিল। তাহাদের রথ, হস্তী ও অশ্বসকল বাণে ক্ষত-বিক্ষত হইয়া পড়িল এবং ধ্বজসমূহ ছিন্ন হইয়া ভূপাতিত হইল।

সেই ভীষণ সংগ্রামে যেন দৈব-প্রেরিত হইয়াই পিতা পুত্রকে এবং মিত্র প্রিয় মিত্রকে বধ করিতে লাগিল।

পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরের অপর সৈন্যরা কবচ পরিত্যাগ করত কেশসমূহ উড়াইতে উড়াইতে চারিদিকে পলায়ন করিতে লাগিল।

সেই সময় পাণ্ডুনন্দন যুধিষ্ঠিরের সমস্ত সৈন্য (সিংহ হইতে ভীত) গো-গণের ন্যায় বিভ্রান্ত হইয়া পড়িল। রথের কূবরসকল বিপরিবর্ত্তিত হইল এবং সকল সৈন্যই আর্ত্তনাদ করিতে লাগিল।

সেই সৈন্যমধ্যে ভাঙ্গন দেখিয়া যদুবংশের আনন্দবর্দ্ধন ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় উত্তম রথকে থামাইয়া দিয়া কুন্তীকুমার অর্জ্জুনকে বলিলেন।

প্রহরাস্মিন্ নরব্যাঘ্র ন চেন্মোহাদ্ বিমুহ্যসে।
যৎ পুরা কথিতং বীর রাজ্ঞাং তেষাং সমাগমে ॥ ৩৪
বিরাটনগরে তাত সঞ্জয়স্য সমীপতঃ।
ভীষ্ম-দ্রোণমুখান্ সর্বান্ ধার্ত্তরাষ্ট্রস্য সৈনিকান্ ॥ ৩৫
সানুবন্ধান্ হনিষ্যামি যে মাং যোৎস্যন্তি সঙ্গরে।
ইতি তৎ কুরু কৌন্তেয় সত্যং বাক্যমরিন্দম ॥ ৩৬
ক্ষত্রধর্মমনুস্মৃত্য যুদ্ধস্ব বিগতজ্বরঃ।
ইত্যুক্তো বাসুদেবেন তির্য্যগ্ দৃষ্টিরধোমুখঃ ॥ ৩৭
অকাম ইব বীভৎসুরিদং বচনমব্রবীৎ।
অবধ্যানাং বধং কৃত্বা রাজ্যং বা নরকোত্তরম্ ॥ ৩৮
দুঃখানি বনবাসে বা কিং নু মে সুকৃতং ভবেৎ।
চোদয়াশ্বান্ যতো ভীষ্মঃ করিষ্যে বচনং তব ॥ ৩৯
পাতয়িষ্যামি দুর্দ্ধর্ষং ভীষ্মং কুরুপিতামহম্।
স চাশ্বান্ রজতপ্রখ্যাংশ্চোদয়ামাস মাধবঃ ॥ ৪০
যতো ভীষ্মস্ততো রাজন্ দুষ্প্রেক্ষ্যো রশ্মিবানিব।
ততস্তৎ পুনরাবৃত্তং যুধিষ্ঠিরবলং মহৎ ॥ ৪১
দৃষ্ট্বা পার্থং মহাবাহুং ভীষ্মায়োদ্যতমাহবে।
ততো ভীষ্মঃ কুরুশ্রেষ্ঠঃ সিংহবদ্ বিনদন্ মুহুঃ ॥ ৪২
ধনঞ্জয়রথং শীঘ্রং শরবর্ষৈরবাকিরৎ।
ক্ষণেন স রথস্তস্য সহয়ঃ সহসারথিঃ ॥ ৪৩
শরবর্ষেণ মহতা ন প্রাজ্ঞায়ত ভারত।
বাসুদেবস্ত্বসম্ভ্রান্তো ধৈর্য্যমাস্থায় সত্বরঃ ॥ ৪৪
চোদয়ামাস তানশ্বান্ বিনুন্নান্ ভীষ্মসায়কৈঃ।
ততঃ পার্থো ধনুর্গৃহ্য দিব্যং জলদনিঃস্বনম্ ॥ ৪৫
পাতয়ামাস ভীষ্মস্য ধনুশ্ছিত্ত্বা শিতৈঃ শরৈঃ।
স ছিন্নধন্বা কৌরব্যঃ পুনরন্যন্মহদ্ ধনুঃ ॥ ৪৬
নিমেষান্তরমাত্রেণ সজ্যং চক্রে পিতা তব।
চকর্ষ চ ততো দোর্ভ্যাং ধনুর্জলদনিঃস্বনম্ ॥ ৪৭

পার্থ! তুমি যে সময়ের অভিলাষ ও প্রতীক্ষা করিতেছিলে, সেই সময় এখন উপস্থিত হইয়াছে। নরশ্রেষ্ঠ! যদি তুমি মোহে মোহিত না হইয়া থাক, তবে এই ভীষ্মের উপর অস্ত্রপ্রহার কর॥

বীর! তাত! পূর্ব্বে বিরাটনগরে যখন সকল রাজা একত্রিত হইয়াছিলেন, তাঁহাদের সম্মুখে এবং সঞ্জয়ের নিকটে তুমি যে কথা বলিয়াছিলে—"যুদ্ধে যাহারা আমার সম্মুখে আসিবে, দুর্য্যোধনের সেই ভীষ্ম, দ্রোণাদি সকল সৈন্যগণকেই বন্ধু-বান্ধবদের সহিত আমি নিহত করিব"। শত্রুদমন কুন্তীনন্দন! তুমি সেই নিজের বাক্যকে আজ সত্য করিয়া দেখাও। তুমি ক্ষত্রিয়-ধর্ম স্মরণ করত সমস্ত চিন্তা পরিত্যাগ করিয়া যুদ্ধ কর॥

ভগবান্ শ্রীকৃষ্ণ এই কথা বলিলে পর অর্জুন অধোমুখ হইয়া বক্রদৃষ্টিতে দেখিতে দেখিতে অনিচ্ছুকের ন্যায় এই কথা বলিলেন।

প্রভো! অবধ্য মহাপুরুষগণকে বধ করিয়া নরক হইতেও নিন্দনীয় রাজ্যলাভ করিব অথবা বনবাসে থাকিয়া কষ্টভোগ করিব—এই উভয়ের মধ্যে কোন্‌টি আমার পক্ষে পুণ্যদায়ক হইবে?

আচ্ছা, যেখানে ভীষ্ম আছেন, সেই দিকে অশ্বচালনা করুন। আজ আমি আপনার আজ্ঞা পালন করিব। কুরুকুলের বৃদ্ধ পিতামহ দুর্দ্ধর্ষ বীর ভীষ্মকে বধ করিয়া ভূপাতিত করিব।

রাজন্! তখন ভগবান্ শ্রীকৃষ্ণ রজতসদৃশ শ্বেতবর্ণবিশিষ্ট অশ্বদিগকে সেইদিকে চালনা করিলেন, যেখানে রশ্মিবান্ সূর্য্যতুল্য দুর্দর্শনীয় ভীষ্ম যুদ্ধ করিতেছেন॥

মহাবাহু কুন্তীকুমার অর্জুনকে ভীষ্মের সহিত যুদ্ধ করিতে উদ্যত দেখিয়া পলায়মান যুধিষ্ঠিরের বিশাল সৈন্যবাহিনী পুনরায় ফিরিয়া আসিল॥

তখন বারংবার সিংহনাদ করিতে করিতে কুরুশ্রেষ্ঠ ভীষ্ম ধনঞ্জয়ের রথের উপর অতিসত্বর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন॥

ভারত! ক্ষণকালের মধ্যেই প্রভূত বাণবর্ষণে সারথি ও অশ্বসহ তাঁহার রথ এরূপ অদৃশ্য হইয়া যাইল যে, তখন তাহার কিছুই বুঝা যাইতেছিল না॥

ভগবান্ শ্রীকৃষ্ণ তাহাতে বিচলিত না হইয়া ধৈর্য্যের সহিত ভীষ্মের বাণে ক্ষত-বিক্ষত অশ্বগুলিকে দ্রুত চালাইতে লাগিলেন॥

তারপর কুন্তীনন্দন অর্জুন মেঘসদৃশ গম্ভীর শব্দকারী স্বীয় দিব্য ধনু গ্রহণ করত তীক্ষ্ণ বাণসমূহে ভীষ্মের ধনু ছেদন করিয়া ফেলিলেন॥

ধনু ছিন্ন হইলে আপনার পিতৃতুল্য কুরুকুলশ্রেষ্ঠ ভীষ্ম পুনরায় অপর ধনু লইয়া নিমেষের মধ্যেই তাহাতে গুণ আরোহণ করিলেন॥

তদনন্তর মেঘের ন্যায় গম্ভীর শব্দকারী সেই ধনুটিকে দুই হস্তে আকর্ষণ করিলেন, এই সময়ের মধ্যেই ক্রুদ্ধ অর্জুন তাঁহার সেই ধনুটিকেও ছিন্ন করিয়া দিলেন॥

অথাস্য তদপি ক্রুদ্ধশ্চিচ্ছেদ ধনুরর্জ্জুনঃ।
তস্য তৎ পূজয়ামাস লাঘবং শান্তনোঃ সুতঃ॥ ৪৮
গাঙ্গেয়স্তত্রবীৎ পার্থং ধন্বিশ্রেষ্ঠমরিন্দম।
সাধু সাধু মহাবাহো সাধু কুন্তীসুতেতি চ॥ ৪৯
সমাভাষ্যৈবমপরং প্রগৃহ্য রুচিরং ধনুঃ।
মুমোচ সমরে ভীষ্মঃ শরান্ পার্থরথং প্রতি॥ ৫০
অদর্শয়দ্ বসুদেবো হয়যানে পরং বলম্।
মোঘান্ কুর্বন্ শরাংস্তস্য মণ্ডলানি নিদর্শয়ন্॥ ৫১
(সারথ্যং নিপুণং কুর্ব্বন্ প্রত্যদৃশ্যত সংযুগে।
ভীষ্মস্তাবৎ সুসংক্রুদ্ধঃ পুনর্বাণান্ মুমোচ হ॥
পার্থায় যুধি রাজেন্দ্র তদদ্ভুতমিবাভবৎ।
অর্জ্জুনস্তু সুসংক্রুদ্ধঃ পিতামহমরিন্দমঃ॥
অবর্ষদ্ বাণবর্ষেণ যোদ্ধুং হৃভিমুখে স্থিতম্।
তাবুভৌ যুধি দুর্ধর্ষৌ যুযুধাতে পরস্পরম্॥)
শুশুভাতে নরব্যাঘ্রৌ তৌ ভীষ্মশরবিক্ষতৌ।
গোবৃষাবিব সংরব্ধৌ বিষাণোল্লিখিতাঙ্কিতৌ॥ ৫২

(ভীষ্মোঽতীব সুসংক্রুদ্ধঃ পৃষৎকৈরর্জ্জুনং বলাৎ।
জঘান সমরে মূর্ধ্নি সিংহবদ্ বিনদন্ মুহুঃ॥)
বাসুদেবস্তু সম্প্রেক্ষ্য পার্থস্য মৃদু যুদ্ধতাম্।
ভীষ্মঞ্চ শরবর্ষাণি সৃজন্তমনিশং যুধি॥ ৫৩
প্রতপন্তমিবাদিত্যং মধ্যমাসাদ্য সেনয়োঃ।
বরান্ বরান্ বিনিঘ্নন্তং পাণ্ডুপুত্রস্য সৈনিকান্॥ ৫৪
যুগান্তমিব কুর্বাণং ভীষ্মং যৌধিষ্ঠিরে বলে।
নামৃষ্যত মহাবাহুর্মাধবঃ পরবীরহা॥ ৫৫
উৎসৃজ্য রজতপ্রখ্যান্ হয়ান্ পার্থস্য মারিষ।
বাসুদেবস্ততো যোগী প্রচস্কন্দ মহারথাৎ॥ ৫৬
অভিদুদ্রাব ভীষ্মং স ভুজপ্রহরণো বলী।
প্রতোদপাণিস্তেজস্বী সিংহবদ্ বিনদন্ মুহুঃ॥ ৫৭
দারয়ন্নিব পদ্ভ্যাং স জগতীং জগদীশ্বরঃ।
ক্রোধতাম্রেক্ষণঃ কৃষ্ণো জিঘাংসুরমিতদ্যুতিঃ॥ ৫৮
গ্রসন্নিব চেতাংসি তাবকানাং মহাহবে।
দৃষ্ট্বা মাধবমাক্রন্দে ভীষ্মায়োদ্যতমস্তিকে॥ ৫৯

শত্রুদমন নরেশ! সেই সময় শান্তনুনন্দন গঙ্গাপুত্র ভীষ্ম ধনুর্ধারিগণের মধ্যে শ্রেষ্ঠ কুন্তীকুমার অর্জুনের ভূরি ভূরি প্রশংসা করিলেন এবং এই কথা বলিলেন॥

মহাবাহো কুন্তীনন্দন! "সাধু, সাধু, তোমায় অসংখ্য সাধুবাদ। এই কথা বলিয়াই ভীষ্ম পুনরায় অপর সুন্দর ধনু গ্রহণ করত সমরাঙ্গণে অর্জুনের রথের দিকে বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন॥ ৪২-৫০

এই সময় শ্রীকৃষ্ণ অশ্বচালনাবিষয়ে নিজের অদ্ভুত সামর্থ্য দেখাইলেন। তিনি বিবিধ মণ্ডলাকারে রথের গতিপথ দেখাইতে থাকিয়া ভীষ্মের বাণসমূহ ব্যর্থ করিয়া দিয়া যাইতে লাগিলেন॥ ৫১

(যুদ্ধস্থলে ভগবান্ শ্রীকৃষ্ণ কুশলতাসহকারে সারথ্য-কর্ম্ম করিয়া দেখাইতে লাগিলেন। রাজেন্দ্র! ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পার্থের উপর বারংবার বাণবর্ষণ করিতে থাকিলেন। ইহা যেন তখন অদ্ভুত বলিয়া মনে হইতে লাগিল। তারপর শত্রুদমন অর্জুনও ক্রুদ্ধ হইয়া যুদ্ধের জন্য নিজের সম্মুখে অবস্থিত ভীষ্মের উপর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন। এই দুই রণদুর্জয় বীর তখন পরস্পরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।)

সেই সময় পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ ও অর্জুন উভয়েই ভীষ্মের বাণে ক্ষত-বিক্ষত হইয়া শৃঙ্গের আঘাতে আহত দুইটি অতিশয় ক্রুদ্ধ বৃষের ন্যায় শোভাপ্রাপ্ত হইলেন॥ ৫২

(তারপর ভীষ্মও তখন রণাঙ্গনে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া স্বীয় বাণসমূহে বলপূর্ব্বক অর্জুনের মস্তকে আঘাত করিলেন। তাহার পর তিনি বারংবার সিংহধ্বনি করিতে লাগিলেন॥)

ভগবান্ শ্রীকৃষ্ণ দেখিলেন যে, অর্জুন কোমলতার সহিত যুদ্ধ করিতেছে, আর ভীষ্ম রণাঙ্গনে সৈন্যের মধ্যভাগে থাকিয়া নিরন্তর বাণসমূহ বর্ষণ করিয়া মধ্যাহ্নকালীন সূর্য্যসদৃশ সকলকে সন্তাপিত করিতেছেন, পাণ্ডব-সৈন্যদের প্রধান প্রধান বীরগণকে বধ করিতেছেন এবং যুধিষ্ঠিরের সৈন্যদের মধ্যে প্রলয়কালের দৃশ্য উপস্থাপিত করিয়া দিয়াছেন॥

তখন শত্রুবীরনাশী মহাবাহু মাধব ইহা সহ্য করিতে পারিলেন না। আর্য্য! সেই যোগেশ্বর ভগবান্ বাসুদেব অর্জুনের রজত-সদৃশ শুভ্রবর্ণের অশ্বগুলিকে পরিত্যাগ করিয়া সেই বিশাল রথ হইতে লাফাইয়া পড়িলেন এবং বাহুমাত্রকে অস্ত্রে পরিণত করিয়া তাহাতে বেত্রধারণপূর্ব্বক পুনঃ পুনঃ সিংহনাদ করিতে করিতে বলবান্ ও তেজস্বী শ্রীহরি ভীষ্মের দিকে ধাবিত হইলেন॥ ৫৩-৫৭

জগদীশ্বর ও অমিততেজস্বী ভগবান্ শ্রীকৃষ্ণ ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া ভীষ্মকে বধ করিবার ইচ্ছায় শ্রীপাদদ্বয়ে পৃথিবীকে বিদীর্ণ করিতে থাকিলেন॥ ৫৮

ভগবান্ শ্রীকৃষ্ণ সেই মহাসংগ্রামে আপনার পুত্র ও সৈন্যগণের

হতো ভীষ্মো হতো ভীষ্মস্তত্র তত্র বচো মহৎ।
অশ্রূয়ত মহারাজ বাসুদেবভয়াৎ তদা ॥ ৬০
পীতকৌশেয়সংবীতো মণিশ্যামো জনার্দনঃ।
শুশুভে বিদ্রবন্ ভীষ্মং বিদ্যুন্মালী যথাম্বুদঃ ॥ ৬১
স সিংহ ইব মাতঙ্গং যূথর্ষভ ইবর্ষভম্।
অভিদুদ্রাব বেগেন বিনদন্ যাদবর্ষভঃ ॥ ৬২
তমাপতন্তং সম্প্রেক্ষ্য পুণ্ডরীকাক্ষমাহবে।
অসম্ভ্রমং রণে ভীষ্মো বিচকর্ষ মহদ্ ধনুঃ ॥ ৬৩
উবাচ চৈব গোবিন্দমসম্ভ্রান্তেন চেতসা।
এহ্যেহি পুণ্ডরীকাক্ষ দেবদেব নমোঽস্তু তে ॥ ৬৪
মামদ্য সাত্বতশ্রেষ্ঠ পাতয়স্ব মহাহবে।
ত্বয়া হি দেব সংগ্রামে হতস্যাপি মমানঘ ॥ ৬৫
শ্রেয় এব পরং কৃষ্ণ লোকে ভবতি সর্ব্বতঃ।
সম্ভাবিতোঽস্মি গোবিন্দ ত্রৈলোক্যেনাদ্য সংযুগে ॥ ৬৬

চিত্তকে যেন গ্রাস করিয়া লইলেন। মহারাজ! রণস্থলে মাধবকে নিকটে আসিয়া ভীষ্মকে বধ করিতে উদ্যত দেখিয়া সেই সময় বাসুদেবের ভয়ে চারিদিকে এই মহাকোলাহল শুনা যাইতে লাগিল যে, ভীষ্ম নিহত হইলেন, ভীষ্ম নিহত হইলেন। ৫৯-৬০

পীতবর্ণের রেশমী বস্ত্রপরিধানকারী ইন্দ্রনীলমণিতুল্য শ্যামসুন্দর শ্রীকৃষ্ণ ভীষ্মের দিকে দৌড়াইতে দৌড়াইতে এরূপ শোভা পাইতে লাগিলেন যে, তখন যেন বিদ্যুন্মালাশোভিত শ্যামবর্ণের মেঘ ধাবিত হইতেছে। ৬১

যাদবশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ বারংবার গর্জন করিতে করিতে ভীষ্মের দিকে সেইরূপ বেগে ধাবিত হইলেন, যেরূপ বেগে সিংহ গজরাজের দিকে ধাবিত হইয়া থাকে এবং গো-পালের মধ্যে শ্রেষ্ঠ বৃষ যেরূপ বেগে অন্য এক বৃষকে আক্রমণ করিয়া থাকে। ৬২

সেই মহারণে কমললোচন শ্রীকৃষ্ণকে আসিতে দেখিয়া ভীষ্ম সেই যুদ্ধস্থলে অল্পও বিচলিত না হইয়া নিজের বিশাল ধনুকে আকর্ষণ করিতে লাগিলেন। ৬৩

তারপর উদ্বেগশূন্য মনে ভগবান্ গোবিন্দকে সম্বোধন করিয়া বলিলেন,—আসুন, আসুন; কমললোচন! দেবদেব! আপনাকে নমস্কার। ৬৪

সাত্বতশ্রেষ্ঠ! এই মহাসংগ্রামে আজ আমাকে নিহত করিয়া ভূপাতিত করুন। দেব! নিষ্পাপ শ্রীকৃষ্ণ! আপনার দ্বারা সংগ্রামে নিহত হইলেও জগতে সর্ব্বতোভাবে আমার পরম কল্যাণ হইবে।

প্রহরস্ব যথেষ্টং বৈ দাসোঽস্মি তব চানঘ।
অন্বগেব ততঃ পার্থঃ সমভিদ্রুত্য কেশবম্ ॥ ৬৭
নিজগ্রাহ মহাবাহুর্বাহুভ্যাং পরিগৃহ্য বৈ।
নিগৃহ্যমাণঃ পার্থেন কৃষ্ণো রাজীবলোচনঃ ॥ ৬৮
জগামৈবৈনমাদায় বেগেন পুরুষোত্তমঃ।
পার্থস্তু বিষ্টভ্য বলাচ্চরণৌ পরবীরহা ॥ ৬৯
নিজগ্রাহ হৃষীকেশং কথঞ্চিদ্ দশমে পদে।
তত এবমুবাচার্ত্তঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণম্ ॥ ৭০
নিঃশ্বসন্তং যথা নাগমর্জ্জুনঃ প্রণয়াৎ সখা।
নিবর্ত্তস্ব মহাবাহো নানৃতং কর্ত্তুমর্হসি ॥ ৭১
যৎ ত্বয়া কথিতং পূর্ব্বং ন যোৎস্যামীতি কেশব।
মিথ্যাবাদীতি লোকাস্ত্বাং কথয়িষ্যন্তি মাধব ॥ ৭২
মমৈষ ভারঃ সর্ব্বো হি হনিষ্যামি পিতামহম্।
শপে কেশব শস্ত্রেণ সত্যেন সুকৃতেন চ ॥ ৭৩

গোবিন্দ! আজ আমি এই যুদ্ধে ত্রিভুবনের সম্মানিত হইলাম। অনঘ! আমি আপনার দাস। এখন আপনি আমাকে ইচ্ছানুসারে প্রহার করুন।

এদিকে মহাবাহু অর্জ্জুন শ্রীকৃষ্ণের পশ্চাতে পশ্চাতে দৌড়াইয়া আসিতেছিলেন। তিনি স্বীয় দুই বাহুতে শ্রীকৃষ্ণকে ধরিয়া বশীভূত করিয়া ফেলিলেন।

এইভাবে অর্জ্জুন কর্ত্তৃক ধৃত হইয়াও কমললোচন পুরুষোত্তম ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাকে লইয়াই সবেগে অগ্রসর হইতে লাগিলেন।

তখন শত্রুবীরনাশী বলপূর্ব্বক ভগবান্ শ্রীকৃষ্ণের চরণধারণ করিলেন এবং তারপর দশপদ যাইবার পরই কোনরূপে হৃষীকেশকে নিবৃত্ত করিতে সমর্থ হইলেন।

সেই সময় শ্রীকৃষ্ণের নয়ন ক্রোধে রক্তবর্ণ হইয়া উঠিয়াছিল এবং সর্পের ন্যায় তিনি দীর্ঘশ্বাস ফেলিতে লাগিলেন। তারপর তাঁহার সখা অর্জ্জুন আর্ত্তভাবে প্রেমপূর্ব্বক বলিলেন,—মহাবাহো! আপনি ফিরিয়া চলুন, স্বীয় প্রতিজ্ঞাকে মিথ্যা করিবেন না ॥৬৫-৭১

কেশব! আপনি পূর্ব্বে যাহা বলিয়াছিলেন,—“আমি যুদ্ধ করিব না”, সেই বাক্যকে আপনি প্রতিপালন করুন। মাধব! অন্যথা লোকে আপনাকে মিথ্যাবাদী বলিবে। ৭২

কেশব! যুদ্ধের এই সব ভার আমার উপরে আছে। আমি আমার অস্ত্র, সত্য ও সুকৃতের শপথ লইয়া বলিতেছি যে, আমি পিতামহ ভীষ্মকে বধ করিব। ৭৩

অস্তং যথা গমিষ্যামি শত্রূণাং শত্রুসূদন।
অদ্যৈব পশ্য দুর্ধর্ষং পাত্যমানং মহারথম্ ॥৭৪
তারাপতিমিবাপূর্ণমস্তকালে যদৃচ্ছয়া।
মাধবস্তু বচঃ শ্রুত্বা ফাল্গুনস্য মহাত্মনঃ ॥ ৭৫
(অভবৎ পরমপ্রীতো জ্ঞাত্বা পার্থস্য বিক্রমম্।)
ন কিঞ্চিদুক্ত্বা সক্রোধ আরুরোহ রথং পুনঃ।
তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ ভীষ্মঃ শান্তনবঃ পুনঃ ॥ ৭৬
ববর্ষ শরবর্ষেণ মেঘো বৃষ্ট্যা যথাচলৌ।
প্রাণানাদত্ত যোধানাং পিতা দেবব্রতস্তব ॥৭৭
গভস্তিভিরিবাদিত্যস্তেজাংসি শিশিরাত্যয়ে।
যথা কুরূণাং সৈন্যানি বভঞ্জুর্যুধি পাণ্ডবাঃ ॥ ৭৮
তথা পাণ্ডবসৈন্যানি বভঞ্জ যুধি তে পিতা।
হতবিদ্রুতসৈন্যাস্তু নিরুৎসাহা বিচেতসঃ ॥ ৭৯
নিরীক্ষিতুং ন শেকুস্তে ভীষ্মমপ্রতিমং রণে।
মধ্যং গতমিবাদিত্যং প্রতপন্তং স্বতেজসা ৮০
তে বধ্যমানা ভীষ্মেণ শতশোঽথ সহস্রশঃ
কুর্বাণং সমরে কর্ম্মাণ্যতিমানুষবিক্রমম্ ॥ ৮১
বীক্ষাঞ্চক্রুর্মহারাজ পাণ্ডবা ভয়পীড়িতাঃ।
তথা পাণ্ডবসৈন্যানি দ্রাব্যমাণানি ভারত ॥ ৮২
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত গাবঃ পঙ্কগতা ইব।
পিপীলিকা ইব ক্ষুণ্ণা দুর্বলা বলিনা রণে ॥ ৮৩
মহারথং ভারত দুষ্প্রকম্পং
শরৌঘিণং প্রতপন্তং নরেন্দ্রান্।
ভীষ্মং ন শেকুঃ প্রতিবীক্ষিতুং তে
শরার্চিষং সূর্য্যমিবাতপন্তম্ ॥ ৮৪
বিমৃদ্গতস্তস্য তু পাণ্ডুসেনা-
মস্তং জগামাথ সহস্ররশ্মিঃ।
ততো বলানাং শ্রমকর্ষিতানাং
মনোঽবহারং প্রতি সম্বভূব ॥ ৮৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভীষ্মবধপর্বণি নবমদিবসযুদ্ধসমাপ্তৌ ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১০৬

শত্রুসূদন! আমি সকল শত্রুকেই বিনাশ করিব। আপনি দর্শন করুন—আজই আমি পূর্ণচন্দ্রতুল্য দুর্জ্জয় বীর মহারথী ভীষ্মকে তাঁহার অন্তিম সময়ে ইচ্ছানুসারে নিহত করিয়া ভূতলশায়ী করিব ॥

মহাত্মা অর্জুনের এই কথা শ্রবণ করিয়া তাঁহার পরাক্রম সম্বন্ধে অভিজ্ঞ ভগবান্ শ্রীকৃষ্ণ মনে মনে অত্যন্ত প্রসন্ন হইয়া বাহ্যতঃ কিছু না বলিয়া ক্রোধের সহিত রথে গিয়া আরোহণ করিলেন ॥

পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ ও অর্জুনকে রথের উপরে বসিতে দেখিয়া শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় তাঁহাদের উপর বাণ বর্ষণ আরম্ভ করিয়া দিলেন—ইহাতে মনে হইল মেঘ দুইটি পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিতেছে ॥

রাজন্! আপনার পিতৃতুল্য দেবব্রত ভীষ্ম সেইরূপে পাণ্ডব যোদ্ধাদের প্রাণ হরণ করিতে লাগিলেন, যেরূপে গ্রীষ্মকালে সূর্য্যদেব স্বীয় প্রখর কিরণে সকলের তেজ হরণ করিয়া থাকেন ॥

মহারাজ! যেরূপ পাণ্ডবেরা যুদ্ধে কৌরব-সৈন্যদিগকে বিতাড়িত করিতেছিলেন, সেইরূপ আপনার পিতৃতুল্য ভীষ্মও পাণ্ডব-সৈন্যগণকে বিতাড়িত করিতে লাগিলেন ॥

তখন আহত হইয়া পলায়মান সৈন্যরা অচেতন ও উৎসাহহীন হইয়া পড়িয়াছিল। সেই রণাঙ্গনে অতুলনীয় বীর ভীষ্মের দিকে সেইরূপ কেহ দৃষ্টিপাত করিতেই পারিল না, যেরূপ স্বীয় কিরণে সন্তাপদায়ী মধ্যাহ্নকালীন সূর্য্যের দিকে কেহই দৃষ্টিপাত করিতে সমর্থ হয় না। ৭৪-৮০

মহারাজ ভীষ্ম কর্ত্তৃক প্রহৃত শত শত ও সহস্র সহস্র সৈন্য সমরে অলৌকিক পরাক্রম প্রকাশকারী ভীষ্মের ভয়ে পীড়িত হইয়া তাঁহাকে কেবল দেখিতেই লাগিল ॥

ভারত! পলায়মান পাণ্ডব-সৈন্যরা সেই সময়ে পঙ্কমগ্ন গো-সঙ্ঘের ন্যায় কাহাকেও নিজেদের রক্ষকরূপে পাইল না সমরাঙ্গণে বলবান্ ভীষ্ম এই দুর্ব্বল সৈন্যগণকে পিপীলিকাসমূহের তুল্য পিষ্ট করিতে লাগিলেন। ৮১-৮৩

ভারত! মহারথী ভীষ্ম অবিচলভাবে অবস্থান করত বাণসমূহ বর্ষণ করিতে করিতে পাণ্ডবপক্ষীয় নরপতিগণকে সন্তাপিত করিতে লাগিলেন। বাণরূপী কিরণাবলিতে সুশোভিত ও সূর্য্যসদৃশ তাপদানকারী ভীষ্মকে তখন কেহ দেখিতেই সমর্থ হইলেন না। ৮৪

ভীষ্ম পাণ্ডব-সৈন্যদিগকে যখন এরূপে মর্দ্দিত করিতেছিলেন, তখন সহস্র কিরণ-সুশোভিত ভগবান্ সূর্য্যদেব অস্তাচলে গমন করিলেন। সেই সময় পরিশ্রমে ক্লান্ত সমস্ত সৈন্যের মনেই এই ইচ্ছা জাগরিত হইয়াছিল যে, এখন যুদ্ধ বন্ধ হউক। ৮৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত ভীষ্মবধপর্ব্বে নবমদিবসের যুদ্ধসমাপ্তিবিষয়ক ষড়ধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

[নবমদিবসযুদ্ধসমাপ্তিঃ, নিশি পাণ্ডবানাং গুপ্তমন্ত্রণা, ভীষ্মেণ সহ সম্মিল্য সকৃষ্ণ-পাণ্ডবানাং তদ্বধোপায়লাভশ্চ]

সঞ্জয় উবাচ।

যুধ্যতামেব তেষাং তু ভাস্করেঽস্তমুপাগতে।
সন্ধ্যা সমভবদ্ ঘোরা নাপশ্যাম ততো রণম্॥ ১

ততো যুধিষ্ঠিরো রাজা সন্ধ্যাং সন্দৃশ্য ভারত।
বধ্যমানঞ্চ ভীষ্মেণ ত্যক্তাস্ত্রং ভয়বিহ্বলম্॥ ২

(নিরুৎসাহং বলং দৃষ্ট্বা পীড়িতং শরবিক্ষতম্।)
স্বসৈন্যঞ্চ পরাবৃত্তং পলায়নপরায়ণম্।
ভীষ্মঞ্চ যুধি সংরব্ধং পীড়য়ন্তং মহারথম্॥ ৩

সোমকাংশ্চ জিতান্ দৃষ্ট্বা নিরুৎসাহান্ মহারথান্
(নিশামুখঞ্চ সম্প্রেক্ষ্য ঘোররূপং ভয়ানকম্।
চিন্তয়িত্বা ততো রাজা অবহারমরোচয়ৎ॥ ৪

(কথং জয়েম ভীষ্মং বৈ মহাবলপরাক্রমম্।
বুদ্ধিং স্বশিবিরং গন্তুং চক্রে রাজা যুধিষ্ঠিরঃ॥)
ততোঽবহারং সৈন্যানাং চক্রে রাজা যুধিষ্ঠিরঃ।
তথৈব তব সৈন্যানামবহারো হ্যভূৎ তদা॥ ৫

ততোঽবহারং সৈন্যানাং কৃত্বা তত্র মহারথাঃ।
ন্যবিশন্ত কুরুশ্রেষ্ঠ সংগ্রামে ক্ষত-বিক্ষতাঃ॥ ৬

ভীষ্মস্য সমরে কর্ম্ম চিন্তয়ানাস্তু পাণ্ডবাঃ।
নালভন্ত তদা শান্তিং ভীষ্মবাণপ্রপীড়িতাঃ॥ ৭

ভীষ্মোঽপি সমরে জিত্বা পাণ্ডবান্ সহ সৃঞ্জয়ান্
পূজ্যমানস্তব সুতৈর্বন্দ্যমানশ্চ ভারত॥ ৮

ন্যবিশৎ কুরুভিঃ সার্দ্ধং হৃষ্টরূপৈঃ সমন্ততঃ।
ততো রাত্রিঃ সমভবৎ সর্ব্বভূতপ্রমোহিনী॥ ৯

তস্মিন্ রাত্রিমুখে ঘোরে পাণ্ডবা বৃষ্ণিভিঃ সহ।
সৃঞ্জয়াশ্চ দুরাধর্ষা মন্ত্রায় সমুপাবিশন্॥ ১০

সপ্তাধিকশততম অধ্যায়।

[নবমদিনের যুদ্ধের সমাপ্তি, রাত্রিতে পাণ্ডবগণের গুপ্ত মন্ত্রণা এবং ভীষ্মের সহিত মিলিত হইয়া শ্রীকৃষ্ণসহ পাণ্ডবগণের তাঁহার বধের উপায়লাভ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! কৌরব-পাণ্ডবগণের মধ্যে যুদ্ধের সময়েই সূর্য্যদেব অস্তাচলে গমন করিলেন এবং ভয়ঙ্কর সন্ধ্যাকাল আসিয়া উপস্থিত হইল। তখন আমরা আর যুদ্ধ হইতে দেখিলাম না। ১

ভরতনন্দন! তারপর রাজা যুধিষ্ঠির দেখিলেন যে, সন্ধ্যা হইয়া গিয়াছে এবং ভীষ্ম কর্তৃক গুরুতর প্রহৃত হইয়া আমার সৈন্যরা অস্ত্র পরিত্যাগ করিয়াছে। যুদ্ধ করিতে কাহারও মধ্যে আর উৎসাহ নাই। বাণসমূহে ক্ষত বিক্ষত সমস্ত সৈন্যই অত্যন্ত পীড়িত হইয়া পড়িয়াছে। বহু সৈন্যই যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতে লাগিল। এদিকে মহারথী ভীষ্ম ক্রুদ্ধ হইয়া যুদ্ধস্থলে সকলকে পীড়াদান করিতেছিলেন। সোমকবংশীয় মহারথী বীরগণ পরাজিত হইয়া উৎসাহশূন্য হইয়াছেন। অথচ ঘোরতর ও ভয়ানক প্রদোষকাল উপস্থিত হইয়াছে। এই সব বিষয়ে বিচার করিয়া রাজা যুধিষ্ঠির সৈন্যদিগকে যুদ্ধ হইতে প্রত্যাহার করিয়া লওয়াকেই যুক্তিযুক্ত মনে করিলেন। ২-৪

মহাবলশালী ও মহাপরাক্রমী ভীষ্মকে আমরা কিভাবে পরাজিত করিতে সমর্থ হইব, ইহাই চিন্তা করিতে করিতে রাজা যুধিষ্ঠির স্বীয় শিবিরে যাইতে মনস্থ করিলেন।

তাহার পর মহারাজ যুধিষ্ঠির নিজ সৈন্যদিগকে যুদ্ধ হইতে প্রত্যাহার করিয়া লইলেন। এইরূপে আপনার সৈন্যরাও সেই সময় যুদ্ধস্থল হইতে শিবির অভিমুখে গমন করিলেন। ৫

কুরুশ্রেষ্ঠ! এই ভাবে সংগ্রামে ক্ষত বিক্ষত সেই সব মহারথী সৈন্যরা প্রত্যাবর্তন করিয়া শিবিরে বিশ্রাম করিতে লাগিলেন। ৬

পাণ্ডবগণ ভীষ্মের বাণসমূহে অত্যন্ত পীড়িত হইয়া পড়িয়াছিলেন। তাঁহারা সমরাঙ্গণে ভীষ্মের পরাক্রমের কথা চিন্তা করিয়া শান্তিলাভ করিতে পারিলেন না। ৭

ভারত! ভীষ্মও সংগ্রামে সৃঞ্জয় ও পাণ্ডবগণকে জয় করিয়া আপনার পুত্রদিগের দ্বারা প্রশংসিত এবং অভিবন্দিত হইয়া অত্যন্ত হৃষ্টচিত্তে কৌরবদের সহিত শিবিরে গমন করিলেন।

তাহার পর সমস্ত প্রাণিগণকে মোহময়ী নিদ্রায় নিমগ্নকারিণী রাত্রি আসিয়া উপস্থিত হইল। সেই ভয়ঙ্কর রাত্রির আরম্ভকালে বৃষ্ণিবংশীয়গণ সহ দুর্দ্ধর্ষ সৃঞ্জয় ও পাণ্ডবগণ গুপ্তমন্ত্রণার জন্য একত্রে মিলিত হইলেন। ৮-১০

আত্মনিঃশ্রেয়সং সর্ব্বে প্রাপ্তকালং মহাবলাঃ।
মন্ত্রয়ামাসুরব্যগ্রা মন্ত্রনিশ্চয়কোবিদাঃ ॥ ১১
(হনিষ্যাম যথা ভীষ্মং জয়েম পৃথিবীমিমাম্ ॥)
ততো যুধিষ্ঠিরো রাজা মন্ত্রয়িত্বা চিরং নৃপ।
বাসুদেবং সমুদ্বীক্ষ্য বচনং চেদমাদদে ॥ ১২
কৃষ্ণ পশ্য মহাত্মানং ভীষ্মং ভীমপরাক্রমম্।
গজং নলবনানীব বিমৃদ্নন্তং বলং মম ॥ ১৩
(মম মাধব সৈন্যেষু বধ্যমানেষু তেন বৈ।
কথং যোৎস্যাম দুর্ধর্ষং শ্রেয়ো মেঽত্র বিধীয়তাম্ ॥
ত্বমেব গতিরস্মাকং নান্যাং গতিমুপাস্মহে।
ন যুদ্ধং রোচতে মহ্যং ভীষ্মেণ সহ মাধব।
হন্তি ভীষ্মো মহাবীরো মম সৈন্যঞ্চ সংযুগে ॥)
ন চৈবৈনং মহাত্মানমুৎসহামো নিরীক্ষিতুম্।
লেলিহ্যমানং সৈন্যেষু প্রবৃদ্ধমিব পাবকম্ ॥ ১৪

যথা ঘোরো মহানাগস্তক্ষকো বৈ বিষোল্বণঃ।
তথা ভীষ্মো রণে ক্রুদ্ধস্তীক্ষ্ণশস্ত্রঃ প্রতাপবান্ ॥ ১৫
গৃহীতচাপঃ সমরে প্রমুঞ্চন্ নিশিতান্ শরান্।
শক্যো জেতুং যমঃ ক্রুদ্ধো বজ্রপাণিশ্চ দেবরাট্ ॥ ১৬
বরুণঃ পাশভৃচ্চাপি সগদো বা ধনেশ্বরঃ।
ন তু ভীষ্মঃ সুসংক্রুদ্ধঃ শক্যো জেতুং মহাহবে ॥ ১৭
সোঽহমেবংগতে কৃষ্ণ নিমগ্নঃ শোকসাগরে।
আত্মনো বুদ্ধিদৌর্বল্যাদ্ ভীষ্মমাসাদ্য সংযুগে ॥ ১৮
বনং যাস্যামি দুর্ধর্ষ শ্রেয়ো বৈ তত্র মে গতম্।
ন যুদ্ধং রোচতে কৃষ্ণ হন্তি ভীষ্মো হি নঃ সদা ॥ ১৯
যথা প্রজ্বলিতং বহ্নিং পতঙ্গঃ সমভিদ্রবন্।
একতো মৃত্যুমভ্যেতি তথাহং ভীষ্মমীয়িবান্ ॥ ২০
ক্ষয়ং নীতোঽস্মি বার্ষ্ণেয় রাজ্যহেতোঃ পরাক্রমী।
ভ্রাতরশ্চৈব মে শূরাঃ সায়কৈর্ভৃশপীড়িতাঃ ॥ ২১

সেই সময় ঐ সব মহাবলী বীরগণ সময়ানুসারে নিজেদের মঙ্গলের প্রশ্নবিষয়ে স্বস্থচিত্তে বিচার করিতে লাগিলেন। এই সব বীরগণ মন্ত্রণা করিয়া যে কোন সিদ্ধান্তে উপস্থিত হইতে নিপুণ ছিলেন ॥ ১১

তখন তাঁহাদের মধ্যে এই বিচারই হইতেছিল যে, আমরা কিরূপে ভীষ্মকে বধ করিতে পারিব এবং কিরূপে এই পৃথিবীকে জয় করিতে সমর্থ হইব? নরেশ্বর! সেই সময় রাজা যুধিষ্ঠির দীর্ঘকাল পর্য্যন্ত গুপ্ত মন্ত্রণা করিবার পর বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণের দিকে দৃষ্টিপাত করিয়া এই কথা বলিলেন ॥ ১২

শ্রীকৃষ্ণ! দেখুন, ভয়ঙ্কর পরাক্রমশালী মহাত্মা ভীষ্ম আমাদের সৈন্যদিগকে সেইভাবে বিনাশ করিতেছেন, যেরূপ হস্তী শরবনকে মর্দ্দন করিয়া থাকে ॥ ১৩

মাধব! ইঁহার দ্বারা যখন আমার সৈন্যরা বিনষ্ট হইতেছে, তখন এরূপ অবস্থায় এই দুর্দ্ধর্ষ বীর ভীষ্মের সহিত আমরা কিরূপে যুদ্ধ করিব? এখন যেরূপে আমাদের মঙ্গল হইতে পারে, সেইরূপ একটি উপায় স্থির করুন। মাধব! আপনিই আমাদের একমাত্র আশ্রয়। আমরা অন্য কাহারও আশ্রয় গ্রহণ করি নাই। ভীষ্মের সহিত আমাদের যুদ্ধ করাকে আমার ভাল লাগিতেছে না। এদিকে মহাবীর ভীষ্ম যুদ্ধস্থলে আমাদের সৈন্যদিগকে সংহার করিয়া যাইতেছেন।

ইনি প্রজ্বলিত অগ্নিতুল্য বাণসমূহের শিখাতে আমাদের সৈন্যদিগকে সর্ব্বতোভাবে লেহন (ভস্ম) করিতেছেন, আমরা এই মহাত্মা ভীষ্মকে দেখিতেও সমর্থ হইতেছি না ॥ ১৪

যেরূপ মহানাগ তক্ষক নিজের তীব্র বিষবশতঃ সকলেরই নিকট ভয়ঙ্কররূপে প্রতীত হন, সেইরূপ ক্রুদ্ধ প্রতাপশালী ভীষ্ম যুদ্ধস্থলে যখন হাতে ধনুর্বাণ লইয়া তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে থাকেন, সেই সময় তীক্ষ্ণ অস্ত্রধারী বলিয়া তিনি আমাদের নিকট অত্যন্ত ভয়ঙ্কর বলিয়া প্রতীত হন।

সমরাঙ্গণে ক্রুদ্ধ যমরাজ, বজ্রধারী ইন্দ্র, পাশধারী বরুণ অথবা গদাধারী কুবেরকেও জয় করিতে পারা যায়, কিন্তু এই মহাসংগ্রামে ক্রুদ্ধ ভীষ্মকে পরাজিত করা অসম্ভব ॥ ১৫-১৭

হে কৃষ্ণ! এরূপ অবস্থায় আমি স্বীয় বুদ্ধির দুর্ব্বলতাবশতঃ যুদ্ধস্থলে ভীষ্মকে সম্মুখে দেখিয়া শোকসাগরে নিমগ্ন হইয়া যাই ॥ ১৮

দুর্দ্ধর্ষ বীর কৃষ্ণ! এখন আমি বনে চলিয়া যাইব। আমার পক্ষে বনগমনই কল্যাণকর হইবে বলিয়া মনে করি। আমার যুদ্ধ ভাল লাগিতেছে না; কারণ, এই যুদ্ধে ভীষ্ম সর্ব্বদাই আমার সৈন্যদের বিনাশ করিতেছেন ॥ ১৯

যেরূপ পতঙ্গ প্রজ্বলিত অগ্নির দিকে যাইয়া কেবলই মৃত্যুই বরণ করিয়া থাকে, সেইরূপ আমরাও ভীষ্মকে আক্রমণ করিয়া মৃত্যুকেই বরণ করিতেছি ॥ ২০

বৃষ্ণিবংশভূষণ! রাজ্যের জন্য পরাক্রম করিতে যাইয়া আমরা ক্ষীণ হইয়া পড়িতেছি। আমার শৌর্য্যশালী ভ্রাতারা বাণের প্রহারে অত্যন্ত পীড়িত হইতেছে ॥ ২১

মৎকৃতে ভ্রাতৃসৌহার্দাদ্ রাজ্যভ্রষ্টা বনং গতাঃ।
পরিক্লিষ্টা তথা কৃষ্ণা মৎকৃতে মধুসূদন ॥ ২২
জীবিতং বহু মন্যেঽহং জীবিতং হৃদ্য দুর্লভম্।
জীবিতস্যাদ্য শেষেণ চরিষ্যে ধর্ম্মমুত্তমম্ ॥ ২৩
যদি তেঽহমনুগ্রাহ্যো ভ্রাতৃভিঃ সহ কেশব।
স্বধর্ম্মস্যাবিরোধেন হিতং ব্যাহর কেশব ॥ ২৪
এবং শ্রুত্বা বচস্তস্য কারুণ্যাদ্ বহুবিস্তরম।
প্রত্যুবাচ ততঃ কৃষ্ণঃ সান্ত্বয়ানো যুধিষ্ঠিরম্ ॥ ২৫
ধর্ম্মপুত্র বিষাদং ত্বং মা কৃথাঃ সত্যসঙ্গর।
যস্য তে ভ্রাতরঃ শূরা দুর্জয়াঃ শত্রুসূদনাঃ ॥ ২৬
অর্জ্জুনো ভীমসেনশ্চ বায্বগ্নিসমতেজসৌ।
মাদ্রীপুত্রৌ চ বিক্রান্তৌ ত্রিদশানামিবেশ্বরৌ ॥ ২৭
মাং বা নিযুঙ্ক্ষ্ব সৌহার্দাদ্ যোৎস্যে ভীষ্মেণ পাণ্ডব
ত্বৎপ্রযুক্তো মহারাজ কিং ন কুর্য্যাং মহাহবে ॥ ২৮

মধুসূদন! আমার জন্য ভ্রাতৃস্নেহবশতঃ এই ভ্রাতারা রাজ্য হইতে বঞ্চিত হইয়াছে এবং বনগমন করিয়াছে। আমার জন্যই কৃষ্ণাকে (দ্রৌপদীকে) কৌরবসভায় অপমান-ভোগ করিতে হইয়াছে ॥ ২২

এই সময়ে আমি আমাদের জীবনকেই অধিক বলিয়া মনে করি; কারণ, আজ আমাদের জীবনই দুর্লভ হইয়া পড়িয়াছে। এখন আমাদের জীবনের আর যতটুকু অবশিষ্ট আছে, তাহাদ্বারা আমি উত্তম ধর্ম্মের আচরণ করিব ॥ ২৩

কেশব! যদি এই ভ্রাতৃগণের সহিত আমার উপর আপনার অনুগ্রহ থাকে, তবে আপনি আমাকে স্বধর্ম্মের অনুকূল কোন হিতকর পরামর্শ দান করুন ॥ ২৪

কারুণ্যবশতঃ কথিত যুধিষ্ঠিরের এই বিস্তৃত বাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরকে সান্ত্বনাপ্রদান করিতে করিতে বলিলেন ॥ ২৫

ধর্ম্মপুত্র! সত্যপ্রতিজ্ঞ কুন্তীনন্দন! আপনি বিষাদগ্রস্ত হইবেন না। আপনার ভ্রাতারা শৌর্য্যশালী বীর, দুর্জয় এবং শত্রুগণকে সংহার করিতে সমর্থ ॥ ২৬

অর্জ্জুন ও ভীমসেন বায়ু এবং অগ্নিসদৃশ তেজস্বী। মাদ্রীনন্দন নকুল ও সহদেবও পরাক্রমে দুই ইন্দ্রতুল্য ॥ ২৭

পাণ্ডুনন্দন! মহারাজ যুধিষ্ঠির! আপনি সৌহার্দ্দবশতঃ আমাকে আজ্ঞাপ্রদান করুন। আমি ভীষ্মের সহিত যুদ্ধ করিব। আপনার আজ্ঞা পাইলে আমি এই মহাসংগ্রামে আপনার কোন কার্য্য সম্পন্ন না করিব? ২৮

হনিষ্যামি রণে ভীষ্মমাহূয় পুরুষর্ষভম্।
পশ্যতাম্ ধার্ত্তরাষ্ট্রাণাং যদি নেচ্ছতি ফাল্গুনঃ ॥২৯
যদি ভীষ্মে হতে বীরে জয়ং পশ্যসি পাণ্ডব।
হন্তাস্ম্যেকরথেনাদ্য কুরুবৃদ্ধং পিতামহম্ ॥ ৩০
পশ্য মে বিক্রমং রাজন্ মহেন্দ্রস্যেব সংযুগে।
বিমুঞ্চন্তং মহাস্ত্রাণি পাতয়িষ্যামি তং রথাৎ ॥ ৩১
যঃ শত্রুঃ পাণ্ডুপুত্রাণাং মচ্ছত্রুঃ স ন সংশয়ঃ।
মদর্থা ভবদীয়া যে যে মদীয়াস্তবৈব তে ॥ ৩২
তব ভ্রাতা মম সখা সম্বন্ধী শিষ্য এব চ।
মাংসান্যুৎকৃত্য দাস্যামি ফাল্গুনার্থে মহীপতে ॥ ৩৩
এষ চাপি নরব্যাঘ্রো মৎকৃতে জীবিতং ত্যজেৎ।
এষ নঃ সময়স্তাত তারয়েম পরস্পরম্ ॥ ৩৪
স মাং নিযুঙ্ক্ষ্ব রাজেন্দ্র যথা যোদ্ধা ভবাম্যহম্।
প্রতিজ্ঞাতমুপপ্লব্যে যৎ তৎ পার্থেন পূর্বতঃ ॥ ৩৫

যদি অর্জ্জুন ভীষ্মকে বধ করিতে ইচ্ছুক না হয়, তবে আমিই যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে আহ্বান করিয়া ধৃতরাষ্ট্র-পুত্রগণের সাক্ষাতেই তাঁহাকে সংহার করিব ॥ ২৯

পাণ্ডুনন্দন! যদি ভীষ্ম নিহত হইলেই আপনি স্বীয় বিজয়লাভ বলিয়া মনে করিয়া থাকেন, তবে আমি একমাত্র রথের সহায়তায় আজ কুরুকুলের বৃদ্ধপিতামহ ভীষ্মকে বিনাশ করিব ॥ ৩০

রাজন্! আগামীকাল যুদ্ধে আমার ইন্দ্রসদৃশ পরাক্রম দেখিবেন। আমি মহাস্ত্রসমূহের প্রয়োগকারী ভীষ্মকে নিহত করিয়া রথ হইতে ভূপাতিত করিব ॥ ৩১

যে ব্যক্তি পাণ্ডবগণের শত্রু, সে আমারও শত্রু—ইহাতে কোনও সংশয় নাই। যাহারা আপনাদের সুহৃৎ, তাহারা আমার সুহৃৎ এবং যাহারা আমার সুহৃৎ, তাহারা আপনাদের সুহৃৎ বলিয়া জানিবেন ॥ ৩২

ভূপতে! আপনার ভ্রাতা অর্জ্জুন আমার সখা, সম্বন্ধী ও শিষ্য। আমি অর্জ্জুনের জন্য আমার শরীরের মাংস পর্য্যন্ত ছেদন করিয়া দান করিব ॥ ৩৩

এই নরশ্রেষ্ঠ অর্জ্জুনও আমার জন্য নিজের প্রাণও ত্যাগ করিতে উদ্যত আছে। তাত! আমরা দুইজনে এই প্রতিজ্ঞা করিয়াছি যে, আমরা পরস্পর পরস্পরকে সঙ্কট হইতে উদ্ধার করিব ॥ ৩৪

রাজেন্দ্র! আপনি আমাকে যুদ্ধকার্য্যে নিযুক্ত করুন। আমি আপনার যোদ্ধা হইব। যুদ্ধের পূর্ব্বে উপপ্লব্যনগরে সকলের

ঘাতয়িষ্যামি গাঙ্গেয়মিতি লোকস্য সন্নিধৌ।
পরিরক্ষ্যমিদং তাবদ্ বচঃ পার্থস্য ধীমতঃ॥ ৩৬
অনুজ্ঞাতং তু পার্থেন ময়া কার্য্যং ন সংশয়ঃ।
অথবা ফাল্গুনস্যৈষ ভারঃ পারমিতো রণে॥ ৩৭
স হনিষ্যতি সংগ্রামে ভীষ্মং পরপুরঞ্জয়ম্।
অশক্যমপি কুর্য্যাদ্ধি রণে পার্থঃ সমুদ্যতঃ॥ ৩৮
ত্রিদশান্ বা সমুদ্যুক্তান্ সহিতান্ দৈত্যদানবৈঃ।
নিহন্যাদর্জ্জুনঃ সংখ্যে কিমু ভীষ্মং নরাধিপ॥ ৩৯
বিপরীতো মহাবীর্য্যো গতসত্ত্বোঽল্পজীবনঃ।
ভীষ্মঃ শান্তনবো নূনং কর্ত্তব্যং নাববুধ্যতে॥ ৪০

যুধিষ্ঠির উবাচ।

এমমেতন্মহাবাহো যথা বদসি মাধব।
সর্ব্বে হ্যেতে ন পর্য্যাপ্তাস্তব বেগবিধারণে॥ ৪১
নিয়তং সমবাপ্স্যামি সর্ব্বমেতদ্ যথেপ্সিতম্।
যস্য মে পুরুষব্যাঘ্র ভবান্ পক্ষে ব্যবস্থিতঃ॥ ৪২
সেন্দ্রানপি রণে দেবান্ জয়েয়ং জয়তাং বর।
ত্বয়া নাথেন গোবিন্দ কিমু ভীষ্মং মহারথম্॥ ৪৩
ন তু ত্বামনৃতং কর্ত্তুমুৎসহে স্বাত্মগৌরবাৎ।
অযুধ্যমানঃ সাহায্যং যথোক্তং কুরু মাধব॥৪৪
সময়স্তু কৃতঃ কশ্চিন্মম ভীষ্মেণ সংযুগে।
মন্ত্রয়িষ্যে তবার্থায় ন তু যোৎস্যে কথঞ্চন॥ ৪৫
দুর্য্যোধনার্থং যোৎস্যামি সত্যমেতদিতি প্রভো।
স হি রাজ্যস্য মে দাতা মন্ত্রস্যৈব চ মাধব॥৪৬
তস্মাদ্ দেবব্রতং ভূয়ো বধোপায়ার্থমাত্মনঃ।
ভবতা সহিতাঃ সর্ব্বে প্রযাম মধুসূদন॥ ৪৭
তদ্ বয়ং সহিতা গত্বা ভীষ্মমাশু নরোত্তমম্।
নচিরাৎ সর্ব্বে বার্ষ্ণেয় মন্ত্রং পৃচ্ছাম কৌরবম্॥ ৪৮
স বক্ষ্যতি হিতং বাক্যং সত্যমস্মান্ জনার্দ্দন।
যথা চ বক্ষ্যতে কৃষ্ণ তথা কর্ত্তাস্মি সংযুগে॥ ৪৯

সম্মুখে অর্জ্জুন যে এই প্রতিজ্ঞা করিয়াছিল—আমি যুদ্ধে গঙ্গানন্দন ভীষ্মকে বধ করিব, বুদ্ধিমান্ পার্থকর্ত্তৃক কৃত এই প্রতিজ্ঞা বাক্যকে পালন করা আমার অবশ্য কর্ত্তব্য॥ ৩৫-৩৬

অর্জ্জুন যে কার্য্যের জন্য প্রতিজ্ঞা করিয়াছে, তাহা পূরণ করা আমার উচিত—ইহাতে কোন সংশয় নাই অথবা রণাঙ্গনে অর্জ্জুনেরই পক্ষে ইহা অতি অল্প ভার॥ ৩৭

এই অর্জ্জুন শত্রুনগরবিজয়ী ভীষ্মকে যুদ্ধে অবশ্যই সংহার করিবে। কুন্তীনন্দন অর্জ্জুন যদি উদ্যত হয়, তবে যুদ্ধে অসম্ভবকেও সম্ভব করিতে পারে॥ ৩৮

নরাধিপ! দৈত্য ও দানবগণের সহিত সম্পূর্ণ দেবতাবৃন্দকেও অর্জ্জুন যুদ্ধে নিহত করিতে সমর্থ, সুতরাং ভীষ্মকে বধ করা আর কি কঠিন কার্য্য!॥ ৩৯

মহাপরাক্রমী শান্তনুনন্দন ভীষ্ম ত' আমাদের বিপক্ষের আশ্রয়-গ্রহণকারী ও বলহীন। ইঁহার জীবন আর অল্প অবশিষ্ট আছে, তথাপি ইহা নিশ্চিত করিয়া বলা যায় যে, ইনি স্বীয় কর্ত্তব্যসম্বন্ধে কিছুই বুঝিতেছেন না॥ ৪০

যুধিষ্ঠির বলিলেন,—মহাবাহো! নিষ্কলঙ্ক কৃষ্ণচন্দ্র! আপনি যেরূপ কথা বলিতেছেন, উহা তদনুরূপই। এই সমস্ত কৌরবগণ আপনার বেগ ধারণ করিতে সর্ব্বথা অসমর্থ॥ ৪১

পুরুষশ্রেষ্ঠ! যে পক্ষে আপনি বিদ্যমান আছেন, সেই আমি আমার সকল অভীষ্ট মনোরথ অবশ্যই পূর্ণ করিয়া লইব॥ ৪২

বিজয়ী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ গোবিন্দ! আপনাকে রক্ষকরূপে পাইয়া আমি যুদ্ধে ইন্দ্রসহ সমগ্র দেববৃন্দকেও জয় করিতে পারি; সুতরাং সেস্থলে মহারথী ভীষ্মকে জয় করা আর এমন কি কথা॥৪৩

মাধব! কিন্তু আমি নিজের আত্মগৌরবের জন্য আপানাকে মিথ্যাবাদী করিতে চাই না। আপনি যুদ্ধ না করিয়াই পূর্ব্বোক্ত সহায়তা করিতে থাকুন॥ ৪৪

ভীষ্মের সহিত আমার একটি শর্ত্ত হইয়াছে। তিনি বলিয়াছেন,—আমি যুদ্ধে তোমার হিতের জন্য তোমাকে পরামর্শ দান করিতে পারি, কিন্তু তোমার পক্ষে কোনরূপেই যুদ্ধ করিতে পারিব না। যুদ্ধ আমি দুর্য্যোধনের জন্যই করিব। প্রভো! এই কথা অতি সত্য বলিয়া জানিবেন॥

মাধব! অতএব ভীষ্ম আমাকে রাজ্য ও মন্ত্র (হিতকর পরামর্শ) এই উভয়ই প্রদান করিবেন। মধুসূদন! সেইজন্য আমরা সকলে পুনরায় আপনার সহিত দেবব্রত ভীষ্মের নিকট যাইয়া তাঁহাকেই তাঁহার বধের উপায় জিজ্ঞাসা করিব॥ ৪৫-৪৭

বৃষ্ণিবংশভূষণ! আমরা সকলে শীঘ্রই একত্রিত হইয়া কুরুবংশজাত নরশ্রেষ্ঠ ভীষ্মের নিকট যাইব এবং তাঁহার সহিত পরামর্শ করিব॥ ৪৮

জনার্দ্দন! জিজ্ঞাসা করিলে তিনি অবশ্যই আমাকে সত্য ও হিতকর বাক্য বলিবেন। হে কৃষ্ণ! তিনি যেরূপ বলিবেন, আমি যুদ্ধে সেইরূপই করিব॥ ৪৯

নারদ প্রাচীনবর্হিকে উপদেশ করেন, যার দ্বারা হরি পরিতুষ্ট হন—সেই কর্ম্মই প্রকৃত কর্ম্ম, যে বিদ্যায় হরিতে মতি হয়—সেই বিদ্যাই যথার্থ বিদ্যা, হরি দেহধারিগণের আত্মা, তিনি প্রকৃতির ঈশ্বর, হরিই প্রিয়তম আত্মা, যা হতে অণুমাত্র ভয় নাই, যিনি একথা জানেন—তিনিই বিদ্বান্, তিনি গুরু, তিনি হরি। সংসারনাশের জন্য 'যা হতে সংসারের উৎপত্তি স্থিতি নাশ হয়, তদাত্মক বিশ্ব' দেখতে দেখতে সর্ব্বপ্রযত্নে হরিকে ভজনা কর।

নারদ বলেছিলেন—সকল শ্রেয়ের মধ্যে আত্মলাভই পরম শ্রেয়ঃ, সকল ভূতের আত্মা ও আত্মদাতা হরি। যেমন বৃক্ষের মূলে জল সেচন ক'র্‌লে তার গুঁড়ি ডাল শাখা প্রশাখা তৃপ্ত হয়, যেমন প্রাণের তৃপ্তিতে ইন্দ্রিয়সমূহ তৃপ্ত হ'য়ে থাকে, তদ্রূপ একমাত্র হরির অর্চ্চনার দ্বারা সকলের পূজা হ'য়ে থাকে। আমার শ্রেষ্ঠ ভক্ত নারদ সমস্ত ভক্তগণের গুরু, সকলকেই তিনি উপদেশ করেছেন। পরম ভাগবত নারদ, 'ভক্তিসূত্র' নামক একখানি গ্রন্থ রচনা ক'রে আমার ভক্তির মহিমা প্রচার ক'রেছেন। ঈশ্বরে ঐকান্তিকী প্রেমস্বরূপা ভক্তি তাহা অমৃতস্বরূপিণী, মানব সে ভক্তি লাভে সিদ্ধ হয়, অমৃত হয়, পরম পরিতৃপ্ত হ'য়ে থাকে। যে ভক্তি প্রাপ্ত হ'লে ভক্ত কিছু বাঞ্ছা করেন না, শোক করেন না, দ্বেষ করেন না, কোন বস্তুতে রতি থাকে না, কোন কার্য্যে উৎসাহ থাকেনা, যে ভক্তিকে লাভ ক'রে ভক্ত উন্মত্ত হয়, স্তব্ধ হয়, আত্মারাম হ'য়ে যায়। ভক্তি অনির্ব্বচনীয় প্রেমস্বরূপ, সে প্রেম গুণরহিত, কামনারহিত, প্রতিক্ষণ বর্দ্ধমান, অবিচ্ছিন্ন, সূক্ষ্মতর-অনুভবরূপা। প্রেম লাভ ক'রে প্রেমিক তাইই দেখেন, তাইই শোনেন, তাইই বলেন, তাইই চিন্তা করেন। প্রেমিক ভক্তের আমি ব্যতিরিক্ত আর কিছু দ্রষ্টব্য-শ্রোতব্য-জ্ঞাতব্য

ঘাতয়িষ্যামি গাঙ্গেয়মিতি লোকস্য সন্নিধৌ।
পরিরক্ষ্যমিদং তাবদ্ বচঃ পার্থস্য ধীমতঃ ॥ ৩৬
অনুজ্ঞাতং তু পার্থেন ময়া কার্য্যং ন সংশয়ঃ।
অথবা ফাল্গুনস্যৈষ ভারঃ পরিমিতো রণে ॥ ৩৭
স হনিষ্যতি সংগ্রামে ভীষ্মং পরপুরঞ্জয়ম্।
অশক্যমপি কুর্য্যাদ্ধি রণে পার্থঃ সমুদ্যতঃ ॥ ৩৮
ত্রিদশান্ বা সমুদ্যুক্তান্ সহিতান্ দৈত্যদানবৈঃ।
নিহন্যাদর্জ্জুনঃ সংখ্যে কিমু ভীষ্মং নরাধিপ ॥ ৩৯
বিপরীতো মহাবীর্য্যো গতসত্ত্বোঽল্পজীবনঃ।
ভীষ্মঃ শান্তনবো নূনং কর্ত্তব্যং নাববুধ্যতে ॥ ৪০

যুধিষ্ঠির উবাচ।

এবমেতন্মহাবাহো যথা বদসি মাধব।
সর্ব্বে হ্যেতে ন পর্য্যাপ্তাস্তব বেগবিধারণে ॥ ৪১
নিয়তং সমবাপ্স্যামি সর্ব্বমেতদ্ যথেপ্সিতম্।
যস্য মে পুরুষব্যাঘ্র ভবান্ পক্ষে ব্যবস্থিতঃ ॥ ৪২

সেন্দ্রানপি রণে দেবান্ জয়েয়ং জয়তাং বর।
ত্বয়া নাথেন গোবিন্দ কিমু ভীষ্মং মহারথম্ ॥ ৪৩
ন তু ত্বামনৃতং কর্ত্তুমুৎসহে স্বাত্মগৌরবাৎ।
অযুধ্যমানঃ সাহায্যং যথোক্তং কুরু মাধব ॥৪৪
সময়স্তু কৃতঃ কশ্চিন্মম ভীষ্মেণ সংযুগে।
মন্ত্রয়িষ্যে তবার্থায় ন তু যোৎস্যে কথঞ্চন ॥ ৪৫
দুর্য্যোধনার্থং যোৎস্যামি সত্যমেতদিতি প্রভো।
স হি রাজ্যস্য মে দাতা মন্ত্রস্যৈব চ মাধব ॥ ৪৬
তস্মাদ্ দেবব্রতং ভূয়ো বধোপায়ার্থমাত্মনঃ।
ভবতা সহিতাঃ সর্ব্বে প্রযাম মধুসূদন ॥ ৪৭
তদ্ বয়ং সহিতা গত্বা ভীষ্মমাশু নরোত্তমম্।
নচিরাৎ সর্ব্বে বার্ষ্ণেয় মন্ত্রং পৃচ্ছাম কৌরবম্ ॥ ৪৮
স বক্ষ্যতি হিতং বাক্যং সত্যমস্মান্ জনার্দন।
যথা চ বক্ষ্যতে কৃষ্ণ তথা কর্ত্তাস্মি সংযুগে ॥ ৪৯

সম্মুখে অর্জুন যে এই প্রতিজ্ঞা করিয়াছিল—আমি যুদ্ধে গঙ্গানন্দন ভীষ্মকে বধ করিব, বুদ্ধিমান্ পার্থকর্তৃক কৃত এই প্রতিজ্ঞা বাক্যকে পালন করা আমার অবশ্য কর্ত্তব্য ॥ ৩৫-৩৬

অর্জুন যে কার্য্যের জন্য প্রতিজ্ঞা করিয়াছে, তাহা পূরণ করা আমার উচিত—ইহাতে কোন সংশয় নাই অথবা রণাঙ্গনে অর্জুনেরই পক্ষে ইহা অতি অল্প ভার ॥ ৩৭

এই অর্জুন শত্রুনগরবিজয়ী ভীষ্মকে যুদ্ধে অবশ্যই সংহার করিবে। কুন্তীনন্দন অর্জুন যদি উদ্যত হয়, তবে যুদ্ধে অসম্ভবকেও সম্ভব করিতে পারে ॥ ৩৮

নরাধিপ! দৈত্য ও দানবগণের সহিত সম্পূর্ণ দেবতাবৃন্দকেও অর্জুন যুদ্ধে নিহত করিতে সমর্থ, সুতরাং ভীষ্মকে বধ করা আর কি কঠিন কার্য্য! ৩৯

মহাপরাক্রমী শান্তনুনন্দন ভীষ্ম ত' আমাদের বিপক্ষের আশ্রয়-গ্রহণকারী ও বলহীন। ইঁহার জীবন আর অল্প অবশিষ্ট আছে, তথাপি ইহা নিশ্চিত করিয়া বলা যায় যে, ইনি স্বীয় কর্ত্তব্যসম্বন্ধে কিছুই বুঝিতেছেন না ॥ ৪০

যুধিষ্ঠির বলিলেন,—মহাবাহো! নিষ্কলঙ্ক কৃষ্ণচন্দ্র! আপনি যেরূপ কথা বলিতেছেন, উহা তদনুরূপই। এই সমস্ত কৌরবগণ আপনার বেগ ধারণ করিতে সর্ব্বথা অসমর্থ ॥ ৪১

পুরুষশ্রেষ্ঠ! যে পক্ষে আপনি বিদ্যমান আছেন, সেই আমি আমার সকল অভীষ্ট মনোরথ অবশ্যই পূর্ণ করিয়া লইব ॥ ৪২

বিজয়ী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ গোবিন্দ! আপনাকে রক্ষকরূপে পাইয়া আমি যুদ্ধে ইন্দ্রসহ সমগ্র দেববৃন্দকেও জয় করিতে পারি; সুতরাং সেস্থলে মহারথী ভীষ্মকে জয় করা আর এমন কি কথা ॥৪৩

মাধব! কিন্তু আমি নিজের আত্মগৌরবের জন্য আপনাকে মিথ্যাবাদী করিতে চাই না। আপনি যুদ্ধ না করিয়াই পূর্ব্বোক্ত সহায়তা করিতে থাকুন ॥ ৪৪

ভীষ্মের সহিত আমার একটি শর্ত্ত হইয়াছে। তিনি বলিয়াছেন,—আমি যুদ্ধে তোমার হিতের জন্য তোমাকে পরামর্শ দান করিতে পারি, কিন্তু তোমার পক্ষে কোনরূপেই যুদ্ধ করিতে পারিব না। যুদ্ধ আমি দুর্য্যোধনের জন্যই করিব। প্রভো! এই কথা অতি সত্য বলিয়া জানিবেন ॥

মাধব! অতএব ভীষ্ম আমাকে রাজ্য ও মন্ত্র (হিতকর পরামর্শ) এই উভয়ই প্রদান করিবেন। মধুসূদন! সেইজন্য আমরা সকলে পুনরায় আপনার সহিত দেবব্রত ভীষ্মের নিকট যাইয়া তাঁহাকেই তাঁহার বধের উপায় জিজ্ঞাসা করিব ॥ ৪৫-৪৭

বৃষ্ণিবংশভূষণ! আমরা সকলে শীঘ্রই একত্রিত হইয়া কুরুবংশজাত নরশ্রেষ্ঠ ভীষ্মের নিকট যাইব এবং তাঁহার সহিত পরামর্শ করিব ॥ ৪৮

জনার্দন! জিজ্ঞাসা করিলে তিনি অবশ্যই আমাকে সত্য ও হিতকর বাক্য বলিবেন। হে কৃষ্ণ! তিনি যেরূপ বলিবেন, আমি যুদ্ধে সেইরূপই করিব ॥ ৪৯

১০ম বর্ষ, অগ্রহায়ণমাস ১৩৭৮]　　　　[ষষ্ঠ সংখ্যা— দ্বাদশী যাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্য-ব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্

*　　*　　*

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

*　　*　　*

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য ডি,লিট্ * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম-এ, ডি,লিট্

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ　　শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ　　শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী :—

শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ

(জয়গুরু সম্প্রদায়)

ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় :—

৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

ঘাতয়িষ্যামি গাঙ্গেয়মিতি লোকস্য সন্নিধৌ।
পরিরক্ষ্যমিদং তাবদ্ বচঃ পার্থস্য ধীমতঃ ॥ ৩৬
অনুজ্ঞাতং তু পার্থেন ময়া কার্য্যং ন সংশয়ঃ।
অথবা ফাল্গুনস্যৈষ ভারঃ পরিমিতো রণে ॥ ৩৭
স হনিষ্যতি সংগ্রামে ভীষ্মং পরপুরঞ্জয়ম্।
অশক্যমপি কুর্য্যাদ্ধি রণে পার্থঃ সমুদ্যতঃ ॥ ৩৮
ত্রিদশান্ বা সমুদ্যুক্তান্ সহিতান্ দৈত্যদানবৈঃ।
নিহন্যাদর্জ্জুনঃ সংখ্যে কিমু ভীষ্মং নরাধিপ ॥ ৩৯
বিপরীতো মহাবীর্য্যো গতসত্ত্বোঽল্পজীবনঃ।
ভীষ্মঃ শান্তনবো নূনং কর্ত্তব্যং নাববুধ্যতে ॥ ৪০

যুধিষ্ঠির উবাচ।

এমমেতন্মহাবাহো যথা বদসি মাধব।
সর্ব্বে হ্যেতে ন পর্য্যাপ্তাস্তব বেগবিধারণে ॥ ৪১
নিয়তং সমবাপ্স্যামি সর্ব্বমেতদ্ যথেপ্সিতম্।
যস্য মে পুরুষব্যাঘ্র ভবান্ পক্ষে ব্যবস্থিতঃ ॥ ৪২
সেন্দ্রানপি রণে দেবান্ জয়েয়ং জয়তাং বর।
ত্বয়া নাথেন গোবিন্দ কিমু ভীষ্মং মহারথম্ ॥ ৪৩
ন তু ত্বামনৃতং কর্ত্তুমুৎসহে স্বাত্মগৌরবাৎ।
অযুধ্যমানঃ সাহায্যং যথোক্তং কুরু মাধব ॥৪৪
সময়স্তু কৃতঃ কশ্চিন্মম ভীষ্মেণ স যুগে।
মন্ত্রয়িষ্যে তবার্থায় ন তু যোৎস্যে কথঞ্চন ॥ ৪৫
দুর্য্যোধনার্থং যোৎস্যামি সত্যমেতদিতি প্রভো।
স হি রাজ্যস্য মে দাতা মন্ত্রস্যৈব চ মাধব ॥ ৪৬
তস্মাদ্ দেবব্রতং ভূয়ো বধোপায়ার্থমাত্মনঃ।
ভবতা সহিতাঃ সর্ব্বে প্রযাম মধুসূদন ॥ ৪৭
তদ্ বয়ং সহিতা গত্বা ভীষ্মমাশু নরোত্তমম্।
নচিরাৎ সর্ব্বে বার্ষ্ণেয় মন্ত্রং পৃচ্ছাম কৌরবম্ ॥ ৪৮
স বক্ষ্যতি হিতং বাক্যং সত্যমস্মান্ জনার্দন।
যথা চ বক্ষ্যতে কৃষ্ণ তথা কর্ত্তাস্মি সংযুগে ॥ ৪৯

সম্মুখে অর্জ্জুন যে এই প্রতিজ্ঞা করিয়াছিল—আমি যুদ্ধে গঙ্গানন্দন ভীষ্মকে বধ করিব, বুদ্ধিমান্ পার্থকর্ত্তৃক কৃত এই প্রতিজ্ঞা বাক্যকে পালন করা আমার অবশ্য কর্ত্তব্য ॥ ৩৫-৩৬

অর্জ্জুন যে কার্য্যের জন্য প্রতিজ্ঞা করিয়াছে, তাহা পূরণ করা আমার উচিত—ইহাতে কোন সংশয় নাই অথবা রণাঙ্গনে অর্জ্জুনেরই পক্ষে ইহা অতি অল্প ভার ॥ ৩৭

এই অর্জ্জুন শত্রুনগরবিজয়ী ভীষ্মকে যুদ্ধে অবশ্যই সংহার করিবে। কুন্তীনন্দন অর্জ্জুন যদি উদ্যত হয়, তবে যুদ্ধে অসম্ভবকেও সম্ভব করিতে পারে ॥ ৩৮

নরাধিপ! দৈত্য ও দানবগণের সহিত সম্পূর্ণ দেবতাবৃন্দকেও অর্জ্জুন যুদ্ধে নিহত করিতে সমর্থ, সুতরাং ভীষ্মকে বধ করা আর কি কঠিন কার্য্য! ৩৯

মহাপরাক্রমী শান্তনুনন্দন ভীষ্ম ত' আমাদের বিপক্ষের আশ্রয়-গ্রহণকারী ও বলহীন। ইঁহার জীবন আর অল্প অবশিষ্ট আছে, তথাপি ইহা নিশ্চিত করিয়া বলা যায় যে, ইনি স্বীয় কর্ত্তব্যসম্বন্ধে কিছুই বুঝিতেছেন না ॥ ৪০

যুধিষ্ঠির বলিলেন,—মহাবাহো! নিষ্কলঙ্ক কৃষ্ণচন্দ্র! আপনি যেরূপ কথা বলিতেছেন, উহা তদনুরূপই। এই সমস্ত কৌরবগণ আপনার বেগ ধারণ করিতে সর্ব্বথা অসমর্থ ॥ ৪১

পুরুষশ্রেষ্ঠ! যে পক্ষে আপনি বিদ্যমান আছেন, সেই আমি আমার সকল অভীষ্ট মনোরথ অবশ্যই পূর্ণ করিয়া লইব ॥ ৪২

বিজয়ী বীরগণের মধ্যে শ্রেষ্ঠ গোবিন্দ! আপনাকে রক্ষকরূপে পাইয়া আমি যুদ্ধে ইন্দ্রসহ সমগ্র দেববৃন্দকেও জয় করিতে পারি; সুতরাং সেস্থলে মহারথী ভীষ্মকে জয় করা আর এমন কি কথা ॥৪৩

মাধব! কিন্তু আমি নিজের আত্মগৌরবের জন্য আপানাকে মিথ্যাবাদী করিতে চাই না। আপনি যুদ্ধ না করিয়াই পূর্ব্বোক্ত সহায়তা করিতে থাকুন ॥ ৪৪

ভীষ্মের সহিত আমার একটি শর্ত্ত হইয়াছে। তিনি বলিয়াছেন,—আমি যুদ্ধে তোমার হিতের জন্য তোমাকে পরামর্শ দান করিতে পারি, কিন্তু তোমার পক্ষে কোনরূপেই যুদ্ধ করিতে পারিব না। যুদ্ধ আমি দুর্য্যোধনের জন্যই করিব। প্রভো! এই কথা অতি সত্য বলিয়া জানিবেন ॥

মাধব! অতএব ভীষ্ম আমাকে রাজ্য ও মন্ত্র (হিতকর পরামর্শ) এই উভয়ই প্রদান করিবেন। মধুসূদন! সেইজন্য আমরা সকলে পুনরায় আপনার সহিত দেবব্রত ভীষ্মের নিকট যাইয়া তাঁহাকেই তাঁহার বধের উপায় জিজ্ঞাসা করিব ॥ ৪৫-৪৭

বৃষ্ণিবংশভূষণ! আমরা সকলে শীঘ্রই একত্রিত হইয়া কুরুবংশজাত নরশ্রেষ্ঠ ভীষ্মের নিকট যাইব এবং তাঁহার সহিত পরামর্শ করিব ॥ ৪৮

জনার্দ্দন! জিজ্ঞাসা করিলে তিনি অবশ্যই আমাকে সত্য ও হিতকর বাক্য বলিবেন। হে কৃষ্ণ! তিনি যেরূপ বলিবেন, আমি যুদ্ধে সেইরূপই করিব ॥ ৪৯

১০ম বর্ষ, অগ্রহায়ণমাস ১৩৭৮]

ষষ্ঠ সংখ্যা— দ্বাদশী যাত্রা

।সীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্য-ব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

* * *

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

* * *

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য ডি,লিট্ * শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম্-এ, ডি,লিট্

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ

শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

যুগ্ম-কর্ম্মকিঙ্কর :—
ডা: শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস, ডি.পি.এইচ.,
ডি.টি.এম্. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ (লণ্ডন)।
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় :—
৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য সডাক ১৫.০০ টাকা

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫.০০ টাকা, প্রতি সংখ্যা ১.৫০ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২০.০০ টাকা, প্রতি সংখ্যা ২.০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্ত্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—আর্য্যশাস্ত্র
শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি, ডব্লিউ, ডি, রোড
কলিকাতা—৩৫

মহতা শরজালেন কিরন্তং শত্রুবাহিনীম্।
অবারয়ন্মহারাজ সামাত্যং সপদানুগম্॥
অথান্যে পার্থিবা রাজন্ বহুত্বান্নাতিকীর্ত্তিতাঃ
সমসজ্জন্ত সর্ব্বে তে যথাযোগং যথা বলম্॥
হয়ৈর্হয়াংস্তথা জগ্মুঃ কুঞ্জরৈরেব কুঞ্জরাঃ।
পদাতয়ঃ পদাতীভী রথৈরেব মহারথাঃ॥
অকুর্ব্বন্নার্য্যকর্ম্মাণি তত্রৈব পুরুষর্ষভাঃ।
কুলবীর্য্যানুরূপাণি সংস্পৃষ্টাশ্চ পরস্পরম্॥)
এবং দ্বন্দ্বশতান্যাসন্ রথবারণবাজিনাম্।
পদাতীনাঞ্চ ভদ্রং তে তব তেষাঞ্চ সঙ্কুলে॥ ৬৩
নৈতাদৃশো দৃষ্টপূর্ব্বঃ সংগ্রামো নৈব চ শ্রুতঃ।
দ্রোণস্যাভাবভাবে তু প্রসক্তানাং যথাভবৎ॥ ৬৪
ইদং ঘোরমিদং চিত্রমিদং রৌদ্রমিতি প্রভো।
তত্র যুদ্ধান্যদৃশ্যন্ত প্রততানি বহূনি চ॥ ৬৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি দ্বন্দ্বযুদ্ধে
পঞ্চবিংশোঽধ্যায়ঃ॥ ২৫

রাজন্! এইরূপ অন্যান্য ভূপালগণও নিজ নিজ উপায় ও বলানুসারে যুদ্ধে শত্রুদিগের সহিত মিলিত হইলেন। ইঁহাদের সংখ্যা বহু হওয়ায় সকলের নাম উল্লেখ করা যাইল না॥

অশ্ব সকলের সহিত অশ্ব সকল, হস্তিগণের সহিত হস্তিগণ, পদাতিক সৈন্যবৃন্দের সহিত পদাতিক সৈন্যবৃন্দ এবং রথী বীরদিগের সহিত মহারথী বীরেরা যুদ্ধ করিতে লাগিলেন। এই যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ বীরগণ নিজ নিজ কুল ও পরাক্রমের অনুরূপ পরস্পরের সহিত যুদ্ধে মিলিত হইয়া আর্য্য-জনোচিত কর্ম্ম করিতেছিলেন)

মহারাজ! আপনার কল্যাণ হউক। এইরূপ আপনার ও পাণ্ডবগণের সেই ভয়ঙ্কর যুদ্ধে রথ, হস্তী, অশ্ব ও পদাতিক সৈন্যগণের শত শত দ্বন্দ্ব (যুগল—দুই যোদ্ধা) পরস্পর মিলিত হইয়া যুদ্ধ করিতেছিলেন॥ ৬৩

দ্রোণাচার্য্যের বধ ও সংরক্ষণ কার্য্যে নিরত পাণ্ডব এবং কৌরব-সৈন্যগণের যেরূপ সংগ্রাম হইয়াছিল, এরূপ সংগ্রাম পূর্ব্বে কখনও দেখা যায় নাই এবং শোনাও যায় নাই॥ ৬৪

প্রভো! এখানে ভিন্ন-ভিন্ন বহু বিস্তৃতভাবে যুদ্ধ হইতে দেখা যাইল। যাহা দেখিয়া দর্শকগণ বলিতে ছিলেন যে, 'এখানে ঘোর যুদ্ধ হইতেছে, এখানে বিচিত্র সংগ্রাম হইতে দেখা যাইতেছে, এখানে অত্যন্ত ভয়ঙ্কর হানাহানি চলিতেছে॥ ৬৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে পঞ্চবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ।

[ভগদত্তস্য হস্তিনা সহ ভীমসেনস্য যুদ্ধম্ তথা হস্তিনো ভগদত্তস্য চ ভয়ঙ্করঃ পরাক্রমঃ]

ধৃতরাষ্ট্র উবাচ।
তেষ্বেবং সন্নিবৃত্তেষু প্রত্যুদ্‌যাতেষু ভাগশঃ।
কথং যুযুধিরে পার্থা মামকাশ্চ তরস্বিনঃ॥ ১
কিমর্জ্জুনশ্চাপ্যকরোৎ সংশপ্তকবলং প্রতি।
সংশপ্তকা বা পার্থস্য কিমকুর্বত সঞ্জয়॥ ২
সঞ্জয় উবাচ।
তথা তেষু নিবৃত্তেষু প্রত্যুদ্‌যাতেষু ভাগশঃ।
স্বয়মভ্যদ্রবদ্ ভীমং নাগানীকেন তে সুতঃ॥ ৩

ষড়্‌বিংশ অধ্যায়।

[ভগদত্তের হাতীর সহিত ভীমসেনের যুদ্ধ, হাতী ও ভগদত্তের ভয়ানক পরাক্রম।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! এইভাবে যখন পাণ্ডব-সৈন্যরা পৃথক্ পৃথক্ ভাবে যুদ্ধ করিবার জন্য ফিরিয়া আসিল এবং কৌরব-যোদ্ধারা যখন অগ্রসর হইয়া তাহাদের সম্মুখীন হইবার জন্য উদ্যত হইল, তখন আমার ও কুন্তীর বেগশালী পুত্রগণ পরস্পর কিরূপ যুদ্ধ করিতেছিল? সংশপ্তকগণের উপর আক্রমণের জন্য অর্জ্জুন কি করিল? কিংবা সংশপ্তকগণ অর্জ্জুনকে কি করিল? ১-২

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপে পাণ্ডব-সৈন্যগণ যখন পৃথক্ পৃথক্ ভাবে যুদ্ধ করিবার জন্য ফিরিয়া আসিলেন এবং কৌরব-যোদ্ধারা যখন তাঁহাদের সম্মুখীন হইবার জন্য উদ্যত হইলেন, তখন আপনার পুত্র দুর্য্যোধন স্বয়ংই হস্তি-সৈন্যদিগকে সঙ্গে লইয়া ভীমসেনের উপর আক্রমণ করিলেন। ৩

স নাগ ইব নাগেন গোবৃষেণেব গোবৃষঃ।
সমাহূতঃ স্বয়ং রাজ্ঞা নাগানীকমুপাদ্রবদ্ ॥ ৪
স যুদ্ধকুশলঃ পার্থো বাহুবীর্য্যেণ চান্বিতঃ।
অভিনৎ কুঞ্জরানীকমচিরেণৈব মারিষ ॥ ৫
তে গজা গিরিসঙ্কাশাঃ রক্ষন্তঃ সর্বতো মদম্।
ভীমসেনস্য নারাচৈর্বিমুখা বিমদীকৃতাঃ ॥ ৬
বিধমেদভ্রজালানি যথা বায়ুঃ সমুদ্ধতঃ।
ব্যধমৎ তান্যনীকানি তথৈব পবনাত্মজঃ ॥ ৭
স তেষু বিসৃজন্ বাণান্ ভীমো নাগেষ্বশোভত।
ভবনেষ্বিব সর্ব্বেষু গভস্তীনুদিতো রবিঃ ॥ ৮
তে ভীমবাণাভিহতাঃ সংস্যূতা বিবভুর্গজাঃ।
গভস্তিভিরিবার্কস্য ব্যোম্নি নানাবলাহকাঃ ॥ ৯
তথা গজানাং কদনং কুর্বাণমনিলাত্মজম্।
ক্রুদ্ধো দুর্য্যোধনোঽভ্যেত্য প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥১০

যেরূপ হস্তীরা হস্তীদের সহিত এবং বৃষগণ বৃষগণের সাহত যুদ্ধে মিলিত হয়, সেইরূপ রাজা দুর্য্যোধন কর্তৃক রণে আহূত হইয়া ভীমসেন স্বয়ংই হস্তীসৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ৪

আদরণীয় নরেশ! কুন্তীকুমার ভীমসেন যুদ্ধে নিপুণ ও বাহুবলসম্পন্ন ছিলেন। তিনি অল্প সময়ের মধ্যেই হস্তী-সৈন্যগণকে বিদীর্ণ করিয়া ফেলিলেন ॥ ৫

সেই হাতীরা পর্ব্বততুল্য বিশালদেহ ও মদধারাবাহী ছিল, কিন্তু ভীমসেনের নারাচের আঘাতে তাহাদের সমস্ত মদই বাহির হইয়া যাইল। তাহারা তখন যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতে লাগিল ॥ ৬

যেরূপ তীব্রগতিতে উত্থিত প্রবল বায়ু মেঘমণ্ডলকে ছিন্ন-ভিন্ন করিয়া দেয়, সেইরূপ পবননন্দন ভীমসেন সেই সমস্ত রাজ-সৈন্যদিগকে বিধ্বস্ত করিয়া দিলেন ॥ ৭

যেরূপ উদিত সূর্য্যদেব সমস্ত ভুবনেই স্বীয় কিরণাবলি বিস্তার করিয়া থাকেন, সেইরূপ ভীমসেন এই হস্তী-সৈন্যদের উপর বাণ বর্ষণ করিতে করিতে তাদৃশ সূর্য্যতুল্য শোভা প্রাপ্ত হইলেন। ৮

ভীমসেনের বাণসমূহে নিহত হইয়া পরস্পর গ্রথিত সেই হাতীরা আকাশে সূর্য্যকিরণে গ্রথিত নানারূপ মেঘবৃন্দের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৯

এইভাবে গজ-সৈন্যদিগকে সংহার করিতে করিতে যুদ্ধে অবস্থিত পবন-নন্দন ভীমসেনের নিকট আসিয়া ক্রুদ্ধ দুর্য্যোধন তাঁহাকে তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা বিদ্ধ করিতে লাগিলেন ॥ ১০

ততঃ ক্ষণেন ক্ষিতিপং ক্ষতজপ্রতিমেক্ষণঃ।
ক্ষয়ং নিনীষুর্নিশিতৈর্ভীমো বিব্যাধ পত্রিভিঃ ॥ ১১
স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধো বিব্যাধ পাণ্ডবম্।
নারাচৈরর্করশ্ম্যাভৈর্ভীমসেনং স্ময়ন্নিব ॥ ১২
তস্য নাগং মণিময়ং রত্নচিত্রধ্বজে স্থিতম্।
ভল্লাভ্যাং কার্ম্মুকং চৈব ক্ষিপ্রং চিচ্ছেদ পাণ্ডবঃ ॥ ১৩
দুর্য্যোধনং পীড্যমানং দৃষ্ট্বা ভীমেন মারিষ।
চুক্ষোভয়িষুরভ্যগাদঙ্গো মাতঙ্গমাস্থিতঃ ॥ ১৪
তমাপতন্তং নাগেন্দ্রমম্বুদপ্রতিমস্বনম্।
কুম্ভান্তরে ভীমসেনো নারাচেনার্দয়দ্ ভৃশম্ ॥ ১৫
তস্য কায়ং বিনির্ভিদ্য ন্যমজ্জদ্ ধরণীতলে।
ততঃ পপাত দ্বিরদো বজ্রাহত ইবাচলঃ ॥ ১৬
তস্যাবর্জিতনাগস্য ম্লেচ্ছস্যাধঃ পতিষ্যতঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন ক্ষিপ্রকারী বৃকোদরঃ ॥ ১৭

ইহা দেখিয়া ভীমসেনের চক্ষু (ক্রোধে) শোণিততুল্য রক্তবর্ণ হইয়া উঠিল। তিনি ক্ষণকালের মধ্যেই রাজা দুর্য্যোধনকে নাশ করিবার জন্য তীক্ষ্ণ বাণসমূহে তাঁহাকে বিদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ১১

দুর্য্যোধনের সমস্ত অঙ্গ বাণে বাণে ব্যাপ্ত হইয়া পড়িল, তাই তিনি ক্রুদ্ধ হইয়া সূর্য্য-রশ্মিতুল্য তেজস্বী নারাচসকলের দ্বারা পাণ্ডুনন্দন ভীমসেনকে হাসিতে হাসিতেই বিদ্ধ করিলেন ॥ ১২

রাজন্! তাঁহার রত্ননির্ম্মিত বিচিত্র ধ্বজের উপর মণিময় নাগ বিরাজিত ছিল। তাহাকে পাণ্ডুনন্দন ভীমসেন অতি সত্বর দুইটি ভল্লের আঘাতেই পাতিত করিলেন এবং তাঁহার ধনুটিকেও খণ্ড খণ্ড করিয়া দিলেন ॥ ১৩

আর্য্য! ভীমসেন কর্তৃক দুর্য্যোধনকে পীড়িত হইতে দেখিয়া তাঁহাকে ক্ষুব্ধ করিয়া তুলিবার জন্য মদমত্ত হস্তীর উপর বসিয়া রাজা অঙ্গ তাঁহার উপর আক্রমণ করিলেন ॥ ১৪

এই গজরাজ মেঘের ন্যায় গর্জন করিতেছিল। তাহাকে নিজের দিকে আসিতে দেখিয়া ভীমসেন তাহার কুম্ভের উপরে নারাচসকলের দ্বারা প্রচণ্ড আঘাত করিলেন ॥ ১৫

ভীমসেনের নারাচ সেই হাতীর শরীর বিদীর্ণ করত ধরণীতে প্রবেশ করিল। ইহাতে সেই গজরাজ বজ্রাহত পর্ব্বতের ন্যায় ধরাশায়ী হইল ॥ ১৬

তখন সেই ম্লেচ্ছজাতীয় রাজা অঙ্গ হাতী হইতে পৃথক্ হইয়া যান নাই। এই হাতীর সহিত তিনিও অধঃপাতিত হইতে-

তস্মিন্ নিপতিতে বীরে সম্প্রাদ্রবৎ সা চমূঃ।
সম্ভ্রান্তাশ্বদ্বিপরথা পদাতানবমৃদ্গতী ॥ ১৮
তেষ্বনীকেষু ভগ্নেষু বিদ্রবৎসু সমন্ততঃ।
প্রাগ্‌জ্যোতিষস্ততো ভীমং কুঞ্জরেণ সমাদ্রবৎ ॥ ১৯
যেন নাগেন মঘবানজয়দ্ দৈত্য-দানবান্।
তদন্বয়েন নাগেন ভীমসেনমুপাদ্রবৎ ॥ ২০
স নাগপ্রবরো ভীমং সহসা সমুপাদ্রবৎ।
চরণাভ্যামথো দ্বাভ্যাং সংহতেন করেণ চ ॥ ২১
ব্যাবৃত্তনয়নঃ ক্রুদ্ধঃ প্রমথন্নিব পাণ্ডবম্।
বৃকোদররথং সাশ্বমবিশেষমচূর্ণয়ৎ ॥ ২২
পদ্ভ্যাং ভীমোঽপ্যথো ধাবংস্তস্য গাত্রেষ্বলীয়ত।
জানন্নঞ্জলিকাবেধং নাপাক্রামত পাণ্ডবঃ ॥ ২৩
গাত্রাভ্যন্তরগো ভূত্বা করেণাতাড়য়ন্মুহুঃ।
লালয়ামাস তং নাগং বধাকাঙ্ক্ষিণমব্যয়ম্ ॥ ২৪
কুলালচক্রবন্নাগস্তদা তূর্ণমথাভ্রমৎ।
নাগাযুতবলঃ শ্রীমান্ কালয়ানো বৃকোদরম্ ॥ ২৫
ভীমোঽপি নিষ্ক্রম্য ততঃ সুপ্রতীকাগ্রতোঽভবৎ।
ভীমং করেণাবনম্য জানুভ্যামভ্যতাড়য়ৎ ॥ ২৬
গ্রীবায়াং বেষ্টয়িত্বৈনং স গজো হন্তুমৈহত।
করবেষ্টং ভীমসেনো ভ্রমং দত্ত্বা ব্যমোচয়ৎ ॥ ২৭
পুনর্গাত্রাণি নাগস্য প্রবিবেশ বৃকোদরঃ।
যাবৎ প্রতিগজায়াতং স্ববলে প্রত্যবৈক্ষত ॥ ২৮
ভীমোঽপি নাগগাত্রেভ্যো বিনিঃসৃত্যাপযাজ্জবাৎ।
ততঃ সর্বস্য সৈন্যস্য নাদঃ সমভবন্মহান্ ॥ ২৯

ছিলেন। এই অবস্থায় স্থারতকস্থা ভীমসেন একটি ভল্লের দ্বারা তাঁহার শিরশ্ছেদ করিলেন ॥ ১৭

বীর অঙ্গ নিহত হইলে পর তাঁহার সৈন্যরা পলায়ন করিল। অশ্ব, হস্তী ও রথ সকল সৈন্যই বিভ্রান্ত হইয়া চারিদিকে দৌড়াদৌড়ি করিতে লাগিল। এই সৈন্যবাহিনী তখন পদাতি-সৈন্যদিগকে মথিত করিতেছিল ॥ ১৮

এইভাবে সেই সৈন্যদের বৃহ ভাঙ্গিয়া যাইলে এবং চারিদিকে তাহারা পলাইতে থাকিলে প্রাগ্‌জ্যোতিষপুরের রাজা ভগদত্ত নিজ হাতীর দ্বারা ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥ ১৯

ইন্দ্র যেরূপ ঐরাবত হাতীর দ্বারা দৈত্য ও দানবদিগকে জয় করিয়াছিলেন, সেইরূপ সেই বংশেই (ঐরাবতবংশেই) উৎপন্ন গজরাজে আরোহণ করিয়া রাজা ভগদত্ত ভীমসেনকে আক্রমণ করিলেন ॥ ২০

এই গজরাজ নিজ দুই পদের দ্বারা এবং সঙ্কুচিত নিজ শুণ্ডের দ্বারা সহসা ভীমসেনের দিকে ধাবিত হইল ॥ ২১

তখন তাহার চক্ষু চারিদিকে ঘুরিতেছিল। সে ক্রুদ্ধ হইয়া পাণ্ডুনন্দন ভীমসেনকে যেন মথিত করিয়া ফেলিবে, এইভাবেই সে ভীমসেনের রথের দিকে দৌড়াইয়া যাইল এবং অশ্ব-সহ তাহাকে সামান্যভাবে চূর্ণ করিয়াও দিল ॥ ২২

ভীমসেন পদব্রজে দৌড়াইয়া যাইয়া হাতীর শরীরের মধ্যে লুকাইয়া পড়িলেন। পাণ্ডুপুত্র ভীমসেন অঞ্জলিকাবেধ (হাতীর নিম্নভাগে এরূপ কোন স্থান আছে, যাহাকে দুই হাতের দ্বারা থপ্‌থপ্‌ করিলে পর হাতীর আনন্দ হয়। এই অবস্থায় মাহুতকে বিনাশ করিলেও সেই হাতী ক্রুদ্ধ হয় না। ভীমসেন এই বিদ্যা জানিতেন। এই বিদ্যারই নাম—অঞ্জলিকাবেধ।) জানিতেন, সেইজন্য তিনি সেখান হইতে পলায়ন করিলেন না ॥ ২৩

তিনি এই হাতীর নিম্নে যাইয়া হাতের দ্বারা বারংবার থপ্‌ থপ্‌ করিতে লাগিলেন। ভীমসেন এই অবিনাশী গজরাজকে বধ করিবার ইচ্ছায় তাহাকে লালন-পালন করিতে থাকিলেন ॥ ২৪

সেই সময় এই হাতী অতি সত্বর কুম্ভকারের চক্রের ন্যায় চারিদিকে ঘুরিতে লাগিল। তাহার মধ্যে দশ হাজার হাতীর বল ছিল। সেই সুন্দর গজরাজ ভীমসেনকে সংহার করিবার জন্য বিশেষ চেষ্টা করিতেছিল ॥ ২৫

ভীমসেনও গজরাজ সুপ্রতীকের শরীর হইতে নিষ্ক্রান্ত হইয়া তাহার সম্মুখে দাঁড়াইয়া রহিলেন। তখন হাতীটিও তাঁহাকে স্বীয় শুণ্ডে জড়াইয়া ধরিয়া নীচেতে তুলিয়া ফেলিয়া দুই জানুর দ্বারা মথিত করিবার চেষ্টায় ছিল ॥ ২৬

কেবল ইহাই নহে, এই হাতী ভীমের গলায় জড়াইয়া ধরিয়া তাঁহাকে সংহার করিবার ইচ্ছা করিতেছিল। তখন ভীমসেন তাহাকে ভ্রান্তির মধ্যে ফেলিয়া দিয়া তাহার জড়ান শুঁড় হইতে নিজেকে মুক্ত করিয়া লইলেন ॥ ২৭

তদনন্তর ভীমসেন পুনরায় সেই হাতীর শরীরেই লুকাইয়া পড়িলেন এবং স্বীয় সৈন্যবাহিনী হইতে অন্য এক হাতীর দ্বারা এই হাতীকে যুদ্ধে আক্রান্ত হইবার প্রতীক্ষা করিতে লাগিলেন ॥ ২৮

তারপর ভীমসেনও কিছুকাল পরে হাতীর শরীর হইতে নিষ্ক্রান্ত হইয়া তীব্র বেগে দূরে সরিয়া যাইলেন। তখন সমস্ত সৈন্যদের মধ্যে উচ্চৈঃস্বরে কোলাহল হইতে লাগিল ॥ ২৯

অহো ধিঙ্ নিহতো ভীমঃ কুঞ্জরেণেতি মারিষ।
তেন নাগেন সন্ত্রস্তা পাণ্ডবানামনীকিনী ॥ ৩০
সহসাভ্যদ্রবদ্ রাজন্ যত্র তস্থৌ বৃকোদরঃ।
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মত্বা বৃকোদরম্ ॥ ৩১
ভগদত্তং সপাঞ্চাল্যঃ সর্ব্বতঃ সমবারয়ৎ।
তং রথং রথিনাং শ্রেষ্ঠাঃ পরিবার্য্য পরন্তপাঃ ॥ ৩২
অবাকিরন্ শরৈস্তীক্ষ্ণৈঃ শতশোহথ সহস্রশঃ।
স বিঘাতং পৃষৎকানামঙ্কুশেন সমাহরন্ ॥ ৩৩
গজেন পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমৎ পর্ব্বতেশ্বরঃ।
তদদ্ভুতমপশ্যাম ভগদত্তস্য সংযুগে ॥ ৩৪
তথা বৃদ্ধস্য চরিতং কুঞ্জরেণ বিশাম্পতে।
ততো রাজা দশার্ণানাং প্রাগ্জ্যোতিষমুপাদ্রবৎ ॥ ৩৫
তির্য্যগ্যাতেন নাগেন সমদেনাশুগামিনা।
তয়োর্যুদ্ধং সমভবন্নাগয়োর্ভীমরূপয়োঃ ॥ ৩৬

সপক্ষয়োঃ পর্ব্বতয়োর্যথা সদ্রুময়োঃ পুরা।
প্রাগ্জ্যোতিষপতের্নাগঃ সংনিবৃত্যাপসৃত্য চ ॥ ৩৭
পার্শ্বে দশার্ণাধিপতের্ভিত্বা নাগমপাতয়ৎ।
তোমরৈঃ সূর্য্যরশ্ম্যাভৈর্ভগদত্তোঽথ সপ্তভিঃ ॥ ৩৮
জঘান দ্বিরদস্থং তং শত্রুং প্রচলিতাসনম্।
ব্যবচ্ছিদ্য তু রাজানং ভগদত্তং যুধিষ্ঠিরঃ ॥ ৩৯
রথানীকেন মহতা সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ।
স কুঞ্জরস্থো রথিভিঃ শুশুভে সর্বতো বৃতঃ ॥ ৪০
পর্ব্বতে বনমধ্যস্থো জ্বলন্নিব হুতাশনঃ।
মণ্ডলং সর্ব্বতঃ শ্লিষ্টং রথিনামুগ্রধন্বিনাম্ ॥ ৪১
কিরতাং শরবর্ষাণি স নাগঃ পর্য্যবর্ত্তত।
ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা পরিগৃহ্য মহাগজম্ ॥ ৪২
প্রেষয়ামাস সহসা যুযুধানরথং প্রতি।
শিনেঃ পৌত্রস্য তু রথং পরিগৃহ্য মহাদ্বিপঃ ॥ ৪৩

আর্য্য! সেই সময় সকলেরই মুখ হইতে একই কথা বাহির হইতে লাগিল যে, 'অহো! এই হাতী ভীমসেনকে সংহার করিল, কি প্রশংসনীয় ব্যাপার!' রাজন্! তখন এই হাতী হইতে ভীত হইয়া পাণ্ডব-সৈন্যবাহিনী তথায় পলায়ন করিল, যেখানে ভীমসেন দাঁড়াইয়া আছেন॥

তারপর রাজা যুধিষ্ঠির ভীমসেনকে নিহত মনে করিয়া পাঞ্চাল-দেশীয় সৈন্যগণের সহিত রাজা ভগদত্তকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন॥

শত্রুগণের সন্তাপকারী সেই সব শ্রেষ্ঠ রথী বীরগণ মহারথী ভগদত্তকে সর্ব্বদিকে পরিবৃত করিয়া শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণবর্ষণ করিতে লাগিলেন॥

পর্ব্বতরাজ ভগদত্ত সেই সব বাণপ্রহারকে স্বীয় অঙ্কুশের দ্বারা নিবারণ করিলেন এবং হাতীকে অগ্রবর্দ্ধন করিয়া পাণ্ডব ও পাঞ্চাল যোদ্ধাদিগকে মথিত করিতে লাগিলেন॥

প্রজানাথ! সেই যুদ্ধস্থলে হাতীর দ্বারা বৃদ্ধ রাজা ভগদত্তের অদ্ভুত পরাক্রম আমরা দেখিয়াছি॥

তারপর দশার্ণরাজ দমস্রাবী, শীঘ্রগামী এবং তির্য্যগ্ভাবে (পার্শ্বভাগ অভিমুখে) গমনকারী একটি গজের দ্বারা ভগদত্তের উপর আক্রমণ করিলেন॥

তখন ভয়ঙ্কররূপধারী এই দুই গজরাজের যুদ্ধ এরূপ প্রতীত হইতেছিল, যেরূপ পুরাকালে পক্ষযুক্ত ও বৃক্ষাবলিসুশোভিত দুইটি পর্ব্বতের মধ্যে যুদ্ধ হইয়াছিল॥

প্রাগ্জ্যোতিষপুরাধিপতি ভগদত্তের হাতী তখন প্রত্যাবর্ত্তন ও পশ্চাদপসরণ করিয়া দশার্ণরাজের হাতীর পার্শ্বভাগে প্রচণ্ড আঘাত করিল এবং তাহার দ্বারা উহাকে বিদারিত করিয়া ধরাশায়ী করিয়া দিল॥

তাহার পর রাজা ভগদত্ত সূর্য্যকিরণতুল্য উজ্জ্বল সাতটি তোমরের দ্বারা হাতীর উপর উপবিষ্ট এবং যাঁহার আসন তখন স্থানচ্যুত হইয়াছিল, সেই শত্রু দশার্ণরাজকে সংহার করিলেন॥

সেই সময় যুধিষ্ঠির রাজা ভগদত্তকে স্বীয় বাণসমূহে আহত করিয়া বিশাল রথসৈন্যের দ্বারা সর্ব্বদিকে তাঁহাকে ঘিরিয়া ফেলিলেন॥

যেরূপ বনের মধ্যে পর্ব্বতশিখরে দাবানল জ্বলিতে থাকে, সেইরূপ সর্ব্বদিকে রথী সৈন্যে পরিবৃত হইয়া হাতীর পৃষ্ঠে উপবিষ্ট রাজা ভগদত্ত শোভা পাইতে লাগিলেন॥

বাণসমূহে বর্ষণ করিতে করিতে সেই ভয়ঙ্কর ধনুর্দ্ধর রথী বীরগণের মণ্ডল সেই হাতীর উপর চারিদিক্ দিয়া আক্রমণ করিলেন এবং সেই হাতীও তখন চারিদিকে ঘুরিতে লাগিল॥

সেই প্রাগ্জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত সেই বিশাল গজরাজকে স্ববশে রাখিয়া সহসা সাত্যকির রথের দিকে চালাইয়া দিলেন॥

যুযুধান (সাত্যকি) তখন নিজ রথকে পরিত্যাগ করিয়া দূরে সরিয়া যাইলেন এবং এই মহাগজ শিনি-পৌত্র সাত্যকির সেই রথকে শুঁড়ে জড়াইয়া ধরিয়া তীব্রবেগে নিক্ষেপ করিলেন॥

অভিচিক্ষেপ বেগেন যুযুধানস্তপাক্রমৎ ।
বৃহতঃ সৈন্ধবানশ্বান্ সমুত্থাপ্যাথ সারথিঃ ॥ ৪৪
তস্থৌ সাত্যকিমাসাদ্য সম্প্লুতস্তং রথং প্রতি ।
স তু লব্ধান্তরং নাগস্তরিতো রথমণ্ডলাৎ ॥ ৪৫
নিশ্চক্রাম ততঃ সর্ব্বান্ পরিচিক্ষেপ পার্থিবান্ ।
তে ত্বাশুগতিনা তেন ত্রাস্যমানা নরর্ষভাঃ ॥ ৪৬
তমেকং দ্বিরদং সংখ্যে মেনিরে শতশো দ্বিপান্ ।
তে গজস্থেন কাল্যন্তে ভগদত্তেন পাণ্ডবাঃ ॥ ৪৭
ঐরাবতস্থেন যথা দেবরাজেন দানবাঃ ।
তেষাং প্রদ্রবতাং ভীমঃ পাঞ্চালানামিতস্ততঃ ॥ ৪৮
গজবাজিকৃতঃ শব্দঃ সুমহান্ সমজায়ত ।
ভগদত্তেন সমরে কাল্যমানেষু পাণ্ডুষু ॥ ৪৯
প্রাগ্জ্যোতিষমভিক্রুদ্ধঃ পুনর্ভীমঃ সমভ্যয়াৎ ।

তদনন্তর সারথি নিজ রথকে ও সিন্ধুদেশজাত বিশাল অশ্বগণকে উঠাইয়া লম্ফপ্রদান করত রথে আরোহণ করিল। তারপর রথসহ সাত্যকির নিকট গিয়া অবস্থান করিতে লাগিল ॥

ইহার মধ্যেই অবসর পাইয়া সেই গজরাজ সত্বরতার সহিত রথের বেষ্টন হইতে পার হইয়া যাইল এবং সমস্ত রাজাদিগকে তুলিয়া তুলিয়া নিক্ষেপ করিতে থাকিল ॥

এই দ্রুতগামী গজরাজ হইতে ভীত হইয়া নরশ্রেষ্ঠ নরপতিগণ যুদ্ধস্থলে একটি হাতীকেই শত শত হাতীর ন্যায় মনে করিতে লাগিলেন ॥

যেরূপ দেবরাজ ইন্দ্র ঐরাবত হাতীর পৃষ্ঠে আরোহণ করিয়া দানবকে সংহার করিয়া থাকেন, সেইরূপ স্বীয় হাতীর পৃষ্ঠে আরোহণ করিয়া রাজা ভগদত্ত পাণ্ডব-সৈন্যদিগকে সংহার করিতে আরম্ভ করিলেন ॥

এই সময় এদিকে ওদিকে পলায়নপর পাঞ্চালসৈন্যদের হস্তি-অশ্বগণের অতিশয় ভয়ঙ্কর চীৎকার শব্দ উত্থিত হইতে লাগিল ॥

ভগদত্তকর্তৃক সমরাঙ্গণে পাণ্ডব-সৈন্যরা বিতাড়িত হইতে থাকিলে ভীমসেন কুপিত হইয়া পুনরায় প্রাগ্জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তের উপর আক্রমণ করিলেন ॥

সেইসময় আক্রমণকারী ভীমসেনের অশ্বগণের উপর সেই হাতী শুঁড়ে করিয়া জল সেচন করত তাহাদিগকে ভীত করিয়া ফেলিল। তারপর সেই অশ্বগণ তখন ভীমসেনকে লইয়া দূরে পলায়ন করিল ॥

তস্যাভিদ্রবতো বাহান্ হস্তমুক্তেন বারিণা ॥ ৫০
সিক্ত্বা ব্যত্রাসয়ন্নাগস্তে পার্থমহরংস্ততঃ ।
ততস্তমভ্যয়াৎ তূর্ণং রুচিপর্বাকৃতীসুতঃ ॥ ৫১
সমন্বন্ শরবর্ষেণ রথস্থোঽন্তকসন্নিভঃ ।
ততঃ স রুচিপর্বাণং শরেণানতপর্ব্বণা ॥ ৫২
সুপর্বা পর্বতপতির্নিন্যে বৈবস্বতক্ষয়ম্ ।
তস্মিন্ নিপতিতে বীরে সৌভদ্রো দ্রৌপদীসুতঃ ॥ ৫৩
চেকিতানো ধৃষ্টকেতুর্যুযুৎসুশ্চার্দয়ন্ দ্বিপম্ ।
ত এনং শরধারাভির্ধারাভিরিব তোয়দাঃ ॥ ৫৪
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ ।
ততঃ পার্ষ্ণ্যঙ্কুশাঙ্গুষ্ঠৈঃ কৃতিনা চোদিতো দ্বিপঃ ॥৫৫
প্রসারিতকরঃ প্রায়াৎ স্তব্ধকর্ণেক্ষণো দ্রুতম্ ।
সোঽধিষ্ঠায় পদা বাহান্ যুযুৎসোঃ সূতমারুজৎ ॥ ৫৬

সেই সময় আকৃতিপুত্র রুচিপর্ব্বা অতিক্রান্ত সেই হাতীর উপর আক্রমণ করিলেন। তিনি রথের উপর বসিয়া যেন সাক্ষাৎ যমরাজের ন্যায় প্রতীত হইতেছিলেন। তিনি এই সময় বাণ-বর্ষণ করিয়া হাতীটিকে গুরুতর আহত করিয়া ফেলিলেন ॥

যাঁহার অঙ্গের পর্ব্বসকল (সন্ধিস্থানসমূহ) সুন্দর ছিল, সেই পর্ব্বতরাজ ভগদত্ত ইহা লক্ষ্য করিয়া আনতপর্ব্বযুক্ত বাণসমূহে রুচিপর্ব্বাকে যমলোকে প্রেরণ করিলেন ॥

এই বীর নিহত হইলে পর অভিমন্যু, দ্রৌপদীকুমার, চেকিতান, ধৃষ্টকেতু এবং যুযুৎসুও সেই হাতীকে পীড়িত করিতে লাগিলেন। এই সব যোদ্ধারা তখন সেই হাতীকে নিহত করিবার ইচ্ছায় বিকট গর্জন করিতে করিতে নিজেদের বাণ-সমূহের ধারায় সিঞ্চন করিতে আরম্ভ করিলেন, ইহাতে মনে হইতে লাগিল যে, মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিতেছে ॥

তদনন্তর বিদ্বান্ রাজা ভগদত্ত নিজের চরণের গোড়ালি, অঙ্কুশ ও অঙ্গুষ্ঠের দ্বারা প্রেরিত করিয়া হাতীটিকে অগ্রে চালনা করিলেন। তারপর নিজের কর্ণকে খাড়া করিয়া এবং চক্ষুকে বিস্ফারিত করিয়া শুঁড়কে বিস্তারিত করত সেই হাতী অতিক্রান্ত অগ্রভূমির দিকে ধাবিত হইল ও যুযুৎসুর অশ্বগণকে পায়ের দ্বারা দাবাইয়া ধরিয়া তাঁহার সারথিকে বিনাশ করিল ॥ ৩০-৫৬

যুযুৎসুস্তু রথাদ্ রাজন্নপাক্রামৎ ত্বরান্বিতঃ।
ততঃ পাণ্ডবযোধাস্তে নাগরাজং শরৈর্দ্রুতম্ ॥ ৫৭

সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ।
পুত্রস্তু তব সম্ভ্রান্তঃ সৌভদ্রস্যাপ্লুতো রথম্ ॥ ৫৮

স কুঞ্জরস্থো বিসৃজন্নিষূনরিষু পার্থিবঃ।
বভৌ রশ্মীনিবাদিত্যো ভুবনেষু সমুৎসৃজন্ ॥ ৫৯

তমার্জুনির্দ্বাদশভির্যুযুৎসুর্দশভিঃ শরৈঃ।
ত্রিভিস্ত্রিভির্দ্রৌপদেয়া ধৃষ্টকেতুশ্চ বিব্যধুঃ ॥ ৬০

সোঽতিযত্নাপিতৈর্বাণৈরাচিতো দ্বিরদো বভৌ।
সংস্যূত ইব সূর্য্যস্য রশ্মিভির্জলদো মহান্ ॥ ৬১

নিয়ন্তুঃ শিল্প-যত্নাভ্যাং প্রেরিতোঽরিশরাদিতঃ।
পরিচিক্ষেপ তান্ নাগঃ স রিপূন্ সব্য-দক্ষিণম্ ॥ ৬২

গোপাল ইব দণ্ডেন যথা পশুগণান্ বনে।
আবেষ্টয়ত তাং সেনাং ভগদত্তস্তথা মুহুঃ ॥ ৬৩

ক্ষিপ্রং শ্যেনাভিপন্নানাং বায়সানামিব স্বনঃ।
বভূব পাণ্ডবেয়ানাং ভৃশং বিদ্রবতাং স্বনঃ ॥ ৬৪

স নাগরাজঃ প্রবরাঙ্কুশাহতঃ
পুরা সপক্ষোঽদ্রিবরো যথা নৃপ।
ভয়ং তদা রিপুষু সমাদধদ্ ভৃশং
বণিগ্জনানাং ক্ষুভিতো যথার্ণবঃ ॥ ৬৫

ততো ধ্বনির্দ্বিরদরথাশ্বপার্থিবৈ-
র্ভয়াদ্ দ্রবদ্ভির্জনিতোঽতিভৈরবঃ।
ক্ষিতিং বিয়দ্ দ্যাং বিদিশো দিশস্তথা।
সমাবৃণোৎ পার্থিব সংযুগে ততঃ ॥ ৬৬

স তেন নাগপ্রবরেণ পার্থিবো
ভৃশং জগাহে দ্বিষতামনীকিনীম্
পুরা সুগুপ্তাং বিবুধৈরিবাহবে
বিরোচনো দেববরূথিনীমিব ॥ ৬৭

রাজন্! তখন যুযুৎসু অতি সত্বর রথ হইতে নামিয়া পড়িয়া দূরে পলায়ন করিলেন। তাহার পর পাণ্ডবযোদ্ধারা এই গজরাজকে শীঘ্র বধ করিবার ইচ্ছায় ভয়ঙ্কর গর্জন করিতে করিতে নিজেদের বাণসমূহের বর্ষণ ধারায় তাহাকে সিক্ত করিতে লাগিলেন।

সেই সময় বিভ্রান্ত হইয়া আপনার পুত্র যুযুৎসু অভিমন্যুর রথে গিয়া উপবিষ্ট হইলেন। হাতীর পৃষ্ঠে আরোহণ করিয়া রাজা ভগদত্ত শত্রুদিগের উপর বাণবর্ষণ করিতে করিতে সমগ্র জগতে স্বীয় কিরণাবলি বিস্তারকারী সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৫৭-৫৯

অর্জুনকুমার অভিমন্যু বার, যুযুৎসু দশ ও দ্রৌপদীর পুত্রগণ এবং ধৃষ্টকেতু তিন তিনটি বাণের দ্বারা ভগদত্তের হাতীকে বিদ্ধ করিলেন। ৬০

অত্যন্ত প্রযত্নসহকারে নিক্ষিপ্ত বাণসমূহে হাতীর সর্বাঙ্গ ব্যাপ্ত হইয়া পড়িল। এই অবস্থায় সেই হাতী সূর্য্যকিরণে গ্রথিত মহামেঘের ন্যায় শোভা পাইতে লাগিল। ৬১

মাহুতের কৌশল ও প্রযত্নের দ্বারা প্রেরিত হইয়া সেই হাতী শত্রুদিগের বাণে পীড়িত হইয়াও সে দক্ষিণ এবং বামভাগে স্থিত শত্রুগণকে ধরিয়া ধরিয়া নিক্ষেপ করিতে লাগিল। ৬২

যেরূপ গো-পালক বনে পশুগণকে তাড়াইয়া লইয়া যায়, সেইরূপ ভগদত্ত বারংবার পাণ্ডব-সৈন্যদিগকে বেষ্টন করিতে লাগিলেন। ৬৩

যেরূপ বাজপাখীর আক্রমণে ভীত হইয়া কাকগণ 'কা কা' করিয়া শব্দ করিতে থাকে, সেইরূপ পলায়নপর পাণ্ডবযোদ্ধাদেরও তীব্রস্বরে আর্তনাদ শোনা যাইতে লাগিল। ৬৪

হে নৃপ! সেই সময় বিশাল অঙ্কুশের আঘাত খাইয়া গজরাজ পুরাকালের পক্ষধারী শ্রেষ্ঠ পর্বতের ন্যায় সেইভাবে সকলকে অত্যন্ত ভীত করিতে লাগিল, যেরূপ বিক্ষুব্ধ মহাসাগর ব্যবসায়ীদিগকে ভীত করিয়া থাকে। ৬৫

মহারাজ! তদনন্তর ভয়ে পলায়মান হাতী, অশ্ব, রথ ও ভূপতিগণ সেখানে অত্যন্ত ভয়ঙ্কর আর্তনাদ করিতে লাগিলেন। ইঁহাদের সেই ভয়ঙ্কর শব্দ যুদ্ধস্থলে পৃথিবী, আকাশ, স্বর্গ এবং দিক্-বিদিকসমূহ সর্বতোভাবে আবৃত হইয়া পড়িল। ৬৬

সেই গজরাজের দ্বারা রাজা ভগদত্ত শত্রুসৈন্যদের মধ্যে উত্তমরূপে সেইভাবে প্রবেশ করিলেন, যেরূপে পুরাকালে দেবাসুর-সংগ্রামের সময় দেবগণকর্তৃক সুরক্ষিত দেবসৈন্যমধ্যে দৈত্যরাজ বিরোচন প্রবেশ করিয়াছিলেন। ৬৭

ভূশং ববৌ জ্বলনসখো বিয়দ্ রজঃ
সমাবৃণোম্মুহুরপি চৈব সৈনিকান্।
তমেকনাগং গণশো যথা গজান্
সমন্ততো দ্রুতমথ মেনিরে জনাঃ ॥ ৬৮

সেই সময় সেখানে তীব্রগতিতে বহ্নিবন্ধু বায়ু বহিতেছিল আকাশ ধূলিতে ব্যাপ্ত হইয়া পড়িল। এই ধূলি সমস্ত সৈন্য-বাহিনীকেও আবৃত করিয়াছিল; তখন সকল ব্যক্তিই চারিদিকেই ধাবমান সেই একটি মাত্র হাতীকে হাতীদের দলের ন্যায় মনে করিতে লাগিলেন ॥ ৬৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াংবৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি ভগদত্তযুদ্ধে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥ ২৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকপর্ব্বে ভগদত্তের যুদ্ধবিষয়ক ষড়্‌বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

[সংশপ্তকৈঃ সহার্জ্জুনস্য ভয়ঙ্করং যুদ্ধম্, তেষাং ভূয়সামেব বিনাশশ্চ।]

সঞ্জয় উবাচ।

যন্মাং পার্থস্য সংগ্রামে কর্ম্মাণি পরিপৃচ্ছসি।
তচ্ছৃণুষ্ব মহাবাহো পার্থো যদকরোদ্ রণে ॥ ১
রজো দৃষ্ট্বা সমুদ্ধূতং শ্রুত্বা চ গজনিঃস্বনম্।
ভগদত্তে বিকুর্ব্বাণে কৌন্তেয়ঃ কৃষ্ণমব্রবীৎ ॥ ২
যথা প্রাগ্‌জ্যোতিষো রাজা গজেন মধুসূদন।
ত্বরমাণো বিনিষ্ক্রান্তো ধ্রুবং তস্যৈষ নিঃস্বনঃ ॥ ৩
ইন্দ্রাদনবরঃ সংখ্যে গজযানবিশারদঃ।
প্রথমো গজযোধানাং পৃথিব্যামিতি মে মতিঃ ॥ ৪
স চাপি দ্বিরদশ্রেষ্ঠঃ সদাপ্রতিগজো যুধি।
সর্ব্বশস্ত্রাতিগঃ সংখ্যে কৃতকর্ম্মা জিতক্লমঃ ॥ ৫
সহঃ শস্ত্রনিপাতানামগ্নিস্পর্শস্য চানঘ।
স পাণ্ডববলং সর্ব্বমদ্যৈকো নাশয়িষ্যতি ॥ ৬
ন চাবাভ্যামৃতেঽন্যোঽস্তি শক্তস্তং প্রতিবাধিতুম্।
ত্বরমাণস্ততো যাহি যতঃ প্রাগ্‌জ্যোতিষাধিপঃ ॥ ৭
দৃপ্তং সংখ্যে দ্বিপবলাদ্ বয়সা চাপি বিস্মিতম্।
অদ্যৈনং প্রেষয়িষ্যামি বলহন্তুঃ প্রিয়াতিথিম্ ॥ ৮

সপ্তবিংশ অধ্যায়।

[সংশপ্তকগণের সহিত অর্জ্জুনের ভয়ঙ্কর যুদ্ধ এবং তাহাদের অধিকাংশেরই বিনাশ।]

সঞ্জয় বলিলেন,—মহাবাহো! আপনি যে যুদ্ধে অর্জ্জুনের পরাক্রমের কথা জিজ্ঞাসা করিলেন, আমি তাহা আপনাকে বলিতেছি। অর্জ্জুন রণাঙ্গনে যাহা কিছু করিয়াছিলেন, আপনি তৎসমস্তই শ্রবণ করুন ॥ ১

ভগদত্ত যখন বিচিত্ররূপে যুদ্ধ করিতেছিলেন, তখন সেখানে ধূলি উড়িতে দেখিয়া এবং হাতীর চীৎকার শ্রবণ করিয়া কুন্তীনন্দন অর্জ্জুন শ্রীকৃষ্ণকে বলিলেন ॥ ২

মধুসূদন! রাজা ভগদত্ত স্বীয় হস্তীতে আরোহণ করিয়া যেরূপ দ্রুত যুদ্ধ করিবার জন্য নির্গত হইতেছেন, ইহাতে মনে হইতেছে, নিশ্চয় সেখানেই এই মহাকোলাহল হইতেছে ॥ ৩

আমার এরূপ স্থিরনিশ্চয় আছে যে, এই রাজা ভগদত্ত যুদ্ধে ইন্দ্র হইতে কোনও অংশেই ন্যূন নহেন। ভগদত্ত হস্তীতে আরোহণ-বিদ্যায় বিশেষ পারদর্শী এবং গজযোধী বীরগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ ॥ ৪

ইহার সেই হস্তিশ্রেষ্ঠ সুপ্রতীক নামে হাতীও যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বী। সে সর্ব্বপ্রকার অস্ত্রসমূহ অতিক্রম করিয়া যুদ্ধে বহুবার নিজের পরাক্রম দেখাইয়াছে। সে পরিশ্রমকেও জয় করিয়াছে ॥ ৫

অনঘ! সে সর্বপ্রকার অস্ত্রের আঘাত এবং অগ্নির স্পর্শও সহ্য করিতে পারে। আজ সে একাকীই সমস্ত পাণ্ডবসৈন্যগণকে সংহার করিয়া ফেলিবে ॥ ৬

আমরা দুই জন ব্যতীত অন্য আর কেহই নাই, যে ইহাকে বাধা দিতে পারিবে। অতএব আপনি সেখানে চলুন, যেখানে প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত অবস্থান করিতেছেন ॥ ৭

নিজের হাতীর এই বলের জন্য যিনি অতিশয় গর্ব্বিত এবং যিনি বয়সেও অত্যন্ত বৃদ্ধ হওয়ায় অহঙ্কারপূর্ণ, সেই রাজা

বচনাদথ কৃষ্ণস্তু প্রযযৌ সব্যসাচিনঃ।
দীর্য্যতে ভগদত্তেন যত্র পাণ্ডববাহিনীম্ ॥ ৯
তং প্রযান্তং ততঃ পশ্চাদাহ্বয়ন্তো মহারথাঃ।
সংশপ্তকাঃ সমারোহন্ সহস্রাণি চতুর্দশ ॥ ১০
দশৈব তু সহস্রাণি ত্রিগর্ত্তানাং মহারথাঃ।
চত্বারি চ সহস্রাণি বাসুদেবস্য চানুগাঃ ॥ ১১
দীর্য্যমাণাং চমূং দৃষ্ট্বা ভগদত্তেন মারিষ।
আহূয়মানস্য চ তৈরভবদ্ধৃদয়ং দ্বিধা ॥ ১২
কিং নু শ্রেয়স্করং কর্ম্ম ভবেদদ্যেতি চিন্তয়ন্।
ইহ বা বিনিবর্ত্তেয়ং গচ্ছেয়ং বা যুধিষ্ঠিরম্ ॥ ১৩
তস্য বুদ্ধ্যা বিচার্য্যৈবমর্জ্জুনস্য কুরূদ্বহ।
অভবদ্ ভূয়সী বুদ্ধিঃ সংশপ্তকবধে স্থিরা ॥ ১৪
স সংনিবৃত্তঃ সহসা কপিপ্রবরকেতনঃ।
একো রথসহস্রাণি নিহন্তুং বাসবী রণে ॥ ১৫
সা হি দুর্য্যোধনস্যাসীন্মতিঃ কর্ণস্য চোভয়োঃ।
অর্জ্জুনস্য বধোপায়ে তেন দ্বৈধমকল্পয়ৎ ॥ ১৬
স তু দোলায়মানোঽভূদ্ দ্বৈধীভাবেন পাণ্ডবঃ।
বধেন তু নরাগ্র্যাণামকরোৎ তাং মৃষা তদা ॥ ১৭
ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
অসৃজন্নর্জ্জুনে রাজন্ সংশপ্তকমহারথাঃ ॥ ১৮
নৈব কুন্তীসুতঃ পার্থো নৈব কৃষ্ণো জনার্দনঃ।
ন হয়া ন রথো রাজন্ দৃশ্যন্তে স্ম শরৈশ্চিতাঃ ॥ ১৯
তদা মোহমনুপ্রাপ্তঃ সিষ্বিদে হি জনার্দনঃ।
ততস্তান্ প্রায়শঃ পার্থো ব্রহ্মাস্ত্রেণ নিজঘ্নিবান্ ॥ ২০
শতশঃ পাণয়শ্ছিন্নাঃ সেষুজ্যাতলকার্মুকাঃ।
কেতবো বাজিনঃ সূতা রথিনশ্চাপতন্ ক্ষিতৌ ॥ ২১

ভগদত্তকে বধ করিয়া আজ বলাসুরবিনাশী দেবরাজ ইন্দ্রের প্রিয় অতিথিতে পরিণত করত স্বর্গলোকে প্রেরণ করিব ॥ ৮

সব্যসাচী অর্জ্জুনের এই বাক্যে প্রেরিত হইয়া শ্রীকৃষ্ণ সেইস্থানে রথ লইয়া গমন করিলেন, যেস্থানে ভগদত্ত পাণ্ডবসৈন্যদিগকে সংহার করিতেছিলেন ॥ ৯

অর্জ্জুনকে যাইতে দেখিয়া তাঁহার পশ্চাতে চৌদ্দ হাজার সংশপ্তক মহারথী বীর তাঁহাকে যুদ্ধের জন্য আহ্বান করিতে করিতে আক্রমণ করিলেন ॥ ১০

ইঁহাদের মধ্যে দশ হাজার মহারথী ত্রিগর্ত্তদেশেরই ছিলেন এবং চার হাজার ভগবান্ শ্রীকৃষ্ণের সেবক (নারায়ণী সেনা) ছিলেন ॥ ১১

আর্য্য! রাজা ভগদত্তকর্ত্তৃক নিজ বাহিনীকে বিদীর্ণ হইতে দেখিয়া এবং পশ্চাদ্ দিক্ হইতে সংশপ্তকগণের যুদ্ধের আহ্বান শ্রবণ করিয়া তাঁহার হৃদয় দ্বিধাগ্রস্ত হইয়া পড়িল ॥ ১২

তিনি চিন্তা করিতে লাগিলেন,—আজ আমার পক্ষে কোন্ কার্য্য শ্রেয়স্কর হইবে? এখান হইতে সংশপ্তকগণের দিকে ফিরিয়া যাইব অথবা যুধিষ্ঠিরের নিকটে যাইব? ১৩

কুরুশ্রেষ্ঠ! বুদ্ধির দ্বারা এরূপ বিচার করিতে করিতে তাঁহার মনে এই ভাব অত্যন্ত দৃঢ় হইল যে, এখন সংশপ্তকগণকে বধ করাই আমার প্রধান কার্য্য হইবে ॥ ১৪

শ্রেষ্ঠ বানরচিহ্নে সুশোভিত ধ্বজধারী ইন্দ্রনন্দন অর্জ্জুন উপরি উক্ত বাক্য চিন্তা করিয়া সহসা ফিরিয়া যাইলেন। তিনি রণাঙ্গনে একাকীই হাজার রথী বীরকে সংহার করিবার জন্য উদ্যত হইলেন ॥ ১৫

অর্জ্জুনের বধের উপায়ের বিষয় চিন্তা করিতে করিতে দুর্য্যোধন ও কর্ণ উভয়েরই মনে এই সিদ্ধান্ত উৎপন্ন হইয়াছিল। তাই তিনি যুদ্ধকে এইভাবে দুইভাগে বিভক্ত করিয়া দিয়াছিলেন ॥ ১৬

পাণ্ডুনন্দন অর্জ্জুন একবার দ্বৈধভাবে দোদুল্যমান হইয়া চঞ্চল হইয়া পড়িয়াছিলেন, তথাপি নরশ্রেষ্ঠ সংশপ্তক বীরগণকেই বধ করিবার সিদ্ধান্ত করিয়া তিনি সেই দ্বিধাগ্রস্তভাবকে মিথ্যা করিয়া দিলেন ॥ ১৭

রাজন্! তদনন্তর সংশপ্তক মহারথী বীরগণ অর্জ্জুনের উপর আনতপর্ব্বযুক্ত এক লক্ষ বাণবর্ষণ করিলেন ॥ ১৮

মহারাজ! সেই সময় না কুন্তীকুমার অর্জ্জুন, না জনার্দন শ্রীকৃষ্ণ, না অশ্ব এবং না রথ কিছুই দেখা যাইতেছিল না। তখন সব কিছুই বাণে বাণে আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল ॥ ১৯

এই অবস্থায় ভগবান্ জনার্দন ঘর্ম্মাক্ত হইয়া পড়িলেন এবং তাঁহার উপর আসিয়া উপস্থিত হইল। ইহা দেখিয়া অর্জ্জুন ব্রহ্মাস্ত্রের দ্বারা তাঁহাদের সকলকেই প্রায় নষ্ট করিয়া ফেলিলেন ॥ ২০

শত শত হস্ত বাণ, গুণ ও ধনুসহ ছিন্ন হইয়া যাইল। ধ্বজ, অশ্ব, সারথি ও রথ সকলেই ধরাশায়ী হইল ॥ ২১

ক্রমাচলাগ্রাম্বুধরৈঃ সমকায়াঃ সুকল্পিতাঃ।
হতারোহাঃ ক্ষিতৌ পেতুর্দ্বিপাঃ পার্থশরাহতাঃ ॥ ২২
বিপ্রবিদ্ধকুথা নাগাশ্ছিন্নভাণ্ডাঃ পরাসবঃ।
সারোহাস্ত রণে পেতুর্মথিতা মার্গণৈর্ভৃশম্ ॥ ২৩
সর্ষ্টিপ্রাসাসিনখরাঃ সমুদ্গরপরশ্বধাঃ।
বিচ্ছিন্না বাহবঃ পেতুর্নৃণাং ভল্লৈঃ কিরীটিনা ॥ ২৪
বালাদিত্যাম্বুজেন্দূনাং তুল্যরূপাণি মারিষ।
সঞ্চ্ছিন্নান্যর্জুনশরৈঃ শিরাংস্যুর্ব্যাং প্রপেদিরে ॥২৫
জজ্বালালঙ্কৃতা সেনা পত্রিভিঃ প্রাণিভোজনৈঃ।
নানারূপৈস্তদামিত্রান্ ক্রুদ্ধে নিঘ্নতি ফাল্গুনে ॥ ২৬
ক্ষোভয়ন্তং তদা সেনাং দ্বিরদং নলিনীমিব।
ধনঞ্জয়ং ভূতগণাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥ ২৭
দৃষ্ট্বা তৎ কর্ম্ম পার্থস্য বাসবস্যেব মাধবঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রাঞ্জলিস্তমুবাচ হ ॥ ২৮
কর্ম্মৈতৎ পার্থ শক্রেণ যমেন ধনদেন চ।
দুষ্করং সমরে যৎ তে কৃতমদ্যেতি মে মতিঃ ॥ ২৯
যুগপচ্চৈব সংগ্রামে শতশোঽথ সহস্রশঃ।
পতিতা এব মে দৃষ্টাঃ সংশপ্তকমহারথাঃ ॥ ৩০
সংশপ্তকাংস্ততো হত্বা ভূয়িষ্ঠা যে ব্যবস্থিতাঃ।
ভগদত্তায় যাহীতি কৃষ্ণং পার্থোঽভ্যনোদয়ৎ ॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি সংশপ্তকবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭

বৃক্ষ, পর্ব্বতশিখর ও মেঘসদৃশ বিশাল এবং উচ্চ দেহধারী, সুসজ্জিত হাতী, যাহাদের আরোহীদিগকে পূর্ব্বেই সংহার করা হইয়াছে, তাহারা সকলেই অর্জুনের বাণে আহত হইয়া ভূতলে পতিত হইল। ২২

এই রণাঙ্গনে বহুসংখ্যক হাতী অর্জুনের বাণসমূহে অত্যন্ত বিধ্বস্ত হইয়া ভূতলশায়ী হইল। এই সময় তাহাদের আস্তরণসমূহ ছিন্ন-ভিন্ন হইয়াছিল এবং তাহাদের সমস্ত ভূষণই খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। ২৩

কিরীটধারী অর্জুনের ভল্লনামক বাণসমূহে ঋষ্টি, প্রাস, খড়্গ, নখর, মুদ্গর ও পরশুসহ বীরবর্গের বাহুসকল ছিন্ন হইয়া ধরাতলে পতিত হইল। ২৪

আর্য্য! যোদ্ধাগণের মস্তকসমূহ সদ্য উদিত সূর্য্য, কমল ও চন্দ্রসদৃশ সুন্দর ছিল। অর্জুনের বাণে ছিন্ন-ভিন্ন হইয়া ভূতলশায়ী হইল। ২৫

যখন ক্রুদ্ধ অর্জুন নানাপ্রকার প্রাণবিনাশক বাণসমূহের দ্বারা শত্রুদিগকে নাশ করিতে লাগিলেন, তখন অলঙ্কারে অলঙ্কৃত সংশপ্তকগণের সমগ্র সৈন্যবাহিনী জ্বলিতে লাগিল। ২৬

যেরূপ হস্তী কমলে পূর্ণ সরোবরকে মথিত করিয়া থাকে, সেইরূপ অর্জুনকর্ত্তৃক সমগ্র সৈন্যবাহিনীকে মথিত হইতে দেখিয়া সমস্ত প্রাণী 'সাধু, সাধু' বলিয়া অর্জুনের প্রশংসা করিতে লাগিল। ২৭

ইন্দ্রতুল্য অর্জুনের এই পরাক্রম দর্শন করত ভগবান্ শ্রীকৃষ্ণ অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইয়া করযোড়ে বলিলেন। ২৮

পার্থ! আমার এই বিশ্বাস হইয়াছে যে, আজ তুমি রণাঙ্গনে যে কার্য্য করিলে, ইহা ইন্দ্র, যম ও কুবেরের পক্ষেও দুষ্কর। ২৯

এই সংগ্রামে আমি শত শত এবং সহস্র সহস্র সংশপ্তক মহারথী বীরগণকে একসঙ্গে পতিত হইতে দেখিলাম। ৩০

এইভাবে সেখানে সংশপ্তক যোদ্ধাগণের অধিকাংশকেই বধ করিয়া অর্জুন ভগবান্ শ্রীকৃষ্ণকে বলিলেন,—এখন ভগদত্তের নিকট গমন করুন। ৩১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে সংশপ্তকবধবিষয়ক সপ্তবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

[সংশপ্তকান্ হত্বা কৌরবসৈন্যানামুপরি ধনঞ্জয়স্যাক্রমণম্ তথা ভগদত্তস্য তদীয়-হস্তিনশ্চ পরাক্রমবর্ণনম্।]

সঞ্জয় উবাচ।

যিয়াসতস্ততঃ কৃষ্ণঃ পার্থস্যাশ্বান্ মনোজবান্।
সম্প্রৈষীদ্ধেমসঞ্ছন্নান্ দ্রোণানীকায় সত্বরন্॥ ১

তং প্রযান্তং কুরুশ্রেষ্ঠং স্বান্ ভ্রাতৄন্ দ্রোণতাপিতান্।
সুশর্মা ভ্রাতৃভিঃ সার্দ্ধং যুদ্ধার্থী পৃষ্ঠতোঽন্বয়াৎ॥ ২

ততঃ শ্বেতহয়ঃ কৃষ্ণমব্রবীদজিতং জয়ঃ।
এষ মাং ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মা হ্বয়তেঽচ্যুত॥ ৩

দীর্য্যতে চোত্তরেণৈব তৎ সৈন্যং মধুসূদন।
দ্বৈধীভূতং মনো মেঽদ্য কৃতং সংশপ্তকৈরিদম্॥ ৪

কিং নু সংশপ্তকান্ হন্মি স্বান্ রক্ষাম্যহিতার্দিতান্।
ইতি মে ত্বং মতং বেৎসি তত্র কিং সুকৃতং ভবেৎ॥৫

এবমুক্তস্তু দাশার্হঃ স্যন্দনং প্রত্যবর্ত্তয়ৎ।
যেন ত্রিগর্ত্তাধিপতিঃ পাণ্ডবং সমুপাহ্বয়ৎ॥ ৬

ততোঽর্জ্জুনঃ সুশর্ম্মাণং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজং ধনুশ্চাস্য তথা ক্ষুরাভ্যাং সমকৃন্তত॥ ৭

ত্রিগর্ত্তাধিপতেশ্চাপি ভ্রাতরং ষড়্ভিরাশুগৈঃ।
সাশ্বং সসূতং ত্বরিতঃ পার্থঃ প্রৈষীদ্ যমক্ষয়ম্॥ ৮

ততো ভুজগসঙ্কাশাং সুশর্ম্মা শক্তিমায়সীম্।
চিক্ষেপার্জ্জুনমাদিশ্য বাসুদেবায় তোমরম্॥ ৯

শক্তিং ত্রিভিঃ শরৈশ্ছিত্ত্বা তোমরং ত্রিভিরর্জ্জুনঃ।
সুশর্মাণং শরব্রাতৈর্মোহয়িত্বা ন্যবর্ত্তয়ৎ॥ ১০

তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্।
রাজংস্তাবকসৈন্যানাং নোগ্রং কশ্চিদবারয়ৎ॥ ১১

ততো ধনঞ্জয়ো বাণৈঃ সর্ব্বানেব মহারথান্।
আয়াদ্ বিনিঘ্নন্ কৌরব্যান্ দহন্ কক্ষমিবানলঃ॥ ১২

অষ্টাবিংশ অধ্যায়।

[সংশপ্তকগণকে বধ করিয়া অর্জুনের কৌরবসৈন্যদের উপর আক্রমণ এবং ভগদত্ত ও তাঁহার হস্তীর পরাক্রমবর্ণন।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! তদনন্তর দ্রোণাচার্য্যের সৈন্য-বাহিনীর দিকে যাইতে ইচ্ছুক অর্জুনের স্বর্ণভূষিত ও মনের ন্যায় বেগগামী অশ্বদিগকে ভগবান্ শ্রীকৃষ্ণ অতিসত্বর দ্রোণাচার্য্যের সৈন্যদের নিকট উপস্থিত হইবার জন্য চালনা করিলেন। ১

দ্রোণাচার্য্যকর্ত্তৃক সন্তাপিত নিজ ভ্রাতৃবৃন্দের নিকট গমনকারী কুরুশ্রেষ্ঠ অর্জুনকে ভ্রাতৃগণের সহিত সুশর্ম্মা যুদ্ধের ইচ্ছায় আহ্বান করিতে করিতে পশ্চাদ্ভাগ দিয়া তাঁহার উপর আক্রমণ করিলেন। ২

তখন শ্বেতবাহন অর্জুন অপরাজিত শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন,—অচ্যুত! ভ্রাতৃগণের সহিত এই সুশর্ম্মা আমাকে পুনরায় যুদ্ধের জন্য আহ্বান করিতেছি। ৩

এদিকে উত্তর দিকে অবস্থিত আমার সৈন্যবাহিনীকে শত্রুরা বিনাশ করিতেছে। মধুসূদন! এই সংশপ্তকগণ আজ আমার মনকে দ্বিধাগ্রস্ত করিয়া ফেলিতেছে। ৪

এখন আমি পূর্ব্বে সংশপ্তকগণকে বধ করিব অথবা শত্রুগণ পীড়িত স্বীয় সৈন্যদিগকে রক্ষা করিব? আমার মন এরূপ এক সঙ্কল্প-বিকল্পের মধ্যে পতিত হইয়াছে—ইহা আপনি জানেন। বলুন—এখন আমার কোন্ কার্য্য করা উত্তম হইবে? ৫

অর্জুন এই কথা বলিলে পর ভগবান্ শ্রীকৃষ্ণ নিজ রথকে সেইদিকে ফিরাইয়া দিলেন, যেদিকে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা পাণ্ডুনন্দন অর্জুনকে যুদ্ধের জন্য আহ্বান করিতেছিলেন। ৬

তৎপশ্চাৎ অর্জুন সুশর্ম্মাকে সাত বাণে আহত করত দুইটি ক্ষুরবাণে তাঁহার ধ্বজ ও ধনু ছেদন করিয়া ফেলিলেন। ৭

সেই সঙ্গে ত্রিগর্ত্তরাজের ভ্রাতাকেও ছয়টি বাণ প্রহার করিয়া অর্জুন তাঁহাকে অশ্ব ও সারথিসহ অতিসত্বর যমলোকে প্রেরণ করিলেন। ৮

তখন সুশর্ম্মা সর্পতুল্য আকৃতিবিশিষ্ট লৌহনির্ম্মিত একটি শক্তি অর্জুনের উপর নিক্ষেপ করিলেন এবং বসুদেবনন্দন শ্রীকৃষ্ণের দিকে একটি তোমর ক্ষেপণ করিলেন। ৯

অর্জুন তিনটি বাণের দ্বারা শক্তিকে এবং অপর তিনটি বাণের দ্বারা তোমরকে খণ্ড খণ্ড করিয়া নিজ অস্ত্র বাণসমূহে সুশর্ম্মাকে মোহিত করত যুদ্ধ হইতে নিবৃত্ত করাইয়া দিলেন। ১০

রাজন্! তাহার পর অর্জুন ইন্দ্রের ন্যায় বাণসমূহের প্রভূত বর্ষণ করিতে করিতে যখন আপনার সৈন্যদের উপর আক্রমণ করিলেন, তখন আপনার সৈন্যদের মধ্যে কোন ব্যক্তিই উগ্ররূপ-ধারী এই অর্জুন নিবারণ করিতে পারিলেন না। ১১

তদনন্তর অগ্নি যেরূপ তৃণাদিনির্ম্মিত ক্ষুদ্র গৃহকে দগ্ধ করিয়া থাকে, সেইরূপ অর্জুন নিজ বাণসমূহের দ্বারা সমস্ত কৌরব

তস্য বেগমসহ্যং তং কুন্তীপুত্রস্য ধীমতঃ।
নাশক্নুবংস্তে সংসোঢ়ুং স্পর্শমগ্নেরিব প্রজাঃ॥ ১৩
সংবেষ্টয়ন্ননীকানি শরবর্ষেণ পাণ্ডবঃ।
সুপর্ণপাতবদ্ রাজন্নায়াৎ প্রাগ্ জ্যোতিষং প্রতি ॥১৪
যৎ তদানাময়জ্জিষ্ণুর্ভরতানামপাপিনাম্।
ধনুঃ ক্ষেমকরং সংখ্যে দ্বিষতামশ্রুবধনম্ ॥ ১৫
তদেব তব পুত্রস্য রাজন্ দুর্দ্যূতদেবিনঃ।
কৃতে ক্ষত্রবিনাশায় ধনুরায়চ্ছদর্জুনঃ॥ ১৬
তথা বিক্ষোভ্যমাণা সা পার্থেন তব বাহিনী।
ব্যশীর্যত মহারাজ নৌরিবাসাদ্য পর্ব্বতম্ ॥ ১৭
ততো দশসহস্রাণি ন্যবর্ত্তন্ত ধনুষ্মতাম্।
মতিং কৃত্বা রণে ক্রূরাং বীরা জয়পরাজয়ে ॥ ১৮
ব্যপেতহৃদয়ত্রাসা আবব্রুস্তং মহারথাঃ।
আর্চ্ছৎ পার্থো গুরুং ভারং সর্ব্বভারসহো যুধি ॥১৯
যথা নলবনং ক্রুদ্ধঃ প্রভিন্নঃ ষষ্টিহায়নঃ।
মৃদ্নীয়াৎ তদ্বদায়স্তঃ পার্থোঽমৃদ্নাচ্চমূং তব ॥ ২০
তস্মিন্ প্রমথিতে সৈন্যে ভগদত্তো নরাধিপঃ।
তেন নাগেন সহসা ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥ ২১
তং রথেন নরব্যাঘ্রঃ প্রত্যগৃহ্ণাদ্ ধনঞ্জয়ঃ।
স সন্নিপাতস্তুমুলো বভূব রথ-নাগয়োঃ ॥ ২২
কল্পিতাভ্যাং যথাশাস্ত্রং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরৌ ভগদত্ত-ধনঞ্জয়ৌ ॥ ২৩
ততো জীমূতসঙ্কাশান্নাগাদিন্দ্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ ভগদত্তো ধনঞ্জয়ম্ ॥ ২৪
স চাপি শরবর্ষং তং শরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তস্য বীর্য্যবান্ ॥ ২৫
ততঃ প্রাগ্ জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্য্য তৎ।
শরৈর্জঘ্নে মহাবাহুং পার্থং কৃষ্ণঞ্চ মারিষ ॥ ২৬

মহারথাদিগকে ক্ষত-বিক্ষত করিতে করিতে সেখানে যাইয়া উপস্থিত হইলেন ॥ ১২

পরম বুদ্ধিমান্ কুন্তীপুত্র অর্জুনের সেই অসহ্য বেগকে কৌরব-সৈন্যরা সেইভাবে সহ্য করিতে সমর্থ হইলেন না, যেভাবে প্রাণীরা অগ্নির স্পর্শ সহ্য করিতে পারে না ॥ ১৩

রাজন্! অর্জুন বাণসমূহ বর্ষণ করিয়া কৌরবসৈন্যদিগকে আচ্ছাদিত করিতে করিতে গরুড়তুল্য বেগে, ভগদত্তের উপর আক্রমণ করিলেন ॥ ১৪

মহারাজ! বিজয়ী অর্জুন যুদ্ধে শত্রুগণের অশ্রুধারাবর্দ্ধনকারী যে ধনু তখন (রাজসূয়যজ্ঞের পূর্ব্বে) নিষ্পাপ ভরতবংশীয়গণের কল্যাণের জন্য নত (গুণযোজনা) করিয়াছিলেন, আজ কপট দ্যূতক্রীড়াকারী আপনার পুত্রের অপরাধের জন্য সমস্ত ক্ষত্রিয়-সমাজকে বিনাশ করিবার জন্য অর্জুন সেই ধনুটিকেই গ্রহণ করিলেন ॥ ১৫-১৬

মহারাজ! কুন্তীকুমার অর্জুন কর্তৃক মথিত হইয়া আপনার সৈন্যবাহিনী সেইরূপে ছত্রভঙ্গ হইয়া যাইল, যেরূপ কোন নৌকা পর্ব্বতের সহিত আঘাত পাইয়া খণ্ড খণ্ড হইয়া যায় ॥ ১৭

তদনন্তর দশ হাজার ধনুর্দ্ধর বীর জয় অথবা পরাজয়ের হেতুভূত যুদ্ধে ক্রূরতাপূর্ণ বিষয়ে মতি স্থির করিয়া ফিরিয়া আসিলেন ॥ ১৮

সেই মহারথী বীরগণ নিজেদের হৃদয় হইতে ভয়কে অপসারিত করিয়া অর্জুনকে সেখানে পরিবেষ্টন করিলেন। যুদ্ধে সর্বপ্রকার ভার সহ্য করিতে সমর্থ অর্জুন তাহাদের সহিত যুদ্ধ করিবার সম্পূর্ণ ভার নিজের উপর গ্রহণ করিলেন ॥ ১৯

যেরূপ ষাট্ বৎসরের বৃদ্ধ মদস্রাবী হাতী ক্রুদ্ধ হইয়া নলবনকে মথিত করিয়া ধূলিসাৎ করিয়া থাকে, সেইরূপ যত্নপরায়ণ অর্জুন আপনার সৈন্যদিগকেও ধূলিসাৎ করিয়া ফেলিলেন ॥ ২০

এই সৈন্যদিগকে মথিত হইতে দেখিয়া রাজা ভগদত্ত সেই প্রখ্যাত সুপ্রতীকনামে স্বীয় হস্তীর দ্বারা সহসা ধনঞ্জয়ের দিকে ধাবিত হইলেন ॥ ২১

নরশ্রেষ্ঠ! অর্জুন রথের দ্বারাই সেই হাতীর সম্মুখীন হইলেন। তখন রথ ও হস্তীর এই সঙ্ঘর্ষ অতিশয় ভয়ঙ্কর হইয়া উঠিল ॥ ২২

শাস্ত্রীয় বিধি অনুসারে নির্ম্মিত ও সুসজ্জিত রথ এবং সুশিক্ষিত হাতীর দ্বারা বীরবর অর্জুন ও ভগদত্ত রণাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥ ২৩

তদনন্তর ইন্দ্রসদৃশ শক্তিশালী রাজা ভগদত্ত অর্জুনের উপর মেঘতুল্য হস্তী হইতে বাণরূপী জলধারা বর্ষণ করিতে আরম্ভ করিলেন ॥ ২৪

অন্যদিকে পরাক্রমশালী ইন্দ্রনন্দন অর্জুন নিজের বাণবৃষ্টির দ্বারা ভগদত্তের বাণবর্ষণকে নিকটে আসিবার পূর্ব্বেই ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন ॥ ২৫

আর্য্য! তদনন্তর প্রাগ্ জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তও বিপক্ষের সেই বাণবর্ষণ নিবারণ করিয়া মহাবাহু অর্জুন ও শ্রীকৃষ্ণকে নিজের বাণসমূহে আহত করিয়া ফেলিলেন ॥ ২৬

ততস্তু শরজালেন মহতাভ্যবকীর্য্য তৌ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যুত-পার্থয়োঃ ॥ ২৭
তমাপতন্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্রেঽপসব্যং ত্বরিতঃ স্যন্দনেন জনাদনঃ ॥ ২৮
তং প্রাপ্তমপি নেয়েষ পরাবৃত্তং মহাদ্বিপম্।

তারপর পুনরায় তাঁহাদের উপর প্রভূত শরজাল বিস্তার করিয়া আচ্ছন্ন করত শ্রীকৃষ্ণ ও অর্জুন উভয়কে বধ করিবার জন্য সেই গজরাজকে প্রেরণ করিলেন ॥ ২৭

ক্রুদ্ধ যমরাজের ন্যায় সেই হাতীকে আক্রমণ করিতে দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ অতিদ্রুত রথের দ্বারা তাহাকে দক্ষিণ পার্শ্বে করিয়া ফেলিলেন ॥ ২৮

সারোহং মৃত্যুসাৎ কর্ত্তুং স্মরন্ ধর্ম্মং ধনঞ্জয়ঃ ॥২৯
স তু নাগো দ্বিপ-রথান্ হয়াংশ্চামৃদ্য মারিষ।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ততঃ ক্রুদ্ধো ধনঞ্জয়ঃ ॥ ৩০
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি ভগদত্তযুদ্ধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ ২৮

যদিও এই মহাগজ আক্রমণ করিবার সময় নিজের অতিশয় নিকটে আসিয়া পড়িয়াছিল, তথাপি অর্জুন ধর্ম্মের কথা স্মরণ করিয়া আরোহি-সহ সেই হাতীকে মৃত্যুর অধীনস্থ করিলেন না ॥২৯

মাননীয় মহারাজ! সেই হাতী তখন বহুসংখ্যক হাতী, রথ ও অশ্বকে মর্দ্দিত করিয়া যমলোকে প্রেরণ করিল। ইহা দেখিয়া অর্জুনের অত্যন্ত ক্রোধ হইল ॥ ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে ভগদত্তের যুদ্ধবিষয়ক অষ্টাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশোঽধ্যায়ঃ।

[অর্জুন-ভগদত্তয়োর্যুদ্ধম্, বৈষ্ণবাস্ত্রতঃ শ্রীকৃষ্ণেনার্জুনস্য রক্ষা, অর্জুনেন হস্তি-সহিতস্য ভগদত্তস্য বিনাশশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।
তথা ক্রুদ্ধঃ কিমকরোদ্ ভগদত্তস্য পাণ্ডবঃ।
প্রাগ্জ্যোতিষো বা পার্থস্য তন্মে শংস যথাতথম্ ॥ ১
সঞ্জয় উবাচ।
প্রাগ্জ্যোতিষেণ সংসক্তাবুভৌ দাশার্হপাণ্ডবৌ।
মৃত্যুদংষ্ট্রান্তিকং প্রাপ্তৌ সর্বভূতানি মেনিরে ॥ ২
তথা তু শরবর্ষাণি পাতয়ত্যনিশং প্রভো।
গজস্কন্ধান্মহারাজ কৃষ্ণয়োঃ স্যন্দনস্থয়োঃ ॥ ৩
অথ কার্ষ্ণায়সৈর্বাণৈঃ পূর্ণকার্মুকনিঃসৃতৈঃ।
অবিধ্যদ্ দেবকীপুত্রং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥ ৪
অগ্নিস্পর্শসমাস্তীক্ষ্ণা ভগদত্তেন চোদিতাঃ।
নির্ভিদ্য দেবকীপুত্রং ক্ষিতিং জগ্মুঃ সুবাসসঃ ॥ ৫
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা পরিবারং নিহত্য চ।
লালয়ন্নিব রাজানং ভগদত্তমযোধয়ৎ ॥ ৬
সোঽর্করশ্মিনিভাংস্তীক্ষ্ণাংস্তোমরান্ বৈ চতুর্দশ।
অপ্রেষয়ৎ সব্যসাচী দ্বিধৈকৈকমথাচ্ছিনৎ ॥৭

একোনত্রিংশ অধ্যায়।

[অর্জুন ও ভগদত্তের যুদ্ধ, বৈষ্ণবাস্ত্র হইতে শ্রীকৃষ্ণকর্তৃক অর্জুনকে রক্ষা এবং অর্জুনের দ্বারা হস্তি-সহ ভগদত্তের বিনাশ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! সেই সময় ক্রুদ্ধ পাণ্ডুকুমার অর্জুন ভগদত্তের এবং ভগদত্ত অর্জুনের কি করিল? তাহা তুমি যথাযথভাবে আমাকে বল ॥ ১

সঞ্জয় বলিলেন,—রাজন্! ভগদত্তের সহিত যুদ্ধে মিলিত হইলে শ্রীকৃষ্ণ ও অর্জুন উভয়কেই সকলপ্রাণীই মৃত্যুর দন্তসংলগ্ন বলিয়া মনে করিতে লাগিল ॥ ২

শক্তিশালী মহারাজ! হাতীর পৃষ্ঠে উপবিষ্ট থাকিয়া ভগদত্ত রথে স্থিত শ্রীকৃষ্ণ ও অর্জুনের উপর নিরন্তর বাণবর্ষণ করিয়া চলিলেন ॥ ৩

তিনি ধনুটিকে পূর্ণরূপে আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত, লৌহনির্ম্মিত এবং শাণ দিয়া ধারালকৃত সুবর্ণপক্ষযুক্ত বাণসমূহে দেবকীনন্দন শ্রীকৃষ্ণকে আহত করিলেন ॥ ৪

ভগদত্ত কর্তৃক নিক্ষিপ্ত অগ্নির স্পর্শের ন্যায় তীক্ষ্ণ এবং সুন্দর পক্ষভূষিত বাণসমূহ দেবকীপুত্র শ্রীকৃষ্ণের শরীর ভেদ করিয়া ধরাতলে প্রবিষ্ট হইল ॥ ৫

তখন অর্জুন রাজা ভগদত্তের ধনু ছেদন করিয়া তাঁহার পরিবারকে সংহার করত তাঁহাকে যেন যুদ্ধ করাইতে করাইতে তাঁহার সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ৬

ভগদত্ত সূর্য্যকিরণতুল্য তেজস্বী চৌদ্দটি তোমর নিক্ষেপ করিলেন, কিন্তু সব্যসাচী অর্জুন তাহাদের প্রত্যেকটিকেই দুই খণ্ডে খণ্ডিত করিয়া ফেলিলেন ॥ ৭

ততো নাগস্তু তদ্ বম ব্যধমৎ পাকশাসনিঃ।
শরজালেন মহতা তদ্ ব্যশীর্য্যত ভূতলে ॥ ৮

শীর্ণবর্মা স তু গজঃ শরৈঃ সুভৃশমর্দিতঃ।
বভৌ ধারানিপাতাক্তো ব্যভ্রঃ পর্ব্বতরাড়িব ॥ ৯

ততঃ প্রাগ্‌জ্যোতিষঃ শক্তিং হেমদণ্ডাময়স্ময়ীম্।
ব্যসৃজদ্ বাসুদেবায় দ্বিধা তামর্জ্জুনোঽচ্ছিনৎ ॥ ১০

ততশ্ছত্রং ধ্বজং চৈব ছিত্ত্বা রাজ্ঞোঽর্জ্জুনঃ শরৈঃ।
বিব্যাধ দশভিস্তূর্ণমুৎস্ময়ন্ পর্ব্বতেশ্বরম্ ॥ ১১

সোঽতিবিদ্ধোঽর্জ্জুনশরৈঃ সুপুঙ্খৈঃ কঙ্কপত্রিভিঃ।
ভগদত্তস্ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য জনাধিপঃ ॥ ১২

ব্যসৃজৎ তোমরান্ মূর্ধ্নি শ্বেতাশ্বস্যোন্ননাদ চ।
তৈরর্জ্জুনস্য সমরে কিরীটং পরিবর্ত্তিতম্ ॥ ১৩

পরিবৃত্তং কিরীটং তদ্ যময়ন্নেব পাণ্ডবঃ।
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোক ইতি রাজানমব্রবীৎ ॥১৪

তারপর ইন্দ্রনন্দন অর্জুন প্রকৃত বাণবর্ষণ করিয়া সেই হাতীর কবচ ছেদন করিলেন, ইহাতে তাহার কবচ ছিন্ন-ভিন্ন হইয়া ধরাতলে পতিত হইল ॥ ৮

কবচ ছিন্ন হওয়ায় বাণসমূহের আঘাতে হাতীর অত্যন্ত পীড়া উপস্থিত হইল। সে তখন রক্তের ধারায় স্নাত হইয়া পড়িল এবং মেঘহীন ও (গৈরিকমিশ্রিত) জলধারায় সিক্ত গিরিরাজের ন্যায় শোভা পাইতে লাগিল। ৯

তখন ভগদত্ত বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণকে লক্ষ্য করিয়া সুবর্ণময় দণ্ডযুক্ত একটি শক্তি নিক্ষেপ করিলেন কিন্তু অর্জুন তাহাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। ১০

তদনন্তর অর্জুন স্বীয় বাণসমূহে রাজা ভগদত্তের ছত্র ও ধ্বজ ছেদন করিয়া হাসিতে হাসিতেই অপর দশটি বাণের দ্বারা অতিক্রান্ত সেই পর্বতরাজ ভগদত্তকে বিদ্ধ করিলেন। ১১

অর্জুনের কঙ্কপত্রযুক্ত সুন্দর বাণসমূহে অত্যন্ত আহত হইয়া রাজা ভগদত্ত সেই পাণ্ডুপুত্র অর্জুনের উপর অতিশয় ক্রুদ্ধ হইয়া পড়িলেন। ১২

তখন তিনি অর্জুনের মস্তকের উপর বহু তোমর প্রহার করিলেন এবং গর্জন করিতে লাগিলেন। সেই তোমরগুলি রণাঙ্গনে অর্জুনের কিরীটকে উল্টাইয়া দিল। ১৩

উল্টে যাওয়া কিরীটকে যথাযথভাবে স্থাপন করিতে করিতে পাণ্ডুনন্দন অর্জুন ভগদত্তকে বলিলেন,—রাজন্! এখন এই সংসারকে উত্তমরূপে দর্শন করিয়া লউন। ১৪

এবমুক্তস্তু সংক্রুদ্ধঃ শরবর্ষেণ পাণ্ডবম্।
অভ্যবর্ষৎ সগোবিন্দং ধনুরাদায় ভাস্বরম্ ॥ ১৫

তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা তূণীরান্ সংনিকৃত্য চ।
ত্বরমাণো দ্বিসপ্তত্যা সর্ব্বমর্মস্বতাড়য়ৎ ॥ ১৬

বিদ্ধস্ততোঽতিব্যথিতো বৈষ্ণবাস্ত্রমুদীরয়ন্।
অভিমন্ত্র্যাঙ্কুশং ক্রুদ্ধো ব্যসৃজৎ পাণ্ডবোরসি ॥ ১৭

বিসৃষ্টং ভগদত্তেন তদস্ত্রং সর্ব্বঘাতি বৈ।
উরসা প্রতিজগ্রাহ পার্থং সঞ্ছাদ্য কেশবঃ ॥ ১৮

বৈজয়ন্ত্যভবন্মালা তদস্ত্রং কেশবোরসি।
পদ্মকোশবিচিত্রাঢ্যা সর্ব্বর্তুকুসুমোৎকটা ॥ ১৯

জ্বলনার্কেন্দুবর্ণাভা পাবকোজ্জ্বলপল্লবা।
তয়া পদ্মপলাশিন্যা বাতকম্পিতপত্রয়া ॥ ২০

শুশুভেঽভ্যধিকং শৌরিরতসীপুষ্পসন্নিভঃ।
(কেশবঃ কেশিমথনঃ শার্ঙ্গধন্বারিমর্দনঃ।

অর্জুন এই কথা বলিলে পর ভগদত্ত অত্যন্ত কুপিত হইয়া এক তেজস্বী ধনু হাতে লইয়া শ্রীকৃষ্ণসহ অর্জুনের উপর বাণসমূহ বর্ষণ করিতে আরম্ভ করিয়া দিলেন। ১৫

তখন অর্জুন তাঁহার ধনু ছেদন করিয়া তূণীরটিকেও খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তারপর অতিশয় ত্বরা করিয়া বাহাত্তরটি বাণে তাঁহার সমস্ত মর্মস্থানসমূহে গভীরভাবে আঘাত করিলেন।১৬

তদনন্তর এই সমস্ত বাণে বিদ্ধ হইয়া অত্যন্ত ব্যথিত ভগদত্ত বৈষ্ণবাস্ত্র প্রকাশ করিলেন। তিনি তখন ক্রুদ্ধ হইয়া নিজের অঙ্কুশকেই বৈষ্ণবাস্ত্রে অভিমন্ত্রিত করত পাণ্ডুনন্দন অর্জুনের বক্ষঃস্থলের দিকে নিক্ষেপ করিলেন। ১৭

ভগদত্ত কর্তৃক নিক্ষিপ্ত এই অস্ত্র সব কিছুই বিনাশ করিতে সমর্থ, তাই ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুনকে আচ্ছাদন করিয়া স্বয়ংই নিজের বক্ষে ঐ অস্ত্রকে ধারণ করিলেন। ১৮

ভগবান্ শ্রীকৃষ্ণের বক্ষে আসিয়া এই অস্ত্র বৈজয়ন্তীমালায় পরিণত হইয়া যাইল। ঐ মালা পদ্মের কোষের বিচিত্র শোভায় সুশোভিত ছিল এবং সকল ঋতুর পুষ্পেই সম্পন্ন ছিল। ইহা হইতে অগ্নি, সূর্য্য ও চন্দ্রসদৃশ প্রভা বিচ্ছুরিত হইতে লাগিল। ইহার এক একটি দল অগ্নিতুল্য প্রকাশিত হইতেছিল। কমল-দলে সুশোভিত ও বাতাসে আন্দোলিত এই বৈজয়ন্তীমালার দ্বারা অতসীপুষ্পের ন্যায় শ্যামবর্ণ, কেশিহন্তা, শূরসেননন্দন, শার্ঙ্গধনুর্ধারী, শত্রুসূদন ভগবান্ শ্রীকৃষ্ণ অধিকাধিক শোভাপ্রাপ্ত

সন্ধ্যাভ্রৈরিব সঞ্ছন্নঃ প্রাবৃট্‌কালে নগোত্তমঃ ॥)
ততোঽর্জ্জুনঃ ক্লান্তমনাঃ কেশবং প্রত্যভাষত ॥ ২১
অযুধ্যমানস্তুরগান্ সংযন্তাস্মীতি চানঘ।
ইত্যুক্ত্বা পুণ্ডরীকাক্ষ প্রতিজ্ঞাং স্বাং ন রক্ষসি ॥ ২২
যদ্যহং ব্যসনী বা স্যামশক্তো বা নিবারণে।
ততস্ত্বয়ৈবং কার্য্যং স্যান্নতৎ কার্য্যং ময়ি স্থিতে ॥ ২৩
সবাণঃ সধনুশ্চাহং সসুরাসুরমানুষান্।
শক্তো লোকানিমান্ জেতুং তচ্চাপি বিদিতং তব ॥২৪
ততোঽর্জ্জুনং বাসুদেবঃ প্রত্যুবাচার্থবদ্ বচঃ।
শৃণু গুহ্যমিদং পার্থ পুরাবৃত্তং যথানঘ ॥ ২৫
চতুর্ম্মূর্ত্তিরহং শশ্বল্লোকত্রাণার্থমুদ্যতঃ।
আত্মানং প্রবিভজ্যেহ লোকানাং হিতমাদধে ॥ ২৬
একা মূর্ত্তিস্তপশ্চর্য্যাং কুরুতে মে ভুবি স্থিতা।
অপরা পশ্যতি জগৎ কুর্ব্বাণং সাধ্বসাধুনী ॥ ২৭
অপরা কুরুতে কর্ম্ম মানুষং লোকমাশ্রিতা।
শেতে চতুর্থী ত্বপরা নিদ্রাং বর্ষসহস্রিকম্ ॥ ২৮
যাসৌ বর্ষসহস্রান্তে মূর্ত্তিরুত্তিষ্ঠতে মম।
বরার্হেভ্যো বরান্ শ্রেষ্ঠাংস্তস্মিন্ কালে দদাতি সা ॥২৯
তং তু কালমনুপ্রাপ্তং বিদিত্বা পৃথিবী তদা।
অযাচত বরং যন্মাং নরকার্থায় তচ্ছৃণু ॥ ৩০
দেবানাং দানবানাঞ্চ অবধ্যস্তনয়োঽস্তু মে।
উপেতো বৈষ্ণবাস্ত্রেণ তন্মে ত্বং দাতুমর্হসি ॥ ৩১
এবং বরমহং শ্রুত্বা জগত্যাস্তনয়ে তদা।
অমোঘমস্ত্রং প্রাযচ্ছং বৈষ্ণবং পরমং পুরা ॥ ৩২
অবোচং চৈতদস্ত্রং বৈ হ্যমোঘং ভবতু ক্ষমে!
নরকস্যাভিরক্ষার্থং নৈনং কশ্চিদ্ বধিষ্যতি ॥ ৩৩

হইলেন। ইহাতে মনে হইল—বর্ষাকালে সন্ধ্যাকালীন মেঘমণ্ডলে আচ্ছাদিত কোন শ্রেষ্ঠ পর্ব্বত শোভা পাইতেছে॥

সেই সময় অর্জ্জুনের মনে অতিশয় ক্লেশ উৎপন্ন হইল। তিনি ভগবান্ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন—অনঘ! আপনি ত' প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি যুদ্ধ না করিয়া অশ্বগণকে সংযত রাখিব অর্থাৎ সারথির কার্য্য করিব; কিন্তু কমলনয়ন! আপনি এই কথা বলিয়াও নিজের প্রতিজ্ঞা পালন করিতেছেন না। যদি আমি সঙ্কটে পতিত হইতাম অথবা অস্ত্রকে নিবারণ করিতে অসমর্থ হইতাম, তাহা হইলে সেই সময়েই আপনি এই কার্য্য করিলেই পারিতেন। যখন আমি যুদ্ধের জন্য উপস্থিত, তখন আপনার ইহা করা উচিত হয় নি। ২২ ২৩

আপনার ত' ইহা জানা আছে যে, আমার হাতে যদি ধনু ও বাণ থাকে, তবে আমি দেবতা, অসুর ও মনুষ্যগণসহ এই সম্পূর্ণ জগৎকে জয় করিতে পারি ॥ ২৪

তখন বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে এই রহস্যপূর্ণ বাক্য বলিলেন,—অনঘ! কুন্তীকুমার! এ বিষয়ে তুমি একটি গোপনীয় রহস্যের কথা শ্রবণ কর, যাহা পূর্ব্বকালে সংঘটিত হইয়াছিল ॥ ২৫

আমি চতুর্ব্বিধ মূর্ত্তি ধারণ করত সর্ব্বদা সমস্ত লোককে রক্ষা করিবার জন্য উদ্যুক্ত আছি। আমি নিজকেই বহুরূপে বিভক্ত করিয়া সমস্ত জগতের হিতসাধন করিয়া যাইতেছি। ২৬

আমার এক মূর্ত্তি এই ভূতলে (বদরিকাশ্রমে নর-নারায়ণরূপে) অবস্থান করত তপস্যা করিতেছে। দ্বিতীয় মূর্ত্তি (পরমাত্মস্বরূপ) শুভাশুভকর্ম্মকারী জগতের সাক্ষিরূপে সকল কিছুই প্রত্যক্ষ করিতেছে। ২৭

তৃতীয় মূর্ত্তি (আমি স্বয়ংই) মনুষ্যলোকের আশ্রয় লইয়া নানাপ্রকার কর্ম্ম করিতেছি এবং অপর চতুর্থ মূর্ত্তি সহস্র যুগ পর্য্যন্ত একার্ণব জলে শয়ন করিয়া আছে। ২৮

সহস্র যুগ অতিক্রান্ত হইবার পর যখন আমার চতুর্থ মূর্ত্তি যোগনিদ্রা হইতে উত্থিত হয়, তখন বরলাভ করিবার যোগ্য শ্রেষ্ঠ ভক্তগণকে উত্তম বরসকল দান করিয়া থাকে। ২৯

একবার যখন ঐ সময় আসিয়া উপস্থিত হইল, ইহা জানিয়া পৃথিবীদেবী নিজের পুত্র নরকাসুরের জন্য আমার নিকট হইতে যে বর প্রার্থনা করিয়াছিল—তাহা শ্রবণ কর ॥ ৩০

আমার পুত্র বৈষ্ণবাস্ত্রে সুসম্পন্ন হইয়া দেবতা ও দানবগণের অবধ্য হউক। ইহার জন্য আপনি আমাকে বৈষ্ণবাস্ত্র প্রদান করুন ॥ ৩১

সেই সময় পৃথিবীর মুখ হইতে এইরূপ প্রার্থনা শ্রবণ করিয়া আমি পুরাকালে নিজের সর্ব্বোত্তম ও অমোঘ বৈষ্ণবাস্ত্র তাহাকে প্রদান করি। ৩২

তাহাকে প্রদান করিবার সময় আমি বলিয়াছিলাম—এই অমোঘ বৈষ্ণবাস্ত্র নরকাসুরের রক্ষার জন্য তাহার নিকট থাকিবে। ইহাকে কেহই নষ্ট করিতে পারিবে না। ৩৩

অনেনাঽস্ত্রেণ তে গুপ্তঃ সুতঃ পরবলার্দ্দনঃ।
ভবিষ্যতি দুরাধর্ষঃ সর্ব্বলোকেষু সর্ব্বদা ॥ ৩৪
তথেত্যুক্ত্বা গতা দেবী কৃতকামা মনস্বিনী।
স চাপ্যাসীদ্ দুরাধর্ষো নরকঃ শত্রুতাপনঃ ॥ ৩৫
তস্মাৎ প্রাগ্‌জ্যোতিষং প্রাপ্তং তদস্ত্রং পার্থ মামকম্।
নাস্যাবধ্যোঽস্তি লোকেষু সেন্দ্ররুদ্রেষু মারিষ ॥ ৩৬
তন্ময়া ত্বৎকৃতে চৈতদন্যথা ব্যপনায়িতম্।
বিমুক্তং পরমাঽস্ত্রেণ জহি পার্থ মহাসুরম্ ॥ ৩৭
বৈরিণং জহি দুর্দ্ধর্ষং ভগদত্তং সুরদ্বিষম্।
যথাহং জঘ্নিবান্ পূর্ব্বং হিতার্থং নরকং তথা ॥ ৩৮
এবমুক্তস্তদা পার্থঃ কেশবেন মহাত্মনা।
ভগদত্তং শিতৈর্বাণৈঃ সহসা সমবাকিরৎ ॥ ৩৯
ততঃ পার্থো মহাবাহুরসম্ভ্রান্তো মহামনাঃ।
কুম্ভয়োরন্তরে নাগং নারাচেন সমার্পয়ৎ ॥ ৪০
স সমাসাদ্য তং নাগং বাণো বজ্র ইবাচলম্।
অভ্যগাৎ সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥ ৪১
স করী ভগদত্তেন প্রের্য্যমাণো মুহুর্মুহুঃ।
ন করোতি বচস্তস্য দরিদ্রস্যেব যোষিতা ॥ ৪২
স তু বিষ্টভ্য গাত্রাণি দন্তাভ্যামবনিং যযৌ।
নদন্নার্ত্তস্বনং প্রাণানুৎসসর্জ্জ মহাদ্বিপঃ ॥ ৪৩
ততো গাণ্ডীবধন্বানমভ্যভাষত কেশবঃ।
অয়ং মহত্তরঃ পার্থ পলিতেন সমাবৃতঃ ॥ ৪৪
বলীসঞ্ছন্ননয়নঃ শূরঃ পরমদুর্জ্জয়ঃ।
অক্ষোরুন্মীলনার্থায় বদ্ধপট্টো হ্যসৌনৃপঃ ॥ ৪৫
দেববাক্যাৎ প্রচিচ্ছেদ শরেণ ভৃশমর্জ্জুনঃ।
ছিন্নমাত্রেঽংশুকে তস্মিন্ রুদ্ধনেত্রো বভূব সঃ ॥ ৪৬
তমোময়ং জগন্মেনে ভগদত্তঃ প্রতাপবান্।
ততশ্চন্দ্রার্দ্ধবিম্বেন বাণেন নতপর্ব্বণা ॥ ৪৭

এই অস্ত্রে সুরক্ষিত থাকিয়া তোমার পুত্র শত্রুসৈন্যগণকে পীড়িত করিতে করিতে সর্ব্বদা সকল লোকে দুর্দ্ধর্ষ হইয়া থাকিবে ॥ ৩৪

তখন 'আচ্ছা' এই কথা বলিয়া মনস্বিনী পৃথিবীদেবী কৃতার্থ হইয়া গমন করিলে। সেই নরকাসুরও (সেই বৈষ্ণবাস্ত্র পাইয়া) শত্রুগণের সন্তাপকারী ও অত্যন্ত দুর্জ্জয় হইয়া পড়িল ॥ ৩৫

পার্থ! নরকাসুরের নিকট হইতে আমার সেই বৈষ্ণবাস্ত্র প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত লাভ করিয়াছে। আর্য্য! ইন্দ্রলোক ও রুদ্রলোক সহ সমস্ত লোকে এমন কোন বীর নাই, যে এই অস্ত্রের অবধ্য থাকিবে ॥ ৩৬

সেই কারণে আমি তোমাকে রক্ষা করিবার জন্য এই অস্ত্রকে অন্য প্রকারে পরিণত করিয়া দিলাম। পার্থ! এখন এই মহাসুর ভগদত্ত সেই উৎকৃষ্ট অস্ত্র হইতে বঞ্চিত হইয়াছে, অতএব তুমি তাহাকে বধ কর ॥ ৩৭

দুর্জ্জয় বীর ভগদত্ত তোমাদের শত্রু এবং দেবদ্বেষী, সুতরাং তুমি তাহাকে সেইরূপে বধ কর, যেরূপ পুরাকালে আমি নরকাসুরকে বধ করিয়াছিলাম ॥ ৩৮

মহাত্মা কেশব এই কথা বলিলে পর কুন্তীকুমার অর্জ্জুন তৎক্ষণাৎ তাঁহার তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ৩৯

তাহার পর মহাবাহু মহামনা পার্থ কোনরূপ বিচলিত না হইয়া হাতীর কুম্ভস্থলে একটি নারাচ প্রহার করিলেন ॥ ৪০

সেই নারাচ হাতীর মস্তকে যাইয়া সেইভাবে আঘাত করিল, যেরূপ বজ্র পর্ব্বতের উপর আঘাত করিয়া থাকে। যেভাবে সর্প বল্মীকের (উইঢিপির) মধ্যে প্রবেশ করিয়া থাকে, সেইভাবে ঐ বাণ পক্ষ সহ হাতীর কুম্ভস্থলে প্রবেশ করিল ॥ ৪১

তখন ভগদত্ত পুনঃ পুনঃ সেই হাতীকে প্রেরণ করিতে থাকিলেও সে তাঁহার আদেশ সেইভাবে পালন করিল না, যেরূপ দুষ্টা স্ত্রী নিজের দরিদ্র স্বামীর কথা পালন করে না ॥ ৪২

সেই সময় ঐ বিশাল হাতী নিজের শরীরকে নিশ্চেষ্ট করত দুইটি দাঁতের দ্বারা ভূমি স্পর্শ করিল এবং আর্ত্তস্বরে চীৎকার করিতে করিতে প্রাণ পরিহার করিল ॥ ৪৩

তদনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ গাণ্ডীবধারী অর্জ্জুনকে বলিলেন,— কুন্তীনন্দন! এই ভগদত্ত অত্যন্ত বৃদ্ধ, ইহার সমস্ত কেশই পাকিয়া গিয়াছে এবং ললাটাদি অঙ্গ ঝুলিয়া পড়ায় ইহার নেত্র আবৃত হইয়াছে। এই অত্যন্ত দুর্জ্জয় বীরবর রাজা ভগদত্ত নিজের দুই চক্ষু খুলন্ত গাত্রে আচ্ছন্ন হইয়া পড়ায় তাহাকে বস্ত্রের দ্বারা বাঁধিয়া রাখিয়াছে ॥ ৪৪-৪৫

ভগবান্ শ্রীকৃষ্ণের কথায় অর্জ্জুন বাণপ্রহার করিয়া ভগদত্তের মস্তকের বদ্ধ বস্ত্রকে ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন। সেই বস্ত্র ছিন্ন হওয়ার সঙ্গে সঙ্গেই তাঁহার নেত্র বদ্ধ হইয়া যাইল ॥ ৪৬

তখন প্রতাপশালী রাজা ভগদত্তের সম্পূর্ণ জগৎ অন্ধকারময় হইয়া উঠিল। সেই সময় আনতপর্ব্বযুক্ত এক অর্দ্ধচন্দ্রাকার বাণের

বিভেদ হৃদয়ং রাজ্ঞো ভগদত্তস্য পাণ্ডবঃ।
স ভিন্নহৃদয়ো রাজা ভগদত্তঃ কিরীটিনা ॥ ৪৮
শরাসনং শরাংশ্চৈব গতাসুঃ প্রমুমোচ হ।
শিরসস্তস্য বিভ্রষ্টং পপাত চ বরাংশুকম্ ॥
নালতাড়নবিভ্রষ্টং পলাশং নলিনাদিব ॥ ৪৯
স হেমমালী তপনীয়ভাণ্ডাৎ
পপাত নাগাদ্ গিরিসন্নিকাশাৎ
সুপুষ্পিতো মারুতবেগরুগ্নো
মহীধরাগ্রাদিব কর্ণিকারঃ ॥ ৫০
নিহত্য তং নরপতিমিন্দ্রবিক্রমং
সখায়মিন্দ্রস্য তদৈন্দ্রিরাহবে।
ততোঽপরাংস্তব জয়কাঙ্ক্ষিণো নরান্
বভঞ্জ বায়ুর্বলবান্ দ্রুমানিব ॥ ৫১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি ভগদত্তবধে
একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯

দ্বারা পাণ্ডুনন্দন অর্জুন রাজা ভগদত্তের বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া দিলেন।

কিরীটধারী অর্জুন কর্তৃক হৃদয় বিদীর্ণ হইয়া যাওয়ায় রাজা ভগদত্ত প্রাণহীন অবস্থায় স্বীয় ধনুর্বাণ ত্যাগ করিলেন। তাঁহার মস্তকে বদ্ধ শ্রেষ্ঠ বস্ত্র সেইরূপে পতিত হইল, যেরূপ পদ্মের নালকে তাড়না করিলে, (নাড়া দিলে) তাহার পত্রগুলি খসিয়া পড়ে ॥ ৪৮-৪৯

স্বর্ণনির্ম্মিত ভূষণে বিভূষিত সেই পর্ব্বতাকার হাতী হইতে স্বর্ণমালাধারী রাজা ভগদত্ত ভূতলে পতিত হইলেন তখন মনে হইল—সুন্দর পুষ্পরাজিতে পূর্ণ কর্ণিকার বৃক্ষ বায়ুর বেগে খণ্ডিত হইয়া পর্ব্বতশিখর হইতে নিম্নে পতিত হইতেছে ॥ ৫০

রাজন্! এইরূপে ইন্দ্রনন্দন অর্জুন ইন্দ্রের সখা ও ইন্দ্রতুল্যই পরাক্রমশালী রাজা ভগদত্তকে যুদ্ধে বধ করিয়া আপনার সৈন্যদের মধ্যে অন্য সব বিজয়াভিলাষী বীরগণকেও সেইরূপে ভূপাতিত করিতে লাগিলেন, যেরূপ প্রবল বায়ু বৃক্ষশ্রেণীকে উৎপাটিত করিয়া থাকে ॥ ৫১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে ভগদত্তের বধবিষয়ক একোনত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিংশোঽধ্যায়ঃ।

(অর্জুনেন বৃষকাচলয়োর্বধঃ, শকুনের্মায়া, তস্য পরাজয়ঃ, কৌরবসৈন্যানাং পলায়নঞ্চ।)

সঞ্জয় উবাচ।
প্রিয়মিন্দ্রস্য সততং সখায়মমিতৌজসম্।
হত্বা প্রাগ্‌জ্যোতিষং পার্থঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥ ১
ততো গান্ধাররাজস্য সুতৌ পরপুরঞ্জয়ৌ।
অর্দেতামর্জুনং সংখ্যে ভ্রাতরৌ বৃষকাচলৌ ॥ ২
তৌ সমেত্যার্জুনং বীরৌ পুরঃ পশ্চাচ্চ ধন্বিনৌ।
অবিধ্যেতাং মহাবেগৈর্নিশিতৈরাশুগৈর্ভৃশম ॥ ৩
বৃষকস্য হয়ান সূতং ধনুশ্ছত্রং রথং ধ্বজম।
তিলশো ব্যধমৎ পার্থঃ সৌবলস্য শিতৈঃ শরৈঃ ॥ ৪

ত্রিংশ অধ্যায়।

[অর্জুন কর্তৃক বৃষক ও অচলের বধ, শকুনির মায়া ও তাহার পরাজয় এবং কৌরব-সৈন্যদের পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! যিনি সর্ব্বদা ইন্দ্রের প্রিয়সখা ছিলেন সেই অমিততেজস্বী প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তকে সংহার করিয়া অর্জুন দক্ষিণ দিকে ফিরিলেন ॥ ১

সেদিকে গান্ধাররাজ সুবলের দুই পুত্র শত্রুনগরবিজয়ী দুই ভ্রাতা বৃষক ও অচল আসিয়া উপস্থিত হইলেন এবং যুদ্ধে অর্জুনকে পীড়িত করিতে লাগিলেন ॥ ২

এই দুই ধনুর্দ্ধর বীর অর্জুনের উপর অগ্রভাগ ও পশ্চাদ্ভাগ হইতে আক্রমণ করিয়া অত্যন্ত বেগশালী তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা তাঁহাকে গুরুতররূপে বিদ্ধ করিলেন ॥ ৩

তখন কুন্তীকুমার অর্জুন স্বীয় তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা সুবলপুত্র বৃষকের অশ্ব, সারথি, রথ, ধনু, ছত্র ও ধ্বজকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিলেন ॥ ৪

ততোঽর্জুনঃ শরব্রাতৈর্নানাপ্রহরণৈরপি।
গান্ধারানাকুলাংশ্চক্রে সৌবলপ্রমুখান্ পুনঃ ॥ ৫

ততঃ পঞ্চশতান্ বীরান্ গান্ধারানুদ্যতায়ুধান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্রুদ্ধো বাণৈর্ধনঞ্জয়ঃ ॥ ৬

হতাশ্বাৎ তু রথাৎ তূর্ণমবতীর্য্য মহাভুজঃ।
আরুরোহ রথং ভ্রাতুরন্যচ্চ ধনুরাদদে ॥ ৭

তাবেকরথমারূঢৌ ভ্রাতরৌ বৃষকাচলৌ।
শরবর্ষেণ বীভৎসুমবিধ্যেতাং মুহুর্মুহুঃ ॥ ৮

স্যালৌ তব মহাত্মানৌ রাজানৌ বৃষকাচলৌ।
ভৃশং বিজঘ্নতুঃ পার্থমিন্দ্রং বৃত্রবলাবিব ॥ ৯

লব্ধলক্ষ্যৌ তু গান্ধারবহতাং পাণ্ডবং পুনঃ।
নিদাঘবার্ষিকৌ মাসৌ লোকং ধর্মাংশুভির্যথা ॥ ১০

তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ রাজানৌ বৃষকাচলৌ।
সংশ্লিষ্টাঙ্গৌ স্থিতৌ রাজন্ জঘানৈকেষুণাঽর্জুনঃ ॥ ১১

তৌ রথাৎ সিংহসঙ্কাশৌ লোহিতাক্ষৌ মহাভুজৌ।
রাজন্ সম্পেততুর্বীরৌ সোদর্য্যাবেকলক্ষণৌ ॥ ১২

তয়োর্ভূমিং গতৌ দেহৌ রথাদ্ বন্ধুজনপ্রিয়ৌ।
যশো দশ দিশঃ পুণ্যং গময়িত্বা ব্যবস্থিতৌ ॥ ১৩

দৃষ্ট্বা বিনিহতৌ সংখ্যে মাতুলাবপলায়িনৌ।
ভৃশং মুমুচুরশ্রূণি পুত্রাস্তব বিশাম্পতে ॥ ১৪

নিহতৌ ভ্রাতরৌ দৃষ্ট্বা মায়াশতবিশারদঃ।
কৃষ্ণৌ সম্মোহয়ন্ মায়াং বিদধে শকুনিস্ততঃ ॥ ১৫

লগুড়ায়োগুড়াশ্মানঃ শতঘ্ন্যশ্চ সশক্তয়ঃ।
গদাপরিঘনিস্ত্রিংশশূলমুদ্গরপট্টিশাঃ ॥১৬

সকম্পনর্ষ্টিনখরা মুসলানি পরশ্বধাঃ।
ক্ষুরাঃ ক্ষুরপ্রনালীকা বৎসদন্তাস্থিসন্ধয়ঃ ॥ ১৭

চক্রাণি বিশিখাঃ প্রাসা বিবিধান্যায়ুধানি চ।
প্রপেতুঃ শতশো দিগ্‌ভ্যঃ প্রদিগ্‌ভ্যশ্চার্জুনং প্রতি ॥ ১৮

তাহার পর অর্জুন নিজের বাণসকলে ও অন্যান্য অস্ত্রসকলে সুবলপুত্রাদি সমস্ত গান্ধার যোদ্ধাদিগকে পুনরায় ব্যাকুল করিয়া তুলিলেন ॥ ৫

অনন্তর কুপিত হইয়া অর্জুন অস্ত্র উত্তোলনকারী পাঁচশত গান্ধারদেশীয় বীরগণকে নিহত করিয়া যমলোকে প্রেরণ করিলেন ॥ ৬

মহাবাহু বৃষক সেই অশ্বহীন রথ হইতে শীঘ্র নামিয়া ভ্রাতা অচলের রথে আরোহণ করিলেন এবং সেখানে অন্য একটি ধনু হাতে গ্রহণ করিলেন ॥ ৭

এইভাবে এক রথে উপবিষ্ট থাকিয়া সেই দুই ভ্রাতা বৃষক ও অচল বারংবার বাণবর্ষণ করিয়া অর্জুনকে বিদ্ধ করিতে লাগিলেন ॥ ৮

মহারাজ! আপনার দুই শ্যালক মহামনস্বী রাজকুমার বৃষক ও অচল বৃত্রাসুর এবং বলাসুর কর্তৃক ইন্দ্রকে অস্ত্রবিদ্ধ করিবার ন্যায় অর্জুনকে অত্যন্ত আহত করিয়া ফেলিলেন ॥ ৯

যেরূপ গ্রীষ্মকালের দুই মাস সূর্য্যদেব স্বীয় উষ্ণ কিরণাবলিতে সকল লোককে সন্তাপিত করিয়া থাকেন, সেইরূপ এই দুই ভ্রাতা গান্ধাররাজকুমার লক্ষ্যবেধে সফল হইয়া পাণ্ডুপুত্র অর্জুনকে বারংবার আঘাত করিতে লাগিলেন ॥ ১০

রাজন্! এই দুই নরশ্রেষ্ঠ রাজকুমার বৃষক ও অচল পরস্পর মিলিত দেহ হইয়া রথে উপবেশন করিয়াছিলেন। এরূপ অবস্থাতেই অর্জুন একটি বাণে ইঁহাদের দুইজনকে বধ করিলেন ॥১১

মহারাজ! ইঁহারা দুইজনে সহোদর ভ্রাতা বলিয়া একই লক্ষণে যুক্ত ছিলেন। ইঁহারা উভয়ে সিংহসদৃশ পরাক্রমী, লোহিতলোচন ও বিশাল বাহুতে সুশোভিত ছিলেন। ইঁহারা দুইজনে একই সঙ্গে ভূতলে পতিত হইলেন ॥ ১২

বন্ধুজনগণের প্রিয় এই দুই বীরের শরীর রথ হইতে ধরাতলে পতিত হইল। ইঁহারা উভয়ে নিজেদের পবিত্র যশকে চারিদিকে বিস্তৃত করিয়া ভূতলশায়ী হইলেন ॥ ১৩

প্রজানাথ! যুদ্ধ হইতে যাঁহারা কখনও পলায়ন করেন না, সেই বীর মাতুলদ্বয়কে নিহত হইতে দেখিয়া আপনার পুত্রগণ সকলে অতিশয় অশ্রুবিসর্জ্জন করিতে লাগিলেন ॥ ১৪

নিজের দুই ভ্রাতাকে নিহত হইতে দেখিয়া শত শত মায়ার প্রয়োগে নিপুণ শকুনি শ্রীকৃষ্ণ ও অর্জুনকে মোহিত করিতে করিতে তাঁহাদের উপর মায়াপ্রয়োগ করিলেন ॥ ১৫

তখন অর্জুনের উপর দণ্ড, লোহার গোলা, প্রস্তর, শতঘ্নী, শক্তি, গদা, পরিঘ, খড়্গ, শূল, মুদ্গর, পট্টিশ, কম্পন, ঋষ্টি, নখর, মুসল, পরশু, ক্ষুর, ক্ষুরপ্র, নালীক, বৎসদন্ত, অস্থিসন্ধি, চক্র, বাণ, প্রাস এবং অন্য নানাপ্রকার শত শত অস্ত্র শস্ত্র সমস্ত দিক্ ও বিদিক্ হইতে আসিয়া পতিত হইতেছিল ॥ ১৬-১৮

খরোষ্ট্রমহিষাঃ সিংহা ব্যাঘ্রাঃ সৃমরচিত্রকাঃ।
ঋক্ষাঃ শালাবৃকা গৃধ্রাঃ কপয়শ্চ সরীসৃপাঃ॥ ১৯
বিবিধানি চ রক্ষাংসি ক্ষুধিতান্যর্জুনং প্রতি।
সংক্রুদ্ধান্যভ্যধাবন্ত বিবিধানি বয়াংসি চ॥ ২০
ততো দিব্যাস্ত্রবিচ্ছূরঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
বিসৃজন্নিষুজালানি সহসা তান্যতাড়য়ৎ॥ ২১
তে হন্যমানাঃ শূরেণ প্রবরৈঃ সায়কৈর্দৃঢ়ৈঃ।
বিরুবন্তো মহারাবান্ বিনেশুঃ সর্বতো হতাঃ॥ ২২
ততস্তমঃ প্রাদুরভূদর্জুনস্য রথং প্রতি।
তস্মাচ্চ তমসো বাচঃ ক্রূরাঃ পার্থমভর্ৎসয়ন্॥ ২৩
তৎ তমো ভৈরবং ঘোরং ভয়কর্তৃ মহাহবে।
উত্তমাস্ত্রেণ মহতা জ্যোতিষেণার্জুনোঽবধীৎ॥ ২৪
হতে তস্মিন্ জলৌঘাস্তু প্রাদুরাসন্ ভয়ানকাঃ।
অম্ভসস্তস্য নাশার্থমাদিত্যাস্ত্রমথার্জুনঃ॥ ২৫
প্রাযুঙ্‌ক্তাম্ভস্ততস্তেন প্রায়শোঽস্ত্রেণ শোষিতম্।
এবং বহুবিধা মায়াঃ সৌবলস্য কৃতাঃ কৃতাঃ॥ ২৬
জঘানাস্ত্রবলেনাশু প্রহসন্নর্জুনস্তদা।
তদা হতাসু মায়াসু ত্রস্তোঽর্জুনশরাহতঃ॥ ২৭
অপায়াজ্জবনৈরশ্বৈঃ শকুনিঃ প্রাকৃতো যথা।
ততোঽর্জুনোঽস্ত্রবিচ্ছ্রৈষ্ঠ্যং দর্শয়ন্নাত্মনোঽরিষু॥ ২৮
অভ্যবর্ষচ্ছরৌঘেণ কৌরবাণামনীকিনীম্।
সা হন্যমানা পার্থেন তব পুত্রস্য বাহিনী॥ ২৯
দ্বৈধীভূতা মহারাজ গঙ্গেবাসাদ্য পর্বতম্।
দ্রোণমেবান্বপদ্যন্ত কেচিৎ তত্র নরর্ষভাঃ॥ ৩০
কেচিদ্ দুর্যোধনং রাজন্নর্দ্যমানাঃ কিরীটিনা।
নাপশ্যাম ততস্ত্বেনং সৈন্যে বৈ রজসাবৃতে॥ ৩১
গাণ্ডীবস্য চ নির্ঘোষঃ শ্রুতো দক্ষিণতো ময়া।
শঙ্খদুন্দুভিনির্ঘোষং বাদিত্রাণাঞ্চ নিঃস্বনম্॥ ৩২

গর্দ্দভ, উষ্ট্র, মহিষ, সিংহ, ব্যাঘ্র, সৃমর, চিতাবাঘ, বরাহ, শৃগাল, শকুনি, বানর, সর্প ও নানাপ্রকার ক্ষুধিত রাক্ষস এবং বিবিধ পক্ষী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অর্জুনের দিকে ধাবিত হইল॥

তখন দিব্যাস্ত্রে অভিজ্ঞ বীরবর কুন্তীনন্দন অর্জুন সহসা বাণসমূহ বর্ষণ করিতে করিতে ইহাদের সকলকে বধ করিতে আরম্ভ করিলেন॥ ১৯-২১

বীরবর অর্জুনের সুদৃঢ় ও শ্রেষ্ঠ বাণসমূহে আঘাতপ্রাপ্ত এই সব হিংস্র পশুরা সর্ব্বতোভাবে আহত হইয়া ভয়ঙ্কর চীৎকার করিতে করিতে সেইস্থানেই নষ্ট হইয়া যাইল॥ ২২

তদনন্তর অর্জুনের রথের নিকট অন্ধকার আবির্ভূত হইল এবং সেই অন্ধকার হইতে ক্রূরতাপূর্ণ বহু বাক্য উত্থিত হইয়া পার্থকে ভর্ৎসনা করিতে লাগিল॥ ২৩

সেই মহাসমরে আবির্ভূত ভয়প্রদ, ঘোর ও ভয়ানক অন্ধকারকে অর্জুন স্বীয় বিশাল উত্তম জ্যোতির্ম্ময় অস্ত্রের দ্বারা নষ্ট করিয়া দিলেন॥ ২৪

সেই অন্ধকার নষ্ট হইয়া যাইলে ভয়ঙ্কর জলপ্রবাহ প্রাদুর্ভূত হইল। তখন অর্জুন সেই জলপ্রবাহ নিবারণের জন্য অস্ত্রপ্রয়োগ করিলেন। এই অস্ত্র সমস্ত জলপ্রবাহ শোষণ করিয়া লইল।

এইরূপে সুবলপুত্র শকুনি কর্ত্তৃক বারংবার প্রযুক্ত নানা প্রকারের মায়াকে সেই সময় অর্জুন নিজ অস্ত্রবলে হাসিতে হাসিতেই অতিসত্বর নষ্ট করিয়া দিলেন॥

তখন সমস্ত মায়া নাশপ্রাপ্ত হইলে অর্জুনের বাণসমূহে অত্যন্ত আহত হইয়া ভীত শকুনি অধম মনুষ্যের ন্যায় বেগগামী অশ্বের দ্বারা রণাঙ্গন হইতে পলায়ন করিলেন॥

তদনন্তর অস্ত্রসমূহে অভিজ্ঞ অর্জুন শত্রুদিগকে নিজের হস্তনৈপুণ্য দেখাইতে দেখাইতে কৌরবসৈন্যদের উপর বাণসকল বর্ষণ করিতে লাগিলেন॥

মহারাজ! অর্জুন কর্ত্তৃক প্রহৃত হইয়া আপনার পুত্রের বিশাল সৈন্যবাহিনী সেইভাবে দুইভাগে বিভক্ত হইয়া পড়িল, যেরূপ গঙ্গা বিশাল পর্ব্বতের নিকট যাইয়া দুইভাগে বিভক্ত হইয়া প্রবাহিত হন॥

রাজন্! কিরীটধারী অর্জুনের দ্বারা পীড়িত হইয়া কতক সৈন্য দ্রোণাচার্য্যের পশ্চাতে যাইয়া আত্মগোপন করিল এবং কতক সৈন্য রাজা দুর্য্যোধনের নিকট পলায়ন করিল॥

মহারাজ! সেই সময় আমরা কেহই উত্থিত ধূলিজালে ব্যাপ্ত সৈন্যগণের মধ্যে অর্জুনকে দেখিতে পাইলাম না। আমি ত' কেবল দক্ষিণ হইতে উত্থিত গাণ্ডীবধনুর টঙ্কারধ্বনিই শুনিতে পাইতেছিলাম॥

শঙ্খ ও দুন্দুভিসকলের ধ্বনি, বাদ্যসমূহের শব্দ এবং গাণ্ডীবধনুর গম্ভীর শব্দ আকাশকে অতিক্রম করিয়া স্বর্গলোক পর্য্যন্ত গিয়া উপস্থিত হইল॥

গাণ্ডীবস্য তু নির্ঘোষো ব্যতিক্রম্যাস্পৃশদ্ দিবম্।
ততঃ পুনর্দক্ষিণতঃ সংগ্রামশ্চিত্রযোধিনাম্॥ ৩৩
সুযুদ্ধং চার্জুনস্যাসীদহং তু দ্রোণমন্বিয়াম্।
যৌধিষ্ঠিরাণ্যনীকানি প্রহরন্তি ততস্ততঃ॥ ৩৪
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তব ভারত।
অর্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ॥ ৩৫
তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্।
মহেষ্বাসা নরব্যাঘ্রা নোগ্রং কেচিদবারয়ন্॥ ৩৬
তে হন্যমানাঃ পার্থেন ত্বদীয়া ব্যথিতা ভৃশম্।
স্বানেব বহবো জঘ্নুর্বিদ্রবন্তস্ততস্ততঃ॥ ৩৭
তেঽর্জুনেন শরা মুক্তাঃ কঙ্কপত্রাস্তনুচ্ছিদঃ।
শলভা ইব সম্পেতুঃ সংবৃণ্বানা দিশো দশ॥ ৩৮
তুরগং রথিনং নাগং পদাতিমপি মারিষ।
বিনির্ভিদ্য ক্ষিতিং জগ্মুর্বল্মীকমিব পন্নগাঃ॥ ৩৯

ন চ দ্বিতীয়ং ব্যসৃজৎ কুঞ্জরাশ্বনরেষু সঃ।
পৃথগেকশরারুগ্ণা নিপেতুস্তে গতাসবঃ॥ ৪০
হতৈর্মনুষ্যৈর্দ্বিরদৈশ্চ সর্বতঃ
শরাভিসৃষ্টৈশ্চ হয়ৈর্নিপাতিতৈঃ।
তদা শ্ব-গোমায়ুবলাভিনাদিতং
বিচিত্রমায়োধশিরো বভূব তৎ॥ ৪১
পিতা সুতং ত্যজতি সুহৃদ্বরং সুহৃৎ
তথৈব পুত্রঃ পিতরং শরাতুরঃ।
স্বরক্ষণে কৃতমতয়স্তদা জনা-
স্ত্যজন্তি বাহানপি পার্থপীড়িতাঃ॥ ৪২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধপর্ব্বণি শকুনিপলায়নে ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩০

তাহার পর পুনরায় দক্ষিণদিকে বিচিত্ররূপে যুদ্ধকারী যোদ্ধাগণের অর্জুনের সহিত ঘোরতর যুদ্ধ হইতে লাগিল এবং আমি দ্রোণাচার্য্যের নিকট চলিয়া যাইলাম॥

হে ভারত! তখন যুধিষ্ঠিরের সৈন্যরা এদিকে ওদিকে সর্ব্বদা অস্ত্রপ্রহার করিতেছিল। যেরূপ বায়ু আকাশে মেঘমণ্ডলকে ছিন্ন-ভিন্ন করিয়া দেয়, সেইরূপ অর্জুন সেই সময়ে আপনার পুত্রগণের বিভিন্ন সৈন্যদিগকে বিতাড়িত করিয়া দিলেন॥২৫-৩৫

ইন্দ্রের ন্যায় বাণরূপী প্রভূত জলবর্ষণকারী ভয়ঙ্কর বীর অর্জুনকে আসিতে দেখিয়া আপনার পুরুষশ্রেষ্ঠ মহাধনুর্দ্ধর যোদ্ধাদের মধ্যে কেহই তাঁহাকে রুদ্ধ করিতে পারিলেন না॥ ৩৬

অর্জুনের দ্বারা পুনঃ পুনঃ প্রহৃত হইয়া আপনার সৈন্যরা অত্যন্ত পীড়িত হইয়া পড়িল। তাহাদের মধ্যে অনেককে এদিকে ওদিকে পলায়ন করিবার সময় আপনার পক্ষেরই যোদ্ধাগণ সংহার করিতে লাগিলেন॥ ৩৭

অর্জুনকর্ত্তৃক নিক্ষিপ্ত কঙ্কপত্রযুক্ত বাণসমূহ বিপক্ষ বীরগণের শিরশ্ছেদ করিতে লাগিল। এই বাণসকল সমস্ত দিক্‌কে আচ্ছাদিত করিয়া পতঙ্গদলের ন্যায় সেখানে সর্ব্বস্থানে পতিত হইতে থাকিল॥ ৩৮

আর্য্য! এই বাণসকল অশ্ব, রথী, হস্তী ও পদাতি সৈন্যদিগকেও বিদীর্ণ করিয়া সেইভাবে ভূতলে প্রবিষ্ট হইতেছিল, যেরূপ সর্পগণ বল্মীকের মধ্যে প্রবেশ করিয়া থাকে॥ ৩৯

হস্তী, অশ্ব ও মনুষ্যগণের উপর অর্জুন দ্বিতীয় কোন বাণ নিক্ষেপ করিতেছিলেন না। তাহাদের সকলেই একই বাণের দ্বারা প্রাণহীন হইয়া ধরাশায়ী হইতেছিল॥ ৪০

তখন বাণসমূহের আঘাতে বহু মনুষ্যই মৃত্যুমুখে পতিত হইল, চারিদিকেই হাতীরা ধরাশায়ী হইয়াছিল এবং বহু অশ্বও নিহত হইয়াছিল। সেই সময় কুকুর ও শকুনিদলের দ্বারা কোলাহলপূর্ণ হইয়া যুদ্ধভূমির অধিকাংশভাগই অদ্ভুত বলিয়া মনে হইতেছিল॥ ৪১

সেখানে পিতা পুত্রকে ত্যাগ করিতেছিল, সুহৃৎ সুহৃৎকে এবং পুত্র বাণসমূহের আঘাতে পীড়িত হইয়া পিতাকে ত্যাগ করিতে লাগিল। সেই সময় অর্জুনের বাণসমূহে পীড়িত হইয়া সকল মানুষই নিজ নিজ প্রাণ রক্ষা করিবার জন্য বুদ্ধিস্থির করত যান-বাহন পরিত্যাগ করিয়াই পলায়ন করিতে লাগিল॥ ৪২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে শকুনির পলায়নবিষয়ক ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একত্রিংশোঽধ্যায়ঃ ।

[কৌরব-পাণ্ডবসৈন্যানাং তুমুলং যুদ্ধম্, অশ্বত্থাম্না রাজ্ঞো নীলস্য সংহারশ্চ

ধৃতরাষ্ট্র উবাচ ।

তথানীকেষু ভগ্নেষু পাণ্ডুপুত্রেণ সঞ্জয় ।
চলিতানাং হতানাঞ্চ কথমাসীন্মনো হি বঃ ॥ ১

অনীকানাং প্রভগ্নানামবস্থানমপশ্যতাম্ ।
দুষ্করং প্রতিসন্ধানং তন্মমাচক্ষ্ব সঞ্জয় ॥ ২

সঞ্জয় উবাচ ।

তথাপি তব পুত্রস্য প্রিয়কামা বিশাম্পতে ।
যশঃ প্রবীরা লোকেষু রক্ষন্তো দ্রোণমন্বয়ুঃ ॥ ৩

সমুদ্যতেষু চাস্ত্রেষু সম্প্রাপ্তে চ যুধিষ্ঠিরে ।
অকুর্ব্বন্নার্য্যকর্মাণি ভৈরবে সত্যভীতবৎ ॥ ৪

অন্তরং ভীমসেনস্য প্রাপতন্নমিতৌজসঃ ।
সাত্যকেশ্চৈব বীরস্য ধৃষ্টদ্যুম্নস্য বা বিভো ॥ ৫

দ্রোণং দ্রোণমিতি ক্রূরাঃ পাঞ্চালাঃ সমচোদয়ন্ ।
মা দ্রোণমিতি পুত্রাস্তে কুরূন্ সর্ব্বানচোদয়ন্ ॥ ৬

দ্রোণং দ্রোণমিতি হ্যেকে মা দ্রোণমিতি চাপরে ।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ দ্রোণদ্যূতমবর্ত্তত ॥ ৭

যং যং প্রমথতে দ্রোণঃ পাঞ্চালানাং রথব্রজম্ ।
তত্র তত্র তু পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত ॥ ৮

তথা ভাগবিপর্য্যাসৈঃ সংগ্রামে ভৈরবে সতি ।
বীরাঃ সমাসদন্ বীরান্ কুর্ব্বন্তো ভৈরবং রবম্ ॥ ৯

অকম্পনীয়াঃ শত্রূণাং বভূবুস্তত্র পাণ্ডবাঃ ।
অকম্পয়ন্ননীকানি স্মরন্তঃ ক্লেশমাত্মনঃ ॥ ১০

তে ত্বমর্ষবশং প্রাপ্তা হ্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ ।
ত্যক্ত্বা প্রাণান্ ন্যবর্ত্তন্ত ঘ্নন্তো দ্রোণং মহাহবে ॥ ১১

একবিংশ অধ্যায় ।

[কৌরব-পাণ্ডবসৈন্যদের মধ্যে তুমুল যুদ্ধ এবং অশ্বত্থামাকর্তৃক রাজা নীলের সংহার ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয় ! পাণ্ডুপুত্র অর্জুন কর্তৃক পরাজিত হইয়া যখন সমস্ত সৈন্যরাই পলায়ন করিল, তখন বিচলিত হইয়া পলায়নপর তোমাদের মনের অবস্থা কিরূপ হইয়াছিল ? ১

যখন পলায়নরত সৈন্যগণের কোথাও দাঁড়াইবার স্থান দেখা যাইল না, সেই সময় তাহাদিগকে পুনরায় সংগঠিত করা অতিশয় দুষ্কর কার্য্য, অতএব সঞ্জয় ! তুমি আমাকে এই বৃত্তান্ত যথাযথভাবে বলিয়া শুনাও ॥ ২

সঞ্জয় বলিলেন,—প্রজানাথ ! যদিও সৈন্যদের মধ্যে ঘোরতর ভাঙ্গনের সৃষ্টি হইয়াছিল, তথাপি বহুসংখ্যক বিশ্ববিখ্যাত বীর আপনার পুত্র দুর্য্যোধনের প্রিয় করিবার ইচ্ছায় যশ রক্ষা করিতে করিতে সেই সময় দ্রোণাচার্য্যের অনুগমন করিলেন ॥ ৩

প্রভো ! সেই ভয়ঙ্কর সংগ্রাম পুনরায় আরম্ভ হইলে পর সমস্ত যোদ্ধারা নির্ভয়চিত্তে আর্য্যজনোচিত পুরুষার্থ প্রকাশ করিতে লাগিলেন। যখন সকল যোদ্ধারাই অস্ত্র উত্তোলন করিলেন এবং যুধিষ্ঠিরও সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন, তখন ভীমসেন, সাত্যকি কিংবা বীর ধৃষ্টদ্যুম্নের অসাবধানতার সুযোগ পাইয়া অমিততেজস্বী কৌরব যোদ্ধারা পাণ্ডবসৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ৪-৫

ক্রূরস্বভাব পাঞ্চাল সৈন্যগণ পরস্পরকে প্রেরিত করিতে থাকিলেন অরে, দ্রোণাচার্য্যকে বন্দী কর, দ্রোণাচার্য্যকে ধরিয়া ফেল এবং আপনার পুত্রগণ কৌরবসৈন্যদের আদেশ দিলেন যে, দেখ, কোনরূপেই যেন কেহ দ্রোণাচার্য্যকে বন্দী করিতে না পারে ॥ ৬

এক দিক্ হইতে বীরত্বব্যঞ্জক শব্দ আসিতে লাগিল যে, 'দ্রোণকে বন্দী কর, দ্রোণকে বন্দী কর,' আর অপর দিক্ হইতে শব্দ উত্থিত হইতে থাকিল যে, 'দ্রোণকে কেহই বন্দী করিতে সমর্থ হইবে না।' এইরূপ সেখানে দ্রোণাচার্য্যকে পণ রাখিয়া কৌরব ও পাণ্ডব যোদ্ধাদের মধ্যে যুদ্ধরূপ পাশাখেলা আরম্ভ হইল ॥ ৭

পাঞ্চাল-সৈন্যদের যে যে রথসমুদায়কে দ্রোণাচার্য্য মথিত করিবার চেষ্টা করিতে লাগিলেন, সেই সেই স্থানেই পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্নই তাঁহার সম্মুখীন হইবার জন্য ছুটিয়া আসিলেন ॥ ৮

এইভাবে ভাগ্যবিপর্য্যয়ের দ্বারা ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইয়া যাইলে ভয়ানক গর্জন করিতে করিতে উভয়পক্ষের বীর সৈন্যগণ বিপক্ষ বীরগণের উপর আক্রমণ করিলেন ॥ ৯

সেই সময় পাণ্ডবগণকে শত্রুদল বিচলিত করিতে পারিল না। তাঁহারা নিজেদের উপর প্রদত্ত ক্লেশসমূহ স্মরণ করিতে করিতে আপনার সৈন্যদিগকে কাঁপাইয়া তুলিলেন ॥ ১০

পাণ্ডবেরা লজ্জাশীল, সত্ত্বগুণপ্রেরিত ও অমর্ষের বশীভূত

অয়সামিব সম্পাতঃ শিলানামিব চাভবৎ।
দীব্যতাং তুমুলে যুদ্ধে প্রাণৈরমিততেজসাম্ ॥ ১২

ন তু স্মরন্তি সংগ্রামমপি বৃদ্ধাস্তথাবিধম্।
দৃষ্টপূর্বং মহারাজ শ্রুতপূর্বমথাপি বা ॥ ১৩

প্রাকম্পতেব পৃথিবী তস্মিন্ বীরাবসাদনে।
নিবর্ততা বলৌঘেন মহতা ভারপীড়িতা ॥ ১৪

ঘূর্ণতোঽপি বলৌঘস্য দিবং স্তব্ধ্বেব নিঃস্বনঃ।
অজাতশত্রোস্তৎসৈন্যমাবিবেশ সুভৈরবঃ ॥ ১৫

সমাসাদ্য তু পাণ্ডূনামনীকানি সহস্রশঃ।
দ্রোণেন চরতা সংখ্যে প্রভগ্নানি শিতৈঃ শরৈঃ ॥ ১৬

তেষু প্রমথ্যমানেষু দ্রোণেনাদ্ভুতকর্মণা।
পর্য্যবারয়দাসাদ্য দ্রোণং সেনাপতিঃ স্বয়ম্ ॥ ১৭

তদদ্ভুতমভূদ্ যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তথা।
নৈব তস্যোপমা কাচিদিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৮

ততো নীলোঽনলপ্রখ্যো দদাহ কুরুবাহিনীম্।
শরস্ফুলিঙ্গশ্চাপার্চির্দহন্ কক্ষমিবানলঃ ॥ ১৯

তং দহন্তমনীকানি দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
পূর্বাভিভাষী সুশ্লক্ষ্ণং স্ময়মানোঽভ্যভাষত ॥ ২০

নীল কিং বহুভির্দগ্ধৈস্তব যোধৈঃ শরার্চিষা।
ময়ৈকেন হি যুধ্যস্ব ক্রুদ্ধঃ প্রহর চাশু মাম্ ॥ ২১

তং পদ্মনিকরাকারং পদ্মপত্রনিভেক্ষণম্।
ব্যাকোশপদ্মাভমুখো নীলো বিব্যাধ সায়কৈঃ ॥ ২২

তেনাপি বিদ্ধঃ সহসা দ্রৌণির্ভল্লৈঃ শিতৈস্ত্রিভিঃ।
ধনুর্ধ্বজঞ্চ ছত্রঞ্চ দ্বিষতঃ স ন্যকৃন্তত ॥ ২৩

স প্লুতঃ স্যন্দনাত্তস্মান্নীলশ্চর্মবরাসিভৃৎ।
দ্রৌণায়নেঃ শিরঃ কায়াদ্ধর্ত্তুমৈচ্ছৎ পতত্ত্রিবৎ ॥ ২৪

ছিলেন। তাঁহার প্রাণের মায়া না করিয়া সেই মহাসংগ্রামে দ্রোণাচার্য্যকে বধ করিবার জন্য ফিরিয়া আসিলেন ॥ ১১

সেই ভয়ঙ্কর যুদ্ধে প্রাণের পণ বাখিয়া যুদ্ধরূপ অক্ষক্রীড়াকারী অমিততেজস্বী বীরগণের সঙ্ঘর্ষ লৌহ ও পাথরের পরস্পর আঘাতজনিত শব্দের ন্যায় শব্দ করিতে লাগিল ॥ ১২

মহারাজ! বৃদ্ধগণ পর্য্যন্তও সেরূপ ভয়ানক সংগ্রামের কথা পূর্ব্বে কখনও হইয়াছে বলিয়া দেখেন নাই বা শ্রবণও করেন নাই এবং স্মরণ করিতেও পারেন না ॥ ১৩

বীরগণের বিনাশকর এই সংগ্রামে প্রত্যাবর্তনরত বিশাল সৈন্যবাহিনীর দ্বারা নিদারুণ ভাবে পীড়িত হইয়া এই পৃথিবী দেবী কাঁদিতে লাগিলেন ॥ ১৪

সেখানে চারিদিকে সৈন্যগণ ঘুরিতে থাকিলে তখন সৈন্যসমূহের অত্যন্ত ভয়ঙ্কর কোলাহল আকাশকে যেন স্তব্ধ করিতে করিতেই অজাতশত্রু যুধিষ্ঠিরের সৈন্যদের মধ্যে ব্যাপ্ত হইয়া পড়িল ॥ ১৫

রণাঙ্গনে বিচরণকারী দ্রোণাচার্য্য পাণ্ডব-সৈন্যদের মধ্যে প্রবেশ করিয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে সহস্র সহস্র সৈন্যের শরীর ভাঙিয়া দিলেন ॥ ১৬

অদ্ভুত পরাক্রমকারী দ্রোণাচার্য্য কর্তৃক যখন সৈন্যদের মন্থন হইতেছিল, তখন স্বয়ং সেনাপতি ধৃষ্টদ্যুম্ন দ্রোণের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে রুদ্ধ করিলেন ১৭

তখন সেই স্থানে দ্রোণাচার্য্যও ধৃষ্টদ্যুম্নের মধ্যে অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল, যাহার কোন তুলনাই পাওয়া যায় না,—ইহার আমার বিশ্বাস ॥ ১৮

তদনন্তর অগ্নিতুল্য কান্তিমান্ নীল বাণরূপী অগ্নিস্ফুলিঙ্গ ও ধনুরূপী অগ্নিশিখা বিস্তার করিতে করিতে কৌরব-সৈন্যদিগকে সেই ভাবে দগ্ধ করিতে আরম্ভ করিলেন, যেরূপ অগ্নি তৃণাদিকে দগ্ধ করিয়া থাকেন ॥ ১৯

রাজা নীলকে কৌরব-সৈন্যদিগকে দগ্ধ করিতে দেখিয়া দ্রোণপুত্র প্রভাবশালী অশ্বত্থামা স্বয়ংই প্রথমে বাক্যালাপ পূর্ব্বক হাস্য সহকারে মধুর ভাষায় বলিলেন ॥ ২০

নীল! বাণাগ্নির দ্বারা বহুসংখ্যক যোদ্ধাকে দগ্ধ করিয়া তোমার কি লাভ হইবে? তুমি একাকী আমার সহিত যুদ্ধ কর এবং ক্রুদ্ধ হইয়া সত্বর আমার উপর বাণবর্ষণ কর ॥ ২১

নীলের মুখ বিকসিত পদ্মের ন্যায় কান্তিমান্ ছিল। তিনি পদ্মজালসদৃশ আকৃতিবিশিষ্ট ও পদ্মপত্রতুল্য নেত্রসম্পন্ন অশ্বত্থামাকে স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে বিদ্ধ করিলেন ॥ ২২

ইহার দ্বারা আহত হইয়াও অশ্বত্থামা সহসা তীক্ষ্ণ তিনটি ভল্লের দ্বারা স্বীয় শত্রু নীলের ধনু ধ্বজ ও ছত্রকে ছেদন করিয়া ফেলিলেন ॥ ২৩

তখন নীল ঢাল ও সুন্দর তরবারি হাতে লইয়া সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন। যেরূপ কোন পক্ষী অভিলষিত বস্তু ঝাপটা দিয়া কাড়িয়া লইবার চেষ্টা করিয়া থাকে, সেইরূপ নীলও অশ্বত্থামার দেহ হইতে মস্তক বিচ্ছিন্ন করিবার ইচ্ছা করিলেন ॥২৪

তস্যোন্নতাংসং সুনসং শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ভল্লেনাপাহরদ্ দ্রৌণিঃ স্ময়মান ইবানঘ ॥ ২৫
সম্পূর্ণচন্দ্রাভমুখঃ পদ্মপত্রনিভেক্ষণঃ।
প্রাংশুরুৎপলপত্রাভো নিহতো ন্যপতদ্ ভুবি ॥ ২৬
ততঃ প্রবিব্যথে সেনা পাণ্ডবী ভৃশমাকুলা।
আচার্য্যপুত্রেণ হতে নীলে জ্বলিততেজসি ॥ ২৭
অচিন্তয়ংশ্চ তে সর্বে পাণ্ডবানাং মহারথাঃ।
কথং নো বাসবিস্ত্রায়াচ্ছত্রুভ্য ইতি মারিষ ॥ ২৮
দক্ষিণেন তু সেনায়াঃ কুরুতে কদনং বলী।
সংশপ্তকাবশেষস্য নারায়ণবলস্য চ ॥ ২৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধপর্ব্বণি নীলবধে একত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১

নিষ্পাপ নরেশ! সেই সময় অশ্বত্থামা হাসিতে হাসিতেই একটি ভল্ল প্রহার করিয়া তাহার দ্বারা নীলের উচ্চ স্কন্ধ, সুন্দর নাসিকা এবং কুণ্ডল সহ মস্তককে দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন ॥ ২৫

পূর্ণচন্দ্রসদৃশ কান্তিমান্ মুখ ও কমলদলতুল্য সুন্দর নেত্রবিশিষ্ট রাজা নীল অতিশয় দীর্ঘাকৃতি ছিলেন। তাঁহার অঙ্গকান্তি নীলপদ্মের ন্যায় ছিল। তিনি অশ্বত্থামা কর্তৃক নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥ ২৬

আচার্য্য দ্রোণের পুত্র অশ্বত্থামার দ্বারা প্রজ্বলিত অগ্নিতুল্য তেজস্বী রাজা নীল নিহত হইলে পাণ্ডব-সৈন্যরা অত্যন্ত ব্যাকুল ও ব্যথিত হইয়া পড়িলেন ॥ ২৭

আর্য্য! সেই সময় সমস্ত পাণ্ডব মহারথিগণ এই চিন্তা করিতে লাগিলেন যে, ইন্দ্রনন্দন অর্জুন শত্রুদিগের নিকট হইতে আমাদের কিরূপে রক্ষা করিবেন? ২৮

সেই বলবান্ অর্জুন এই সৈন্যবাহিনীর দক্ষিণ ভাগে হতাবশিষ্ট সংশপ্তক ও নারায়ণী সৈন্যদের সংহার করিতেছেন ॥ ২৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্বান্তর্গত সংশপ্তক-বধপর্বে নীলের বধ বিষয়ক একত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

[কৌরবপাণ্ডবসেনয়োস্তুমুলং যুদ্ধম্, ভীমসেনস্য কৌরব-মহারথিভিঃ সহ সংগ্রামে ঘোরঃ সংহারঃ, পাণ্ডবানাং দ্রোণং প্রত্যাক্রমণমর্জুন-কর্ণয়োর্যুদ্ধং, কর্ণভ্রাতৄণাং বধঃ, কর্ণসাত্যক্যোঃ সংগ্রামশ্চ।]

সঞ্জয় উবাচ।
প্রতিঘাতং তু সৈন্যস্য নামৃষ্যত বৃকোদরঃ।
সোঽভ্যাহনদ্ গুরুং ষষ্ট্যা কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ ॥ ১
তস্য দ্রোণঃ শিতৈর্বাণৈস্তীক্ষ্ণধারৈরজিহ্মগৈঃ।
জীবিতান্তমভিপ্রেপ্সুর্মর্মাণ্যাশু জঘান হ ॥ ২
আনন্তর্য্যমভিপ্রেপ্সুঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ।
কর্ণো দ্বাদশভির্বাণৈরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥ ৩
ষড়্‌ভির্দুর্য্যোধনো রাজা তত এনমথাকিরৎ।
ভীমসেনোঽপি তান্ সর্বান্ প্রত্যবিধ্যন্মহাবলঃ ॥ ৪

দ্বাত্রিংশ অধ্যায়।

[কৌরব-পাণ্ডব সৈন্যদের মধ্যে তুমুল সংগ্রাম, কৌরব-মহারথী বীরগণের সহিত ভীমসেনের যুদ্ধে ভয়ানক লোকক্ষয়, দ্রোণাচার্য্যের উপর পাণ্ডবগণের আক্রমণ, অর্জুন ও কর্ণের যুদ্ধ, কর্ণের ভ্রাতাদের বিনাশ এবং কর্ণ ও সাত্যকির সংগ্রাম।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! নিজের সৈন্যদের এই বিনাশ ভীমসেন সহ্য করিতে পারিলেন না। তিনি গুরুদেব দ্রোণাচার্য্যকে ষাট ও কর্ণকে দশ বাণে আহত করিয়া ফেলিলেন ॥ ১

তখন দ্রোণাচার্য্য সরলগামী, তীক্ষ্ণ ধারাল ও শানিত বাণসমূহের দ্বারা অতিক্রুদ্ধ ভীমসেনের মর্ম্মস্থানসকলের উপর আঘাত করিলেন। এই বাণগুলি সেই সময় ভীমের প্রাণনাশ করিতে অভিলাষী ছিল ॥ ২

এই আঘাত-প্রতিঘাতকে নিরন্তর চালাইয়া যাইবার ইচ্ছায় দ্রোণাচার্য্য ভীমসেনকে ছাব্বিশ, কর্ণ বার এবং অশ্বত্থামা সাতটি বাণপ্রহার করিলেন ॥ ৩

তদনন্তর রাজা দুর্য্যোধন তাঁহার উপর আরও ছয়টি বাণের দ্বারা বিদ্ধ করিলেন। তখন ভীমসেনও ইঁহাদের সকলকে নিজ বাণসমূহে প্রত্যাঘাত করিতে লাগিলেন ॥ ৪

দ্রোণং পঞ্চাশতেষূণাং কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ।
দুর্য্যোধনং দ্বাদশভির্দ্রৌণিমষ্টাভিরাশুগৈঃ॥ ৫
আরাবং তুমুলং কুর্বন্নভ্যবর্ত্তত তান্ রণে।
তস্মিন্ সংত্যজতি প্রাণান্ মৃত্যুসাধারণীকৃতে॥ ৬
অজাতশত্রুস্তান্ যোধান্ ভীমং ত্রাতেত্যচোদয়ৎ।
তে যযুর্ভীমসেনস্য সমীপমমিতৌজসঃ॥ ৭
যুযুধানপ্রভৃতয়ো মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
তে সমেত্য সুসংরব্ধাঃ সহিতাঃ পুরুষর্ষভাঃ॥৮
মহেষ্বাসবরৈর্গুপ্তা দ্রোণানীকং বিভিৎসবঃ।
সমাপেতুর্মহাবীর্য্যা ভীমপ্রভৃতয়ো রথাঃ॥ ৯
তান্ প্রত্যগৃহ্লাদব্যগ্রো দ্রোণোঽপি রথিনাং বরঃ।
মহারথানতিবলান্ বীরান্ সমরযোধিনঃ॥ ১০
বাহ্যং মৃত্যুভয়ং কৃত্বা তাবকান্ পাণ্ডবা যযুঃ।
সাদিনঃ সাদিনোঽভ্যঘ্নংস্তথৈব রথিনো রথান্॥ ১১

আসীচ্ছক্ত্যাসি সম্পাতো যুদ্ধমাসীৎ পরশ্বধৈঃ।
প্রকৃষ্টমসিযুদ্ধঞ্চ বভূব কটুকোদয়ম্॥ ১২
কুঞ্জরাণাঞ্চ সম্পাতে যুদ্ধমাসীৎ সুদারুণম্।
অপতৎ কুঞ্জরাদন্যো হয়াদন্যস্ত্ববাক্‌শিরাঃ॥ ১৩
নরো বাণবিনির্ভিন্নো রথাদন্যশ্চ মারিষ।
তত্রান্যস্য চ সম্মর্দে পতিতস্য বিবর্মণঃ॥ ১৪
শিরঃ প্রধ্বংসয়ামাস বক্ষস্যাক্রম্য কুঞ্জরঃ।
অপরাংশ্চাপরেঽমৃদ্‌গন্ বারণাঃ পতিতান্ নরান্॥১৫
বিষাণৈশ্চাবনিং গত্বা ব্যভিন্দন্ রথিনো বহূন্।
নরান্ত্রৈঃ কেচিদপরে বিষাণালগ্নসংশ্রয়ৈঃ॥ ১৬
বভ্রমুঃ সমরে নাগা মৃদ্‌গন্তঃ শতশো নরান্।
কার্ষ্ণায়সতনুত্রাণান্ নরাশ্ব-রথ-কুঞ্জরান্॥ ১৭
পতিতান্ পোথয়াঞ্চক্রুর্দ্বিপাঃ স্থূলনলানিব।
গৃধ্রপত্রাধিবাসাংসি শয়নানি নরাধিপাঃ॥ ১৮

তিনি দ্রোণাচার্য্যকে পঞ্চাশ, কর্ণকে দশ, দুর্য্যোধনকে বার এবং অশ্বত্থামাকে আটটী বাণ প্রহার করিলেন॥ ৫

তাহার পর ভয়ঙ্কর গর্জন করিতে করিতে ভীমসেন রণাঙ্গনে তাঁহাদের সকলকে আক্রমণ করিলেন। যখন ভীমসেন এই সময় মৃত্যুতুল্য অবস্থায় উপস্থিত হইয়া পড়িলেন এবং মৃত্যুও তাঁহাকে সাধারণ যোদ্ধার ন্যায় গ্রাস করিতে উদ্যত হইল, তখন অজাতশত্রু যুধিষ্ঠির নিজের যোদ্ধাদের এই বলিয়া পাঠাইলেন যে, তোমরা সকলে ভীমসেনকে রক্ষা কর। এই কথা শ্রবণ করিয়া অমিত-তেজস্বী বীরগণ ভীমসেনের নিকটে গমন করিলেন॥ ৬-৭

সাত্যকি প্রভৃতি মহারথীরা এবং মাদ্রীনন্দন দুই পাণ্ডব নকুল-সহদেব—এই সব পুরুষশ্রেষ্ঠ বীর পরস্পর একত্রে মিলিত হইয়া অতিশয় ক্রোধের সহিত প্রধান প্রধান ধনুর্দ্ধরগণ কর্ত্তৃক সুরক্ষিত থাকিয়া দ্রোণাচার্য্যের সৈন্যবাহিনীকে বিদীর্ণ করিবার ইচ্ছায় তাহাদের আক্রমণ করিলেন। এই ভীমাদি মহারথী বীরগণ অতিশয় পরাক্রমী ছিলেন॥ ৮-৯

সেই সময় রথীদিগের মধ্যে শ্রেষ্ঠ আচার্য্য দ্রোণ ব্যাকুলতা ত্যাগ করিয়া সেই সমরাঙ্গনে যুদ্ধনিরত অত্যন্ত বলবান্ মহারথী বীরদিগকে রুদ্ধ করিলেন॥ ১০

কিন্তু পাণ্ডব-যোদ্ধারা নিজেদের মৃত্যুভয়কে দূরে পরিত্যাগ করিয়া আপনার সৈন্যদের উপর আক্রমণ করিলেন। অশ্বারোহী যোদ্ধারা অশ্বারোহী যোদ্ধাদিগকে এবং রথারোহী যোদ্ধারা রথারোহী যোদ্ধাদিগকে সংহার করিতে লাগিলেন॥ ১১

সেই যুদ্ধে প্রাণঘাতী শক্তি ও খড়্গসকলের প্রহার চলিতেছিল। পরশুর দ্বারাও হানাহানি হইতেছিল। তরবারি আকর্ষণ করিয়া তাহার এরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইতেছিল যে, তাহার কটু পরিণাম আমাদের সাক্ষাতেই আসিয়া উপস্থিত হইল॥ ১২

হস্তীদের মধ্যে সংঘর্ষে অত্যন্ত দারুণ সংগ্রাম হইতে লাগিল। কোন ব্যক্তি হাতী হইতে পতিত হইল এবং কোন ব্যক্তি অধোমস্তকে ধরাশায়ী হইল॥ ১৩

আর্য্য! এই যুদ্ধে বাণে বিদীর্ণ হইয়া রথী মানুষ রথ হইতে পতিত হইল। কোনস্থলে যোদ্ধা কবচশূন্য হইয়া ধরাতলে পতিত হইতে লাগিল এবং সহসা কোন হাতী তাহার বক্ষঃস্থলে পা রাখিয়া তাহার মস্তক বিধ্বস্ত করিয়া দিল॥

অপর হাতীরা অন্য স্থলে পতিত যোদ্ধাদিগকে নিজ নিজ পায়ের চাপে মর্দ্দিত করিতে লাগিল এবং ভূতলে নিজেদের দন্তের আঘাত করিয়া বহুসংখ্যক রথকে বিদীর্ণ করিয়া দিল॥

অপর কোন কোন হাতীরা নিজেদের দন্তে সংলগ্ন মানুষের অন্ত্রসমূহ লইয়া সমরাঙ্গনে শত শত যোদ্ধাকে মর্দ্দিত করিতে করিতে চারিদিকে ঘুরিতে লাগিল॥

কৃষ্ণবর্ণের লৌহময় কবচধারণ করত রণাঙ্গনে পতিত বহু মনুষ্য, রথ, অশ্ব ও হাতীদিগকে বড় বড় গজরাজগণ স্থূল নরকুলের ন্যায় প্রোথিত করিয়া ফেলিল॥

নরপতিগণ কালসংযোগবশতঃ অত্যন্ত দুঃখদায়িনী ও গৃধ্রপক্ষ-

হ্রীমন্তঃ কালসম্পর্কাৎ সুহৃঃখান্যনুশেরতে।
হন্তি স্মাত্র পিতা পুত্রং রথেনাভ্যেত্য সংযুগে॥ ১৯

পুত্রশ্চ পিতরং মোহান্নির্মর্য্যাদমবর্তত।
রথো ভগ্নো ধ্বজশ্ছিন্নশ্ছত্রমুর্ব্যাং নিপাতিতম্॥ ২০

যুগার্ধং ছিন্নমাদায় প্রদুদ্রাব তথা হয়ঃ।
সাসির্বাহুর্নিপতিতঃ শিরশ্ছিন্নং সকুণ্ডলম্॥ ২১

গজেনাক্ষিপ্য বলিনা রথঃ সঞ্চূর্ণিতঃ ক্ষিতৌ।
রথিনা তাড়িতো নাগো নারাচেনাপতৎ ক্ষিতৌ॥ ২২

সারোহশ্চাপতদ্ বাজী গজেনাভ্যাহতো ভৃশম্।
নির্মর্য্যাদং মহদ্ যুদ্ধমবর্তত সুদারুণম্॥ ২৩

হা তাত হা পুত্র সখে ক্বাসি তিষ্ঠ ক্ব ধাবসি।
প্রহরাহর জহ্যেনং স্মিতক্ষ্বেড়িতগর্জিতৈঃ॥ ২৪

ইত্যেবমুচ্চরন্তি স্ম শ্রূয়ন্তে বিবিধা গিরঃ।
নরস্যাশ্বস্য নাগস্য সমসজ্জত শোণিতম্॥ ২৫

উপাশাম্যদ্ রজো ভৌমং ভীরূন্ কশ্মলমাবিশৎ।
চক্রেণ চক্রমাসাদ্য বীরো বীরস্য সংযুগে॥ ২৬

অতীতেষুপথে কালে জহার গদয়া শিরঃ।
আসীৎ কেশপরামর্শো মুষ্টিযুদ্ধঞ্চ দারুণম্॥ ২৭

নখৈর্দন্তৈশ্চ শূরাণামদ্বীপে দ্বীপমিচ্ছতাম্।
তত্রাচ্ছিদ্যত শূরস্য সখড়্গো বাহুরুদ্যতঃ॥ ২৮

সধনুশ্চাপরস্যাপি সপরঃ সাঙ্কুশস্তথা।
আক্রোশদন্যমন্যোঽত্র তথান্যো বিমুখোঽদ্রবৎ॥ ২৯

অন্যঃ প্রাপ্তস্য চান্যস্য শিরঃ কায়াদপাহরৎ।
সশব্দমদ্রবচ্চান্যঃ শব্দাদন্যোঽত্রসদ্ ভৃশম্॥ ৩০

রূপী বিছানাসম্বলিত শয্যায় লজ্জার সহিত শয়ন করিতে লাগিলেন॥

সেখানে পিতা রথের দ্বারা যুদ্ধক্ষেত্রে আসিয়া পুত্রকেই বধ করিয়া ফেলিলেন এবং কোথাও পুত্রও আবার মোহবশতঃ পিতার প্রাণহরণ করিতে লাগিল। এইভাবে সেখানে নিয়ম-শৃঙ্খলাহীন যুদ্ধ হইতে লাগিল॥

তখন বহু রথ ভাঙিয়া যাইল, ধ্বজ ছিন্ন হইল, ছত্র ভূতলে পতিত হইল এবং যুগসকল খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। সেই খণ্ডিত অর্দ্ধযুগভাগকে লইয়াই অশ্বরা সবেগে পলায়ন করিতে লাগিল॥

রণাঙ্গনে বহু বীর যোদ্ধার বাহু তরবারিসহ ছিন্ন হইয়া ভূতলে পতিত ছিল। বহু যোদ্ধার মস্তক কুণ্ডলসহ বিছিন্ন অবস্থায় ধরাশায়ী ছিল। কোনস্থলে বলশালী হাতী রথকে তুলিয়া লইয়া দূরে নিক্ষেপ করত চূর্ণ-বিচূর্ণ করিয়া দিল॥

বহু রথী বীর গজরাজের উপর নারাচের আঘাত করিলে পর তাহাতে সেই গজরাজ ধরাতলে পতিত হইল। কোন হাতী প্রচণ্ড আঘাত করিলে পর আরোহীসহ অশ্ব ভূপতিত হইল। এইরূপে সেখানে নিয়ম-শৃঙ্খলাহীন অত্যন্ত ভয়ঙ্কর মহাসংগ্রাম চলিতে লাগিল॥ ১৪-২৩

সেই সময় সকল সৈন্য 'হা তাত! হা পুত্র! হা সখে!' তুমি কোথায়? দাঁড়াও, পলাইয়া যাইতেছ! প্রহার কর, ধরিয়া আন, ইহাকে বধ কর" এইরূপ কথাবার্তা বলিতেছিল। হাস্য, লম্ফঝম্ফ ও গর্জনসহ নানাপ্রকার আলাপ তাহাদের মুখ হইতে শুনা যাইতেছিল॥

মনুষ্য, অশ্ব ও হাতীর রক্ত পরস্পর মিলিত হইয়া যাইল। সেই রক্তপ্রবাহে সেখানকার উত্থিত ভয়ঙ্কর ধূলিরাশি শান্ত হইল। এই রক্তপ্রবাহকে দেখিয়া কাপুরুষগণ মোহাচ্ছন্ন হইয়া পড়িল॥

কোন বীর নিজের চক্রের দ্বারা শত্রুপক্ষীয় বীরের চক্র নিবারণ করত যুদ্ধে বাণপ্রহারের যোগ্য অবকাশ না পাওয়ায় গদার আঘাতেই তাহার মস্তক উড়াইয়া দিলেন। কোনস্থলে পরস্পর কেশ ধরিয়া যুদ্ধ করিতেছিল। কোথাও অত্যন্ত ভয়ঙ্কর মুষ্টিযুদ্ধ হইতে লাগিল। বহু বীর সেই নিরাশ্রয় স্থানে আশ্রয়ের সন্ধান করিতেছিলেন এবং নখ ও দন্তের দ্বারাও কোথাও বীরগণের মধ্যে যুদ্ধ চলিতেছিল॥

এই রণাঙ্গনে কোনস্থলে বীর যোদ্ধা আঘাত করিবার জন্য খড়্গসহ স্বীয় হস্ত উপরে তুলিলে পর বিপক্ষ যোদ্ধা তাহার সেই হাত ছেদন করিয়া ফেলিল। কোনস্থলে ধনু, বাণ ও অঙ্কুশসহ বামহস্ত ছিন্ন হইয়া যাইল। সেখানে এক সৈন্য অপর সৈন্যকে আহ্বান করিতেছিল এবং অপর কেহ যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতে লাগিল॥ ২৪-২৯

কোন বীর যোদ্ধা সম্মুখে আগত অপর যোদ্ধার মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন। ইহা দেখিয়া অন্য কোন যোদ্ধা চীৎকার করিতে করিতে পলায়ন করিল এবং তাহার এই আর্ত্তনাদে অন্য কোন যোদ্ধা আবার ভীত হইয়া পড়িল॥ ৩০

স্বানন্যোঽথ পরানন্যো জঘান নিশিতৈঃ শরৈঃ।
গিরিশৃঙ্গোপমশ্চাত্র নারাচেন নিপাতিতঃ॥ ৩১
মাতঙ্গো ন্যপতদ্ ভূমৌ নদীরোধ ইবোষ্ণগে।
তথৈব রথিনং নাগঃ ক্ষরন্ গিরিরিবারুজন্॥ ৩২
অভ্যতিষ্ঠৎ পদা ভূমৌ সহাশ্বং সহসারথিম্।
শূরান্ প্রহরতো দৃষ্ট্বা কৃতাস্ত্রান্ রুধিরোক্ষিতান্॥ ৩৩
বহূনপ্যাবিশন্মোহো ভীরূন্ হৃদয়দুর্বলান্।
সর্বমাবিগ্নমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন॥ ৩৪
সৈন্যেন রজসা ধ্বস্তং নির্মর্যাদমবর্তত।
ততঃ সেনাপতিঃ শীঘ্রময়ং কাল ইতি ব্রুবন্॥ ৩৫
নিত্যাভিত্বরিতানেব ত্বরয়ামাস পাণ্ডবান্।
কুর্বন্তঃ শাসনং তস্য পাণ্ডবা বাহুশালিনঃ॥ ৩৬
সরো হংসা ইবাপেতুর্ঘ্নন্তো দ্রোণরথং প্রতি।

কোন সৈন্য নিজেদেরই সৈন্যদিগকে এবং কোন সৈন্য শত্রু-সৈন্যদিগকে তীক্ষ্ণ বাণসমূহে সংহার করিতে লাগিল। এই যুদ্ধে পর্ব্বতশিখরতুল্য বিশালদেহ হাতী নারাচের আঘাত পাইয়া বর্ষাকালে নদীর তীরের ন্যায় ভূতলে পতিত হইল এবং স্থির হইয়া পড়িল॥

ঝরণাপ্রবাহকারী পর্ব্বতের ন্যায় কোন মদস্রাবী গজরাজ সারথি ও অশ্বগণসহ রথী বীরকে পায়ের দ্বারা ভূমিতলে পিষিয়া ফেলিল॥

অস্ত্রবিদ্যায় নিপুণ এবং রক্তাপ্লুত শৌর্য্যশালী বীর যোদ্ধারা পরস্পর প্রহার করিতে থাকিলে তাহা দেখিয়া দুর্ব্বলচিত্ত ভীরু মনুষ্যগণ মোহাচ্ছন্ন হইয়া পড়িল॥

সেই সময় সৈন্যগণের দ্বারা উত্থিত ধূলিরাশিতে ব্যাপ্ত হইয়া সমস্ত জনসমুদায় উদ্বিগ্ন হইয়া পড়িয়াছিল। কেহ আবার তখন কিছুই বুঝিতে পারিতেছিল না। এই যুদ্ধে তখন কোনও নিয়ম-শৃঙ্খলা পালিত হয় নাই॥

তখন সেনাপতি ধৃষ্টদ্যুম্ন 'ইহাই উপযুক্ত সময়' এই কথা বলিয়া সর্ব্বদা ত্বরান্বিত পাণ্ডবদিগকে আরও ত্বরান্বিত হইবার জন্য প্রেরণা দিলেন॥

তদনন্তর স্বীয় বাহুতে সুশোভিত পাণ্ডবগণ সেনাপতি ধৃষ্টদ্যুম্নের আজ্ঞা পালন করিবার জন্য সেখানে দ্রোণাচার্য্যের রথের উপর প্রহার করিতে করিতে সেইরূপে আক্রমণ করিলেন, যেরূপ বহুসংখ্যক হংস কোন এক সরোবরে চারিদিক্ হইতে উড়িয়া আসে॥

গৃহ্ণীতাদ্রবতান্যোন্যং বিভীতা বিনিকৃন্তত॥ ৩৭
ইত্যাসীৎ তুমুলঃ শব্দো দুর্ধর্ষস্য রথং প্রতি।
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণী রাজা জয়দ্রথঃ॥ ৩৮
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ শল্যশ্চৈতান্ ন্যবারয়ন্।
তে ত্বার্য্যধর্মসংরব্ধা দুর্নিবারা দুরাসদাঃ॥ ৩৯
শরার্তা ন জহুর্দ্রোণং পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ততো দ্রোণোঽতিসংক্রুদ্ধো বিসৃজঞ্ছতশঃ শরান্॥ ৪০
চেদি-পাঞ্চাল-পাণ্ডূনামকরোৎ কদনং মহৎ।
তস্য জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে দিক্ষু মারিষ॥ ৪১
বজ্রসংহ্রাদসঙ্কাশস্ত্রাসয়ন্ মানবান্ বহূন্।
এতস্মিন্নন্তরে জিষ্ণুর্জিত্বা সংশপ্তকান্ বহূন্॥ ৪২
অভ্যয়াৎ তত্র যত্রাসৌ দ্রোণঃ পাণ্ডূন্ প্রমর্দতি।
তাঞ্শরৌঘান্ মহাবর্তান্ শোণিতোদান্ মহাহ্রদান্॥ ৪৩

সেই সময় দুর্দ্ধর্ষ বীর দ্রোণাচার্য্যের রথের নিকটে সর্ব্ব দিক্ হইতে এই ভয়ানক শব্দ উত্থিত হইতে লাগিল যে, "ধাবিত হও, ধরিয়া ফেল এবং নির্ভয়চিত্তে শত্রুকে ছেদন কর"॥

তখন দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, কর্ণ, অশ্বত্থামা, রাজা জয়দ্রথ, অবন্তীদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ এবং রাজা শল্য মিলিত হইয়া আক্রমণকারীদিগকে প্রতিরোধ করিলেন॥

এই পাণ্ডবগণসহ পাঞ্চাল বীরগণ আর্য্যধর্ম্মানুসারে বিজয়ের জন্য চেষ্টা করিতেছিলেন। ইঁহাদিগকে প্রতিরোধ করা বা পরাজিত করা অতিশয় কঠিন ছিল। ইঁহারা বাণসমূহে পীড়িত হইলেও দ্রোণাচার্য্যকে ত্যাগ করিলেন না॥

ইহা দেখিয়া দ্রোণাচার্য্য অত্যন্ত ক্রোধ সহকারে শত শত বাণ বর্ষণ করিয়া চেদি, পাঞ্চাল ও পাণ্ডব যোদ্ধাদিগের ভয়ঙ্কর সংহার আরম্ভ করিলেন॥

আর্য্য! তাঁহার ধনুর গুণের গম্ভীর শব্দ তখন সকল দিকেই শোনা যাইতেছিল। বজ্রের গর্জনতুল্য এই ভয়ঙ্কর শব্দ বহু মানুষকেই ভীত করিয়া তুলিল॥

এই সময় অর্জুন বহুসংখ্যক সংশপ্তককে জয় করিয়া সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন, যে স্থানে আচার্য্য দ্রোণ পাণ্ডব-সৈন্যদিগকে মর্দ্দিত করিতেছিলেন॥

এই রণাঙ্গনে সংশপ্তক যোদ্ধারা এক বৃহৎ সরোবরসদৃশ ছিলেন। বাণসমূহ তাহার জলপ্রবাহ ছিল। ধনুসকল ইহাতে উত্থিত বড় বড় ঘূর্ণীর তুল্য দেখা যাইতেছিল এবং প্রবাহিত রক্ত-

তীর্ণঃ সংশপ্তকান্ হত্বা প্রত্যদৃশ্যত ফাল্গুনঃ।
তস্য কীর্তিমতো লক্ষ্ম সূর্য্যপ্রতিমতেজসঃ ॥৪৪
দীপ্যমানমপশ্যাম তেজসা বানরধ্বজম্।
সংশপ্তকসমুদ্রং তমুচ্ছোষ্যাস্ত্রগভস্তিভিঃ ॥ ৪৫
স পাণ্ডবযুগান্তার্কঃ কুরূনপ্যভ্যতীতপৎ।
প্রদদাহ কুরূন্ সর্বানর্জুনঃ শস্ত্রতেজসা ॥ ৪৬
যুগান্তে সর্বভূতানি ধূমকেতুরিবোত্থিতঃ।
তেন বাণসহস্রৌঘৈর্গজাশ্ব-রথযোধিনঃ ॥ ৪৭
তাড্যমানাঃ ক্ষিতিং জগ্মুর্মুক্তকেশাঃ শরাদিতাঃ।
কেচিদার্তস্বনং চক্রুর্বিনেশুরপরে পুনঃ ॥ ৪৮
পার্থবাণহতাঃ কেচিন্নিপেতুর্বিগতাসবঃ।
তেষামুৎপতিতান্ কাংশ্চিৎ পতিতাংশ্চ পরাঙ্মুখান্ ॥৪৯
ন জঘানার্জুনো যোধান্ যোধব্রতমনুস্মরন্।
তে বিকীর্ণরথাশ্চিত্রাঃ প্রায়শশ্চ পরাঙ্মুখাঃ ॥ ৫০

কুরবঃ কর্ণ কর্ণেতি হা হেতি চ বিচুক্রুশুঃ।
তমাধিরথিরাক্রন্দং বিজ্ঞায় শরণৈষিণাম্ ॥ ৫১
মা ভৈষ্টেতি প্রতিশ্রুত্য যযাবভিমুখোঽর্জুনম্।
স ভারতরথশ্রেষ্ঠঃ সর্বভারতহর্ষণঃ ॥ ৫২
প্রাদুশ্চক্রে তদাগ্নেয়মস্ত্রমস্ত্রবিদাং বরঃ।
তস্য দীপ্তশরৌঘস্য দীপ্তচাপধরস্য চ ॥ ৫৩
শরৌঘাঞ্শরজালেন বিদুধাব ধনঞ্জয়ঃ।
তথৈবাধিরথিস্তস্য বাণান্ জ্বলিততেজসঃ ॥ ৫৪
অস্ত্রমস্ত্রেণ সংবার্য্য প্রাণদদ্ বিসৃজঞ্শরান্।
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥ ৫৫
বিবধ্যুঃ কর্ণমাসাদ্য ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
অর্জুনাস্ত্রং তু রাধেয়ঃ সংবার্য্য শরবৃষ্টিভিঃ ॥৫৬
তেষাং ত্রয়াণাং চাপানি চিচ্ছেদ বিশিখৈস্ত্রিভিঃ।
তে নিকৃত্তায়ুধাঃ শূরা নির্বিষা ভুজগা ইব ॥ ৫৭

রাশিই এই মহাসরোবরের জল ছিল। অর্জুন সেই সংশপ্তকগণকে বধ করিয়া এই মহাসরোবরকে পার হইয়া সেখানে আসিতেছেন—ইহা দেখা যাইল ॥

সূর্য্যসদৃশ তেজস্বী ও যশস্বী অর্জুনের চিহ্নস্বরূপ বানরধ্বজকে আমরা দূর হইতেই দেখিতে পাইলাম। এই ধ্বজ তখন স্বীয় দিব্য তেজে উদ্ভাসিত ছিল ॥

সেই পাণ্ডুবংশের যুগান্তকালীন অর্জুনরূপ সূর্য্য নিজ অস্ত্রময় কিরণাবলির দ্বারা সংশপ্তকরূপী সমুদ্রকে শুষ্ক করিয়া কৌরব-সৈন্যদিগকেও সন্তপ্ত করিতে লাগিলেন ॥

যেরূপ প্রলয়কালে উত্থিত অগ্নি সমস্ত ভূতদিগকে দগ্ধ করিয়া থাকে, সেইরূপ অর্জুন নিজের দিব্য অস্ত্রসকলের তেজে সমস্ত কৌরবগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥

হস্তী, অশ্ব ও রথে আরোহণ করিয়া যুদ্ধনিরত বহুসংখ্যক যোদ্ধা অর্জুনের সহস্র সহস্র বাণে আহত ও পীড়িত হইয়া মুক্তকেশে ভূতলে নিপতিত হইল ॥

তখন কেহ আর্ত্তনাদ করিতে লাগিল, কেহ বিনষ্ট হইল এবং কেহ আবার অর্জুনের বাণে আহত অবস্থায় মৃত্যুবরণ করত প্রাণশূন্য হইয়া ধরাশায়ী হইল ॥

সেই সময় যোদ্ধাদের মধ্যে যাহারা রথ হইতে লাফাইয়া পড়িয়াছিল, ধরাতলে পতিত হইয়াছিল কিংবা যাহারা যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতেছিল, সেই সব যোদ্ধাদিগকে যুদ্ধব্রতের কথা স্মরণ করিয়া অর্জুন বধ করিলেন না।

কৌরব-সৈন্যদের রথ চূর্ণ বিচূর্ণ হইয়া গিয়াছিল। তখন তাহাদের এক বিচিত্র অবস্থা দেখা যাইল। ইহারা প্রায় সকলেই সেই সময় যুদ্ধ হইতে পরাঙ্মুখ হইয়া পড়িল এবং "হা কর্ণ, এই কথা বলিয়া চীৎকার করিতে লাগিল ॥

তখন অধিরথ-পুত্র কর্ণ সেই শরণার্থী সৈন্যদিগের করুণ আর্ত্তনাদ শ্রবণ করিয়া "ভীত হইও না" এইরূপ তাহাদিগকে আশ্বাস প্রদান করত অর্জুনের দিকে গমন করিলেন ॥

সেই সময় অস্ত্রজ্ঞগণের মধ্যে শ্রেষ্ঠ, ভরতবংশীয়গণের মুখ্য মহারথী এবং সমস্ত ভারতীয় সৈন্যদের আনন্দবর্দ্ধনকারী কর্ণ আগ্নেয়াস্ত্র প্রকাশিত করিলেন ॥

প্রজ্বলিত বাণসমূহ ও দেদীপ্যমান ধনুর্ধারণকারী কর্ণের সেই বাণসমূহকে অর্জুন নিজ বাণসকলের দ্বারা ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন ॥

সেইরূপ অধিরথপুত্র কর্ণও প্রজ্বলিত তেজস্বী অর্জুনের বাণসমূহকে এবং তাঁহার প্রত্যেক অস্ত্রকেই নিজ অস্ত্রসকলের দ্বারা নিবারণ করত বহু বাণবর্ষণ করিয়া কর্ণ সিংহনাদ করিয়া উঠিলেন ॥

এই সময় ধৃষ্টদ্যুম্ন, ভীম ও মহারথী সাত্যকিও কর্ণের নিকট উপস্থিত হইয়া তিনটি তিনটি বাণের দ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥

তখন রাধানন্দন কর্ণ নিজ বাণসমূহ বর্ষণের দ্বারা অর্জুনের

রথশক্তীঃ সমুৎক্ষিপ্য ভৃশং সিংহা ইবানদন্।
তা ভুজাগ্রৈর্মহাবেগা নিসৃষ্টা ভুজগোপমাঃ ॥ ৫৮
দীপ্যমানা মহাশক্ত্যো জগ্মুরাধিরথিং প্রতি।
তা নিকৃত্য শরব্রাতৈস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥ ৫৯
ননাদ বলবান্ কর্ণঃ পার্থায় বিসৃজঞ্ছরান্।
অর্জুনশ্চাপি রাধেয়ং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ ॥ ৬০
কর্ণাদবরজং বাণৈর্জঘান নিশিতৈঃ শরৈঃ।
ততঃ শত্রুঞ্জয়ং হত্বা পার্থঃ ষড্‌ভিরজিহ্মগৈঃ ॥ ৬১
জহার সদ্যো ভল্লেন বিপাটস্য শিরো রথাৎ।
পশ্যতাং ধার্তরাষ্ট্রাণামেকেনৈব কিরীটিনা ॥ ৬২
প্রমুখে সূতপুত্রস্য সোদর্য্যা নিহতাস্ত্রয়ঃ।
ততো ভীমঃ সমুৎপত্য স্বরথাদ্ বৈনতেয়বৎ ॥ ৬৩
বরাসিনা কর্ণপক্ষান্ জঘান দশ পঞ্চ চ।
পুনস্তু রথমাস্থায় ধনুরাদায় চাপরম্ ॥ ৬৪

বিব্যাধ দশভিঃ কর্ণং সূতমশ্বাংশ্চ পঞ্চভিঃ।
ধৃষ্টদ্যুম্নোঽপ্যসিবরং চর্ম চাদায় ভাস্বরম্ ॥ ৬৫
জঘান চন্দ্রবর্মাণং বৃহৎক্ষত্রঞ্চ নৈষধম্।
ততঃ স্বরথমাস্থায় পাঞ্চাল্যোঽন্যচ্চ কার্মুকম্ ॥ ৬৬
আদায় কর্ণং বিব্যাধ ত্রিসপ্তত্যা নদন্ রণে।
শৈনেয়োঽপ্যন্যদাদায় ধনুরিন্দুসমদ্যুতিঃ ॥ ৬৭
সূতপুত্রং চতুঃষষ্ট্যা বিদ্ধ্বা সিংহ ইবানদৎ।
ভল্লাভ্যাং সাধুমুক্তাভ্যাং ছিত্ত্বা কর্ণস্য কার্মুকম্ ॥ ৬৮
পুনঃ কর্ণং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ।
ততো দুর্য্যোধনো দ্রোণো রাজা চৈব জয়দ্রথঃ ॥ ৬৯
নিমজ্জমানং রাধেয়মুজ্জহ্রুঃ সাত্যকার্ণবাৎ।
পত্ত্যশ্বরথমাতঙ্গাস্ত্বদীয়াঃ শতশোঽপরে ॥ ৭০
কর্ণমেবাভ্যধাবন্ত ত্রাস্যমানাঃ প্রহারিণঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সৌভদ্রোঽর্জুন এব চ ॥ ৭১

বাণসকলকে নিবারণ করিয়া নিজের তিনটি বাণের দ্বারা ধৃষ্টদ্যুম্নাদি তিন বীরেরই ধনুকও ছেদন করিলেন।

নিজেদের ধনু ছিন্ন হইয়া যাইলে বিষহীন সর্পের ন্যায় এই তিন শৌর্য্যশালী বীর রথ-শক্তি উত্তোলন করিয়া সিংহসদৃশ ভয়ঙ্কর গর্জন করিতে লাগিলেন।

তারপর ইঁহাদের হস্ত হইতে নিক্ষিপ্ত সেই তীব্রবেগশালিনী সর্পাকারা তিনটি মহাশক্তি স্বীয় প্রভায় প্রকাশিত হইয়া কর্ণের দিকে গমন করিতে লাগিল।

কিন্তু বলবান্ কর্ণ সরলগামী তিনটি তিনটি বাণের দ্বারা এই শক্তিত্রয়কে খণ্ড খণ্ড করিয়া অর্জুনের উপর বাণসমূহ বর্ষণ করত সিংহনাদ করিয়া উঠিলেন।

তখন অর্জুনও রাধানন্দন কর্ণকে সাতটি শীঘ্রগামী বাণের দ্বারা বিদ্ধ করিয়া নিজের তীক্ষ্ণধার বাণসমূহে তাঁহার কনিষ্ঠ ভ্রাতাকে বধ করিলেন।

তাহার পর সরলগামী ছয়টি বাণের দ্বারা শত্রুঞ্জয়কে সংহার করত একটি ভল্লের সাহায্যে রথে উপবিষ্ট বিপাটের মস্তক তৎক্ষণাৎ উড়াইয়া দিলেন।

এইরূপ ধৃতরাষ্ট্রপুত্রগণের সাক্ষাতেই একমাত্র অর্জুন যুদ্ধের অগ্রবর্ত্তী স্থলে সূতপুত্র কর্ণের তিন ভ্রাতাকে বধ করিলেন।।

তদনন্তর ভীমসেন গরুড়ের ন্যায় নিজ রথ হইতে লাফাইয়া পড়িয়া একটি বিশাল তরবারির দ্বারা কর্ণপক্ষের পনের জন যোদ্ধাকে নিহত করিয়া ফেলিলেন।।

পুনরায় তিনি নিজের রথে উপবেশন করিয়া অপর একটি ধনু হস্তে গ্রহণ করত দশটি বাণের দ্বারা কর্ণকে ও পাঁচটি বাণের দ্বারা তাঁহার সারথি এবং অশ্বগণকেও বিদ্ধ করিলেন।।

ধৃষ্টদ্যুম্নও শ্রেষ্ঠ খড়্গ ও উজ্জ্বল ঢাল লইয়া চন্দ্রবর্ম্মা এবং নিষাধরাজ বৃহৎক্ষত্রকে সংহার করিলেন।।

তদনন্তর পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্ন নিজ রথে উপবেশন করিয়া অপর একটি ধনু হাতে লইয়া রণাঙ্গনে গর্জন করিতে করিতে তিয়াত্তরটি বাণের দ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন।।

এই সময় চন্দ্রতুল্য কান্তিমান্ সাত্যকি ও অপর একটি ধনু হাতে লইয়া সূতপুত্র কর্ণকে চৌষট্টিটি বাণে বিদ্ধ করিয়া সিংহ-সদৃশ গর্জন করিতে লাগিলেন।।

তারপর তিনি উত্তমরূপে নিক্ষিপ্ত দুইটি ভল্লের দ্বারা কর্ণের ধনু ছেদন করিয়া পুনরায় তিনটি বাণে কর্ণের দুই বাহু ও বক্ষঃস্থলে গুরুতর আঘাত করিলেন।।

তখন দুর্য্যোধন, দ্রোণাচার্য্য ও রাজা জয়দ্রথ নিমজ্জমান কর্ণকে সাত্যকিরূপ সমুদ্র হইতে উদ্ধার করিলেন।

সেই সময় আপনার সৈন্যদের মধ্যে অন্য শত শত পদাতি, অশ্বারোহী, রথারোহী ও গজারোহী যোদ্ধারা সাত্যকির ভয়ে ভীত হইয়া কর্ণেরই পশ্চাদ্‌ভাগে দৌড়াইয়া যাইল।

নকুলঃ সহদেবশ্চ সাত্যকিং জুগুপু রণে।

এবমেষ মহারৌদ্রঃ ক্ষয়ার্থং সর্বধন্বিনাম্ ॥ ৭২

তাবকানাং পরেষাঞ্চ ত্যক্ত্বা প্রাণানভূদ্ রণঃ।

পদাতিরথনাগাশ্বা গজাশ্বরথপত্তিভিঃ ॥ ৭৩

রথিনো নাগপত্ত্যশ্বৈ রথপত্তী রথ-দ্বিপৈঃ।

অশ্বৈরশ্বা গজৈর্নাগা রথিনো রথিভিঃ সহ ॥ ৭৪

সংযুক্তাঃ সমদৃশ্যন্ত পত্তয়শ্চাপি পত্তিভিঃ।

এবং সুকলিলং যুদ্ধমাসীৎ ক্রব্যাদহর্ষণম্।

মহদ্ভিস্তৈরভীতানাং যমরাষ্ট্রবিবর্ধনম্ ॥ ৭৫

ততো হতা নর-রথ-বাজি-কুঞ্জরৈ-

রনেকশো দ্বিপ-রথ-পত্তি-বাজিনঃ।

গজৈর্গজা রথিভিরুদায়ুধা রথা

হয়ৈর্হয়াঃ পত্তিগণৈশ্চ পত্তয়ঃ ॥ ৭৬

রথৈর্দ্বিপা দ্বিরদবরৈর্মহাহয়া

হয়ৈর্নরা বররথিভিশ্চ বাজিনঃ।

নিরস্তজিহ্বাদশনেক্ষণাঃ ক্ষিতৌ

ক্ষয়ং গতাঃ প্রমথিতবর্মভূষণাঃ ॥ ৭৭

তথা পরৈর্বহুকরণৈরায়ুধৈ-

র্হতা গতাঃ প্রতিভয়দর্শনাঃ ক্ষিতিম্।

বিপোথিতা হয়-গজপাদতাড়িতা

ভৃশাকুলা রথমুখনেমিভিঃ ক্ষতাঃ ॥৭৮

প্রমোদনে শ্বাপদ-পক্ষি-রক্ষসাং

জনক্ষয়ে বর্ত্তিতি তত্র দারুণে।

মহাবলাস্তে কুপিতাঃ পরস্পরং

নিষূদয়ন্তঃ প্রবিচেরুরোজসা ॥ ৭৯

এদিকে ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, অভিমন্যু, অর্জ্জুন, নকুল ও সহদেব রণাঙ্গনে সাত্যকিকে রক্ষা করিতে লাগিলেন।

মহারাজ! এইরূপ আপনার ও শত্রুপক্ষের মধ্যে সমস্ত ধনুর্দ্ধরগণের বিনাশের জন্য তাঁহারা পরস্পর প্রাণের মায়া না করিয়াই যুদ্ধ করিতে থাকিলেন।

পদাতি, রথ, হস্তী ও অশ্বগণ ক্রমশঃ হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈন্যদের সহিত যুদ্ধ করিতে লাগিল। রথী যোদ্ধা হস্তী, পদাতি ও অশ্বগণের সহিত যুদ্ধে মিলিত হইল। রথী ও পদাতি সৈন্যরা রথী ও হস্তী সৈন্যদের সম্মুখীন হইল।

অশ্বসকলের সহিত অশ্বগণ, হস্তীদিগের সহিত হস্তীরা, রথী বীরগণের সহিত রথী বীরগণ এবং পদাতি সৈন্যদের সহিত পদাতি সৈন্যরা যুদ্ধ করিতেছে দেখা যাইল।

এইভাবে সেই নির্ভীক সৈন্যগণের বিশেষ শক্তিশালী বিপক্ষ যোদ্ধাদের সহিত অতিশয় নিদারুণ যুদ্ধ হইতেছিল, যাহা কাঁচা মাংসখাদক পশু-পক্ষী ও পিশাচগণেরই হর্ষবর্দ্ধন করিতেছিল এবং যমরাজ্যের বৃদ্ধি করিতেছিল ॥ ৭১-৭৫

সেই সময় পদাতি, রথী, অশ্বারোহী ও গজারোহী যোদ্ধাদের দ্বারা বহুসংখ্যক গজারোহী, রথারোহী, পদাতি ও অশ্বারোহী যোদ্ধা নিহত হইল। হাতীরা হাতীদিগকে, রথী সৈন্যগণ অস্ত্র উত্তোলনকারী রথী সৈন্যদিগকে, অশ্বারোহী যোদ্ধারা অশ্বারোহী সৈন্যবৃন্দকে এবং পদাতি যোদ্ধাগণ পদাতি যোদ্ধাদিগকে সংহার করিতে লাগিল ॥ ৭৬

রথীরা হাতীদিগকে, গজরাজগণ বড় বড় অশ্ববৃন্দকে, অশ্বারোহী সৈন্যসকল পদাতি সৈন্যগণকে এবং শ্রেষ্ঠ রথী যোদ্ধারা অশ্বারোহী যোদ্ধাদিগকে ধরাশায়ী করিতে লাগিল। তখন ইহাদের জিহ্বা, দন্ত ও নেত্র বাহির হইয়া পড়িয়াছিল। কবচ ও ভূষণসমূহ খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। এরূপ অবস্থায় ঐ সকল যোদ্ধারা ভূতলে পতিত হইল ॥ ৭৭

শত্রুগণের নিকট বহু যুদ্ধ সামগ্রী ছিল। তাহাদের হাতে বহু অস্ত্রও ছিল। তাহাদের দ্বারা নিহত হইয়া ভূপতিত সৈন্যরা অতিশয় ভয়ঙ্কর দেখাইতে ছিল। বহুসংখ্যক যোদ্ধা হাতী ও অশ্বগণের দ্বারা আহত হইয়া ধরাতলে পতিত ছিলেন। বহু বড় বড় রথসকলের চক্রসমূহের আঘাতে ক্ষত বিক্ষত হইয়া যোদ্ধারা অত্যন্ত ব্যাকুল হইলেন ॥ ৭৮

সেখানে এই ভয়ঙ্কর জনসংহার হিংস্রক জন্তু, পক্ষী ও রাক্ষসগণকেই আনন্দদান করিতেছিল। এই যুদ্ধে মহাবলশালী বীরবর যোদ্ধারা কুপিত হইয়া পরস্পরকে অস্ত্রপ্রহারে বধ করিতে করিতে সবেগে বিচরণ করিতে লাগিলেন ॥ ৭৯

ততো বলে ভৃশলুলিতে পরস্পরং
নিরীক্ষমাণে রুধিরৌঘসমপ্লুতে।
দিবাকরেঽস্তংগিরিমাস্থিতে শনৈ-
রুভে প্রয়াতে শিবিরায় ভারত॥ ৮০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধপর্বণি দ্বাদশদিবসাবহারে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩২

ভরতনন্দন! উভয়পক্ষের সৈন্যগণই তখন গুরুতর আহত হইয়া রক্তাপ্লুত অবস্থায় পরস্পরের দিকে তাকাইতেছিল। এই সময় সূর্য্যদেব অস্তাচলে গমন করিলেন। ইহাতে উভয় পক্ষের সৈন্যরাই ধীরে ধীরে নিজেদের শিবির অভিমুখে গমন করিল।৮০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণ-পর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে দ্বাদশদিবসের যুদ্ধবিরতির পর শিবির অভিমুখে প্রস্থানবিষয়ক দ্বাত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

(অভিমন্যুবধপর্ব)

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ

[দুর্য্যোধনস্য তিরস্কারঃ, দ্রোণাচার্য্যস্য-প্রতিজ্ঞা, অভিমন্যুবধস্য সংক্ষিপ্তবিবরণঞ্চ।]

সঞ্জয় উবাচ।

পূর্বমস্মাস্থ ভগ্নেষু ফাল্গুনেনামিতৌজসা।
দ্রোণে চ মোঘসঙ্কল্পে রক্ষিতে চ যুধিষ্ঠিরে॥ ১
সর্বে বিধ্বস্তকবচাস্তাবকা যুধি নির্জিতাঃ।
রজস্বলা ভৃশোদ্বিগ্না বীক্ষমাণা দিশো দশ॥ ২
অবহারং ততঃ কৃত্বা ভারদ্বাজস্য সম্মতে।
লব্ধলক্ষ্যৈঃ শরৈর্ভিন্না ভৃশাবহসিতা রণে॥ ৩
শ্লাঘমানেষু ভূতেষু ফাল্গুনস্যামিতান্ গুণান্।
কেশবস্য চ সৌহার্দে কীর্ত্যমানেঽর্জুনং প্রতি॥ ৪
অভিশস্তা ইবাভূবন্ ধ্যানমূকত্বমাস্থিতাঃ।
ততঃ প্রভাতসময়ে দ্রোণং দুর্য্যোধনোঽব্রবীৎ॥ ৫
প্রণয়াদভিমানাচ্চ দ্বিষদ্বৃদ্ধ্যা চ দুর্মনাঃ।
শৃণ্বতাং সর্বযোধানাং সংরব্ধো বাক্যকোবিদঃ॥ ৬

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

[দুর্য্যোধনের তিরস্কার, দ্রোণাচার্য্যের প্রতিজ্ঞা এবং অভিমন্যু বধে সংক্ষিপ্ত বিবরণ।]

সঞ্জয় বলিলেন—মহারাজ! যখন অমিততেজস্বী অর্জুন পূর্ব্বেই আমাদের সকলকে তাড়াইয়া দিলেন, দ্রোণাচার্য্যের সঙ্কল্প ব্যর্থ হইয়া যাইল এবং রাজা যুধিষ্ঠির সর্ব্বতোভাবে সুরক্ষিত থাকিয়া যাইলেন, তখন আপনার সমস্ত সৈন্যরা দ্রোণাচার্য্যের সম্মতি অনুসারে যুদ্ধ বন্ধ করিয়া ভয়ে অত্যন্ত উদ্বিগ্ন হইয়া পড়িল এবং চারিদিকে তাকাইতে তাকাইতে শিবির অভিমুখে গমন করিল। ইহারা সকলেই তখন যুদ্ধে পরাজিত হইয়া ধূলিতে পরিপূর্ণ ছিল। ইহাদের কবচ ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল এবং অর্জুনের লক্ষ্যভেদে অব্যর্থ বাণসমূহে বিদীর্ণ হইয়া ইহারা সেই সময় রণাঙ্গনে অত্যন্ত উপহাসের পাত্র হইয়া পড়িয়াছিল। ১-৩

সমস্ত প্রাণীরা তখন অর্জুনের অসংখ্য গুণাবলির প্রশংসা এবং তাঁহার প্রতি ভগবান্ শ্রীকৃষ্ণের সৌহার্দ্দের কথা কীর্ত্তন করিতে লাগিল॥ ৪

সেই সময় আপনার মহারথীরা কলঙ্কিত হইয়া গিয়াছিলেন। তাঁহারা তীব্র চিন্তা করিতে করিতে মূক (বোবা) হইয়া পড়িয়াছিলেন। তদনন্তর প্রাতঃকালে দুর্য্যোধন দ্রোণাচার্য্যের নিকট যাইয়া তাঁহাকে কিছু বলিবার জন্য উদ্যত হইলেন॥ ৫

শত্রুদের অভ্যুদয়ে তিনি মনে মনে অত্যন্ত দুঃখিত হইয়াছিলেন। দ্রোণাচার্য্যের উপর ইঁহার হৃদয়ে অধিক প্রীতি ছিল। নিজের শৌর্য্যের উপর ইঁহার অভিমানও ছিল বেশী, তাই কুপিত হইয়া বাক্যালাপ করিতে নিপুণ রাজা দুর্য্যোধন সমস্ত যোদ্ধাগণকে শ্রবণ করাইতে করাইতে এই কথা বলিলেন॥ ৬

নূনং বয়ং বধ্যপক্ষে ভবতো দ্বিজসত্তম।
তথা হি নাগ্রহীঃ প্রাপ্তং সমীপেঽদ্য যুধিষ্ঠিরম্ ॥ ৭
ইচ্ছতস্তে ন মুচ্যেত চক্ষুঃপ্রাপ্তো রণে রিপুঃ।
জিঘৃক্ষতো রক্ষ্যমাণঃ সামরৈরপি পাণ্ডবৈঃ ॥ ৮
বরং দত্ত্বা মম প্রীতঃ পশ্চাদ্ বিকৃতবানসি।
আশাভঙ্গং ন কুর্বন্তি ভক্তস্যার্য্যাঃ কথঞ্চন ॥ ৯
ততোঽপ্রীতস্তথোক্তঃ সন্ ভারদ্বাজোঽব্রবীন্নৃপম্।
নার্হসে মাং তথা জ্ঞাতুং ঘটমানং তব প্রিয়ে ॥ ১০
সসুরাসুর-গন্ধর্বাঃ সযক্ষোরগ-রাক্ষসঃ।
নালং লোকা রণে জেতুং পাল্যমানং কিরীটিনা ॥ ১১
বিশ্বসৃগ্ যত্র গোবিন্দঃ পৃতনানীস্তথার্জ্জুনঃ।
তত্র কস্য বলং ক্রামেদন্যত্র ত্র্যম্বকাৎ প্রভোঃ ॥ ১২
সত্যং তাত ব্রবীম্যদ্য নৈতজ্জাত্বন্যথা ভবেৎ।
অদ্যৈকং প্রবরং কঞ্চিৎ পাতয়িষ্যে মহারথম্ ॥ ১৩
তঞ্চ ব্যূহং বিধাস্যামি যোঽভেদ্যস্ত্রিদশৈরপি।
যোগেন কেনচিদ্ রাজন্নর্জ্জুনস্তপনীয়তাম্ ॥ ১৪
ন হ্যজ্ঞাতমসাধ্যং বা তস্য সংখ্যেঽস্তি কিঞ্চন।
তেন হ্যুপাত্তং সকলং সর্বজ্ঞানমিতস্ততঃ ॥ ১৫
দ্রোণেন ব্যাহৃতে ত্বেবং সংশপ্তকগণাঃ পুনঃ।
আহ্বয়ন্নর্জ্জুনং সংখ্যে দক্ষিণামভিতো দিশম্ ॥ ১৬
ততোঽর্জ্জুনস্যাথ পরৈঃ সার্ধং সমভবদ্ রণঃ।
তাদৃশো যাদৃশো নান্যঃ শ্রুতো দৃষ্টোঽপি বা কচিৎ ॥
তত্র দ্রোণেন বিহিতো ব্যূহো রাজন্ ব্যরোচত।
চরন্ মধ্যন্দিনে সূর্য্যঃ প্রতপন্নিব দুর্দ্দশঃ ॥ ১৮
তং চাভিমন্যুর্বচনাৎ পিতুর্জ্যেষ্ঠস্য ভারত।
বিভেদ দুর্ভিদং সংখ্যে চক্রব্যূহমনেকধা ॥ ১৯

দ্বিজশ্রেষ্ঠ! নিশ্চয়ই আমরা আপনার দৃষ্টিতে শত্রুবর্গের অন্তর্গত; ইহার কারণ হইল—রাজা যুধিষ্ঠির আপনার অত্যন্ত নিকটে আসিলেও আপনি তাহাকে বন্দী করেন নাই ॥ ৭

রণাঙ্গনে কোন শত্রু যদি আপনার দৃষ্টিপথে আসে এবং তাহাকে যদি আপনি ধরিয়া ফেলিবার চেষ্টা করেন, তবে দেবগণের সহিত পাণ্ডবেরা তাহাকে রক্ষা করিতে থাকিলেও সে আপনার নিকট হইতে মুক্ত হইতে পারিবে না ॥ ৮

আপনি প্রসন্ন হইয়া প্রথমে আমাকে এই বর দিয়াছিলেন এবং পরে তাহার বিপরীত আচরণ করেন; কিন্তু শ্রেষ্ঠ পুরুষগণ কোন প্রকারেই নিজেদের ভক্তের আশাভঙ্গ করেন না ॥ ৯

দুর্য্যোধন এই কথা বলিলে পর ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্য অপ্রসন্ন হইয়া রাজাকে বলিলেন—রাজন্! আমাকে এরূপ প্রতিজ্ঞাভঙ্গকারী মনে করা তোমার উচিত নহে। আমি পূর্ণ শক্তি প্রয়োগ করিয়া তোমার প্রিয় করিবার চেষ্টা করিয়া যাইতেছি ॥ ১০

কিন্তু একটি কথা তোমার স্মরণ করা কিরীটধারী অর্জ্জুন রণাঙ্গনে যাহাকে রক্ষা করিবে, তাহাকে দেবতা, অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, নাগ এবং রাক্ষসগণের সহিত লোকসমূহও জয় করিতে সমর্থ হয় না ॥ ১১

যেখানে জগৎস্রষ্টা ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন সেনানায়ক, সেখানে ত্রিলোচন ভগবান্ শঙ্কর ব্যতীত অন্য কাহারও বল কার্য্য করিতে সমর্থ হয় ॥ ১২

বৎস! আজ আমি একটি সত্য কথা বলিব, যাহা কখনই মিথ্যা হইবে না। আজ আমি পাণ্ডবপক্ষের কোন এক শ্রেষ্ঠ মহারথীকে অবশ্যই বধ করিব ॥ ১৩

রাজন্! আজ আমি সেই ব্যূহ নির্ম্মাণ করিব, যাহাকে দেবগণও ভেদ করিতে সমর্থ হইবেন না; কিন্তু যে কোন উপায়ে অর্জ্জুনকে দূরে সরাইয়া লইয়া যাও ॥ ১৪

যুদ্ধসম্বন্ধে এরূপ কোন বিষয়ই নাই, যাহা অর্জ্জুনের অজ্ঞাত অথবা অসাধ্য; কারণ, সে এই ভূলোকে ও স্বর্গলোকে যুদ্ধের সকল বিষয়েরই জ্ঞান লাভ করিয়াছে ॥ ১৫

দ্রোণাচার্য্য এই কথা বলিলে পর পুনরায় সংশপ্তকগণ দক্ষিণ দিকে যাইয়া অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিতে লাগিলেন ॥ ১৬

সেখানে অর্জ্জুনের শত্রুগণের সহিত এরূপ ঘোর সংগ্রাম হইয়াছিল, যেরূপ সংগ্রাম অন্য কোথাও আর হইয়াছে বলিয়া দেখা ও শোনা যায় নাই ॥ ১৭

রাজন্! সেই সময় সেখানে দ্রোণাচার্য্য যে ব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন, উহা মধ্যাহ্নকালে বিচরণকারী সূর্য্যতুল্য শত্রু-দিগকে সন্তাপদান করিতে করিতে শোভা পাইতেছিল এই ব্যূহ এরূপ বিস্তৃত ছিল, যাহাকে দর্শন করাই কঠিন ছিল ॥ ১৮

ভারত! যদিও সেই চক্রব্যূহকে ভেদ করা অত্যন্ত দুষ্কর কার্য্য ছিল, তথাপি বীর অভিমন্যু পিতা অর্জ্জুনের জ্যেষ্ঠ ভ্রাতা রাজা যুধিষ্ঠিরের আজ্ঞায় সেই ব্যূহকে বারংবার ভেদ করিয়াছিলেন ॥ ১৯

স কৃত্বা দুষ্করং কর্ম হত্বা বীরান্ সহস্রশঃ।
ষট্সু বীরেষু সংসক্তো দৌঃশাসনিবশং গতঃ ॥ ২০
সৌভদ্রঃ পৃথিবীপাল জহৌ প্রাণান্ পরন্তপঃ।
বয়ং পরমসংহৃষ্টাঃ পাণ্ডবাঃ শোককর্শিতাঃ।
সৌভদ্রে নিহতে রাজন্নবহারমকুর্মহি ॥ ২১

ধৃতরাষ্ট্র উবাচ।

পুত্রং পুরুষসিংহস্য সঞ্জয়াপ্রাপ্তযৌবনম্।
রণে বিনিহতং শ্রুত্বা ভৃশং মে দীর্য্যতে মনঃ ॥ ২২
দারুণঃ ক্ষত্রধর্ম্মোঽয়ং বিহিতো ধর্মকর্তৃভিঃ।
যত্র রাজ্যেপ্সবঃ শূরা বালে শস্ত্রমপাতয়ন্ ॥ ২৩
বালমত্যন্তসুখিনং বিচরন্তমভীতবৎ।
কৃতাস্ত্রা বহবো জঘ্নুর্ব্রূহি গাবল্গণে কথম্ ॥ ২৪

অভিমন্যু এই দুষ্কর কার্য্য করিয়া সহস্র সহস্র বীরকে বধ করিয়াছিলেন এবং শেষে ছয় বীরের সহিত একাকী যুদ্ধ করিতে থাকিয়া দুঃশাসনের পুত্রহস্তে নিহত হন। ২০

ভূপাল! শত্রুতাপন সুভদ্রাকুমার অভিমন্যু যখন প্রাণত্যাগ করিলেন, তখন আমাদের সকলের অত্যন্ত আনন্দ হইল এবং পাণ্ডবগণ শোকে ব্যাকুল হইয়া পড়িলেন। রাজন্! সুভদ্রা-কুমার নিহত হইবার পর আমরা যুদ্ধ বন্ধ করিয়া দিলাম। ২১

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনের এই পুত্র এখনও যুবক অবস্থা প্রাপ্ত হয়নি। সে যুদ্ধে নিহত হইয়াছে শুনিয়া আমার হৃদয় বিদীর্ণ হইয়া যাইতেছে। ২২

ধর্ম্মশাস্ত্রকারগণ এই ক্ষত্রিয়ধর্ম্মকে অত্যন্ত কঠোর করিয়া নির্ম্মাণ করিয়াছেন, যে ধর্ম্মে থাকিয়া রাজ্যলোভী বীর পুরুষগণ এক বালকের উপর অস্ত্রসকল প্রহার করিলেন। ২৩

সঞ্জয়! সেই অতিশয় আনন্দিত বালক অভিমন্যু যখন নির্ভয় হইয়া যুদ্ধ করিতেছিল, সেই সময় অস্ত্রবিদ্যায় পারদর্শী বহুসংখ্যক বীর তাঁহাকে কিভাবে বধ করিলেন—ইহা আমাকে বল। ২৪

বিভিৎসতা রথানীকং সৌভদ্রেণামিতৌজসা।
বিক্রীড়িতং যথা সংখ্যে তন্মমাচক্ষ্ব সঞ্জয় ॥ ২৫

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র সৌভদ্রস্য নিপাতনম্।
তৎ তে কাৎর্স্ন্যেন বক্ষ্যামি শৃণু রাজন্ সমাহিতঃ ॥ ২৬
বিক্রীড়িতং কুমারেণ যথানীকং বিভিৎসতা।
আরুগ্নাশ্চ যথা বীরা দুঃসাধ্যাশ্চাপি বিপ্লবে ॥ ২৭
দাবাগ্ন্যভিপরীতানাং ভূরিগুল্মতৃণদ্রুমে।
বনৌকসামিবারণ্যে ত্বদীয়ানামভূদ্ ভয়ম্ ॥ ২৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধসংক্ষেপকথনে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

সঞ্জয়! অমিততেজস্বী সুভদ্রানন্দন অভিমন্যু রণাঙ্গনে রথী সৈন্যগণকে বিদীর্ণ করিবার ইচ্ছায় যেরূপে যুদ্ধে খেলা করিবার ন্যায় বিচরণ করিতেছিল, তাহা আমাকে বল। ২৫

সঞ্জয় বলিলেন,—রাজেন্দ্র! আপনি আমাকে সুভদ্রাকুমার অভিমন্যুর যে মৃত্যু সংবাদের কথা জিজ্ঞাসা করিলেন, তাহা সম্পূর্ণরূপে আমি আপনাকে বলিব। রাজন্! একাগ্রচিত্ত হইয়া তাহা শ্রবণ করুন। ২৬

আপনার সৈন্যদের ব্যূহ ভেদ করিবার ইচ্ছায় কুমার অভিমন্যু যেরূপে রণক্রীড়া করিয়াছিলেন এবং সেই প্রলয়ঙ্কর সংগ্রামমধ্যে যেরূপ দুর্জ্জয় বীরগণেরও সন্তাপকারক হইয়াছিলেন, তাহা সবই বলিতেছি শ্রবণ করুন। ২৭

যেরূপ প্রচুর লতা-গুল্ম, ঘাস-পাতা ও বৃক্ষশ্রেণীতে পরিপূর্ণ বনে দাবানল-পরিবৃত বনবাসীরা মহা ভীত হইয়া পড়ে, সেইরূপ অভিমন্যুর নিকট হইতেও আপনার সৈন্যদের মহা ভয় উপস্থিত হইয়াছিল। ২৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুবধের সংক্ষিপ্ত বর্ণনা-বিষয়ক ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

(সঞ্জয়েনাভিমন্যোঃ প্রশংসা তথা দ্রোণাচার্য্যকর্তৃকং চক্রব্যূহনির্ম্মাণম্।)

সঞ্জয় উবাচ।

সমরেঽত্যুগ্রকর্ম্মাণঃ কর্ম্মভির্ব্যঞ্জিতশ্রমাঃ।
সকৃষ্ণাঃ পাণ্ডবাঃ পঞ্চ দেবৈরপি দুরাসদাঃ॥ ১

সত্ত্বকর্ম্মান্বয়ৈর্বুদ্ধ্যা কীর্ত্ত্যা চ যশসা শ্রিয়া।
নৈব ভূতো ন ভবিতা নৈব তুল্যগুণঃ পুমান্॥ ২

সত্যধর্ম্মরতো দান্তো বিপ্রপূজাদিভির্গুণৈঃ।
সদৈব ত্রিদিবং প্রাপ্তো রাজা কিল যুধিষ্ঠিরঃ॥ ৩

যুগান্তে চান্তকো রাজন্ জামদগ্ন্যশ্চ বীর্য্যবান্।
রথস্থো ভীমসেনশ্চ কথ্যন্তে সদৃশাস্ত্রয়ঃ॥ ৪

প্রতিজ্ঞাকর্ম্মদক্ষস্য রণে গাণ্ডীবধন্বনঃ।
উপমাং নাধিগচ্ছামি পার্থস্য সদৃশীং ক্ষিতৌ॥ ৫

গুরুবাৎসল্যমত্যন্তং নৈভৃত্যং বিনয়ো দমঃ।
নকুলেঽপ্রাতিরূপ্যঞ্চ শৌর্য্যঞ্চ নিয়তানি ষট্॥ ৬

শ্রুতগাম্ভীর্য্যমাধুর্য্যসত্যরূপপরাক্রমৈঃ।
সদৃশো দেবয়োর্বীরঃ সহদেবঃ কিলাশ্বিনোঃ॥ ৭

যে চ কৃষ্ণে গুণাঃ স্ফীতাঃ পাণ্ডবেষু চ যে গুণাঃ।
অভিমন্যৌ কিলৈকস্থা দৃশ্যন্তে গুণসঞ্চয়াঃ॥ ৮

যুধিষ্ঠিরস্য বীর্য্যেণ কৃষ্ণস্য চরিতেন চ।
কর্ম্মভির্ভীমসেনস্য সদৃশো ভীমকর্ম্মণঃ॥ ৯

ধনঞ্জয়স্য রূপেণ বিক্রমেণ শ্রুতেন চ।
বিনয়াৎ সহদেবস্য সদৃশো নকুলস্য চ॥ ১০

ধৃতরাষ্ট্র উবাচ।

অভিমন্যুমহং সূত সৌভদ্রমপরাজিতম্।
শ্রোতুমিচ্ছামি কার্ৎস্ন্যেন কথমায়োধনে হতঃ॥ ১১

সঞ্জয় উবাচ।

স্থিরো ভব মহারাজ শোকং ধারয় দুর্ধরম্।
মহান্তং বন্ধুনাশং তে কথয়িষ্যামি তচ্ছৃণু॥ ১২

চতুস্ত্রিংশ অধ্যায়।

[সঞ্জয়কর্ত্তৃক অভিমন্যুর প্রশংসা এবং দ্রোণাচার্য্যের দ্বারা চক্রব্যূহ নির্ম্মাণ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! শ্রীকৃষ্ণসহ পঞ্চ পাণ্ডব দেবগণের পক্ষেও দুর্জ্জয়। তাঁহারা রণাঙ্গণে অত্যন্ত ভয়ঙ্কর কর্ম্মকারী ছিলেন। ইঁহাদের কর্ম্মসকলের দ্বারাই ইঁহাদের পরিশ্রম অভিব্যক্ত হয়॥ ১

সত্ত্বগুণ, কর্ম্ম, কুল, বুদ্ধি, কীর্ত্তি, যশ ও শ্রীর দ্বারা যুধিষ্ঠিরের তুল্য অন্য কোন দ্বিতীয় পুরুষ হয় নাই এবং ভবিষ্যতেও হইবে না॥ ২

সত্যধর্ম্মপরায়ণ ও জিতেন্দ্রিয় এই রাজা যুধিষ্ঠির ব্রাহ্মণপূজাদি বহু সদ্গুণসমূহের সর্ব্বদা স্বর্গ-লাভের যোগ্যতা অর্জ্জন করিয়াছেন॥ ৩

রাজন্! প্রলয়কালে যমরাজ, পরাক্রমশালী পরশুরাম ও রথে উপবিষ্ট ভীমসেন—ইঁহারা তিনজনেই সমান বলিয়া কথিত হইয়া থাকেন॥ ৪

রণাঙ্গণে প্রতিজ্ঞাপূর্ব্বক কর্ম্ম করিতে নিপুণ, গাণ্ডীবধারী কুন্তি-কুমার অর্জ্জুনের পক্ষে যোগ্য উপমা আমি এ জগতে দেখিতে পাইতেছি না॥ ৫

জ্যেষ্ঠ ভ্রাতার উপর অত্যন্ত ভক্তিমান, নিজের পরাক্রম প্রকাশ না করা, বিনয়, ইন্দ্রিয়সংযম, অতুলনীয় রূপ ও শৌর্য্য—এই ছয়টি গুণ নকুলে নিশ্চিতরূপে বিদ্যমান আছে॥ ৬

বেদাধ্যয়ন, গাম্ভীর্য্য, মধুরতা, সত্য, রূপ ও পরাক্রমের দৃষ্টিতে বীর সহদেব সর্ব্বথা অশ্বিনীকুমারদ্বয়ের তুল্য—এই কথা সর্ব্বত্রই প্রসিদ্ধ আছে॥ ৭

ভগবান্ শ্রীকৃষ্ণে যে সমস্ত ভাস্বর গুণাবলি আছে এবং পাণ্ডব-গণের মধ্যে যেসব গুণাবলি আছে, সেই সমস্ত গুণসমুদায়ই একাকী অভিমন্যুর মধ্যে নিশ্চিতরূপে দেখা যায়॥ ৮

যুধিষ্ঠিরের পরাক্রম, শ্রীকৃষ্ণের উত্তম চরিত্র এবং ভয়ঙ্কর কর্ম্মকারী ভীমসেনের বীরোচিত কর্ম্মসমূহের তুল্য অভিমন্যুর পরাক্রম, চরিত্র ও কর্ম্ম॥ ৯

তিনি রূপ, পরাক্রম ও শাস্ত্রজ্ঞানে অর্জ্জুনের সমান এবং বিনয়ে নকুল ও সহদেবের তুল্য ছিলেন॥ ১০

ধৃতরাষ্ট্র বলিলেন,—সূত! আমি অপরাজিত বীর সুভদ্রা-কুমার অভিমন্যুর সম্পূর্ণ বৃত্তান্ত শুনিতে অভিলাষী হইয়াছি। যুদ্ধে সে কিরূপে নিহত হইল? ১১

সঞ্জয় বলিলেন,—মহারাজ! আপনি স্থির হউন এবং ধারণ করা কঠিন হইলেও সেই শোককে আপনি হৃদয়ে ধারণ

চক্রব্যূহো মহারাজ আচার্য্যেণাভিকল্পিতঃ।
তত্র শক্রোপমাঃ সর্বে রাজানো বিনিবেশিতাঃ॥ ১৩
অরাস্থানেষু বিন্যস্তাঃ কুমারাঃ সূর্য্যবর্চসঃ।
সঙ্ঘাতো রাজপুত্রাণাং সর্বেষামভবৎ তদা॥ ১৪
কৃতাভিসময়াঃ সর্বে সুবর্ণবিকৃতধ্বজাঃ।
রক্তাম্বরধরাঃ সর্বে সর্বে রক্তবিভূষণাঃ॥ ১৫
সর্বে রক্তপতাকাশ্চ সর্বে বৈ হেমমালিনঃ।
চন্দনাগুরুদিগ্ধাঙ্গাঃ স্রগ্বিণঃ সূক্ষ্মবাসসঃ॥১৬
সহিতাঃ পর্য্যধাবন্ত কাঞ্চিং প্রতি যুযুৎসবঃ।
তেষাং দশ সহস্রাণি বভূবুর্দৃঢ়ধন্বিনাম্॥১৭
পৌত্রং তব পুরস্কৃত্য লক্ষ্মণং প্রিয়দর্শনম্।
অন্যোন্যসমদুঃখাস্তে অন্যোন্যসমসাহসাঃ॥ ১৮
অন্যোন্যং স্পর্ধমানাশ্চ অন্যোন্যস্য হিতে রতাঃ।
দুর্য্যোধনস্তু রাজেন্দ্র সৈন্যমধ্যে ব্যবস্থিতঃ॥ ১৯
কর্ণ-দুঃশাসন-কৃপৈর্বৃতো রাজা মহারথৈঃ।
দেবরাজোপমঃ শ্রীমান্ শ্বেতচ্ছত্রাভিসংবৃতঃ॥ ২০
চামরব্যজনক্ষেপৈরুদয়ন্নিব ভাস্করঃ।
প্রমুখে তস্য সৈন্যস্য দ্রোণোঽবস্থিতনায়কঃ॥ ২১
সিন্ধুরাজস্তথাতিষ্ঠচ্ছ্রীমান্ মেরুরিবাচলঃ।
সিন্ধুরাজস্য পার্শ্বস্থা অশ্বত্থামপুরোগমাঃ॥ ২২
সুতাস্তব মহারাজ ত্রিংশৎত্রিদশসন্নিভাঃ।
গান্ধাররাজঃ কিতবঃ শল্যো ভূরিশ্রবাস্তথা॥ ২৩
পার্শ্বতঃ সিন্ধুরাজস্য ব্যরাজন্ত মহারথাঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্॥ ২৪
তাবকানাং পরেষাঞ্চ মৃত্যুং কৃত্বা নিবর্তনম্॥ ২৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি চক্রব্যূহনির্মাণে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৪

করুন। আমি আপনার নিকট বন্ধু-বান্ধবগণের সামগ্রিক বিনাশের কথা বর্ণনা করিব, শ্রবণ করুন॥ ১২

রাজন্! আচার্য্য দ্রোণ যে চক্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন, তাহাতে ইন্দ্রতুল্য পরাক্রমশালী সমস্ত রাজগণকে সন্নিবেশিত করা হইয়াছিল॥ ১৩

ইহার অরাস্থানসমূহে সূর্য্যসদৃশ তেজস্বী রাজকুমারগণ দণ্ডায়মান ছিলেন। সেই সময় সেখানে সমস্ত রাজকুমারগণের একটি সমবায় উৎপন্ন হইয়াছিল॥ ১৪

ইঁহারা সকলেই প্রাণ থাকিতে যুদ্ধ ত্যাগ না করিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন। ইঁহাদের সকলের ধ্বজ সুবর্ণনির্ম্মিত ছিল। ইঁহারা সকলেই রক্তবর্ণ বস্ত্র পরিধান করিয়াছিলেন এবং রক্তবর্ণ ভূষণসমূহ ধারণ করিয়াছিলেন॥ ১৫

সকলের রথের উপর রক্তবর্ণের পতাকা উড়িতেছিল। সকলে স্বর্ণের মাল্য ধারণ করিয়াছিলেন; সকলের শরীরে চন্দন ও অগুরু লেপন করা হইয়াছিল এবং পুষ্পমাল্যে শোভিত ইঁহারা সকলেই সূক্ষ্ম বস্ত্র পরিধান করিয়াছিলেন॥ ১৬

এই সকল রাজপুত্র যুদ্ধের জন্য উৎসুক হইয়া অর্জ্জুননন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন। সুদৃঢ়-ধনুর্ধারণকারী এই বীরগণের সংখ্যা ছিল দশ হাজার॥ ১৭

ইঁহারা আপনার প্রিয়দর্শন পৌত্র লক্ষ্মণকে অগ্রে করিয়া ধাবিত হইলেন। ইঁহারা সকলে পরস্পরের দুঃখ সমভাবে বুঝিতেন এবং সকলেই সমান সাহসী ছিলেন॥ ১৮

ইঁহারা পরস্পর পরস্পরকে স্পর্ধা করিতে ও পরস্পর পরস্পরের হিতসাধনে তৎপর ছিলেন। রাজেন্দ্র! রাজা দুর্য্যোধন সৈন্যের মধ্যভাগে বিরাজমান ছিলেন॥ ১৯

তাঁহার উপর শ্বেতচ্ছত্র ধারণ করা হইয়াছিল। তিনি কর্ণ, দুঃশাসন ও কৃপাচার্য্য প্রভৃতি মহারথী বীরগণে পরিবৃত হইয়া দেবরাজ ইন্দ্রের ন্যায় শোভা পাইতেছিলেন॥ ২০

ইঁহার উভয় দিকে চামরব্যজন করা হইতেছিল। তখন তিনি উদয়কালীন সূর্য্যতুল্য শোভাপ্রাপ্ত হইয়াছিলেন। এই সৈন্যবাহিনীর অগ্রভাগে দ্রোণাচার্য্য দণ্ডায়মান ছিলেন॥ ২১

সেই স্থানে সিন্ধুরাজ শ্রীমান্ জয়দ্রথও মেরু পর্ব্বতের ন্যায় অবস্থান করিতেছিলেন। ইঁহার পার্শ্বভাগে অশ্বত্থামাদি মহারথীরা বিদ্যমান ছিলেন॥ ২২

মহারাজ! দেবতুল্যসুশোভিত আপনার ত্রিশ জন পুত্র, পাশাখেলায় নিপুণ গান্ধাররাজ শকুনি, শল্য এবং ভূরিশ্রবা—এই সব মহারথী বীরবৃন্দ সিন্ধুরাজ জয়দ্রথের পার্শ্বভাগে সুশোভিত ছিলেন।

তদনন্তর "মরণের পরই যুদ্ধ হইতে নিবৃত্ত হইব" এরূপ নিশ্চয় করিয়া আপনার ও শত্রুপক্ষের যোদ্ধাদের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল, যাহা সকলেরই রোমাঞ্চকর ছিল॥ ২৩-২৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে চক্রব্যূহ-নির্ম্মাণবিষয়ক চতুস্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

[যুধিষ্ঠিরাভিমন্যুসংবাদঃ, ব্যূহভেদায়াভিমন্যোঃ প্রতিজ্ঞা চ]

সঞ্জয় উবাচ।

তদনীকমনাধৃষ্যং ভারদ্বাজেন রক্ষিতম্।
পার্থাঃ সমভ্যবর্তন্ত ভীমসেনপুরোগমাঃ ॥ ১
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
কুন্তিভোজশ্চ বিক্রান্তো দ্রুপদশ্চ মহারথঃ।
আর্জুনিঃ ক্ষত্রধর্মা চ বৃহৎক্ষত্রশ্চ বীর্য্যবান্।
চেদিপো ধৃষ্টকেতুশ্চ মাদ্রীপুত্রৌ ঘটোৎকচঃ ৩
যুধামন্যুশ্চ বিক্রান্তঃ শিখণ্ডী চাপরাজিতঃ।
উত্তমৌজাশ্চ দুর্ধর্ষো বিরাটশ্চ মহারথঃ ॥ ৪
দ্রৌপদেয়াশ্চ সংরব্ধাঃ শৈশুপালিশ্চ বীর্য্যবান্।
কেকয়াশ্চ মহাবীর্য্যাঃ সৃঞ্জয়াশ্চ সহস্রশঃ ॥ ৫
এতে চান্যে চ সগণাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্মদাঃ।
সমভ্যধাবন্ সহসা ভারদ্বাজং যুযুৎসবঃ ॥ ৬
সমীপে বর্তমানাংস্তান্ ভারদ্বাজোঽতিবীর্য্যবান্।
অসম্ভ্রান্তঃ শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥ ৭
মহৌঘঃ সলিলস্যেব গিরিমাসাদ্য দুর্ভিদম্।
দ্রোণং তে নাভ্যবর্তন্ত বেলামিব জলাশয়াঃ ॥ ৮
পীড্যমানাঃ শরৈ রাজন্ দ্রোণচাপবিনিঃসৃতৈঃ।
ন শেকুঃ প্রমুখে স্থাতুং ভারদ্বাজস্য পাণ্ডবাঃ ॥ ৯
তদদ্ভুতমপশ্যাম দ্রোণস্য ভুজয়োর্বলম্।
যদেনং নাভ্যবর্তন্ত পাঞ্চালাঃ সৃঞ্জয়ৈঃ সহ ॥ ১০
তমায়ান্তমভিক্রুদ্ধং দ্রোণং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
বহুধা চিন্তয়ামাস দ্রোণস্য প্রতিবারণম্ ॥ ১১
অশক্যং তু তমন্যেন দ্রোণং মত্বা যুধিষ্ঠিরঃ।
অবিষহ্যং গুরুং ভারং সৌভদ্রং সমবাসৃজৎ ॥ ১২
বাসুদেবাদনবরং ফাল্গুনাচ্চামিতৌজসম্।
অব্রবীৎ পরবীরঘ্নমভিমন্যুমিদং বচঃ ॥ ১৩

পঞ্চত্রিংশ অধ্যায়।

[যুধিষ্ঠির ও অভিমন্যুর পরস্পর আলোচনা এবং ব্যূহভেদ করিবার জন্য অভিমন্যুর প্রতিজ্ঞা।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! দ্রোণাচার্য্যকর্তৃক সুরক্ষিত এই দুর্ধর্ষ সৈন্যবাহিনীকে ভীমসেন প্রভৃতি কুন্তীপুত্রগণ সম্মুখসমরে আক্রমণ করিলেন ॥১

সাত্যকি, চেকিতান, দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন, পরাক্রমশালী কুন্তিভোজ, মহারথী দ্রুপদ, অভিমন্যু, ক্ষত্রধর্ম্মা, শক্তিশালী বৃহৎক্ষত্র, চেদিরাজ ধৃষ্টকেতু, মাদ্রীনন্দন নকুল-সহদেব, ঘটোৎকচ, পরাক্রমশালী যুধামন্যু, অপরাজিত বীর শিখণ্ডী, দুর্ধর্ষ বীর উত্তমৌজা, মহারথী বিরাট, ক্রুদ্ধ দ্রৌপদীপুত্রগণ, বলবান্ শিশুপালপুত্র, মহাপরাক্রমশালী কেকয়রাজকুমারগণ এবং সহস্র সহস্র সৃঞ্জয়বংশীয় ক্ষত্রিয়বর্গ - ইঁহারা ও অন্যান্য অস্ত্রবিদ্যায় পারদর্শী এবং রণদুর্ম্মদ বহুসংখ্যক বীরগণ নিজ দলবলের সহিত সেখানে উপস্থিত ছিলেন। ইঁহারা সকলে যুদ্ধ করিতে অভিলাষী হইয়া সহসা দ্রোণাচার্য্যের উপর ধাবিত হইলেন। ২-৬

ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্য অতিশয় পরাক্রমী ছিলেন, সুতরাং শত্রুগণের এই আক্রমণে তিনি অল্পও বিভ্রান্ত হইলেন না। তিনি নিকটে আগত পাণ্ডবসৈন্যদিগকে প্রভূত বাণসমূহ বর্ষণ করত আবৃত করিয়া ফেলিলেন। ৭

যেরূপ দুর্ভেদ্য পর্ব্বতের নিকট উপস্থিত হইয়া জলের প্রবল প্রবাহ অবরুদ্ধ হইয়া যায় এবং সমুদ্র যেরূপ নিজের তীরভূমিকে অতিক্রম করিতে পারে না, সেইরূপ পাণ্ডবসৈন্যরা দ্রোণাচার্য্যের অতিশয় নিকটে উপস্থিত হইতে পারিলেন না। ৮

রাজন্! দ্রোণাচার্য্যের ধনু হইতে নিক্ষিপ্ত বাণসমূহে অত্যন্ত পীড়িত হইয়া পাণ্ডব-বীরগণ তাঁহার সম্মুখে দাঁড়াইয়া থাকিতে সমর্থ হইলেন না। ৯

সেই সময় আমরা দ্রোণাচার্য্যের বাহুদ্বয়ের এই অদ্ভুত পরাক্রম দেখিলাম যে, তখন তাঁহার বাহুবল অতিক্রম করিয়া সৃঞ্জয়সহ সমস্ত পাঞ্চালবীরগণ তাঁহার সম্মুখে থাকিতেই পারিলেন না। ১০

অতিশয় ক্রুদ্ধ দ্রোণাচার্য্যকে আসিতে দেখিয়া রাজা যুধিষ্ঠির তাঁহাকে রুদ্ধ করিবার উপায় সম্বন্ধে পুনঃ পুনঃ চিন্তা করিতে লাগিলেন। ১১

সেই সময় দ্রোণাচার্য্যের সম্মুখীন হওয়া অপরের পক্ষে অসম্ভব জানিয়া যুধিষ্ঠির এই দুঃসহ ও গুরুভার সুভদ্রাকুমার অভিমন্যুর উপর অর্পণ করিলেন। ১২

অমিততেজস্বী অভিমন্যু বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ এবং অর্জুন

এত্য নো নার্জুনো গর্হেদ্ যথা তাত তথা কুরু।
চক্রব্যূহস্য ন বয়ং বিদ্মো ভেদং কথঞ্চন ॥ ১৪
ত্বং বার্জুনো বা কৃষ্ণো বা ভিন্দ্যাৎ প্রদ্যুম্ন এব বা।
চক্রব্যূহং মহাবাহো পঞ্চমো নোপপদ্যতে ॥ ১৫
অভিমন্যো বরং তাত যাচতাং দাতুমর্হসি।
পিতৄণাং মাতুলানাঞ্চ সৈন্যানাং চৈব সর্বশঃ ॥ ১৬
ধনঞ্জয়ো হি নস্তাত গর্হয়েদেত্য সংযুগাৎ।
ক্ষিপ্রমস্ত্রং সমাদায় দ্রোণানীকং বিশাতয় ॥১৭

অভিমন্যুরুবাচ।

দ্রোণস্য দৃঢ়মত্যুগ্রমনীকপ্রবরং যুধি।
পিতৄণাং জয়মাকাঙ্ক্ষন্নবগাহেঽবিলম্বিতম্ ॥ ১৮
উপদিষ্টো হি মে পিত্রা যোগোঽনীকবিশাতনে।
নোৎসহে হি বিনির্গন্তুমহং কস্যাঞ্চিদাপদি ॥ ১৯

যুধিষ্ঠির উবাচ।

ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ দ্বারং সঞ্জনয়স্ব নঃ।
বয়ং ত্বানুগমিষ্যামো যেন ত্বং তাত যাস্যসি ॥ ২০
ধনঞ্জয়সমং যুদ্ধে ত্বাং বয়ং তাত সংযুগে।
প্রণিধায়ানুযাস্যামো রক্ষন্তঃ সর্বতোমুখাঃ ॥ ২১

ভীম উবাচ।

অহং ত্বানুগমিষ্যামি ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাস্তথা সর্বে প্রভদ্রকাঃ ॥ ২২
সকৃদ্ ভিন্নং ত্বয়া ব্যূহং তত্র তত্র পুনঃ পুনঃ।
বয়ং প্রধ্বংসয়িষ্যামো নিঘ্নমানা বরান্ বরান্ ॥ ২৩

অভিমন্যুরুবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং দুরাসদম্।
পতঙ্গ ইব সংক্রুদ্ধো জ্বলিতং জাতবেদসম্ ॥ ২৪
তৎ কর্মাদ্য করিষ্যামি হিতং যদ্ বংশয়োর্দ্বয়োঃ।
মাতুলস্য চ যৎ প্রীতিং করিষ্যতি পিতুশ্চ মে ॥ ২৫

অপেক্ষা কোন অংশেই ন্যূন (কম) ছিলেন না। তিনি শত্রুবীরগণকে সংহার করিতে সমর্থ ছিলেন, তাই যুধিষ্ঠির তাঁহাকে এই কথা বলিলেন। ১৩

বৎস! সংশপ্তকগণের সহিত যুদ্ধ করিবার পর ফিরিয়া আসিয়া অর্জুন যাহাতে আমাদের নিন্দা না করে (অর্থাৎ আমাদের সকলকে অসমর্থ না বলিতে পারে), সেইরূপ কার্য্য কর। আমরা ত' কেহই কোনরূপে চক্রব্যূহ ভেদ করিবার প্রক্রিয়া জানি না। ১৪

মহাবাহো! তুমি, অর্জুন, কৃষ্ণ ও প্রদ্যুম্ন—এই চারজনেই চক্রব্যূহ ভেদ করিতে সমর্থ। পঞ্চম কোন যোদ্ধাই ইহাকে ভেদ করিতে জানে না। ১৫

বৎস অভিমন্যু! তোমার পিতা ও মামার পক্ষের সমস্ত যোদ্ধারা এবং এই সকল সৈন্যরা তোমার নিকট প্রার্থনা করিতেছে। তুমিই ইহাদের বরদান করিবার যোগ্য। ১৬

বৎস! যদি আমরা জয়লাভ না করি, তবে যুদ্ধ হইতে ফিরিয়া আসিয়া অর্জুন আমাদিগের নিন্দা করিবে, অতএব তুমি শীঘ্রই অস্ত্রধারণ করত দ্রোণাচার্য্যের সৈন্যদিগকে বিনাশ কর। ১৭

অভিমন্যু বলিলেন,—রাজন্! আমি আমার পিতৃবর্গের জয়লাভের আশা রাখিয়া রণাঙ্গনে দ্রোণাচার্য্যের অত্যন্ত ভয়ঙ্কর, সুদৃঢ় এবং শ্রেষ্ঠ সৈন্যদলের মধ্যে সত্বরই প্রবেশ করিব। ১৮

পিতৃদেব আমাকে চক্রব্যূহ ভেদ করিবার বিধি বলিয়াছেন, কিন্তু কোনরূপে বিপন্ন হইয়া পড়িলে আমি সেই ব্যূহ হইতে বাহির হইয়া আসিতে পারিব না। ১৯

যুধিষ্ঠির বলিলেন,—যোদ্ধাদের মধ্যে শ্রেষ্ঠ বীর! তুমি ব্যূহকে ভেদ কর এবং আমাদের জন্য দ্বার প্রশস্ত করিয়া দাও। তাত! তারপর তুমি যে পথ দিয়া যাইবে, আমরা সকলে সেই পথ দিয়াই তোমার পশ্চাতে পশ্চাতে গমন করিব।

বৎস! আমরা রণাঙ্গনে তোমাকে অর্জুনের তুল্য বলিয়াই মনে করি। আমরা সকলে আমাদের চিন্তা তোমার উপরেই রাখিয়া সর্ব্বতোভাবে তোমাকে রক্ষা করিতে করিতে তোমার পশ্চাতে পশ্চাতে গমন করিব। ২০-২১

ভীম বলিলেন,—পুত্র! আমি তোমার সহিত গমন করিব। ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, পাঞ্চালদেশীয় যোদ্ধারা, কেকয়রাজকুমারগণ, মৎস্যদেশের সৈন্যসকল এবং প্রভদ্রকগণও তোমারই অনুসরণ করিবেন। ২২

তুমি যেখানে যেখানে ব্যূহকে একবার ভেদ করিবে, সেখানে সেখানে আমরা মুখ্য মুখ্য যোদ্ধাগণকে বধ করিয়া সেই ব্যূহকে বারংবার নষ্ট করিতে থাকিব। ২৩

অভিমন্যু বলিলেন,—যেরূপ পতঙ্গ প্রজ্বলিত অগ্নির উপর পতিত হয়, সেইরূপ আমিও ক্রুদ্ধ হইয়া দ্রোণাচার্য্যের দুর্গম সৈন্যব্যূহমধ্যে প্রবেশ করিব। ২৪

আজ আমি এরূপ পরাক্রম প্রকাশ করিব, যাহা পিতা ও

শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সঙ্ঘশঃ।
দ্রক্ষ্যন্তি সর্বভূতানি দ্বিষৎসৈন্যানি বৈ ময়া॥ ২৬

নাহং পার্থেন জাতঃ স্যাং ন চ জাতঃ সুভদ্রয়া।
যদি মে সংযুগে কশ্চিজ্জীবিতো নাদ্য মুচ্যতে॥ ২৭

যদি চৈকরথেনাহং সমগ্রং ক্ষত্রমণ্ডলম্।
ন করোম্যষ্টধা যুদ্ধে ন ভবাম্যর্জুনাত্মজঃ॥ ২৮

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্য বলং সৌভদ্র বর্ধতাম্।
যৎ সমুৎসহসে ভেত্তুং দ্রোণানীকং দুরাসদম্॥ ২৯

রক্ষিতং পুরুষব্যাঘ্রৈর্মহেষ্বাসৈর্মহাবলৈঃ।
সাধ্য-রুদ্র-মরুত্তুল্যৈর্বস্বগ্ন্যাদিত্যবিক্রমৈঃ॥ ৩০

সঞ্জয় উবাচ।

তস্য তদ্ বচনং শ্রুত্বা স যন্তারমচোদয়ৎ।
সুমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয়॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াংবৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি অভিমন্যুপ্রতিজ্ঞায়াং পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩৫

মাতা উভয়েরই বংশের পক্ষে হিতকর হইবে এবং মামা শ্রীকৃষ্ণ এবং পিতা অর্জুন এই দুইজনকেই প্রসন্ন করিবে॥ ২৫

যদিও আমি এখন বালক, তথাপি আজ সমস্ত প্রাণী দেখিবে যে, আমি একাকীই যুদ্ধে দলে দলে শত্রুগণকে সংহার করিতে থাকিব॥ ২৬

যদি আজ আমার সহিত যুদ্ধ করিয়া কোনও সৈন্য জীবিত থাকিয়া যায়, তবে আমি অর্জুনের পুত্রই নই এবং সুভদ্রাদেবীর উদর হইতে জন্মগ্রহণ করি নাই॥ ২৭

যদি আমি একমাত্র রথের সহায়তায় সমস্ত ক্ষত্রিয়মণ্ডলকে খণ্ড খণ্ড করিয়া না ফেলি, তবে আমি অর্জুনের পুত্রই নই॥ ২৮

যুধিষ্ঠির বলিলেন,—সুভদ্রানন্দন! এরূপ ওজস্বী বাক্য বলিতে বলিতে তোমার বল নিরন্তর বর্দ্ধিত হউক, কারণ, একমাত্র তুমিই দ্রোণাচার্য্যের দুর্গম সৈন্যমধ্যে প্রবেশ করিবার উৎসাহ রাখ॥ ২৯

দ্রোণাচার্য্যের এই সৈন্যগণ তাদৃশ মহাবলশালী মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠ বীরগণকর্ত্তৃক সুরক্ষিত, যাঁহারা সাধ্য, রুদ্র ও মরুদ্‌গণ তুল্য বলবান্ এবং বসু, অগ্নি ও সূর্য্যসদৃশ পরাক্রমশালী॥৩০

সঞ্জয় বলিলেন,—রাজন্! মহারাজ যুধিষ্ঠিরের এই বাক্য শ্রবণ করিয়া অভিমন্যু নিজের সারথিকে এই আদেশ করিলেন— সুমিত্র! তুমি অতি সত্বর অশ্বগণকে দ্রোণাচার্য্যের সৈন্যগণের দিকে চালনা কর॥ ৩১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর প্রতিজ্ঞাবিষয়ক পঞ্চত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যোরুৎসাহস্তেন চতুরঙ্গসেনায়া বধশ্চ]

সঞ্জয় উবাচ।

সৌভদ্রস্তদ্ বচঃ শ্রুত্বা ধর্মরাজস্য ধীমতঃ।
অচোদয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত॥ ১

তেন সংচোদ্যমানস্তু যাহি যাহীতি সারথিঃ।
প্রত্যুবাচ ততো রাজন্নভিমন্যুমিদং বচ॥ ২

অতিভারোঽয়মায়ুষ্মন্নাহিতস্ত্বয়ি পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য্য ক্ষণং বুদ্ধ্যা ততস্ত্বং যোদ্ধুমর্হসি॥ ৩

ষট্‌ত্রিংশ অধ্যায়।

[অভিমন্যুর উৎসাহ এবং তাঁহার দ্বারা কৌরবগণের চতুরঙ্গিণী সৈন্যসংহার।]

সঞ্জয় বলিলেন,—ভারত! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়া সুভদ্রাকুমার অভিমন্যু নিজের সারথিকে দ্রোণাচার্য্যের দিকে যাইতে আদেশ করিলেন॥ ১

রাজন্! 'চল, চল' এই কথা বলিয়া অভিমন্যু বারংবার প্রেরিত করিতে থাকিলে সারথি সুমিত্র তাঁহাকে বলিলেন॥ ২

আয়ুষ্মন্! পাণ্ডবগণ আপনার উপর এই গুরু দায়িত্ব অর্পণ করিয়াছেন। প্রথমে আপনি ক্ষণকাল অবস্থান করত বুদ্ধি অনুসারে আপনার কর্ত্তব্য স্থির করিয়া লউন। তাহার পর যুদ্ধ করুন॥ ৩

আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমাস্ত্রে কৃতশ্রমঃ।
অত্যন্তসুখসংবৃদ্ধস্ত্বং চাযুদ্ধবিশারদঃ ॥ ৪
ততোঽভিমন্যুঃ প্রহসন্ সারথিং বাক্যমব্রবীৎ।
সারথে কো ন্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা ॥ ৫
ঐরাবতগতং শক্রং সহামরগণৈরহম্।
অথবা রুদ্রমীশানং সর্বভূতগণার্চিতম্।
যোধয়েয়ং রণমুখে ন মে ক্ষত্রেঽদ্য বিস্ময়ঃ ॥ ৬
ন মমৈতদ্ দ্বিষৎসৈন্যং কলামর্হতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ ॥ ৭
পিতরং চার্জুনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্যতি।
অভিমন্যুশ্চ তাং বাচং কদর্থীকৃত্য সারথেঃ ॥ ৮
যাহীত্যেবাব্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্।
ততঃ সংনোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্ ॥ ৯
নাতিহৃষ্টমনাঃ সূতো হেমভাণ্ডপরিচ্ছদান্।

তে প্রেষিতাঃ সুমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ ॥ ১০
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্ মহাবেগপরাক্রমম্।
তমুদীক্ষ্য তথায়ান্তং সর্বে দ্রোণপুরোগমাঃ ॥
অভ্যবর্তন্ত কৌরব্যাঃ পাণ্ডবাশ্চ তমন্বয়ুঃ ॥ ১১
স কর্ণিকারপ্রবরোচ্ছ্রিতধ্বজঃ
সুবর্ণবর্মার্জুনিরর্জুনাদ্ বরঃ।
যুযুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্
সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্ ॥ ১২
তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।
আসীদ্ গাঙ্গ ইবাবর্তো মুহূর্তমুদধাবিব ॥ ১৩
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
সংগ্রামস্তুমুলো রাজন্ প্রাবর্তত সুদারুণঃ ॥ ১৪
প্রবর্তমানে সংগ্রামে তস্মিন্নতিভয়ঙ্করে।
দ্রোণস্য মিষতো ব্যূহং ভিত্ত্বা প্রাবিশদার্জুনিঃ ॥ ১৫

দ্রোণাচার্য্য অস্ত্রবিদ্যায় বিশেষজ্ঞ এবং উত্তম অস্ত্রসকলের অভ্যাসের জন্য তিনি অতিশয় পরিশ্রমও করিয়াছেন। এদিকে আপনি অতিশয় সুখে প্রিয়জনের দ্বারা পরিবর্দ্ধিত হইয়াছেন। যুদ্ধবিদ্যায় আপনি তাঁহার ন্যায় বিজ্ঞ নন্ ॥৪

তখন অভিমন্যু হাসিতে হাসিতে সারথিকে এই কথা বলিলেন,—সারথে! এই দ্রোণাচার্য্য বা এই সব ক্ষত্রিয়মণ্ডলের কথা আর কি বলিব, আমি ত' ঐরাবত হস্তীতে আরূঢ় সমস্ত দেবগণের সহিত ইন্দ্র কিংবা সকল প্রাণিগণের দ্বারা পূজিত ও সকলের ঈশ্বর রুদ্রদেবের সহিতও সম্মুখে থাকিয়া যুদ্ধ করিতে সমর্থ; অতএব বর্ত্তমানে এই সব ক্ষত্রিয়বর্গের সহিত যুদ্ধ করাকে আমার আজ কোন বিস্ময়ই হইতেছে না ॥ ৫-৬

শত্রুগণের এই সৈন্যবাহিনী আমার ষোল ভাগের একভাগও হইবে না। সূতপুত্র! বিশ্ববিজয়ী বিষ্ণুস্বরূপ মামা শ্রীকৃষ্ণ এবং পিতা অর্জুনও যদি বিপক্ষরূপে আমার সম্মুখে আসেন, তথাপি আমার ভয় হইবে না ॥ ৭

অভিমন্যু সারথির পূর্ব্বোক্ত বাক্য অবহেলা করিয়া তাহাকে বলিলেন—তুমি শীঘ্র দ্রোণাচার্য্যের সৈন্যদের দিকে চল ॥ ৮

তখন সারথি সুবর্ণময় ভূষণে বিভূষিত ও তিন বৎসর বয়স্ক অশ্বদিগকে শীঘ্র চালাইয়া দিল। সেই সময় তাহার মন অধিক প্রসন্ন ছিল না ॥ ৯

রাজন্! সারথি সুমিত্র কর্ত্তৃক দ্রোণাচার্য্যের সৈন্যের দিকে প্রেরিত হইয়া মহাবেগশালী ও পরাক্রমী অশ্বগণ দ্রোণাচার্য্যের দিকে দৌড়াইয়া যাইতে লাগিল ॥ ১০

অভিমন্যুকে এইভাবে আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য প্রভৃতি কৌরব-বীরগণ তাঁহার সম্মুখে আসিয়া দাঁড়াইলেন এবং পাণ্ডব-যোদ্ধারা তাঁহার অনুসরণ করিয়া চলিলেন ॥ ১১

অভিমন্যুর উচ্চ ও শ্রেষ্ঠ ধ্বজ কর্ণিকার-বৃক্ষচিহ্নে সুশোভিত ছিল। তিনি সুবর্ণনির্ম্মিত কবচধারণ করিয়াছিলেন। এই অর্জুননন্দন অভিমন্যু নিজের পিতা অর্জুন অপেক্ষাও শ্রেষ্ঠ বীর ছিলেন। যেরূপ সিংহশাবক হস্তীদের উপর আক্রমণ করিয়া থাকে, সেইরূপ অভিমন্যুও যুদ্ধের ইচ্ছায় দ্রোণাদি মহারথী বীরগণের দিকে ধাবিত হইলেন ॥ ১২

অভিমন্যু বিশ পদ মাত্র অগ্রসর হইলেই যুদ্ধ করিতে উদ্যত দ্রোণাচার্য্যাদি যোদ্ধারা তাঁহার উপর অস্ত্রপ্রহার আরম্ভ করিয়া দিলেন। সেই সময় এই সৈন্যগণ মধ্যে অভিমন্যু প্রবেশ করিতে যাইলে মুহূর্ত্তকালেই সৈন্যদের মধ্যে সেইরূপ সঙ্ঘর্ষ বাধিয়া যাইল, যেরূপ সমুদ্রের সহিত গঙ্গার আবর্ত্তযুক্ত (ঘোলা) জলরাশির সঙ্ঘাত হইয়া থাকে ॥ ১৩

রাজন্! যুদ্ধে তৎপর থাকিয়া পরস্পর পরস্পরের উপর প্রাণঘাতী প্রহার করিতে করিতে সেই বীরগণের মধ্যে অত্যন্ত নিদারুণ ও ভয়ঙ্কর সঙ্ঘর্ষ আরম্ভ হইয়া যাইল ॥ ১৪

যখন এই অতিশয় ভয়ঙ্কর সংগ্রাম চলিতেছিল, তখন দ্রোণাচার্য্যের সাক্ষাতেই অর্জুননন্দন অভিমন্যু ব্যূহ ভেদ করিয়া প্রবেশ করিলেন ॥ ১৫

(তদভেদ্যমনাধৃষ্যং দ্রোণানীকং সুদুর্জয়ম্।
ভিত্ত্বার্জুনিরসম্ভ্রান্তো বিবেশাচিন্ত্যবিক্রমঃ ॥)
তং প্রবিষ্টং বিনিঘ্নন্তং শত্রুসঙ্ঘান্ মহাবলম্।
হস্ত্যশ্ব-রথ-পত্ত্যোঘাঃ পরিবব্রুরুদায়ুধাঃ ॥ ১৬
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টগর্জ্জিতৈঃ।
হুঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ তিষ্ঠ তিষ্ঠেতি নিঃস্বনৈঃ ॥ ১৭
ঘোরৈর্হলহলাশব্দৈর্মা গাস্তিষ্ঠৈহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদন্তো মুহুর্মুহুঃ ॥ ১৮
বৃংহিতৈঃ সিঞ্জিতৈর্হাসৈঃ করনেমিস্বনৈরপি।
সন্নাদয়ন্তো বসুধামভিদুদ্রুবুরার্জুনিম্ ॥ ১৯
তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।
ক্ষিপ্রাস্ত্রো হ্যবধীদ্ রাজন্ মর্মজ্ঞো মর্মভেদিভিঃ ॥ ২০
তে হন্যমানা বিবশা নানালিঙ্গৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেতুঃ সুবহুশঃ শলভা ইব পাবকম্ ॥ ২১
ততস্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
সন্তস্তার ক্ষিতিং ক্ষিপ্রং কুশৈর্বেদিমিবাধ্বরে ॥ ২২
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্ সশরাসন-সায়কান্।
সাসি-চর্মাঙ্কুশাভীষূন্ সতোমর-পরশ্বধান্ ॥ ২৩
সগদায়োগুড়-প্রাসান্ সর্ষ্টি-তোমর-পট্টিশান্।
সভিন্দিপালপরিঘান্ সশক্তিবরকম্পনান্ ॥ ২৪
সপ্রতোদ-মহাশঙ্খান্ সকুন্তান্ সকচগ্রহান্।
সমুদ্গরক্ষেপণীয়ান্ সপাশ-পরিঘোপমান্ ॥ ২৫
সকেয়ূরাঙ্গদান্ বাহূন্ হৃদ্যগন্ধানুলেপনান্।
সংচিচ্ছেদার্জুনিস্তূর্ণং ত্বদীয়ানাং সহস্রশঃ ॥ ২৬
তৈ স্ফুরদ্ভির্মহারাজ শুশুভে ভূঃ সুলোহিতৈঃ।
পঞ্চাস্যৈঃ পন্নগৈশ্ছিন্নৈর্গরুড়েনেব মারিষ ॥ ২৭

(অভিমন্যুর পরাক্রম অচিন্তনীয় ছিল। তিনি কোনরূপ বিচলিত না হইয়াই অত্যন্ত দুর্জ্জয় ও দুর্দ্ধর্ষ সৈন্যব্যূহ ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিলেন।)

ব্যূহের মধ্যে প্রবেশ করিয়া শত্রুগণকে সংহার করিতে করিতে যুদ্ধরত মহাবল অভিমন্যুকে গজারোহী, অশ্বারোহী ও পদাতি যোদ্ধারা অস্ত্রউত্তোলনপূর্ব্বক বিভিন্ন দলে বিভক্ত হইয়া চারিদিকে আবৃত করিয়া ফেলিল ॥ ১৬

নানাপ্রকার বাদ্যধ্বনি, কোলাহল, চীৎকার, গর্জ্জন, হুঙ্কার, সিংহনাদ, 'দাঁড়াও, দাঁড়াও' এরূপ শব্দ এবং হলাহল শব্দসহ 'যাইও না, দাঁড়াও, আমার নিকট এস, তোমার শত্রু আমি ত' এখানেই আছি' ইত্যাদি বাক্য বারংবার বলিতে বলিতে বীর সৈন্যগণ হস্তীদিগের চীৎকার, ঘুঙ্গুরের ঝন্ ঝন্ শব্দ, অট্টহাস্য, হস্ততালি-শব্দ এবং চক্রসকলের ঘর্ঘর শব্দে চারিদিক্ নিনাদিত করিতে করিতে অর্জ্জুননন্দন অভিমন্যুর উপর আক্রমণ করিলেন ॥ ১৭-১৯

রাজন্! মহাবলশালী বীর অভিমন্যু দ্রুততার সহিত যুদ্ধ করিতে নিপুণ ছিলেন, ক্ষিপ্রতাসহকারে অস্ত্রচালনায় দক্ষ ছিলেন এবং শত্রুগণের মর্ম্মস্থানসকল জানিতেন। তিনি নিজের দিকে আগত শত্রুসৈন্যদিগকে মর্ম্মভেদী বাণসমূহের দ্বারা বধ করিতে লাগিলেন ॥ ২০

নানাপ্রকার চিহ্নসমূহে সুশোভিত তীক্ষ্ণ বাণসমূহের প্রহার খাইয়া সেই বহুসংখ্যক কৌরব-বীর বিবশ হইয়া ধরাতলে পতিত হইতে থাকিলে তখন মনে হইতেছিল যে, পতঙ্গসকল দলে দলে আসিয়া যেন অগ্নিতে পতিত হইতেছে ॥ ২১

যেরূপ যজ্ঞে বেদীর উপর কুশ পাতা হইয়া থাকে, সেইরূপ অভিমন্যুও অতিসত্বর শত্রুগণের শরীরসকল ও বিভিন্ন অবয়বের দ্বারা সম্পূর্ণ রণভূমি আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২২

মহারাজ! অর্জ্জুনকুমার অভিমন্যু আপনার সহস্র সহস্র সৈন্যদের সেই বাহুসমূহকে দ্রুত ছেদন করিতে লাগিলেন, যে সকল বাহুর মধ্যে সুগন্ধযুক্ত চন্দন লেপন করা ছিল। বীরগণের এই হস্তসমূহে গোধার চর্ম্মনির্ম্মিত দস্তানা বাঁধা ছিল, ধনু ও বাণ শোভা পাইতেছিল। কাহারও হাতে ঢাল, তরবারি, অঙ্কুশ ও অশ্বমুখরজ্জু আছে দেখা যাইল। কাহাদেরও হাতে তোমর এবং পরশু ছিল, কাহারও হাতে গদা, লোহার গোলা, প্রাস, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পরিঘ, শ্রেষ্ঠ শক্তি, কম্পন, প্রতোদ (চাবুক), মহাশঙ্খ ও কুন্ত—এসকল অস্ত্র আছে দেখা যাইতেছিল। কাহাদেরও হাতে শত্রুসকলের কচগ্রহ ধরা ছিল। কাহাদেরও হাতে মুদ্গর, ক্ষেপণযোগ্য আকাঙ্ক্ষ অস্ত্রসকল, পাশ, পরিঘ এবং প্রস্তর-খণ্ড দেখা যাইল। বীরগণের এই সকল হস্ত কেয়ূর ও অঙ্গাদিভূষণসমূহে বিভূষিত ছিল ॥ ২৩-২৬

আদরণীয় মহারাজ! রক্তে আপ্লুত হইয়া কম্পমান এই সকল হস্তে রণভূমি সেইরূপ শোভা পাইতেছিল, যেরূপ গরুড়-কর্ত্তৃক ছিন্ন-ভিন্ন পঞ্চমুখবিশিষ্ট সর্পগণের দেহে আচ্ছাদিত হইয়া বসুধা শোভা পাইয়া থাকেন ॥ ২৭

সুনাসাননকেশান্তৈরব্রণৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দষ্টৌষ্ঠপুটৈঃ ক্রোধাৎ ক্ষরদ্ভিঃ শোণিতং বহু ॥ ২৮

স চারুমুকুটোষ্ণীষৈর্মণিরত্নবিভূষিতৈঃ।
বিনালনলিনাকারৈর্দিবাকরশশিপ্রভৈঃ ॥ ২৯

হিত-প্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীং স বৈ তস্তার ফাল্গুনিঃ ॥ ৩০

গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্।
বীষামুখান্ দ্বিত্রিবেণূন্ ন্যস্তদণ্ডকবন্ধুরান্ ॥ ৩১

বিজঙ্ঘাকূবরাংস্তত্র বিনেমিদশনানপি।
বিচক্রোপস্করোপস্থান্ ভগ্নোপকরণানপি ॥ ৩২

প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ।
শরৈর্বিশকলীকুর্বন্ দিক্ষু সর্বাস্বদৃশ্যত ॥ ৩৩

পুনর্দ্বিপান্ দ্বিপারোহান্ বৈজয়ন্ত্যঙ্কুশ-ধ্বজান্।
তূণান্ বর্মাণ্যথো কক্ষ্যা গ্রৈবেয়াংশ্চ সকম্বলান্ ॥ ৩৪

ঘণ্টাঃ শুণ্ডাবিষাণাগ্রান্ ছত্রমালাঃ পদানুগান্।
শরৈর্নিশিতধারাগ্রৈঃ শাত্রবাণামশাতয়ৎ ॥ ৩৫

বনায়ুজান্ পর্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালধিকর্ণাক্ষান্ জবনান্ সাধুবাহিনঃ ॥ ৩৬

আরূঢ়ান্ শিক্ষিতৈর্যোধৈঃ শক্ত্যৃষ্টি-প্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্ ॥ ৩৭

নিরস্তজিহ্বানয়নান্ নিষ্কীর্ণান্ত্রযকৃদ্‌ঘনান্।
হতারোহাংশ্ছিন্নঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান্ ॥ ৩৮

নিকৃত্তচর্মকবচান্ শকৃন্মূত্রাসৃগাপ্লুতান্।
নিপাতয়ন্নশ্ববরাংস্তাবকান স বারোচত ॥ ৩৯

যাহাদের সুন্দর নাসিকা, সুন্দর মুখ এবং সুন্দর কেশান্তভাগের অদ্ভুত শোভা যাইতেছিল, যাহাদের কোনরূপ অস্ত্রাঘাতের চিহ্ন ছিল না, মনোহর কুণ্ডলসমূহে যাহারা প্রকাশিত হইতেছিল, ক্রোধবশতঃ যাহাদের ওষ্ঠভাগ দাঁতের দ্বারা পিষ্ট ছিল, যাহারা অত্যধিক রক্তধারা বহন করিতেছিল, যাহাদের উপর মনোহর মুকুট ও পাগড়ী শোভা পাইতেছিল, যাহাদের প্রভা সূর্য্য ও চন্দ্রসদৃশ ছিল, যাহারা নালরহিত প্রফুল্ল কমলের ন্যায় প্রতীত হইতেছিল, যাহারা মধ্যে মধ্যে প্রিয় ও হিতকর বাক্য বলিতেছিল, যাহাদের সংখ্যা ছিল বহু এবং যাহারা পবিত্র গন্ধে সুবাসিত ছিল, শত্রুগণের সেই সব মস্তকে অভিমন্যু সেখানকার রণভূমি আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২৮-৩০

এইরূপে অভিমন্যু স্বীয় বাণসমূহে শত্রুগণের গন্ধর্বনগরতুল্য বিশাল ও বিধিপূর্ব্বক সুসজ্জিত বহুসংখ্যক রথকে খণ্ড খণ্ড করিতে করিতে চারিদিকেই দৃষ্টিগোচর হইতেছিলেন। এই সকল রথের প্রধান ঈষাদণ্ড নষ্ট হইয়া গিয়াছিল। ত্রিবেণু চূর্ণ বিচূর্ণ হইয়া পড়িয়াছিল। স্তম্ভদণ্ডসকল উৎপাটিত হইয়াছিল। ইহাদের বন্ধনসমূহ শ্লথ হইয়া গিয়াছিল। এই সকল রথের জঙ্ঘা (নিম্নস্থান) এবং কূবর (জোয়াল রাখিবার কাষ্ঠ) ভাঙ্গিয়া গিয়াছিল। চক্রের উপরিভাগ ও অরা বিধ্বস্ত হইয়াছিল। চক্র, উপস্কর ও বসিবার আসনসমূহ স্থানভ্রষ্ট হইয়া গিয়াছিল। সমস্ত সামগ্রী ও রথের অবয়ব চূর্ণ বিচূর্ণ হইয়া গিয়াছিল। রথের ছতরী ও আবরণ ভূপাতিত হইয়াছিল এবং এই সব রথের সমস্ত যোদ্ধাই নিহত হইয়াছিল। এইরূপ সহস্র সহস্র রথের ধ্বজ উড়িয়া গিয়াছিল ॥ ৩১-৩৩

রথসমূহকে নষ্ট করিয়া অভিমন্যু পুনরায় তীক্ষ্ণধার বাণসকলে শত্রুগণের বহু হস্তী, গজারোহী, ইহাদের পতাকা, অঙ্কুশ, ধ্বজ, তূণীর, কবচ, রজ্জু, কণ্ঠাভরণ, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দন্ত, ছত্র, মালা ও পাদরক্ষকগণকেও ছেদন করিয়া ফেলিলেন ॥ ৩৪-৩৫

রাজন্! আপনার বনায়ুজ, পর্ব্বতীয়, কাম্বোজ ও বাহ্লীকদেশীয় শ্রেষ্ঠ অশ্বগণ—যাহারা পুচ্ছ, কর্ণ ও নেত্র নিশ্চল করিয়া ধাবিত হয়, যাহারা বেগবান্ ও আরোহীদের উত্তম কার্য্যের উপযোগী, যাহাদের উপর শক্তি, ঋষ্টি ও প্রাসের দ্বারা যুদ্ধ করিতে সমর্থ সুশিক্ষিত যোদ্ধারা আরোহণ করিয়া আছেন, এই সব অশ্বদিগকে ধরাশায়ী করিতে করিতে একাকী বীর অভিমন্যু একমাত্র ভগবান্ বিষ্ণুর ন্যায় অচিন্ত্য ও দুষ্কর কর্ম্ম করিয়া অতিশয় শোভা পাইতে লাগিলেন। এই সকল অশ্বের মস্তক ও গলদেশে চামরের ন্যায় বড় বড় কেশসমূহ এবং মুখমণ্ডল বাণসকলের আঘাতে নষ্ট হইয়া গিয়াছিল। ইহারা সকলেই তখন আহত হইয়া পড়িয়াছিল। বহু অশ্বের মস্তক ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল। কতক অশ্বের জিহ্বা ও নেত্র বাহির হইয়া আসিয়াছিল, অন্ত্র ও যকৃৎ খণ্ড খণ্ড হইয়াছিল এবং সকলেরই আরোহী যোদ্ধা নিহত হইয়াছিল। ইহাদের গলদেশের ঘুঙ্গুর বিচ্ছিন্ন হইয়া গিয়াছিল। এই সকল অশ্ব মৃত্যুর অধীনস্থ হইয়া মাংসভক্ষী প্রাণিগণের হর্ষবর্দ্ধন করিতেছিল। ইহাদের চামর ও কবচ খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল এবং ইহারা মল, মূত্র ও রক্তে নিমজ্জিত হইয়াছিল ॥

একো বিষ্ণুরিবাচিন্ত্যং কৃত্বা কর্ম সুদুষ্করম্।
তথা নির্মথিতং তেন ত্র্যঙ্গং তব বলং মহৎ ॥ ৪০
যথাসুরবলং ঘোরং ত্র্যম্বকেণ মহৌজসা।
কৃত্বা কর্ম রণেঽসহ্যং পরৈরাজু নিরাহবে ॥ ৪১
অভিনচ্চ পদাত্যোঘাংস্তদীয়ানেব সর্বশঃ।
এবমেকেন তাং সেনাং সৌভদ্রেণ শিতৈঃ শরৈঃ ৪২
ভৃশং বিপ্রহতাং দৃষ্ট্বা স্কন্দেনেবাসুরীং চমূম্।
ত্বদীয়াস্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ ॥ ৪৩
সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ।
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে ॥ ৪৪
গোত্রনামভিরন্যোন্যং ক্রন্দন্তো জীবিতৈষিণঃ।
হতান্ পুত্রান্ পিতৄন্ ভ্রাতৄন্ বন্ধূন্ সম্বন্ধিনস্তথা ॥ ৪৫
প্রাতিষ্ঠন্ত সমুৎসৃজ্য ত্বরয়ন্তো হয়-দ্বিপান্ ॥৪৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৬

যেরূপ মহাতেজস্বী ত্রিলোচন ভগবান্ রুদ্রদেব অসুরদের সৈন্যবাহিনীকে মথিত করিয়া থাকেন, সেইরূপ অভিমন্যু রথ, হাতী ও অশ্ব—এই তিন অঙ্গযুক্ত আপনার বিশাল সৈন্যবাহিনীকে মথিত করিয়া ফেলিলেন ॥

এইরূপ অর্জ্জুননন্দন অভিমন্যু রণাঙ্গনে শত্রুগণের অসহ্য পরাক্রম করিয়া আপনার পদাতি যোদ্ধাদিগকে সর্ব্বতোভাবে বিনাশ করিতে লাগিলেন ॥

যেরূপ কার্ত্তিকেয় অসুরদিগের সৈন্যবাহিনীকে নষ্ট ভ্রষ্ট করিয়া থাকেন, সেইরূপ একমাত্র সুভদ্রাকুমার অভিমন্যু নিজের তীক্ষ্ণধার বাণসমূহে সমস্ত কৌরব-সৈন্যদিগকে সর্ব্বপ্রকারে ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন। ইহা দেখিয়া আপনার পুত্র ও সৈন্যগণ সকলে ভীত হইয়া চারিদিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন। ইঁহাদের মুখ শুষ্ক হইয়া গিয়াছিল, সর্ব্বাঙ্গ বিবর্ণ হইয়া পড়িয়াছিল এবং রোমাঞ্চ হইতে লাগিল। শত্রুগণকে জয় করিবার জন্য ইঁহাদের মনে অল্পও উৎসাহ ছিল না ॥ ৩৬-৪৪

ইঁহারা জীবনের বাসনা লইয়া নিজ নিজ বন্ধু-বান্ধবও সম্বন্ধিগণের গোত্র এবং নাম উচ্চারণ করিতে করিতে পরস্পর ক্রন্দন করিতে থাকিলেন। সেই সময় আপনার সৈন্যরা এতাদৃশ ভীত হইয়া পড়িয়াছিলেন যে, তাঁহারা মৃত নিজেদের পুত্র, পিতৃতুল্য সম্বন্ধবিশিষ্ট ব্যক্তি, ভ্রাতা, বন্ধু ও অন্যান্য আত্মীয়গণকে পরিত্যাগ করিয়া নিজেদের অশ্ব ও হস্তীদিগকে অতিক্রত চালনা করিয়া রণভূমি হইতে পলায়ন করিলেন ॥ ৪৫-৪৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক ষট্‌ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যোঃ পরাক্রমস্তেনাশ্মকপুত্রস্য বধঃ, শল্যস্য মোহঃ, কৌরবসেনানাং পলায়নঞ্চ।]

সঞ্জয় উবাচ।
তাং প্রভগ্নাং চমূং দৃষ্ট্বা সৌভদ্রেণামিতৌজসা।
দুর্য্যোধনো ভৃশং ক্রুদ্ধঃ স্বয়ং সৌভদ্রমভ্যয়াৎ। ১
ততো রাজানমাবৃত্তং সৌভদ্রং প্রতি সংযুগে।
দৃষ্ট্বা দ্রোণোঽব্রবীদ্ যোধান্ পরীপ্সধ্বং নরাধিপম্ ॥২
পুরাভিমন্যুর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্য্যবান্।
তমাদ্রবত মা ভৈষ্ট ক্ষিপ্রং রক্ষত কৌরবম্। ৩

সপ্তত্রিংশ অধ্যায়।

[অভিমন্যুর পরাক্রম, তাঁহার দ্বারা অশ্মকপুত্রের সংহার, শল্যের মোহ এবং কৌরবসৈন্যদের পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! অমিততেজস্বী সুভদ্রানন্দন অভিমন্যু কৌরবসৈন্য বিতাড়িত করিয়া দিলেন। ইহা দেখিয়া স্বয়ং দুর্য্যোধন সুভদ্রাকুমারের সহিত সম্মুখসমরে মিলিত হইলেন ॥ ১

সেই রণাঙ্গনে রাজা দুর্য্যোধনকে অভিমন্যুর দিকে ফিরিয়া আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য সমস্ত যোদ্ধাগণকে বলিলেন—বীরগণ! নরপতি দুর্য্যোধনকে তোমরা সর্ব্বদিকে রক্ষা কর ॥ ২

বলবান্ অভিমন্যু আমাদের সাক্ষাতেই নিজের লক্ষ্যভূত রাজা দুর্য্যোধনকে প্রথমেই বধ করিয়া ফেলিবে; অতএব তোমরা সকলে ধাবিত হইয়া গমন কর, ভয় করিও না, শীঘ্রই কুরুবংশীয় দুর্য্যোধনকে রক্ষা কর ॥ ৩

ততঃ কৃতজ্ঞা বলিনঃ সুহৃদো জিতকাশিনঃ।
ত্রাস্যমানা ভয়াদ্ বীরং পরিবব্রুস্তবাত্মজম্ ॥ ৪
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ কর্ণঃ কৃতবর্মা চ সৌবলঃ।
বৃহদ্বলো মদ্ররাজো ভূরির্ভূরিশ্রবাঃ শলঃ ॥ ৫
পৌরবো বৃষসেনশ্চ বিসৃজন্তঃ শিতাঞ্শরান্।
সৌভদ্রং শরবর্ষেণ মহতা সমবাকিরন্ ॥ ৬
সম্মোহয়িত্বা তমথ দুর্য্যোধনমমোচয়ন্।
আস্যাদ্ গ্রাসমিবাক্ষিপ্তং মমৃষে নার্জ্জুনাত্মজঃ ॥ ৭
তাঞ্শরৌঘেণ মহতা সাশ্ব-সূতান্ মহারথান্।
বিমুখীকৃত্য সৌভদ্রঃ সিংহনাদমথানদৎ ॥ ৮
তস্য নাদং ততঃ শ্রুত্বা সিংহস্যেবামিষৈষিণঃ।
নামৃষ্যন্ত সুসংরব্ধাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ ॥ ৯
ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ।
ব্যসৃজন্নিষুজালানি নানালিঙ্গানি সঙ্ঘশঃ ॥ ১০
তান্যন্তরিক্ষে চিচ্ছেদ পৌত্রস্তে নিশিতৈঃ শরৈঃ।
তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥ ১১
ততস্তে কোপিতাস্তেন শরৈরাশীবিষোপমৈঃ।
পরিবব্রুর্জিঘাংসন্তঃ সৌভদ্রমপরাজিতম্ ॥ ১২
সমুদ্রমিব পর্য্যস্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।
দধারৈকোঽর্জ্জুনির্বাণৈর্বেলেব ভরতর্ষভ ॥ ১৩
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
অভিমন্যোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥১৪
তস্মিংস্তু ঘোরে সংগ্রামে বর্তমানে ভয়ঙ্করে।
দুঃসহো নবভির্বাণৈরভিমন্যুমবিধ্যত ॥ ১৫
দুঃশাসনো দ্বাদশভিঃ কৃপঃ শারদ্বতস্ত্রিভিঃ।
দ্রোণস্তু সপ্তদশভিঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥ ১৬
বিবিংশতিস্তু সপ্তত্যা কৃতবর্মা স সপ্তভিঃ।
বৃহদ্বলস্তথাষ্টাভিরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥ ১৭
ভূরিশ্রবাস্ত্রিভির্বাণৈর্মদ্রেশঃ ষড্ভিরাশুগৈঃ।
দ্বাভ্যাং শরাভ্যাং শকুনিস্ত্রিভির্দুর্য্যোধনো নৃপঃ ॥১৮

মহারাজ! তদনন্তর অস্ত্রশিক্ষায় নিপুণ, বলবান্, হিতৈষী ও বিজয়শীল যোদ্ধারা (রক্ষার জন্য) আপনার বীর পুত্রকে চারিদিকে ঘিরিয়া রাখিলেন; যদিও তাঁহারা অভিমন্যুর ভয়ে ভীত হইয়া পড়িয়াছিলেন ॥ ৪

দ্রোণ, অশ্বত্থামা, কৃপাচার্য্য, কর্ণ, কৃতবর্ম্মা, সুবলপুত্র শকুনি বৃহদ্বল, মদ্ররাজ শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন—ইঁহারা সকলে অভিমন্যুর উপর তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। ইঁহারা প্রভূত বাণবর্ষণ করিয়া অভিমন্যুকে আচ্ছাদিত করিয়াছিলেন ॥ ৫-৬

এইভাবে তাঁহাকে মোহিত করিয়া বীর যোদ্ধারা দুর্য্যোধনকে মুক্ত করিয়া লইলেন। ইহাতে মনে হইল—মুখ হইতে গ্রাস অপহৃত হইয়া পড়িল; কিন্তু অর্জ্জুনপুত্র অভিমন্যু ইহা সহ্য করিতে পারিলেন না ॥ ৭

তখন ভয়ঙ্কর বাণবর্ষণের দ্বারা সেই মহারথীদিগকে সারথি ও অশ্বগণসহ যুদ্ধ হইতে বিমুখ করিয়া দিয়া সুভদ্রানন্দন অভিমন্যু সিংহের গর্জনের ন্যায় গর্জন করিতে লাগিলেন ॥ ৮

মাংসাশী সিংহসদৃশ অভিমন্যুর এই গর্জন শ্রবণ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ দ্রোণাদি মহারথী বীরবৃন্দ সহ্য করিতে পারিলেন না ॥৯

আর্য্য! তখন সেই মহারথী বীরগণ রথসমূহের দ্বারা তাঁহাকে কোষ্ঠে আবদ্ধ করিবার ন্যায় আবদ্ধ করিয়া তাঁহার উপর নানাপ্রকার চিহ্নযুক্ত শ্রেণীবদ্ধভাবে বহু বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন ॥ ১০

কিন্তু আপনার সেই বীর পৌত্র অভিমন্যু নিজের তীক্ষ্ণধার বাণসমূহে শত্রুগণের ঐ সকল বাণকে আকাশপথেই ছেদন করিয়া ফেলিলেন এবং এই মহারথীদিগকে আহতও করিলেন—ইহা তখন যেন এক অদ্ভুত ঘটনা ঘটিয়া গেল ॥ ১১

সেই সময় অভিমন্যুকর্তৃক বাণবিদ্ধ এই সব যোদ্ধারা বিষধর সর্পসদৃশ ভয়ঙ্কর বাণসমূহের দ্বারা অপরাজিত বীর অভিমন্যুকে বধ করিবার ইচ্ছায় তাঁহাকে আবৃত করিলেন ॥ ১২

ভরতশ্রেষ্ঠ! যেরূপ উত্তাল সমুদ্রকে তীরভূমি রোধ করিয়া থাকে, সেইরূপ আপনার সৈন্য-সাগরকে একাকী অর্জুনকুমার অভিমন্যু প্রতিরোধ করিলেন ॥ ১৩

সেই সময় পরস্পরের উপর অস্ত্রপ্রহারকারী যুদ্ধরত বিপক্ষীয় বীরগণ এবং অভিমন্যু কেহই যুদ্ধ হইতে পরাঙ্মুখ হইলেন না ॥১৪

এইভাবে তখন অতিশয় ভয়ঙ্কর ও ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল। ইহার মধ্যে আপনার পুত্র দুঃসহ নয়, দুঃশাসন বার, শরদ্বানের পুত্র কৃপাচার্য্য তিন এবং দ্রোণাচার্য্য বিষধর সর্পসদৃশ ভয়ঙ্কর সতেরটি বাণে অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥ ১৫-১৬

এইরূপে বিবিংশতি সত্তর, কৃতবর্ম্মা সাত, বৃহদ্বল আট, অশ্বত্থামা সাত, ভূরিশ্রবা তিন, মদ্ররাজ শল্য ছয়, শকুনি দুই এবং রাজা দুর্য্যোধন তিন বাণে অভিমন্যুকে আহত করিলেন ॥১৭-১৮

স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
নৃত্যন্নিব মহারাজ চাপহস্তঃ প্রতাপবান্॥ ১৯
ততোঽভিমন্যুঃ সংক্রুদ্ধস্ত্রাস্যমানস্তবাত্মজৈঃ।
বিদর্শয়ন্ বৈ সুমহচ্ছিক্ষৌরসকৃতং বলম্॥ ২০
গরুড়ানিলরংহোভির্যন্তুর্বাক্যকরৈর্হয়ৈঃ।
দান্তৈরশ্মকদায়াদস্ত্বরমাণো ন্যবারয়ৎ॥ ২১
বিব্যাধ দশভির্বাণৈস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ।
তস্যাভিমন্যুর্দশভির্হয়ান্ সূতং ধ্বজং শরৈঃ॥ ২২
বাহূ ধনুঃ শিরশ্চোর্ব্যাং স্ময়মানোঽভ্যপাতয়ৎ।
ততস্তস্মিন্ হতে বীরে সৌভদ্রেণাশ্মকেশ্বরে॥ ২৩
সঞ্চচাল বলং সর্বং পলায়নপরায়ণম্।
ততঃ কর্ণঃ কৃপো দ্রোণো দ্রৌণির্গান্ধাররাট্ শলঃ॥ ২৪
শল্যো ভূরিশ্রবাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ।
বৃষসেনঃ সুষেণশ্চ কুণ্ডভেদী প্রতর্দনঃ॥ ২৫
বৃন্দারকো ললিত্থশ্চ প্রবাহুর্দীর্ঘলোচনঃ।
দুর্য্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্॥ ২৬
সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈরভিমন্যুরজিহ্মগৈঃ।
শরমাদত্ত কর্ণায় বর্মকায়াবভেদিনম্॥ ২৭
তস্য ভিত্ত্বা তনুত্রাণং দেহং নির্ভিদ্য চাশুগঃ।
প্রাবিশদ্ ধরণীং বেগাদ্ বল্মীকমিব পন্নগঃ॥ ২৮
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলন্নিব।
সঞ্চচাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাচলঃ॥ ২৯
তথান্যৈর্নিশিতৈর্বাণৈঃ সুষেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধস্ত্রিভিস্ত্রীনবধীদ্ বলী॥ ৩০
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্মা চ সপ্তভিঃ॥ ৩১
স শরাচিতসর্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈন্যে পাশহস্ত ইবান্তকঃ॥ ৩২
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাহুস্তব সৈন্যানি ভীষয়ন্॥ ৩৩

মহারাজ! সেই সময় হাতে ধনু লইয়া প্রতাপশালী অভিমন্যু যেন নৃত্য করিতে করিতেই চারিদিকে ঘুরিয়া এই সব মহারথী বীরবৃন্দকে তিনটি তিনটি বাণে প্রতিবিদ্ধ করিলেন॥ ১৯

তখন আপনার সকল পুত্রগণ একত্রে মিলিয়া অভিমন্যুকে ভয় দেখাইতে আরম্ভ করিলেন। ইহাতে তিনি যেন ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং নিজের অস্ত্রশিক্ষা ও হৃদয়ের সর্বোৎকৃষ্ট বল দেখাইতে লাগিলেন॥ ২০

এই সময় অশ্মকের পুত্র সারথির বাক্য পালনকারী, গরুড় ও বায়ুতুল্য বেগগামী এবং সুশিক্ষিত অশ্বগণের দ্বারা তীব্রগতিতে রণস্থলে আসিয়া অভিমন্যুকে রুদ্ধ করিলেন এবং দশটি বাণ বিদ্ধ করিলেন। তারপর বলিলেন,—দাঁড়াও, দাঁড়াও।

তখন অভিমন্যু হাস্য করিতে করিতেই অশ্মকপুত্রের অশ্বগণ, সারথি, ধ্বজ, বাহুদ্বয়, ধনু ও মস্তক দশটি বাণের দ্বারা ছেদন করিয়া ভূপাতিত করিলেন।

সুভদ্রাকুমার অভিমন্যু কর্তৃক বীর অশ্মকপুত্র নিহত হইলে আপনার সকল সৈন্যই বিচলিত হইয়া পলায়ন করিতে লাগিল।

তদনন্তর কর্ণ, কৃপাচার্য্য, দ্রোণাচার্য্য, অশ্বত্থামা, গান্ধাররাজ শকুনি, শল, শল্য, ভূরিশ্রবা, সোমদত্ত, বিবিংশতি, বৃষসেন, কুণ্ডভেদী, প্রতর্দ্দন, বৃন্দারক, ললিত্থ, প্রবাহু, দীর্ঘলোচন এবং অত্যন্ত ক্রুদ্ধ দুর্য্যোধন অভিমন্যুর উপর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন॥ ২১-২৬

এই মহাধনুর্দ্ধর বীরগণের দ্বারা নিক্ষিপ্ত বাণসমূহে অত্যন্ত আহত হইয়া অভিমন্যু কর্ণকে লক্ষ্য করিয়া এমন এক বাণ গ্রহণ করিলেন, যাহা তাঁহার কবচ ও দেহকে বিদীর্ণ করিতে সমর্থ ছিল॥ ২৭

যেরূপ সর্প বল্মীকের মধ্যে প্রবেশ করে, সেইরূপ অভিমন্যু কর্তৃক নিক্ষিপ্ত সেই বাণ কর্ণের শরীর ও কবচ বিদীর্ণ করিয়া ধরাতলে প্রবেশ করিল॥ ২৮

যেরূপ ভূমিকম্প আরম্ভ হইলে পর্ব্বতও দুলিতে থাকে, সেইরূপ এই অত্যন্ত গুরুতর আঘাতে ব্যথিত ও যেন বিহ্বল হইয়াই কর্ণ সেই রণাঙ্গনে বিচলিত হইয়া উঠিলেন॥ ২৯

তারপর বলবান্ অভিমন্যু অত্যন্ত কুপিত হইয়া অন্য তীক্ষ্ণধার তিনটি বাণে সুষেণ, দীর্ঘলোচন ও কুণ্ডভেদী—এই তিন বীরকে আহত করিয়া ফেলিলেন॥ ৩০

তখন কর্ণ পঁচিশ, অশ্বত্থামা বিশ এবং কৃতবর্ম্মা সাতটি নারাচের দ্বারা আঘাত করিলেন॥ ৩১

যদিও সেই সময় ইন্দ্রনন্দন অর্জুনের পুত্র অভিমন্যুর সমস্ত অঙ্গই বাণে বাণে পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছিল, তথাপি তিনি ক্রুদ্ধ হইয়া পাশহস্ত যমরাজের ন্যায় শত্রু-সৈন্যমধ্যে বিচরণ করিতে লাগিলেন॥ ৩২

রাজা শল্য অভিমন্যুর পার্শ্বেই ছিলেন, তখন এই মহাবাহু বীর অভিমন্যু শল্যের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন।

ততঃ স বিদ্ধোঽস্ত্রবিদা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
শল্যো রাজন্ রথোপস্থে নিষসাদ মুমোহ চ ॥ ৩৪
তং হি দৃষ্ট্বা তথা বিদ্ধং সৌভদ্রেণ যশস্বিনা।
সম্প্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ভারদ্বাজস্য পশ্যতঃ ॥ ৩৫
সম্প্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুঙ্খৈঃ সমাবৃতম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মৃগাঃ সিংহার্দিতা ইব ॥ ৩৬

স তু রণযশসাভিপূজ্যমানঃ
পিতৃ-সুর-চারণ-সিদ্ধ-যক্ষসঙ্ঘৈঃ।
অবনিতলগতৈশ্চ ভূতসঙ্ঘৈ-
রতিবিবভৌ হুতভুগ্ যথাজ্যসিক্তঃ ॥৩৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৭

তিনি আপনার সৈন্যদিগকে ভীত করিতে করিতে উচ্চৈঃস্বরে গর্জন করিতে থাকিলেন। ৩৩

রাজন্! অস্ত্রজ্ঞ অভিমন্যু কর্তৃক নিক্ষিপ্ত মর্ম্মভেদী বাণসমূহের দ্বারা আহত হইয়া রাজা শল্য রথে বসিবার আসনে বসিয়া পড়িলেন এবং মূর্চ্ছিত হইলেন। ৩৪

যশস্বী সুভদ্রানন্দন অভিমন্যু কর্তৃক শল্যকে এইভাবে বাণবিদ্ধ হইতে দেখিয়া দ্রোণাচার্য্যের সাক্ষাতেই তাঁহার সৈন্যগণ পলায়ন করিল। ৩৫

মহাবাহু শল্যকে অভিমন্যুর সুবর্ণময় পক্ষযুক্ত বাণসমূহে ব্যাপ্ত হইতে দেখিয়া আপনার সকল সৈন্যই সিংহপীড়িত মৃগগণের ন্যায় তীব্র বেগে পলাইতে আরম্ভ করিল। ৩৬

দেবতাবৃন্দ, পিতৃগণ, চারণ ও সিদ্ধসকল, যক্ষগণ, ভূতলবর্ত্তী ভূতসমুদয় কর্তৃক প্রশংসিত হইয়া যুদ্ধবিষয়ক সুযশে প্রকাশিত অভিমন্যু ঘৃতধারায় অভিষিক্ত অগ্নিদেবের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ৩৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক সপ্তত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ

[অভিমন্যুনা শল্যভ্রাতুর্বধো দ্রোণাচার্য্যস্য রথসেনানাং পলায়নঞ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।
তথা প্রমথমানং তং মহেষ্বাসানজিহ্মগৈঃ।
আর্জ্জুনিং মামকাঃ সংখ্যে কে ত্বেনং সমবারয়ন্ ॥ ১
সঞ্জয় উবাচ।
শৃণু রাজন্ কুমারস্য রণে বিক্রীড়িতং মহৎ।
বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥ ২

মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সৌভদ্রেণাশুগৈ রণে।
শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥ ৩
স বিদ্ধ্বা দশভির্বাণৈঃ সাশ্ব-যন্তারমার্জ্জুনিম্।
উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ৪
তস্যার্জ্জুনিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হয়ান্।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুং তল্পমেব চ ॥ ৫

ত্রিংশ অধ্যায়।

[অভিমন্যু কর্তৃক শল্যের ভ্রাতাকে সংহার এবং দ্রোণাচার্য্যের রথী সৈন্যদের পলায়ন।]

ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন,—সঞ্জয়! অর্জ্জুনকুমার অভিমন্যু যখন এইভাবে নিজের বাণসমূহের দ্বারা প্রধান প্রধান ধনুর্দ্ধর বীরগণকেও মথিত করিতে লাগিলেন, তখন আমার পক্ষের কোন্ যোদ্ধারা তাহাকে যুদ্ধে প্রতিরোধ করিয়াছিল? ১

সঞ্জয় বলিলেন,—রাজন্! রণাঙ্গনে কুমার অভিমন্যুর বিশাল রণক্রীড়ার বর্ণনা শ্রবণ করুন। তিনি দ্রোণাচার্য্য কর্তৃক সুরক্ষিত রথী সৈন্যদিগকে বিদীর্ণ করিতে ইচ্ছুক হইয়াছিলেন। ২

সুভদ্রাকুমার রণাঙ্গনে স্বীয় শীঘ্রগামী বাণসমূহের দ্বারা আহত করিয়া মদ্ররাজ শল্যকে ধরাশায়ী করিয়া দিলেন, ইহা দেখিয়া তাঁহার কনিষ্ঠ ভ্রাতা কুপিতচিত্তে বাণবর্ষণ করিতে করিতে অভিমন্যুর উপর আক্রমণ করিলেন। ৩

তিনি তখন দশটি বাণে অশ্বগণ ও সারথি সহ অভিমন্যুকে ক্ষত-বিক্ষত করিয়া তীব্রস্বরে গর্জন করিলেন এবং বলিতে "দাঁড়াও, দাঁড়াও"। ৪

সেই সময় শীঘ্রতা সহকারে হস্ত চালাইতে নিপুণ অর্জ্জুননন্দন

চক্রং যুগঞ্চ তূণীরং হ্যনুকর্ষঞ্চ সায়কৈঃ।
পতাকাং চক্রগোপ্তারৌ সর্বোপকরণানি চ ॥ ৬
লঘুহস্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতৌ ক্ষীণঃ প্রবিদ্ধাভরণাম্বরঃ ॥ ৭
বায়ুনেব মহাশৈলঃ সম্ভগ্নোঽমিততেজসা।
অনুগাস্তস্য বিত্রস্তাঃ প্রাদ্রবন্ সর্বতো দিশঃ ॥ ৮
আর্জুনেঃ কর্ম তদ্ দৃষ্ট্বা সম্প্রণেদুঃ সমন্ততঃ।
নাদেন সর্বভূতানি সাধু সাধ্বিতি ভারত ॥ ৯
শল্যভ্রাতর্যথারুগ্নে বহুশস্তস্য সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি শ্রাবয়ন্তোঽর্জুনাত্মজম্ ॥ ১০
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরশ্বৈর্গজৈশ্চান্যে পত্তিশ্চান্যে বলোৎকটাঃ ॥ ১১
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুঙ্কারৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টৈঃ সিংহনাদৈঃ সগর্জিতৈঃ ॥১২
জ্যাতলত্রস্বনৈরন্যে গর্জন্তোঽর্জুননন্দনম্।
ব্রুবন্তশ্চ ন নো জীবন্ মোক্ষ্যসে জীবিতাদিতি ॥ ১৩
তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সৌভদ্রঃ প্রহসন্নিব।
যো যোঽস্মৈ প্রাহরৎ পূর্বং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥১৪
সন্দর্শয়িষ্যন্নস্ত্রাণি বিচিত্রাণি লঘূনি চ।
আর্জুনিঃ সমরে শূরা মৃদুপূর্বমযুধ্যত ॥ ১৫
বাসুদেবাদুপাত্তং যদস্ত্রং যচ্চ ধনঞ্জয়াৎ।
অদর্শয়ত তৎ কার্ষ্ণিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥ ১৬
দূরমস্য গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ।
সন্দধদ্ বিসৃজংশ্চেষূন্ নির্বিশেষমদৃশ্যত ॥ ১৭
চাপমণ্ডলমেবাস্য বিস্ফুরদ্ দিক্ষ্বদৃশ্যত।
সুদীপ্তস্য শরৎকালে সবিতুর্মণ্ডলং যথা ॥ ১৮
জ্যাশব্দঃ শুশ্রুবে তস্য তলশব্দশ্চ দারুণঃ।
মহাশনিমুচঃ কালে পয়োদস্যেব নিঃস্বনঃ ॥১৯

নিজের বাণসমূহে শল্যের ভ্রাতার মস্তক, গ্রীবা, হস্তদ্বয়, পাদদ্বয়, ধনু, অশ্বগণ, ছত্র, ধ্বজ, সারথি, ত্রিবেণু, শয্যা, চক্র, যুগ (জোয়াল), তূণ, অনুকর্ষ, পতাকা, চক্ররক্ষক এবং যুদ্ধের অন্যান্য উপকরণ সামগ্রী কাটিয়া ফেলিলেন। যেরূপ বায়ুর বেগে কোন বিশাল পর্ব্বত ভগ্ন হইয়া পতিত হয়, সেইরূপ অমিততেজস্বী অভিমন্যুর অস্ত্রাঘাতে শল্যরাজের ভ্রাতা ছিন্ন ভিন্ন হইয়া ভূপতিত হইলেন। তখন তাঁহার বস্ত্র ও আভরণ সকলও খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল।

ইহা দেখিয়া তাঁহার অনুগামী যোদ্ধারা ভীত হইয়া চারিদিকে পলায়ন করিল। ভারত! অর্জুনকুমারের এই অদ্ভুত পরাক্রম দেখিয়া সমস্ত প্রাণী তাঁহাকে 'সাধুবাদ' প্রদান পূর্ব্বক চারিদিকে হর্ষধ্বনি করিতে লাগিল। ৫-৯

শল্যের ভ্রাতা নিহত হইলে পর তাঁহার বহুসংখ্যক সৈন্য নিজেদের বংশ ও নিবাসস্থানের নাম শুনাইতে শুনাইতে ক্রুদ্ধ হইয়া হস্তে নানাপ্রকার অস্ত্র-শস্ত্র গ্রহণ করত অর্জুননন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন॥

বহু বীর রথ, অশ্ব ও হাতীতে আরোহণ করিয়া যুদ্ধে উপস্থিত হইলেন। অন্য বহুসংখ্যক প্রচণ্ড বলশালী যোদ্ধা পদব্রজেই দৌড়াইয়া আসিলেন। বাণসমূহের শন্‌শন্ শব্দ, রথচক্রসকলের ঘর্ঘর তীব্র শব্দ, হুঙ্কার, কোলাহল, আহ্বান, সিংহনাদ, গর্জন, ধনুর টঙ্কার ধ্বনি এবং হস্তত্রাণের চটু চটাচটু শব্দের সহিত তর্জন গর্জন করিতে করিতে অন্যান্য বহুসংখ্যক যোদ্ধাও অর্জুনপুত্রকে এই কথা বলিয়া আক্রমণ করিলেন যে, আমরা তোমাকে এখন জীবিত ছাড়িব না। তোমাকে এখন অবশ্যই প্রাণত্যাগ করিতে হইবে। ১০-১৩

ইঁহাদিগকে এই কথা বলিতে দেখিয়া সুভদ্রাকুমার অভিমন্যু উচ্চৈঃস্বরে হাস্য করিতে করিতে যে যে যোদ্ধারা প্রথমে তাঁহাকে অস্ত্রপ্রহার করিয়াছিলেন, তাঁহাদের সকলকেই তিনি পক্ষযুক্ত বাণসমূহের দ্বারা বিদ্ধ করিলেন। ১৪

বীরবর অর্জুননন্দন সমরাঙ্গণে স্বীয় বিচিত্র ও শীঘ্রগামী অস্ত্রসমূহের প্রয়োগ দেখাইতে দেখাইতে প্রথমে মৃদুভাবে যুদ্ধ করিতে লাগিলেন। ১৫

ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জুন হইতে অভিমন্যু যে যে অস্ত্রসকল লাভ করিয়াছিলেন, সেই সেই অস্ত্র সকলকে তিনি তাঁহাদের উভয়েরই ন্যায় যুদ্ধস্থলে প্রয়োগ দেখাইতে লাগিলেন। ১৬

গুরু (অতিশয় ভারী) ভার ও ভয় ইঁহার দূর হইয়া গিয়াছিল। তিনি সেই সময় পুনঃ পুনঃ বাণসন্ধান এবং নিক্ষেপ করিতে থাকিলে কেবল একভাবেই দৃষ্ট হইতেছিলেন। ১৭

যেরূপ শরৎকালে অতিশয় প্রদীপ্ত সূর্য্যদেবের মণ্ডল দেখা যায়, সেইরূপ অভিমন্যুর মণ্ডলাকার ধনুটিকে চারিদিকেই যেন উদ্ভাসিত হইতে দেখা যাইল। ১৮

ইঁহার ধনুর গুণ এবং হস্ততলের শব্দ বর্ষাকালে ভয়ঙ্কর বজ্রপাতকারী মেঘের গর্জনের ন্যায় ভয়ঙ্কর শুনা যাইতেছিল। ১৯

হ্রীমানমর্ষী সৌভদ্রো মানকৃৎ প্রিয়দর্শনঃ।
সম্মিমানয়িষুর্বীরানিষ্বস্ত্রৈশ্চাপ্যযুধ্যত ॥ ২০
মৃদুর্ভূত্বা মহারাজ দারুণঃ সমপদ্যত।
বর্ষাভ্যতীতো ভগবাঞ্চরদীব দিবাকরঃ ॥ ২১
শরান্ বিচিত্রান্ সুবহূন্ রুক্মপুঙ্খাঞ্ছিলাশিতান্।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥ ২২
ক্ষুরপ্রৈর্বৎসদন্তৈশ্চ বিপাঠৈশ্চ মহাযশাঃ।
নারাচৈরর্ধচন্দ্রাভৈর্ভল্লৈরঞ্জলিকৈরপি ॥ ২৩
অবাকিরদ্ রথানীকং ভারদ্বাজস্য পশ্যতঃ।
ততস্তৎসৈন্যমভবদ্ বিমুখং শরপীড়িতম্ ॥ ২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮

লজ্জাশীল, অমর্ষপূর্ণ, অপরকে মানদানকারী এবং দেখিতে সকলেরই প্রিয় সুভদ্রাকুমার অভিমন্যু বিপক্ষ বীরগণের সম্মানদানের জন্যই ধনুর্বাণ ধারণ করত যুদ্ধ করিতেছিলেন ॥ ২০

মহারাজ! যেরূপ বর্ষাকাল অতিবাহিত হইলে শরৎকালে ভগবান্ সূর্য্যদেব প্রচণ্ড হইয়া উঠেন, সেইরূপ অভিমন্যু প্রথমে মৃদু থাকিলেও পরে শত্রুগণের পক্ষে অতিশয় উগ্র হইয়া উঠিলেন ॥ ২১

যেরূপ সূর্য্যদেব নিজ শত শত কিরণাবলিকে চারিদিকেই বিচ্ছুরিত করিয়া থাকেন, সেইরূপ কুপিত অভিমন্যু শিলাতে শান দিয়া ধারালকৃত, সুবর্ণময় পক্ষভূষিত ও শত শত বিচিত্র বহুসংখ্যক বাণবর্ষণ করিতে লাগিলেন ॥ ২২

সেই মহাযশস্বী বীর অভিমন্যু দ্রোণাচার্য্যকে দেখিতে দেখিতেই তাঁহার রথসৈন্যদের উপর ক্ষুরপ্র, বৎসদন্ত, বিপাঠ, নারাচ, অর্দ্ধচন্দ্রাকার বাণ, ভল্ল এবং আঞ্জলিকাদি অস্ত্রসকল বর্ষণ করিতে লাগিলেন। ইহাতে সেই সৈন্যগণ উক্ত বাণসমূহে পীড়িত হইয়া যুদ্ধ হইতে বিমুখ হইয়া পলায়ন করিলেন ॥ ২৩-২৪

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক অষ্টত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ

[দ্রোণাচার্য্যেণাভিমন্যুপরাক্রমস্য প্রশংসা, দুর্য্যোধনাজ্ঞয়াভিমন্যুনা সহ দুঃশাসনস্য যুদ্ধারম্ভশ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ

দ্বৈধীভবতি মে চিত্তং হ্রিয়া তুষ্ট্যা চ সঞ্জয়।
মম পুত্রস্য যৎ সৈন্যং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥ ১
বিস্তরেণৈব মে শংস সর্বং গাবল্গণে পুনঃ।
বিক্রীড়িতং কুমারস্য স্কন্দস্যেবাসুরৈঃ সহ ॥ ২

সঞ্জয় উবাচ

হন্ত তে সম্প্রবক্ষ্যামি বিমর্দমতিদারুণম্।
একস্য চ বহূনাঞ্চ যথাসীৎ তুমুলো রণঃ ॥ ৩
অভিমন্যুঃ কৃতোৎসাহঃ কৃতোৎসাহানরিন্দমান্
রথস্থো রথিনঃ সর্বাংস্তাবকানভ্যবর্ষয়ৎ ॥ ৪

একোনচত্বারিংশ অধ্যায়।

[দ্রোণাচার্য্যকর্ত্তৃক অভিমন্যুর পরাক্রমের প্রশংসা এবং দুর্য্যোধনের আদেশে অভিমন্যুর সহিত দুঃশাসনের যুদ্ধ আরম্ভ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! সুভদ্রাকুমার অভিমন্যু যে আমার সৈন্যদের অগ্রগতি রোধ করিয়া ফেলিল; ইহা শুনিয়া লজ্জা ও প্রসন্নতা—এই উভয়ে আমার চিত্ত উভয় অবস্থা প্রাপ্ত (অথবা দ্বিধাগ্রস্ত) হইল ॥ ১

গবল্গণপুত্র! যেরূপ কুমার কার্ত্তিকেয় অসুরগণের সহিত রণক্রীড়া করিয়াছিলেন, সেইরূপ কুমার অভিমন্যু যে রণক্রীড়া করিয়াছিল, তাহা তুমি আমাকে সবিস্তারে বল ॥ ২

সঞ্জয় বলিলেন,—মহারাজ! আমি অত্যন্ত খেদের সহিত আপনার সেই মহাভয়ঙ্কর জনক্ষয়ের বৃত্তান্ত বলিতেছি, যেখানে এক বীরের বহুসংখ্যক মহারথী বীরের সহিত তুমুল যুদ্ধ হইয়াছিল ॥ ৩

অভিমন্যু যুদ্ধের জন্য অতিশয় উৎসাহী ছিলেন। তিনি রথে উপবেশন করিয়া আপনার উৎসাহশালী শত্রুদমন সমস্ত রথী বীরগণের উপর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥ ৪

দ্রোণং কর্ণং কৃপং শল্যং দ্রৌণিং ভোজং বৃহদ্বলম্।
দুর্য্যোধনং সৌমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্ ॥ ৫

নানানৃপান্ নৃপসুতান্ সৈন্যানি বিবিধানি চ।
অলাতচক্রবৎ সর্বাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ ॥ ৬

নিঘ্নন্নমিত্রান্ সৌভদ্রঃ পরমাস্ত্রৈঃ প্রতাপবান্।
অদর্শয়ত তেজস্বী দিক্ষু সর্বাসু ভারত ॥ ৭

তদ্ দৃষ্ট্বা চরিতং তস্য সৌভদ্রস্যামিতৌজসঃ।
সমকম্পন্ত সৈন্যানি ত্বদীয়ানি সহস্রশঃ ॥ ৮

অথাব্রবীন্মহাপ্রাজ্ঞো ভারদ্বাজঃ প্রতাপবান্।
হর্ষেণোৎফুল্লনয়নঃ কৃপমাভাষ্য সত্বরম্ ॥ ৯

ঘট্টয়ন্নিব মর্মাণি পুত্রস্য তব ভারত।
অভিমন্যুং রণে দৃষ্ট্বা তদা রণবিশারদম্ ॥ ১০

এষ গচ্ছতি সৌভদ্রঃ পার্থানাং প্রথিতো যুবা।
নন্দয়ন্ সুহৃদঃ সর্বান্ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥ ১১

নকুলং সহদেবঞ্চ ভীমসেনঞ্চ পাণ্ডবম্।
বন্ধূন্ সম্বন্ধিনশ্চান্যান্ মধ্যস্থান্ সুহৃদস্তথা ॥ ১২

নাস্য যুদ্ধে সমং মন্যে কঞ্চিদন্যং ধনুর্ধরম্।
ইচ্ছন্ হন্যাদিমাং সেনাং কিমর্থমপি নেচ্ছতি ॥ ১৩

দ্রোণস্য প্রীতিসংযুক্তং শ্রুত্বা বাক্যং তবাত্মজঃ।
আর্জুনিং প্রতি সংক্রুদ্ধো দ্রোণং দৃষ্ট্বা স্ময়ন্নিব ॥ ১৪

অথ দুর্য্যোধনঃ কর্ণমব্রবীদ্ বাহ্লীকং নৃপঃ।
দুঃশাসনং মদ্ররাজং তাংস্তথান্যান্ মহারথান্ ॥ ১৫

সর্বমূর্ধাভিষিক্তানামাচার্য্যো ব্রহ্মবিত্তমঃ।
অর্জুনস্য সুতং মূঢ়ঃ নায়ং হন্তুমিহেচ্ছতি ॥ ১৬

ন হ্যস্য সমরে যুধ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ।
কিমঙ্গং পুনরেবান্যো মর্ত্যঃ সত্যং ব্রবীমি বঃ ॥ ১৭

অর্জুনস্য সুতং ত্বেষ শিষ্যত্বাদভিরক্ষতি।
শিষ্যাঃ পুত্রাশ্চ দয়িতাস্তদপত্যঞ্চ ধর্মিণাম্ ॥ ১৮

দ্রোণ, কর্ণ, কৃপ, শল্য, অশ্বত্থামা, ভোজবংশীয় কৃতবর্ম্মা, বৃহদ্বল, দুর্য্যোধন, ভূরিশ্রবা, মহাবল শকুনি, বহুসংখ্যক নরপতি ও রাজকুমার এবং তাঁহাদের নানাপ্রকার সৈন্যবাহিনীর উপর অভিমন্যু অলাতচক্রের ন্যায় চারিদিকে ঘুরিতে ঘুরিতে বাণসমূহ প্রহার করিতেছিলেন। ৫-৬

ভারত! প্রতাপশালী ও তেজস্বী বীর সুভদ্রানন্দন নিজের দিব্যাস্ত্রসমূহের দ্বারা শত্রুদিগকে নাশ করিতে করিতে চারিদিকেই দৃষ্টিগোচর হইতেছিলেন। ৭

অমিততেজস্বী সুভদ্রাকুমার অভিমন্যুর এই চরিত্র দেখিয়া আপনার সহস্র সহস্র সৈন্য ভয়ে কাঁপিতে লাগিল। ৮

তদনন্তর পরম বুদ্ধিমান্ ও প্রতাপশালী বীর দ্রোণাচার্য্যের নেত্র হর্ষে উৎফুল্ল হইয়া উঠিল। ভারত! তিনি যুদ্ধবিশারদ অভিমন্যুকে যুদ্ধে অবস্থিত দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধনের মর্ম্মস্থলে আঘাত করিতে করিতেই যেন সেই সময় অতি সত্বর কৃপাচার্য্যকে সম্বোধিত করিয়া বলিলেন। ৯-১০

এই পার্থবংশের (কুন্তীপুত্রকুলের) প্রসিদ্ধ তরুণ বীর সুভদ্রানন্দন অভিমন্যু নিজের সমস্ত সুহৃদ্গণকে এবং রাজা যুধিষ্ঠির, নকুল, সহদেব পাণ্ডুপুত্র ভীমসেন, অন্যান্য ভ্রাতাদি বন্ধুবর্গ, সম্বন্ধী ও মধ্যস্থ সুহৃদ্গণকে আনন্দদান করিতে করিতে অগ্রসর হইতেছে। ১১-১২

আমি অন্য কোনও ধনুর্দ্ধর বীরকে ইহার সদৃশ বীর বলিয়া মনে করি না। যদি সে ইচ্ছা করে, তবে সমস্ত সৈন্যবাহিনীকেই বিনাশ করিতে পারিবে; কিন্তু জানি না, কেন সে এরূপ ইচ্ছা করিতেছে না। ১৩

অভিমন্যুর সম্বন্ধে দ্রোণাচার্য্যের এই প্রীতিপূর্ণ বাক্য শ্রবণ করিয়া আপনার পুত্র রাজা দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া উঠিলেন এবং দ্রোণাচার্য্যের দিকে দৃষ্টিপাতপূর্ব্বক ঈষৎ হাস্যসহকারে কর্ণ, বাহ্লীক, দুঃশাসন, মদ্ররাজ শল্য এবং অন্যান্য মহারথীদিগকে বলিলেন। ১৪-১৫

এই সমস্ত মূর্দ্ধাভিষিক্ত নৃপগণের আচার্য্য ও সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মবিদ্ দ্রোণ অর্জ্জুনের এই মূঢ় পুত্রকে বধ করিতে অভিলাষী নন্। ১৬

বীরগণ! আমি আপনাদের এই সত্য কথা বলিতেছি যে, যদি ইনি যুদ্ধে বধ করিবার ইচ্ছা করিয়া থাকেন, তবে ইহার সম্মুখে যদি সাক্ষাৎ যমরাজও উপস্থিত হন; তাহা হইলে তিনি ইহার নিকটে অবস্থান করিতে সমর্থ হন্ না, এরূপ স্থলে মরণ ধর্ম্মশীল মনুষ্যদিগের কথা আর কি বলিবার আছে? ১৭

কিন্তু ইনি অর্জ্জুনের পুত্রকে রক্ষা করিয়া যাইতেছেন; কারণ, অর্জ্জুন ইহার শিষ্য। শিষ্য আর পুত্র ইহারা উভয়ে ত' সকলেরই প্রিয়; এমন কি ইহাদের সন্তানগণও ধর্ম্মাত্মা পুরুষের প্রিয় হইয়া থাকে। ১৮

সংরক্ষ্যমাণো দ্রোণেন মন্যতে বীর্য্যমাত্মনঃ।
আত্মসম্ভাবিতো মূঢ়স্তং প্রমথ্নীত মা চিরম্ ॥১৯

এবমুক্তাস্তু তে রাজ্ঞা সাত্বতীপুত্রমভ্যয়ুঃ।
সংরব্ধাস্তে জিঘাংসন্তো ভারদ্বাজস্য পশ্যতঃ ॥ ২০

দুঃশাসনস্তু তচ্ছ্রুত্বা দুর্য্যোধনবচস্তদা।
অব্রবীৎ কুরুশার্দূল দুর্য্যোধনমিদং বচঃ ॥২১

অহমেনং হনিষ্যামি মহারাজ ব্রবীমি তে।
মিষতাং পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ পশ্যতাম্ ॥ ২২

গ্রসিষ্যাম্যদ্য সৌভদ্রং যথা রাহুর্দিবাকরম্।
উৎক্রুশ্য চাব্রবীদ্ বাক্যং কুরুরাজমিদং পুনঃ ॥ ২৩

শ্রুত্বা কৃষ্ণৌ ময়া গ্রস্তং সৌভদ্রমতিমানিনৌ।
গমিষ্যতঃ প্রেতলোকং জীবলোকান্ন সংশয়ঃ ॥ ২৪

তৌ চ শ্রুত্বা মৃতৌ ব্যক্তং পাণ্ডোঃ ক্ষেত্রোদ্ভবাঃ সুতাঃ
একাহ্না সসুহৃদ্বর্গাঃ ক্লৈব্যাদ্ধাস্যন্তি জীবিতম্ ॥ ২৫

তস্মাদস্মিন্ হতে শত্রৌ হতাঃ সর্বেঽহিতাস্তব।
শিবেন মাং ধ্যাহি রাজন্নেষ হন্মি রিপুংস্তব ॥ ২৬

এবমুক্ত্বানদদ্ রাজন্ পুত্রো দুঃশাসনস্তব।
সৌভদ্রমভ্যয়াৎ ক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥ ২৭

তমতিক্রুদ্ধমায়ান্তং তব পুত্রমরিন্দমঃ।
অভিমন্যুঃ শরৈস্তীক্ষ্ণৈঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥ ২৮

দুঃশাসনস্তু সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অযোধয়ত সৌভদ্রমভিমন্যুশ্চ তং রণে ॥ ২৯

তৌ মণ্ডলানি চিত্রাণি রথাভ্যাং সব্য-দক্ষিণাম্।
চরমাণাবযুধ্যেতাং রথশিক্ষাবিশারদৌ ॥ ৩০

এই অভিমন্যু দ্রোণাচার্য কর্তৃক রক্ষিত হইতেছে বলিয়া যে যুদ্ধে নিজের বল ও পরাক্রমের অভিমান করিতেছে। এই মূঢ় অভিমন্যু অকারণ আত্মশ্লাঘাকারী, সুতরাং আপনারা সকলে মিলিত হইয়া ইহাকে বিনাশ করুন ॥ ১৯

রাজা দুর্য্যোধন এই কথা বলিলে পর সেই সকল বীরগণ অত্যন্ত কুপিত হইয়া সুভদ্রাকুমার অভিমন্যুকে বধ করিবার ইচ্ছায় দ্রোণাচার্য্যকে দেখিতে দেখিতেই তাঁহার উপর আক্রমণ করিলেন ॥ ২০

কুরুশ্রেষ্ঠ! সেই সময় দুর্য্যোধনের পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়া দুঃশাসন তাঁহাকে এই কথা বলিলেন ॥ ২১

মহারাজ! আমি আপনাকে (প্রতিজ্ঞাপূর্ব্বক) বলিতেছি যে, আমি পাঞ্চাল ও পাণ্ডবগণের সাক্ষাতেই এই অভিমন্যুকে বধ করিব ॥ ২২

যেরূপ রাহু সূর্য্যকে গ্রাস করিয়া থাকে, সেইরূপ আজ আমি সুভদ্রানন্দন অভিমন্যুকে গ্রাস করিয়া লইব। এই কথা বলিয়াই তিনি উচ্চৈঃস্বরে গর্জন করিতে করিতে পুনরায় কুরুরাজ দুর্য্যোধনকে এই কথা বলিলেন ॥ ২৩

সুভদ্রানন্দন অভিমন্যুকে আমার দ্বারা কাল-কবলিত হইতে শুনিয়া অত্যন্ত অভিমানী শ্রীকৃষ্ণ ও অর্জুন এই জীবলোক হইতে প্রেতলোকে গমন করিবে—ইহাতে কোনও সংশয় নাই ॥ ২৪

ইঁহাদের দুইজনকে (শ্রীকৃষ্ণ ও অর্জুনকে) নিহত শুনিয়া পাণ্ডুর ক্ষেত্রে উৎপন্ন অন্য চারিজন পাণ্ডব কাপুরুষতা-বশতঃ নিজের সুহৃদ্বর্গের সহিত একই দিনে প্রাণত্যাগ করিবে ॥ ২৫

অতএব, এই আমাদের একমাত্র শত্রু অভিমন্যু নিহত হইলেই আপনার সমস্ত অন্য শত্রুরাও স্বতই নষ্ট হইয়া যাইবে। রাজন্! আপনি আমার কল্যাণ কামনা করুন। এই আমি এখনই আপনার শত্রুদিগকে বধ করিবে ॥ ২৬

মহারাজ! এই কথা বলিয়া আপনার পুত্র দুঃশাসন উচ্চৈঃস্বরে গর্জন করিতে আরম্ভ করিলেন। তিনি ক্রুদ্ধ হইয়া সুভদ্রানন্দন অভিমন্যুর উপর বাণ বর্ষণ করিতে করিতে তাঁহার সম্মুখে গমন করিলেন ॥ ২৭

আপনার পুত্র দুঃশাসনকে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আসিতে দেখিয়া শত্রুদমন অভিমন্যু ছাব্বিশটি তীক্ষ্ণধার বাণে তাঁহাকে আহত করিয়া ফেলিলেন ॥ ২৮

মদধারাবাহী গজরাজ-সদৃশ ক্রুদ্ধ দুঃশাসন সেই রণাঙ্গনে অভিমন্যুর সহিত এবং অভিমন্যু দুঃশাসনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২৯

রথ-যুদ্ধে নিপুণ এই উভয় যোদ্ধাই রথের দ্বারা দক্ষিণে বামে বিচিত্র মণ্ডলাকার গতিতে বিচরণ করিতে করিতে যুদ্ধ করিতেছিলেন ॥ ৩০

অথ পণব-মৃদঙ্গ-দুন্দুভীনাং
ক্রকচ-মহানক-ভেরি-ঝর্ঝরাণাম্।
নিনদমতিভৃশং নরাঃ প্রচক্রু-
র্লবণজলোদ্ভবসিংহনাদমিশ্রম্॥ ৩১

সেই সময় বাদ্যবাদকগণ ঢোল, মৃদঙ্গ, দুন্দুভি, ক্রকচ, বড় ঢোল, ভেরি ও ঝর্ঝরসকলের অত্যন্ত ভয়ঙ্কর শব্দ করিতে লাগিলেন। ইহার সহিত শঙ্খ ও সিংহনাদের ধ্বনিও মিলিত হইয়াছিল॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি দুঃশাসনযুদ্ধে একোনচত্বারিংশোঽধ্যায়ঃ॥

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে দুঃশাসনের যুদ্ধবিষয়ক একোনচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা দুঃশাসনস্য কর্ণস্য চ পরাজয়ঃ]

সঞ্জয় উবাচ।

(ততঃ সমভবদ্ যুদ্ধং তয়োঃ পুরুষসিংহয়োঃ।
তস্মিন্ কালে মহাবাহুঃ সৌভদ্রঃ পরবীরহা॥
সশরং কার্ম্মুকং ছিত্ত্বা লাঘবেন ব্যপাতয়ৎ।
দুঃশাসনং শরৈর্ঘোরৈঃ সক্ষতক্ষ সমন্ততঃ॥)
শরবিক্ষতগাত্রং তু প্রত্যমিত্রমবস্থিতম্।
অভিমন্যুঃ স্ময়ন্ ধীমান্ দুঃশাসনমথাব্রবীৎ॥ ১
দিষ্ট্যা পশ্যামি সংগ্রামে মানিনং শূরমাগতম্
নিষ্ঠুরং ত্যক্তধর্ম্মাণমাক্রোশনপরায়ণম্॥
যৎ সভায়াং ত্বয়া রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য শৃণ্বতঃ।
কোপিতঃ পরুষৈর্বাক্যৈর্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ॥ ৩
জয়োন্মত্তেন ভীমশ্চ বহ্ববদ্ধং প্রভাষিতঃ।
অক্ষকূটং সমাশ্রিত্য সৌবলস্যাত্মনো বলম্॥ ৪
তৎ ত্বয়েদমনুপ্রাপ্তং তস্য কোপান্মহাত্মনঃ।
পরবিত্তাপহারস্য ক্রোধস্যাপ্রশমস্য চ॥ ৫
লোভস্য জ্ঞাননাশস্য দ্রোহস্যাত্যাহিতস্য চ।
পিতৄণাং মম রাজ্যস্য হরণস্যোগ্রধন্বিনাম্॥ ৬
তৎ ত্বয়েদমনুপ্রাপ্তং প্রকোপাদ্ বৈ মহাত্মনাম্।
স তস্যোগ্রমধর্ম্মস্য ফলং প্রাপ্নুহি দুর্মতে॥ ৭

চত্বারিংশ অধ্যায়

[অভিমন্যু কর্ত্তৃক দুঃশাসন ও কর্ণের পরাজয়।]

(সঞ্জয় বলিলেন,—রাজন্! তদনন্তর এই দুই পুরুষশ্রেষ্ঠের মধ্যে ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল। সেই সময় শত্রুবীরগণের সংহারকারী মহাবাহু সুভদ্রানন্দন অভিমন্যু অতিশয় দক্ষতার সহিত দুঃশাসনের বাণ সহ ধনুটিকে ছেদন করিয়া ফেলিলেন এবং তাঁহাকে নিজের ভয়ঙ্কর বাণসমূহের দ্বারা ক্ষত বিক্ষত করিয়া দিলেন।)

তাহার পর বুদ্ধিমান্ অভিমন্যু ঈষৎ হাস্য সহকারে বিপক্ষরূপে সম্মুখে স্থিত এবং বাণসমূহে অত্যন্ত ক্ষত-বিক্ষত দেহ দুঃশাসনকে এই কথা বলিলেন॥ ১

ভাগ্যবশতঃ আজ আমি যুদ্ধের সম্মুখে উপস্থিত এবং নিজেকে শূরবীর বলিয়া অভিমানকারী তোমার ন্যায় নিষ্ঠুর, ধর্ম্মত্যাগী ও অপরের নিন্দায় সর্ব্বদা তৎপর শত্রুকে প্রত্যক্ষ দেখিতে পাইলাম॥ ২

অরে মূর্খ! তুমি পাশাখেলায় জয়লাভ করিয়া উন্মত্ত হইয়া সভাস্থলে রাজা যুধিষ্ঠিরকে শুনাইতে শুনাইতে নিজের নিষ্ঠুর বাক্যের দ্বারা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে যে ক্রুদ্ধ করিয়াছিলে এবং শকুনির আত্মবল—পাশাখেলায় ছল কপটতার সাহায্য লইয়া ভীমসেনের প্রতি যে সমস্ত কটুবাক্য বলিয়াছিলে, ইহাতে সেই মহাত্মা ধর্ম্মরাজের যে ক্রোধ হইয়াছিল, তাহারই সেই ফলের জন্য আজ তোমাকে এরূপে দুর্দ্দিনে পড়িতে হইয়াছে॥

অপরের ধন অপহরণ, ক্রোধ, অশান্তি, লোভ, জ্ঞানলোপ, দ্রোহ, দুঃসাহসিকতা পূর্ণ ব্যবহার এবং আমার উগ্র ধনুর্দ্ধর পিতৃগণের রাজ্য অপহরণ—এ সমস্ত অপকর্ম্মের ফলস্বরূপ সেই মহাত্মা পাণ্ডবগণের ক্রোধে আজ তোমাকে এই দুর্দ্দিন লাভ করিতে হইয়াছে।

দুর্মতি! তুমি তোমার সেই অধর্ম্মের ভয়ঙ্কর ফল আজ প্রাপ্ত হও। আজ আমি সমস্ত সৈন্যবাহিনীর সাক্ষাতেই

শাসিতাস্ম্যস্ত তে বাণৈঃ সর্বসৈন্যস্য পশ্যতঃ।
অদ্যাহমনৃণস্তস্য কোপস্য ভবিতা রণে ॥ ৮
অমর্ষিতায়াঃ কৃষ্ণায়াঃ কাঙ্ক্ষিতস্য চ মে পিতুঃ।
অদ্য কৌরব্য ভীমস্য ভবিতাস্ম্যনৃণো যুধি ॥ ৯
ন হি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎস্রক্ষ্যসে রণম্
এবমুক্ত্বা মহাবাহুর্বাণং দুঃশাসনান্তকম্ ॥ ১০
সন্দধে পরবীরঘ্নঃ কালাগ্ন্যনিলবর্চসম্।
তস্যোরস্তূর্ণমাসাদ্য জত্রুদেশে বিভিদ্য তম্ ॥ ১১
জগাম সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ।
অথৈনং পঞ্চবিংশত্যা পুনরেব সমার্পয়ৎ ॥ ১২
শরৈরগ্নিসমস্পর্শৈরাকর্ণসমচোদিতৈঃ।
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ ॥ ১৩
দুঃশাসনো মহারাজ কশ্মলং চাবিশন্মহৎ।
সারথিস্ত্বরমাণস্তু দুঃশাসনমচেতনম ॥ ১৪

রণমধ্যাদপোবাহ সৌভদ্রশরপীড়িতম্।
পাণ্ডবা দ্রৌপদেয়াশ্চ বিরাটশ্চ সমীক্ষ্য তম্ ॥ ১৫
পাঞ্চালাঃ কেকয়াশ্চৈব সিংহনাদমথানদন্।
বাদিত্রাণি চ সর্বাণি নানালিঙ্গানি সর্বশঃ ॥ ১৬
প্রাবাদয়ন্ত সংহৃষ্টাঃ পাণ্ডূনাং তত্র সৈনিকাঃ।
অপশ্যন্ স্ময়মানাশ্চ সৌভদ্রস্য বিচেষ্টিতম্ ॥ ১৭
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্বা শত্রুং পরাজিতম্।
ধর্মমারুতশক্রাণামশ্বিনোঃ প্রতিমাস্তথা ॥ ১৮
ধারয়ন্তো ধ্বজাগ্রেষু দ্রৌপদেয়া মহারথাঃ।
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্ন-শিখণ্ডিনৌ ॥ ১৯
কেকয়া ধৃষ্টকেতুশ্চ মৎস্যাঃ পাঞ্চাল-সৃঞ্জয়াঃ।
পাণ্ডবাশ্চ মুদা যুক্তা যুধিষ্ঠিরপুরোগমাঃ ॥ ২০
অভ্যদ্রবন্ত ত্বরিতা দ্রোণানীকং বিভিৎসবঃ।
ততোঽভবন্মহাযুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ ॥ ২১

নিজের তীক্ষ্ণ বাণসমূহে তোমাকে দণ্ড দান করিব। আজ আমি যুদ্ধে সেই মহাত্মা পিতৃগণের ক্রোধের প্রতিশোধ গ্রহণ করিয়া তাঁহাদের নিকট হইতে ঋণমুক্ত হইব। ৩-৮

কুরুকুলকলঙ্ক! আজ অমর্ষপূর্ণা মাতা দ্রৌপদী ও পিতৃতুল্য ভীমসেনের অভীষ্ট মনোরথ পূর্ণ করিয়া এই যুদ্ধে তাঁহাদের ঋণ হইতে আমি মুক্ত হইব। ৯

যদি তুমি যুদ্ধ ত্যাগ করিয়া পলাইয়া না যাও, তবে আজ তোমাকে আমার নিকট হইতে জীবন লইয়া যাইতে হইবে না। এই কথা বলিয়া শত্রুবীরনাশকারী মহাবাহু অভিমন্যু কাল, অগ্নি ও বায়ুতুল্য তেজস্বী একটি বাণ সন্ধান করিলেন, যাহা দুঃশাসনের প্রাণ হরণ করিতে সমর্থ ছিল।

এই বাণ অতিক্রত তাঁহার বক্ষঃস্থলে যাইয়া তাঁহার কণ্ঠদেশ-সংলগ্ন স্থান বিদীর্ণ করিতে করিতে পক্ষসহ অন্তরে প্রবিষ্ট হইল ইহাতে তখন মনে হইতেছিল—কোন একটি সর্প বল্মীক-গর্তে প্রবেশ করিতেছে। তারপর অভিমন্যু দুঃশাসনকে আরও পঁচিশটি বাণ প্রহার করিলেন। ১০-১২

ধনুটিকে কর্ণ পর্য্যন্ত আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত অগ্নিতুল্য স্পর্শ-যুক্ত সেই সমস্ত বাণে গভীর আঘাত পাইয়া দুঃশাসন ব্যথিতচিত্তে রথের বসিবার আসনে বসিয়া পড়িলেন। ১৩

মহারাজ! সেই সময় দুঃশাসন অতিশয় মোহাবিষ্ট হইলেন। তখন অভিমন্যুর বাণসমূহে পীড়িত এবং অচেতন দুঃশাসনকে সারথি অত্যন্ত ব্যগ্রতার সহিত যুদ্ধস্থল হইতে বাহিরে লইয়া যাইল॥

সেই সময় পাণ্ডবগণ, পঞ্চ দ্রৌপদীনন্দন, রাজা বিরাট, পাঞ্চাল যোদ্ধারা ও কেকয়-যোদ্ধারা দুঃশাসনকে পরাজিত হইতে দেখিয়া উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন।

পাণ্ডব সৈন্যগণ তখন সেই স্থানে অতিশয় হৃষ্ট হইয়া নানা-প্রকার রণ-বাদ্যসমূহ বাজাইতে আরম্ভ করিলেন এবং হাস্য করিতে করিতে সুভদ্রানন্দন অভিমন্যুর যুদ্ধ দেখিতে লাগিলেন। ১৪-১৭

গর্বিত নিজের অত্যন্ত শত্রু দুঃশাসনকে পরাজিত হইতে দেখিয়া নিজেদের ধ্বজার অগ্রভাবে ধর্ম, বায়ু, ইন্দ্র ও অশ্বিনী-কুমারদ্বয়ের প্রতিমা ধারণকারী মহারথী দ্রৌপদী কুমারগণ, সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, কেকয়-রাজকুমারবৃন্দ, ধৃষ্টকেতু, মৎস্য, পাঞ্চাল, সৃঞ্জয় ও যুধিষ্ঠিরাদি পাণ্ডবেরা হর্ষের সহিত অতি সত্বর দ্রোণাচার্য্যের ব্যূহ ভেদ করিবার ইচ্ছায় তাঁহার উপর আক্রমণ করিলেন।

তদনন্তর বিজয়াভিলাষী ও অপরাজিত আপনার বীর সৈন্যদের সহিত শত্রুগণের ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল॥

মহারাজ! যখন এইরূপে অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল, তখন দুর্য্যোধন রাধাপুত্র কর্ণকে এই কথা বলিলেন॥

জয়মাকাঙ্ক্ষমাণানাং শূরাণামনিবর্তিনাম্।
তথা তু বর্তমানে বৈ সংগ্রামেঽতিভয়ঙ্করে ॥ ২২
দুর্য্যোধনো মহারাজ রাধেয়মিদমব্রবীৎ।
পশ্য দুঃশাসনং বীরমভিমন্যুবশং গতম্ ॥ ২৩
প্রতপন্তমিবাদিত্যং নিঘ্নন্তং শাত্রবান্ রণে।
অথ চৈতে সুসংরব্ধাঃ সিংহা ইব বলোৎকটাঃ ॥ ২৪
সৌভদ্রমুদ্যতাস্ত্রাতুমভ্যধাবন্ত পাণ্ডবাঃ।
ততঃ কর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈরভিমন্যুং দুরাসদম্ ॥ ২৫
অভ্যবর্ষত সংক্রুদ্ধঃ পুত্রস্য হিতকৃৎ তব।
তস্য চানুচরাংস্তীক্ষ্ণৈর্বিব্যাধ পরমেষুভিঃ ॥ ২৬
অবজ্ঞাপূর্বকং শূরঃ সৌভদ্রস্য রণাজিরে।
অভিমন্যুস্তু রাধেয়ং ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ ॥ ২৭
অবিধ্যৎ ত্বরিতো রাজন্ দ্রোণং প্রেপ্সুর্মহামনাঃ।
তং তথা নাশকৎ কশ্চিদ্ দ্রোণাদ্ বারয়িতুং রথী ॥২৮
আরুজন্তং রথব্রাতান্ বজ্রহস্তাত্মজাত্মজম্।

কর্ণ! দেখুন, বীর দুঃশাসন সূর্য্যতুল্য শত্রুসৈন্যদিগকে সন্তপ্ত করিতে করিতে তাহাদের সংহার করিতেছিল, এই অবস্থায় সে অভিমন্যুর বশীভূত হইয়া পড়ে ॥

অন্য দিকে অতিশয় ক্রুদ্ধ পাণ্ডবগণ সুভদ্রানন্দন অভিমন্যুকে রক্ষা করিবার জন্য উদ্যত হইয়া প্রচণ্ড বলশালী সিংহের ন্যায় ধাবিত হইতেছে ॥

ইহা শুনিয়া আপনার পুত্রের হিতকামী কর্ণ অত্যন্ত ক্রোধের সহিত দুর্ধর্ষ বীর অভিমন্যুর অনুগামীদিগকেও তীক্ষ্ণ এবং উত্তম বাণসমূহের দ্বারা অবহেলাক্রমে বিদ্ধ করিলেন ॥

রাজন্! সেই সময় মহামনা অভিমন্যু দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইবার ইচ্ছায় অতি সত্বর তিয়াত্তরটি বাণের দ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥

এই সময় কোনও বীর রথী রথসমূহ বিধ্বস্তকারী ইন্দ্রপুত্র অর্জুনের সেই তনয়কে দ্রোণাচার্য্যের নিকটে যাইতে বাধা দিতে সমর্থ হইল না ॥

জয়াভিলাষী, সমস্ত ধনুর্দ্ধরগণের মধ্যে মানী, অস্ত্রবিদ্-বৃন্দের মধ্যে শ্রেষ্ঠ, পরশুরামের শিষ্য এবং প্রতাপশালী বীর কর্ণ নিজের উত্তম অস্ত্রসকলের প্রয়োগ দেখাইতে থাকিয়া শত শত বাণের দ্বারা শত্রুদুর্জ্জয় সুভদ্রানন্দন অভিমন্যুকে বিদ্ধ করিলেন এবং রণাঙ্গনে তাঁহাকে পীড়িত করিতে লাগিলেন ॥

ততঃ কর্ণো জয়প্রেপ্সুর্মানী সর্বধনুষ্মতাম্ ॥২৯
সৌভদ্রং শতশোঽবিধ্যদুত্তমাস্ত্রাণি দর্শয়ন্।
সোঽস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো রামশিষ্যঃ প্রতাপবান্ ॥ ৩০
সমরে শত্রুদুর্ধর্ষমভিমন্যুমপীড়য়ৎ।
স তথা পীড্যমানস্তু রাধেয়েনাস্ত্রবৃষ্টিভিঃ ॥ ৩১
সমরেঽমরসঙ্কাশঃ সৌভদ্রো ন ব্যশীর্য্যত।
ততঃ শিলাশিতৈস্তীক্ষ্ণৈর্ভল্লৈরানতপর্বভিঃ ॥ ৩২
ছিত্ত্বা ধনূংষি শূরাণামার্জুনিঃ কর্ণমার্দয়ৎ।
ধনুর্মণ্ডলনির্মুক্তৈঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥ ৩৩
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব।
কর্ণোঽপি চাস্য চিক্ষেপ বাণান্ সন্নতপর্বণঃ ॥ ৩৪
অসম্ভ্রান্তশ্চ তান্ সর্বানগৃহ্ণাৎ ফাল্গুনাত্মজঃ।
ততো মুহূর্তাৎ কর্ণস্য বাণেনৈকেন বীর্য্যবান্ ॥৩৫
সধ্বজং কার্মুকং বীরশ্ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ।
ততঃ কৃচ্ছ্রগতং কর্ণং দৃষ্ট্বা কর্ণাদনন্তরঃ ॥৩৬

কর্ণকর্তৃক অস্ত্র হইতে পীড়িত হইতে থাকিলেও দেবতুল্য অভিমন্যু সমরাঙ্গণে শিথিল হইয়া পড়িলেন না ॥

তাহারপর অর্জুনকুমার অভিমন্যু শিলাতে শান দিয়া ধারাল-কৃত তীক্ষ্ণ আনতপর্ব্বযুক্ত ভল্লসমূহের দ্বারা বীরশ্রেষ্ঠগণের ধনু ছেদন করিয়া কর্ণকে সর্ব্বতোভাবে পীড়িত করিতে লাগিলেন ॥

তিনি ঈষৎ হাস্যসহকারে নিজের মণ্ডলাকার শ্রেষ্ঠ ধনু হইতে নিক্ষিপ্ত বিষধর সর্পসদৃশ ভয়ানক বাণসমূহের দ্বারা ছত্র, ধ্বজ, সারথি এবং অশ্বগণসহ কর্ণকে অতিসত্বর আহত করিয়া ফেলিলেন ॥

কর্ণও এই সময় ইহার উপর বহুসংখ্যক আনতপর্ব্বযুক্ত বাণ নিক্ষেপ করিলেন, কিন্তু অর্জুননন্দন অভিমন্যু কোনরূপ বিভ্রান্ত না হইয়াই এ সমস্ত সহ্য করিয়া লইলেন ॥

তারপর মুহূর্ত্তকালের মধ্যে পরাক্রমশালী বীর অভিমন্যু একটি বাণ প্রহার করিয়া কর্ণের ধ্বজসহ ধনুকে ছেদন করিয়া ভূতলে পাতিত করিলেন ॥

কর্ণকে সঙ্কটাপন্ন দেখিয়া তাঁহার কনিষ্ঠ ভ্রাতা সুদৃঢ় ধনু ধারণ করত অতিক্রুত সুভদ্রাকুমার অভিমন্যুর সম্মুখীন হইলেন ॥১৮-৩৬

সৌভদ্রমভ্যয়াৎ তূর্ণং দৃঢ়মুদ্যম্য কার্মুকম্।
তত উচ্চুক্রুশুঃ পার্থাস্তেষাং চানুচরা জনাঃ।
বাদিত্রাণি চ সঞ্জঘ্নুঃ সৌভদ্রং চাপি তুষ্টুবুঃ ॥ ৩৭

তারপর সেই সময় কুন্তীদেবীর সকল পুত্রগণ ও তাঁহাদের অনুগামী সৈন্যরা উচ্চৈঃস্বরে গর্জন, বাদ্যবাদন এবং অভিমন্যুর ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন। ৩৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াংবৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি কর্ণদুঃশাসনপরাভবে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে কর্ণ ও দুঃশাসনের পরাভব-বিষয়ক চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একচত্বারিংশোঽধ্যায়ঃ

[অভিমন্যুনা কর্ণভ্রাতুর্বধঃ, কৌরবসেনানাং সংহারঃ পলায়নঞ্চ]

সঞ্জয় উবাচ।
ততোঽতিগর্জন্ ধনুষ্পাণির্জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
তয়োর্মহাত্মনোস্তূর্ণং রথান্তরমবাপতৎ ॥ ১
সোঽবিধ্যদ্ দশভির্বাণৈরভিমন্যুং দুরাসদম্।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব ॥ ২
পিতৃপৈতামহং কর্ম কুর্বাণমতিমানুষম্।
দৃষ্ট্বার্দিতং শরৈঃ কার্ষ্ণিং ত্বদীয়া হৃষিতাভবন্ ॥ ৩
তস্যাভিমন্যুরায়ম্য স্ময়ন্নেকেন পত্রিণা।
শিরঃ প্রচ্যাবয়ামাস তদ্রথাৎ প্রাপতদ্ ভুবি ॥ ৪
কর্ণিকারমিবাধূতং বাতেনাপতিতং নগাৎ।
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা রাজন্ কর্ণো ব্যথাং যযৌ ॥ ৫
বিমুখীকৃত্য কর্ণং তু সৌভদ্রঃ কঙ্কপত্রিভিঃ।
অন্যানপি মহেষ্বাসাংস্তূর্ণমেবাভিদুদ্রুবে ॥ ৬
ততস্তদ্ বিততং সৈন্যং হস্ত্যশ্বরথপত্তিমৎ।
ক্রুদ্ধোঽভিমন্যুরভিনৎ তিগ্মতেজা মহারথঃ ॥ ৭
কর্ণস্তু বহুভির্বাণৈরর্দ্যমানোঽভিমন্যুনা।
অপায়াজ্জবনৈরশ্বৈস্ততোঽনীকমভজ্যত ॥ ৮

একচত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুকর্তৃক কর্ণভ্রাতাকে বিনাশ এবং কৌরবসৈন্যদের সংহার ও পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! কর্ণের সেই ভ্রাতা হাতে ধনু লইয়া অত্যন্ত গর্জন করিতে করিতে এবং গুণকে বারংবার আকর্ষণ করিতে করিতে অতিসত্বরই এই দুই মহামনস্বী বীরের রথের মধ্যভাগে আসিয়া উপস্থিত হইলেন। ১

তিনি তখন হাসিতে হাসিতেই দশটি বাণ প্রহার করিয়া দুর্জয় বীর অভিমন্যুকে ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণসহ বিদ্ধ করিয়া ফেলিলেন। ২

স্বীয় পিতা পিতামহগণের আচরিত মানবীয় কর্ম-পরাক্রম অপেক্ষা অধিক পরাক্রমপ্রকাশকারী অর্জুনকুমার অভিমন্যুকে সেই সময় বাণসমূহে পীড়িত দেখিয়া আপনার সৈন্যরা হর্ষোল্লাস করিতে লাগিলেন। ৩

তখন অভিমন্যু হাসিতে হাসিতে নিজের ধনুটিকে আকর্ষণ করিয়া একটি বাণের দ্বারাই কর্ণের এই ভ্রাতার মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন। ইহাতে সেই মস্তক রথ হইতে ভূতলে পতিত হইল। সেই সময় মনে হইল—বায়ুবেগে আন্দোলিত হইয়া উৎপাটিত কর্ণিকার বৃক্ষ পর্ব্বতশিখর হইতে অধঃপতিত হইল। ৪

রাজন্! নিজের ভ্রাতাকে নিহত হইতে দেখিয়া কর্ণ অত্যন্ত ব্যথিত হইলেন। এদিকে সুভদ্রাকুমার অভিমন্যুর গৃধ্রপক্ষযুক্ত বাণসমূহে কর্ণকে যুদ্ধস্থল হইতে বিতাড়িত করিয়া অপরাপর মহাধনুর্দ্ধর বীরগণের উপরও অতিক্রত আক্রমণ করিলেন। ৫-৬

সেই সময় ক্রুদ্ধ ও প্রচণ্ড তেজস্বী মহারথী অভিমন্যু হস্তী, অশ্ব রথ ও পদাতি সৈন্যবাহিনীতে পরিপূর্ণ বিশাল চতুরঙ্গিণী কৌরব-সৈন্যদিগকে বিদীর্ণ করিতে লাগিলেন। ৭

অভিমন্যুকর্তৃক নিক্ষিপ্ত বহুসংখ্যক বাণে পীড়িত হইয়া কর্ণ স্বীয় বেগশালী অশ্বের সহায়তায় অতিসত্বর রণভূমি হইতে পলায়ন করিলেন। তখন সকল সৈন্যবাহিনী ছিন্ন-ভিন্ন হইয়া যাইল। ৮

শলভৈরিব চাকাশে ধারাভিরিব চাবৃতে।
অভিমন্যোঃ শরৈ রাজন্ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৯
তাবকানাং তু যোধানাং বধ্যতাং নিশিতৈঃ শরৈঃ।
অন্যত্র সৈন্ধবাদ্ রাজন্ ন স্ম কশ্চিদতিষ্ঠত ॥ ১০
সৌভদ্রস্তু ততঃ শঙ্খং প্রধ্মাপ্য পুরুষর্ষভঃ।
শীঘ্রমভ্যপতৎ সেনাং ভারতীং ভরতর্ষভ ॥ ১১
স কক্ষেঽগ্নিরিবোৎসৃষ্টো নিদহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জুনিঃ পর্য্যবর্ত্তত ॥ ১২
রথ-নাগাশ্বমনুজানর্দয়ন্ নিশিতৈঃ শরৈঃ।
সম্প্রবিশ্যাকরোদ্ ভূমিং কবন্ধগণসঙ্কুলাম্ ॥ ১৩
সৌভদ্রচাপপ্রভবৈর্নিকৃত্তাঃ পরমেষুভিঃ।
স্বানেবাভিমুখান্ ঘ্নন্তঃ প্রাদ্রবন্ জীবিতার্থিনঃ ॥ ১৪
তে ঘোরা রৌদ্রকর্ম্মাণো বিপাঠা বহবঃ শিতাঃ।
নিঘ্নন্তো রথনাগাশ্বান জগ্মুরাশু বসুন্ধরাম্ ॥১৫

রাজন্! সেইদিনে সম্পূর্ণ আকাশমণ্ডল সেইরূপ আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল, যেরূপ পতঙ্গদলে কিংবা ঘোরতর বর্ষার বৃষ্টিধারায় আকাশ ব্যাপ্ত হইয়া থাকে। তখন সেখানে কিছুই বুঝা যাইতেছিল না ॥ ৯

মহারাজ! তীক্ষ্ণধার বাণসমূহে নিহত হইতে থাকিলে সেই সময় আপনার সৈন্যদের মধ্যে একমাত্র সিন্ধুরাজ জয়দ্রথ ব্যতীত অন্য কেহই রণাঙ্গনে থাকিতে পারিল না। ১০

ভরতশ্রেষ্ঠ! তখন পুরুষপ্রবর সুভদ্রাকুমার অভিমন্যু শঙ্খবাদ্য করিতে করিতে পুনরায় অতিক্রুত ভারতীয় সৈন্যদের উপর ধাবিত হইলেন ॥ ১১

শুষ্ক বনে নিক্ষিপ্ত অগ্নিসদৃশ বাণে সবেগে শত্রুদিগকে দগ্ধ করিতে থাকিয়া অভিমন্যু কৌরব-সৈন্যদের মধ্যে বিচরণ করিতে লাগিলেন ॥ ১২

তিনি সৈন্যদের মধ্যে প্রবেশ করিয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা রথ, হস্তী, অশ্ব ও পদাতি সৈন্যদিগকে পীড়িত করিতে করিতে সমস্ত রণভূমিকেই মস্তকহীন শবদেহ আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ১৩

সুভদ্রাকুমার অভিমন্যুর ধনু হইতে নিক্ষিপ্ত উত্তমবাণসমূহে ক্ষত-বিক্ষত হইয়া আপনার সৈন্যরা নিজেদের জীবন রক্ষা করিবার জন্য সম্মুখে আগত নিজেদের সৈন্যগণকেই বধ করিতে করিতে পলায়ন করিতে লাগিল ॥ ১৪

অভিমন্যুর সেই ভয়ঙ্কর কর্ম্মকারী, ভয়ানক, তীক্ষ্ণ ও বহুসংখ্যক বিপাঠ নামক বাণ আপনার রথ, হস্তী এবং অশ্বারোহী

সায়ুধাঃ সাঙ্গুলিত্রাণাঃ সগদাঃ সাঙ্গদা রণে।
দৃশ্যন্তে বাহবশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥ ১৬
শরাশ্চাপানি খড়্গাশ্চ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ভূমাবাসন্ সহস্রশঃ ॥ ১৭
সোপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডৈশ্চ বন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্বহুধা পতিতৈর্যুগৈঃ ॥ ১৮
শক্তিচাপাসিভিশ্চৈব পতিতৈশ্চ মহাধ্বজৈঃ।
চর্ম্মচাপশরৈশ্চৈব ব্যবকীর্ণৈঃ সমন্ততঃ ॥ ১৯
নিহতৈঃ ক্ষত্রিয়ৈরশ্বৈর্বারণৈশ্চ বিশাম্পতে।
অগম্যরূপা পৃথিবী ক্ষণেনাসীৎ সুদারুণা ॥ ২০
বধ্যতাং রাজপুত্রাণাং ক্রন্দতামিতরেতরম্।
প্রাদুরাসীন্মহাশব্দো ভীরূণাং ভয়বর্দ্ধনঃ ॥ ২১
স শব্দো ভরতশ্রেষ্ঠ দিশঃ সর্ব্বা ব্যনাদয়ৎ।
সৌভদ্রশ্চাদ্রবৎ সেনাং ঘ্নন্ বরাশ্বরথদ্বিপান্ ॥ ২২

সৈন্যগণকে বধ করিতে থাকিয়া অতিক্রুত ধরাতলে প্রবিষ্ট হইতে লাগিল ॥ ১৫

সেই যুদ্ধে আয়ুধ, হস্তত্রাণ (দস্তানা), গদা এবং অঙ্গদ সহ বীরগণের স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত বাহুসকল ছিন্ন হইয়া ভূপতিত হইতে দেখা যাইল ॥ ১৬

সেই রণাঙ্গনে ধনু, বাণ, খড়্গ, শরীর এবং হার ও কুণ্ডলে বিভূষিত মস্তক সহস্র সহস্র সংখ্যায় ছিন্ন-ভিন্ন হইয়া পড়িয়া আছে ॥ ১৭

আবশ্যক সামগ্রী, বসিবার আসন (চেয়ার প্রভৃতি), ঈষাদণ্ড, বন্ধুর, অক্ষ এবং চক্রসকল চূর্ণ বিচূর্ণ এবং খণ্ড খণ্ড হইয়া পতিত হইতে লাগিল। শক্তি, ধনু, খড়্গ, পতিত বিশাল ধ্বজ, ঢাল এবং বাণসকলও ছিন্ন-ভিন্ন হইয়া চারিদিকে পড়িয়াছিল। প্রজানাথ! বহুসংখ্যক ক্ষত্রিয়, অশ্ব এবং হস্তীও নিষ্প্রাণ হইয়া পতিত ছিল। এই সব কারণে সেখানকার রণভূমি ক্ষণকালের মধ্যেই অত্যন্ত ভয়ঙ্কর ও অগম্য হইয়া পড়িল ॥ ১৮-২০

বাণসকলের আঘাত পাইয়া পরস্পর ক্রন্দন করিতে করিতে রাজকুমারগণের মহাশব্দ উত্থিত হইল, যে শব্দ কাপুরুষদিগের ভয়বর্দ্ধন করিয়াছিল ॥ ২১

ভরতশ্রেষ্ঠ! এই শব্দ সমস্ত দিঙ্মণ্ডলকে প্রতিধ্বনিত করিয়া তুলিল। সুভদ্রাকুমার অভিমন্যু এই সময় শ্রেষ্ঠ অশ্ব, রথ ও হস্তীদিগকে সংহার করিতে করিতে কৌরবসৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ২২

কক্ষমগ্নিরিবোৎসৃষ্টো নির্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জুনিঃ প্রত্যদৃশ্যত ॥ ২৩
বিচরন্তং দিশঃ সর্বাঃ প্রদিশশ্চাপি ভারত।
তং তদা নানুপশ্যামঃ সৈন্যে চ রজসাবৃতে ॥ ২৪
আদদানং গজাশ্বানাং নৃণাং চায়ুংষি ভারত।
ক্ষণেন ভূয়ঃ পশ্যামঃ সূর্য্যং মধ্যন্দিনে যথা ॥ ২৫
অভিমন্যুং মহারাজ প্রতপন্তং দ্বিষদগণান্।
স বাসবসমঃ সংখ্যে বাসবস্যাত্মজাত্মজঃ ॥
অভিমন্যুর্মহারাজ সৈন্যমধ্যে ব্যরোচত ॥২৬
(যথা পুরা বহ্নিসুতোঽসুরসৈন্যেষু বীর্য্যবান্।

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪১

শুষ্ক বনভূমিতে নিক্ষিপ্ত অনলসদৃশ অর্জুনকুমার অভিমন্যু বেগের সহিত শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া কৌরবসৈন্যদের মধ্যে বিচরণ করিতে লাগিলেন। ২৩

ভারত! ধূলিজালে আচ্ছাদিত সৈন্যবাহিনীর মধ্যে সমস্ত দিক্ ও বিদিক্ (কোণ)-সমূহে বিচরণকারী অভিমন্যুকে সেই সময় আমরা দেখিতে পাইলাম না। ২৪

ভরতনন্দন! হস্তী, অশ্ব এবং পদাতি সৈন্যগণের আয়ু (প্রাণ)-হরণকারী অভিমন্যুকে আমরা ক্ষণকালের মধ্যেই দ্বিপ্রহরস্থিত সূর্য্যের ন্যায় শত্রুসৈন্যগণকে পুনরায় সন্তাপিত করিতে দেখিলাম। মহারাজ! ইন্দ্রনন্দন অর্জুনের এই পুত্র অভিমন্যু যুদ্ধে ইন্দ্রসদৃশ পরাক্রমী ছিলেন বলিয়া মনে হইতে লাগিল। যেরূপ পুরাকালে পরাক্রমশালী কুমার কার্ত্তিকেয় অসুরদের সৈন্যবাহিনীকে সংহার করিতে করিতে শোভাপ্রাপ্ত হইয়াছিলেন, সেইরূপ অভিমন্যু কৌরবসৈন্যমধ্যে বিচরণ করিতে করিতে শোভা পাইতে লাগিলেন। ২৫-২৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক একচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুমনুগচ্ছতাং পাণ্ডবানাং বরপ্রভাবেণ জয়দ্রথেনাবরোধঃ]

ধৃতরাষ্ট্র উবাচ।

বালমত্যন্তসুখিনং স্ববাহুবলদর্পিতম্।
যুদ্ধেষু কুশলং বীরং কুলপুত্রং তনুত্যজম্ ॥ ১
গাহমানমনীকানি সদশ্বৈশ্চ ত্রিহায়নৈঃ।
অপি যৌধিষ্ঠিরাৎ সৈন্যাৎ কশ্চিদন্বপতদ্ বলী ॥ ২

সঞ্জয় উবাচ।

যুধিষ্ঠিরো ভীমসেনঃ শিখণ্ডী সাত্যকির্যমৌ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ দ্রুপদশ্চ সকেকয়ঃ ॥ ৩
ধৃষ্টকেতুশ্চ সংরব্ধো মৎস্যাশ্চাভ্যপতন্ রণে।
তেনৈব তু পথা যান্তঃ পিতরো মাতুলৈঃ সহ ॥৪

দ্বিচত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুর পশ্চাতে গমনকারী পাণ্ডব-যোদ্ধাদিগকে বর-প্রভাবে জয়দ্রথের প্রতিরোধ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! অত্যন্ত সুখে সংবর্দ্ধিত বালক অভিমন্যু যুদ্ধে অতিশয় নিপুণ ছিলেন। নিজের বাহুবলের উপর ইহার গর্ব্বও ছিল। সে উত্তমকুলে উৎপন্ন হওয়ায় শরীরকে পরিত্যাগ করিতে কৃতসঙ্কল্প হইয়া যুদ্ধ করিতে ছিল। যে সময় তিনবৎসর বয়স্ক উত্তম অশ্বগণের দ্বারা আমার সৈন্যমধ্যে প্রবেশ করিতেছিল, সেই সময় যুধিষ্ঠিরের সৈন্যদের মধ্যে কোন্ কোন্ বলবান্ বীর যোদ্ধা তাহার পশ্চাতে পশ্চাতে ব্যূহের মধ্যে প্রবেশ করিতে পারিয়াছিল? ১-২

সঞ্জয় বলিলেন,—রাজন্! যুধিষ্ঠির, ভীমসেন, শিখণ্ডী, সাত্যকি, নকুল-সহদেব, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, দ্রুপদ, কেকয়রাজকুমার-গণ, রোষপূর্ণ ধৃষ্টকেতু এবং মৎস্যদেশীয় যোদ্ধারা—ইহারা সকলেই যুদ্ধস্থলে অগ্রসর হইতে লাগিলেন। অভিমন্যুর পিতৃব্যগণ ও মাতুলগণ নিজ সৈন্যদিগকে ব্যূহাকারে সংগঠিত করিয়া প্রহার করিতে উদ্যত অভিমন্যুকে রক্ষা করিবার জন্য তাঁহার রচিত পথে ব্যূহের মধ্যে প্রবেশ করিবার উদ্দেশ্যে একসঙ্গে ধাবিত হইলেন।

অভ্যদ্রবন্ পরীপ্সন্তো ব্যূঢানীকাঃ প্রহারিণঃ।
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরাংস্ত্বদীয়া বিমুখাভবন্॥ ৫
ততস্তদ্ বিমুখং দৃষ্ট্বা তব সূনোর্ম্মহদ্ বলম্।
জামাতা তব তেজস্বী সংস্তম্ভয়িষুরাদ্রবৎ॥ ৬
সৈন্ধবস্তু মহারাজ পুত্রো রাজ্ঞা জয়দ্রথঃ।
স পুত্রগৃদ্ধিনঃ পার্থান্ সহসৈন্যানবারয়ৎ॥ ৭
উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যমস্ত্রমুদীরয়ন্।
বাৰ্দ্ধক্ষত্রিরুপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরঃ॥ ৮

ধৃতরাষ্ট্র উবাচ।

অতিভারমহং মন্যে সৈন্ধবে সঞ্জয়াহিতম্।
যদেকঃ পাণ্ডবান্ ক্রুদ্ধান্ পুত্রপেপ্সুর্নবারয়ৎ॥ ৯
অত্যদ্ভুতমহং মন্যে বলং শৌর্য্যঞ্চ সৈন্ধবে।
তস্য প্রব্রূহি মে বীর্য্যং কর্ম চাগ্র্যং মহাত্মনঃ॥১০
কিং দত্তং হুতমিষ্টং বা কিং সুতপ্তমথো তপঃ।
সিন্ধুরাজো হি যেনৈকঃ পাণ্ডবান্ সমবারয়ৎ॥ ১১
(দমো বা ব্রহ্মচর্য্যং বা সূত যচ্চাস্য সত্তম।
দেবং কতমমারাধ্য বিষ্ণুমীশানমব্জজম্॥
সিন্ধুরাট্ তনয়ে সক্তান্ ক্রুদ্ধঃ পার্থানবারয়ৎ।
নৈবং কৃতং মহৎ কর্ম ভীষ্মেণাজ্ঞাসিষং তথা॥)

সঞ্জয় উবাচ।

দ্রৌপদীহরণে যৎ তদ্ ভীমসেনেন নির্জিতঃ।
মানাৎ স তপ্তবান্ রাজা বরার্থী সুমহৎ তপঃ॥ ১২
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্ত্য সঃ।
ক্ষুৎপিপাসাতপসহঃ কৃশো ধমনিসন্ততঃ॥ ১৩
দেবমারাধয়চ্ছর্বং গৃণন্ ব্রহ্ম সনাতনম্।
ভক্তানুকম্পী ভগবাংস্তস্য চক্রে ততো দয়াম্॥ ১৪
স্বপ্নান্তেঽপ্যথ চৈবাহ হরঃ সিন্ধুপতেঃ সুতম্।
বরং বৃণীষ্ব প্রীতোঽস্মি জয়দ্রথ কিমিচ্ছসি॥ ১৫

এই বীরগণকে আক্রমণ করিতে দেখিয়া আপনার পুত্র রণবিমুখ হইয়া পড়িল। আপনার পুত্র দুর্য্যোধনের বিশাল সৈন্যবাহিনীকে রণবিমুখ দেখিয়া তাহাদিগকে স্থিরতাপূর্ব্বক স্থাপিত করিবার ইচ্ছায় আপনার তেজস্বী জামাতা জয়দ্রথ সেখানে ধাবিত হইয়া আসিলেন॥ ৩-৬

মহারাজ! সিন্ধুদেশপতির পুত্র রাজা জয়দ্রথ নিজেদের পুত্রের জীবন রক্ষা করিতে অভিলাষী সৈন্যসহ কুন্তীপুত্রগণের অগ্রগতি রুদ্ধ করিলেন॥ ৭

যেরূপ হাতী নিম্নভূমিতে আসিয়া শত্রুগণকে নিবারণ করিয়া থাকে, সেইরূপ ভয়ঙ্কর ও মহাধনুর্দ্ধর বৃদ্ধক্ষত্রপুত্র জয়দ্রথ দিব্যাস্ত্রসকল প্রয়োগ করিয়া শত্রুগণের অগ্রগমন প্রতিরোধ করিলেন॥৮

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! আমি ত' মনে করি—সিন্ধুরাজ জয়দ্রথের উপর এই অতিশয় গুরুতর ভার অর্পিত হইয়াছে, যে একাকী হইয়াও পুত্রকে রক্ষা করিবার জন্য উদ্‌যুক্ত ও ক্রুদ্ধ পাণ্ডবগণকে রুদ্ধ করিয়াছিল॥ ৯

সিন্ধুরাজ জয়দ্রথে এই বল ও শৌর্য্য থাকা অতিশয় আশ্চর্য্যের কথা বলিয়াই আমি মনে করি। মহাত্মা জয়দ্রথের বল ও শ্রেষ্ঠ পরাক্রম আমার নিকট সবিস্তারে বল॥ ১০

সিন্ধুরাজ এমন কি দান, হোম, যজ্ঞ অথবা উত্তম তপস্যা করিয়াছিলেন, যাহার ফলে সে একাকীই সমস্ত পাণ্ডবগণকে রুদ্ধ করিতে সমর্থ হইয়াছিল? ১১

(সজ্জনশ্রেষ্ঠ সূত! জয়দ্রথে যে ইন্দ্রিয়সংযম কিংবা ব্রহ্মচর্য্য আছে, তাহা আমাকে বল। বিষ্ণু, শিব অথবা ব্রহ্মা কোন দেবতার আরাধনা করিয়া সিন্ধুরাজ জয়দ্রথ স্বপুত্রকে রক্ষা করিতে উদ্যত পাণ্ডবগণকে ক্রোধের সহিত প্রতিরোধ করিলেন। ভীষ্মও যে কখনও এরূপ পরাক্রম করিয়াছেন, সেইরূপ কোন বিষয় আমার জানা নাই।)

সঞ্জয় বলিলেন,—মহারাজ! দ্রৌপদীহরণপ্রসঙ্গে জয়দ্রথকে যে ভীমসেনের নিকট পরাজিত করা হইয়াছিল, তাহাতেই অভিমানবশতঃ অপমান অনুভব করিয়া রাজা জয়দ্রথ বরলাভ কামনা করিয়া অতিশয় কঠোর তপস্যা করিয়াছিলেন॥ ১২

প্রিয় বিষয়সমূহ হইতে সমস্ত ইন্দ্রিয়গণকে নিবৃত্ত করিয়া ক্ষুধা-তৃষ্ণা এবং উত্তাপের কষ্ট সহ্য করিতে করিতে জয়দ্রথ অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িলেন। তখন তাঁহার শরীরে নাড়ীভুঁড়িও দেখা যাইতে লাগিল॥ ১৩

তিনি সনাতন ব্রহ্মস্বরূপ ভগবান্ শঙ্করের স্তুতি করিতে করিতে তাঁহার আরাধনা করিতে থাকিলেন। তখন ভক্তের প্রতি অনুগ্রহকারী ভগবান্ শঙ্কর তাঁহার উপর কৃপা করিলেন এবং স্বপ্নে জয়দ্রথকে দর্শন দিয়া তাঁহাকে বলিলেন—জয়দ্রথ! তুমি কি চাও? বর প্রার্থনা কর। আমি তোমার উপর প্রসন্ন হইয়াছি॥ ১৪-১৫

এবমুক্তস্তু শর্বেণ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
উবাচ প্রণতো রুদ্রং প্রাঞ্জলির্নিয়তাত্মবান্॥ ১৬
পাণ্ডবেয়ানহং সংখ্যে ভীমবীর্য্যপরাক্রমান্।
বারয়েয়ং রথেনৈকঃ সমস্তানিতি ভারত॥ ১৭
এবমুক্তস্তু দেবেশো জয়দ্রথমথাব্রবীৎ।
দদামি তে বরং সৌম্য বিনা পার্থং ধনঞ্জয়ম্॥ ১৮
বারয়িষ্যসি সংগ্রামে চতুরঃ পাণ্ডুনন্দনান্।
এবমস্ত্বিতি দেবেশমুক্ত্বাবুধ্যত পার্থিবঃ॥ ১৯
স তেন বরদানেন দিব্যেনাস্ত্রবলেন চ।

ভগবান্ শঙ্কর এই কথা বলিলে পর সিন্ধুরাজ জয়দ্রথ নিজের মন ও ইন্দ্রিয়গ্রামকে সংযমে রাখিয়া সেই রুদ্রদেবকে প্রণাম করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া বলিলেন। ১৬

প্রভো! আমি যুদ্ধে ভয়ঙ্কর বলপরাক্রমশালী সমস্ত পাণ্ডবগণকে একাকীই কেবল রথের দ্বারা পরাজিত করিয়া তাঁহাদের অগ্রগতি রুদ্ধ করিতে পারি। ভারত! তিনি এই কথা বলিলে পর দেবেশ্বর ভগবান্ শিব জয়দ্রথকে বলিলেন—সৌম্য! আমি তোমাকে বর প্রদান করিলাম। তুমি কুন্তীপুত্র অর্জুন ব্যতীত শেষ চারিজন পাণ্ডবকে (এক দিন) যুদ্ধে অগ্রগতি হইতে নিবারিত করিতে পারিবে। তখন দেবেশ্বর মহাদেবকে

একঃ সংবারয়ামাস পাণ্ডবানামনীকিনীম্॥ ২০
তস্য জ্যাতলঘোষেণ ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ।
পরাংস্তু তব সৈন্যস্য হর্ষঃ পরমকোঽভবৎ॥ ২১
দৃষ্ট্বা তু ক্ষত্রিয়া ভারং সৈন্ধবে সর্বমাহিতম্।
উৎক্রুশ্যাভ্যদ্রবন্ রাজন্ যেন যৌধিষ্ঠিরং বলম্॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্বণি জয়দ্রথযুদ্ধে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪২

"এবমস্তু" (ইহাই হউক) বলিয়া জয়দ্রথ জাগিয়া উঠিলেন। ১৭-১৯

সেই বরদান ও দিব্য অস্ত্র-বলের দ্বারা জয়দ্রথ একাকীই আজ পাণ্ডবসৈন্যদিগকে প্রতিরোধ করিলেন। ২০

তাঁহার ধনুর টঙ্কারধ্বনি শ্রবণ করিয়া শত্রুপক্ষের ক্ষত্রিয়গণের মনে ভয় উপস্থিত হইল; কিন্তু আপনার সৈন্যরা অত্যন্ত হৃষ্ট হইলেন। ২১

রাজন্! সেই সময় যুদ্ধের সমস্ত ভার জয়দ্রথের উপরই পতিত হইয়াছে দেখিয়া আপনার ক্ষত্রিয় বীরগণ হর্ষে কোলাহল করিতে করিতে যে দিকে যুধিষ্ঠিরের সৈন্যরা অবস্থান করিতেছে, সেইদিকে ধাবিত হইলেন। ২২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে জয়দ্রথের যুদ্ধবিষয়ক দ্বিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ

পাণ্ডবৈঃ সহ জয়দ্রথস্য যুদ্ধম্, ব্যূহদ্বারে পাণ্ডবানাং গতিরোধশ্চ]

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র সিন্ধুরাজস্য বিক্রমম্।
শৃণু তৎ সর্বমাখ্যাস্যে যথা পাণ্ডূনযোধয়ৎ॥ ১
তমূহুর্বাজিনো বশ্যাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
বিকুর্বাণা বৃহন্তোঽশ্বাঃ শ্বসনোপমরংহসঃ॥ ২
গন্ধর্বনগরাকারং বিধিবৎ কল্পিতং রথম্।
তস্যাভ্যশোভয়ৎ কেতুর্বারাহো রাজতো মহান্॥ ৩

ত্রিচত্বারিংশ অধ্যায়।

[পাণ্ডবগণের সহিত জয়দ্রথের যুদ্ধ এবং ব্যূহদ্বারে পাণ্ডবগণের গতিরোধ।]

সঞ্জয় বলিলেন,—রাজেন্দ্র! আপনি আমাকে যে সিন্ধুরাজ জয়দ্রথের পরাক্রমের সংবাদ জিজ্ঞাসা করিলেন, তাহা শ্রবণ করুন। তিনি যেরূপে পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সেই সমস্ত বৃত্তান্ত আমি আপনাকে বলিতেছি। ১

সারথির বশীভূত, উত্তমরূপে বহন করিতে অভ্যস্ত, বায়ুতুল্য বেগশালী এবং নানাপ্রকার গমনভঙ্গী প্রদর্শনকারী সিন্ধুদেশীয় বিশাল অশ্বগণ সেই সময় জয়দ্রথকে বহন করিতেছিল। ২

বিধি অনুসারে সজ্জিত তাঁহার রথ গন্ধর্বনগরের ন্যায় মনে হইতেছিল। ইহার রজতনির্মিত এবং বরাহ চিহ্নযুক্ত বিশাল ধ্বজ ইঁহার রথের শোভাবর্দ্ধন করিতেছিল। ৩

শ্বেতচ্ছত্রপতাকাভিশ্চামরব্যজনেন চ।
স বভৌ রাজলিঙ্গৈস্তৈস্তারাপতিরিবাম্বরে ॥ ৪
মুক্তাবজ্রমণিস্বর্ণৈর্ভূষিতং তদয়স্ময়ম্।
বরূথং বিবভৌ তস্য জ্যোতির্ভিঃ খমিবাবৃতম্ ॥ ৫
স বিস্ফার্য্য মহচ্চাপং কিরন্নিষুগণান্ বহূন্।
তং খণ্ডং পূরয়ামাস যদ্ ব্যদারয়দার্জুনিঃ ॥ ৬
স সাত্যকিং ত্রিভির্বাণৈরষ্টভিশ্চ বৃকোদরম্।
ধৃষ্টদ্যুম্নং তথা ষষ্ট্যা বিরাটং দশভিঃ শরৈঃ ॥ ৭
দ্রুপদং পঞ্চভিস্তীক্ষ্ণৈঃ সপ্তভিশ্চ শিখণ্ডিনম্।
কেকয়ান্ পঞ্চবিংশত্যা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥ ৮
যুধিষ্ঠিরং তু সপ্তত্যা ততঃ শেষানপানুদৎ।
ইষুজালেন মহতা তদদ্ভুতমিবাভবৎ ॥ ৯
অথাস্য শিতপীতেন ভল্লেনাদিশ্য কার্মুকম্।
চিচ্ছেদ প্রহসন্ রাজা ধর্মপুত্রঃ প্রতাপবান্ ॥ ১০

শ্বেতচ্ছত্র, পতাকা, চামর ও ব্যজন—এই সব রাজচিহ্নে সংযুক্ত থাকিয়া তিনি আকাশে চন্দ্রের ন্যায় সুশোভিত ছিলেন ॥৪

মুক্তা, মণি, স্বর্ণ ও হীরকে বিভূষিত ইঁহার রথের লৌহময় আবরণ নক্ষত্রমণ্ডলে পরিব্যাপ্ত আকাশের সদৃশ শোভা পাইতেছিল ॥ ৫

তিনি স্বীয় বিশাল ধনু বিস্ফারিত করিয়া বহুসংখ্যক বাণসমূহ বর্ষণ করিতে করিতে ব্যূহের সেই ভাগকে যোদ্ধাগণের দ্বারা পূর্ণ করিয়া দিলেন, যে ভাগকে অভিমন্যু বিদারিত করিয়াছিলেন ॥ ৬

সেই সময় তিনি সাত্যকিকে তিন, ভীমসেনকে আট, ধৃষ্টদ্যুম্নকে ষাট্, বিরাটকে দশ, দ্রুপদকে পাঁচ, শিখণ্ডীকে সাত, কেকয়রাজকুমারগণকে পঁচিশ, দ্রৌপদীর পুত্রদিগকে তিনটি তিনটি এবং যুধিষ্ঠিরকে সত্তরটি তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। তারপর বাণসমূহের জাল পাতিয়া তিনি শেষ সৈন্যটিকেও পশ্চাদপসরণে বাধ্য করিলেন। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা ঘটিয়া যাইল ॥ ৭-৯

এই সময় প্রতাপশালী রাজা ধর্মপুত্র যুধিষ্ঠির একটি তীক্ষ্ণ ও পীত বর্ণের ভল্লের দ্বারা তাঁহার ধনু ছেদন করিবার কথা ঘোষণা করিয়া উহা ছেদন করিলেন ॥ ১০

তখন জয়দ্রথও নিমেষকালের মধ্যেই অপর ধনু হাতে লইয়া

অক্ষ্ণোর্নিমেষমাত্রেণ সোঽন্যদাদায় কার্মুকম্।
বিব্যাধ দশভিঃ পার্থং তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥ ১১
তৎ তস্য লাঘবং জ্ঞাত্বা ভীমো ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিঃ।
ধনুর্ধ্বজঞ্চ ছত্রঞ্চ ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥ ১২
সোঽন্যদাদায় বলবান্ সজ্যং কৃত্বা চ কার্মুকম্।
ভীমস্যাপাতয়ৎ কেতুং ধনুরশ্বাংশ্চ মারিষ ॥ ১৩
স হতাশ্বাদবপ্লুত্য ছিন্নধন্বা রথোত্তমাৎ।
সাত্যকেরাপ্লুতো যানং গির্য্যগ্রমিব কেশরী ॥ ১৪
ততস্ত্বদীয়াঃ সংহৃষ্টাঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
সিন্ধুরাজস্য তৎ কর্ম প্রেক্ষ্যাশ্রদ্ধেয়মদ্ভুতম্ ॥১৫
সংক্রুদ্ধান্ পাণ্ডবানেকো যদ্ দধারাস্ত্রতেজসা।
তৎ তস্য কর্ম ভূতানি সর্বাণ্যেবাভ্যপূজয়ন্ ॥ ১৬
সৌভদ্রেণ হতৈঃ পূর্বং সোত্তরায়োধিভির্দ্বিপৈঃ।
পাণ্ডূনাং দর্শিতঃ পন্থাঃ সৈন্ধবেন নিবারিতঃ ॥ ১৭

রকে দশ এবং অন্য বীরগণকে তিনটি তিনটি বাণে বিদ্ধ করিলেন ॥ ১১

তাঁহার এই নিপুণতা দেখিয়া ও বুঝিয়া ভীমসেন তিনটি তিনটি ভল্লের দ্বারা তাঁহার ধনু, ধ্বজ এবং ছত্রকে অতি সত্বর ছেদন করিয়া ভূপাতিত করিলেন ॥ ১২

আর্য্য! সেই সময় সেই বলবান্ বীর জয়দ্রথ অপর ধনু গ্রহণ করত তাহার উপর গুণারোপণ করিলেন এবং ভীমের ধনু, ধ্বজ এবং অশ্বদলকে ধরাশায়ী করিয়া দিলেন ॥ ১৩

ধনু ছিন্ন হইয়া যাইলে নিজের অশ্বহীন রথ হইতে লাফাইয়া পড়িয়া ভীমসেন সাত্যকির রথে গিয়া উপবেশন করিলেন। ইহাতে মনে হইলে—কোন সিংহ পর্ব্বতশিখরে গিয়া আরোহণ করিলেন ॥ ১৪

সিন্ধুরাজ জয়দ্রথের এই পরাক্রম, যাহা শ্রবণ করিলে বিশ্বাস করা হয় না, তাহা প্রত্যক্ষ দেখিয়া আপনার সকল সৈন্যই অত্যন্ত হৃষ্ট হইয়া তাঁহাকে সাধুবাদ প্রদান করিতে লাগিল ॥ ১৫

জয়দ্রথ একাকীই নিজের দিব্যাস্ত্রসকলের তেজে ক্রুদ্ধ পাণ্ডবগণকে যে রুদ্ধ করিয়া ছিলেন, তাঁহার এই পরাক্রমকে সকল প্রাণীই প্রশংসা করিতে লাগিল ॥ ১৬

সুভদ্রাকুমার অভিমন্যু প্রথমে গজারোহী ব্যক্তিগণের সহিত বহুসংখ্যক গজরাজকে বধ করিয়া ব্যূহ প্রবেশ করিবার জন্য পাণ্ডবদিগকে পথ প্রদর্শন করিতে লাগিলেন, কিন্তু জয়দ্রথ তাহা বন্ধ করিয়া দিলেন ॥ ১৭

যতমানাস্তু তে বীরা মৎস্য-পাঞ্চাল-কেকয়াঃ।
পাণ্ডবাশ্চাম্বপদ্যন্ত প্রতিশেকুর্ন সৈন্ধবম্ ॥ ১৮
যো যো হি যততে ভেত্তুং দ্রোণানীকং তবাহিতঃ।
তং তমেব বরং প্রাপ্য সৈন্ধবঃ প্রত্যবারয়ৎ ॥ ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি জয়দ্রথযুদ্ধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৩

বীর মৎস্য, পাঞ্চাল, কেকয় ও পাণ্ডবগণ তখন বারংবার বিশেষ যত্ন করিয়া ব্যূহের উপর আক্রমণ করিলেন; কিন্তু সিন্ধুরাজের সম্মুখে থাকিতেই পারিলেন না। ॥ ১৮

আপনার যে যে শত্রু দ্রোণাচার্য্যের ব্যূহকে ভেদ করিবার যত্ন করিতেছিল, সেই সেই শ্রেষ্ঠ বীরগণের নিকট উপস্থিত হইয়া জয়দ্রথ তাহাদিগকে রুদ্ধ করিতে লাগিলেন ॥ ১৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে জয়দ্রথের যুদ্ধবিষয়ক ত্রিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ

[অভিমন্যোঃ পরাক্রমঃ, তেন বসাতীয়াদি-যোদ্ধৃণাং বিনাশশ্চ]

সঞ্জয় উবাচ।

সৈন্ধবেন নিরুদ্ধেষু জয়গৃদ্ধিষু পাণ্ডুষু।
সুঘোরমভবদ্ যুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ ॥ ১
প্রবিশ্যাথার্জ্জুনিঃ সেনাং সত্যসন্ধো দুরাসদঃ।
ব্যক্ষোভয়ত তেজস্বী মকরঃ সাগরং যথা ॥ ২
তং তথা শরবর্ষেণ ক্ষোভয়ন্তমরিন্দমম্।
যথা প্রধানাঃ সৌভদ্রমভ্যয়ু রথসত্তমাঃ ॥ ৩
তেষাং তস্য চ সম্মর্দো দারুণঃ সমপদ্যত।
সৃজতাং শরবর্ষাণি প্রসক্তমমিতৌজসাম্ ॥ ৪
রথব্রজেন সংরুদ্ধস্তৈরমিত্রৈস্তথার্জ্জুনিঃ।
বৃষসেনস্য যন্তারং হত্বা চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥ ৫
তস্য বিব্যাধ বলবান্ শরৈরশ্বানজিহ্মগৈঃ।
বাতায়মানৈরথ তৈরশ্বৈরপহৃতো রণাৎ ॥ ৬
তেনান্তরেণাভিমন্যোর্যন্তাপাসারয়দ্ রথম্।
রথব্রজাস্ততো হৃষ্টাঃ সাধু সাধ্বিতি চুক্রুশুঃ ॥ ৭

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুর পরাক্রম এবং তাঁহার দ্বারা বসাতীয় প্রভৃতি যোদ্ধাগণের বিনাশ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! জয়লাভ করিতে অভিলাষী পাণ্ডবগণকে যখন সিন্ধুরাজ জয়দ্রথ রুদ্ধ করিয়া ফেলিলেন, সেই সময় আপনার সৈন্যদের শত্রুদিগের সহিত অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল ॥ ১

তদনন্তর সত্যপ্রতিজ্ঞ দুর্দ্ধর্ষ ও তেজস্বী বীর অভিমন্যু আপনার সৈন্যদের মধ্যে প্রবেশ করিয়া তাহাদিগকে সেইভাবে বিক্ষুভিত করিয়া তুলিলেন, যেরূপ মকর সাগরকে বিক্ষুভিত করিয়া থাকে ॥ ২

এইভাবে বাণবর্ষণের দ্বারা কৌরবসৈন্যদিগকে বিক্ষুভিত করিতে করিতে যুদ্ধরত শত্রুদমন সুভদ্রাকুমার অভিমন্যুকে আপনার সৈন্যদের মধ্যে প্রধান প্রধান মহারথী বীরগণ একসঙ্গে আক্রমণ করিলেন। ॥ ৩

সেই সময় অত্যন্ত তেজস্বী কৌরব যোদ্ধারা পরস্পর শ্রেণীবদ্ধভাবে বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। ইহাদের সহিত তখন অভিমন্যুর ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥ ৪

যদিও শত্রুগণ নিজেদের রথসমূহের দ্বারা অর্জুনকুমার অভিমন্যুকে সর্ব্বদিক্ দিয়াই ঘিরিয়া ফেলিয়াছিল, তথাপি তিনি বৃষসেনের সারথিকে আহত করিয়া তাঁহার ধনুটিকে ছেদন করিয়া ফেলিলেন ॥ ৫

তখন বলবান্ বৃষসেন নিজের সরলগামী বাণসমূহের দ্বারা অভিমন্যুর অশ্বগণকে বিদ্ধ করিতে লাগিলেন। ইহাতে তাঁহার অশ্বগণ বায়ুবেগে পলায়ন করিতে লাগিল। এইভাবে তিনি অশ্বগণের দ্বারা বহু দূরে নীত হইলেন ॥ ৬

অভিমন্যুর কার্য্যে এইরূপে বিঘ্ন উপস্থিত হইলে সেই সময় বৃষসেনের সারথি তাঁহার রথকে সেখান হইতে দূরে লইয়া যাইল। ইহাতে সেখানে সমবেত রথিসমুদায় হৃষ্ট হইয়া 'উত্তমকার্য্য, উত্তমকার্য্য' এই কথা বলিয়া কোলাহল করিতে লাগিলেন ॥ ৭

তং সিংহমিব সংক্রুদ্ধং প্রমথ্নন্তং শরৈররীন্।
আরাদায়ান্তমভ্যেত্য বসাতীয়োঽভ্যয়াদ্ দ্রুতম্ ॥ ৮
সোঽভিমন্যুং শরৈঃ ষষ্ট্যা রুক্মপুঙ্খৈরবাকিরৎ।
অব্রবীচ্চ ন মে জীবন্ জীবতো যুধি মোক্ষ্যসে ॥ ৯
তময়স্ময়বর্মাণমিষুণা দূরপাতিনা।
বিব্যাধ হৃদি সৌভদ্রঃ স পপাত ব্যসুঃ ক্ষিতৌ ॥ ১০
বসাতীয়ং হতং দৃষ্ট্বা ক্রুদ্ধাঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
পরিবব্রুস্তদা রাজংস্তব পৌত্রং জিঘাংসবঃ ॥ ১১
বিস্ফারয়ন্তশ্চাপানি নানারূপাণ্যনেকশঃ।
তদ্ যুদ্ধমভবদ্ রৌদ্রং সৌভদ্রস্যারিভিঃ সহ ॥ ১২
তেষাং শরান্ সেষ্বসনান্ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ক্রুদ্ধশ্চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥ ১৩
সখড়্গাঃ সাঙ্গুলিত্রাণাঃ সপট্টিশ-পরশ্বধাঃ।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥ ১৪
স্রগ্ভিরাভরণৈর্বস্ত্রৈঃ পাতিতৈশ্চ মহাভুজৈঃ।
বর্মভিশ্চর্মভির্হারৈর্মুকুটৈশ্ছত্র-চামরৈঃ ॥ ১৫
উপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ভগ্নৈশ্চ বহুধা যুগৈঃ ॥ ১৬
অনুকর্ষৈঃ পতাকাভিস্তথা সারথি-বাজিভিঃ।
রথৈশ্চ ভগ্নৈর্নাগৈশ্চ হতৈঃ কীর্ণাভবন্মহী ॥ ১৭
নিহতৈঃ ক্ষত্রিয়ৈঃ শূরৈর্নানাজনপদেশ্বরৈঃ।
জয়গৃদ্ধৈর্বৃতা ভূমির্দারুণা সমপদ্যত ॥ ১৮
দিশো বিচরতস্তস্য সর্বাশ্চ প্রদিশস্তথা।
রণেঽভিমন্যোঃ ক্রুদ্ধস্য রূপমন্তরধীয়ত ॥ ১৯
কাঞ্চনং যদ্‌যদস্যাসীদ বর্ম চাভরণানি চ।
ধনুষশ্চ শরাণাঞ্চ তদপশ্যাম কেবলম্ ॥ ২০
তং তদা নাশকৎ কশ্চিচ্চক্ষুর্ভ্যামভিবীক্ষিতুম্।
আদদানং শরৈর্যোধান্ মধ্যে সূর্যমিব স্থিতম্ ॥ ২১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি অভিমন্যুপরাক্রমে
চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৪

তারপর সিংহের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নিজের বাণসমূহের দ্বারা শত্রুগণের মর্দ্দনকারী অভিমন্যুকে নিকটে আসিতে দেখিয়া বসাতীয় অতিদ্রুত উপস্থিত হইয়া যুদ্ধের জন্য তাঁহার সম্মুখীন হইলেন ॥ ৮

তিনি অভিমন্যুর উপর স্বর্ণময় পক্ষযুক্ত ষাটটি বাণবর্ষণ করিলেন এবং বলিলেন—তুমি আজ জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবে না ॥ ৯

তখন অভিমন্যু বহু দূরে স্থিত লক্ষ্য বস্তুতে ভেদ করিয়া পাতিত করিতে সমর্থ একটি বাণের দ্বারা লৌহময় কবচধারণকারী বসাতীয়ের বক্ষঃস্থলে আঘাত করিলেন, ইহাতে তিনি প্রাণহীন হইয়া ধরাশায়ী হইলেন ॥ ১০

রাজন্! বসাতীয়কে নিহত দেখিয়া ক্রুদ্ধ ক্ষত্রিয়শ্রেষ্ঠগণ আপনার পৌত্র অভিমন্যুকে বধ করিবার জন্য তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥ ১১

তাঁহারা সেই সময় নিজেদের ধনুসকলকে বারংবার টঙ্কারিত করিতে লাগিলেন। সেই সময় শত্রুগণের সহিত সুভদ্রাকুমারের ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল ॥ ১২

তখন অর্জুনকুমার অভিমন্যু কুপিত হইয়া ইঁহাদের ধনু, বাণ, শরীর এবং হার ও কুণ্ডলমণ্ডিত মস্তকসমূহ ছেদন করিয়া দিলেন ॥ ১৩

স্বর্ণনির্মিত অলঙ্কারে অলঙ্কৃত তাঁহাদের হস্তসমূহ খড়্গ, হস্তত্রাণ (দস্তানা), পট্টিশ ও পরশুসহ ছিন্ন হইয়া পড়িয়া আছে দেখা যাইল ॥ ১৪

ছিন্ন হইয়া পতিত হার, আভরণ, বস্ত্র, বিশাল বাহু, কবচ, ঢাল, মনোহর মুকুট, ছত্র, চামর, আবশ্যক দ্রব্য, রথের আসন, ঈষাদণ্ড, বন্ধুর, চূর্ণ-বিচূর্ণ অক্ষ, ভগ্নচক্র, খণ্ড-বিখণ্ড যুগ, অনুকর্ষ, পতাকা, সারথি, অশ্ব, ভগ্ন রথ এবং নিহত বহু হাতী দ্বারা সেখানকার রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল ॥ ১৫-১৭

জয়লাভ করিতে ইচ্ছুক বিভিন্ন জনপদের অধিপতি ক্ষত্রিয় বীরগণ এই যুদ্ধে নিহত হইয়াছিলেন। ইঁহাদের মৃতদেহ পরিবৃতা হইয়া সেই রণভূমি ভয়ঙ্করী হইয়া উঠিল ॥ ১৮

সেই রণাঙ্গনে কুপিত হইয়া নানা দিক্-বিদিক্সমূহে বিচরণকারী অভিমন্যুর রূপ তখন অদৃশ্য হইয়া পড়িল ॥ ১৯

তাঁহার কবচ, আভরণ, ধনু ও বাণসকলের যে যে অবয়ব স্বর্ণময় ছিল, কেবল সেই সকল অবয়বকেই আমরা দূর হইতে দেখিতে পাইতেছিলাম ॥ ২০

অভিমন্যু যে সময় বাণসমূহের দ্বারা যোদ্ধাগণের প্রাণহরণ করিতেছিলেন এবং ব্যূহের মধ্যভাগে সূর্যসদৃশ অবস্থান করিতেছিলেন, সেই সময় কোন বীরই চক্ষু তুলিয়া তাঁহাকে দেখিবারই সাহস করিলেন না ॥ ২১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্বান্তর্গত অভিমন্যুবধপর্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক চতুশ্চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা সত্যশ্রবসঃ, ক্ষত্রিয়াণাম, রুক্মরথস্য তন্মিত্রাণাম্, শতশো রাজকুমারাণাঞ্চ সংহারঃ, দুর্য্যোধনস্য পরাজয়শ্চ]

সঞ্জয় উবাচ।

আদদানস্তু শূরাণামায়ূংষ্যভবদার্জুনিঃ।
অন্তকঃ সর্বভূতানাং প্রাণান্ কাল ইবাগতে ॥ ১

স শক্র ইব বিক্রান্তঃ শক্রসূনোঃ সুতো বলী।
অভিমন্যুস্তদানীকং লোড়য়ন্ সমদৃশ্যত ॥ ২

প্রবিশ্যৈব তু রাজেন্দ্র ক্ষত্রিয়েন্দ্রান্তকোপমঃ।
সত্যশ্রবসমাদত্ত ব্যাঘ্রো মৃগমিবোল্বণঃ ॥ ৩

সত্যশ্রবসি চাক্ষিপ্তে ত্বরমাণা মহারথাঃ।
প্রগৃহ্য বিপুলং শস্ত্রমভিমন্যুমুপাদ্রবন্ ॥ ৪

অহং পূর্বমহং পূর্বমিতি ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
স্পর্ধমানাঃ সমাজগ্মু র্জিঘাংসন্তোঽর্জুনাত্মজম্ ॥ ৫

ক্ষত্রিয়াণামনীকানি প্রদ্রুতান্যভিধাবতাম্।
জগ্রাস তিমিরাসাদ্য ক্ষুদ্রমৎস্যানিবার্ণবে ॥ ৬

যে কেচন গতাস্তস্য সমীপমপলায়িনঃ।
ন তে প্রতিন্যবর্তন্ত সমুদ্রাদিব সিন্ধবঃ ॥ ৭

মহাগ্রাহগৃহীতেব বাতবেগভয়ার্দিতা।
সমকম্পত সা সেনা বিভ্রষ্টা নৌরিবার্ণবে ॥ ৮

অথ রুক্মরথো নাম মদ্রেশ্বরসুতো বলী।
ত্রস্তামাশ্বাসয়ন্ সেনামত্রস্তো বাক্যমব্রবীৎ ॥ ৯

অলং ত্রাসেন বঃ শূরা নৈষ কশ্চিন্ময়ি স্থিতে।
অহমেনং গ্রহিষ্যামি জীবগ্রাহং ন সংশয়ঃ ॥ ১০

এবমুক্ত্বা তু সৌভদ্রমভিদুদ্রাব বীর্য্যবান্।
সুকল্পিতেনোহ্যমানঃ স্যন্দনেন বিরাজতা ॥ ১১

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যু কর্তৃক সত্যশ্রবা, বহু ক্ষত্রিয়, রুক্মরথ এবং তাঁহার মিত্রগণ ও শত শত রাজকুমারের সংহার এবং দুর্যোধনের পরাজয়।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! মৃত্যুকাল উপস্থিত হইলে যেরূপ যমরাজ সকল প্রাণীর প্রাণ হরণ করিয়া থাকেন, সেইরূপ অর্জুন-কুমার অভিমন্যুও বীরগণের আয়ু অপহরণ করিতে থাকিয়া তাঁহাদের নিকট সাক্ষাৎ যমরাজের ন্যায় হইয়া যাইলেন। ১

ইন্দ্রনন্দন অর্জুনের বলবান্ পুত্র অভিমন্যু ইন্দ্রতুল্য পরাক্রমী ছিলেন। তিনি সেই সময় যেন সমস্ত ব্যূহকেই মথিত করিতে লাগিলেন ॥ ২

রাজেন্দ্র! শ্রেষ্ঠ ক্ষত্রিয় বীরগণের পক্ষে সাক্ষাৎ যমতুল্য অভিমন্যু সেই সৈন্যমধ্যে প্রবেশ করিয়া উন্মত্ত ব্যাঘ্র কর্তৃক হরিণকে গ্রহণের ন্যায় সত্যশ্রবাকে গ্রহণ করিলেন অর্থাৎ তাঁহাকে বধ করিলেন ॥ ৩

এই ভাবে সত্যশ্রবা নিহত হইলে পর অন্যান্য মহারথী বীরগণ প্রচুর অস্ত্র-শস্ত্র ধারণ করিয়া অতি দ্রুতগতিতে অভিমন্যুর উপর আক্রমণ করিলেন। ৪

সেই সব ক্ষত্রিয়শ্রেষ্ঠ বীরগণ "প্রথমে আমি, প্রথমে আমি" এইরূপে স্পর্দ্ধা দেখাইতে দেখাইতে অর্জুনকুমার অভিমন্যুকে আক্রমণ করিলেন। ৫

সেই সময় ধাবিত ক্ষত্রিয়গণের অগ্রসরমাণ সৈন্যদগকে সেই ভাবে অভিমন্যু কালের গ্রাসে পরিণত করিয়া দিলেন, যেরূপ সাগরে তিমিনামক মহামৎস্য ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্যগণকে গ্রাস করিয়া থাকে। ৬

যুদ্ধ হইতে পলায়ন করেন নাই, এমন যে সব বীর সেই সময় অভিমন্যুর নিকট গিয়াছিলেন, তাঁহাদের কেহই আর ফিরিয়া আসিতে সমর্থ হন্ নাই, যেরূপ সমুদ্রে মিশিয়া গিয়া নদীসকল পুনরায় সেখান হইতে ফিরিয়া আসেনা। ৭

যাহার সমুদ্রে পথ ভুল হইয়া গিয়াছে, যে বায়ুর বেগে ভয়াক্রান্ত হইয়াছে এবং যাহাকে অতিশয় বৃহৎ গ্রাহ (হিংস্র জলজন্তু) ধরিয়া ফেলিয়াছে, এরূপ নৌকা যেমন চারিদিকে বিচালিত হইতে থাকে, সেইরূপ এই সব সৈন্য কাঁপিতে লাগিল। ৮

এই সময় মদ্ররাজ শল্যের বলবান্ পুত্র রুক্মরথ উপস্থিত হইয়া ভীত সৈন্যদিগকে আশ্বাস প্রদান করিতে করিতে নির্ভয় চিত্তে বলিতে লাগিলেন। ৯

বীরগণ! তোমরা ভীত হইওনা। আমি থাকিতে এই অভিমন্যু কিছুই নহে। আমি এখনই ইহাকে জীবিত অবস্থায় বন্দী করিব—ইহাতে কোনও সংশয় নাই। ১০

এই কথা বলিয়া পরাক্রমশালী রুক্মরথ সুন্দর ও বিধি অনুসারে সুসজ্জিত রথে আরোহণ করিয়া সুভদ্রানন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন। ১১

সোঽভিমন্যুং ত্রিভির্বাণৈর্বিদ্ধ্বা বক্ষস্যথানদৎ।
ত্রিভিশ্চ দক্ষিণে বাহৌ সব্যে চ নিশিতৈস্ত্রিভিঃ ॥ ১২
স তস্যেষ্বসনং ছিত্ত্বা ফাল্গুনিঃ সব্য-দক্ষিণৌ।
ভুজৌ শিরশ্চ স্বক্ষিভ্রু ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥ ১৩
দৃষ্ট্বা রুক্মরথং রুগ্নং পুত্রং শল্যস্য মানিনম্।
জীবগ্রাহং জিঘৃক্ষন্তং সৌভদ্রেণ যশস্বিনা ॥ ১৪
সংগ্রামদুর্মদা রাজন্ রাজপুত্রাঃ প্রহারিণঃ।
বয়স্যাঃ শল্যপুত্রস্য সুবর্ণবিকৃতধ্বজাঃ ॥ ১৫
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ।
আর্জুনিং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥১৬
শূরৈঃ শিক্ষাবলোপেতৈস্তরুণৈরত্যমর্ষণৈঃ।
দৃষ্ট্বৈকং সমরে শূরং সৌভদ্রমপরাজিতম্ ॥ ১৭
ছাদ্যমানং শরব্রাতৈর্হৃষ্টো দুর্য্যোধনোঽভবৎ।
বৈবস্বতস্য ভবনং গতং হ্যেনমমন্যত ॥ ১৮

তিনি অভিমন্যুর বক্ষঃস্থলে তিনটি বাণে বিদ্ধ করিয়া সিংহনাদ করিতে লাগিলেন। তারপর তিনটি বাণে দক্ষিণ বাহু অপর তিনটি বাণে বাম বাহুতে বিদ্ধ করিলেন। ১২

তখন অর্জুনপুত্র অভিমন্যু রুক্মরথের ধনু ছেদন করিয়া তাঁহার বাম-দক্ষিণ বাহুদ্বয় এবং সুন্দর নেত্রদ্বয় ও ভ্রূদ্বয়ে সুশোভিত মস্তককে অতি সত্বর ছেদন করিয়া ভূপাতিত করিলেন। ১৩

রাজন্! রাজা শল্যের এই অভিমানী পুত্র রুক্মরথ, যিনি অভিমন্যুকে জীবিত অবস্থায় বন্দী করিতে অভিলাষী হইয়াছিলেন, তাঁহাকে যুদ্ধে সুভদ্রানন্দন অভিমন্যু কর্তৃক নিহত হইতে দেখিয়া শল্যপুত্রের বহুসংখ্যক মিত্র রাজকুমার, যাঁহারা প্রহার করিতে নিপুণ ছিলেন এবং যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রাম করিয়া থাকেন, তাঁহারা সকলেই অভিমন্যুকে চারিদিকে ঘিরিয়া বাণবর্ষণ করিতে লাগিলেন। ইঁহাদের সকলেরই ধ্বজ স্বর্ণনির্ম্মিত ছিল এবং ইঁহারা চারিহাত লম্বা ধনু তখন আকর্ষণ করিতেছিলেন। ১৪-১৬

শিক্ষা ও বলসম্পন্ন, তরুণ, অত্যন্ত অমর্ষশীল এবং বীরবর রাজকুমারগণ কর্তৃক অপরাজিত ও শৌর্য্যশালী একাকী বীর অভিমন্যুকে সমরাঙ্গণে বাণসমূহে আচ্ছাদিত হইতে দেখিয়া রাজা দুর্য্যোধনের অত্যন্ত আনন্দ হইল। তখন তিনি মনে করিলেন—অতঃপর অভিমন্যু শমনভবনে চলিয়াই গিয়াছে। ১৭-১৮

সেই রাজকুমারগণ স্বর্ণপক্ষ ভূষিত, নানাপ্রকার চিহ্নে

সুবর্ণপুঙ্খৈরিষুভির্নানালিঙ্গৈঃ সুতেজনৈঃ।
অদৃশ্যমার্জুনিং চক্রুর্নিমেষাৎ তে নৃপাত্মজাঃ ॥ ১৯
সসূতাশ্বধ্বজং তস্য স্যন্দনং তঞ্চ মারিষ।
আচিতং সমপশ্যাম শ্বাবিধং শললৈরিব ॥ ২০
স গাঢ়বিদ্ধঃ ক্রুদ্ধশ্চ তোত্ত্রৈর্গজ ইবার্দিতঃ।
গান্ধর্বমস্ত্রমযচ্ছদ্ রথমায়াঞ্চ ভারত ॥ ২১
অর্জুনেন তপস্তপ্ত্বা গন্ধর্বেভ্যো যদাহৃতম্।
তুম্বুরুপ্রমুখেভ্যো বৈ তেনামোহয়তাহিতান্ ॥ ২২
একধা শতধা রাজন্ দৃশ্যতে স্ম সহস্রধা।
অলাতচক্রবৎ সংখ্যে ক্ষিপ্রমস্ত্রাণি দর্শয়ন্ ॥ ২৩
রথচর্য্যাস্ত্রমায়াভির্মোহয়িত্বা পরন্তপঃ।
বিভেদ শতধা রাজন্ শরীরাণি মহীক্ষিতাম্ ॥ ২৪
প্রাণাঃ প্রাণভৃতাং সংখ্যে প্রেষিতানি শিতৈঃ শরৈঃ।
রাজন্ প্রাপুরমুং লোকং শরীরাণ্যবনিং যযুঃ ॥ ২৫

সুশোভিত ও অতিশয় তীক্ষ্ণধার বাণসমূহের দ্বারা অর্জুননন্দন অভিমন্যুকে নিমেষকালের মধ্যেই অদৃশ্য করিয়া ফেলিলেন। ১৯

আর্য্য! সারথি, অশ্ব ও ধ্বজ সহ অভিমন্যুর রথকে আমি সেইরূপে বাণসমূহে ব্যাপ্ত দেখিলাম, যেরূপ শ্বাবিধের দেহ কণ্টকে ব্যাপ্ত থাকে। ২০

ভারত! বাণসমূহের গুরুতর আঘাত খাইয়া অভিমন্যু অঙ্কুশের আঘাতে পীড়িত গজরাজের ন্যায় কুপিত হইয়া উঠিলেন। তখন তিনি গান্ধর্ব্ব অস্ত্র প্রয়োগ করিলেন এবং রথমায়া (রথ-যুদ্ধের নিপুণতা) প্রকাশ করিলেন। ২১

অর্জুন তপস্যা করিয়া তুম্বুরু প্রভৃতি গন্ধর্ব্বগণের নিকট হইতে যে সমস্ত লাভ করিয়াছিলেন, সেই সব অস্ত্রের দ্বারা অভিমন্যু শত্রুগণকে মোহিত করিয়া ফেলিলেন। ২২

রাজন্! তখন তিনি শীঘ্রতার সহিত অস্ত্রসঞ্চালনের কৌশল দেখাইতে থাকিয়া যুদ্ধে অলাতচক্রের ন্যায় এক, শত ও সহস্র প্রকারে দৃষ্টিগোচর হইতে লাগিলেন। ২৩

মহারাজ! শত্রুসন্তাপক অভিমন্যু রথচর্য্যা ও অস্ত্রসকলের মায়ায় মোহিত করিয়া মহীপতিগণের শরীরসকলকে শত শত খণ্ডে খণ্ডিত করিয়া দিলেন। ২৪

রাজন্! সেই যুদ্ধস্থলে তাঁহার তীক্ষ্ণ বাণসমূহে প্রেরিত হইয়া প্রাণিগণের শরীরসকল রণভূমিতে পড়িয়াছিল, কিন্তু প্রাণ পরলোকে চলিয়া গিয়াছিল। ২৫

ধনূংষ্যশ্বান্‌ নিযন্তৄংশ্চ ধ্বজান্‌ বাহূংশ্চ সাঙ্গদান্‌।
শিরাংসি চ শিতৈর্ব্বাণৈস্তেষাং চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥ ২৬
চূতারামো যথা ভগ্নঃ পঞ্চবর্ষঃ ফলোপগঃ।
রাজপুত্রশতং তদ্বৎ সৌভদ্রেণ নিপাতিতম্‌ ॥ ২৭
ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্‌ সুকুমারান্‌ সুখোচিতান্‌।
একেন নিহতান্‌ দৃষ্ট্বা ভীতো দুর্য্যোধনোঽভবৎ ॥২৮
রথিনঃ কুঞ্জরানশ্বান্‌ পদাতীংশ্চাপি মজ্জতঃ।
দৃষ্ট্বা দুর্য্যোধনঃ ক্ষিপ্রমুপায়াৎ তমমর্ষিতঃ ॥২৯
তয়োঃ ক্ষণমিবাপূর্ণঃ সংগ্রামঃ সমপদ্যত।
অথাভবৎ তে বিমুখঃ পুত্রঃ শরশতাহতঃ ॥ ৩০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি দুর্য্যোধনপরাজয়ে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৫

অর্জুনকুমার অভিমন্যু নিজের তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা তাঁহাদের ধনু, অশ্ব, সারথি, ধ্বজ, অঙ্গদযুক্ত বাহু এবং মস্তকও ছেদন করিয়া ফেলিলেন ॥ ২৬

যেরূপ ফলদানযোগ্য পাঁচবর্ষের আম্রবৃক্ষ বায়ুকর্ত্তৃক ভগ্ন হয়, সেইরূপ শত শত রাজকুমারকে সুভদ্রানন্দন অভিমন্যু সেখানে নিহত করিয়া ভূপাতিত করিলেন ॥ ২৭

ক্রুদ্ধ বিষধর সর্পসদৃশ ভয়ঙ্কর ও সুখভোগের যোগ্য এই সুকুমার রাজকুমারগণকে একাকী অভিমন্যু কর্ত্তৃক বিনষ্ট হইতে দেখিয়া দুর্য্যোধন ভয়ভীত হইয়া পড়িলেন ॥ ২৮

রথারোহী, গজারোহী, অশ্বারোহী ও পদাতিসৈন্যগণকে অভিমন্যুরূপী সমুদ্রে নিমজ্জমান দেখিয়া অমর্ষপূর্ণ দুর্য্যোধন অতিসত্বর তাঁহার দিকে ধাবিত হইলেন ॥ ২৯

তখন ইঁহাদের উভয়ের মধ্যে ক্ষণকাল পর্য্যন্ত অসামগ্রিকভাবে যুদ্ধ চলিল। তাহার মধ্যেই আপনার পুত্র দুর্য্যোধন শত শত বাণে আহত হইয়া যুদ্ধবিমুখ হইলেন। ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে দুর্য্যোধনের পরাজয়বিষয়ক পঞ্চচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ

[অভিমন্যুনা লক্ষ্মণস্য তথা ক্রাথপুত্রস্য বিনাশঃ, সৈন্যসহিতানাং ষণ্ণাং মহারথিনাং পলায়নঞ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ।
যথা বদসি মে সূত একস্য বহুভিঃ সহ।
সংগ্রামং তুমুলং ঘোরং জয়ং চৈব মহাত্মনঃ ॥ ১
অশ্রদ্ধেয়মিবাশ্চর্য্যং সৌভদ্রস্যাথ বিক্রমম্‌।
কিং তু নাত্যদ্ভুতং তেষাং যেষাং ধর্ম্মো ব্যপাশ্রয়ঃ ॥ ২
দুর্য্যোধনে চ বিমুখে রাজপুত্রশতে হতে।
সৌভদ্রে প্রতিপত্তিং কাং প্রত্যপদ্যন্ত মামকাঃ ॥ ৩
সঞ্জয় উবাচ।
সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না লোমহর্ষণাঃ।
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে ॥ ৪

ষট্‌চত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুকর্ত্তৃক লক্ষ্মণ ও ক্রাথপুত্রকে বধ এবং সৈন্যসহ ছয় মহারথীর পলায়ন।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সূত! তুমি এখন যেরূপ কথা বলিতেছ, তাহাতে দেখিতেছি—একাকী মহাত্মা বীর অভিমন্যুর বহুসংখ্যক যোদ্ধার সহিত অত্যন্ত ভয়ঙ্কর সংগ্রাম এবং এই যুদ্ধে বিজয়ও তাহারই হইতেছে—সুভদ্রাকুমারের এই পরাক্রম আশ্চর্য্যজনক। এতাদৃশ পরাক্রমের জন্য তাহার উপর সহসা বিশ্বাস করা যায় না; কিন্তু যাহাদের ধর্ম্মই একমাত্র আশ্রয়, তাহাদের পক্ষে এই সব কার্য্য অত্যন্ত অদ্ভুতের কথা নহে। ১-২

সঞ্জয়! যখন দুর্য্যোধন পলায়ন করিল এবং শত শত রাজকুমার নিহত হইল, সেই সময় আমার পুত্রগণ সুভদ্রানন্দন অভিমন্যুর সম্মুখীন হইবার জন্য কি করিল? ৩

সঞ্জয় বলিলেন,—মহারাজ! আপনার সকল সৈন্যের মুখই শুকাইয়া যাইল, চক্ষু ভয়ে চঞ্চল হইয়া উঠিল, সর্ব্বাঙ্গ ঘর্মাক্ত হইল এবং তাহাদের রোমাঞ্চ হইতে লাগিল। তাহারা পলায়ন করিবার জন্য উৎসাহ দেখাইতে লাগিল। শত্রুকে জয় করিবার বিষয়ে কোনরূপ উৎসাহই তাহাদের ছিল না। ৪

হতান্ ভ্রাতৄন্ পিতৄন্ পুত্রান্ সুহৃৎ-সম্বন্ধি-বান্ধবান্।
উৎসৃজ্যোৎসৃজ্য সঞ্জগ্মুস্ত্বরয়ন্তো হয়-দ্বিপান্ ॥ ৫
তান্ প্রভগ্নাংস্তথা দৃষ্ট্বা দ্রোণো দ্রৌণির্বৃহদ্বলঃ।
কৃপো দুর্য্যোধনঃ কর্ণঃ কৃতবর্মাথ সৌবলঃ ॥ ৬
অভ্যধাবন্ সুসংক্রুদ্ধাঃ সৌভদ্রমপরাজিতম্।
তে তু পৌত্রেণ তে রাজন্ প্রায়শো বিমুখীকৃতাঃ ॥ ৭
একস্তু সুখসংবৃদ্ধো বাল্যাদ্ দর্পাচ্চ নির্ভয়ঃ।
ইম্বস্ত্রবিন্মহাতেজা লক্ষ্মণোঽর্জুনিমভ্যয়াৎ ॥ ৮
তমম্বগেবাস্য পিতা পুত্রগৃদ্ধী ন্যবর্তত।
অনুদুর্য্যোধনং চান্যে ন্যবর্তন্ত মহারথাঃ ॥ ৯
তং তেঽভিষিষিচুর্বাণৈর্মেঘা গিরিমিবাম্বুভিঃ।
স তু তান্ প্রমমাথৈকো বিম্বগ্বাতো যথাম্বুদান্ ॥ ১০
পৌত্রং তব চ দুর্দ্ধর্ষং লক্ষ্মণং প্রিয়দর্শনম্।

তাহারা যুদ্ধে মৃত ভ্রাতা, পিতা, পুত্র, সুহৃৎ, সম্বন্ধী এবং বন্ধু-বান্ধবগণকে পরিত্যাগ করিয়া নিজেদের অশ্ব ও হস্তীদের উপর আরোহণ করত অতিসত্বর পলায়ন করিতে লাগিল ॥ ৫

রাজন্! ইহাদের সকলকে পলায়ন করিতে দেখিয়া দ্রোণাচার্য্য, অশ্বত্থামা, বৃহদ্বল, কৃপাচার্য্য, দুর্য্যোধন, কর্ণ, কৃতবর্ম্মা ও শকুনি—ইঁহারা সকলে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অপরাজিত বীর অভিমন্যুর উপর আক্রমণ করিলেন, কিন্তু আপনার সেই পৌত্র অভিমন্যু ইঁহাদের সকলকেই প্রায় যুদ্ধ হইতে তাড়াইয়া দিলেন ৬-৭

সেই সময় সুখে পরিবর্দ্ধিত, ধনুর্ব্বেদে অভিজ্ঞ, একাকী, মহতেজস্বী লক্ষ্মণ নিজের বালস্বভাব ও অভিমানবশতঃ নির্ভয় হইয়া অভিমন্যুর সম্মুখে যুদ্ধের জন্য উপস্থিত হইলেন ॥ ৮

পুত্রকে রক্ষা করিতে অভিলাষী পিতা দুর্য্যোধনও তাঁহার সহিত যুদ্ধে ফিরিয়া আসিলেন এবং দুর্য্যোধনের পশ্চাতে পশ্চাতে অন্যান্য মহারথীরাও প্রত্যাবর্ত্তন করিলেন ॥ ৯

যেরূপ মেঘ কোন পর্ব্বতকে নিজের বারিধারায় সিক্তি করিয়া থাকে, সেইরূপ তাঁহারা মহারথী অভিমন্যুর উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। যেমন চারিদিকেই প্রবাহিত বায়ু মেঘকে উড়াইয়া দেয়, তেমনই ভাবে একাকী অভিমন্যু সেই সব বীরকে মথিত করিয়া ফেলিলেন ॥ ১০

পিতুঃ সমীপে তিষ্ঠন্তং শূরমুদ্যতকার্মুকম্ ॥ ১১
অত্যন্তসুখসংবৃদ্ধং ধনেশ্বরসুতোপমম্।
আসসাদ রণে কার্ষ্ণির্মত্তো মত্তমিব দ্বিপম্ ॥ ১২
লক্ষ্মণেন তু সঙ্গম্য সৌভদ্রঃ পরবীরহা।
শরৈঃ সুনিশিতৈস্তীক্ষ্ণৈর্বাহ্বোরুরসি চার্পিতঃ ॥ ১৩
সংক্রুদ্ধো বৈ মহারাজ দণ্ডাহত ইবোরগঃ।
পৌত্রস্তব মহারাজ তব পৌত্রমভাষত ॥ ১৪
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোকো হ্যমুং লোকং গমিষ্যসি।
পশ্যতাং বান্ধবানাং ত্বাং নয়ামি যমসাদনম্ ॥ ১৫
এবমুক্ত্বা ততো ভল্লং সৌভদ্রঃ পরবীরহা।
উদ্ববর্হ মহাবাহু নির্মুক্তোরগসন্নিভম্ ॥ ১৬
স তস্য ভুজনির্মুক্তো লক্ষ্মণস্য সুদর্শনম্।
সুনসং সুভ্রুকেশান্তং শিরোঽহার্ষীৎ সকুণ্ডলম্ ॥ ১৭

রাজন্! আপনার প্রিয়দর্শন পৌত্র লক্ষ্মণ অতিশয় দুর্দ্ধর্ষ বীর ছিলেন। তিনি ধনু উত্তোলন করত পিতা দুর্য্যোধনেরই পার্শ্বে দাঁড়াইয়াছিলেন। অত্যন্ত সুখে পরিবর্দ্ধিত এই বীর লক্ষ্মণ কুবেরের পুত্রের ন্যায় প্রতীত হইতেছিলেন। যেরূপ মদমত্ত হাতী অপর এক মদমত্ত হাতীর সহিত সংগ্রামে প্রবৃত্ত হয়, সেইরূপ অর্জ্জুনপুত্র অভিমন্যু লক্ষ্মণের উপর আক্রমণ করিলেন ॥ ১১-১২

লক্ষ্মণের সহিত যুদ্ধে মিলিত হইয়া শত্রুবীরনাশী সুভদ্রাকুমার তাঁহার দ্বারা স্বীয় বাহু ও বক্ষঃস্থলে তীক্ষ্ণধার বাণসমূহে অত্যন্ত আঘাতপ্রাপ্ত হইলেন ॥ ১৩

মহারাজ! এই আঘাতে দণ্ডপ্রহারে উদ্ধত সর্পের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আপনার পৌত্র অভিমন্যু আপনার অপর পৌত্র লক্ষ্মণকে বলিলেন ॥ ১৪

লক্ষ্মণ! এই জগৎকে তুমি ভাল করিয়া দেখিয়া লও। এখন শীঘ্রই তুমি পরলোকে গমন করিবে। এই বান্ধবগণের সাক্ষাতেই তোমাকে আমি যমালয়ে প্রেরণ করিব ॥ ১৫

এই কথা বলিয়া শত্রুবীরহন্তা মহাবাহু সুভদ্রাকুমার খোলসমুক্ত সর্পের ন্যায় নির্ম্মল একটি ভল্ল তূণ হইতে বাহির করিলেন ॥

অভিমন্যুর হস্ত হইতে নিক্ষিপ্ত সেই ভল্ল দেখিতে অতিশয় সুন্দর, অনুপম নাসিকা, মনোহর ভ্রূ, মনোজ্ঞ কেশান্তভাগ এবং রুচির কুণ্ডলে মণ্ডিত লক্ষ্মণের মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন ॥ ১৬-১৭

লক্ষ্মণং নিহতং দৃষ্ট্বা হাহেত্যুচ্চুক্রুশুর্জনাঃ।
ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ প্রিয়ে পুত্রে নিপাতিতে ॥ ১৮
হতৈনমিতি চুক্রোশ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ।
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রোণপুত্রো বৃহদ্বলঃ ॥ ১৯
কৃতবর্ম্মা চ হার্দিক্যঃ ষড় রথাঃ পর্য্যবারয়ন্।
তাংস্তু বিদ্ধ্বা শিতৈর্বাণৈর্বিমুখীকৃত্য চার্জুনিঃ ॥ ২০
বেগেনাভ্যপতৎ ক্রুদ্ধঃ সৈন্ধবস্য মহদ্ বলম্।
আবব্রুস্তস্য পন্থানং গজানীকেন দংশিতাঃ ॥ ২১
কলিঙ্গাশ্চ নিষাদাশ্চ ক্রাথপুত্রশ্চ বীর্য্যবান্।
তৎ প্রসক্তমিবাত্যর্থং যুদ্ধমাসীদ্ বিশাম্পতে ॥ ২২
ততস্তদ্ কুঞ্জরানীকং ব্যধমদ্ ধৃষ্টমার্জুনিঃ।
যথা বায়ুর্নিত্যগতির্জলদান্ শতশোঽম্বরে ॥ ২৩

ততঃ ক্রাথঃ শরব্রাতৈরার্জুনিং সমবাকিরৎ।
অথেতরে সংনিবৃত্তাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ ॥২৪
পরমাস্ত্রাণি ধুন্বানাঃ সৌভদ্রমভিদুদ্রুবুঃ।
তান্ নিবার্য্যার্জুনির্বাণৈঃ ক্রাথপুত্রমথার্দয়ৎ ॥ ২৫
শরৌঘেণাপ্রমেয়েণ ত্বরমাণো জিঘাংসয়া।
সধনুর্ব্বাণকেয়ূরৌ বাহূ সমুকুটং শিরঃ ॥ ২৬
সচ্ছত্রধ্বজযন্তারং রথং চাশ্বান্ ন্যপাতয়ৎ।
কুলশীলশ্রুতিবলৈঃ কীর্ত্ত্যা চাস্ত্রবলেন চ।
যুক্তে তস্মিন্ হতে বীরাঃ প্রায়শো বিমুখাভবন্ ॥২৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি লক্ষ্মণবধে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৩৭

লক্ষ্মণকে নিহত হইতে দেখিয়া তখন সকল লোকেই তীব্রস্বরে হাহাকার করিয়া উঠিলেন। নিজের প্রিয় পুত্র লক্ষ্মণ নিহত হইলে ক্ষত্রিয়শ্রেষ্ঠ দুর্য্যোধন কুপিত হইলেন এবং সমস্ত ক্ষত্রিয়গণকে বলিলেন—অহো! এই অভিমন্যুকে সংহার কর॥

তখন দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও হৃদিকপুত্র কৃতবর্ম্মা—এই ছয় মহারথী অভিমন্যুকে ঘিরিয়া ফেলিলেন॥

ইহা দেখিয়া অর্জুনকুমার অভিমন্যু স্বীয় সুতীক্ষ্ণ বাণসমূহের দ্বারা তাঁহাদের সকলকে বিদ্ধ করত রণবিমুখ করিয়া দিলেন। তারপর ক্রুদ্ধ হইয়া তীব্রবেগের সহিত জয়দ্রথের বিশাল সৈন্যের দিকে ধাবিত হইলেন॥

সেই সময় কলিঙ্গদেশীয় সৈন্যগণ, নিষাদগণ ও পরাক্রমশালী ক্রাথপুত্র—ইঁহারা সকলে কবচধারণ করত গজসৈন্যের দ্বারা অভিমন্যুর পথ রোধ করিলেন॥

প্রজানাথ! তখন সেখানে অত্যন্ত নিকট হইতেই ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল। অর্জুনকুমার তীক্ষ্ণবাণসমূহের দ্বারা সেই ধৃষ্ট গজসৈন্যদিগকে সেইভাবে নষ্ট করিয়া দিলেন, যেরূপ সদাগতি বায়ু আকাশে শত শত মেঘমণ্ডলকে ছিন্ন ভিন্ন করিয়া দেয়॥ ১৮-২৩

তারপর ক্রাথ অর্জুননন্দন অভিমন্যুর উপর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন। এই সময়ের মধ্যেই দ্রোণ প্রভৃতি অপর মহারথীরা পুনরায় ফিরিয়া আসিলেন॥ ২৪

তাঁহারা সকলে উত্তম অস্ত্রসকলের প্রয়োগ করিতে করিতে সুভদ্রাকুমার অভিমন্যুর উপর আক্রমণ করিলেন। অভিমন্যু নিজের বাণসমূহের দ্বারা তাঁহাদের সকলকে নিবারণ করিয়া ক্রাথপুত্রকে অধিক পীড়িত করিতে লাগিলেন॥ ২৫

তারপর তিনি অসংখ্য বাণসমূহে ক্রাথপুত্রকে বধ করিবার ইচ্ছায় ত্বরান্বিত হইয়া তাঁহার ধনুর্বাণ ও কেয়ূরসহ দুই বাহু, মুকুটমণ্ডিত মস্তক, ছত্র ও সারথিসহ রথ এবং অশ্বগণকেও বধ করিয়া ভূপাতিত করিলেন॥ ২৬

কুল, শীল, শাস্ত্রজ্ঞান, বল, কীর্ত্তি ও অস্ত্রবলসম্পন্ন সেই বীর ক্রাথপুত্র নিহত হইলে পর আপনার সৈন্যের প্রায় সকল বীর সৈন্যগণ যুদ্ধ ত্যাগ করিয়া পলায়ন করিল॥ ২৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে লক্ষ্মণের বধবিষয়ক ষট্চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ।

[অভিমন্যোঃ পরাক্রমঃ, ষড্ ভির্মহারথিভিঃ সহ ঘোরতরং যুদ্ধম্, তেন বৃন্দারক-দশসহস্রান্যনরপতিসহিতস্য কোশলরাজস্য বৃহদ্বলস্য বিনাশশ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ।

তথা প্রবিষ্টং তরুণং সৌভদ্রমপরাজিতম্।
কুলানুরূপং কুর্বাণং সংগ্রামেম্বপলায়িনম্ ॥ ১
আজানেয়ৈঃ সুবলিভির্যান্তমশ্বৈস্ত্রিহায়নৈঃ।
প্লবমানমিবাকাশে কে শূরাঃ সমবারয়ন্ ॥ ২

সঞ্জয় উবাচ।

অভিমন্যুঃ প্রবিশ্যৈতাংস্তাবকান্ নিশিতৈঃ শরৈঃ।
অকরোৎ পার্থিবান্ সর্বান্ বিমুখান্ পাণ্ডুনন্দনঃ ॥ ৩
তং তু দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণিশ্চ স বৃহদ্বলঃ।
কৃতবর্মা চ হার্দিক্যঃ ষড্ রথাঃ পর্য্যবারয়ন্ ॥ ৪
দৃষ্ট্বা তু সৈন্ধবে ভারমতিমাত্রং সমাহিতম্।
সৈন্যং তব মহারাজ যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥ ৫
সৌভদ্রমিতরে বীরমভ্যবর্ষন্ শরাম্বুভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ ॥ ৬
তাংস্তু সর্বান্ মহেম্বাসান্ সর্ববিদ্যাসু নিষ্ঠিতান্।
ব্যষ্টম্ভয়দ্ রণে বাণৈঃ সৌভদ্রঃ পরবীরহা ॥ ৭
দ্রোণং পঞ্চশতাবিধ্যদ্ বিংশত্যা চ বৃহদ্বলম্।
অশীত্যা কৃতবর্মাণং কৃপং ষষ্ট্যা শিলীমুখৈঃ ॥ ৮
রুক্মপুঙ্খৈর্মহাবেগৈরাকর্ণসমচোদিতৈঃ।
অবিধ্যদ্ দশভির্বাণৈরশ্বত্থামানমার্জুনিঃ ॥ ৯
স কর্ণং কর্ণিনা কর্ণে পীতেন চ শিতেন চ।
ফাল্গুনির্দ্বিষতাং মধ্যে বিব্যাধ পরমেষুণা ॥ ১০
পাতয়িত্বা কৃপস্যাশ্বাংস্তথোভৌ পার্ষ্ণিসারথী।
অথৈনং দশভির্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥ ১১
ততো বৃন্দারকং বীরং কুরূণাং কীর্তিবর্ধনম্।
পুত্রাণাং তব বীরাণাং পশ্যতামবধীদ্ বলী ॥ ১২

সপ্তচত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুর পরাক্রম, ছয় মহারথীর সহিত ঘোরতর যুদ্ধ এবং তাঁহার দ্বারা বৃন্দারক ও দশ হাজার অন্য রাজগণের সহিত কোশলরাজ বৃহদ্বলকে বিনাশ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! অপরাজিত ও যুদ্ধ হইতে অপলায়িত তরুণ সুভদ্রাকুমার অভিমন্যু এইভাবে যখন জয়দ্রথের সৈন্যমধ্যে প্রবেশ করত নিজ কুলের অনুরূপ পরাক্রম প্রকাশ করিতে লাগিল এবং উত্তম জাতিতে উৎপন্ন তিন বৎসরের অশ্বগণের দ্বারা যেন আকাশে উড়িতে উড়িতে আসিয়া যখন আক্রমণ করিল, তখন কোন্ বীরগণ তাহাকে নিবারণ করিলেন? ১-২

সঞ্জয় বলিলেন,—রাজন্! পাণ্ডুকুলনন্দন অভিমন্যু সেই সময় আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিয়া আপনার সকল ভূপতিগণকে তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা যুদ্ধে পরাঙ্মুখ করিয়া দিলেন। ৩

তখন দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, কর্ণ, অশ্বত্থামা, বৃহদ্বল এবং হৃদিকপুত্র কৃতবর্ম্মা—এই ছয় মহারথী তাঁহাকে চারিদিক্ দিয়া ঘিরিয়া ফেলিলেন। ৪

মহারাজ! সিন্ধুরাজ জয়দ্রথের উপর গুরুতর ভার আসিয়া পড়িয়াছে দেখিয়া আপনার সৈন্যবাহিনী রাজা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইল। ৫

অন্য কিছু মহাবল যোদ্ধা নিজের চারি হাত লম্বা ধনু আকর্ষণ করিতে করিতে সেখানে সুভদ্রাকুমার বীর অভিমন্যুর উপর বাণরূপ জলধারা বর্ষণ আরম্ভ করিয়া দিলেন। ৬

কিন্তু শত্রুবীরসংহারকারী অভিমন্যু সমস্ত বিদ্যায় প্রবীণ সেই সব মহাধনুর্দ্ধরগণকে নিজের বাণসমূহের দ্বারা রণাঙ্গনে স্তব্ধ করিয়া ফেলিলেন। ৭

অর্জ্জুনকুমার অভিমন্যু দ্রোণাচার্য্যকে পঞ্চাশ, বৃহদ্বলকে বিশ, কৃতবর্ম্মাকে আশী, কৃপাচার্য্যকে ষাট্ এবং অশ্বত্থামাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত স্বর্ণময় পক্ষযুক্ত মহাবেগশালী দশটি বাণের দ্বারা আহত করিলেন। ৮-৯

অর্জ্জুনকুমার অভিমন্যু শত্রুগণের মধ্যে অবস্থান করত কর্ণের কানে পীতবর্ণ ও তীক্ষ্ণধার একটি উত্তম বাণের দ্বারা প্রচণ্ড আঘাত করিলেন। ১০

কৃপাচার্য্যের চারিটি অশ্ব ও তাঁহার দুই পার্শ্বরক্ষকে ভূপাতিত করিয়া তাঁহার বক্ষঃস্থলে দশটি বাণের দ্বারা প্রহার করিলেন। ১১

তদনন্তর বলবান্ অভিমন্যু কুরুকুলের কীর্ত্তিবর্দ্ধন বীর বৃন্দারককে আপনার পুত্রগণের সাক্ষাতেই বধ করিলেন। ১২

তং দ্রৌণিঃ পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ।
বরং বরমমিত্রাণামারুজন্তমভীতবৎ ॥১৩
স তু বাণৈঃ শিতৈস্তূর্ণং প্রত্যবিধ্যত মারিষ।
পশ্যতাং ধার্তরাষ্ট্রাণামশ্বত্থামানমার্জুনিঃ ॥ ১৪
ষষ্ট্যা শরাণাং তং দ্রৌণিস্তিগ্মধারৈঃ সুতেজনৈঃ।
উগ্রৈর্নাকম্পয়দ্ বিদ্ধা মৈনাকমিব পর্বতম্ ॥ ১৫
স তু দ্রৌণিং ত্রিসপ্তত্যা হেমপুঙ্খৈরজিহ্মগৈঃ।
প্রত্যবিধ্যন্মহাতেজা বলবানপকারিণম্ ॥ ১৬
তস্মিন্ দ্রোণো বাণশতং পুত্রগৃদ্ধী ন্যপাতয়ৎ।
অশ্বত্থামা তথাষ্টৌ চ পরীপ্সন্ পিতরং রণে ॥ ১৭
কর্ণো দ্বাবিংশতিং ভল্লান্ কৃতবর্মা চ বিংশতিম্।
বৃহদ্বলস্তু পঞ্চাশৎ কৃপঃ শারদ্বতো দশ ॥ ১৮
তাংস্তু প্রত্যবধীৎ সর্বান্ দশভির্দশভিঃ শরৈঃ।
তৈরর্দ্যমানঃ সৌভদ্রঃ সর্বতো নিশিতৈঃ শরৈঃ ॥ ১৯
তং কোশলানামধিপঃ কর্ণিনাতাড়য়দ্ধৃদি।
স তস্যাশ্বান্ ধ্বজং চাপং সূতং চাপাতয়ৎ ক্ষিতৌ ॥২০
অথ কোশলরাজস্তু বিরথঃ খড়্গ-চর্মভৃৎ।
ইয়েষ ফাল্গুনেঃ কায়াচ্ছিরো হর্তুং সকুণ্ডলম্ ॥ ২১
স কোসলানামধিপং রাজপুত্রং বৃহদ্বলম্।
হৃদি বিব্যাধ বাণেন স ভিন্নহৃদয়োঽপতৎ ॥২২
বভঞ্জ চ সহস্রাণি দশ রাজ্ঞাং মহাত্মনাম্।
সৃজতামশিবা বাচঃ খড়্গ-কার্মুকধারিণাম্ ॥ ২৩
তথা বৃহদ্বলং হত্বা সৌভদ্রো ব্যচরদ্ রণে।
ব্যষ্টম্ভয়ন্মহেষ্বাসো যোধাংস্তব শরাম্বুভিঃ ॥ ২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি বৃহদ্বলবধে
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৭

তখন শত্রুদলের প্রধান প্রধান বীরগণকে পীড়াদানকারী অভিমন্যুকে দ্রোণপুত্র অশ্বত্থামা পঁচিশটি বাণ প্রহার করিলেন ॥১৩

আর্য্য! অর্জুনকুমারও আপনার পুত্রগণের সাক্ষাতেই অতিক্রুত অশ্বত্থামাকে তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা বিদ্ধ করিতে লাগিলেন। ১৪

তখন দ্রোণনন্দন অশ্বত্থামা তীক্ষ্ণধার, তেজস্বী ও ভয়ঙ্কর ষাটটি বাণের দ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন। কিন্তু বিদ্ধ করিয়াও তিনি মৈনাকপর্ব্বততুল্য অবস্থিত অভিমন্যুকে কম্পিত করিতে পারিলেন না। ১৫

মহাতেজস্বী বলবান্ অভিমন্যু স্বর্ণময় পক্ষযুক্ত তিয়াত্তরটি বাণের দ্বারা নিজের অপকার করিতে উদ্যত অশ্বত্থামাকে পুনরায় প্রত্যাঘাত করিলেন। ১৬

তখন স্বীয় পুত্রের উপর স্নেহপ্রবণ দ্রোণাচার্য্য অভিমন্যুর উপর একশত বাণবর্ষণ করিলেন। সেই সঙ্গে অশ্বত্থামাও নিজ পিতাকে রক্ষা করিবার জন্য সেই রণাঙ্গনে তাঁহার উপর আটটি বাণ নিক্ষেপ করিলেন। ১৭

তারপর কর্ণ বাইশ, কৃতবর্ম্মা বিশ, বৃহদ্বল পঞ্চাশ ও শরদ্বানের পুত্র কৃপাচার্য্য অভিমন্যুকে দশটি ভল্ল প্রহার করিলেন। ১৮

ইঁহাদের নিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণসমূহে সর্ব্বতোভাবে পীড়িত হইয়া সুভদ্রাকুমার অভিমন্যু তাঁহাদের সকলকেই দশটি দশটি করিয়া বাণে বিদ্ধ করিলেন। ১৯

তাহার পর কোশলরাজ বৃহদ্বল একটি বাণের দ্বারা অভিমন্যুর বক্ষে আঘাত করিলেন। ইহা দেখিয়া অভিমন্যু তাঁহার চারিটি অশ্ব ও ধ্বজ, ধনু এবং সারথিকেও নিহত করিয়া ভূপাতিত করিলেন। ২০

রথহীন হইয়া পড়িলে কোশলদেশাধিপতি বৃহদ্বল হাতে ঢাল ও তরবারি লইলেন এবং অভিমন্যুর শরীর হইতে তাঁহার কুণ্ডলশোভিত মস্তক ছেদন করিবার ইচ্ছা করিলেন। ২১

এই সময়েই অভিমন্যু একটি বাণের দ্বারা কোশলদেশের অধিপতি রাজপুত্র বৃহদ্বলের হৃদয়ে বিদ্ধ করিলেন। ইহাতে তাঁহার বক্ষঃস্থল বিদীর্ণ হইয়া যাইল এবং তিনি ভূতলে পতিত হইলেন। ২২

ইহার পর অভিমন্যু অশুভবাক্যভাষী এবং খড়্গ ও ধনু ধারণকারী দশ হাজার মহামনস্বী নৃপগণকেও সংহার করিলেন ॥২৩

এইভাবে মহাধনুর্দ্ধর অভিমন্যু বৃহদ্বলকে বধ করিয়া আপনার যোদ্ধাগণের উপর স্বীয় বাণরূপী জল বর্ষণ করিতে করিতে তাহাদিগকে স্তব্ধ করিয়া দিয়া রণাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন। ২৪

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে বৃহদ্বলবধবিষয়ক সপ্তচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ।

[অভিমন্যুনাশ্বকেতো-র্ভোজস্য কর্ণসচিবাদীনাঞ্চ বধঃ, ষড়্ভির্মহারথিভিঃ সহ ভয়ঙ্করং যুদ্ধম্, তৈর্মহারথিভি-রভিমন্যোর্ধনুষঃ, রথস্য, চর্ম্মণঃ, খড়্গস্য বিনাশশ্চ]

সঞ্জয় উবাচ

স কর্ণং কর্ণিনা কর্ণে পুনর্বিব্যাধ ফাল্গুনিঃ ।
শরৈঃ পঞ্চাশতা চৈনমবিধ্যৎ কোপয়ন্ ভৃশম্ ॥ ১

প্রতিবিব্যাধ রাধেয়স্তাবদ্ভিরথ তং পুনঃ ।
শরৈরাচিতসর্বাঙ্গো বহ্বশোভত ভারত ॥ ২

কর্ণং চাপ্যকরোৎ ক্রুদ্ধো রুধিরোৎপীড়বাহিনম্ ।
কর্ণোঽপি বিবভৌ শূরঃ শরৈশ্ছিন্নোঽসৃগাপ্লুতঃ ॥ ৩

(সন্ধ্যানুগতপর্য্যন্তঃ শরদীব দিবাকরঃ ।)
তাবুভৌ শরচিত্রাঙ্গৌ রুধিরেণ সমুক্ষিতৌ ।
বভূবতুর্মহাত্মানৌ পুষ্পিতাবিব কিংশুকৌ ॥ ৪

অথ কর্ণস্য সচিবান্ ষট্ শূরাংশ্চিত্রযোধিনঃ ।
সাশ্ব-সূত-ধ্বজ-রথান্ সৌভদ্রো নিজঘান হ ॥ ৫

তথেতরান্ মহেষ্বাসান্ দশভির্দশভিঃ শরৈঃ ।
প্রত্যবিধ্যদসম্ভ্রান্তস্তদদ্ভুতমিবাভবৎ ॥ ৬

মাগধস্য তথা পুত্রং হত্বা ষড়্ভিরজিহ্মগৈঃ ।
সাশ্বং সসূতং তরুণমশ্বকেতুমপাতয়ৎ ॥ ৭

মার্তিকাবতকং ভোজং ততঃ কুঞ্জরকেতনম্ ।
ক্ষুরপ্রেণ সমুন্মথ্য ননাদ বিসৃজন্ শরান্ ॥ ৮

তস্য দৌঃশাসনির্বিদ্ধ্বা চতুর্ভিশ্চতুরো হয়ান্ ।
সূতমেকেন বিব্যাধ দশভিশ্চার্জুনাত্মজম্ ॥ ৯

ততো দৌঃশাসনিং কার্ষ্ণির্বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ ।
সংরম্ভাদ্ রক্তনয়নো বাক্যমুচ্চৈরথাব্রবীৎ ॥ ১০

অষ্টচত্বারিংশ অধ্যায় ।

[অভিমন্যুকর্তৃক অশ্বকেতু, ভোজ ও কর্ণের সচিবাদিকে বধ এবং ছয় মহারথীর সহিত ঘোরতর যুদ্ধ ও এই মহারথিগণের দ্বারা অভিমন্যুর ধনু, রথ, ঢাল ও তরবারি নাশ ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্ ! তদনন্তর অর্জুনকুমার অভিমন্যু একটি বাণের দ্বারা কর্ণের কানে পুনরায় আঘাত করিলেন এবং তাঁহাকে ক্রুদ্ধ করিতে করিতে আরও পঁচিশটি বাণের দ্বারা তাঁহাকে অত্যন্ত আহত করিয়া ফেলিলেন ॥ ১

ভরতনন্দন ! তখন রাধাপুত্র কর্ণও অভিমন্যুকে ততসংখ্যক (পঁচিশটি) বাণের দ্বারা বিদ্ধ করিলেন । এই সময় ইঁহার সর্ব্বাঙ্গ বাণে ব্যাপ্ত থাকায় তিনি অতিশয় শোভা পাইতেছিলেন ॥ ২

পুনরায় ক্রুদ্ধ অভিমন্যুও কর্ণকে বাণসমূহে ক্ষত-বিক্ষত করিতে থাকিয়া তাঁহার শরীরে রক্তধারা প্রবাহিত করিয়া দিলেন। সেই সময় বীরবর কর্ণ বাণসমূহের দ্বারা ছিন্ন-ভিন্ন হইয়া রক্তাপ্লুত অবস্থায় সেইরূপ শোভা পাইতে লাগিলেন, যেরূপ সূর্য্যদেব শরৎকালে সন্ধ্যার সময় সম্পূর্ণরূপে রক্তবর্ণ হইয়া শোভা পাইয়া থাকেন ॥ ৩

তখন ইঁহাদের উভয়ের শরীর বাণে ব্যাপ্ত থাকায় বিচিত্র দেখাইতেছিল। উভয়ে রক্তে স্নাত হইয়া পড়িয়াছিলেন এবং এই দুই মহামনস্বী বীর বিকসিত পলাশবৃক্ষের ন্যায় শোভা পাইতেছিলেন ॥ ৪

তদনন্তর সুভদ্রানন্দন অভিমন্যু বিচিত্র যুদ্ধকারী কর্ণের ছয় জন বীর মন্ত্রীকে তাঁহাদের অশ্ব, সারথি, রথ এবং ধ্বজসহ নিহত করিলেন ॥ ৫

কেবল ইহাই নহে, তিনি এই সময় কোনরূপ বিচলিত না হইয়াই দশ দশটি বাণের দ্বারা অন্য মহাধনুর্দ্ধর বীরগণকেও আহত করিয়া ফেলিলেন। ইহা তখন সকলের অদ্ভুত কার্য্য বলিয়াই মনে হইতেছিল ॥ ৬

এইরূপে অভিমন্যু মগধরাজ শল্যের তরুণ পুত্র অশ্বকেতুকেও ছয়টি বাণের দ্বারা প্রহার করিয়া তাঁহাকে অশ্বগণ ও সারথিসহ রথ হইতে ভূপাতিত করিলেন ॥ ৭

তাহার পর হস্তীর চিহ্নে সুশোভিত ধ্বজধারী মার্ত্তিকাবতক দেশের অধিপতি ভোজকে একটি ক্ষুরপবাণের দ্বারা বধ করিয়া অভিমন্যু বাণবর্ষণ করিতে করিতে সিংহনাদ করিতে লাগিলেন ॥৮

তখন দুঃশাসনের পুত্র চারিটি বাণের দ্বারা অভিমন্যুর চারটি অশ্বকে আহত করিয়া একটি বাণে সারথিকে ও দশ বাণের দ্বারা স্বয়ং অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥ ৯

ইহা দেখিয়া অর্জুনকুমার অভিমন্যুর ক্রোধে চক্ষু রক্তবর্ণ হইয়া উঠিল। এই অবস্থায় তিনি সাতটি বাণের দ্বারা দুঃশাসন-পুত্রকে বিদ্ধ করিলেন এবং উচ্চৈঃস্বরে এই কথা বলিলেন ॥ ১০

পিতা তবাহবং ত্যক্ত্বা গতঃ কাপুরুষো যথা।
দিষ্ট্যা ত্বমপি জানীষে যোদ্ধুং ন ত্বদ্য মোক্ষ্যসে ॥১১
এতাবদুক্ত্বা বচনং কর্মারপরিমার্জিতম্।
নারাচং বিসসর্জাস্মৈ তং দ্রৌণিস্ত্রিভিরাচ্ছিনৎ ॥ ১২
তস্যার্জুনির্ধ্বজং ছিত্বা শল্যং ত্রিভিরতাড়য়ৎ।
তং শল্যো নবভির্বাণৈর্গার্ধ্রপত্রৈরতাড়য়ৎ ॥ ১৩
হৃদ্যসম্ভ্রান্তবদ্ রাজংস্তদদ্ভুতমিবাভবৎ।
তস্যার্জুনির্ধ্বজং ছিত্বা হতোভৌ পার্ষ্ণিসারথী ॥১৪
তং বিব্যাধায়সৈঃ ষড়্ভিঃ সোপাক্রামদ্ রথান্তরম্।
শত্রুঞ্জয়ং চন্দ্রকেতুং মেঘবেগং সুবর্চসম্ ॥১৫
সূর্য্যভাসঞ্চ পঞ্চৈতান্ হত্বা বিব্যাধ সৌবলম্।
তং সৌবলস্ত্রিভির্বিদ্ধ্বা দুর্য্যোধনমথাব্রবীৎ ॥ ১৬
সর্ব এনং বিমথ্নীমঃ পুরৈকৈকং হিনস্তি নঃ।
অথাব্রবীৎ পুনর্দ্রোণং কর্ণো বৈকর্তনো রণে ॥১৭
পুরা সর্বান্ প্রমথ্নাতি ব্রূহ্যস্য বধমাশু নঃ।
ততো দ্রোণো মহেষ্বাসঃ সর্বাংস্তান্ প্রত্যভাষত ॥ ১৮
অস্তি বাস্যান্তরং কিঞ্চিৎ কুমারস্যাথ পশ্যত।
অপ্যস্যান্তরং হ্যদ্য চরতঃ সর্বতোদিশম্ ॥ ১৯
শীঘ্রতাং নরসিংহস্য পাণ্ডবেয়স্য পশ্যত।
ধনুর্মণ্ডলমেবাস্য রথমার্গেষু দৃশ্যতে ॥ ২০
সন্দধানস্য বিশিখান্ শীঘ্রং চৈব বিমুঞ্চতঃ।
আরুজন্নপি মে প্রাণান্ মোহয়ন্নপি সায়কৈঃ ॥ ২১
প্রহর্ষয়তি মাং ভূয়ঃ সৌভদ্রঃ পরবীরহা।
অতি মাং নন্দয়ত্যেষ সৌভদ্রো বিচরন্ রণে ॥ ২২
অন্তরং যস্য সংরব্ধা ন পশ্যন্তি মহারথাঃ।
অস্যতো লঘুহস্তস্য দিশঃ সর্বা মহেষুভিঃ ॥ ২৩

অরে! তোর বাবা কাপুরুষের ন্যায় যুদ্ধ ত্যাগ করিয়া পলাইয়া গিয়াছে। সৌভাগ্যের কথা এই যে, তুই যুদ্ধ করিতে জানিস্; কিন্তু এখন তুই আর প্রাণ লইয়া চলিয়া যাইতে পারিবি না ॥ ১১

এই কথা বলিয়া অভিমন্যু কামারকর্তৃক পরিমার্জিত একটি নারাচকে দুঃশাসনের পুত্রের উপর নিক্ষেপ করিলেন; কিন্তু অশ্বত্থামা তিনটি বাণ সন্ধান করিয়া উহাকে মধ্যভাগে ছেদন করিয়া দিলেন ॥ ১২

তখন অর্জুননন্দন অভিমন্যু অশ্বত্থামার ধ্বজ ছেদন করিয়া শল্যকে তিনটি বাণে বিদ্ধ করিলেন। রাজন্! এই সময় শল্য মনে অল্পও বিভ্রান্ত না হইয়া গৃধ্রপক্ষসুশোভিত নয়টি বাণে অভিমন্যুকে আহত করিয়া ফেলিলেন। ইহা তখন এক অদ্ভুত ঘটনা বলিয়াই সকলের মনে হইতেছিল ॥

এই সময় অভিমন্যু শল্যের ধ্বজ ছেদন করিয়া তাঁহার দুই পার্শ্বরক্ষককে বধ করিলেন এবং তাঁহাকেও লৌহনির্মিত ছয়টি বাণে বিদ্ধ করিলেন। তখন শল্য পলাইয়া অন্য রথে আরোহণ করিলেন ॥

তারপর শত্রুঞ্জয়, চন্দ্রকেতু, মেঘবেগ, সুবর্চা এবং সূর্য্যভাস—এই পঞ্চ বীরকে বধ করত সুবলপুত্র শকুনিকেও আহত করিয়া ফেলিলেন। তখন শকুনিও তিন বাণে অভিমন্যুকে আহত করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিতে লাগিলেন ॥ ১৩-১৬

রাজন্! এই অভিমন্যু আমাদের এক একজনের সহিত যুদ্ধ করিয়া অস্ত্রপ্রহার করিবার পূর্ব্বেই আমরা সকলে মিলিত হইয়া ইহাকে মথিত করিয়া ফেলিব। তারপর বিকর্তনপুত্র কর্ণ পুনরায় রণাঙ্গনে দ্রোণাচার্য্যকে জিজ্ঞাসা করিলেন ॥ ১৭

আচার্য্য! অভিমন্যু আমাদের সকলকে বিনাশ করিবার চেষ্টা করিতেছে, সুতরাং সত্বর ইহাকে আমরা পূর্ব্বেই যাহাতে বধ করিতে পারি, তাহার উপায় বলুন। তখন মহাধনুর্দ্ধর দ্রোণাচার্য্য তাঁহাদের সকলকে বলিলেন ॥ ১৮

দেখ, এই কুমার অভিমন্যুর মধ্যে কোথায় দুর্ব্বলতা বা ছিদ্র আছে? চারিদিকে রণাঙ্গনে বিচরণকারী এই অভিমন্যুর যদি অল্পও কোন ছিদ্র দেখিতে পাও, তাহার জন্য এখন অনুসন্ধান কর ॥ ১৯

এই পুরুষশ্রেষ্ঠ পাণ্ডব-পুত্রের শীঘ্রতা দেখ। কেমন শীঘ্রতা সহকারে সে বাণসমূহের সন্ধান এবং নিক্ষেপ করিতেছে, এই সময় রথমার্গে বিচরণকারী ইহার ধনুর কেবল মণ্ডলাকারই লক্ষ্য হইতেছে ॥

শত্রুবীরগণের সংহারকারী সুভদ্রাকুমার অভিমন্যু যদিও স্বীয় বাণসমূহের দ্বারা আমারও প্রাণকে অত্যন্ত কষ্টদান করিতেছে, তথাপি বারংবার সে আমার হর্ষই বর্দ্ধন করিতেছে। রণাঙ্গনে বিচরণকারী এই সুভদ্রানন্দন অভিমন্যু আমাকে অত্যন্ত আনন্দিত করিতেছে ॥ ২০-২২

অত্যন্ত ক্রুদ্ধ মহারথী বীরগণও ইহার ছিদ্র দেখিতে পাইতেছেন না। সে অতিক্রুত হস্ত চালনা করিতে করিতে নিজের

ন বিশেষং প্রপশ্যামি রণে গাণ্ডীবধন্বনঃ।
অথ কর্ণঃ পুনর্দ্রোণমাহার্জ্জুনিশরাহতঃ॥ ২৪
স্থাতব্যমিতি তিষ্ঠামি পীড্যমানোঽভিমন্যুনা।
তেজস্বিনঃ কুমারস্য শরাঃ পরমদারুণাঃ॥ ২৫
ক্ষিণ্বন্তি হৃদয়ং মেঽদ্য ঘোরাঃ পাবকতেজসঃ।
তমাচার্য্যোঽব্রবীৎ কর্ণং শনকৈঃ প্রহসন্নিব॥ ২৬
অভেদ্যমস্য কবচং যুবা চাশুপরাক্রমঃ।
উপদিষ্টা ময়া চাস্য পিতুঃ কবচধারণা॥ ২৭
তামেষ নিখিলাং বেত্তি ধ্রুবং পরপুরঞ্জয়ঃ।
শক্যং ত্বস্য ধনুশ্ছেত্তুং জ্যাঞ্চ বাণৈঃ সমাহিতৈঃ॥ ২৮
অভীষূংশ্চ হয়াংশ্চৈব তথোভৌ পার্ষ্ণি-সারথী।
এতৎ কুরু মহেষ্বাস রাধেয় যদি শক্যতে॥ ২৯
অথৈনং বিমুখীকৃত্য পশ্চাৎ প্রহরণং কুরু।

মহাবাণসমূহের দ্বারা চারিদিক্ ব্যাপ্ত করিতেছে। আমি যুদ্ধস্থলে গাণ্ডীবধারী অর্জুন ও এই অভিমন্যুর মধ্যে কোন পার্থক্যই দেখিতে পাইতেছি না॥

তদনন্তর কর্ণ পুনরায় দ্রোণাচার্য্যকে বলিলেন,—আমি অভিমন্যুর বাণসমূহে অত্যন্ত পীড়িত হইতে থাকিলেও কেবল এইজন্য এখনও যুদ্ধস্থলে অপেক্ষা করিতেছি যে, যুদ্ধক্ষেত্রে অবস্থান করাই ক্ষত্রিয়ের ধর্ম্ম (তাহা না হইলে আমি বহু পূর্ব্বেই পলায়ন করিতাম)॥

তেজস্বী কুমার অভিমন্যুর এই অত্যন্ত দারুণ ও অগ্নিতুল্য তেজস্বী ভয়ঙ্কর বাণসমূহ আজ আমার বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া ফেলিতেছে। এই কথা শ্রবণ করিয়া দ্রোণাচার্য্য ঠাট্টা করিয়া হাস্য করিতে করিতে ধীরে ধীরে কর্ণকে এই কথা বলিলেন॥২৩-২৬

কর্ণ! অভিমন্যুর কবচ অভেদ্য। এই তরুণ বীর শীঘ্রতার সহিত স্বীয় পরাক্রম প্রকাশ করিতেছে। আমি ইহার পিতাকে কবচধারণ করিবার বিধি উপদেশ করিয়াছিলাম। শত্রুনগর-বিজয়ী এই বীর কুমার নিশ্চয়ই সেই সব বিধি জানে (সুতরাং ইহার কবচ অভেদ্য হইবেই); কিন্তু মনোযোগসহকারে যুদ্ধ করিলে ইহার ধনু ও গুণ ছেদন করিতে পারা যায়॥ ২৭-২৮

সেই সঙ্গে ইহার অশ্বগণের লাগাম, অশ্বগণ এবং দুই পার্শ্ব-রক্ষককেও নষ্ট করিতে পারা যায়। মহাধনুর্দ্ধর রাধাপুত্র! যদি পার ত' এই কার্য্য কর॥ ২৯

অভিমন্যুকে যুদ্ধ হইতে বিমুখ করিয়া দিয়া পরে ইহার উপর প্রহার কর। ইহার হাতে যদি ধনু থাকে, তবে সে ত' সমস্ত

সধনুষ্কো ন শক্যোঽয়মপি জেতুং সুরাসুরৈঃ॥ ৩০
বিরথং বিধনুষ্কঞ্চ কুরুষ্বৈনং যদীচ্ছসি।
তদাচার্য্যবচঃ শ্রুত্বা কর্ণো বৈকর্তনস্ত্বরন্॥ ৩১
অস্যতো লঘুহস্তস্য পৃষৎকৈর্ধনুরাচ্ছিনৎ।
অশ্বানস্যাবধীদ্ ভোজো গৌতমঃ পার্ষ্ণিসারথী॥ ৩২
শেষাস্তু ছিন্নধন্বানং শরবর্ষৈরবাকিরন্।
ত্বরমাণাস্ত্বরাকালে বিরথং ষণ্মহারথাঃ॥ ৩৩
শরবর্ষৈরকরুণা বালমেকমবাকিরন্।
স ছিন্নধন্বা বিরথঃ স্বধর্ম্মমনুপালয়ন্॥ ৩৪
খড়্গচর্মধরঃ শ্রীমানুৎপপাত বিহায়সা।
মার্গৈঃ সকৌশিকাদ্যৈশ্চ লাঘবেন বলেন চ॥ ৩৫
আর্জ্জুনির্ব্যচরদ্ ব্যোম্নি ভৃশং বৈ পক্ষিরাডিব।
ময্যেব নিপতত্যেষ সাসিরিত্যূর্ধ্বদৃষ্টয়ঃ॥ ৩৬

দেবতা ও অসুরগণকেও জয় করিতে পারে॥ ৩০

যদি তুমি ইহাকে পরাভূত করিতে চাও, তবে প্রথমে ইহার রথ ও ধনুটিকে নষ্ট করিয়া দাও। আচার্য্যের এই কথা শ্রবণ করিয়া বিকর্ত্তনপুত্র কর্ণ অতিশয় ব্যগ্রতার সহিত নিজের বাণ-সমূহের দ্বারা শীঘ্রতাসহকারে হস্ত চালাইয়া অস্ত্র প্রয়োগকারী অভিমন্যুর ধনু ছেদন করিয়া ফেলিলেন। ভোজবংশীয় কৃতবর্ম্মা তাঁহার অশ্বগণকে বিনাশ করিলেন এবং কৃপাচার্য্য তাঁহার দুই পার্শ্বরক্ষককে বধ করিলেন॥ ৩১-৩২

অবশিষ্ট অন্যান্য মহারথীরা অভিমন্যুর ধনু ছিন্ন হইয়া যাইলে তাহার উপর বাণবর্ষণ করিতে লাগিলেন। ত্বরান্বিত হইবার সময়েই এই ছয় নির্দয় মহারথী অতিশয় সত্বরতার সহিত রথহীন একাকী সেই বালকের উপর বাণবর্ষণ করিয়া তাহাকে আবৃত করিয়া ফেলিলেন॥

ধনু ছিন্ন হইলে এবং রথ নষ্ট হইয়া যাইলে তেজস্বী বীর অভিমন্যু স্বীয় ক্ষত্রিয়োচিত ধর্ম্মপালন করিতে করিতে ঢাল ও তরবারি হাতে লইয়া আকাশপথে লাফাইয়া পড়িলেন॥

অর্জুনকুমার অভিমন্যু কৌশিক প্রভৃতি মার্গসমূহের দ্বারা এবং শীঘ্রকারিতা ও বল-পরাক্রমে পক্ষিরাজ গরুড়সদৃশ ভূতল অপেক্ষা আকাশেই অধিকক্ষণ বিচরণ করিতে লাগিলেন॥

তখন সমরাঙ্গণে প্রতিপক্ষের ছিদ্রান্বেষণকারী যোদ্ধাদের মনে হইতেছিল, এই অভিমন্যু আমার উপর তরবারি লইয়া পতিত হইবে" এরূপ আশঙ্কা করিয়া উপরের দিকে দৃষ্টি নিয়োগ করত মহাধনুর্দ্ধর অভিমন্যুকে বাণবিদ্ধ করিতে লাগিলেন॥

বিব্যধুস্তং মহেষ্বাসং সমরে ছিদ্রদর্শিনঃ।
তস্য দ্রোণোঽচ্ছিনন্মুষ্টৌ খড়্গং মণিময়ৎসরুম্ ॥ ৩৭
ক্ষুরপ্রেণ মহাতেজাস্ত্বরমাণঃ সপত্নজিৎ।
রাধেয়ো নিশিতৈর্বাণৈর্ব্যধমচ্চর্ম চোত্তমম্ ॥ ৩৮
ব্যসি-চর্মেষু পূর্ণাঙ্গঃ সোঽন্তরিক্ষাৎ পুনঃ ক্ষিতিম্।
আস্থিতশ্চক্রমুদ্যম্য দ্রোণং ক্রুদ্ধোঽভ্যধাবত ॥ ৩৯
স চক্ররেণূজ্জ্বলশোভিতাঙ্গো
বভাবতীবোজ্জ্বলচক্রপাণিঃ।
রণেঽভিমন্যুঃ ক্ষণমাস রৌদ্রঃ
স বাসুদেবানুকৃতিং প্রকুর্বন্ ॥ ৪০
স্রুতরুধিরকৃতৈকরাগবক্ত্রো
ভ্রুকুটিপুটাকুটিলোঽতিসিংহনাদঃ।
প্রভুরমিতবলো রণেঽভিমন্যু-
র্নৃপবরমধ্যগতো ভৃশং ব্যরাজয়ৎ ॥ ৪১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি অভিমন্যুবিরথকরণে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৮

সেই সময় শক্রজয়ী মহাতেজস্বী দ্রোণাচার্য্য ত্বরা করিয়া একটি বাণের দ্বারা অভিমন্যুর মুষ্টির মধ্যে ধৃত মণিময় মুষ্টিযুক্ত তরবারিটিকে ছেদন করিয়া ফেলিলেন। তারপর রাধানন্দন কর্ণ স্বীয় তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা উত্তম ঢালটিকে খণ্ড খণ্ড করিয়া দিলেন। ঢাল ও তরবারি হইতে বঞ্চিত হইয়া বাণসমূহে পরিব্যাপ্ত দেহে অভিমন্যু পুনরায় আকাশমার্গ হইতে ভূতলে নামিয়া পড়িলেন এবং একটি চক্র হাতে লইয়া কুপিতভাবে দ্রোণাচার্য্যের দিকে ধাবিত হইলেন ॥ ৩৩-৩৯

তখন অভিমন্যুর শরীর চক্রের প্রভায় উদ্ভাসিত ও ধূলিরাশিতে সুশোভিত ছিল। তাঁহার হাতে তেজোময় উজ্জ্বল চক্র শোভা পাইতেছিল। ইহাতে তাঁহার অতিশয় শোভা হইতেছিল। সেই রণাঙ্গনে অভিমন্যু চক্রধারণ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের অনুকরণ করিতে করিতে ক্ষণকালের মধ্যেই অত্যন্ত ভয়ঙ্কর হইয়া উঠিলেন ॥ ৪০

এই সময় অভিমন্যুর বস্ত্র তাঁহার শরীরপ্রবাহিত রক্তধারায় একমাত্র রক্তবর্ণই হইয়া পড়িয়াছিল। তাঁহার ভ্রূদ্বয় ঈষৎ বক্রভাবাপন্ন হওয়ায় তাঁহার মুখমণ্ডল কুটিল বলিয়া মনে হইতেছিল এবং তিনি অতি উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতেছিলেন। এরূপ অবস্থায় প্রভাবশালী ও অপরিসীম বলবান্ অভিমন্যু সেই রণাঙ্গনে পূর্ব্বোক্ত শ্রেষ্ঠ নরপতিগণের মধ্যে থাকিয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥ ৪১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুকে রথহীনকরণবিষয়ক অষ্টচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা কালিকেয়-বসাতি-কেকয়রথিবীরাণাং বধঃ, ষড়্ভির্মহারথিভিঃ সহোদ্যোগেনাভিমন্যোর্বিনাশঃ, পলায়নপর-স্বকীয়সৈন্যেভ্যো যুধিষ্ঠিরস্যাশ্বাসদানঞ্চ]

সঞ্জয় উবাচ।

বিষ্ণোঃ স্বসুর্নন্দকরঃ স বিষ্ণ্বায়ুধভূষণঃ।
ররাজাতিরথঃ সংখ্যে জনার্দন ইবাপরঃ ॥ ১
মারুতোদ্ধূতকেশাস্তমুদ্যতারিবরায়ুধম্।
বপুঃ সমীক্ষ্য পৃথীশা দুঃসমীক্ষ্যং সুরৈরপি ॥ ২
তচ্চক্রং ভৃশমুদ্বিগ্নাঃ সঞ্চিচ্ছিদুরনেকধা।
মহারথস্ততঃ কার্ষ্ণিঃ সংজগ্রাহ মহাগদাম্ ॥ ৩

একোনপঞ্চাশত্তম অধ্যায়।

[অভিমন্যুর কালিকেয়, বসাতি ও কেকয় রথী বীরদিগকে বধ এবং ছয় মহারথীর সহায়তায় অভিমন্যুর বিনাশ ও পলায়নপর সৈন্যদিগকে যুধিষ্ঠিরের আশ্বাসপ্রদান।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! ভগবান্ শ্রীকৃষ্ণের ভগিনী সুভদ্রার আনন্দপ্রদ এবং শ্রীকৃষ্ণসদৃশই চক্ররূপ অস্ত্রে সুশোভিত অতিরথী বীর অভিমন্যু সেই রণাঙ্গনে দ্বিতীয় শ্রীকৃষ্ণের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১

এই সময় প্রবাহিত বায়ু তাঁহার কেশসমূহের প্রান্তভাগ দুলাইতেছিল। তিনি স্বীয় হস্তে চক্রনামক অস্ত্র উত্তোলিত করিয়া রাখিয়াছিলেন। তখন তাঁহার শরীর ও যাহার দিকে দৃষ্টিপাত করা দেবতাগণের পক্ষেও অতিশয় কঠিন ছিল, সেই চক্রকে দেখিয়া সমস্ত মহাযোদ্ধারা উদ্বিগ্ন হইয়া পড়িলেন এবং তাঁহারা সকলে মিলিত হইয়া ঐ চক্রকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন।

বিধনুঃ-স্যন্দনাসিস্তৈর্বিচক্রশ্চারিভিঃ কৃতঃ।
অভিমন্যুর্গদাপাণিরশ্বত্থামানমার্দয়ৎ ॥ ৪
স গদামুদ্যতাং দৃষ্ট্বা জ্বলন্তীমশনীমিব।
অপাক্রামদ্ রথোপস্থাদ্ বিক্রমাংস্ত্রীন্ নরর্ষভঃ ॥ ৫
তস্যাশ্বান্ গদয়া হত্বা তথোভৌ পার্ষ্ণি-সারথী।
শরাচিতাঙ্গঃ সৌভদ্রঃ শ্বাবিদ্‌বৎ সমদৃশ্যত ॥ ৬
ততঃ সুবলদায়াদং কালিকেয়মপোথয়ৎ।
জঘান চাস্যানুচরান্ গান্ধারান্ সপ্তসপ্ততিম্ ॥৭
পুনশ্চৈব বসাতীয়ান্ জঘান রথিনো দশ।
কেকয়ানাং রথান্ সপ্ত হত্বা চ দশ কুঞ্জরান্ ॥ ৮
দৌঃশাসনিরথং সাশ্বং গদয়া সমপোথয়ৎ।
ততো দৌঃশাসনিঃ ক্রুদ্ধো গদামুদ্যম্য মারিষ ॥ ৯
অভিদুদ্রাব সৌভদ্রং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ।
তাবুদ্যতগদৌ বীরাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ ॥ ১০
ভ্রাতৃব্যৌ সম্প্রজহ্রাতে পুরের ত্র্যম্বকান্ধকৌ।
তাবন্যোন্যং গদাগ্রাভ্যামাহত্য পতিতৌ ক্ষিতৌ ॥১১
ইন্দ্রধ্বজাবিবোৎসৃষ্টৌ রণমধ্যে পরন্তপৌ।
দৌঃশাসনিরথোত্থায় কুরূণাং কীর্তিবর্ধনঃ ॥ ১২
উত্তিষ্ঠমানং সৌভদ্রং গদয়া মূর্ধ্ন্যতাড়য়ৎ।
গদাবেগেন মহতা ব্যায়ামেন চ মোহিতঃ ॥ ১৩
বিচেতা ন্যপতদ্ ভূমৌ সৌভদ্রঃ পরবীরহা।
এবং বিনিহতো রাজন্নেকো বহুভিরাহবে ॥ ১৪
ক্ষোভয়িত্বা চমূং সর্বাং নলিনীমিব কুঞ্জরঃ।
অশোভত হতো বীরো ব্যাধৈর্বনগজো যথা ॥ ১৫
তং তথা পতিতং শূরং তাবকাঃ পর্য্যবারয়ন্।
দাবং দগ্ধ্বা যথা শান্তং পাবকং শিশিরাত্যয়ে ॥ ১৬
বিমৃজ্য নগশৃঙ্গাণি সংনিবৃত্তমিবানিলম্।
অস্তংগতমিবাদিত্যং তপ্ত্বা ভারতবাহিনীম্ ॥ ১৭

তখন মহারথী অভিমন্যু এক বিশাল গদা হাতে লইলেন। শত্রুরা তাঁহাকে ধনু, রথ, খড়্গ ও চক্র হইতে বঞ্চিত করিয়া দিলেন। সেইজন্য গদা হাতে লইয়া তাঁহাকে আঘাত করিবার জন্য অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন। ২-৪

প্রজ্বলিত বজ্রতুল্য সেই গদাকে উপরে উত্তোলিত দেখিয়া নরশ্রেষ্ঠ অশ্বত্থামা স্বীয় রথের আসন হইতে তিন পদ পরিমাণ পিছাইয়া যাইলেন ॥ ৫

সেই গদার আঘাতে অশ্বত্থামার চারিটি অশ্ব ও দুই পার্শ্ব-রক্ষককে বধ করিয়া বাণব্যাপ্ত দেহে অভিমন্যু শ্বাবিদের (শজারুর) ন্যায় দৃষ্ট হইতে লাগিলেন। ৬

তারপর তিনি সুবলপুত্র কালিকেয়কে গদাঘাতে ভূমিতে পোথিত করিয়া দিলেন এবং তাঁহার অনুগমনকারী সাতাত্তর জন গান্ধার যোদ্ধাকেও বধ করিলেন। ৭

তাহার পর দশজন বসাতিকে নিহত করিলেন। কেকয়-দেশের সাত রথী ও দশটি হাতীকে বিনাশ করিয়া দুঃশাসনপুত্রের অশ্বগণসহ রথকে গদাঘাতে চূর্ণ-বিচূর্ণ করিয়া ফেলিলেন।

আর্য্য! ইহাতে দুঃশাসনপুত্র কুপিত হইয়া হাতে গদাধারণ করত অভিমন্যুর দিকে ধাবিত হইলেন এবং এই কথা বলিলেন—অরে, দাঁড়াও, দাঁড়াও।

এই দুই বীর পরস্পরের উপর সেইভাবে গদার আঘাত করিতে লাগিলেন, যেরূপ পুরাকালে ভগবান্ শঙ্কর ও অন্ধকাসুর পরস্পরকে গদার আঘাত করিয়াছিলেন।

শত্রুতাপন এই দুই বীর তখন পরস্পরের গদার অগ্রভাগের আঘাতে আহত অবস্থায় ভূপতিত হইয়া দুইটি ইন্দ্রধ্বজের ন্যায় পৃথিবীতে পড়িয়া রহিলেন।

তাহার পর কুরুকুলের কীর্তিবর্দ্ধন দুঃশাসনপুত্র প্রথমে উত্থিত হইয়া সুভদ্রাকুমারের মস্তকের উপরে গদার প্রচণ্ড আঘাত করিলেন।

গদার এই মহাবেগ ও পরিশ্রমে আহত হইয়া শত্রুবীরনাশী অভিমন্যু অচেতন অবস্থায় ভূতলে পতিত হইলেন। রাজন্! এইভাবে সেই যুদ্ধস্থলে বহুসংখ্যক যোদ্ধা মিলিত হইয়া একাকী অভিমন্যুকে বধ করিয়াছিলেন। ৮-১৪

যেরূপ হাতী কোন সরোবরকে মথিত করিয়া থাকে, সেইরূপ সমগ্র সৈন্যবাহিনীকে ক্ষুব্ধ করিয়া ব্যাধগণকর্ত্তৃক বনজাত হাতীর মৃত্যুর ন্যায় মৃত্যুবরণ করত বীর অভিমন্যু সেখানে অদ্ভুত শোভা পাইতে লাগিলেন। ১৫

এইরূপে রণাঙ্গনে পতিত বীরবর অভিমন্যুকে আপনার সৈন্যগণ চারিদিকে ঘিরিয়া রাখিলেন। যেরূপ গ্রীষ্মকালে বন-ভূমিকে প্রজ্বলিত করিয়া অগ্নি শান্ত হইয়া থাকে, যেরূপ বায়ু বৃক্ষের শাখাসমূহকে ছিন্ন-ভিন্ন করিয়া নিরস্ত হয়, যেরূপ জগৎকে সন্তাপিত করিয়া সূর্য্যদেব অস্তাচলে গমন করেন, যেরূপ চন্দ্রকে রাহু গ্রাস করিয়া থাকে এবং যেরূপ সমুদ্র শুষ্ক হইয়া যায়, সেইরূপ

উপপ্লুতং যথা সোমং সংশুষ্কমিব সাগরম্।
পূর্ণচন্দ্রাভবদনং কাকপক্ষবৃতাক্ষিকম্॥ ১৮

তং ভূমৌ পতিতং দৃষ্ট্বা তাবকাস্তে মহারথাঃ।
মুদা পরময়া যুক্তাশ্চুক্রুশুঃ সিংহবন্মুহুঃ॥ ১৯

আসীৎ পরমকো হর্ষস্তাবকানাং বিশাম্পতে।
ইতরেষাং তু বীরাণাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্॥ ২০

অন্তরিক্ষে চ ভূতানি প্রাক্রোশন্ত বিশাম্পতে।
দৃষ্ট্বা নিপতিতং বীরং চ্যুতং চন্দ্রমিবাম্বরাৎ॥ ২১

দ্রোণকর্ণমুখৈঃ ষড়্ভির্ধার্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
একোঽয়ং নিহতঃ শেতে নৈষ ধর্মো মতো হি নঃ॥২২

তস্মিন্ বিনিহতে বীরে বহ্বশোভত মেদিনী।
দ্যৌর্যথা পূর্ণচন্দ্রেণ নক্ষত্রগণমালিনী॥ ২৩

রুক্মপুঙ্খৈশ্চ সম্পূর্ণা রুধিরৌঘপরিপ্লুতা।
উত্তমাঙ্গৈশ্চ শূরাণাং ভ্রাজমানৈঃ সকুণ্ডলৈঃ॥ ২৪

বিচিত্রৈশ্চ পরিস্তোমৈঃ পতাকাভিশ্চ সংবৃতা।
চামরৈশ্চ কুথাভিশ্চ প্রবিদ্ধৈশ্চাম্বরোত্তমৈঃ॥ ২৫

তথাশ্বনরনাগানামলঙ্কারৈশ্চ সুপ্রভৈঃ।
খড়্গৈঃ সুনিশিতৈঃ পীতৈর্নির্মুক্তৈর্ভুজগৈরিব॥ ২৬

চাপৈশ্চ বিবিধৈশ্ছিন্নৈঃ শক্ত্যৃষ্টিপ্রাসকম্পনৈঃ।
বিবিধৈশ্চায়ুধৈশ্চান্যৈঃ সংবৃতা ভূরশোভত॥ ২৭

বাজিভিশ্চাপি নির্জীবৈঃ শ্বসদ্ভিঃ শোণিতোক্ষিতৈঃ।
সারোহৈর্বিষমা ভূমিঃ সৌভদ্রেণ নিপাতিতৈঃ॥ ২৮

সাঙ্কুশৈঃ সমহামাত্রৈঃ সবর্মায়ুধকেতুভিঃ।
পর্বতৈরিব বিধ্বস্তৈর্বিশিখৈর্মথিতৈর্গজৈঃ॥ ২৯

পৃথিব্যামনুকীর্ণৈশ্চ ব্যশ্ব-সারথি-যোধিভিঃ।
হ্রদৈরিব প্রক্ষুভিতৈর্হতনাগৈ রথোত্তমৈঃ॥ ৩০

পদাতিসঙ্ঘৈশ্চ হতৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
ভীরূণাং ত্রাসজননী ঘোররূপাভবন্মহী॥ ৩১

সমস্ত কৌরবসৈন্যদিগকে সন্তাপিত করিয়া পূর্ণচন্দ্রসদৃশবদনবিশিষ্ট অভিমন্যু ভূতলে নিপতিত হইলেন; তাঁহার মস্তকস্থিত কর্ণপার্শ্ববর্তী কেশরাশির (জুলপীর) দ্বারা তাঁহার নয়নদ্বয় আবৃত হইয়া গিয়াছিল। এরূপ অবস্থায় তাঁহাকে দেখিয়া আপনার মহারথী বীর যোদ্ধারা অতিশয় প্রসন্নতার সহিত বারংবার সিংহনাদ করিতে লাগিলেন। ১৬-১৯

প্রজানাথ! আপনার পুত্রগণের ত' অত্যন্ত আনন্দ হইল, কিন্তু পাণ্ডব-বীরগণের নেত্র হইতে তখন অশ্রুধারা পতিত হইতে লাগিল। ২০

মহারাজ! সেই সময় অন্তরিক্ষে অবস্থিত প্রাণিগণ আকাশ হইতে পতিত চন্দ্রের ন্যায় বীর অভিমন্যুকে রণভূমিতে পতিত হইতে দেখিয়া উচ্চৈঃস্বরে আপনার মহারথী যোদ্ধাদের নিন্দা করিতে লাগিলেন। ২১

দ্রোণ ও কর্ণ প্রভৃতি ছয় কৌরবমহারথী বীরগণের দ্বারা অসহায় অবস্থায় মৃত্যুবরণ করত এই বীর বালক এখানে শুইয়া আছে,—ইহা আমাদের মতে ধর্ম নহে। ২২

বীর অভিমন্যু নিহত হইলে পর সেই রণভূমি পূর্ণচন্দ্রে যুক্ত ও নক্ষত্রমালায় অলঙ্কৃত আকাশের ন্যায় অধিক শোভা পাইতে লাগিল। ২৩

স্বর্ণময় পঙ্খবিভূষিত বাণসমূহে সেখানকার রণভূমি পরিপূর্ণ ছিল। রক্তধারায় উহা আপ্লুত হইয়া গিয়াছিল। বীরবরগণের কুণ্ডলমণ্ডিত তেজস্বী মস্তকসমূহ, হস্তিগণের বিচিত্র পৃষ্ঠাস্তরণসকল, বহু পতাকা, চামর, হস্তীর পৃষ্ঠে আস্তৃত কম্বল, এদিক্ ওদিকে পতিত উত্তম বস্ত্রসকল হস্তী, অশ্ব ও মনুষ্যগণের দেদীপ্যমান আভরণসমূহ, খোলসমুক্ত সর্পসদৃশ নির্মল ও পীতবর্ণের খড়্গসকল, বিভিন্নরূপে ছিন্ন ধনুশ্রেণী, শক্তি, ঋষ্টি, প্রাস, কম্পন এবং অন্য নানাপ্রকার অস্ত্রসকলে আচ্ছাদিত সেই রণভূমি অদ্ভুত শোভা পাইতে লাগিল। ২৪-২৭

সুভদ্রাকুমার অভিমন্যুকর্তৃক নিহত হইয়া ভূপাতিত রক্তস্নাত নির্জীব ও সজীব অশ্বগণ ও অশ্বারোহীদিগের দ্বারা সেই রণভূমি বিষম ও দুর্গম হইয়া উঠিল। ২৮

অঙ্কুশ, মাহুত, কবচ, আয়ুধ এবং ধ্বজসমূহের সহিত বড় বড় বহু গজরাজ বাণসকলে মথিত হইয়া বিধ্বস্ত পর্বতশ্রেণীর ন্যায় মনে হইতেছিল। যাহারা বিশাল বিশাল গজপতিগণকেও বিনাশ করিয়াছিল, সেই সব শ্রেষ্ঠ রথ, অশ্ব, সারথি ও যোদ্ধাশূন্য হইয়া মথিত সরোবরের ন্যায় চূর্ণ বিচূর্ণ হইয়া পৃথিবীতে ছড়াইয়া পড়িল। নানাপ্রকার আয়ুধ ও অলঙ্কারসমূহে সম্পন্ন পদাতি-সৈন্যদের বহু সমুদায় সেই যুদ্ধে নিহত হইয়াছিল। এই সবের দ্বারা সেখানকার রণভূমি অত্যন্ত ভয়ানক হইয়া উঠিল এবং ভীরু পুরুষগণের মনে ভয় উৎপন্ন করিতে লাগিল। ২৯-৩১

তং দৃষ্ট্বা পতিতং ভূমৌ চন্দ্রার্কসদৃশদ্যুতিম্।
তাবকানাং পরা প্রীতিঃ পাণ্ডূনাং চাভবদ্ ব্যথা ॥ ৩২
অভিমন্যৌ হতে রাজন্ শিশুকেঽপ্রাপ্তযৌবনে।
সম্প্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ধর্ম্মরাজস্য পশ্যতঃ ॥ ৩৩
দীর্য্যমাণং বলং দৃষ্ট্বা সৌভদ্রে বিনিপাতিতে।
অজাতশত্রুস্তান্ বীরানিদং বচনমব্রবীৎ ॥ ৩৪
স্বর্গমেষ গতঃ শূরো যো হতো ন পরাঙ্মুখঃ।
সংস্তম্ভয়ত মা ভৈষ্ট বিজেষ্যামো রণে রিপূন্ ॥ ৩৫
ইত্যেবং স মহাতেজা দুঃখিতেভ্যো মহাদ্যুতিঃ।
ধর্ম্মরাজো যুধাং শ্রেষ্ঠো ব্রুবন্ দুঃখমপানুদৎ ॥ ৩৬

যুদ্ধে হ্যাশীবিষাকারান্ রাজপুত্রান্ রণে রিপূন্।
পূর্ব্বং নিহত্য সংগ্রামে পশ্চাদার্জুনিরভ্যয়াৎ ॥ ৩৭
হত্বা দশ সহস্রাণি কৌশল্যঞ্চ মহারথম্।
কৃষ্ণার্জুনসমঃ কার্ষ্ণিঃ শক্রলোকং গতো ধ্রুবম্ ॥ ৩৮
রথাশ্বনরমাতঙ্গান্ বিনিহত্য সহস্রশঃ।
অবিতৃপ্তঃ স সংগ্রামাদশোচ্যঃ পুণ্যকর্ম্মকৃৎ।
গতঃ পুণ্যকৃতাং লোকান্ শাশ্বতান্ পুণ্যনির্জ্জিতান্ ॥ ৩৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুবধে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৪৯

চন্দ্র ও সূর্য্যতুল্য কান্তিমান্ অভিমন্যুকে ভূতলে পড়িয়া থাকিতে দেখিয়া আপনার পুত্রগণের মনে অত্যন্ত আনন্দ হইল এবং পাণ্ডবদের অন্তরাত্মা ব্যথিত হইয়া উঠিলেন ॥ ৩২

রাজন্! তিনি তখনও যুবাবস্থা প্রাপ্ত হন নাই, সেই বালক অভিমন্যু নিহত হইলে ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সাক্ষাতেই তাঁহার সকল সৈন্যবাহিনী পলায়ন করিতে লাগিল ॥ ৩৩

সুভদ্রানন্দন অভিমন্যু ধরাশায়ী হইলে নিজের সৈন্যবাহিনীর মধ্যে ভাঙনের সৃষ্টি হইতে দেখিয়া অজাতশত্রু যুধিষ্ঠির নিজের সেই সৈন্যদিগকে এই কথা বলিলেন ॥ ৩৪

এই বীরবর অভিমন্যু যুদ্ধ করত নিহত হইয়া স্বর্গ গমন করিয়াছেন, তথাপি যুদ্ধ হইতে পরাঙ্মুখ হয় নাই। তোমরাও সকলে ধৈর্য্যধারণ কর, ভীত হইও না, আমরা রণাঙ্গনে শত্রুদিগকে অবশ্যই জয় করিব ৩৫

মহাতেজস্বী ও পরম কান্তিমান্ যোদ্ধাদিগের মধ্যে শ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির নিজের দুঃখী সৈন্যদিগকে এই কথা বলিয়া তাহাদের দুঃখ নিবারণ করিলেন ॥ ৩৬

যুদ্ধে বিষধর সর্পতুল্য ভয়ঙ্কর শত্রুরূপ রাজকুমারগণকে প্রথমে বধ করিয়া পরে অর্জ্জুননন্দন অভিমন্যু স্বর্গলোকে গমন করিয়াছিলেন ॥ ৩৭

দশ হাজার রথী ও মহারথী কোশলরাজ বৃহদ্বলকে বধ করিবার পর শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনসদৃশ পরাক্রমশালী অভিমন্যু অবশ্যই ইন্দ্রলোকে গমন করিয়াছেন ॥ ৩৮

সহস্র সহস্র রথ, অশ্ব, পদাতি ও হস্তীদিগকে সংহার করিয়াও তিনি তৃপ্ত হন নাই। পুণ্যকর্ম্মকারী অভিমন্যু শোকলাভের অযোগ্য ছিলেন। তিনি পুণ্যাত্মাগণের পুণ্যার্জ্জিত সনাতনলোকে গমন করিলেন ॥ ৩৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর বধবিষয়ক একোন-পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[তৃতীয়দিবসস্য যুদ্ধসমাপ্তিঃ, সৈন্যানাং শিবিরে প্রত্যাবর্ত্তনম্, রণভূমিবর্ণনঞ্চ।]

সঞ্জয় উবাচ।
বয়ং তু প্রবরং হত্বা তেষাং তৈঃ শরপীড়িতাঃ।
নিবেশায়াভ্যুপায়ামঃ সায়াহ্নে রুধিরোক্ষিতাঃ ॥ ১
নিরীক্ষমাণাস্তু বয়ং পরে চায়োধনং শনৈঃ।
অপযাতা মহারাজ গ্লানিং প্রাপ্তা বিচেতসঃ ॥ ২

পঞ্চাশত্তম অধ্যায়।

[তৃতীয়দিনের যুদ্ধ সমাপ্তি, সৈন্যদের শিবিরে প্রত্যাবর্ত্তন এবং রণভূমির বর্ণন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! আমরা শত্রুদিগের শ্রেষ্ঠ বীর অভিমন্যুকে বধ করিয়া এবং তাহাদের বাণসমূহে পীড়িত হইয়া সন্ধ্যার সময় বিশ্রাম করিবার জন্য শিবিরে চলিয়া আসিলাম। সেই সময় আমাদের সর্ব্বাঙ্গ রুধিরে লিপ্ত হইয়া গিয়াছিল ॥ ১

মহারাজ! আমরা এবং শত্রুপক্ষের সৈন্যগণ যুদ্ধস্থলকে

ততো নিশায়া দিবসস্য চাশিবঃ
শিবারুতৈঃ সন্ধিরবর্ততাদ্ভুতঃ।
কুশেশয়াপীড়নিভে দিবাকরে
বিলম্বমানেঽস্তমুপেত্য পর্বতম্ ॥ ৩

বরাসিশক্ত্যৃষ্টিবরূথচর্মণাং
বিভূষণানাঞ্চ সমাক্ষিপন্ প্রভাঃ।
দিবঞ্চ ভূমিঞ্চ সমানয়ন্নিব
প্রিয়াং তনুং ভানুরুপৈতি পাবকম্ ॥৪

মহাভ্রকূটাচলশৃঙ্গসন্নিভৈ-
র্গজৈরনেকৈরিব বজ্রপাতিতৈঃ।
স বৈজয়ন্ত্যঙ্কুশবর্মযন্তৃভি-
র্নিপাতিতৈর্নষ্টগতিশ্চিতা ক্ষিতিঃ ॥ ৫

হতেশ্বরৈশ্চ র্ণিতপত্ত্যুপস্করৈ-
র্হতাশ্বসূতৈর্বিপতাককেতুভিঃ।
মহারথৈর্ভূঃ শুশুভে বিচূর্ণিতৈঃ
পুরৈরিবামিত্রহতৈর্নরাধিপ ॥ ৬

রথাশ্ববৃন্দৈঃ সহ সাদিভির্হতৈঃ
প্রবিদ্ধভাণ্ডাভরণৈঃ পৃথগ্বিধৈঃ।
নিরস্তজিহ্বাদশনান্ত্রলোচনৈ-
র্ধরা বভৌ ঘোরবিরূপদর্শনা ॥ ৭

প্রবিদ্ধবর্মাভরণাম্বরায়ুধা
বিপন্নহস্ত্যশ্বরথানুগা নরাঃ।
মহার্হশয্যাস্তরণোচিতাস্তদা
ক্ষিতাবনাথা ইব শেরতে হতাঃ ॥ ৮

অতীব হৃষ্টাঃ শ্ব-শৃগাল-বায়সা
বকাঃ সুপর্ণাশ্চ বৃকাস্তরক্ষবঃ।
বয়াংস্যসৃক্পাস্ত্বথ রক্ষসাং গণাঃ
পিশাচসঙ্ঘাশ্চ সুদারুণা রণে ॥ ৯

ত্বচো বিনির্ভিদ্য পিবন্ বসামসৃক্
তথৈব মজ্জাঃ পিশিতানি চাশ্নুবন্।
বপাং বিলুম্পন্তি হসন্তি গান্তি চ
প্রকর্ষমাণাঃ কুণপান্যনেকশঃ ॥ ১০

দেখিতে দেখিতে ধীরে ধীরে সেখান হইতে গমন করিলাম। এই সময় অত্যন্ত শোকগ্রস্ত পাণ্ডবপক্ষের সৈন্যরা অচেতনপ্রায় হইয়া পড়িল। ২

সেই সময় যখন সূর্য্যদেব অস্তাচলে উপস্থিত হইয়া পশ্চিমদিকে ঢলিয়া পড়িলেন, তখন তিনি কমলনির্ম্মিত মুকুটের ন্যায় প্রতীত হইতেছিলেন। দিন ও রাত্রির সন্ধিস্থলরূপ এই অদ্ভুত সন্ধ্যা শিবাগণের ভয়ঙ্কর শব্দে অমঙ্গলময়ী বলিয়া মনে হইতে লাগিল। ৩

সূর্য্যদেব শ্রেষ্ঠ তরবারি, শক্তি, ঋষ্টি, বরূথ, ঢাল ও আভরণ-সকলের প্রভা হরণ করিতে থাকিয়া আকাশ এবং পৃথিবীকে যেন সম অবস্থায় লইয়া যাইতে যাইতে নিজের প্রিয় শরীর অগ্নিতে প্রবেশ করিলেন। ৪

মহামেঘপুঞ্জ ও পর্ব্বতশিখরসদৃশ বিশালদেহ বহুসংখ্যক হাতী এভাবে রণাঙ্গনে পড়িয়াছিল যে, মনে হইতেছিল তাহারা বজ্রাহত হইয়া ভূতলে পতিত হইয়াছে। বৈজয়ন্তী পতাকা, অঙ্কুশ, কবচ এবং মাহুতসহ ভূপাতিত সেই সব গজরাজগণের দেহে সেখানকার রণভূমি পূর্ণ হইয়া গিয়াছিল, যাহার জন্য সেখানে গমনাগমন করাই দুঃসাধ্য হইয়া পড়িল। ৫

নরাধিপ! শত্রুগণকর্ত্তৃক বিধ্বস্ত বিশাল নগরসমূহের ন্যায় বড় বড় বহু রথ চূর্ণ বিচূর্ণ হইয়া পড়িয়াছিল। ইহাদের অশ্ব ও সারথি নিহত হইয়াছিল এবং ধ্বজ-পতাকাও নষ্ট করিয়া দেওয়া হইয়াছিল। এইভাবে এই সকল রথের আরোহী যোদ্ধারাও বিনষ্ট হইয়াছিল। পদাতি সৈন্যরা ও অন্যান্য বহু যুদ্ধোপযোগী দ্রব্যসমূহও খণ্ড বিখণ্ড হইয়া পড়িয়াছিল। তখন এই সকলের দ্বারা রণভূমি অতিশয় শোভা পাইতে লাগিল। ৬

রথ ও অশ্বসকল আরোহীদের সহিত নষ্ট হইয়া গিয়াছিল। ভিন্ন ভিন্ন বহু ভাণ্ড ও আভরণ ছিন্ন-ছিন্ন হইয়া পতিত ছিল। মনুষ্য ও পশুগণের জিহ্বা, দন্ত, অন্ত্র (আঁত) এবং চক্ষুসমূহ বাহির হইয়া আসিয়াছিল। এই সকলের দ্বারা সেই রণভূমি অতিশয় ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল। হস্তী, অশ্ব ও রথসমূহের অনুসরণকারী পদাতি মনুষ্যগণ নিজেদের প্রাণ হারাইয়া সেই রণাঙ্গনে পতিত ছিল। যে সমস্ত রাজা ও রাজকুমার বহুমূল্য শয্যা এবং বিছানায় শয়ন করিবার যোগ্য ছিলেন, তাহারা সকলে নিহত হইয়া অনাথের ন্যায় ভূতলে পতিত হইয়াছিলেন। ৭-৮

কুকুর, শৃগাল, কাক, বক, গরুড়, বৃক, তরক্ষু, রক্তপায়ী পক্ষী, রাক্ষসগণের দল এবং অত্যন্ত ভয়ানক পিশাচগণ সেই রণাঙ্গনে অতিশয় হৃষ্ট হইয়া বিচরণ করিতেছিল। ৯

ইহারা মৃতদের ত্বক্ (চামড়া) বিদীর্ণ করিয়া তাহাদের বসা

শরীরসঙ্ঘাতবহা হ্যসৃগ্জলা
রথোড়ুপা কুঞ্জরশৈলসঙ্কটা।
মনুষ্যশীর্ষোপলমাংসকর্দমা
প্রবিদ্ধনানাবিধশস্ত্রমালিনী ॥ ১১

ভয়াবহা বৈতরণীব দুস্তরা
প্রবর্ত্তিতা যোধবরৈস্তদা নদী।
উবাহ মধ্যেন রণাজিরে ভৃশং
ভয়াবহা জীবমৃতপ্রবাহিনী ॥ ১২

পিবন্তি চাশ্নন্তি চ যত্র দুর্দ্দশাঃ
পিশাচসঙ্ঘাস্তু নদন্তি ভৈরবাঃ।
সুনন্দিতাঃ প্রাণভৃতাং ক্ষয়ঙ্করাঃ
সমানভক্ষ্যাঃ শ্ব-শৃগাল-পক্ষিণঃ ॥ ১৩

তথা তদায়োধনমুগ্রদর্শনং
নিশামুখে পিতৃপতিরাষ্ট্রবর্দ্ধনম্।
নিরীক্ষমাণাঃ শনকৈর্জ্জহুর্নরাঃ
সমুত্থিতা নৃত্যকবন্ধসঙ্কুলম্ ॥ ১৪

অপেত-বিধ্বস্ত-মহার্হভূষণং
নিপাতিতং শক্রসমং মহাবলম্।
রণেঽভিমন্যুং দদৃশুস্তদা জনা
ব্যপোঢ়হব্যং সদসীব পাবকম ॥ ১৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি তৃতীয়দিবসাবহারে সমরভূমিবর্ণনে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫০

ও রক্তপান করিতেছিল, মজ্জা ও মাংস খাইতেছিল, চর্ব্বিসমূহ চর্ব্বণ করিতেছিল এবং বহু মৃতদেহকে এদিক্ ওদিকে টানিয়া লইয়া যাইতেছিল। তখন তাহারা হাসিতে ও গান গাহিতে ছিল ॥ ১০

সেই সময় শ্রেষ্ঠ যোদ্ধারা যুদ্ধভূমিতে রক্তের নদী প্রবাহিত করিয়া দিয়াছিলেন, যাহা বৈতরণী নদীর ন্যায় দুষ্কর ও ভয়ঙ্কর প্রতীত হইতেছিল। ইহাতে জলের স্থলে কেবল রক্তধারাই বহিয়া যাইতেছিল। বহু মৃতদেহসকল এই নদীতে বাহিত হইতেছিল। উহাতে রথসমূহ নৌকার ন্যায় দেখা যাইতেছিল। হস্তিসকলের দেহ উহাতে পর্ব্বতের ন্যায় মনে হইতেছিল। মনুষ্যগণের মস্তকসমূহ এই নদীর প্রস্তরতুল্য ছিল এবং মাংস ছিল কর্দ্দমসদৃশ। সেখানে খণ্ড খণ্ড হইয়া পতিত নানাপ্রকার অস্ত্রসমূহ মালার ন্যায় প্রতীত হইতেছিল। এই অত্যন্ত ভয়ঙ্করী নদী রণাঙ্গনের মধ্যভাগ দিয়া প্রবাহিত হইয়া মৃত ও জীবিতগণকে বহন করিতেছিল ॥ ১১-১২

যাহাদের দিকে দৃষ্টিপাত করাও অতিশয় কঠিন ছিল, এরূপ ভয়ঙ্কর পিশাচসমূহ সেখানে রক্তাদি পান করিতে লাগিল। সমস্ত প্রাণিগণের বিনাশকারী এই পিশাচেরা অতিশয় আনন্দিত ছিল। কুকুর, শৃগাল এবং পক্ষিগণও সমানভাবে ভোজনসামগ্রী পাইয়াছিল ॥ ১৩

প্রদোষকালে যমরাজের রাজ্যবৃদ্ধিকর সেই যুদ্ধক্ষেত্র অতিশয় ভয়ঙ্কর দেখাইতেছিল। সেখানে নৃত্যপরায়ণ বহু কবন্ধ (মুণ্ডহীন শবদেহ) রণভূমিকে ব্যাপ্ত করিয়া রাখিয়াছিল। এই সব দেখিতে দেখিতে উভয় পক্ষের যোদ্ধারা যুদ্ধস্থল হইতে ধীরে ধীরে যাইতে থাকিয়া যুদ্ধভূমি ত্যাগ করিল। ১৪

সেই সময় সকল লোকে দেখিতে লাগিলেন, ইন্দ্রতুল্য পরাক্রমশালী অভিমন্যু রণক্ষেত্রে পতিত রহিয়াছেন। তাহার বহুমূল্য আভরণসকল ছিন্ন-ভিন্ন হইয়া শরীর হইতে দূরে যাইয়া পড়িয়াছিল এবং তিনি যজ্ঞবেদীর উপর ঘৃতাহুতিহীন অগ্নির ন্যায় নিস্তেজ হইয়া পতিত আছেন। ১৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে তৃতীয়দিবসের যুদ্ধসমাপ্তির পর সৈন্যদের শিবিরে প্রস্থান ও যুদ্ধভূমিবর্ণন বিষয়ক পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

[যুধিষ্ঠিরস্য বিলাপঃ।]

সঞ্জয় উবাচ।

হতে তস্মিন্ মহাবীর্য্যে সৌভদ্রে রথযূথপে।
বিমুক্তরথসন্নাহাঃ সর্ব্বে নিক্ষিপ্তকার্ম্মুকাঃ॥ ১
উপোপবিষ্টা রাজানং পরিবার্য্য যুধিষ্ঠিরম্।
তদেব যুদ্ধং ধ্যায়ন্তঃ সৌভদ্রগতমানসাঃ॥ ২
ততো যুধিষ্ঠিরো রাজা বিললাপ সুদুঃখিতঃ।
অভিমন্যৌ হতে বীরে ভ্রাতুঃ পুত্রে মহারথে॥ ৩
(এষ জিত্বা কৃপং শল্যং রাজানঞ্চ সুযোধনম্।
দ্রোণং দ্রৌণিং মহেষ্বাসং তথৈবান্যান্ মহারথান্॥)
দ্রোণানীকমসম্বাধং মম প্রিয়চিকীর্ষয়া।
(হত্বা শত্রুগণান্ বীরানেষ শেতে নিপাতিতঃ।
কৃতাস্ত্রান্ যুদ্ধকুশলান্ মহেষ্বাসান্ মহারথান্॥
কুল-শীল-গুণৈর্যুক্তান শূরান্ বিখ্যাতপৌরুষান্।
দ্রোণেন বিহিতং ব্যূহমভেদ্যমমরৈরপি॥
অদৃষ্টপূর্ব্বমস্মাভিঃ চক্রং চক্রায়ুধপ্রিয়ঃ।)
ভিত্ত্বা ব্যূহং প্রবিষ্টোঽসৌ গোমধ্যমিব কেসরী॥ ৪
(বিক্রীড়িতং রণে তেন নিঘ্নতা বৈ পরান্ বরান্।)
যস্য শূরা মহেষ্বাসাঃ প্রত্যনীকগতা রণে।
প্রভগ্না বিনিবর্ত্তন্তে কৃতাস্ত্রা যুদ্ধদুর্মদাঃ॥ ৫
অত্যন্তশত্রুরস্মাকং যেন দুঃশাসনঃ শরৈঃ।
ক্ষিপ্রং হ্যভিমুখঃ সংখ্যে বিসংজ্ঞো বিমুখীকৃতঃ॥ ৬
স তীর্ত্বা দুস্তরং বীরো দ্রোণানীকমহার্ণবম্।
প্রাপ্য দৌঃশাসনিং কার্ষ্ণিঃ প্রাপ্তো বৈবস্বতক্ষয়ম্॥৭
কথং দ্রক্ষ্যামি কৌন্তেয়ং সৌভদ্রে নিহতেঽর্জুনম্।
সুভদ্রাং বা মহাভাগাং প্রিয়ং পুত্রমপশ্যতীম্॥৮

একপঞ্চাশত্তম অধ্যায়

[যুধিষ্ঠিরের বিলাপ]

সঞ্জয় বলিলেন,—রাজন্! মহাপরাক্রমশালী রথযূথপতি সুভদ্রানন্দন অভিমন্যু নিহত হইলে পর সমস্ত পাণ্ডবমহারথীরা রথ ও কবচ পরিত্যাগ পূর্ব্বক ধনুসকলকে নীচের দিকে অবনত করিয়া রাজা যুধিষ্ঠিরকে চারিদিকে পরিবৃত করত তাঁহার সমীপে উপবেশন করিলেন। ইঁহাদের সকলেরই মন সুভদ্রা-নন্দন অভিমন্যুর উপরই নিহিত ছিল এবং ইঁহারা তাঁহার সেই যুদ্ধের কথা চিন্তা করিতেছিলেন। ১-২

সেই সময় রাজা যুধিষ্ঠির স্বীয় ভ্রাতা অর্জুনের বীর পুত্র অভিমন্যু নিহত হইলে পর অত্যন্ত দুঃখিত হইয়া বিলাপ করিতে লাগিলেন। ৩

অহো! কৃপাচার্য্য, শল্য, রাজা দুর্য্যোধন, দ্রোণাচার্য্য, মহাধনুর্দ্ধর অশ্বত্থামা এবং অন্যান্য মহরথী বীরগণকে জয় করিয়া, আমার প্রিয় করিবার ইচ্ছায় দ্রোণাচার্য্যের নির্বাধ সৈন্যব্যূহকে বিনষ্ট করত বীর শত্রুবর্গকে বিনাশ করিবার পর পুত্র অভিমন্যু ভূপতিত হইয়াছে এবং সে এখন রণভূমিতে শুইয়া আছে। যাহারা অস্ত্রবিদ্যায় বিদ্বান্, যুদ্ধনিপুণ, কুল-শীল ও বহু সদ্গুণে গুণবান্, শৌর্য্যশালী বীর, নিজেদের পরাক্রমের জন্য ভুবনে প্রসিদ্ধ, সেই সব মহাধনুর্দ্ধর মহারথী বীরগণকে পরাজিত করিয়া দেবতাগণের পক্ষেও যাহাকে ভেদ করা দুঃসাধ্য এবং আমরা যাহাকে পূর্ব্বে কখনও দেখি নাই, সেই দ্রোণনির্ম্মিত চক্রব্যূহ ভেদ করিয়া চক্রধারী ভগবান্ শ্রীকৃষ্ণের প্রিয় ভগিনী-নন্দন অভিমন্যু তাহার মধ্যে সেইরূপ প্রবেশ করিয়াছিল, যেরূপ সিংহ গো-সমুদায়ের মধ্যে প্রবেশ করিয়া থাকে। ৪

সে রণাঙ্গনে প্রধান প্রধান শত্রুবীরগণকে বধ করিতে থাকিয়া অদ্ভুত রণক্রীড়া করিয়াছিল। যুদ্ধে ইহার সম্মুখে আসিলে পর শত্রুপক্ষের অস্ত্রবিদ্যাবিশারদ, যুদ্ধদুর্ম্মদ ও মহাধনুর্দ্ধর বীরগণও উৎসাহহীন হইয়া পলায়ন করিত। ৫

যে বীর অর্জুনকুমার যুদ্ধস্থলে আমাদের ঘোরতর শত্রু দুঃশাসন সম্মুখে আসিলে অতি দ্রুত নিজের অস্ত্রসমূহের দ্বারা তাহাকে অচেতন করিয়া দিয়া বিতাড়িত করিয়াছিল, সেই বীর দুস্তর মহাসাগরতুল্য দুরতিক্রমণীয় দ্রোণসেনা পার হইয়াও দুঃশাসনের পুত্রের নিকট পর্য্যন্ত যাইয়া যমলোকে গমন করিল। ৬-৭

সুভদ্রা-কুমার অভিমন্যুকে বিনাশ করিয়া দেওয়ায় আমি এখন কিভাবে অর্জুনের মুখের দিকে দৃষ্টিপাত করিব? অথবা যে নিজের প্রিয় পুত্রকে দেখিতে পায় নাই, সেই মহাভাগা সুভদ্রার সম্মুখে কিভাবে গমন করিব? ৮

কিংস্বিদ্ বরমপেতার্থমশ্লিষ্টমসমঞ্জসম্।
তাবুভৌ প্রতিবক্ষ্যামো হৃষীকেশ-ধনঞ্জয়ৌ ॥ ৯
অহমেব সুভদ্রায়াঃ কেশবার্জ্জুনয়োরপি।
প্রিয়কামো জয়াকাঙ্ক্ষী কৃতবানিদমপ্রিয়ম্ ॥ ১০
ন লুব্ধো বুধ্যতে দোষাঁল্লোভান্মোহাৎ প্রবর্ত্ততে।
মধুলিপ্সুর্হি নাপশ্যং প্রপাতমহমীদৃশম্ ॥ ১১
যো হি ভোজ্যে পুরস্কার্য্যো যানেষু শয়নেষু চ।
ভূষণেষু চ সোঽস্মাভির্বালো যুধি পুরস্কৃতঃ ॥ ১২
কথং হি বালস্তরুণো যুদ্ধানামবিশারদঃ।
সদশ্ব ইব সম্বাধে বিষমে ক্ষেমমর্হতি ॥ ১৩
নো চেদ্ধি বয়মপ্যেনং মহীমনু শয়ীমহি।
বীভৎসোঃ কোপদীপ্তস্য দগ্ধাঃ কৃপণচক্ষুষা ॥ ১৪
অলুব্ধো মতিমান্ হ্রীমান্ ক্ষমাবান্ রূপবান্ বলী।
বপুষ্মান্ মানকৃদ্ বীরঃ প্রিয়ঃ সত্যপরাক্রমঃ ॥ ১৫
যস্য শ্লাঘন্তি বিবুধাঃ কর্ম্মাণ্যূর্জ্জিতকর্ম্মণঃ।
নিবাতকবচান্ জঘ্নে কালকেয়াংশ্চ বীর্য্যবান্ ॥১৬
মহেন্দ্রশত্রবো যেন হিরণ্যপুরবাসিনঃ।
অক্ষোর্নিমেষমাত্রেণ পৌলোমাঃ সগণা হতাঃ ॥ ১৭
পরেভ্যোঽপ্যভয়ার্থিভ্যো যো দদাত্যভয়ং বিভুঃ।
তস্যাস্মাভির্ন শকিতস্ত্রাতুমপ্যাত্মজো বলী ॥ ১৮
ভয়ং তু সুমহৎ প্রাপ্তং ধার্ত্তরাষ্ট্রান্ মহাবলান্।
পার্থঃ পুত্রবধাৎ ক্রুদ্ধঃ কৌরবান্ শোষয়িষ্যতি ॥ ১৯
ক্ষুদ্রঃ ক্ষুদ্রসহায়শ্চ স্বপক্ষক্ষয়মাতুরঃ।
ব্যক্তং দুর্য্যোধনো দৃষ্ট্বা শোচন্ হাস্যতি জীবিতম্ ॥২০
ন মে জয়ঃ প্রীতিকরো ন রাজ্যং
ন চামরত্বং ন সুরৈঃ সলোকতা।
ইমং সমীক্ষ্যাপ্রতিবীর্য্যপৌরুষং
নিপাতিতং দেববরাত্মজাত্মজম্ ॥ ২১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি যুধিষ্ঠিরবিলাপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫১

হায়! আমরা ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন এই দুইজনের সম্মুখে এই অনর্থপূর্ণ, অসঙ্গত ও অনুচিত বৃত্তান্ত কিরূপে বর্ণনা করিব ? ৯

আমিই আমার প্রিয় করিবার ইচ্ছায় যুদ্ধে জয়াকাঙ্ক্ষী হইয়া সুভদ্রা, শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের এই অপ্রিয় কার্য্য করিলাম ॥ ১০

লোভী মনুষ্য কোন কার্য্যের দোষ দেখিতে পায় না। সে লোভ ও মোহের বশীভূত হইয়া তাহাতে প্রবৃত্ত হয়। আমি মধুসদৃশ মধুররাজ্য লাভ করিবার কামনা করিয়া ইহা দেখি নাই যে, ইহাতে ভয়ঙ্কর পতনের ভয় আছে ॥ ১১

হায়! যে সুকুমার বালককে ভোজন, শয়ন, যানে আরোহণ এবং বস্ত্রপরিধান প্রভৃতি কর্ম্মেই অগ্রে স্থান দিতে হয়, তাহাকে কিনা আমরা যুদ্ধের জন্য অগ্রে পাঠাইয়া দিলাম ॥ ১২

সেই তরুণ কুমার এখনও বালক। যুদ্ধবিদ্যায় পূর্ণ নিপুণতা অর্জ্জন করে নাই, সুতরাং গহন বনে প্রবেশ করিয়া সদশ্বের ন্যায় এই বিষম সঙ্কটময় সংগ্রামে যাইয়া কিভাবে কুশলে থাকিতে পারিবে ॥১৩

যদি আমরা অভিমন্যুর সহিতই আজ রণাঙ্গনে শয়ন না করি, তবে ক্রোধে উত্তেজিত অর্জ্জুনের শোকাকুল নেত্রবহ্নিতে অবশ্যই আমরা দগ্ধ হইয়া যাইব ॥ ১৪

যে লোভহীন, বুদ্ধিমান্, লজ্জাশীল, ক্ষমাবান্, রূপবান্, বলশালী, সুন্দর শরীরধারী, অপরকে মানদানকারী, প্রীতিপাত্র, বীর ও সত্যপরাক্রমী, যাহার কর্ম্ম দেবগণও প্রশংসা করেন, যাহার কর্ম্ম বলপূর্ণ ও মহৎ, যে পরাক্রমশালী বীর নিবাতকবচ ও কালকেয় অসুরগণকে বিনাশ করিয়াছে, যে চক্ষুর নিমেষের মধ্যেই হিরণ্যপুরবাসী ইন্দ্রশত্রু পৌলোমনামক দানবগণের সহিত তাহাদের সংহার করিয়াছিল, সেই সামর্থ্যশালী অর্জ্জুন শত্রুগণও যদি অভয় কামনা করিয়া তাহার নিকটে আসে, তবে তাহাদিগকেও সে অভয়দান করিয়া থাকে; হায়! এরূপ বলশালী বীরের পুত্রকে আমরা রক্ষা করিতে পারিলাম না ॥ ১৫-১৮

অহো! মহাবল ধৃতরাষ্ট্রপুত্রগণের উপর এখন অতিশয় গুরুতর ভয় আসিয়া উপস্থিত হইল কারণ, নিজের পুত্রের বধে কুপিত হইয়া কুন্তীকুমার অর্জ্জুন কৌরবগণকে শুষ্ক করিয়া ফেলিবে—তাহাদের মূলোচ্ছেদ করিয়া দিবে ॥ ১৯

দুর্য্যোধন নীচ পুরুষ। তাহার সহায়কগণও নীচ; তাই সে নিশ্চয়ই অর্জ্জুনের হাতে নিজের পক্ষের বিনাশ দেখিয়া শোকে ব্যাকুল হইয়া স্বীয় প্রাণ পরিত্যাগ করিবে ॥ ২০

যাহার বল ও পুরুষার্থের কোনও তুলনা নাই, দেবেন্দ্রকুমার অর্জ্জুনের সেই পুত্র অভিমন্যুকে রণাঙ্গনে মৃত দেখিয়া এখন আমাকে বিজয়, রাজ্য, অমরত্ব, ও দেবলোকলাভও প্রীতিদান করিতে পারে না ॥২১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে যুধিষ্ঠিরের প্রলাপবিষয়ক একপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

[বিলাপরত-যুধিষ্ঠিরসমীপে ব্যাসদেবস্যাগমনম্, অকম্পন-নারদবৃত্তান্তং বর্ণয়তা ব্যাসেন মৃত্যোরুৎপত্তি-প্রসঙ্গবর্ণনঞ্চ।]

সঞ্জয় উবাচ।

অথৈনং বিলপন্তং তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
কৃষ্ণদ্বৈপায়নস্তত্র আজগাম মহানৃষিঃ॥ ১

অর্চয়িত্বা যথান্যায়মুপবিষ্টং যুধিষ্ঠিরঃ।
অব্রবীচ্ছোকসন্তপ্তো ভ্রাতঃ পুত্রবধেন চ॥ ২

অধর্মযুক্তৈর্বহুভিঃ পরিবার্য্য মহারথৈঃ।
যুধ্যমানো মহেষ্বাসৈঃ সৌভদ্রো নিহতো রণে॥ ৩

বালশ্চ বালবুদ্ধিশ্চ সৌভদ্রঃ পরবীরহা।
অনুপায়েন সংগ্রামে যুধ্যমানো বিশেষতঃ॥ ৪

ময়া প্রোক্তঃ স সংগ্রামে দ্বারং সঞ্জনয়স্ব নঃ।
প্রবিষ্টেঽভ্যন্তরে তস্মিন্ সৈন্ধবেন নিবারিতাঃ॥ ৫

নমু নাম সমং যুদ্ধমেষ্টব্যং যুদ্ধজীবিভিঃ।
ইদং চৈবাসমং যুদ্ধমীদৃশং যৎ কৃতং পরৈঃ॥ ৬

তেনাস্মি ভৃশসন্তপ্তঃ শোকবাষ্পসমাকুলঃ।
শমং নৈবাধিগচ্ছামি চিন্তয়ানঃ পুনঃ পুনঃ॥ ৭

সঞ্জয় উবাচ।

তং তথা বিলপন্তং বৈ শোকব্যাকুলমানসম্
উবাচ ভগবান্ ব্যাসো যুধিষ্ঠিরমিদং বচঃ॥ ৮

ব্যাস উবাচ।

যুধিষ্ঠির মহাপ্রাজ্ঞ সর্বশাস্ত্রবিশারদ।
ব্যসনেষু ন মুহ্যন্তি ত্বাদৃশা ভরতর্ষভ॥ ৯

স্বর্গমেষ গতঃ শূরঃ শত্রূন্ হত্বা বহূন্ রণে।
অবালসদৃশং কর্ম কৃত্বা বৈ পুরুষোত্তমঃ॥ ১০

অনতিক্রমণীয়ো বৈ বিধিরেষ যুধিষ্ঠির।
দেব-দানব-গন্ধর্বান্ মৃত্যুর্হরতি ভারত॥ ১১

দ্বিপঞ্চাশতম অধ্যায়

[বিলাপরত যুধিষ্ঠিরের নিকট ব্যাসদেবের আগমন এবং অকম্পন ও নারদের সংবাদ বলিতে বলিতে ব্যাসকর্তৃক মৃত্যুর উৎপত্তির প্রসঙ্গবর্ণন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! তারপর এইরূপে বিলাপরত কুন্তীপুত্র যুধিষ্ঠিরের নিকট সে স্থলে মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব শুভাগমন করিলেন॥ ১

সেইসময় যুধিষ্ঠির তাঁহার যথাযোগ্য পূজা করিলেন। তারপর তিনি যখন উপবিষ্ট হইলেন, তখন ভ্রাতা অর্জুনের পুত্র অভিমন্যুর বিনাশে শোকসন্তপ্ত রাজা যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন॥ ২

মুনে! অধর্মপরায়ণ অথচ মহাধনুর্দ্ধর বহুসংখ্যক মহারথী চারিদিক্ দিয়া ঘিরিয়া রণাঙ্গনে যুদ্ধ করত একাকী সুভদ্রাকুমার অভিমন্যুকে অসহায় অবস্থায় বধ করিয়াছেন॥ ৩

শত্রুবীরনাশী অভিমন্যু এখনও বালক ও বালকসুলভ বুদ্ধি-সম্পন্ন ছিল। বিশেষতঃ সে সংগ্রামে উপযুক্ত দ্রব্যসামগ্রীহীন হইয়াই যুদ্ধ করিতেছিল॥ ৪

আমি যুদ্ধস্থলে তাহাকে বলিয়াছিলাম যে, তুমি ব্যূহমধ্যে প্রবেশ করিবার জন্য আমাদের দ্বার উন্মোচন করিয়া দাও। তখন সে দ্বার উন্মোচন করিয়া ব্যূহমধ্যে প্রবেশ করিয়া যাইল। তারপর যখন আমরা সেই দ্বার দিয়া ব্যূহের মধ্যে প্রবেশ করিতেছিলাম, তখন সিন্ধুরাজ জয়দ্রথ আসিয়া আমাদের প্রতি-রোধ করিল॥ ৫

যুদ্ধজীবী ক্ষত্রিয়গণের স্বীয় তুল্য অস্ত্রাদি সাধনসম্পন্ন বীরের সহিতই যুদ্ধ করিবার বাসনা করা উচিত। শত্রুরা যে অভিমন্যুর সহিত এতাদৃশ যুদ্ধ করিল, তাহা কখনই সমান হইতে পারে না॥ ৬

সেইজন্য আমি অত্যন্ত সন্তপ্ত, শোকাশ্রুতে সদা আমার চক্ষু পূর্ণ হইয়া যাইতেছে। আমি বারংবার চিন্তায় নিমগ্ন হইয়া পড়িতেছি এবং আমি কোনরূপেই শান্তিলাভ করিতে পারিতেছি না॥ ৭

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপে শোকে ব্যাকুল হইয়া বিলাপরত রাজা যুধিষ্ঠিরকে ভগবান্ ব্যাসদেব এই কথা বলিলেন॥৮

ব্যাসদেব বলিলেন,—সমস্ত শাস্ত্রে বিশেষজ্ঞ, মহামতি, ভরত-কুলভূষণ যুধিষ্ঠির! তোমার ন্যায় পুরুষের পক্ষে সঙ্কটের সময় মোহগ্রস্ত হওয়া উচিত নহে॥ ৯

সেই পুরুষোত্তম অভিমন্যু শৌর্য্যশালী বীর। সে রণাঙ্গনে অবালোকচিত্ত পরাক্রম প্রকাশ করত বহুসংখ্যক শত্রুকে বধ করিয়া স্বর্গলোকে গমন করিয়াছে॥ ১০

ভরতবংশধর যুধিষ্ঠির! ইহা বিধাতারই বিধান। ইহাকে কেহই উল্লঙ্ঘন করিতে পারিবে না। মৃত্যু দেবতা, দানব ও গন্ধর্বগণকেও হরণ-করিয়া থাকে॥ ১১

যুধিষ্ঠির উবাচ।

ইমে বৈ পৃথিবীপালাঃ শেরতে পৃথিবীতলে।
নিহতাঃ পৃতনামধ্যে মৃতসংজ্ঞা মহাবলাঃ॥ ১২
নাগাযুতবলাশ্চান্যে বায়ুবেগবলাস্তথা।
ত এতে নিহতাঃ সংখ্যে তুল্যরূপা নরৈর্নরাঃ॥ ১৩
নৈষাং পশ্যামি হন্তারং প্রাণিনাং সংযুগে ক্বচিৎ।
বিক্রমেণোপসম্পন্নাস্তপোবলসমান্বিতাঃ॥ ১৪
জেতব্যমিতি চান্যোন্যং যেষাং নিত্যং হৃদি স্থিতম্।
অথ চেমে হতাঃ প্রাজ্ঞাঃ শেরতে বিগতায়ুষঃ॥ ১৫
মৃতা ইতি চ শব্দোঽয়ং বর্ততে চ ততোঽর্থবৎ।
ইমে মৃতা মহীপালাঃ প্রায়শো ভীমবিক্রমাঃ॥ ১৬
নিশ্চেষ্টা নিরভীমানাঃ শূরাঃ শত্রুবশংগতাঃ।
রাজপুত্রাশ্চ সংরব্ধা বৈশ্বানরমুখং গতাঃ॥ ১৭
অত্র মে সংশয়ঃ প্রাপ্তঃ কুতঃ সংজ্ঞা মৃতা ইতি।
কস্য মৃত্যুঃ কুতো মৃত্যুঃ কেন মৃত্যুরিমাঃ প্রজাঃ॥ ১৮
হরত্যমরসঙ্কাশঃ তন্মে ব্রূহি পিতামহ।

সঞ্জয় উবাচ।

তং তথা পরিপৃচ্ছন্তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
আশ্বাসনমিদং বাক্যমুবাচ ভগবানৃষিঃ॥ ১৯

ব্যাস উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
অকম্পনস্য কথিতং নারদেন পুরা নৃপ॥ ২০
স চাপি রাজা রাজেন্দ্র পুত্রব্যসনমুত্তমম্।
অপ্রসহ্যতমং লোকে প্রাপ্তবানিতি মে মতিঃ॥ ২১
তদহং সম্প্রবক্ষ্যামি মৃত্যোঃ প্রভবমুত্তমম্।
ততস্ত্বং মোক্ষ্যসে দুঃখাৎ স্নেহবন্ধনসংশ্রয়াৎ॥ ২২
সমস্তপাপরাশিঘ্নং শৃণু কীর্তয়তো মম।
ধন্যমাখ্যানমায়ুষ্যং শোকঘ্নং পুষ্টিবর্ধনম্॥ ২৩
পবিত্রমরিসংঘঘ্নং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
যথৈব বেদাধ্যয়নমুপাখ্যানমিদং তথা॥ ২৪

যুধিষ্ঠির বলিলেন,—মুনে! এই মহাবল ভূপালগণ সৈন্যদের মধ্যভাগে নিহত হইয়া "মৃত" নাম ধারণ করত ভূতলে শয়ন করিয়া আছে। ১২

ইহাদের মধ্যে বহু রাজাই দশ হাজার হস্তিতুল্য বলশালী এবং বহু রাজার বেগ ও বল বায়ুসদৃশ। এই সব তুল্যরূপবিশিষ্ট মনুষ্যগণ অপর মনুষ্যদের দ্বারা যুদ্ধস্থলে নিহত হইয়াছে। ১৩

এই সকল প্রাণশক্তিসম্পন্ন বীরগণের যুদ্ধে কোন হন্তাকে আমি কোথাও দেখিতে পাইতেছি না; কারণ, ইঁহারা সকলেই পরাক্রমশালী ও তপোবলান্বিত। ১৪

যাহাদের হৃদয়ে পরস্পরকে জয়লাভ করিবার বাসনা বর্ত্তমান ছিল, সেই সব নরপতিগণও আয়ু শেষ হইয়া যাওয়ায় যুদ্ধে নিহত হইয়া ধরাতলে শয়ন করিয়া আছে। ১৫

অতএব ইহাদের প্রতি "মৃত"-এই শব্দ সার্থকভাবে বর্ত্তমান আছে। এই ভয়ঙ্কর পরাক্রমশালী ভূপালগণকে প্রায় মৃতই বলা হইয়াছে। ১৬

এই শৌর্য্যশালী বীর রাজকুমারগণ চেষ্টা ও অভিমানশূন্য হইয়া শত্রুদিগের অধীনস্থ হইয়াছে। ইহারা কুপিত হইয়া বাণবর্ষণরূপ অগ্নিমুখে প্রবেশ করিতেছে। ১৭

এবিষয়ে আমার এতাদৃশ সংশয় জন্মিয়াছে যে, ইহাকে কেন এই কথা বলা হয়? মৃত্যু নাম কোথা হইতে আসিল? কাহার মৃত্যু হয়? কি হেতু মৃত্যু হয়? এই মৃত্যু কি জন্য সকল প্রজাকে (প্রাণীকে) অপহরণ করিয়া থাকে? দেবতুল্য পিতামহ! এই সব বৃত্তান্ত আপনি আমাকে বলুন। ১৮

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপ প্রশ্নকারী কুন্তীপুত্র যুধিষ্ঠিরকে মুনিবর ভগবান্ ব্যাসদেব এই আশ্বাসজনক বাক্য বলিলেন। ১৯

ব্যাসদেব বলিলেন,—নরেশ্বর! জ্ঞানী পুরুষগণ এবিষয়ে একটি প্রাচীন ইতিহাস দৃষ্টান্তরূপে উপস্থাপন করেন। এই ইতিহাস বহু পূর্ব্বে দেবর্ষি নারদ রাজা অকম্পনকে বলিয়াছিলেন।

রাজেন্দ্র! রাজা অকম্পনও নিজ পুত্রের মৃত্যুতে অত্যন্ত শোকলাভ করিয়াছিলেন; যাহা আমার বিচারেও এজগতে সর্ব্বাপেক্ষা অধিক অসহ্য দুঃখকর ছিল। ২০-২১

এইজন্য আমি তোমাকে মৃত্যুর উৎপত্তিবিষয়ক উত্তম বৃত্তান্ত আজ বর্ণনা করিব, ইহা শ্রবণ করিয়া তুমি স্নেহবন্ধনের কারণ উৎপন্ন দুঃখ হইতে মুক্তিলাভ করিতে পারিবে। ২২

এই উপাখ্যান সমস্ত পাপরাশিনাশক। আমি ইহার বর্ণনা করিতেছি, তুমি শ্রবণ কর। ইহা ধন ও আয়ুর বৃদ্ধিকারক, শোকনাশী, পুষ্টিবর্দ্ধক, পবিত্র, শত্রুসমূহনিবারক এবং সমস্ত মঙ্গলকারী কার্য্য হইতে সর্ব্বাপেক্ষা অধিক মঙ্গলকারক। যেরূপ বেদসমূহের অধ্যয়ন পুণ্যদায়ক, সেইরূপ এই উপাখ্যানও পুণ্যপ্রদ বলিয়া জানিবে। ২৩-২৪

শ্রবণীয়ং মহারাজ প্রাতর্নিত্যং নৃপোত্তমৈঃ।
পুত্রানায়ুষ্মতো রাজ্যমীহমানৈঃ শ্রিয়ং তথা ॥ ২৫
পুরা কৃতযুগে তাত আসীদ্ রাজা হ্যকম্পনঃ।
স শত্রুবশমাপন্নো মধ্যে সংগ্রামমূর্ধনি ॥ ২৬
তস্য পুত্রো হরির্নাম নারায়ণসমো বলে।
শ্রীমান্ কৃতাস্ত্রো মেধাবী যুধি শক্রোপমো বলী ॥ ২৭
স শত্রুভিঃ পরিবৃতো বহুধা রণমূর্ধনি।
ব্যস্যন্ বাণসহস্রাণি যোধেষু চ গজেষু চ ॥ ২৮
স কর্ম দুষ্করং কৃত্বা সংগ্রামে শত্রুতাপনঃ।
শত্রুভির্নিহতঃ সংখ্যে পৃতনায়াং যুধিষ্ঠির ॥ ২৯
স রাজা প্রেতকৃত্যানি তস্য কৃত্বা শুচান্বিতঃ।
শোচন্নহনি রাত্রৌ চ নালভৎ সুখমাত্মনঃ ॥ ৩০
তস্য শোকং বিদিত্বা তু পুত্রব্যসনসম্ভবম্।
আজগামাথ দেবর্ষির্নারদোঽস্য সমীপতঃ ॥ ৩১

মহারাজ! দীর্ঘায়ু পুত্র, রাজ্য এবং ধন-সম্পত্তি কামনাকারী শ্রেষ্ঠ রাজগণের প্রত্যহ প্রাতঃকালে এই উপাখ্যান শ্রবণ করা উচিত ॥ ২৫

তাত! প্রাচীনকালের কথা, সত্যযুগে অকম্পননামক এক প্রসিদ্ধ রাজা ছিলেন। তিনি যুদ্ধে শত্রুদিগের বশীভূত হইয়া পড়িয়াছিলেন ॥ ২৬

রাজার এক পুত্র ছিল, যাঁহার নাম হইল হরি। তিনি বলে ভগবান্ নারায়ণের তুল্য ছিলেন। তিনি অস্ত্রবিদ্যায় পারদর্শী, মেধাবী, শ্রীসম্পন্ন এবং যুদ্ধে ইন্দ্রসদৃশ পরাক্রমী ॥ ২৭

তিনি এক সময় শত্রুগণকর্তৃক পরিবৃত হইয়া শত্রুপক্ষের যোদ্ধাদের ও গজারোহী সৈন্যদের উপর বারংবার সহস্র সহস্র বাণবর্ষণ করিতে লাগিলেন ॥ ২৮

যুধিষ্ঠির! সেই শত্রুতাপন বীর রাজকুমার সংগ্রামে দুষ্কর পরাক্রম দেখাইয়া শেষে সৈন্যগণের মধ্যে শত্রুসকলের দ্বারা নিহত হন ॥ ২৯

তখন রাজা অকম্পন শোকগ্রস্ত হইয়া পড়িলেন। তিনি পুত্রের অন্ত্যেষ্টি কার্য্য সমাধা করিয়া দিবারাত্র তাঁহারই শোকে নিমগ্ন রহিলেন। তাঁহার মনে তখন অল্পও শান্তি ছিল না ॥ ৩০

স্বীয় পুত্রের মৃত্যুতে রাজা অকম্পন অত্যন্ত শোকাকুল হইয়াছেন, ইহা জানিয়া দেবর্ষি নারদ তাঁহার নিকট আসিলেন ॥ ৩১

স তু রাজা মহাভাগো দৃষ্ট্বা দেবর্ষিসত্তমম্।
পূজয়িত্বা যথান্যায়ং কথামকথয়ৎ তদা ॥ ৩২
তস্য সর্বং সমাচষ্ট যথাবৃত্তং নরেশ্বরঃ।
শত্রুভির্বিজয়ং সংখ্যে পুত্রস্য চ বধং তথা ॥ ৩৩
মম পুত্রো মহাবীর্য্য ইন্দ্র-বিষ্ণুসমদ্যুতিঃ।
শত্রুভির্বহুভিঃ সংখ্যে পরাক্রম্য হতো বলী ॥ ৩৪
ক এষ মৃত্যুর্ভগবন্ কিং বীর্য্যবলপৌরুষঃ।
এতদিচ্ছামি তত্ত্বেন শ্রোতুং মতিমতাং বর ॥ ৩৫
তস্য তদ্ বচনং শ্রুত্বা নারদো বরদঃ প্রভুঃ।
আখ্যানমিদমাচষ্ট পুত্রশোকাপহং মহৎ ॥ ৩৬

নারদ উবাচ।

শৃণু রাজন্ মহাবাহো আখ্যানং বহুবিস্তরম্।
যথাবৃত্তং শ্রুতং চৈব ময়াপি বসুধাধিপ ॥ ৩৭

সেই সময় মহাভাগ রাজা অকম্পন দেবর্ষিপ্রবর নারদকে শুভাগমন করিতে দেখিয়া তাঁহার যথাযোগ্য পূজা করত তাঁহাকে নিজের পুত্রের মৃত্যুবৃত্তান্ত বলিলেন ॥ ৩২

রাজা অকম্পন ক্রমশঃ শত্রুগণের বিজয় এবং যুদ্ধস্থলে নিজ পুত্রের মৃত্যুবৃত্তান্ত এ সমস্ত বিষয়ই নারদকে যথাযথভাবে বলিয়া শুনাইলেন ॥ ৩৩

তিনি বলিলেন,—দেবর্ষে! আমার পুত্র ইন্দ্র ও বিষ্ণুর ন্যায় তেজস্বী, মহাপরাক্রমশালী এবং বলবান্ ছিল; কিন্তু যুদ্ধে বহু শত্রু একত্রে মিলিত হইয়া পরাক্রমপ্রকাশ করত তাহাকে বধ করিয়াছে ॥ ৩৪

ভগবন্! এই মৃত্যু কে? ইহার বীর্য্য, বল ও পৌরুষ কিরূপ? বুদ্ধিমান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ নারদ! আমি এই সব বিষয় যথাযথভাবে শুনিতে চাই ॥ ৩৫

রাজা অকম্পনের এই কথা শ্রবণ করিয়া বরদান করিতে সমর্থ ও প্রভাবশালী নারদ এই পুত্রশোকনাশক উত্তম উপাখ্যান বলিতে আরম্ভ করিলেন ॥ ৩৬

নারদ বলিলেন,—ভূপাল! তোমার পুত্রের মৃত্যু যেভাবে হইয়াছে, তাহার বৃত্তান্ত আমিও যথার্থরূপে পূর্ব্বেই শ্রবণ করিয়াছি। মহাবাহু রাজন্! এখন আমি তোমার নিকট এক বিস্তৃত উপাখ্যান আরম্ভ করিতেছি। তুমি ইহা একাগ্রচিত্তে শ্রবণ কর ॥ ৩৭

প্রজাঃ সৃষ্ট্বা তদা ব্রহ্মা আদিসর্গে পিতামহঃ।
অসংহৃতং মহাতেজা দৃষ্ট্বা জগদিদং প্রভুঃ ॥ ৩৮
তস্য চিন্তা সমুৎপন্না সংহারং প্রতি পার্থিব।
চিন্তয়ন্ন হ্যসৌ বেদ সংহারং বসুধাধিপ ॥ ৩৯
তস্য রোষান্ মহারাজ খেভ্যোঽগ্নিরুদতিষ্ঠত।
তেন সর্বা দিশো ব্যাপ্তাঃ সান্তর্দেশা দিধক্ষতা ॥ ৪০
ততো দিবং ভুবং চৈব জ্বালামালাসমাকুলম্।
চরাচরং জগৎ সর্বং দদাহ ভগবান্ প্রভুঃ ॥ ৪১
ততো হতানি ভূতানি চরাণি স্থাবরাণি চ।
মহতা ক্রোধবেগেন ত্রাসয়ন্নিব বীর্য্যবান্ ॥ ৪২

সৃষ্টির আদিতে মহাতেজস্বী ও শক্তিশালী পিতামহ ব্রহ্মা যখন প্রজাগণের সৃষ্টি করিলেন, তখন সংহারের কোনই ব্যবস্থা ছিল না, সুতরাং এই সম্পূর্ণ জগৎকে প্রাণিগণে পরিপূর্ণ ও মৃত্যু-রহিত দেখিয়া প্রাণিগণের সংহারের জন্য চিন্তিত হইলেন। রাজন্! ভূপাল! বহু কিছু চিন্তা করিবার পরেও ব্রহ্মার প্রাণিগণের সংহারের বিষয়ে কোন উপায় স্থির করিতে পারিলেন না ॥৩৮-৩৯

মহারাজ! সেই সময় ক্রোধবশতঃ ব্রহ্মার নেত্রাদি ইন্দ্রিয়-দ্বার-সমূহ দিয়া অগ্নি উৎপন্ন হইল। সেই অগ্নি এই জগৎকে দগ্ধ করিবার ইচ্ছায় সমস্ত দিক্ ও বিদিক্সমূহে ব্যাপ্ত হইয়া পড়িলেন ॥ ৪০

তদনন্তর আকাশ ও পৃথিবীতে সর্ব্বত্রই অগ্নির প্রচণ্ড শিখা ব্যাপ্ত হইল। দাহ করিতে সমর্থ এবং অত্যন্ত শক্তিশালী ভগবান্ অগ্নিদেব তীব্র ক্রোধবেগে সকলকে সন্ত্রস্ত করিতে করিতে সম্পূর্ণ চরাচর (স্থাবর-জঙ্গমাত্মক) জগৎকে দগ্ধ করিতে লাগিলেন। ইহাতে বহু স্থাবর-জঙ্গমপ্রাণী নষ্ট হইয়া যাইল ॥৪১-৪২

ততো রুদ্রো জটী স্থাণুর্নিশাচরপতির্হরঃ।
জগাম শরণং দেবং ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্ ॥ ৪৩
তস্মিন্নাপতিতে স্থাণৌ প্রজানাং হিতকাম্যয়া।
অব্রবীৎ পরমো দেবো জ্বলন্নিব মহামুনিঃ ॥ ৪৪
কিং কুর্মঃ কামং কামার্হ কামাজ্জাতোঽসি পুত্রক।
করিষ্যামি প্রিয়ং সর্বং ব্রূহি স্থাণো যদীচ্ছসি ॥ ৪৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি
দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫২

তাহার পর রাক্ষসগণের অধিপতি, জটাধারী, দুঃখহর্ত্তা স্থাণু-নামধারী ভগবান্ রুদ্র পরমেষ্ঠী ভগবান্ ব্রহ্মার শরণগ্রহণ করিলেন ॥ ৪৩

প্রজাসকলের হিতাকাঙ্ক্ষী ভগবান্ রুদ্রদেব আগমন করিলে পর মহামুনি ব্রহ্মা স্বীয় তেজে দেদীপ্যমান হইয়া এইরূপ বলিলেন ॥ ৪৪

স্বীয় অভীষ্ট মনোরথ লাভ করিবার যোগ্য পুত্র! তুমি আমার মানসিক সঙ্কল্প হইতে উৎপন্ন হইয়াছ। আমি তোমার কোন্ কামনা পূর্ণ করিব? তুমি যাহা পাইতে ইচ্ছুক, তাহা বল। আমি তোমার সকল মনোরথানুকূল প্রিয় কার্য্য করিব ॥৪৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে দ্বিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[শঙ্কর-ব্রহ্মণোঃ সংবাদঃ, মৃত্যোরুৎপত্তিঃ, তদুপরি প্রজাসংহারভারার্পণঞ্চ।]

স্থাণুরুবাচ।
প্রজাসর্গনিমিত্তং হি কৃতো যত্নস্ত্বয়া বিভো।
ত্বয়া সৃষ্টাশ্চ বৃদ্ধাশ্চ ভূতগ্রামাঃ পৃথগ্বিধাঃ ॥ ১
তাস্তবেহ পুনঃ ক্রোধাৎ প্রজা দহ্যন্তি সর্বশঃ।
তা দৃষ্ট্বা মম কারুণ্যং প্রসীদ ভগবন্ প্রভো ॥ ২

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

[শঙ্কর ও ব্রহ্মার সংবাদ, মৃত্যুর উৎপত্তি এবং তাহার উপর প্রজাসংহারের ভার অর্পণ।

স্থাণু (রুদ্রদেব) বলিলেন,—প্রভো! আপনি প্রজাগণের সৃষ্টির জন্য স্বয়ংই যত্ন করিয়াছেন। আপনি স্বয়ংই নানাপ্রকার প্রাণিগণের সৃষ্টি ও বৃদ্ধি করিয়াছেন ॥ ১

আপনার সেই সৃষ্ট প্রজাগণ পুনরায় আপনারই ক্রোধে এখন দগ্ধ হইতেছে। ইহাতে তাহাদের জন্য আমার হৃদয় করুণায় পূর্ণ হইয়া উঠিয়াছে। ভগবন্! প্রভো! সেইজন্য আপনি এই প্রজাগণের কৃপাদৃষ্টি করিয়া প্রসন্ন হউন ॥ ২

ব্রহ্মোবাচ।

সংহর্তুং ন চ মে কাম এতদেবং ভবেদিতি।
পৃথিব্যা হিতকামং তু ততো মাং মন্যুরাবিশৎ ॥
ইয়ং হি মাং সহা দেবী ভারার্তা সমচূচুদৎ।
সংহারার্থং মহাদেব ভারেণাভিহতা সতী ॥ ৪
ততোঽহং নাধিগচ্ছামি তথা বহুবিধং তদা।
সংহারমপ্রমেয়স্য ততো মাং মন্যুরাবিশৎ ॥ ৫

রুদ্র উবাচ।

সংহারার্থং প্রসীদস্ব মা রুষো বসুধাধিপ।
মা প্রজাঃ স্থাবরাশ্চৈব জঙ্গমাশ্চ ব্যনীনশঃ ॥ ৬
তব প্রসাদাদ্ ভগবন্নিদং বর্তেৎ ত্রিধা জগৎ।
অনাগতমতীতঞ্চ যচ্চ সম্প্রতি বর্ততে ॥ ৭
ভগবন্ ক্রোধসন্দীপ্তঃ ক্রোধাদগ্নিমবাসৃজৎ।
স দহত্যশ্মকূটানি দ্রুমাংশ্চ সরিতস্তথা ॥ ৮
পল্বলানি চ সর্বাণি সর্বাংশ্চৈব তৃণোলপান্।
স্থাবরং জঙ্গমং চৈব নিঃশেষং কুরুতে জগৎ ॥ ৯
তদেতদ্ ভস্মসাদ্ভূতং জগৎ স্থাবর-জঙ্গমম্।
প্রসীদ ভগবন্ স ত্বং রোষো ন স্যাদ্ বরো মম ॥ ১০
সর্বে হি সৃষ্টা নশ্যন্তি তব দেব কথঞ্চন।
তস্মান্নিবর্ততাং তেজস্ত্বয্যেবেদং প্রলীয়তাম্ ॥ ১১
তৎ পশ্য দেব সুভৃশং প্রজানাং হিতকাম্যয়া।
যথেমে প্রাণিনঃ সর্বে নিবর্তেরংস্তথা কুরু ॥১২
অভাবং নেহ গচ্ছেয়ুরুৎসন্নজননাঃ প্রজাঃ।
আদিদেব নিযুক্তোঽস্মি ত্বয়া লেকেষু লোককৃৎ ॥ ১৩
মা বিনশ্যেজ্জগন্নাথ জগৎ স্থাবরজঙ্গমম্।
প্রসাদাভিমুখং দেবং তস্মাদেবং ব্রবীম্যহম্ ॥ ১৪

নারদ উবাচ।

শ্রুত্বা হি বচনং দেবঃ প্রজানাং হিতকারণে।
তেজঃ সন্ধারয়ামাস পুনরেবান্তরাত্মনি ॥ ১৫
ততোঽগ্নিমুপসংহৃত্য ভগবাঁল্লোকসৎকৃতঃ।
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ কথয়ামাস বৈ প্রভুঃ ॥ ১৬

ব্রহ্মা বলিলেন,—রুদ্র! আমার ইচ্ছা এরূপ নহে যে, এই প্রজাগণ এইভাবে বিনষ্ট হউক। জগতের হিত কামনা করিয়াই আমার মনে এই ক্রোধ আবিষ্ট হইয়াছে। ৩

মহাদেব! এই পৃথিবীদেবী প্রজাগণের ভারে পীড়িত হইয়া জগতের সংহারের জন্য আমাকে প্রেরণাদান করিয়াছে। এই সতী-সাধ্বীদেবী গুরুতরভাবে অবনত হইয়া পড়িয়াছে। ৪

আমি অনেক প্রকার এই অনন্ত জগতের সংহারের জন্য চেষ্টা করিয়াছি, কিন্তু কোন উপায়ই আমি উদ্ভাবন করিতে পারি নাই। এজন্য আজ আমার মনে ক্রোধের সমাবেশ হইয়াছে। ৫

রুদ্র বলিলেন,—বসুধার অধিপতি পিতামহ! আপনি ক্রোধ করিবেন না। জগতের সংহার নিবারণের জন্য আপনি প্রসন্ন হউন। এই স্থাবর-জঙ্গম প্রাণিগণকে বিনাশ করিবেন না। ৬

ভগবন্! আপনার কৃপায় এই জগৎ যাহা পূর্ব্বে ছিল, সেই ভূত, যাহা ভবিষ্যতে থাকিবে, সেই ভবিষ্যৎ ও যাহা সম্প্রতি আছে, সেই বর্ত্তমান—এই তিন রূপে বিভক্ত হইয়া তিন ভাবে পরিচালিত হইতেছে। ৭

প্রভো! আপনি ক্রোধে প্রজ্বলিত হইয়া ক্রোধপূর্ব্বক যে অগ্নির সৃষ্টি করিয়াছেন, তিনি পর্ব্বতশিখর, বৃক্ষ ও নদীসমূহকে দগ্ধ করিতেছেন। ৮

এই অগ্নি সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়, সর্ব্বপ্রকার তৃণ ও লতাসমূহ এবং গতিশীল জগৎকে সম্পূর্ণরূপে ধ্বংস করিতেছে। এইরূপে এই সমগ্র চরাচর জগৎ প্রজ্বলিত হইয়া ভস্মীভূত হইয়াছে। ভগবন্! আপনি প্রসন্ন হউন। আপনার মনে যেন আর কোন রোষ না থাকে, ইহাই আপনার নিকট আমার বর প্রার্থনা। ৯-১০

দেব! আপনার সৃষ্ট এই সমস্ত প্রাণী যে কোনরূপে নষ্ট হইয়া থাকে; অতএব আপনার এই তেজস্বরূপ ক্রোধ জগতের সংহার হইতে নিবৃত্ত হইয়া আপনার মধ্যে বিলীন হউক। ১১

প্রভো! আপনার প্রজাবর্গের অত্যন্ত হিত কামনা করিয়া ইহাদের উপর কৃপাপূর্ণ দৃষ্টিতে অবলোকন করুন। যাহাতে এই সমস্ত প্রাণী ধ্বংস হইতে রক্ষা পায়, আপনি তাহাই করুন। ১২

সন্তানসকল নষ্ট হইয়া যাওয়ায় যাহাতে সকল প্রাণী লুপ্ত হইয়া না পড়ে। আদিদেব! আপনি লোকসমূহের মধ্যে আমাকে লোকস্রষ্টার পদে নিযুক্ত করিয়াছেন। ১৩

জগন্নাথ! এই চরাচর জগৎ যাহাতে নষ্ট না হয়, সেইজন্য সদা করুণা করিতে উদ্যত প্রভুর সম্মুখে আমার এইরূপ প্রার্থনা আমি নিবেদন করিলাম। ১৪

নারদ বলিলেন,—রাজন্! প্রজাগণের হিতের জন্য মহাদেবের এই বাক্য শ্রবণ করিয়া ভগবান্ ব্রহ্মা পুনরায় স্বীয় অন্তরাত্মায় সেই তেজ (ক্রোধ) ধারণ করিলেন। ১৫

তখন বিশ্ববন্দিত ভগবান্ ব্রহ্মা সেই ক্রোধাগ্নির উপসংহার

অস্রাশ্চান্যোন্যপরুষা দেহং ভিন্দ্যুঃ পৃথগ্বিধাঃ।

ব্রহ্মোবাচ।

তথা ভবিষ্যতে মৃত্যো সাধু সংহর ভোঃ প্রজাঃ।
অধর্মস্তে ন ভবিতা নাপধ্যাস্যাম্যহং শুভে ॥ ৩৯

যান্যশ্রুবিন্দূনি করে মমাসং-
স্তে ব্যাধয়ঃ প্রাণিনামাত্মজাতাঃ।
তে মারয়িষ্যন্তি নরান্ গতাসূন্
নাধর্মস্তে ভবিতা মা স্ম ভৈষীঃ ॥ ৪০

নাধর্মস্তে ভবিতা প্রাণিনাং বৈ
ত্বং বৈ ধর্মস্ত্বং হি ধর্মস্য চেশা।
ধম্যা ভূত্বা ধর্মনিত্যা ধরিত্রী
তস্মাৎ প্রাণান্ সর্বথেমান্ নিযচ্ছ ॥ ৪১

সর্বেষাং বৈ প্রাণিনাং কাম-রোষৌ
সন্ত্যজ্য ত্বং সংহরস্বেহ জীবান্।
এবং ধর্মস্ত্বাং ভবিষ্যত্যনন্তো
মিথ্যাবৃত্তান্ মারয়িষ্যত্যধর্মঃ ॥ ৪২

তেনাত্মানং পাবয়স্বাত্মনা ত্বং
পাপেঽহত্মানং মজ্জয়িষ্যন্ত্যসত্যাৎ।
তস্মাৎ কামং রোষমপ্যাগতং ত্বং
সন্ত্যজ্যান্তঃ সংহরস্বেতি জীবান্ ॥ ৪৩

নারদ উবাচ।

সা বৈ ভীতা মৃত্যুসংজ্ঞোপদেশা-
চ্ছাপাদ্ ভীতা বাঢ়মিত্যব্রবীৎ তম্।
সা চ প্রাণং প্রাণিনামন্তকালে
কাম-ক্রোধৌ ত্যজ্য হরত্যসক্তা ॥ ৪৪

মৃত্যুস্ত্বেষাং ব্যাধয়স্তৎপ্রসূতা
ব্যাধী রোগো রুজ্যতে যেন জন্তুঃ।
সর্বেষাঞ্চ প্রাণিনাং প্রায়ণান্তে
তস্মাচ্ছোকং মা কৃথা নিষ্ফলং ত্বম্ ॥ ৪৫

সর্বে দেবাঃ প্রাণিভিঃ প্রায়ণান্তে
গত্বা বৃত্তাঃ সংনিবৃত্তাস্তথৈব।
এবং সর্বে প্রাণিনস্তত্র গত্বা
বৃত্তা দেবা মর্ত্যবদ্ রাজসিংহ ॥ ৪৬

ব্রহ্মা বলিলেন,—মৃত্যু! তাহাই হইবে। তুমি উত্তম রীতি অনুসরণ করিয়া প্রাণিগণকে সংহার কর। শুভে! ইহাতে তোমার কোন অধর্ম হইবে না এবং আমিও তোমার কোন অনিষ্ট চিন্তা করিব না। ৩৯

তোমার অশ্রুবিন্দুসমূহ, যাহাদের আমি হস্তে ধারণ করিয়াছিলাম, তাহারা প্রাণিগণের নিজ নিজ শরীর হইতে উৎপন্ন ব্যাধিরূপে উপস্থিত হইয়া আয়ুশূন্য প্রাণীদিগকে বিনাশ করিবে, সুতরাং তুমি ভীত হইও না ॥ ৪০

তোমার কোন অধর্মই হইবে না। তুমিই প্রাণিগণের ধর্ম্ম ও সেই ধর্ম্মের ঈশ্বরী হইবে। অতএব সর্ব্বদা ধর্ম্মে তৎপর এবং ধর্ম্মানুকূল জীবন যাপন করিতে থাকিয়া ধরিত্রী হইয়া এই সমস্ত জীবগণের প্রাণকে নিয়ন্ত্রণ করিতে থাক ॥ ৪১

কাম ও ক্রোধ পরিত্যাগ করত এই জগতের সমস্ত প্রাণিগণের প্রাণকে সংহার কর। ইহা করিলে তুমি অক্ষয় ধর্ম্মলাভ করিতে সমর্থ হইবে। মিথ্যাচারী পুরুষকে ত তাহার অধর্ম্মই নাশ করিয়া থাকিবে ॥ ৪২

তুমি ধর্ম্মাচরণের দ্বারা স্বয়ংই নিজেকে নিজে পবিত্র কর। অসত্যের আশ্রয় গ্রহণ করিলে পর প্রাণী স্বয়ংই নিজেকে পাপপঙ্কে নিমজ্জিত করিবে। সেইজন্য নিজের মনে উৎপন্ন কাম ও ক্রোধ পরিত্যাগ করত তুমি সকল জীবকে সংহার কর ॥ ৪৩

নারদ বলিলেন,—রাজন্! সেই মৃত্যুনামধারিণী নারী ব্রহ্মার সেই উপদেশ, বিশেষতঃ তাঁহার শাপের ভয়ে ভীত হইয়া বলিলেন—আচ্ছা, আপনার আদেশ আমি স্বীকার করিয়া লইলাম। সেই মৃত্যু অন্তকাল আসিলেই কাম ও ক্রোধ পরিহার করত অনাসক্তভাবে সমস্ত প্রাণীদিগের প্রাণ হরণ করিয়া থাকেন ॥ ৪৪

ইহাই হইল প্রাণিগণের মৃত্যু, ইহার জন্য ব্যাধিসমূহের উৎপত্তি হইয়াছে। রোগের নাম হইল ব্যাধি, যাহার জন্য প্রাণিগণ রুগ্ন হইয়া যায় (অর্থাৎ তাহাদের স্বাস্থ্যভঙ্গ হইয়া যায়)। আয়ু শেষ হইলে সমস্ত প্রাণীগণের মৃত্যু এইভাবে হইয়া থাকে। রাজন্! অতএব তুমি বৃথা শোক করিও না ॥ ৪৫

আয়ু শেষ হইয়া যাইলে সমস্ত ইন্দ্রিয়বর্গ প্রাণিগণের সহিত পরলোকে যাইয়া অবস্থান করে এবং পুনরায় তাহাদের সহিতই এই লোকে প্রত্যাবর্ত্তন করে। নৃপশ্রেষ্ঠ! এইরূপে সকল প্রাণী কর্ম্মবলে দেবলোকে যাইয়া সেখানে দেবতারূপে অবস্থান করিয়া থাকে এবং সেই কর্ম্মদেবতা মনুষ্যগণের ন্যায় ভোগ সমাপ্ত হইলেই পুনরায় এ-জগতে ফিরিয়া আসে ॥ ৪৬

বায়ুর্ভীমো ভীমনাদো মহৌজা
ভেত্তা দেহান্ প্রাণিনাং সর্বগোঽসৌ।
নো বাবৃত্তিং নৈব বৃত্তিং কদাচিৎ
প্রাপ্নোত্যুগ্রোঽনন্ততেজোবিশিষ্টঃ ॥ ৪৭
সর্বে দেবা মর্ত্যসংজ্ঞাবিশিষ্টা-
স্তস্মাৎ পুত্রং মা শুচো রাজসিংহ।
স্বর্গং প্রাপ্তো মোদতে তে তনূজো
নিত্যং রম্যান্ বীরলোকানবাপ্য ॥ ৪৮
ত্যক্ত্বা দুঃখং সঙ্গতঃ পুণ্যকৃদ্ভি-
রেষা মৃত্যুর্দেবদিষ্টা প্রজানাম্।
প্রাপ্তে কালে সংহরন্তী যথাবৎ
স্বয়ং কৃতা প্রাণহরা প্রজানাম্ ॥ ৪৯
আত্মানং বৈ প্রাণিনো ঘ্নন্তি সর্বে
নৈতান্ মৃত্যুর্দণ্ডপাণির্হিনস্তি।
তস্মান্মৃতান্ নানুশোচন্তি ধীরা
মৃত্যুং জ্ঞাত্বা নিশ্চয়ং ব্রহ্মসৃষ্টম্।

ভয়ঙ্কর শব্দকারী মহাবলশালী ভয়ানক প্রাণবায়ু প্রাণিগণের দেহকেই ভেদ করিয়া থাকে (চেতন আত্মাকে নহে; কারণ,), তিনি সর্ব্বব্যাপী, উগ্রপ্রভাবশালী এবং অনন্ত তেজঃসম্পন্ন, তাঁহার কখনও বৃত্তি ও আবৃত্তি (গমনাগমন) হয় না ॥ ৪৭

রাজশ্রেষ্ঠ অকম্পন! সমস্ত দেবগণও মর্ত্ত্য (মরণধর্ম্মা) নামে বিভূষিত, সেইজন্য তুমি নিজের পুত্রের জন্য শোক করিও না। তোমার পুত্র স্বর্গলোকে গমন করিয়াছে এবং নিত্য রমণীয় বীর-লোকে অবস্থান করত আনন্দ অনুভব করিতেছে ॥ ৪৮

সে দুঃখ পরিত্যাগ করিয়া পুণ্যাত্মা পুরুষগণের সহিত যাইয়া মিলিত হইয়াছে। প্রাণিগণের জন্য এই মৃত্যু শ্রীভগবানের দান। সময় আসিলেই সে যথোচিতরূপে প্রাণিগণকে সংহার করিয়া থাকে। প্রজাবর্গের প্রাণহরণকারিণী এই মৃত্যুকে স্বয়ং ব্রহ্মাই সৃষ্টি করিয়াছেন ॥ ৪৯

সমস্ত প্রাণী স্বয়ংই নিজেকে নিজেই মৃত্যু বরণ করিয়া থাকে। মৃত্যু হাতে দণ্ড লইয়া ইহাদের বধ করেন না। অতএব ধীর পুরুষ মৃত্যুকে ব্রহ্মার দ্বারা সৃষ্ট নিশ্চিত বিধান জানিয়া মৃত প্রাণিগণের জন্য কখনও শোকপ্রকাশ করেন না। এইরূপ ব্রহ্মা-কর্তৃক সৃষ্ট সমস্ত বস্তুকে মৃত্যুর বশীভূত জানিয়া তুমি নিজের পুত্রের

ইত্থং সৃষ্টিং দেবক্লৃপ্তাং বিদিত্বা
পুত্রান্নষ্টাচ্ছোকমাশু ত্যজস্ব ॥ ৫০
দ্বৈপায়ন উবাচ।
এতচ্ছ্রুত্বার্থবদ্ বাক্যং নারদেন প্রকাশিতম্।
উবাচাকম্পনো রাজা সখায়ং নারদং তথা ॥ ৫১
ব্যপেতশোকঃ প্রীতোঽস্মি ভগবন্নৃষিসত্তম।
শ্রুত্বেতিহাসং ত্বত্তস্তু কৃতার্থোঽস্ম্যভিবাদয়ে ॥ ৫২
তথোক্তো নারদস্তেন রাজ্ঞা ঋষিবরোত্তমঃ।
জগাম নন্দনং শীঘ্রং দেবর্ষিরমিতাত্মবান্ ॥ ৫৩
পুণ্যং যশস্যং স্বর্গ্যঞ্চ ধন্যমায়ুষ্যমেব চ।
অস্যেতিহাসস্য সদা শ্রবণং শ্রাবণং তথা ॥ ৫৪
এতদর্থপদং শ্রুত্বা তদা রাজা যুধিষ্ঠির।
ক্ষত্রধর্মঞ্চ বিজ্ঞায় শূরাণাঞ্চ পরাং গতিম্ ॥ ৫৫
সম্প্রাপ্তোঽসৌ মহাবীর্য্যঃ স্বর্গলোকং মহারথঃ।
অভিমন্যুঃ পরান্ হত্বা প্রমুখে সর্বধন্বিনাম্ ॥ ৫৬

মৃত্যুতে উৎপন্ন শোককে সত্বর পরিত্যাগ কর ॥ ৫০

শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব বলিলেন, যুধিষ্ঠির! নারদের কথিত এই অর্থপূর্ণ বাক্য শ্রবণ করিয়া রাজা অকম্পন স্বীয় মিত্র নারদকে এই বলিলেন ॥ ৫১

ভগবন্! মুনিশ্রেষ্ঠ! আপনার মুখ হইতে এই ইতিহাস শ্রবণ করিয়া আমার শোক দূরীভূত হইয়াছে আমি প্রসন্ন ও কৃতার্থ হইলাম। আমি আপনার চরণে প্রণাম করিতেছি ॥ ৫২

রাজা অকম্পনকে এই কথা বলিয়া ঋষিগণের মধ্যে শ্রেষ্ঠতম অমিতাত্মা দেবর্ষি নারদ অতিসত্বর নন্দনবন অভিমুখে গমন করিলেন ॥ ৫৩

যে ব্যক্তি ইহা সর্ব্বদা শ্রবণ করেন ও অপরকে শ্রবণ করান, তাঁহাকে এই ইতিহাস পুণ্য, যশ, স্বর্গ, ধন এবং আয়ু প্রদান করিয়া থাকে ॥ ৫৪

যুধিষ্ঠির! সেই সময় মহারথী ও মহাপরাক্রমী রাজা অকম্পন এই উত্তম অর্থপ্রকাশকারী বৃত্তান্ত শ্রবণ করিয়া এবং ক্ষত্রিয় ধর্ম্ম শূর বীরগণের পরম গতিবিষয়ে জ্ঞানলাভ করত যথাসময়ে স্বর্গলোকে গমন করিলেন।

মহাধনুর্দ্ধর অভিমন্যু পূর্ব্বজন্মে চন্দ্রের পুত্র ছিলেন। এই মহারথী বীর সমরাঙ্গনে সমস্ত ধনুর্দ্ধরগণের সম্মুখে শত্রুদিগকে

যুধ্যমানো মহেষ্বাসো হতঃ সোঽভিমুখো রণে।
অসিনা গদয়া শক্ত্যা ধনুষা চ মহারথঃ।
বিরজাঃ সোমসূনুঃ স পুনস্তত্র প্রলীয়তে॥ ৫৭
তস্মাৎ পরাং ধৃতিং কৃত্বা ভ্রাতৃভিঃ সহ পাণ্ডব।
অপ্রমত্তঃ সুসন্নদ্ধঃ শীঘ্রং যোদ্ধুমুপাক্রম॥ ৫৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্বণি মৃত্যুপ্রজাপতিসংবাদে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥ ৫৪

বধ করিয়া খড়্গ, শক্তি, গদা ও ধনুর্দ্বারা সম্মুখযুদ্ধ করিতে করিতে নিহত হইয়াছে এবং দুঃখরহিত হইয়া পুনরায় সে চন্দ্রলোকে চলিয়া গিয়াছে॥ ৫৫-৫৭

পাণ্ডুনন্দন! অতএব তুমি ভ্রাতৃবৃন্দের সহিত উত্তম ধৈর্য্যধারণ করত প্রমাদ (অনবধানতা) পরিহার করিয়া উত্তমরূপে কবচাদিতে সুসজ্জিত হইয়া পুনরায় অতিশীঘ্র যুদ্ধের জন্য প্রস্তুত হও॥ ৫৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে মৃত্যু-প্রজাপতি-সংবাদবিষয়ক চতুঃপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[ষোড়শ-রাজকীয়োপাখ্যানারম্ভঃ, নারদস্য করুণয়া রাজ্ঞঃ সৃঞ্জয়স্য পুত্রলাভঃ, দস্যু ভিস্তস্য বিনাশঃ, পুত্রশোকসন্তপ্তস্য সৃঞ্জয়স্য সবিধে নারদস্য মরুত্তচরিত্রকথনঞ্চ।]

সঞ্জয় উবাচ।
শ্রুত্বা মৃত্যুসমুৎপত্তিং কর্মাণ্যনুপমানি চ।
ধর্মরাজঃ পুনর্বাক্যং প্রসাদ্যৈনমথাব্রবীৎ॥ ১

যুধিষ্ঠির উবাচ।
গুরবঃ পুণ্যকর্মাণঃ শক্রপ্রতিমবিক্রমাঃ।
স্থানে রাজর্ষয়ো ব্রহ্মন্ননঘাঃ সত্যবাদিনঃ॥ ২
ভূয় এব তু মাং তথ্যৈর্বচোভিরভিবৃংহয়।
রাজর্ষীণাং পুরাণানাং সমাশ্বাসয় কর্মভিঃ॥ ৩

পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়।

[ষোড়শরাজকীয়োপাখ্যান আরম্ভ, নারদের কৃপায় রাজা সঞ্জয়ের পুত্রলাভ, দস্যুগণকর্ত্তৃক তাহার বধ এবং পুত্রশোকসন্তপ্ত সঞ্জয়ের নিকট নারদের মরুত্ত চরিত্র কথন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! মৃত্যুর উৎপত্তি ও তাঁহার অনুপম কর্ম্মের কথা শ্রবণ করিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির পুনরায় ব্যাসদেবকে প্রসন্ন করিয়া এই কথা বলিলেন॥ ১

যুধিষ্ঠির বলিলেন,—ব্রহ্মন্! ইন্দ্রতুল্য পরাক্রমী, শ্রেষ্ঠ, পুণ্যকর্ম্মা, নিষ্পাপ এবং সত্যবাদী রাজর্ষিগণ নিজেদের যোগ্য উত্তম স্থানে নিবাস করিতেছেন॥ ২

অতএব আপনি পুনরায় সেই সব প্রাচীন রাজর্ষিগণের সৎকর্ম্মসমূহের বোধক আপনার যথার্থ বচন দ্বারা আমার সৌভাগ্যবর্দ্ধন করুন এবং আমাকে আশ্বাসপ্রদান করুন॥ ৩

কিয়ন্ত্যো দক্ষিণা দত্তাঃ কৈশ্চ দত্তা মহাত্মভিঃ।
রাজর্ষিভিঃ পুণ্যকৃদ্ভিস্তদ্ ভবান্ প্রব্রবীতু মে॥ ৪

ব্যাস উবাচ।
শৈব্যস্য নৃপতেঃ পুত্রঃ সৃঞ্জয়ো নাম নামতঃ।
সখায়ৌ তস্য চৈবোভৌ ঋষী পর্বত-নারদৌ॥ ৫
তৌ কদাচিদ্ গৃহং তস্য প্রবিষ্টৌ তদ্দিদৃক্ষয়া।
বিধিবচ্চার্চিতৌ তেন প্রীতৌ তত্রোষতুঃ সুখম্॥ ৬
তং কদাচিৎ সুখাসীনং তাভ্যাং সহ শুচিস্মিতা।
দুহিতাভ্যাগমৎ কন্যা সৃঞ্জয়ং বরবর্ণিনী॥ ৭

পূর্ব্বকালে কোন কোন পুণ্যকর্মকারী মহাত্মা রাজর্ষিগণ যজ্ঞে কত দক্ষিণা দান করিয়াছিলেন? এই সব বৃত্তান্ত আপনি আমাকে বলুন॥ ৪

ব্যাসদেব বলিলেন,—রাজন্! রাজা শৈব্যের সৃঞ্জয় নামে এক প্রখ্যাত পুত্র ছিলেন। পর্ব্বত ও নারদ এই দুই জন দেবর্ষি তাঁহার মিত্র ছিলেন॥ ৫

একদিন সেই দুই দেবর্ষি সৃঞ্জয়কে দর্শন করিবার ইচ্ছায় তাঁহার নিকট উপস্থিত হইলেন। তখন তিনি ইঁহাদের দুই জনকে বিধি অনুসারে পূজা করিলেন এবং তাঁহারাও উভয়ে সুখের সহিত বাস করিতে লাগিলেন॥ ৬

এক সময় যখন এই দুই দেবর্ষির সহিত রাজা সৃঞ্জয় বসিয়া

তয়াভিবাদিতঃ কন্যামভ্যনন্দদ্ যথাবিধি।
তৎসলিঙ্গাভিরাশীর্ভিরিষ্টাভিরভিতঃ স্থিতাম্ ॥ ৮
তাং নিরীক্ষ্যাব্রবীদ্ বাক্যং পর্বতঃ প্রহসন্নিব।
কস্যেয়ং চঞ্চলাপাঙ্গী সর্বলক্ষণসম্মতা ॥ ৯
উতাহো ভাঃ স্বিদর্কস্য জ্বলনস্য শিখা ত্বিয়ম্।
শ্রীর্হ্রীঃ কীর্তির্ধৃতিঃ পুষ্টিঃ সিদ্ধিশ্চন্দ্রমসঃ প্রভা ॥ ১০
এবং ব্রুবাণং দেবর্ষিং নৃপতিঃ সৃঞ্জয়োঽব্রবীৎ।
মমেয়ং ভগবন্ কন্যা মত্তো বরমভীপ্সতি ॥ ১১
নারদস্ত্বব্রবীদেনং দেহি মহ্যমিমাং নৃপ।
ভার্য্যার্থং সুমহচ্ছ্রেয়ঃ প্রাপ্তুং চেদিচ্ছসে নৃপ ॥১২
দদানীত্যেব সংহৃষ্টঃ সৃঞ্জয়ঃ প্রাহ নারদম্।
পর্বতস্তু সুসংক্রুদ্ধো নারদং বাক্যমব্রবীৎ ॥ ১৩
হৃদয়েন ময়া পূর্বং বৃতাং বৈ বৃতবানসি।

ছিলেন, তখন সৃঞ্জয়ের পবিত্র হাস্যময়ী পরমা সুন্দরী কন্যা সেখানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৭

তিনি আসিয়া রাজাকে প্রণাম করিলেন। তখন রাজাও তাঁহাকে অভীষ্ট আশীর্বাদ দান করত স্বীয় পার্শ্বভাগে দণ্ডায়মানা সেই কন্যাকে বিধিপূর্বক অভিনন্দিত করিলেন ॥ ৮

তখন দেবর্ষি পর্বত সেই কন্যার দিকে নিরীক্ষণ করিয়া হাস্য করিতে করিতে বলিলেন,—রাজন্! সমস্ত শুভলক্ষণসমূহে সম্মানিতা চঞ্চলদৃষ্টিসম্পন্না এই কন্যা কাহার পুত্রী? ৯

অহো! এই কন্যা সূর্য্যের প্রভা অথবা অগ্নিদেবের শিখা? কিংবা শ্রী, হ্রী, কীর্তি, ধৃতি, পুষ্টি, সিদ্ধি ও চন্দ্রের প্রভা ॥ ১০

এইরূপ জিজ্ঞাসাকারী দেবর্ষি পর্বতকে রাজা সৃঞ্জয় বলিলেন,—ভগবন্! এ আমারই কন্যা, সে আমার নিকট হইতে বরলাভ করিতে ইচ্ছুক হইয়াছে ॥ ১১

এই সময়ে নারদ রাজাকে বলিলেন,—হে নৃপ! যদি তুমি পরম কল্যাণলাভ করিতে অভিলাষী হও, তবে তোমার এই কন্যাকে ধর্মপত্নী করিবার জন্য আমাকে প্রদান কর ॥ ১২

তখন সৃঞ্জয় অত্যন্ত প্রসন্ন হইয়া নারদকে বলিলেন—আচ্ছা, প্রদান করিব। ইহা শুনিয়া পর্বতমুনি অত্যন্ত কুপিত হইয়া নারদকে বলিলেন ॥ ১৩

ব্রহ্মন্! আমি মনে মনে প্রথমেই যে কন্যাকে বরণ করিয়াছি, তাহাকেই তুমি এখন বরণ করিলে। যেহেতু তুমি আমার মনোনীত পত্নীকে বরণ করিয়াছ, সেইহেতু তুমি এখন

যস্মাদ্ বৃতা ত্বয়া বিপ্র মা গাঃ স্বর্গং যথেপ্সয়া ॥ ১৪
এবমুক্তো নারদস্তং প্রত্যুবাচোত্তরং বচঃ।
মনোবাগ্-বুদ্ধিসম্ভাষা দত্তা চোদকপূর্বকম্ ॥ ১৫
পাণিগ্রহণমন্ত্রাশ্চ প্রথিতং বরলক্ষণম্।
ন ত্বেষা নিশ্চিতা নিষ্ঠা নিষ্ঠা সপ্তপদী স্মৃতা ॥১৬
অনুৎপন্নে চ কার্য্যার্থে মাং ত্বং ব্যাহৃতবানসি।
তস্মাৎ ত্বমপি ন স্বর্গং গমিষ্যসি ময়া বিনা ॥ ১৭
অন্যোন্যমেবং শপ্ত্বা বৈ তস্থতুস্তত্র তৌ তদা।
অথ সোঽপি নৃপো বিপ্রান্ পানাচ্ছাদন-ভোজনৈঃ ॥১৮
পুত্রকামঃ পরং শক্ত্যা যত্নাচ্চোপাচরচ্ছুচিঃ।
তস্য প্রসন্না বিপ্রেন্দ্রাঃ কদাচিৎ পুত্রমীপ্সবঃ ॥ ১৯
তপঃস্বাধ্যায়নিরতা বেদবেদাঙ্গপারগাঃ।
সহিতা নারদং প্রাহুর্দেহ্যস্মৈ পুত্রমীপ্সিতম্ ॥ ২০

স্বীয় ইচ্ছানুসারে স্বর্গে গমন করিতে পারিবে না ॥ ১৪

তিনি এই কথা বলিলে পর নারদ তাঁহাকে এই উত্তর প্রদান করিলেন—মনে সঙ্কল্প করিয়া, বাক্যে প্রতিজ্ঞা করিয়া, বুদ্ধির দ্বারা পূর্ণ নিশ্চয় করিয়া, পরস্পর সম্ভাষণপূর্বক এবং সঙ্কল্পের জল হাতে লইয়া যে কন্যাদান করা হয়, বরকর্তৃক যে কন্যার পাণি-গ্রহণ করা হয় এবং বৈদিক মন্ত্রপাঠ করা হয়, এই সকল বিধি-বিহিত বিধানই কন্যার পরিগ্রহের সাধকরূপে প্রসিদ্ধ; কিন্তু কেবল ইহার দ্বারা পাণিগ্রহের পূর্ণতার নিশ্চয় হয় না। ইহার পূর্ণ নিষ্ঠা (পরিসমাপ্তি) তে সপ্তপদী গমনই উল্লিখিত হইয়াছে ॥ ১৫-১৬

অতএব এই কন্যার উপরে পতিরূপে তোমার কোন অধিকার নাই—এরূপ অবস্থায় তুমি আমাকে শাপদান করিয়াছ, সেইজন্য তুমিও আমার সাহায্য ব্যতীত স্বর্গলোকে যাইতে পারিবে না ॥ ১৭

এইভাবে পরস্পর পরস্পরকে শাপদান করিয়া সেই দুই দেবর্ষি সেখানে বাস করিতে লাগিলেন। অন্যদিকে রাজা সৃঞ্জয় পুত্রলাভ করিবার ইচ্ছায় পবিত্রচিত্তে পূর্ণ শক্তি প্রয়োগ করিয়া অতিশয় যত্নের সহিত ভোজন, পান করিবার যোগ্য পদার্থ এবং বস্ত্রাদি দান করিয়া ব্রাহ্মণগণের আরাধনা করিতে লাগিলেন।

একদিন রাজার প্রতি প্রসন্ন হইয়া তাঁহাকে পুত্রদান করিতে অভিলাষী সমস্ত শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ—যাঁহারা তপস্যা ও স্বাধ্যায়ে সম্পন্ন আছেন এবং বেদ-বেদাঙ্গসমূহের পারগামী বিদ্বান্ ছিলেন, ইঁহারা একসঙ্গে নারদকে বলিলেন—দেবর্ষে! আপনি এই রাজা সৃঞ্জয়ের অভীষ্ট পুত্র প্রদান করুন ॥ ১৮-২০

হবির্ভিস্তর্পিতা যেন সম্যক্ ক্লৃপ্তৈর্দিবৌকসঃ।
ঋষীণাঞ্চ পিতৄণাঞ্চ দেবানাং সুখজীবিনাম্ ॥ ৪৫
ব্রহ্মচর্য্যশ্রুতিমুখৈঃ সর্ব্বৈর্দানৈশ্চ সর্বদা।
শয়নাসনযানানি স্বর্ণরাশিশ্চ দুস্ত্যজাঃ ॥ ৪৬
তৎ সর্বমমিতং বিত্তং দত্তং বিপ্রেভ্য ইচ্ছয়া।
সোঽনুধ্যাতস্তু শক্রেণ প্রজাঃ কৃত্বা নিরাময়াঃ ॥ ৪৭
শ্রদ্দধানো জিতাঁল্লোকান্ গতঃ পুণ্যদুহোঽক্ষয়ান্।
সপ্রজঃ সনৃপামাত্যঃ সদারাপত্যবান্ধবঃ ॥ ৪৮

সমর্পিত হবিষ্যের দ্বারা দেবতাগণকে তৃপ্ত করিয়াছিলেন, যিনি ব্রহ্মচর্য্যপালন ও বেদপাঠাদি সৎ কর্ম্মসমূহের দ্বারা এবং সর্ব্বপ্রকার বস্তুদানের দ্বারা ঋষিগণ, পিতৃগণ ও সুখজীবী দেবগণকেও সন্তুষ্ট করিতেন, যিনি ইচ্ছানুসারে ব্রাহ্মণগণকে শয্যা, আসন, যান ও দুস্ত্যজ সুবর্ণরাশি প্রভৃতি—এ সমস্ত অপরিমিত ধন দান করিয়াছিলেন, দেবরাজ ইন্দ্র যাঁহার শুভচিন্তা করিতেন, সেই শ্রদ্ধালু নরপতি মরুত্ত স্বীয় প্রজাগণকে নীরোগ করিয়া নিজের সৎকর্ম্মসমূহের দ্বারা জিত পুণ্যফলদায়ক অক্ষয়লোকে গমন করিয়াছিলেন ॥

যৌবনেন সহস্রাব্দং মরুত্তো রাজ্যমন্বশাৎ।
স চেন্মমার সৃঞ্জয় চতুর্ভদ্রতরস্ত্বয়া ॥ ৪৯
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥ ৫০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি ষোড়শরাজকীয়ে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৫

রাজা মরুত্ত যুবক থাকিয়াই প্রজা, মন্ত্রী, ধর্ম্মপত্নী, পুত্র ও ভ্রাতৃবৃন্দের সহিত একহাজার বর্ষ পর্য্যন্ত রাজ্যশাসন করিয়াছিলেন ॥

শ্বৈত্য (শ্বেতপুত্র) সৃঞ্জয়! ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য—এই চারিটি বিষয়েই রাজা মরুত্ত তোমা অপেক্ষা অধিক ছিলেন এবং তোমার পুত্র অপেক্ষাও অধিক পুণ্যাত্মা ছিলেন। তোমার পুত্র ত' কোন যজ্ঞ করে নাই এবং তাহার মধ্যে কোন উদারতাও ছিল না, সুতরাং তাহাকে লক্ষ্য করিয়া তুমি চিন্তা করিও না—দেবর্ষি নারদ রাজা সৃঞ্জয়কে এই কথা বলিয়াছিলেন ॥ ৪৪-৫০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে ষোড়শরাজকীয় উপাখ্যান-বিষয়ক পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[রাজ্ঞঃ সুহোত্রস্য দানশীলতাবর্ণনম্।]

নারদ উবাচ।
সুহোত্রং নাম রাজানং মৃতং সৃঞ্জয় শুশ্রুম।
একবীরমশক্যং তমমরৈরভিবীক্ষিতুম্ ॥ ১
যঃ প্রাপ্য রাজ্যং ধর্ম্মেণ ঋত্বিগ্-ব্রহ্ম-পুরোহিতান্
অপৃচ্ছদাত্মনঃ শ্রেয়ঃ পৃষ্ট্বা তেষাং মতে স্থিতঃ ॥ ২

প্রজানাং পালনং ধর্ম্মো দানমিজ্যা দ্বিষজ্জয়ঃ।
এতৎ সুহোত্রো বিজ্ঞায় ধর্ম্মেণৈচ্ছদ্ ধনাগমম্ ॥ ৩
ধর্ম্মেণারাধয়ন্ দেবান্ বাণৈঃ শত্রূন্ জয়ংস্তথা।
সর্বাণ্যপি চ ভূতানি স্বগুণৈরপ্যরঞ্জয়ৎ ॥ ৪

ষট্পঞ্চাশত্তম অধ্যায়।

[রাজা সুহোত্রের দানশীলতা বর্ণন।]

নারদ বলিলেন,—সৃঞ্জয়! রাজা সুহোত্রের মৃত্যুর কথা আমরা শ্রবণ করিয়াছি। তিনি তৎকালীন অদ্বিতীয় বীর ছিলেন। দেবগণও তাঁহার দিকে চক্ষু তুলিয়া তাকাইতে পারিতেন না। ১

তিনি ধর্ম্মানুসারে রাজ্যলাভ করিয়া ঋত্বিক্, ব্রাহ্মণ ও পুরোহিতগণকে নিজের কল্যাণের কথা জিজ্ঞাসা করিতেন এবং এরূপ জিজ্ঞাসা করিয়া তাঁহাদের সম্মতি অনুসারে সকল কার্য্য করিতেন। ২

প্রজাপালন, ধর্ম্ম, দান, যজ্ঞ এবং শত্রুগণকে জয় করা—এই সমস্তকে রাজা সুহোত্র নিজের পক্ষে শ্রেয়স্কর জ্ঞাত হইয়া ধর্ম্মের দ্বারাই ধনলাভ করিবার চেষ্টা করিতে লাগিলেন। ৩

তিনি এই পৃথিবীকে ম্লেচ্ছ ও তস্কররহিত করিয়া ইহার উপভোগ করিয়াছিলেন। ধর্ম্মাচরণের দ্বারা দেবতাগণের আরাধনা এবং বাণসমূহের দ্বারা শত্রুদিগকে জয়লাভ করা—এই সমস্ত স্বীয় সদ্গুণের সাহায্যে তিনি সকল প্রাণীর মনোরঞ্জন

যো ভুক্তে্মাং বসুমতীং ম্লেচ্ছাটবিকবর্জিতাম্।
যস্মৈ ববর্ষ পর্জ্জন্যো হিরণ্যং পরিবৎসরান্ ॥ ৫
হৈরণ্যাস্তত্র বাহিন্যঃ স্বৈরিণ্যো ব্যবহন্ পুরা।
গ্রাহান্ কর্কটকাংশ্চৈব মৎস্যাংশ্চ বিবিধান্ বহূন্ ॥ ৬
কামান্ বর্ষতি পর্জ্জন্যো রূপ্যাণি বিবিধানি চ।
সৌবর্ণান্যপ্রমেয়াণি বাপ্যশ্চ ক্রোশসম্মিতাঃ ॥ ৭
সহস্রং বামনান্ কুব্জান্ নক্রান্ মকর-কচ্ছপান্।
সৌবর্ণান্ বিহিতান্ দৃষ্ট্বা ততোঽস্ময়ত বৈ তদা ॥ ৮
তৎ সুবর্ণমপর্য্যন্তং রাজর্ষিঃ কুরুজাঙ্গলে।
ঈজানো বিততে যজ্ঞে ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত ॥ ৯

সোঽশ্বমেধসহস্রেণ রাজসূয়শতেন চ।
পুণ্যৈঃ ক্ষত্রিয়যজ্ঞৈশ্চ প্রভূতবরদক্ষিণৈঃ ॥ ১০
কাম্যনৈমিত্তিকাজস্রৈরিষ্টাং গতিমবাপ্তবান্।
স চেন্মমার সৃঞ্জয় চতুর্ভদ্রতরস্ত্বয়া ॥ ১১
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥ ১২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি ষোড়শরাজকীয়ে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৬

করিতে লাগিলেন। ইঁহার জন্য মেঘ বহুবর্ষ ধরিয়া স্বর্ণ বর্ষণ করিয়াছিল ॥ ৪-৫

রাজা সুহোত্রের রাজ্যে স্বচ্ছন্দ গতিতে প্রবাহিতা, স্বর্ণরসে পরিপূর্ণা বহু নদী সুবর্ণময় গ্রাহ (হিংস্র জলজন্তু), কর্কট (কাঁকড়ী), মৎস্য এবং নানাপ্রকার বহুসংখ্যক জলজন্তুকে নিজেদের মধ্যে বহন করিতেছিল ॥ ৬

মেঘ অভীষ্ট বস্তুসমূহ ও নানাপ্রকার রজত এবং অসংখ্য স্বর্ণ বর্ষণ করিতেছিল। ইঁহার রাজ্যে এক এক ক্রোশব্যাপী বহু দীঘী ছিল ॥ ৭

এই সব দীঘীতে সহস্র সহস্র বামন ও কুব্জ, গ্রাহ, কুমীর ও কচ্ছপ ছিল, ইহাদের শরীরও সুবর্ণময় ছিল। ইহাদের দেখিয়া রাজা সুহোত্রের মনে তখন বিস্ময় জাগিয়াছিল ॥ ৮

রাজর্ষি সুহোত্র কুরুজাঙ্গলদেশে যজ্ঞ করিয়াছিলেন এবং সেই বিশাল যজ্ঞে নিজের অনন্ত সুবর্ণরাশি ব্রাহ্মণগণকে বিভাগ করিয়া দিয়াছিলেন ॥ ৯

তিনি একহাজার অশ্বমেধ যজ্ঞ, একশত রাজসূয় যজ্ঞ এবং প্রচুর শ্রেষ্ঠ দক্ষিণাযুক্ত পুণ্যময় বহুসংখ্যক ক্ষত্রিয়—যজ্ঞ করিয়াছিলেন ॥ ১০

রাজা সুহোত্র নিত্য, নৈমিত্তিক ও কাম্য যজ্ঞসমূহের নিরন্তর অনুষ্ঠানের দ্বারা মনোবাঞ্ছিত গতিলাভ করিয়াছেন। শৈব্য সৃঞ্জয়! ইনিও তোমা অপেক্ষা ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য—এই চারিটি কল্যাণকারী বিষয় হইতে শ্রেষ্ঠ ছিলেন। তোমার পুত্র হইতেও ইনি অধিক পুণ্যাত্মা ছিলেন। যখন তিনিও মৃত্যুলাভ করিয়াছেন, তখন তোমারও স্বীয় পুত্রের জন্য অনুতাপ করা উচিৎ নহে; কারণ, তোমার পুত্র কোন যজ্ঞও করে নাই এবং তাহার মধ্যে কোনরূপ দাক্ষিণ্যও ছিল না। নারদ রাজা সৃঞ্জয়কে এই কথা বলিয়াছিলেন ॥ ১১-১২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যু-বধপর্ব্বে ষোড়শরাজকীয়োপাখ্যান-বিষয়ক ষট্পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[রাজ্ঞঃ পৌরবস্যাদ্ভুতদানবৃত্তান্ত-কথনম্।]

নারদ উবাচ।

রাজানং পৌরবং বীরং মৃতং সৃঞ্জয় শুশ্রুম।
সহস্রং যঃ সহস্রাণাং শ্বেতানশ্বানবাসৃজৎ ॥ ১
তস্যাশ্বমেধে রাজর্ষের্দেশাদ্দেশাৎ সমীয়ুষাম্।
শিক্ষাক্ষরবিধিজ্ঞানাং নাসীৎ সংখ্যা বিপশ্চিতাম্ ॥
বেদবিদ্যাব্রতস্নাতা বদান্যাঃ প্রিয়দর্শনাঃ।
সুভিক্ষাচ্ছাদনগৃহাঃ সুশয্যাসনভোজনাঃ ॥ ৩
নট-নর্তক-গন্ধর্বৈঃ পূর্ণৈ কৈর্বর্ধমানকৈঃ।
নিত্যোদ্যোগৈশ্চ ক্রীড়দ্ভিস্তত্র স্ম পরিহর্ষিতাঃ ॥ ৪
যজ্ঞে যজ্ঞে যথাকালং দক্ষিণাঃ সোঽত্যকালয়ৎ।
দ্বিপা দশসহস্রাখ্যাঃ প্রমদাঃ কাঞ্চনপ্রভাঃ ॥ ৫
সধ্বজাঃ সপতাকাশ্চ রথা হেমময়াস্তথা।
যঃ সহস্রং সহস্রাণি কন্যা হেমবিভূষিতাঃ ॥ ৬
ধুর্যুজাশ্বগজারূঢ়াঃ সগৃহক্ষেত্রগোশতাঃ।
শতং শতসহস্রাণি স্বর্ণমালিমহাত্মনাম্ ॥ ৭
গবাং সহস্রানুচরান্ দক্ষিণামত্যকালয়ৎ।
হেমশৃঙ্গ্যো রৌপ্যখুরাঃ সবৎসাঃ কাংস্যদোহনাঃ ॥ ৮
দাসীদাসখরোষ্ট্রাশ্চ প্রাদাদাজাবিকং বহু।
রত্নানাং বিবিধানাঞ্চ বিবিধাংশ্চান্নপর্বতান্ ॥ ৯
তস্মিন্ সংবিততে যজ্ঞে দক্ষিণামত্যকালয়ৎ।
তত্রাস্য গাথা গায়ন্তি যে পুরাণবিদো জনাঃ ॥ ১০
অঙ্গস্য যজমানস্য স্বধর্মাধিগতাঃ শুভাঃ।
গুণোত্তরাস্তু ক্রতবস্তস্যাসন্ সার্বকামিকাঃ ॥ ১১
স চেন্মমার সৃঞ্জয় চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥ ১২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি ষোড়শরাজকীয়ে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৭

সপ্তপঞ্চাশত্তম অধ্যায়।

[রাজা পৌরবের অদ্ভুত দানবৃত্তান্ত কথন।]

নারদ বলিলেন,—সৃঞ্জয়! আমরা বীর রাজা পৌরবেরও মৃত্যুর কথা শ্রবণ করিয়াছি, যিনি দশলক্ষ শ্বেত বর্ণের অশ্ব দান করিয়াছিলেন। ১

এই রাজর্ষি পৌরবের অশ্বমেধ যজ্ঞে নানাদেশ হইতে আগত শিক্ষাশাস্ত্র, অক্ষর (বিভিন্ন দেশের লিপি) ও যজ্ঞবিধিতে অভিজ্ঞ বিদ্বান্‌গণের কোন সংখ্যাই ছিল না। ২

বেদবিদ্যার অধ্যয়নরূপ ব্রত শেষ করিয়া স্নাতক, উদার ও প্রিয়দর্শন পণ্ডিতগণ রাজার নিকট হইতে উত্তম অন্ন, বস্ত্র, গৃহ, সুন্দর শয্যা, আসন ও ভোজন লাভ করিতেন। ৩

নিত্য উদ্যোগী এবং ক্রীড়া অভিজ্ঞ নট, নর্ত্তক ও গন্ধর্ব্বগণ গন্ধদ্রব্যপূর্ণ শরাব (আরতির শরা) দ্বারা নিজেদের কলা-নৈপুণ্য দেখাইয়া সেই বিদ্বান্‌গণের মনোরঞ্জন ও হর্ষবর্দ্ধন করিত।

রাজা পৌরব প্রত্যেক যজ্ঞে যথাসময়ে প্রচুর দক্ষিণা বিভাগ করিয়া প্রদান করিতেন। তিনি স্বর্ণের ন্যায় কান্তিবিশিষ্ট দশ হাজার মদমত্ত হাতী, ধ্বজ এবং পতাকাশ্রেণীসহ সুবর্ণময় বহু-সংখ্যক রথ ও এক লক্ষ স্বর্ণভূষিত কন্যাদান করিয়াছিলেন। ৪-৬

সেই কন্যাগণ রথ, অশ্ব ও হস্তীর উপর আরূঢ় ছিল। ইহাদের সহিতই তিনি শত শত গৃহ, ক্ষেত্র ও গাভী প্রদান করিয়াছিলেন। রাজা পৌরব সুবর্ণমালামণ্ডিত বিশাল দেহ এক কোটি গরু এবং তাহাদের সহস্র সহস্র অনুচরগণকে দক্ষিণা রূপে দান করিয়াছিলেন।

স্বর্ণময় শৃঙ্গ, রজতময় খুর ও কাংসনির্ম্মিত দুগ্ধপাত্রসমন্বিত এবং বহু বৎসযুক্ত গাভীসকল ও দাস, দাসী, উট এবং ভেঁড়া প্রভৃতি প্রচুর সংখ্যায় দান করিলেন।

সেই বিশাল যজ্ঞে নানাপ্রকার রত্নরাজি এবং বিবিধ অন্ন-সমূহের পর্ব্বততুল্যরাশি তিনি দক্ষিণারূপে দান করিয়াছিলেন। সেই যজ্ঞের সম্বন্ধে প্রাচীন ইতিহাস বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ এই গাথা গান করেন। ৭-১০

যজমান অঙ্গাধিপতি পৌরবের সকল যজ্ঞই স্বধর্ম্মানুসারে প্রাপ্ত ও শুভ ছিল। ইহারা উত্তরোত্তর গুণবান্ ও সম্পূর্ণ কামনাসমূহের সিদ্ধিকারক ছিল। ১১

সৃঞ্জয়! রাজা পৌরব ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য—এই চারিটি বিষয়েই তোমা অপেক্ষা অধিক ছিলেন এবং তোমার পুত্র অপেক্ষাও অধিক পুণ্যাত্মা ছিলেন। শ্বৈত্য সৃঞ্জয়! যখন ইনিও নিহত হইয়াছেন, তখন তুমি যজ্ঞ ও দক্ষিণারহিত নিজ পুত্রের জন্য শোক করিও না। নারদ সৃঞ্জয়কে এই কথা বলিয়াছিলেন। ১২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে ষোড়শরাজকীয়োপাখ্যানবিষয়ক সপ্তপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

১০ম বর্ষ, অগ্রহায়ণমাস ১৩৭৮] [ষষ্ঠ সংখ্যা— দ্বাদশী যাত্রা

আৰ্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্য-ব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

* * *

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

* * *

যুগ্ম-সম্পূজক

মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য ডি,লিট্ ✱ শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম্-এ, ডি,লিট্

সহ-সম্পূজক সঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ — শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-বেদ-ব্যাকরণতীর্থ — শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(জয়গুরু সম্প্রদায়)

ডাঃ শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি,
ডি. ও. এম্. এস, ডি.পি.এইচ.,
ডি.টি.এম. এণ্ড এইচ্ (লণ্ডন)।
এফ.আর.এস্.টি.এম্ এণ্ড এইচ (লণ্ডন)
কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয়
৩৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য সডাক ১৫'০০ টাকা — প্রতি সংখ্যা ১'৫০ টাকা]

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র শাস্ত্রগ্রন্থময় মাসিক পত্র। প্রতি মাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও পূর্ব্ববঙ্গে সডাক ১৫·০০ টাকা, প্রতি সংখ্যা ১·৫০ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২০·০০ টাকা, প্রতি সংখ্যা ২·০০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

২। এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পর যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। মাসিকপত্র-সংক্রান্ত কোন অভিযোগ থাকিলে "সম্পূজক আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে। কেবল অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক পত্রাদি "সঞ্চালক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন।

মনি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬। উল্লিখিত ৩-৫ নং নিয়মাবলী পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে। নানা কারণে পত্রিকা পিছাইয়া আছে, তাহা ক্রমশঃ পূরণের চেষ্টা চলিতেছে।

সম্পূজক—**আর্য্যশাস্ত্র**
শ্রীসীতারামবৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি, ডব্লিউ, ডি, রোড্
কলিকাতা—৩৫

মহতা শরজালেন কিরন্তং শক্রবাহিনীম্‌।
অবারয়ন্মহারাজ সামাত্যং সপদানুগম্‌॥
অথান্যে পার্থিবা রাজন্‌ বহুত্বান্নাতিকীর্ত্তিতাঃ
সমসজ্জন্ত সর্ব্বে তে যথাযোগং যথা বলম্‌॥
হয়ৈর্হয়াংস্তথা জগ্মুঃ কুঞ্জরৈরেব কুঞ্জরাঃ।
পদাতয়ঃ পদাতীংশ্চ রথৈরেব মহারথাঃ॥
অকুর্ব্বন্নার্য্যকর্ম্মাণি তত্রৈব পুরুষর্ষভাঃ।
কুলবীর্য্যানুরূপাণি সংসৃষ্টাশ্চ পরস্পরম্‌॥)
এবং দ্বন্দ্বশতান্যাসন্‌ রথবারণবাজিনাম্‌।

পদাতীনাঞ্চ ভদ্রং তে তব তেষাঞ্চ সঙ্কুলে॥ ৬৩
নৈতাদৃশো দৃষ্টপূর্ব্বঃ সংগ্রামো নৈব চ শ্রুতঃ।
দ্রোণস্যাভাবভাবে তু প্রসক্তানাং যথাভবৎ॥ ৬৪
ইদং ঘোরমিদং চিত্রমিদং রৌদ্রমিতি প্রভো।
তত্র যুদ্ধান্যদৃশ্যন্ত প্রততানি বহূনি চ॥ ৬৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি দ্বন্দ্বযুদ্ধে পঞ্চবিংশোঽধ্যায়ঃ॥ ২৫

রাজন্‌! এইরূপ অন্যান্য ভূপালগণও নিজ নিজ উপায় ও বলানুসারে যুদ্ধে শক্রদিগের সহিত মিলিত হইলেন। ইঁহাদের সংখ্যা বহু হওয়ায় সকলের নাম উল্লেখ করা যাইল না॥

অশ্ব সকলের সহিত অশ্ব সকল, হস্তিগণের সহিত হস্তিগ পদাতিক সৈন্যবৃন্দের সহিত পদাতিক সৈন্যবৃন্দ এবং রথী বী দিগের সহিত মহারথী বীরেরা যুদ্ধ করিতে লাগিলেন। এ যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ বীরগণ নিজ নিজ কুল ও পরাক্রমের অনুর পরস্পরের সহিত যুদ্ধে মিলিত হইয়া আর্য্য জনোচিত ক করিতেছিলেন)

মহারাজ! আপনার কল্যাণ হউক। এইরূপ আপনার ও পাণ্ডবগণের সেই ভয়ঙ্কর যুদ্ধে রথ, হস্তী, অশ্ব ও পদাতির সৈন্যগণের শত শত দ্বন্দ্ব (যুগল—দুই যোদ্ধা) পরস্পর মিলিত হইয়া যুদ্ধ করিতেছিলেন॥ ৬৩

দ্রোণাচার্য্যের বধ ও সংরক্ষণ কার্য্যে নিরত পাণ্ডব এব কৌরব-সৈন্যগণের যেরূপ সংগ্রাম হইয়াছিল, এরূপ সংগ্রাম পূর্বে কখনও দেখা যায় নাই এবং শোনাও যায় নাই॥ ৬৪

প্রভো! এখানে ভিন্ন-ভিন্ন বহু বিস্তৃতভাবে যুদ্ধ হইতে দেখা যাইল। যাহা দেখিয়া দর্শকগণ বলিতে ছিলেন যে 'এখানে ঘোর যুদ্ধ হইতেছে, এখানে বিচিত্র সংগ্রাম হইতে দেখ যাইতেছে, এখানে অত্যন্ত ভয়ঙ্কর হানাহানি চলিতেছে॥ ৬৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে দ্বন্দ্বযুদ্ধবিষয়ক পঞ্চবি অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ।

[ভগদত্তস্য হস্তিনা সহ ভীমসেনস্য যুদ্ধম্‌ তথা হস্তিনো ভগদত্তস্য চ ভয়ঙ্করঃ পরাক্রমঃ]

ধৃতরাষ্ট্র উবাচ।
তেষ্বেবং সন্নিবৃত্তেষু প্রত্যুদ্‌যাতেষু ভাগশঃ
কথং যুযুধিরে পার্থা মামকাশ্চ তরস্বিনঃ।
কিমর্জ্জুনশ্চাপ্যকরোৎ সংশপ্তকরথান্‌ প্রতি
সংশপ্তকা বা পার্থস্য কিমকুর্বত সঞ্জয়॥ ২
সঞ্জয় উবাচ।
তথা তেষু নিবৃত্তেষু প্রত্যুদ্‌যাতেষু ভাগশঃ।
স্বয়মভ্যদ্রবদ্‌ ভীমং নাগানীকেন তে সুতঃ॥

ষড়্‌বিংশ অধ্যায়।

[ভগদত্তের হাতীর সহিত ভীমসেনের যুদ্ধ এবং হাতী ও ভগদত্তের ভয়ানক পরাক্রম।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! এইভাবে যখন পাণ্ডব-সৈন্যরা পৃথক্‌ পৃথক্‌ ভাবে যুদ্ধ করিবার জন্য ফিরিয়া আসিল এবং কৌরব-যোদ্ধারা যখন অগ্রসর হইয়া তাহাদের সম্মুখীন হইবার জন্য উদ্যত হইল, তখন আমার ও কুন্তীর বেগশালী পুত্রগণ পরস্পর কিরূপ যুদ্ধ করিতেছিল? সংশপ্তকগণের উপর আক্রমণের জন্য অর্জুন করিল? কিংবা সংশপ্তকগণ অর্জুনকে কি করিল? ১-২

সঞ্জয় বলিলেন,—রাজন্‌! এইরূপে পাণ্ডব-সৈন্যগণ য পৃথক্‌ পৃথক্‌ ভাবে যুদ্ধ করিবার জন্য ফিরিয়া আসিলেন এ কৌরব-যোদ্ধারা যখন তাঁহাদের সম্মুখীন হইবার জন্য উ হইলেন, তখন আপনার পুত্র দুর্যোধন স্বয়ংই হস্তি-সৈন্যদিগ সঙ্গে লইয়া ভীমসেনের উপর আক্রমণ করিলেন॥ ৩

স নাগ ইব নাগেন গোবৃষেণেব গোবৃষঃ।
সমাহূতঃ স্বয়ং রাজ্ঞা নাগানীকমুপাদ্রবদ্ ॥ ৪
স যুদ্ধকুশলঃ পার্থো বাহুবীর্য্যেণ চান্বিতঃ।
অভিনৎ কুঞ্জরানীকমচিরেণৈব মারিষ ॥ ৫
তে গজা গিরিসঙ্কাশাঃ রক্ষন্তঃ সর্বতো মদম্।
ভীমসেনস্য নারাচৈর্বিমুখা বিমদীকৃতাঃ ॥ ৬
বিধমেদভ্রজালানি যথা বায়ুঃ সমুদ্ধতঃ।
ব্যধমৎ তান্যনীকানি তথৈব পবনাত্মজঃ ॥ ৭
স তেষু বিসৃজন্ বাণান্ ভীমো নাগেম্বশোভত।
ভবনেষ্বিব সর্ব্বেষু গভস্তীনুদিতো রবিঃ ॥ ৮
তে ভীমবাণাভিহতাঃ সংস্যূতা বিবভুর্গজাঃ।
গভস্তিভিরিবার্কস্য ব্যোম্নি নানাবলাহকাঃ ॥ ৯
তথা গজানাং কদনং কুর্বাণমনিলাত্মজম্।
ক্রুদ্ধো দুর্য্যোধনোঽভ্যেত্য প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥১০

যেরূপ হস্তীরা হস্তীদের সহিত এবং বৃষগণ বৃষগণের সহিত যুদ্ধে মিলিত হয়, সেইরূপ রাজা দুর্য্যোধন কর্ত্তৃক রণে আহূত হইয়া ভীমসেন স্বয়ংই হস্তীসৈন্যদের উপর আক্রমণ করিলেন ॥ ৪

আদরণীয় নরেশ! কুন্তীকুমার ভীমসেন যুদ্ধে নিপুণ ও বাহুবলসম্পন্ন ছিলেন। তিনি অল্প সময়ের মধ্যেই হস্তী-সৈন্যগণকে বিদীর্ণ করিয়া ফেলিলেন ॥ ৫

সেই হাতীরা পর্ব্বততুল্য বিশালদেহ ও মদধারাবাহী ছিল, কিন্তু ভীমসেনের নারাচের আঘাতে তাহাদের সমস্ত মদই বাহির হইয়া যাইল। তাহারা তখন যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতে লাগিল ॥ ৬

যেরূপ তীব্রগতিতে উত্থিত প্রবল বায়ু মেঘমণ্ডলকে ছিন্ন-ভিন্ন করিয়া দেয়, সেইরূপ পবননন্দন ভীমসেন সেই সমস্ত রাজ-সৈন্যদিগকে বিধ্বস্ত করিয়া দিলেন ॥ ৭

যেরূপ উদিত সূর্য্যদেব সমস্ত ভুবনেই স্বীয় কিরণাবলি বিস্তার করিয়া থাকেন, সেইরূপ ভীমসেন এই হস্তী-সৈন্যদের উপর বাণ বর্ষণ করিতে করিতে তাদৃশ সূর্য্যতুল্য শোভা প্রাপ্ত হইলেন ॥ ৮

ভীমসেনের বাণসমূহে নিহত হইয়া পরস্পর গ্রথিত সেই হাতীরা আকাশে সূর্য্যকিরণে গ্রথিত নানারূপ মেঘবৃন্দের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৯

এইভাবে গজ-সৈন্যদিগকে সংহার করিতে করিতে যুদ্ধে অবস্থিত পবন-নন্দন ভীমসেনের নিকট আসিয়া ক্রুদ্ধ দুর্য্যোধন তাঁহাকে তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা বিদ্ধ করিতে লাগিলেন ॥ ১০

ততঃ ক্ষণেন ক্ষিতিপং ক্ষতজপ্রতিমেক্ষণঃ।
ক্ষয়ং নিনীষুর্নিশিতৈর্ভীমো বিব্যাধ পত্রিভিঃ ॥ ১১
স শরাচিতসর্ব্বাঙ্গঃ ক্রুদ্ধো বিব্যাধ পাণ্ডবম্।
নারাচৈরর্করশ্ম্যাভৈর্ভীমসেনং স্ময়ন্নিব ॥ ১২
তস্য নাগং মণিময়ং রত্নচিত্রধ্বজে স্থিতম্।
ভল্লাভ্যাং কার্ম্মুকং চৈব ক্ষিপ্রং চিচ্ছেদ পাণ্ডবঃ ॥ ১৩
দুর্য্যোধনং পীড্যমানং দৃষ্ট্বা ভীমেন মারিষ।
চুক্ষোভয়িষুরভ্যাগাদঙ্গো মাতঙ্গমাস্থিতঃ ॥ ১৪
তমাপতন্তং নাগেন্দ্রমম্বুদপ্রতিমস্বনম্।
কুম্ভান্তরে ভীমসেনো নারাচৈরার্দয়দ্ ভৃশম্ ॥ ১৫
তস্য কায়ং বিনির্ভিদ্য ন্যমজ্জদ্ ধরণীতলে।
ততঃ পপাত দ্বিরদো বজ্রাহত ইবাচলঃ ॥ ১৬
তস্যাবর্জ্জিতনাগস্য ম্লেচ্ছস্যাধঃ পতিষ্যতঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন ক্ষিপ্রকারী বৃকোদরঃ ॥ ১৭

ইহা দেখিয়া ভীমসেনের চক্ষু (ক্রোধে) শোণিততুল্য রক্তবর্ণ হইয়া উঠিল। তিনি ক্ষণকালের মধ্যেই রাজা দুর্য্যোধনকে নাশ করিবার জন্য তীক্ষ্ণ বাণসমূহে তাঁহাকে বিদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ১১

দুর্য্যোধনের সমস্ত অঙ্গ বাণে বাণে ব্যাপ্ত হইয়া পড়িল, তাই তিনি ক্রুদ্ধ হইয়া সূর্য্য-রশ্মিতুল্য তেজস্বী নারাচসকলের দ্বারা পাণ্ডুনন্দন ভীমসেনকে হাসিতে হাসিতেই বিদ্ধ করিলেন ॥ ১২

রাজন্! তাঁহার রত্ননির্ম্মিত বিচিত্র ধ্বজের উপর মণিময় নাগ বিরাজিত ছিল। তাহাকে পাণ্ডুনন্দন ভীমসেন অতি সত্বর দুইটি ভল্লের আঘাতেই পাতিত করিলেন এবং তাঁহার ধনুটিকেও খণ্ড খণ্ড করিয়া দিলেন ॥ ১৩

আর্য্য! ভীমসেন কর্ত্তৃক দুর্য্যোধনকে পীড়িত হইতে দেখিয়া তাঁহাকে ক্ষুব্ধ করিয়া তুলিবার জন্য মদমত্ত হস্তীর উপর বসিয়া রাজা অঙ্গ তাঁহার উপর আক্রমণ করিলেন ॥ ১৪

এই গজরাজ মেঘের ন্যায় গর্জন করিতেছিল। তাহাকে নিজের দিকে আসিতে দেখিয়া ভীমসেন তাহার কুম্ভের উপরে নারাচসকলের দ্বারা প্রচণ্ড আঘাত করিলেন ॥ ১৫

ভীমসেনের নারাচ সেই হাতীর শরীর বিদীর্ণ করত ধরণীতে প্রবেশ করিল। ইহাতে সেই গজরাজ বজ্রাহত পর্ব্বতের ন্যায় ধরাশায়ী হইল ॥ ১৬

তখন সেই ম্লেচ্ছজাতীয় রাজা অঙ্গ হাতী হইতে পৃথক্ হইয়া যান নাই। এই হাতীর সহিত তিনিও অধঃপাতিত হইতে-

তস্মিন্ নিপতিতে বীরে সম্প্রাদ্রবৎ সা চমূঃ।
সম্ভ্রান্তাশ্বদ্বিপরথা পদাতানবমৃদ্গতী ॥ ১৮
তেষ্বনীকেষু ভগ্নেষু বিদ্রবৎসু সমন্ততঃ।
প্রাগ্জ্যোতিষস্ততো ভীমং কুঞ্জরেণ সমাদ্রবৎ ॥ ১৯
যেন নাগেন মঘবানজয়দ্ দৈত্য-দানবান্।
তদন্বয়েন নাগেন ভীমসেনমুপাদ্রবৎ ॥ ২০
স নাগপ্রবরো ভীমং সহসা সমুপাদ্রবৎ।
চরণাভ্যামথো দ্বাভ্যাং সংহতেন করেণ চ ॥ ২১
ব্যাবৃত্তনয়নঃ ক্রুদ্ধঃ প্রমথন্নিব পাণ্ডবম্।
বৃকোদররথং সাশ্বমবিশেষমচূর্ণয়ৎ ॥ ২২
পদ্ভ্যাং ভীমোঽপ্যথো ধাবংস্তস্য গাত্রেষ্বলীয়ত।
জানন্নঞ্জলিকাবেধং নাপাক্রামত পাণ্ডবঃ ॥ ২৩

ছিলেন। এই অবস্থায় স্মারতকর্ম্মা ভীমসেন একটি ভল্লের দ্বারা তাঁহার শিরশ্ছেদ করিলেন ॥ ১৭

বীর অঙ্গ নিহত হইলে পর তাঁহার সৈন্যরা পলায়ন করিল। অশ্ব, হস্তী ও রথ সকল সৈন্যই বিভ্রান্ত হইয়া চারিদিকে দৌড়াদৌড়ি করিতে লাগিল। এই সৈন্যবাহিনী তখন পদাতি-সৈন্যদিগকে মথিত করিতেছিল। ১৮

এইভাবে সেই সৈন্যদের ব্যূহ ভাঙ্গিয়া যাইলে এবং চারিদিকে তাহারা পলাইতে থাকিলে প্রাগ্জ্যোতিষপুরের রাজা ভগদত্ত নিজ হাতীর দ্বারা ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥ ১৯

ইন্দ্র যেরূপ ঐরাবত হাতীর দ্বারা দৈত্য ও দানবদিগকে জয় করিয়াছিলেন, সেইরূপ সেই বংশেই (ঐরাবতবংশেই) উৎপন্ন গজরাজে আরোহণ করিয়া রাজা ভগদত্ত ভীমসেনকে আক্রমণ করিলেন ॥ ২০

এই গজরাজ নিজ দুই পদের দ্বারা এবং সঙ্কুচিত নিজ শুণ্ডের দ্বারা সহসা ভীমসেনের দিকে ধাবিত হইল ॥ ২১

তখন তাহার চক্ষু চারিদিকে ঘুরিতেছিল। সে ক্রুদ্ধ হইয়া পাণ্ডুনন্দন ভীমসেনকে যেন মথিত করিয়া ফেলিবে, এইভাবেই সে ভীমসেনের রথের দিকে দৌড়াইয়া যাইল এবং অশ্ব-সহ তাহাকে সামান্যভাবে চূর্ণ করিয়াও দিল ॥ ২২

ভীমসেন পদব্রজে দৌড়াইয়া যাইয়া হাতীর শরীরের মধ্যে লুকাইয়া পড়িলেন। পাণ্ডুপুত্র ভীমসেন অঞ্জলিকাবেধ (হাতীর নিম্নভাগে এরূপ কোন স্থান আছে, যাহাকে দুই হাতের দ্বারা থপ্থপ্ করিলে পর হাতীর আনন্দ হয়। এই অবস্থায় মাহুতকে বিনাশ করিলেও সেই হাতী ক্রুদ্ধ হয় না। ভীমসেন এই বিদ্যা

গাত্রাভ্যন্তরগো ভূত্বা করেণাতাড়য়ন্মুহুঃ।
লালয়ামাস তং নাগং বধাকাঙ্ক্ষিণমব্যয়ম্ ॥ ২৪
কুলালচক্রবন্নাগস্তদা তূর্ণমথাভ্রমৎ।
নাগাযুতবলঃ শ্রীমান্ কালযানো বৃকোদরম্ ॥ ২৫
ভীমোঽপি নিষ্ক্রম্য ততঃ সুপ্রতীকাগ্রতোঽভবৎ।
ভীমং করেণাবনম্য জানুভ্যামভ্যতাড়য়ৎ ॥ ২৬
গ্রীবায়াং বেষ্টয়িত্বৈনং স গজো হন্তুমৈহত।
করবেষ্টং ভীমসেনো ভ্রমং দত্ত্বা ব্যমোচয়ৎ ॥ ২৭
পুনর্গাত্রাণি নাগস্য প্রবিবেশ বৃকোদরঃ।
যাবৎ প্রতিগজায়াতং স্ববলে প্রত্যবৈক্ষত ॥ ২৮
ভীমোঽপি নাগগাত্রেভ্যো বিনিঃসৃত্যাপযাজ্জবাৎ
ততঃ সর্ব্বস্য সৈন্যস্য নাদঃ সমভবন্মহান্ ॥ ২৯

জানিতেন। এই বিদ্যারই নাম—অঞ্জলিকাবেধ।) জানিতেন, সেইজন্য তিনি সেখান হইতে পলায়ন করিলেন না ॥ ২৩

তিনি এই হাতীর নিম্নে যাইয়া হাতের দ্বারা বারংবার থপ্ থপ্ করিতে লাগিলেন। ভীমসেন এই অবিনাশী গজরাজকে বধ করিবার ইচ্ছায় তাহাকে লালন-পালন করিতে থাকিলেন ॥ ২৪

সেই সময় এই হাতী অতি সত্বর কুম্ভকারের চক্রের ন্যায় চারিদিকে ঘুরিতে লাগিল। তাহার মধ্যে দশ হাজার হাতীর বল ছিল। সেই সুন্দর গজরাজ ভীমসেনকে সংহার করিবার জন্য বিশেষ চেষ্টা করিতেছিল ॥ ২৫

ভীমসেনও গজরাজ সুপ্রতীকের শরীর হইতে নিষ্ক্রান্ত হইয়া তাহার সম্মুখে দাঁড়াইয়া রহিলেন। তখন হাতীটিও তাঁহাকে স্বীয় শুণ্ডে জড়াইয়া ধরিয়া নীচেতে তুলিয়া ফেলিয়া দুই জানুর দ্বারা মথিত করিবার চেষ্টায় ছিল ॥ ২৬

কেবল ইহাই নহে, এই হাতী ভীমের গলায় জড়াইয়া ধরিয়া তাঁহাকে সংহার করিবার ইচ্ছা করিতেছিল। তখন ভীমসেন তাহাকে ভ্রান্তির মধ্যে ফেলিয়া দিয়া তাহার জড়ান শুঁড় হইতে নিজেকে মুক্ত করিয়া লইলেন ॥ ২৭

তদনন্তর ভীমসেন পুনরায় সেই হাতীর শরীরেই লুকাইয়া পড়িলেন এবং স্বীয় সৈন্যবাহিনী হইতে অন্য এক হাতীর দ্বারা এই হাতীকে যুদ্ধে আক্রান্ত হইবার প্রতীক্ষা করিতে লাগিলেন ॥ ২৮

তারপর ভীমসেনও কিছুকাল পরে হাতীর শরীর হইতে নিষ্ক্রান্ত হইয়া তীব্র বেগে দূরে সরিয়া যাইলেন। তখন সমস্ত সৈন্যদের মধ্যে উচ্চৈঃস্বরে কোলাহল হইতে লাগিল ॥ ২৯

অহো ধিঙ্ নিহতো ভীমঃ কুঞ্জরেণেতি মারিষ।
তেন নাগেন সন্ত্রস্তা পাণ্ডবানামনীকিনী ॥ ৩০
সহসাভ্যদ্রবদ্ রাজন্ যত্র তস্থৌ বৃকোদরঃ।
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মত্বা বৃকোদরম্ ॥ ৩১
ভগদত্তং সপাঞ্চাল্যঃ সর্ব্বতঃ সমবারয়ৎ।
তং রথং রথিনাং শ্রেষ্ঠাঃ পরিবার্য্য পরন্তপাঃ ॥ ৩২
অবাকিরন্ শরৈস্তীক্ষ্ণৈঃ শতশোহথ সহস্রশঃ।
স বিঘাতং পৃষৎকানামঙ্কুশেন সমাহরন্ ॥ ৩৩
গজেন পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমৎ পর্ব্বতেশ্বরঃ।
তদদ্ভুতমপশ্যাম ভগদত্তস্য সংযুগে ॥ ৩৪
তথা বৃদ্ধস্য চরিতং কুঞ্জরেণ বিশাম্পতে।
ততো রাজা দশার্ণানাং প্রাগ্জ্যোতিষমুপাদ্রবৎ ॥ ৩৫
তির্য্যগ্যাতেন নাগেন সমদেনাশুগামিনা।
তয়োর্যুদ্ধং সমভবন্নাগয়োর্ভীমরূপয়োঃ ॥ ৩৬

আর্য্য! সেই সময় সকলেরই মুখ হইতে একই কথা বাহির হইতে লাগিল যে, 'অহো! এই হাতী ভীমসেনকে সংহার করিল, কি প্রশংসনীয় ব্যাপার!' রাজন্! তখন এই হাতী হইতে ভীত হইয়া পাণ্ডব-সৈন্যবাহিনী তথায় পলায়ন করিল, যেখানে ভীমসেন দাঁড়াইয়া আছেন ॥

তারপর রাজা যুধিষ্ঠির ভীমসেনকে নিহত মনে করিয়া পাঞ্চাল-দেশীয় সৈন্যগণের সহিত রাজা ভগদত্তকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥

শত্রুগণের সন্তাপকারী সেই সব শ্রেষ্ঠ রথী বীরগণ মহারথী ভগদত্তকে সর্ব্বদিকে পরিবৃত করিয়া শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥

পর্ব্বতরাজ ভগদত্ত সেই সব বাণপ্রহারকে স্বীয় অঙ্কুশের দ্বারা নিবারণ করিলেন এবং হাতীকে অগ্রবর্দ্ধন করিয়া পাণ্ডব ও পাঞ্চাল যোদ্ধাদিগকে মথিত করিতে লাগিলেন ॥

প্রজানাথ! সেই যুদ্ধস্থলে হাতীর দ্বারা বৃদ্ধ রাজা ভগদত্তের অদ্ভুত পরাক্রম আমরা দেখিয়াছি ॥

তারপর দশার্ণরাজ মদস্রাবী, শীঘ্রগামী এবং তির্য্যগ্ভাবে (পার্শ্বভাগ অভিমুখে) গমনকারী একটি গজের দ্বারা ভগদত্তের উপর আক্রমণ করিলেন ॥

তখন ভয়ঙ্কররূপধারী এই দুই গজরাজের যুদ্ধ এরূপ প্রতীত হইতেছিল, যেরূপ পুরাকালে পক্ষযুক্ত ও বৃক্ষাবলিসুশোভিত দুইটি পর্ব্বতের মধ্যে যুদ্ধ হইয়াছিল ॥

সপক্ষয়োঃ পর্ব্বতয়োর্যথা সদ্রুময়োঃ পুরা।
প্রাগ্জ্যোতিষপতের্নাগঃ সংনিবৃত্যাপসৃত্য চ ॥ ৩৭
পার্শ্বে দশার্ণাধিপতের্ভিত্ত্বা নাগমপাতয়ৎ।
তোমরৈঃ সূর্যরশ্ম্যাভৈর্ভগদত্তোহথ সপ্তভিঃ ॥ ৩৮
জঘান দ্বিরদস্থং তং শত্রুং প্রচলিতাসনম্।
ব্যবচ্ছিদ্য তু রাজানং ভগদত্তং যুধিষ্ঠিরঃ ॥ ৩৯
রথানীকেন মহতা সর্ব্বতঃ পর্য্যবারয়ৎ।
স কুঞ্জরস্থো রথিভিঃ শুশুভে সর্বতো বৃতঃ ॥ ৪০
পর্ব্বতে বনমধ্যস্থো জ্বলন্নিব হুতাশনঃ।
মণ্ডলং সর্ব্বতঃ শ্লিষ্টং রথিনামুগ্রধন্বিনাম্ ॥ ৪১
কিরতাং শরবর্ষাণি স নাগঃ পর্য্যবর্ত্তত।
ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা পরিগৃহ্য মহাগজম্ ॥ ৪২
প্রেষয়ামাস সহসা যুযুধানরথং প্রতি।
শিনেঃ পৌত্রস্য তু রথং পরিগৃহ্য মহাদ্বিপঃ ॥ ৪৩

প্রাগ্জ্যোতিষপুরাধিপতি ভগদত্তের হাতী তখন প্রত্যাবর্ত্তন ও পশ্চাদপসরণ করিয়া দশার্ণরাজের হাতীর পার্শ্বভাগে প্রচণ্ড আঘাত করিল এবং তাহার দ্বারা উহাকে বিদারিত করিয়া ধরাশায়ী করিয়া দিল ॥

তাহার পর রাজা ভগদত্ত সূর্য্যকিরণতুল্য উজ্জ্বল সাতটি তোমরের দ্বারা হাতীর উপর উপবিষ্ট এবং যাঁহার আসন তখন স্থানচ্যুত হইয়াছিল, সেই শত্রু দশার্ণরাজকে সংহার করিলেন ॥

সেই সময় যুধিষ্ঠির রাজা ভগদত্তকে স্বীয় বাণসমূহে আহত করিয়া বিশাল রথসৈন্যের দ্বারা সর্ব্বদিকে তাঁহাকে ঘিরিয়া ফেলিলেন ॥

যেরূপ বনের মধ্যে পর্ব্বতশিখরে দাবানল জ্বলিতে থাকে, সেইরূপ সর্ব্বদিকে রথী সৈন্যে পরিবৃত হইয়া হাতীর পৃষ্ঠে উপবিষ্ট রাজা ভগদত্ত শোভা পাইতে লাগিলেন ॥

বাণসমূহে বর্ষণ করিতে করিতে সেই ভয়ঙ্কর ধনুর্দ্ধর রথী বীরগণের মণ্ডল সেই হাতীর উপর চারিদিক্ দিয়া আক্রমণ করিলেন এবং সেই হাতীও তখন চারিদিকে ঘুরিতে লাগিল ॥

সেই প্রাগ্জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত সেই বিশাল গজরাজকে স্ববশে রাখিয়া সহসা সাত্যকির রথের দিকে চালাইয়া দিলেন ॥

যুযুধান (সাত্যকি) তখন নিজ রথকে পরিত্যাগ করিয়া দূরে সরিয়া যাইলেন এবং এই মহাগজ শিনি-পৌত্র সাত্যকির সেই রথকে শুঁড়ে জড়াইয়া ধরিয়া তীব্রবেগে নিক্ষেপ করিলেন ॥

অভিচিক্ষেপ বেগেন যুযুধানস্তপাক্রমৎ।
বৃহতঃ সৈন্ধবানশ্বান্‌ সমুত্থাপ্যাথ সারথিঃ ॥ ৪৪
তস্থৌ সাত্যকিমাসাদ্য সম্প্লুতস্তং রথং প্রতি।
স তু লব্ধ্বান্তরং নাগস্ত্বরিতো রথমণ্ডলাৎ ॥ ৪৫
নিশ্চক্রাম ততঃ সর্ব্বান্‌ পরিচিক্ষেপ পার্থিবান্‌।
তে ত্বাশুগতিনা তেন ত্রাস্যমানা নরর্ষভাঃ ॥ ৪৬
তমেকং দ্বিরদং সংখ্যে মেনিরে শতশো দ্বিপান্‌।
তে গজস্থেন কাল্যন্তে ভগদত্তেন পাণ্ডবাঃ ॥ ৪৭
ঐরাবতস্থেন যথা দেবরাজেন দানবাঃ।
তেষাং প্রদ্রবতাং ভীমঃ পাঞ্চালানামিতস্ততঃ ॥ ৪৮
গজবাজিকৃতঃ শব্দঃ সুমহান্‌ সমজায়ত।
ভগদত্তেন সমরে কাল্যমানেষু পাণ্ডুষু ॥ ৪৯
প্রাগ্‌জ্যোতিষমভিক্রুদ্ধঃ পুনর্ভীমঃ সমভ্যয়াৎ।
তস্যাভিদ্রবতো বাহান্‌ হস্তমুক্তেন বারিণা ॥ ৫০
সিক্ত্বা ব্যত্রাসয়ন্নাগস্তে পার্থমহরংস্ততঃ।
ততস্তমভ্যয়াৎ তূর্ণং রুচিপর্বাকৃতীসুতঃ ॥ ৫১
সমন্বন্‌ শরবর্ষেণ রথস্থোঽন্তকসন্নিভঃ।
ততঃ স রুচিপর্বাণং শরেণানতপর্ব্বণা ॥ ৫২
সুপর্বা পর্বতপতির্নিন্যে বৈবস্বতক্ষয়ম্‌।
তস্মিন্‌ নিপতিতে বীরে সৌভদ্রো দ্রৌপদীসুতঃ ॥ ৫৩
চেকিতানো ধৃষ্টকেতুর্যুযুৎসুশ্চার্দয়ন্‌ দ্বিপম্‌।
ত এনং শরধারাভির্ধারাভিরিব তোয়দাঃ ॥ ৫৪
সিষিচুর্ভৈরবান্‌ নাদান্‌ বিনদন্তো জিঘাংসবঃ।
ততঃ পার্ষ্ণ্যঙ্কুশাঙ্গুষ্ঠৈঃ কৃতিনা চোদিতো দ্বিপঃ ॥৫৫
প্রসারিতকরঃ প্রায়াৎ স্তব্ধকর্ণেক্ষণো দ্রুতম্‌।
সোঽধিষ্ঠায় পদা বাহান্‌ যুযুৎসোঃ সূতমারুজৎ ॥ ৫৬

তদনন্তর সারথি নিজ রথকে ও সিন্ধুদেশজাত বিশাল অশ্বগণকে উঠাইয়া লম্ফপ্রদান করত রথে আরোহণ করিল। তারপর রথসহ সাত্যকির নিকট গিয়া অবস্থান করিতে লাগিল ॥

ইহার মধ্যেই অবসর পাইয়া সেই গজরাজ সত্বরতার সহিত রথের বেষ্টন হইতে পার হইয়া যাইল এবং সমস্ত রাজাদিগকে তুলিয়া তুলিয়া নিক্ষেপ করিতে থাকিল ॥

এই দ্রুতগামী গজরাজ হইতে ভীত হইয়া নরশ্রেষ্ঠ নরপতিগণ যুদ্ধস্থলে একটি হাতীকেই শত শত হাতীর ন্যায় মনে করিতে লাগিলেন ॥

যেরূপ দেবরাজ ইন্দ্র ঐরাবত হাতীর পৃষ্ঠে আরোহণ করিয়া দানবকে সংহার করিয়া থাকেন, সেইরূপ স্বীয় হাতীর পৃষ্ঠে আরোহণ করিয়া রাজা ভগদত্ত পাণ্ডব-সৈন্যদিগকে সংহার করিতে আরম্ভ করিলেন ॥

এই সময় এদিকে ওদিকে পলায়নপর পাঞ্চালসৈন্যদের হস্তি-অশ্বগণের অতিশয় ভয়ঙ্কর চীৎকার শব্দ উত্থিত হইতে লাগিল।

ভগদত্তকর্ত্তৃক সমরাঙ্গণে পাণ্ডব-সৈন্যরা বিতাড়িত হইতে থাকিলে ভীমসেন কুপিত হইয়া পুনরায় প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তের উপর আক্রমণ করিলেন।

সেইসময় আক্রমণকারী ভীমসেনের অশ্বগণের উপর সেই হাতী শুঁড়ে করিয়া জল সেচন করত তাহাদিগকে ভীত করিয়া ফেলিল। তারপর সেই অশ্বগণ তখন ভীমসেনকে লইয়া দূরে পলায়ন করিল ॥

সেই সময় আকৃতিপুত্র রুচিপর্ব্বা অতিক্রুদ্ধ সেই হাতীর উপর আক্রমণ করিলেন। তিনি রথের উপর বসিয়া যেন সাক্ষাৎ যমরাজের ন্যায় প্রতীত হইতেছিলেন। তিনি এই সময় বাণ-বর্ষণ করিয়া হাতীটিকে গুরুতর আহত করিয়া ফেলিলেন।

যাঁহার অঙ্গের পর্ব্বসকল (সন্ধিস্থানসমূহ) সুন্দর ছিল, সেই পর্ব্বতরাজ ভগদত্ত ইহা লক্ষ্য করিয়া আনতপর্ব্বযুক্ত বাণসমূহে রুচিপর্ব্বাকে যমলোকে প্রেরণ করিলেন ॥

এই বীর নিহত হইলে পর অভিমন্যু, দ্রৌপদীকুমার, চেকিতান, ধৃষ্টকেতু এবং যুযুৎসুও সেই হাতীকে পীড়িত করিতে লাগিলেন। এই সব যোদ্ধারা তখন সেই হাতীকে নিহত করিবার ইচ্ছায় বিকট গর্জন করিতে করিতে নিজেদের বাণ-সমূহের ধারায় সিঞ্চন করিতে আরম্ভ করিলেন, ইহাতে মনে হইতে লাগিল যে, মেঘ পর্ব্বতের উপর জলধারা বর্ষণ করিতেছে ॥

তদনন্তর বিদ্বান্‌ রাজা ভগদত্ত নিজের চরণের গোড়ালি, অঙ্কুশ ও অঙ্গুষ্ঠের দ্বারা প্রেরিত করিয়া হাতীটিকে অগ্রে চালনা করিলেন। তারপর নিজের কর্ণকে খাড়া করিয়া এবং চক্ষুকে বিস্ফারিত করিয়া শুঁড়কে বিস্তারিত করত সেই হাতী অতিক্রুদ্ধ অগ্রভূমির দিকে ধাবিত হইল ও যুযুৎসুর অশ্বগণকে পায়ের দ্বারা দাবাইয়া ধরিয়া তাঁহার সারথিকে বিনাশ করিল। ৩০-৫৬

যুযুৎসুস্তু রথাদ্ রাজন্নপাক্রামৎ ত্বরান্বিতঃ।
ততঃ পাণ্ডবযোধাস্তে নাগরাজং শরৈর্দ্রুতম্ ॥ ৫৭
সিষিচুর্ভৈরবান্ নাদান্ বিনদন্তো জিঘাংসবঃ।
পুত্রস্তু তব সম্ভ্রান্তঃ সৌভদ্রস্যাপ্লুতো রথম্ ॥ ৫৮
স কুঞ্জরস্থো বিসৃজন্নিষূনরিষু পার্থিবঃ।
বভৌ রশ্মীনিবাদিত্যো ভুবনেষু সমুৎসৃজন্ ॥ ৫৯
তমার্জ্জুনির্দ্বাদশভির্যুযুৎসুর্দশভিঃ শরৈঃ।
ত্রিভিস্ত্রিভির্দ্রৌপদেয়া ধৃষ্টকেতুশ্চ বিব্যধুঃ ॥ ৬০
সোঽতিযত্নার্পিতৈর্বাণৈরাচিতো দ্বিরদো বভৌ।
সংস্যূত ইব সূর্য্যস্য রশ্মিভির্জলদো মহান্ ॥ ৬১
নিয়ন্তুঃ শিল্প-যত্নাভ্যাং প্রেরিতোঽরিশরার্দিতঃ।
পরিচিক্ষেপ তান্ নাগঃ স রিপূন্ সব্য-দক্ষিণম্ ॥ ৬২
গোপাল ইব দণ্ডেন যথা পশুগণান্ বনে।
আবেষ্টয়ত তাং সেনাং ভগদত্তস্তথা মুহুঃ ॥ ৬৩

ক্ষিপ্রং শ্যেনাভিপন্নানাং বায়সানামিব স্বনঃ।
বভূব পাণ্ডবেয়ানাং ভৃশং বিদ্রবতাং স্বনঃ ॥ ৬৪
স নাগরাজঃ প্রবরাঙ্কুশাহতঃ
পুরা সপক্ষোঽদ্রিবরো যথা নৃপ।
ভয়ং তদা রিপুষু সমাদধদ্ ভৃশং
বণিগ্জনানাং ক্ষুভিতো যথার্ণবঃ ॥ ৬৫
ততো ধ্বনির্দ্বিরদরথাশ্বপার্থিবৈ-
র্ভয়াদ্ দ্রবদ্ভির্জনিতোঽতিভৈরবঃ।
ক্ষিতিং বিয়দ্ দ্যাং বিদিশো দিশস্তথা।
সমাবৃণোৎ পার্থিব সংযুগে ততঃ ॥ ৬৬
স তেন নাগপ্রবরেণ পার্থিবো
ভৃশং জগাহে দ্বিষতামনীকিনীম্।
পুরা সুগুপ্তাং বিবুধৈরিবাহবে
বিরোচনো দেববরূথিনীমিব ॥ ৬৭

রাজন্! তখন যুযুৎসু অতি সত্বর রথ হইতে নামিয়া পড়িয়া দূরে পলায়ন করিলেন। তাহার পর পাণ্ডবযোদ্ধারা এই গজরাজকে শীঘ্র বধ করিবার ইচ্ছায় ভয়ঙ্কর গর্জন করিতে করিতে নিজেদের বাণসমূহের বর্ষণ ধারায় তাহাকে সিক্ত করিতে লাগিলেন।

সেই সময় বিভ্রান্ত হইয়া আপনার পুত্র যুযুৎসু অভিমন্যুর রথে গিয়া উপবিষ্ট হইলেন। হাতীর পৃষ্ঠে আরোহণ করিয়া রাজা ভগদত্ত শত্রুদিগের উপর বাণবর্ষণ করিতে করিতে সমগ্র জগতে স্বীয় কিরণাবলি বিস্তারকারী সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৫৭-৫৯

অর্জুনকুমার অভিমন্যু বার, যুযুৎসু দশ ও দ্রৌপদীর পুত্রগণ এবং ধৃষ্টকেতু তিন তিনটি বাণের দ্বারা ভগদত্তের হাতীকে বিদ্ধ করিলেন ॥ ৬০

অত্যন্ত প্রযত্নসহকারে নিক্ষিপ্ত বাণসমূহে হাতীর সর্ব্বাঙ্গ ব্যাপ্ত হইয়া পড়িল। এই অবস্থায় সেই হাতী সূর্য্যকিরণে গ্রথিত মহামেঘের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৬১

মাহুতের কৌশল ও প্রযত্নের দ্বারা প্রেরিত হইয়া সেই হাতী শত্রুদিগের বাণে পীড়িত হইয়াও সে দক্ষিণ এবং বামভাগে স্থিত শত্রুগণকে ধরিয়া ধরিয়া নিক্ষেপ করিতে লাগিল ॥ ৬২

যেরূপ গো-পালক বনে পশুগণকে তাড়াইয়া লইয়া যায়, সেইরূপ ভগদত্ত বারংবার পাণ্ডব-সৈন্যদিগকে বেষ্টন করিতে লাগিলেন ॥ ৬৩

যেরূপ বাজপাখীর আক্রমণে ভীত হইয়া কাকগণ 'কা কা' করিয়া শব্দ করিতে থাকে, সেইরূপ পলায়নপর পাণ্ডবযোদ্ধাদেরও তীব্রস্বরে আর্ত্তনাদ শোনা যাইতে লাগিল ॥ ৬৪

হে নৃপ! সেই সময় বিশাল অঙ্কুশের আঘাত খাইয়া গজরাজ পুরাকালের পক্ষধারী শ্রেষ্ঠ পর্ব্বতের ন্যায় সেইভাবে সকলকে অত্যন্ত ভীত করিতে লাগিল, যেরূপ বিক্ষুব্ধ মহাসাগর ব্যবসায়ীদিগকে ভীত করিয়া থাকে ॥ ৬৫

মহারাজ! তদনন্তর ভয়ে পলায়মান হাতী, অশ্ব, রথ ও ভূপতিগণ সেখানে অত্যন্ত ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিলেন। ইঁহাদের সেই ভয়ঙ্কর শব্দ যুদ্ধস্থলে পৃথিবী, আকাশ, স্বর্গ এবং দিক্-বিদিক্সমূহ সর্ব্বতোভাবে আবৃত হইয়া পড়িল ॥ ৬৬

সেই গজরাজের দ্বারা রাজা ভগদত্ত শত্রুসৈন্যদের মধ্যে উত্তমরূপে সেইভাবে প্রবেশ করিলেন, যেরূপে পুরাকালে দেবাসুর-সংগ্রামের সময় দেবগণকর্ত্তৃক সুরক্ষিত দেবসৈন্যমধ্যে দৈত্যরাজ বিরোচন প্রবেশ করিয়াছিলেন ॥ ৬৭

ভৃশং ববৌ অলনসখো বিয়দ্ রজঃ
সমাবৃণোন্মুহুরপি চৈব সৈনিকান্।
তমেকনাগং গণশো যথা গজান্
সমাদ্রবন্তো ...

সেই সময় সেখানে তীব্রগতিতে বহ্নিবন্ধু বায়ু বহিতেছিল আকাশ ধূলিতে ব্যাপ্ত হইয়া পড়িল। এই ধূলি সমস্ত সৈন্য-বাহিনীকেও আবৃত করিয়াছিল। তখন সকল ব্যক্তিই চারিদিকেই ধাবমান সেই একটি মাত্র হাতীকে হাতীদের দলের ন্যায় মনে করিতে লাগিলেন। ৬৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াংবৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি ভগদত্তযুদ্ধে ষড়বিংশোঽধ্যায়ঃ ॥ ২৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকপর্ব্বে ভগদত্তের যুদ্ধবিষয়ক ষড়বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

[সংশপ্তকৈঃ সহার্জুনস্য ভয়ঙ্করং যুদ্ধম্, তেষাং ভূয়সামেব বিনাশশ্চ।]

সঞ্জয় উবাচ।

যন্মাং পার্থস্য সংগ্রামে কর্ম্মাণি পরিপৃচ্ছসি।
তচ্ছৃণুষ্ব মহাবাহো পার্থো যদকরোদ্ রণে ॥ ১
রজো দৃষ্ট্বা সমুদ্ধূতং শ্রুত্বা চ গর্জনিঃস্বনম্।
ভগদত্তে বিকুর্ব্বাণে কৌন্তেয়ঃ কৃষ্ণমব্রবীৎ ॥ ২
যথা প্রাগ্‌জ্যোতিষো রাজা গজেন মধুসূদন।
ত্বরমাণো বিনিষ্ক্রান্তো ধ্রুবং তস্যৈষ নিঃস্বনঃ ॥ ৩
ইন্দ্রাদনবরঃ সংখ্যে গজযানবিশারদঃ।
প্রথমো গজযোধানাং পৃথিব্যামিতি মে মতিঃ ॥ ৪
স চাপি দ্বিরদশ্রেষ্ঠঃ সদাপ্রতিগজো যুধি।
সর্বশস্ত্রাতিগঃ সংখ্যে কৃতকর্ম্মা জিতক্লমঃ ॥ ৫
সহঃ শস্ত্রনিপাতানামগ্নিস্পর্শস্য চানঘ।
স পাণ্ডববলং সর্ব্বমদ্যৈকো নাশয়িষ্যতি ॥ ৬
ন চাবাভ্যামৃতেঽন্যোঽস্তি শক্তস্তং প্রতিবাধিতুম্
ত্বরমাণস্ততো যাহি যতঃ প্রাগ্‌জ্যোতিষাধিপঃ ॥
দৃপ্তং সংখ্যে দ্বিপবলাদ্ বয়সা চাপি বিস্মিতম্।
অদ্যৈনং প্রেষয়িষ্যামি বলহন্তুঃ প্রিয়াতিথিম্ ॥ ৮

সপ্তবিংশ অধ্যায়।

[সংশপ্তকগণের সহিত অর্জ্জুনের ভয়ঙ্কর যুদ্ধ এবং তাহাদের অধিকাংশেরই বিনাশ।]

সঞ্জয় বলিলেন,—মহাবাহো! আপনি যে যুদ্ধে অর্জ্জুনের পরাক্রমের কথা জিজ্ঞাসা করিলেন, আমি তাহা আপনাকে বলিতেছি। অর্জ্জুন রণাঙ্গনে যাহা কিছু করিয়াছিলেন, আপনি তৎসমস্তই শ্রবণ করুন। ১

ভগদত্ত যখন বিচিত্ররূপে যুদ্ধ করিতেছিলেন, তখন সেখানে ধূলি উড়িতে দেখিয়া এবং হাতীর চীৎকার শ্রবণ করিয়া কুন্তী-নন্দন অর্জ্জুন শ্রীকৃষ্ণকে বলিলেন। ২

মধুসূদন! রাজা ভগদত্ত স্বীয় হস্তীতে আরোহণ করিয়া যেরূপ দ্রুত যুদ্ধ করিবার জন্য নির্গত হইতেছেন, ইহাতে মনে হইতেছে, নিশ্চয় সেখানেই এই মহাকোলাহল হইতেছে। ৩

আমার এরূপ স্থিরনিশ্চয় আছে যে, এই রাজা ভগদত্ত যুদ্ধে ইন্দ্র হইতে কোনও অংশেই ন্যূন নহেন। ভগদত্ত হস্তীতে আরোহণ বিদ্যায় বিশেষ পারদর্শী এবং গজযোধী বীরগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। ৪

ইঁহার সেই হস্তিশ্রেষ্ঠ সুপ্রতীক নামে হাতীও যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বী। সে সর্ব্বপ্রকার অস্ত্রসমূহ অতিক্রম করিয়া যুদ্ধে বহুবার নিজের পরাক্রম দেখাইয়াছে। সে পরিশ্রমকেও জয় করিয়াছে। ৫

অনঘ! সে সর্বপ্রকার অস্ত্রের আঘাত এবং অগ্নির স্পর্শও সহ্য করিতে পারে। আজ সে একাকীই সমস্ত পাণ্ডবসৈন্যগণকে সংহার করিয়া ফেলিবে। ৬

আমরা দুই জন ব্যতীত অন্য আর কেহই নাই, যে ইহাকে বাধা দিতে পারিবে। অতএব আপনি সেখানে চলুন, যেখানে প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত অবস্থান করিতেছেন। ৭

নিজের হাতীর এই বলের জন্য যিনি অতিশয় গর্ব্বিত এবং যিনি বয়সেও অত্যন্ত বৃদ্ধ হওয়ায় অহঙ্কারপূর্ণ, সেই রাজা

বচনাদথ কৃষ্ণস্তু প্রযযৌ সব্যসাচিনঃ।
দীর্য্যতে ভগদত্তেন যত্র পাণ্ডববাহিনীম্ ॥ ৯
তং প্রযান্তং ততঃ পশ্চাদাহ্বয়ন্তো মহারথাঃ।
সংশপ্তকাঃ সমারোহন্ সহস্রাণি চতুর্দশ ॥ ১০
দশৈব তু সহস্রাণি ত্রিগর্ত্তানাং মহারথাঃ।
চত্বারি চ সহস্রাণি বাসুদেবস্য চানুগাঃ ॥ ১১
দীর্য্যমাণাং চমূং দৃষ্ট্বা ভগদত্তেন মারিষ।
আহূয়মানস্য চ তৈরভবদ্ধৃদয়ং দ্বিধা ॥ ১২
কিং নু শ্রেয়স্করং কর্ম্ম ভবেদদ্যেতি চিন্তয়ন্।
ইহ বা বিনিবর্ত্তেয়ং গচ্ছেয়ং বা যুধিষ্ঠিরম্ ॥ ১৩
তস্য বুদ্ধ্যা বিচার্য্যৈবমর্জ্জুনস্য কুরূদ্বহ।
অবভদ্ ভূয়সী বুদ্ধিঃ সংশপ্তকবধে স্থিরা ॥ ১৪
স সংনিবৃত্তঃ সহসা কপিপ্রবরকেতনঃ।
একো রথসহস্রাণি নিহন্তুং বাসবী রণে ॥ ১৫
সা হি দুর্য্যোধনস্যাসীন্মতিঃ কর্ণস্য চোভয়োঃ।
অর্জ্জুনস্য বধোপায়ে তেন দ্বৈধমকল্পয়ৎ ॥ ১৬
স তু দোলায়মানোঽভূদ্ দ্বৈধীভাবেন পাণ্ডবঃ।
বধেন তু নরাগ্র্যাণামকরোৎ তাং মৃষা তদা ॥ ১৭
ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
অসৃজন্নর্জ্জুনে রাজন্ সংশপ্তকমহারথাঃ ॥ ১৮
নৈব কুন্তীসুতঃ পার্থো নৈব কৃষ্ণো জনার্দনঃ।
ন হয়া ন রথো রাজন্ দৃশ্যন্তে স্ম শরৈশ্চিতাঃ ॥ ১৯
তদা মোহমনুপ্রাপ্তঃ সিস্বিদে হি জনার্দনঃ।
ততস্তান্ প্রায়শঃ পার্থো ব্রহ্মাস্ত্রেণ নিজঘ্নিবান্ ॥ ২০
শতশঃ পাণয়শ্ছিন্নাঃ সেষুজ্যাতলকার্মুকাঃ।
কেতবো বাজিনঃ সূতা রথিনশ্চাপতন্ ক্ষিতৌ ॥ ২১

ভগদত্তকে বধ করিয়া আজ বলাসুরবিনাশী দেবরাজ ইন্দ্রের প্রিয় অতিথিতে পরিণত করত স্বর্গলোকে প্রেরণ করিব ॥ ৮

সব্যসাচী অর্জুনের এই বাক্যে প্রেরিত হইয়া শ্রীকৃষ্ণ সেইস্থানে রথ লইয়া গমন করিলেন, যেস্থানে ভগদত্ত পাণ্ডবসৈন্যদিগকে সংহার করিতেছিলেন ॥ ৯

অর্জুনকে যাইতে দেখিয়া তাঁহার পশ্চাতে চৌদ্দ হাজার সংশপ্তক মহারথী বীর তাঁহাকে যুদ্ধের জন্য আহ্বান করিতে করিতে আক্রমণ করিলেন ॥ ১০

ইঁহাদের মধ্যে দশ হাজার মহারথী ত্রিগর্ত্তদেশেরই ছিলেন এবং চার হাজার ভগবান্ শ্রীকৃষ্ণের সেবক (নারায়ণী সেনা) ছিলেন ॥ ১১

আর্য্য! রাজা ভগদত্তকর্তৃক নিজ বাহিনীকে বিদীর্ণ হইতে দেখিয়া এবং পশ্চাদ্ দিক্ হইতে সংশপ্তকগণের যুদ্ধের আহ্বান শ্রবণ করিয়া তাঁহার হৃদয় দ্বিধাগ্রস্ত হইয়া পড়িল ॥ ১২

তিনি চিন্তা করিতে লাগিলেন,—আজ আমার পক্ষে কোন্ কার্য্য শ্রেয়স্কর হইবে? এখান হইতে সংশপ্তকগণের দিকে ফিরিয়া যাইব অথবা যুধিষ্ঠিরের নিকটে যাইব? ১৩

কুরুশ্রেষ্ঠ! বুদ্ধির দ্বারা এরূপ বিচার করিতে করিতে তাঁহার মনে এই ভাব অত্যন্ত দৃঢ় হইল যে, এখন সংশপ্তকগণকে বধ করাই আমার প্রধান কার্য্য হইবে ॥ ১৪

শ্রেষ্ঠ বানরচিহ্নে সুশোভিত ধ্বজধারী ইন্দ্রনন্দন অর্জুন উপরি উক্ত বাক্য চিন্তা করিয়া সহসা ফিরিয়া যাইলেন। তিনি রণাঙ্গনে একাকীই হাজার রথী বীরকে সংহার করিবার জন্য উদ্যত হইলেন ॥ ১৫

অর্জুনের বধের উপায়ের বিষয় চিন্তা করিতে করিতে দুর্য্যোধন ও কর্ণ উভয়েরই মনে এই সিদ্ধান্ত উৎপন্ন হইয়াছিল। তাই তিনি যুদ্ধকে এইভাবে দুইভাগে বিভক্ত করিয়া দিয়াছিলেন ॥ ১৬

পাণ্ডুনন্দন অর্জুন একবার দ্বৈধভাবে দোদুল্যমান হইয়া চঞ্চল হইয়া পড়িয়াছিলেন, তথাপি নরশ্রেষ্ঠ সংশপ্তক বীরগণকেই বধ করিবার সিদ্ধান্ত করিয়া তিনি সেই দ্বিধাগ্রস্তভাবকে মিথ্যা করিয়া দিলেন ॥ ১৭

রাজন্! তদনন্তর সংশপ্তক মহারথী বীরগণ অর্জুনের উপর আনতপর্ব্বযুক্ত এক লক্ষ বাণবর্ষণ করিলেন ॥ ১৮

মহারাজ! সেই সময় না কুন্তীকুমার অর্জুন, না জনার্দন শ্রীকৃষ্ণ, না অশ্ব এবং না রথ কিছুই দেখা যাইতেছিল না। তখন সব কিছুই বাণে বাণে আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল ॥ ১৯

এই অবস্থায় ভগবান্ জনার্দন ঘর্ম্মাক্ত হইয়া পড়িলেন এবং তাঁহার উপর আসিয়া উপস্থিত হইল। ইহা দেখিয়া অর্জুন ব্রহ্মাস্ত্রের দ্বারা তাঁহাদের সকলকেই প্রায় নষ্ট করিয়া ফেলিলেন ॥ ২০

শত শত হস্ত বাণ, গুণ ও ধনুসহ ছিন্ন হইয়া যাইল। ধ্বজ, অশ্ব, সারথি ও রথ সকলেই ধরাশায়ী হইল ॥ ২১

ক্রমাচলাগ্রাম্বুধরৈঃ সমকায়াঃ সুকল্পিতাঃ।
হতারোহাঃ ক্ষিতৌ পেতুর্দ্বিপাঃ পার্থশরাহতাঃ ॥ ২২
বিপ্রবিদ্ধকুথা নাগাশ্ছিন্নভাণ্ডাঃ পরাসবঃ।
সারোহাস্তু রণে পেতুর্মথিতা মার্গণৈর্ভৃশম্ ॥ ২৩
সর্ষ্টিপ্রাসাসিনখরাঃ সমুদ্গরপরশ্বধাঃ।
বিচ্ছিন্না বাহবঃ পেতুর্নৃণাং ভল্লৈঃ কিরীটিনা ॥ ২৪
বালাদিত্যাম্বুজেন্দূনাং তুল্যরূপাণি মারিষ।
সঞ্চ্ছিন্নান্যর্জুনশরৈঃ শিরাংস্যুর্ব্যাং প্রপেদিরে ॥২৫
জজ্বালালঙ্কৃতা সেনা পত্রিভিঃ প্রাণিভোজনৈঃ।
নানারূপৈস্তদামিত্রান্ ক্রুদ্ধে নিঘ্নতি ফাল্গুনে ॥ ২৬
ক্ষোভয়ন্তং তদা সেনাং দ্বিরদং নলিনীমিব।
ধনঞ্জয়ং ভূতগণাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥ ২৭
দৃষ্ট্বা তৎ কর্ম্ম পার্থস্য বাসবস্যেব মাধবঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রাঞ্জলিস্তমুবাচ হ ॥ ২৮
কর্ম্মৈতৎ পার্থ শক্রেণ যমেন ধনদেন চ।
দুষ্করং সমরে যৎ তে কৃতমদ্যেতি মে মতিঃ ॥ ২৯
যুগপচ্চৈব সংগ্রামে শতশোঽথ সহস্রশঃ।
পতিতা এব মে দৃষ্টাঃ সংশপ্তকমহারথাঃ ॥ ৩০
সংশপ্তকাংস্ততো হত্বা ভূয়িষ্ঠা যে ব্যবস্থিতাঃ।
ভগদত্তায় যাহীতি কৃষ্ণং পার্থোঽভ্যনোদয়ৎ ॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি সংশপ্তকবধে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ ২৭

বৃক্ষ, পর্ব্বতশিখর ও মেঘসদৃশ বিশাল এবং উচ্চ দেহধারী, সুসজ্জিত হাতী, যাহাদের আরোহীদিগকে পূর্ব্বেই সংহার করা হইয়াছে, তাহারা সকলেই অর্জুনের বাণে আহত হইয়া ভূতলে পতিত হইল। ২২

এই রণাঙ্গনে বহুসংখ্যক হাতী অর্জুনের বাণসমূহে অত্যন্ত বিধ্বস্ত হইয়া ভূতলশায়ী হইল। এই সময় তাহাদের আস্তরণ-সমূহ ছিন্ন-ভিন্ন হইয়াছিল এবং তাহাদের সমস্ত ভূষণই খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। ২৩

কিরীটধারী অর্জুনের ভল্লনামক বাণসমূহে ঋষ্টি, প্রাস, খড়্গ, নখর, মুদ্গর ও পরশুসহ বীরবর্গের বাহুসকল ছিন্ন হইয়া ধরাতলে পতিত হইল। ২৪

আর্য্য! যোদ্ধাগণের মস্তকসমূহ সদ্য উদিত সূর্য্য, কমল ও চন্দ্রসদৃশ সুন্দর ছিল। অর্জুনের বাণে ছিন্ন-ভিন্ন হইয়া ভূতলশায়ী হইল। ২৫

যখন ক্রুদ্ধ অর্জুন নানাপ্রকার প্রাণবিনাশক বাণসমূহের দ্বারা শত্রুদিগকে নাশ করিতে লাগিলেন, তখন অলঙ্কারে অলঙ্কৃত সংশপ্তকগণের সমগ্র সৈন্যবাহিনী জ্বলিতে লাগিল। ২৬

যেরূপ হস্তী কমলে পূর্ণ সরোবরকে মথিত করিয়া থাকে, সেইরূপ অর্জুনকর্ত্তৃক সমগ্র সৈন্যবাহিনীকে মথিত হইতে দেখিয়া সমস্ত প্রাণী 'সাধু, সাধু' বলিয়া অর্জুনের প্রশংসা করিতে লাগিল। ২৭

ইন্দ্রতুল্য অর্জুনের এই পরাক্রম দর্শন করত ভগবান্ শ্রীকৃষ্ণ অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইয়া করযোড়ে বলিলেন। ২৮

পার্থ! আমার এই বিশ্বাস হইয়াছে যে, আজ তুমি রণাঙ্গনে যে কার্য্য করিলে, ইহা ইন্দ্র, যম ও কুবেরের পক্ষেও দুষ্কর। ২৯

এই সংগ্রামে আমি শত শত এবং সহস্র সহস্র সংশপ্তক মহারথী বীরগণকে একসঙ্গে পতিত হইতে দেখিলাম। ৩০

এইভাবে সেখানে সংশপ্তক যোদ্ধাগণের অধিকাংশকেই বধ করিয়া অর্জুন ভগবান্ শ্রীকৃষ্ণকে বলিলেন,—এখন ভগদত্তের নিকট গমন করুন। ৩১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে সংশপ্তকবধবিষয়ক সপ্তবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ ।

[সংশপ্তকান্ হত্বা কৌরবসৈন্যানামুপরি ধনঞ্জয়স্যাক্রমণম্ তথা ভগদত্তস্য তদীয়-হস্তিনশ্চ পরাক্রমবর্ণনম্ ।]

সঞ্জয় উবাচ ।

যিযাসতস্ততঃ কৃষ্ণঃ পার্থস্যাশ্বান্ মনোজবান্ ।
সম্প্রৈষীদ্ধেমসঞ্ছন্নান্ দ্রোণানীকায় সত্বরন্ ॥ ১

তং প্রযান্তং কুরুশ্রেষ্ঠং স্বান্ ভ্রাতৄন্ দ্রোণতাপিতান্ ।
সুশর্ম্মা ভ্রাতৃভিঃ সার্ধং যুদ্ধার্থী পৃষ্ঠতোঽন্বয়াৎ ॥ ২

ততঃ শ্বেতহয়ঃ কৃষ্ণমব্রবীদজিতং জয়ঃ ।
এষ মাং ভ্রাতৃভিঃ সার্ধং সুশর্ম্মাহ্বয়তেঽচ্যুত ॥ ৩

দীর্য্যতে চোত্তরেণৈব তৎ সৈন্যং মধুসূদন ।
দ্বৈধীভূতং মনো মেঽদ্য কৃতং সংশপ্তকৈরিদম্ ॥ ৪

কিং নু সংশপ্তকান্ হন্মি স্বান্ রক্ষাম্যহিতার্দিতান্ ।
ইতি মে ত্বং মতং বেৎসি তত্র কিং সুকৃতং ভবেৎ ॥৫

এবমুক্তস্তু দাশার্হঃ স্যন্দনং প্রত্যবর্ত্তয়ৎ ।
যেন ত্রিগর্ত্তাধিপতিঃ পাণ্ডবং সমুপাহ্বয়ৎ ॥ ৬

ততোঽর্জ্জুনঃ সুশর্ম্মাণং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ ।
ধ্বজং ধনুশ্চাস্য তথা ক্ষুরাভ্যাং সমকৃন্তত ॥ ৭

ত্রিগর্ত্তাধিপতেশ্চাপি ভ্রাতরং ষড়্ভিরাশুগৈঃ ।
সাশ্বং সসূতং ত্বরিতঃ পার্থঃ প্রৈষীদ্ যমক্ষয়ম্ ॥ ৮

ততো ভুজগসঙ্কাশাং সুশর্ম্মা শক্তিমায়সীম্ ।
চিক্ষেপার্জ্জুনমাদিশ্য বাসুদেবায় তোমরম্ ॥ ৯

শক্তিং ত্রিভিঃ শরৈশ্ছিত্ত্বা তোমরং ত্রিভিরর্জ্জুনঃ ।
সুশর্মাণং শরব্রাতৈর্মোহয়িত্বা ন্যবর্ত্তয়ৎ ॥ ১০

তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্ ।
রাজংস্তাবকসৈন্যানাং নোগ্রং কশ্চিদবারয়ৎ ॥ ১১

ততো ধনঞ্জয়ো বাণৈঃ সর্ব্বানেব মহারথান্ ।
আয়াদ্ বিনিঘ্নন্ কৌরব্যান্ দহন্ কক্ষমিবানলঃ ॥ ১২

অষ্টাবিংশ অধ্যায় ।

[সংশপ্তকগণকে বধ করিয়া অর্জুনের কৌরবসৈন্যদের উপর আক্রমণ এবং ভগদত্ত ও তাঁহার হস্তীর পরাক্রমবর্ণন ।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ ! তদনন্তর দ্রোণাচার্য্যের সৈন্য-বাহিনীর দিকে যাইতে ইচ্ছুক অর্জুনের স্বর্ণভূষিত ও মনের ন্যায় বেগগামী অশ্বদিগকে ভগবান্ শ্রীকৃষ্ণ অতিসত্বর দ্রোণাচার্য্যের সৈন্যদের নিকট উপস্থিত হইবার জন্য চালনা করিলেন ॥ ১

দ্রোণাচার্য্যকর্ত্তৃক সন্তাপিত নিজ ভ্রাতৃবৃন্দের নিকট গমনকারী কুরুশ্রেষ্ঠ অর্জুনকে ভ্রাতৃগণের সহিত সুশর্ম্মা যুদ্ধের ইচ্ছায় আহ্বান করিতে করিতে পশ্চাদ্ভাগ দিয়া তাঁহার উপর আক্রমণ করিলেন ॥ ২

তখন শ্বেতবাহন অর্জুন অপরাজিত শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন,—অচ্যুত ! ভ্রাতৃগণের সহিত এই সুশর্ম্মা আমাকে পুনরায় যুদ্ধের জন্য আহ্বান করিতেছি ॥ ৩

এদিকে উত্তর দিকে অবস্থিত আমার সৈন্যবাহিনীকে শত্রুরা বিনাশ করিতেছে। মধুসূদন ! এই সংশপ্তকগণ আজ আমার মনকে দ্বিধাগ্রস্ত করিয়া ফেলিতেছে ॥ ৪

এখন আমি পূর্ব্বে সংশপ্তকগণকে বধ করিব অথবা শত্রুগণপীড়িত স্বীয় সৈন্যদিগকে রক্ষা করিব ? আমার মন এরূপ এক সঙ্কল্প-বিকল্পের মধ্যে পতিত হইয়াছে—ইহা আপনি জানেন। বলুন—এখন আমার কোন্ কার্য্য করা উত্তম হইবে ? ৫

অর্জুন এই কথা বলিলে পর ভগবান্ শ্রীকৃষ্ণ নিজ রথকে সেইদিকে ফিরাইয়া দিলেন, যেদিকে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা পাণ্ডুনন্দন অর্জুনকে যুদ্ধের জন্য আহ্বান করিতেছিলেন ॥ ৬

তৎপশ্চাৎ অর্জুন সুশর্ম্মাকে সাত বাণে আহত করত দুইটি ক্ষুরবাণে তাঁহার ধ্বজ ও ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥ ৭

সেই সঙ্গে ত্রিগর্ত্তরাজের ভ্রাতাকেও ছয়টি বাণ প্রহার করিয়া অর্জুন তাঁহাকে অশ্ব ও সারথিসহ অতিসত্বর যমলোকে প্রেরণ করিলেন ॥ ৮

তখন সুশর্ম্মা সর্পতুল্য আকৃতিবিশিষ্ট লৌহনির্ম্মিত একটি শক্তি অর্জুনের উপর নিক্ষেপ করিলেন এবং বসুদেবনন্দন শ্রীকৃষ্ণের দিকে একটি তোমর ক্ষেপণ করিলেন ॥ ৯

অর্জুন তিনটি বাণের দ্বারা শক্তিকে এবং অপর তিনটি বাণের দ্বারা তোমরকে খণ্ড খণ্ড করিয়া নিজ অন্য বাণসমূহে সুশর্ম্মাকে মোহিত করত যুদ্ধ হইতে নিবৃত্ত করাইয়া দিলেন ॥ ১০

রাজন্ ! তাহার পর অর্জুন ইন্দ্রের ন্যায় বাণসমূহের প্রচুর বর্ষণ করিতে করিতে যখন আপনার সৈন্যদের উপর আক্রমণ করিলেন, তখন আপনার সৈন্যদের মধ্যে কোন ব্যক্তিই উগ্ররূপ-ধারী এই অর্জুন নিবারণ করিতে পারিলেন না ॥ ১১

তদনন্তর অগ্নি যেরূপ তৃণাদিনির্ম্মিত ক্ষুদ্র গৃহকে দগ্ধ করিয়া থাকে, সেইরূপ অর্জুন নিজ বাণসমূহের দ্বারা সমস্ত কৌরব

তস্য বেগমসহ্যং তং কুন্তীপুত্রস্য ধীমতঃ।
নাশক্নুবংস্তে সংসোঢ়ুং স্পর্শমগ্নেরিব প্রজাঃ॥ ১৩
সংবেষ্টয়ন্ননীকানি শরবর্ষেণ পাণ্ডবঃ।
সুপর্ণপাতবদ্ রাজন্নায়াৎ প্রাগ্‌জ্যোতিষং প্রতি॥১৪
যৎ তদানাময়জ্জিষ্ণুর্ভরতানামপাপিনাম্।
ধনুঃ ক্ষেমকরং সংখ্যে দ্বিষতামশ্রুবধনম্॥ ১৫
তদেব তব পুত্রস্য রাজন্ দুর্দ্যূতদেবিনঃ।
কৃতে ক্ষত্রবিনাশায় ধনুরায়চ্ছদর্জ্জুনঃ॥ ১৬
তথা বিক্ষোভ্যমাণা সা পার্থেন তব বাহিনী।
ব্যশীর্যত মহারাজ নৌরিবাসাদ্য পর্ব্বতম্॥ ১৭
ততো দশসহস্রাণি ন্যবর্ত্তন্ত ধনুষ্মতাম্।
মতিং কৃত্বা রণে ক্রূরাং বীরা জয়পরাজয়ে॥ ১৮
ব্যপেতহৃদয়ত্রাসা আবব্রুস্তং মহারথাঃ।
আর্চ্ছৎ পার্থো গুরুং ভারং সর্ব্বভারসহো যুধি॥১৯
যথা নলবনং ক্রুদ্ধঃ প্রভিন্নঃ ষষ্টিহায়নঃ।
মৃদ্গীয়াৎ তদ্বদায়স্তঃ পার্থোঽমৃদ্গাচ্চমূং তব॥ ২০
তস্মিন্ প্রমথিতে সৈন্যে ভগদত্তো নরাধিপঃ।
তেন নাগেন সহসা ধনঞ্জয়মুপাদ্রবৎ॥ ২১
তং রথেন নরব্যাঘ্রঃ প্রত্যগৃহ্ণাদ্ ধনঞ্জয়ঃ।
স সন্নিপাতস্তুমুলো বভূব রথ-নাগয়োঃ॥ ২২
কল্পিতাভ্যাং যথাশাস্ত্রং রথেন চ গজেন চ।
সংগ্রামে চেরতুর্বীরৌ ভগদত্ত-ধনঞ্জয়ৌ॥ ২৩
ততো জীমূতসঙ্কাশান্নাগাদিন্দ্র ইব প্রভুঃ।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ ভগদত্তো ধনঞ্জয়ম্॥ ২৪
স চাপি শরবর্ষং তং শরবর্ষেণ বাসবিঃ।
অপ্রাপ্তমেব চিচ্ছেদ ভগদত্তস্য বীর্য্যবান্॥ ২৫
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা শরবর্ষং নিবার্য্য তৎ।
শরৈর্জ্জঘ্নে মহাবাহুং পার্থং কৃষ্ণঞ্চ মারিষ॥ ২৬

মহারথাদিগকে ক্ষত-বিক্ষত করিতে করিতে সেখানে যাইয়া উপস্থিত হইলেন॥ ১২

পরম বুদ্ধিমান্ কুন্তীপুত্র অর্জ্জুনের সেই অসহ্য বেগকে কৌরব-সৈন্যরা সেইভাবে সহ্য করিতে সমর্থ হইলেন না, যেভাবে প্রাণীরা অগ্নির স্পর্শ সহ্য করিতে পারে না॥ ১৩

রাজন্! অর্জ্জুন বাণসমূহ বর্ষণ করিয়া কৌরবসৈন্যদিগকে আচ্ছাদিত করিতে করিতে গরুড়তুল্য বেগে ভগদত্তের উপর আক্রমণ করিলেন॥ ১৪

মহারাজ! বিজয়ী অর্জ্জুন যুদ্ধে শত্রুগণের অশ্রুধারাবর্দ্ধনকারী যে ধনু তখন (রাজসূয়যজ্ঞের পূর্ব্বে) নিষ্পাপ ভরতবংশীয়গণের কল্যাণের জন্য নত (গুণযোজনা) করিয়াছিলেন, আজ কপট দ্যূতক্রীড়াকারী আপনার পুত্রের অপরাধের জন্য সমস্ত ক্ষত্রিয়-সমাজকে বিনাশ করিবার জন্য অর্জ্জুন সেই ধনুটিকেই গ্রহণ করিলেন॥ ১৫-১৬

মহারাজ! কুন্তীকুমার অর্জ্জুন কর্তৃক মথিত হইয়া আপনার সৈন্যবাহিনী সেইরূপে ছত্রভঙ্গ হইয়া যাইল, যেরূপ কোন নৌকা পর্ব্বতের সহিত আঘাত পাইয়া খণ্ড খণ্ড হইয়া যায়॥ ১৭

তদনন্তর দশ হাজার ধনুর্দ্ধর বীর জয় অথবা পরাজয়ের হেতুভূত যুদ্ধে ক্রূরতাপূর্ণ বিষয়ে মতি স্থির করিয়া ফিরিয়া আসিলেন॥ ১৮

সেই মহারথী বীরগণ নিজেদের হৃদয় হইতে ভয়কে অপসারিত করিয়া অর্জ্জুনকে সেখানে পরিবেষ্টন করিলেন। যুদ্ধে সর্ব্বপ্রকার ভার সহ্য করিতে সমর্থ অর্জ্জুন তাহাদের সহিত যুদ্ধ করিবার সম্পূর্ণ ভার নিজের উপর গ্রহণ করিলেন॥ ১৯

যেরূপ ষাট্ বৎসরের বৃদ্ধ মদস্রাবী হাতী ক্রুদ্ধ হইয়া নলবনকে মথিত করিয়া ধূলিসাৎ করিয়া থাকে, সেইরূপ যত্নপরায়ণ অর্জ্জুন আপনার সৈন্যদিগকেও ধূলিসাৎ করিয়া ফেলিলেন॥ ২০

এই সৈন্যদিগকে মথিত হইতে দেখিয়া রাজা ভগদত্ত সেই প্রখ্যাত সুপ্রতীকনামে স্বীয় হস্তীর দ্বারা সহসা ধনঞ্জয়ের দিকে ধাবিত হইলেন॥ ২১

নরশ্রেষ্ঠ! অর্জ্জুন রথের দ্বারাই সেই হাতীর সম্মুখীন হইলেন। তখন রথ ও হস্তীর এই সজ্ঘর্ষ অতিশয় ভয়ঙ্কর হইয়া উঠিল॥ ২২

শাস্ত্রীয় বিধি অনুসারে নির্ম্মিত ও সুসজ্জিত রথ এবং সুশিক্ষিত হাতীর দ্বারা বীরবর অর্জ্জুন ও ভগদত্ত রণাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন॥ ২৩

তদনন্তর ইন্দ্রসদৃশ শক্তিশালী রাজা ভগদত্ত অর্জ্জুনের উপর মেঘতুল্য হস্তী হইতে বাণরূপী জলধারা বর্ষণ করিতে আরম্ভ করিলেন॥ ২৪

অন্যদিকে পরাক্রমশালী ইন্দ্রনন্দন অর্জ্জুন নিজের বাণবৃষ্টির দ্বারা ভগদত্তের বাণবর্ষণকে নিকটে আসিবার পূর্ব্বেই ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন॥ ২৫

আর্য্য! তদনন্তর প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তও বিপক্ষের সেই বাণবর্ষণ নিবারণ করিয়া মহাবাহু অর্জ্জুন ও শ্রীকৃষ্ণকে নিজের বাণসমূহে আহত করিয়া ফেলিলেন॥ ২৬

ততস্তু শরজালেন মহতাভ্যবকীর্য্য তৌ।
চোদয়ামাস তং নাগং বধায়াচ্যুত-পার্থয়োঃ॥ ২৭
তমাপতন্তং দ্বিরদং দৃষ্ট্বা ক্রুদ্ধমিবান্তকম্।
চক্রেঽপসব্যং ত্বরিতঃ স্যন্দনেন জনাদনঃ॥ ২৮
তং প্রাপ্তমপি নেয়েষ পরাবৃত্তং মহাদ্বিপম্।
সারোহং মৃত্যুসাৎ কর্ত্তুং স্মরন্ ধর্ম্মং ধনঞ্জয়ঃ॥২৯
স তু নাগো দ্বিপ-রথান্ হয়াংশ্চামৃদ্য মারিষ।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ততঃ ক্রুদ্ধো ধনঞ্জয়ঃ॥ ৩০
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি ভগদত্তযুদ্ধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ॥ ২৮

তারপর পুনরায় তাঁহাদের উপর প্রভূত শরজাল বিস্তার করিয়া আচ্ছন্ন করত শ্রীকৃষ্ণ ও অর্জুন উভয়কে বধ করিবার জন্য সেই গজরাজকে প্রেরণ করিলেন॥ ২৭

ক্রুদ্ধ যমরাজের ন্যায় সেই হাতীকে আক্রমণ করিতে দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ অতিক্রুত রথের দ্বারা তাহাকে দক্ষিণ পার্শ্বে করিয়া ফেলিলেন॥ ২৮

যদিও এই মহাগজ আক্রমণ করিবার সময় নিজের অতিশয় নিকটে আসিয়া পড়িয়াছিল, তথাপি অর্জুন ধর্ম্মের কথা স্মরণ করিয়া আরোহি-সহ সেই হাতীকে মৃত্যুর অধীনস্থ করিলেন না॥২৯

মাননীয় মহারাজ! সেই হাতী তখন বহুসংখ্যক হাতী, রথ ও অশ্বকে মর্দ্দিত করিয়া যমলোকে প্রেরণ করিল। ইহা দেখিয়া অর্জুনের অত্যন্ত ক্রোধ হইল॥ ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে ভগদত্তের যুদ্ধবিষয়ক অষ্টাবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশোঽধ্যায়ঃ।

[অর্জুন-ভগদত্তয়োর্যুদ্ধম্, বৈষ্ণবাস্ত্রতঃ শ্রীকৃষ্ণেনার্জুনস্য রক্ষা, অর্জুনেন হস্তি-সহিতস্য ভগদত্তস্য বিনাশশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।
তথা ক্রুদ্ধঃ কিমকরোদ্ ভগদত্তস্য পাণ্ডবঃ।
প্রাগ্‌জ্যোতিষো বা পার্থস্য তন্মে শংস যথাতথম্॥
সঞ্জয় উবাচ।
প্রাগ্‌জ্যোতিষেণ সংসক্তাবুভৌ দাশার্হপাণ্ডবৌ।
মৃত্যুদংষ্ট্রান্তিকং প্রাপ্তৌ সর্বভূতানি মেনিরে॥ ২
তথা তু শরবর্ষাণি পাতয়ত্যনিশং প্রভো।
গজস্কন্ধান্মহারাজ কৃষ্ণয়োঃ স্যন্দনস্থয়োঃ॥ ৩
অথ কার্ষ্ণায়সৈর্বাণৈঃ পূর্ণকার্মুকনিঃসৃতৈঃ।
অবিধ্যদ্ দেবকীপুত্রং হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ॥ ৪
অগ্নিস্পর্শসমাস্তীক্ষ্ণা ভগদত্তেন চোদিতাঃ।
নির্ভিদ্য দেবকীপুত্রং ক্ষিতিং জগ্মুঃ সুবাসসঃ॥ ৫
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা পরিবারং নিহত্য চ।
লালয়ন্নিব রাজানং ভগদত্তমযোধয়ৎ॥ ৬
সোঽর্করশ্মিনিভাংস্তীক্ষ্ণাংস্তোমরান্ বৈ চতুর্দশ।
অপ্রেষয়ৎ সব্যসাচী দ্বিধৈকৈকমথাচ্ছিনৎ॥৭

একোনত্রিংশ অধ্যায়।

[অর্জুন ও ভগদত্তের যুদ্ধ, বৈষ্ণবাস্ত্র হইতে শ্রীকৃষ্ণকর্তৃক অর্জুনকে রক্ষা এবং অর্জুনের দ্বারা হস্তি-সহ ভগদত্তের বিনাশ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! সেই সময় ক্রুদ্ধ পাণ্ডুকুমার অর্জুন ভগদত্তের এবং ভগদত্ত অর্জুনের কি করিল? তাহা তুমি যথাযথভাবে আমাকে বল॥ ১

সঞ্জয় বলিলেন,—রাজন্! ভগদত্তের সহিত যুদ্ধে মিলিত হইলে শ্রীকৃষ্ণ ও অর্জুন উভয়কেই সকলপ্রাণীই মৃত্যুর দন্তসংলগ্ন বলিয়া মনে করিতে লাগিল॥ ২

শক্তিশালী মহারাজ! হাতীর পৃষ্ঠে উপবিষ্ট থাকিয়া ভগদত্ত রথে স্থিত শ্রীকৃষ্ণ ও অর্জুনের উপর নিরন্তর বাণবর্ষণ করিয়া চলিলেন॥ ৩

তিনি ধনুটিকে পূর্ণরূপে আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত, লৌহনির্ম্মিত এবং শাণ দিয়া ধারালকৃত স্বর্ণপক্ষযুক্ত বাণসমূহে দেবকীনন্দন শ্রীকৃষ্ণকে আহত করিলেন॥ ৪

ভগদত্ত কর্তৃক নিক্ষিপ্ত অগ্নির স্পর্শের ন্যায় তীক্ষ্ণ এবং সুন্দর পক্ষভূষিত বাণসমূহ দেবকীপুত্র শ্রীকৃষ্ণের শরীর ভেদ করিয়া ধরাতলে প্রবিষ্ট হইল॥ ৫

তখন অর্জুন রাজা ভগদত্তের ধনু ছেদন করিয়া তাঁহার পরিবারকে সংহার করত তাঁহাকে যেন যুদ্ধ করাইতে করাইতে তাঁহার সহিত যুদ্ধ করিতে লাগিলেন॥ ৬

ভগদত্ত সূর্য্যকিরণতুল্য তেজস্বী চৌদ্দটি তোমর নিক্ষেপ করিলেন, কিন্তু সব্যসাচী অর্জুন তাহাদের প্রত্যেকটিকেই দুই খণ্ডে খণ্ডিত করিয়া ফেলিলেন॥ ৭

ততো নাগস্য তদ্ বর্ম ব্যধমৎ পাকশাসনিঃ।
শরজালেন মহতা তদ্ ব্যশীর্য্যত ভূতলে ॥ ৮
শীর্ণবর্মা স তু গজঃ শরৈঃ সুভৃশমর্দিতঃ।
বভৌ ধারানিপাতাক্তো ব্যভ্রঃ পর্ব্বতরাড়িব ॥ ৯
ততঃ প্রাগ্‌জ্যোতিষঃ শক্তিং হেমদণ্ডাময়স্ময়ীম্।
ব্যসৃজদ্ বাসুদেবায় দ্বিধা তামর্জ্জুনোঽচ্ছিনৎ ॥ ১০
ততশ্ছত্রং ধ্বজং চৈব ছিত্ত্বা রাজ্ঞোঽর্জ্জুনঃ শরৈঃ।
বিব্যাধ দশভিস্তূর্ণমুৎস্ময়ন্ পর্ব্বতেশ্বরম্ ॥ ১১
সোঽতিবিদ্ধোঽর্জ্জুনশরৈঃ সুপুঙ্খৈঃ কঙ্কপত্রিভিঃ।
ভগদত্তস্ততঃ ক্রুদ্ধঃ পাণ্ডবস্য জনাধিপঃ ॥ ১২
ব্যসৃজৎ তোমরান্ মূর্ধ্নি শ্বেতাশ্বস্যোন্ননাদ চ।
তৈরর্জ্জুনস্য সমরে কিরীটং পরিবর্ত্তিতম্ ॥ ১৩
পরিবৃত্তং কিরীটং তদ্ যময়ন্নেব পাণ্ডবঃ।
সুদৃষ্টঃ ক্রিয়তাং লোক ইতি রাজানমব্রবীৎ ॥১৪

এবমুক্তস্তু সংক্রুদ্ধঃ শরবর্ষেণ পাণ্ডবম্।
অভ্যবর্ষৎ সগোবিন্দং ধনুরাদায় ভাস্বরম্ ॥ ১৫
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা তূণীরান্ সংনিকৃত্য চ।
ত্বরমাণো দ্বিসপ্তত্যা সর্ব্বমর্মস্বতাড়য়ৎ ॥ ১৬
বিদ্ধস্ততোঽতিব্যথিতো বৈষ্ণবাস্ত্রমুদীরয়ন্।
অভিমন্ত্র্যাঙ্কুশং ক্রুদ্ধো ব্যসৃজৎ পাণ্ডবোরসি ॥ ১৭
বিসৃষ্টং ভগদত্তেন তদস্ত্রং সর্ব্বঘাতি বৈ।
উরসা প্রতিজগ্রাহ পার্থং সঞ্ছাদ্য কেশবঃ ॥ ১৮
বৈজয়ন্ত্যভবন্মালা তদস্ত্রং কেশবোরসি।
পদ্মকোশবিচিত্রাঢ্যা সর্ব্বর্তুকুসুমোৎকটা ॥ ১৯
জ্বলনার্কেন্দুবর্ণাভা পাবকোজ্জ্বলপল্লবা।
তয়া পদ্মপলাশিন্যা বাতকম্পিতপত্রয়া ॥ ২০
শুশুভেঽভ্যধিকং শৌরিরতসীপুষ্পসন্নিভঃ।
(কেশবঃ কেশিমথনঃ শার্ঙ্গধন্বারিমর্দনঃ।

তারপর ইন্দ্রনন্দন অর্জুন প্রভূত বাণবর্ষণ করিয়া সেই হাতীর কবচ ছেদন করিলেন, ইহাতে তাহার কবচ ছিন্ন-ভিন্ন হইয়া ধরাতলে পতিত হইল ॥ ৮

কবচ ছিন্ন হওয়ায় বাণসমূহের আঘাতে হাতীর অত্যন্ত পীড়া উপস্থিত হইল। সে তখন রক্তের ধারায় স্নাত হইয়া পড়িল এবং মেঘহীন ও (গৈরিকমিশ্রিত) জলধারায় সিক্ত গিরিরাজের ন্যায় শোভা পাইতে লাগিল। ৯

তখন ভগদত্ত বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণকে লক্ষ্য করিয়া সুবর্ণময় দণ্ডযুক্ত একটি শক্তি নিক্ষেপ করিলেন কিন্তু অর্জুন তাহাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। ১০

তদনন্তর অর্জুন স্বীয় বাণসমূহে রাজা ভগদত্তের ছত্র ও ধ্বজ ছেদন করিয়া হাসিতে হাসিতেই অপর দশটি বাণের দ্বারা অতিক্রুদ্ধ সেই পর্বতরাজ ভগদত্তকে বিদ্ধ করিলেন। ১১

অর্জুনের কঙ্কপত্রযুক্ত সুন্দর বাণসমূহে অত্যন্ত আহত হইয়া রাজা ভগদত্ত সেই পাণ্ডুপুত্র অর্জুনের উপর অতিশয় ক্রুদ্ধ হইয়া পড়িলেন। ১২

তখন তিনি অর্জুনের মস্তকের উপর বহু তোমর প্রহার করিলেন এবং গর্জন করিতে লাগিলেন। সেই তোমরগুলি রণাঙ্গনে অর্জুনের কিরীটকে উল্টাইয়া দিল। ১৩

উল্টে যাওয়া কিরীটকে যথাযথভাবে স্থাপন করিতে করিতে পাণ্ডুনন্দন অর্জুন ভগদত্তকে বলিলেন,—রাজন্! এখন এই সংসারকে উত্তমরূপে দর্শন করিয়া লউন। ১৪

অর্জুন এই কথা বলিলে পর ভগদত্ত অত্যন্ত কুপিত হইয়া এক তেজস্বী ধনু হাতে লইয়া শ্রীকৃষ্ণসহ অর্জুনের উপর বাণসমূহ বর্ষণ করিতে আরম্ভ করিয়া দিলেন। ১৫

তখন অর্জুন তাঁহার ধনু ছেদন করিয়া তূণীরটিকেও খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তারপর অতিশয় ত্বরা করিয়া বাহাত্তরটি বাণে তাঁহার সমস্ত মর্মস্থানসমূহে গভীরভাবে আঘাত করিলেন। ১৬

তদনন্তর এই সমস্ত বাণে বিদ্ধ হইয়া অত্যন্ত ব্যথিত ভগদত্ত বৈষ্ণবাস্ত্র প্রকাশ করিলেন। তিনি তখন ক্রুদ্ধ হইয়া নিজের অঙ্কুশকেই বৈষ্ণবাস্ত্রে অভিমন্ত্রিত করত পাণ্ডুনন্দন অর্জুনের বক্ষঃস্থলের দিকে নিক্ষেপ করিলেন। ১৭

ভগদত্ত কর্তৃক নিক্ষিপ্ত এই অস্ত্র সব কিছুই বিনাশ করিতে সমর্থ, তাই ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুনকে আচ্ছাদন করিয়া স্বয়ংই নিজের বক্ষে ঐ অস্ত্রকে ধারণ করিলেন। ১৮

ভগবান্ শ্রীকৃষ্ণের বক্ষে আসিয়া এই অস্ত্র বৈজয়ন্তীমালায় পরিণত হইয়া যাইল। ঐ মালা পদ্মের কোষের বিচিত্র শোভায় সুশোভিত ছিল এবং সকল ঋতুর পুষ্পেই সম্পন্ন ছিল। ইহা হইতে অগ্নি, সূর্য্য ও চন্দ্রসদৃশ প্রভা বিচ্ছুরিত হইতে লাগিল। ইহার এক একটি দল অগ্নিতুল্য প্রকাশিত হইতেছিল। কমল-দলে সুশোভিত ও বাতাসে আন্দোলিত এই বৈজয়ন্তীমালার দ্বারা অতসীপুষ্পের ন্যায় শ্যামবর্ণ, কেশিহন্তা, শূরসেননন্দন, শার্ঙ্গধনুর্দ্ধারী, শত্রুসূদন ভগবান্ শ্রীকৃষ্ণ অধিকাধিক শোভাপ্রাপ্ত

সন্ধ্যাভ্রৈরিব সঞ্ছন্নঃ প্রাবৃট্‌কালে নগোত্তমঃ ॥)
ততোঽর্জ্জুনঃ ক্লান্তমনাঃ কেশবং প্রত্যভাষত ॥ ২১
অযুধ্যমানস্তুরগান্ সংযন্তাস্মীতি চানঘ।
ইত্যুক্ত্বা পুণ্ডরীকাক্ষ প্রতিজ্ঞাং স্বাং ন রক্ষসি ॥ ২২
যদ্যহং ব্যসনী বা স্যামশক্তো বা নিবারণে।
ততস্ত্বয়ৈবং কার্য্যং স্যান্নতৎ কার্য্যং ময়ি স্থিতে ॥ ২৩
সবাণঃ সধনুশ্চাহং সসুরাসুরমানুষান্।
শক্তো লোকানিমান্ জেতুং তচ্চাপি বিদিতং তব ॥২৪
ততোঽর্জ্জুনং বাসুদেবঃ প্রত্যুবাচার্থবদ্ বচঃ।
শৃণু গুহ্যমিদং পার্থ পুরাবৃত্তং যথানঘ ॥ ২৫
চতুর্মূর্ত্তিরহং শশ্বল্লোকত্রাণার্থমুদ্যতঃ।
আত্মানং প্রবিভজ্যেহ লোকানাং হিতমাদধে ॥ ২৬
একা মূর্ত্তিস্তপশ্চর্য্যাং কুরুতে মে ভুবি স্থিতা।
অপরা পশ্যতি জগৎ কুর্ব্বাণং সাধ্বসাধুনী ॥ ২৭
অপরা কুরুতে কর্ম্ম মানুষং লোকমাশ্রিতা।
শেতে চতুর্থী ত্বপরা নিদ্রাং বর্ষসহস্রিকম্ ॥ ২৮
যাসৌ বর্ষসহস্রান্তে মূর্ত্তিরুত্তিষ্ঠতে মম।
বরার্হেভ্যো বরান্ শ্রেষ্ঠাংস্তস্মিন্ কালে দদাতি সা ॥২৯
তং তু কালমনুপ্রাপ্তং বিদিত্বা পৃথিবী তদা।
অযাচত বরং যন্মাং নরকার্থায় তচ্ছৃণু ॥ ৩০
দেবানাং দানবানাঞ্চ অবধ্যস্তনয়োঽস্তু মে।
উপেতো বৈষ্ণবাস্ত্রেণ তন্মে তং দাতুমর্হসি ॥ ৩১
এবং বরমহং শ্রুত্বা জগত্যাস্তনয়ে তদা।
অমোঘমস্ত্রং প্রাযচ্ছং বৈষ্ণবং পরমং পুরা ॥ ৩২
অবোচং চৈতদস্ত্রং বৈ হ্যমোঘং ভবতু ক্ষমে।
নরকস্যাভিরক্ষার্থং নৈনং কশ্চিদ্ বধিষ্যতি ॥ ৩৩

হইলেন। ইহাতে মনে হইল—বর্ষাকালে সন্ধ্যাকালীন মেঘমণ্ডলে আচ্ছাদিত কোন শ্রেষ্ঠ পর্ব্বত শোভা পাইতেছে ॥

সেই সময় অর্জুনের মনে অতিশয় ক্লেশ উৎপন্ন হইল। তিনি ভগবান্ শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন—অনঘ! আপনি ত' প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি যুদ্ধ না করিয়া অশ্বগণকে সংযত রাখিব অর্থাৎ সারথির কার্য্য করিব; কিন্তু কমলনয়ন! আপনি এই কথা বলিয়াও নিজের প্রতিজ্ঞা পালন করিতেছেন না। যদি আমি সঙ্কটে পতিত হইতাম অথবা অস্ত্রকে নিবারণ করিতে অসমর্থ হইতাম, তাহা হইলে সেই সময়েই আপনি এই কার্য্য করিলেই পারিতেন। যখন আমি যুদ্ধের জন্য উপস্থিত, তখন আপনার ইহা করা উচিত হয় নি ॥ ১২ ২৩

আপনার ত' ইহা জানা আছে যে, আমার হাতে যদি ধনু ও বাণ থাকে, তবে আমি দেবতা, অসুর ও মনুষ্যগণসহ এই সম্পূর্ণ জগৎকে জয় করিতে পারি ॥ ২৪

তখন বসুদেবনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুনকে এই রহস্যপূর্ণ বাক্য বলিলেন,—অনঘ! কুন্তীকুমার! এ বিষয়ে তুমি একটি গোপনীয় রহস্যের কথা শ্রবণ কর, যাহা পূর্ব্বকালে সংঘটিত হইয়াছিল ॥ ২৫

আমি চতুর্বিধ মূর্ত্তি ধারণ করত সর্ব্বদা সমস্ত লোককে রক্ষা করিবার জন্য উদ্যুক্ত আছি। আমি নিজকেই বহুরূপে বিভক্ত করিয়া সমস্ত জগতের হিতসাধন করিয়া যাইতেছি ॥ ২৬

আমার এক মূর্ত্তি এই ভূতলে (বদরিকাশ্রমে নর-নারায়ণরূপে) অবস্থান করত তপস্যা করিতেছে। দ্বিতীয় মূর্ত্তি (পরমাত্মস্বরূপ) শুভাশুভকর্ম্মকারী জগতের সাক্ষিরূপে সকল কিছুই প্রত্যক্ষ করিতেছে ॥ ২৭

তৃতীয় মূর্ত্তি (আমি স্বয়ংই) মনুষ্যলোকের আশ্রয় লইয়া নানাপ্রকার কর্ম্ম করিতেছি এবং অপর চতুর্থ মূর্ত্তি সহস্র যুগ পর্য্যন্ত একার্ণব জলে শয়ন করিয়া আছে ॥ ২৮

সহস্র যুগ অতিক্রান্ত হইবার পর যখন আমার চতুর্থ মূর্ত্তি যোগনিদ্রা হইতে উত্থিত হয়, তখন বরলাভ করিবার যোগ্য শ্রেষ্ঠ ভক্তগণকে উত্তম বরসকল দান করিয়া থাকে ॥ ২৯

একবার যখন ঐ সময় আসিয়া উপস্থিত হইল, ইহা জানিয়া পৃথিবীদেবী নিজের পুত্র নরকাসুরের জন্য আমার নিকট হইতে যে বর প্রার্থনা করিয়াছিল—তাহা শ্রবণ কর ॥ ৩০

আমার পুত্র বৈষ্ণবাস্ত্রে সুসম্পন্ন হইয়া দেবতা ও দানবগণের অবধ্য হউক। ইহার জন্য আপনি আমাকে বৈষ্ণবাস্ত্র প্রদান করুন ॥ ৩১

সেই সময় পৃথিবীর মুখ হইতে এইরূপ প্রার্থনা শ্রবণ করিয়া আমি পুরাকালে নিজের সর্ব্বোত্তম ও অমোঘ বৈষ্ণবাস্ত্র তাহাকে প্রদান করি ॥ ৩২

তাহাকে প্রস্থান করিবার সময় আমি বলিয়াছিলাম—এই অমোঘ বৈষ্ণবাস্ত্র নরকাসুরের রক্ষার জন্য তাহার নিকট থাকিবে। ইহাকে কেহই নষ্ট করিতে পারিবে না ॥ ৩৩

অনেনাস্ত্রেণ তে গুপ্তঃ সুতঃ পরবলার্দনঃ।
ভবিষ্যতি দুরাধর্ষঃ সর্ব্বলোকেষু সর্ব্বদা ॥ ৩৪
তথেত্যুক্ত্বা গতা দেবী কৃতকামা মনস্বিনী।
স চাপ্যাসীদ দুরাধর্ষো নরকঃ শত্রুতাপনঃ ॥ ৩৫
তস্মাৎ প্রাগ্‌জ্যোতিষং প্রাপ্তং তদস্ত্রং পার্থ মামকম্।
নাস্যাবধ্যোঽস্তি লোকেষু সেন্দ্ররুদ্রেষু মারিষ ॥ ৩৬
ময়া ত্বৎকৃতে চৈতদন্যথা ব্যপনায়িতম্।
বিমুক্তং পরমাস্ত্রেণ জহি পার্থ মহাসুরম্ ॥ ৩৭
বৈরিণং জহি দুর্ধর্ষং ভগদত্তং সুরদ্বিষম্।
যথাহং জঘ্নিবান্ পূর্ব্বং হিতার্থং নরকং তথা ॥ ৩৮
এবমুক্তস্তদা পার্থঃ কেশবেন মহাত্মনা।
ভগদত্তং শিতৈর্বাণৈঃ সহসা সমবাকিরৎ ॥ ৩৯
ততঃ পার্থো মহাবাহুরসম্ভ্রান্তো মহামনাঃ।
কুম্ভয়োরন্তরে নাগং নারাচেন সমার্পয়ৎ ॥ ৪০

স সমাসাদ্য তং নাগং বাণো বজ্র ইবাচলম্।
অভ্যগাৎ সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ ॥ ৪১
স করী ভগদত্তেন প্রের্য্যমাণো মুহুর্মুহুঃ।
ন করোতি বচস্তস্য দরিদ্রস্যেব যোষিতা ॥ ৪২
স তু বিষ্টভ্য গাত্রাণি দন্তাভ্যামবনিং যযৌ।
নদন্নার্ত্তস্বনং প্রাণানুৎসসর্জ মহাদ্বিপঃ ॥ ৪৩
ততো গাণ্ডীবধন্বানমভ্যভাষত কেশবঃ।
অয়ং মহত্তরঃ পার্থ পলিতেন সমাবৃতঃ ॥ ৪৪
বলীসঞ্ছন্ননয়নঃ শূরঃ পরমদুর্জয়ঃ।
অক্ষোরুন্মীলনার্থায় বদ্ধপট্টো হ্যসৌনৃপঃ ॥ ৪৫
দেববাক্যাৎ প্রচিচ্ছেদ শরেণ ভৃশমর্জ্জুনঃ।
ছিন্নমাত্রেঽংশুকে তস্মিন্ রুদ্ধনেত্রো বভূব সঃ ॥ ৪৬
তমোময়ং জগন্মেনে ভগদত্তঃ প্রতাপবান্।
ততশ্চন্দ্রার্ধবিম্বেন বাণেন নতপর্ব্বণা ॥ ৪৭

এই অস্ত্রে সুরক্ষিত থাকিয়া তোমার পুত্র শত্রুসৈন্যগণকে পীড়িত করিতে করিতে সর্ব্বদা সকল লোকে দুর্দ্ধর্ষ হইয়া থাকিবে ॥ ৩৪

তখন 'আচ্ছা' এই কথা বলিয়া মনস্বিনী পৃথিবীদেবী কৃতার্থ হইয়া গমন করিলেন। সেই নরকাসুরও (সেই বৈষ্ণবাস্ত্র পাইয়া) শত্রুগণের সন্তাপকারী ও অত্যন্ত দুর্জয় হইয়া পড়িল ॥ ৩৫

পার্থ! নরকাসুরের নিকট হইতে আমার সেই বৈষ্ণবাস্ত্র প্রাগ্‌জ্যোতিষপুরের অধিপতি ভগদত্ত লাভ করিয়াছে। আর্য্য! ইন্দ্রলোক ও রুদ্রলোক সহ সমস্ত লোকে এমন কোন বীর নাই, যে এই অস্ত্রের অবধ্য থাকিবে ॥ ৩৬

সেই কারণে আমি তোমাকে রক্ষা করিবার জন্য এই অস্ত্রকে অন্য প্রকারে পরিণত করিয়া দিলাম। পার্থ! এখন এই মহাসুর ভগদত্ত সেই উৎকৃষ্ট অস্ত্র হইতে বঞ্চিত হইয়াছে, অতএব তুমি তাহাকে বধ কর ॥ ৩৭

দুর্জয় বীর ভগদত্ত তোমাদের শত্রু এবং দেবদ্বেষী, সুতরাং তুমি তাহাকে সেইরূপে বধ কর, যেরূপ পুরাকালে আমি নরকাসুরকে বধ করিয়াছিলাম ॥ ৩৮

মহাত্মা কেশব এই কথা বলিলে পর কুন্তীকুমার অর্জুন তৎক্ষণাৎ তাঁহার তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥ ৩৯

তাহার পর মহাবাহু মহামনা পার্থ কোনরূপ বিচলিত না হইয়া হাতীর কুম্ভস্থলে একটি নারাচ প্রহার করিলেন ॥ ৪০

সেই নারাচ হাতীর মস্তকে যাইয়া সেইভাবে আঘাত করিল, যেরূপ বজ্র পর্ব্বতের উপর আঘাত করিয়া থাকে। যেভাবে সর্প বল্মীকের (উইটিপির) মধ্যে প্রবেশ করিয়া থাকে, সেইভাবে ঐ বাণ পক্ষ সহ হাতীর কুম্ভস্থলে প্রবেশ করিল ॥ ৪১

তখন ভগদত্ত পুনঃ পুনঃ সেই হাতীকে প্রেরণ করিতে থাকিলেও সে তাঁহার আদেশ সেইভাবে পালন করিল না, যেরূপ দুষ্টা স্ত্রী নিজের দরিদ্র স্বামীর কথা পালন করে না ॥ ৪২

সেই সময় ঐ বিশাল হাতী নিজের শরীরকে নিশ্চেষ্ট করত দুইটি দাঁতের দ্বারা ভূমি স্পর্শ করিল এবং আর্ত্তস্বরে চীৎকার করিতে করিতে প্রাণ পরিত্যাগ করিল ॥ ৪৩

তদনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ গাণ্ডীবধারী অর্জুনকে বলিলেন,—কুন্তীনন্দন! এই ভগদত্ত অত্যন্ত বৃদ্ধ, ইহার সমস্ত কেশই পাকিয়া গিয়াছে এবং ললাটাদি অঙ্গ ঝুলিয়া পড়ায় ইহার নেত্র আবৃত হইয়াছে। এই অত্যন্ত দুর্জয় বীরবর রাজা ভগদত্ত নিজের দুই চক্ষু ঝুলন্ত গাত্রে আচ্ছন্ন হইয়া পড়ায় তাহাকে বস্ত্রের দ্বারা বাঁধিয়া রাখিয়াছে ॥ ৪৪-৪৫

ভগবান্ শ্রীকৃষ্ণের কথায় অর্জুন বাণপ্রহার করিয়া ভগদত্তের মস্তকের বদ্ধ বস্ত্রকে ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন। সেই বস্ত্র ছিন্ন হওয়ার সঙ্গে সঙ্গেই তাঁহার নেত্র বদ্ধ হইয়া যাইল ॥ ৪৬

তখন প্রতাপশালী রাজা ভগদত্তের সম্পূর্ণ জগৎ অন্ধকারময় হইয়া উঠিল। সেই সময় আনতপর্ব্বযুক্ত এক অর্দ্ধচন্দ্রাকার বাণের

বিভেদ হৃদয়ং রাজ্ঞো ভগদত্তস্য পাণ্ডবঃ।
স ভিন্নহৃদয়ো রাজা ভগদত্তঃ কিরীটিনা ॥ ৪৮
শরাসনং শরাংশ্চৈব গতাসুঃ প্রমুমোচ হ।
শিরসস্তস্য বিভ্রষ্টং পপাত চ বরাংশুকম্ ॥
নালতাড়নবিভ্রষ্টং পলাশং নলিনাদিব ॥ ৪৯
স হেমমালী তপনীয়ভাণ্ডাৎ
পপাত নাগাদ্ গিরিসন্নিকাশাৎ।
সুপুষ্পিতো মারুতবেগরুগ্নো
মহীধরাগ্রাদিব কর্ণিকারঃ ॥ ৫০

নিহত্য তং নরপতিমিন্দ্রবিক্রমং
সখায়মিন্দ্রস্য তদৈন্দ্রিরাহবে।
ততোঽপরাংস্তব জয়কাঙ্ক্ষিণো নরান্
বভঞ্জ বায়ুর্বলবান্ দ্রুমানিব ॥ ৫১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি ভগদত্তবধে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯

দ্বারা পাণ্ডুনন্দন অর্জ্জুন রাজা ভগদত্তের বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া দিলেন।

কিরীটধারী অর্জ্জুন কর্ত্তৃক হৃদয় বিদীর্ণ হইয়া যাওয়ায় রাজা ভগদত্ত প্রাণহীন অবস্থায় স্বীয় ধনুর্ব্বাণ ত্যাগ করিলেন। তাঁহার মস্তকে বস্ত্র শ্রেষ্ঠ বস্ত্র সেইরূপে পতিত হইল, যেরূপ পদ্মের নালকে তাড়না করিলে (নাড়া দিলে) তাহার পত্রগুলি খসিয়া পড়ে ॥ ৪৭-৪৯

স্বর্ণনির্ম্মিত ভূষণে বিভূষিত সেই পর্ব্বতাকার হাতী হইতে স্বর্ণমাল্যধারী রাজা ভগদত্ত ভূতলে পতিত হইলেন; তখন মনে হইল—সুন্দর পুষ্পরাজিতে পূর্ণ কর্ণিকার বৃক্ষ বায়ুর বেগে খণ্ডিত হইয়া পর্ব্বতশিখর হইতে নিম্নে পতিত হইতেছে ॥ ৫০

রাজন্! এইরূপে ইন্দ্রনন্দন অর্জ্জুন ইন্দ্রের সখা ও ইন্দ্রতুল্যই পরাক্রমশালী রাজা ভগদত্তকে যুদ্ধে বধ করিয়া আপনার সৈন্যদের মধ্যে অন্য সব বিজয়াভিলাষী বীরগণকেও সেইরূপে ভূপাতিত করিতে লাগিলেন, যেরূপ প্রবল বায়ু বৃক্ষশ্রেণীকে উৎপাটিত করিয়া থাকে ॥ ৫১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে ভগদত্তের বধবিষয়ক একোনত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিংশোঽধ্যায়ঃ।

(অর্জ্জুনেন বৃষকাচলয়োর্বধঃ, শকুনের্মায়া, তস্য পরাজয়ঃ, কৌরবসৈন্যানাং পলায়নঞ্চ।)

সঞ্জয় উবাচ।
প্রিয়মিন্দ্রস্য সততং সখায়মমিতৌজসম্।
হত্বা প্রাগ্জ্যোতিষং পার্থঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥ ১
ততো গান্ধাররাজস্য সুতৌ পরপুরঞ্জয়ৌ।
অর্দ্দেতামর্জ্জুনং সংখ্যে ভ্রাতরৌ বৃষকাচলৌ ॥ ২

তৌ সমেত্যার্জ্জুনং বীরৌ পুরঃ পশ্চাচ্চ ধন্বিনৌ।
অবিধ্যেতাং মহাবেগৈর্নিশিতৈরাশুগৈর্ভৃশম্ ॥ ৩
বৃষকস্য হয়ান্ সূতং ধনুশ্ছত্রং রথং ধ্বজম্।
তিলশো ব্যধমৎ পার্থঃ সৌবলস্য শিতৈঃ শরৈঃ ॥ ৪

ত্রিংশ অধ্যায়।

[অর্জ্জুন কর্ত্তৃক বৃষক ও অচলের বধ, শকুনির মায়া ও তাহার পরাজয় এবং কৌরব-সৈন্যদের পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! যিনি সর্ব্বদা ইন্দ্রের প্রিয়সখা ছিলেন সেই অমিততেজস্বী প্রাগ্জ্যোতিষপুরের অধিপতি ভগদত্তকে সংহার করিয়া অর্জ্জুন দক্ষিণ দিকে ফিরিলেন ॥ ১

সেদিকে গান্ধাররাজ সুবলের দুই পুত্র শত্রুনগরবিজয়ী দুই ভ্রাতা বৃষক ও অচল আসিয়া উপস্থিত হইলেন এবং যুদ্ধে অর্জ্জুনকে পীড়িত করিতে লাগিলেন ॥ ২

এই দুই ধনুর্দ্ধর বীর অর্জ্জুনের উপর অগ্রভাগ ও পশ্চাদ্ভাগ হইতে আক্রমণ করিয়া অত্যন্ত বেগশালী তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা তাঁহাকে গুরুতররূপে বিদ্ধ করিলেন ॥ ৩

তখন কুন্তীকুমার অর্জ্জুন স্বীয় তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা সুবলপুত্র বৃষকের অশ্ব, সারথি, রথ, ধনু, ছত্র ও ধ্বজকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিলেন ॥ ৪

ততোঽর্জুনঃ শরব্রাতৈর্নানাপ্রহরণৈরপি।
গান্ধারানাকুলাংশ্চক্রে সৌবলপ্রমুখান্ পুনঃ ॥ ৫
ততঃ পঞ্চশতান্ বীরান্ গান্ধারানুদ্যতায়ুধান্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় ক্রুদ্ধো বাণৈর্ধনঞ্জয়ঃ ॥ ৬
হতাশ্বাৎ তু রথাৎ তূর্ণমবতীর্য্য মহাভুজঃ।
আরুরোহ রথং ভ্রাতুরন্যচ্চ ধনুরাদদে ॥ ৭
তাবেকরথমারূঢৌ ভ্রাতরৌ বৃষকাচলৌ।
শরবর্ষেণ বীভৎসুমবিধ্যেতাং মুহুর্মুহুঃ ॥ ৮
স্যালৌ তব মহাত্মানৌ রাজানৌ বৃষকাচলৌ।
ভৃশং বিজঘ্নতুঃ পার্থমিন্দ্রং বৃত্রবলাবিব ॥ ৯
লব্ধলক্ষ্যৌ তু গান্ধারবহতাং পাণ্ডবং পুনঃ।
নিদাঘবার্ষিকৌ মাসৌ লোকং ধর্মাংশুভির্যথা ॥ ১০
তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ রাজানৌ বৃষকাচলৌ।
সংশ্লিষ্টাঙ্গৌ স্থিতৌ রাজন্ জঘানৈকেষুণাঽর্জুনঃ ॥ ১১

তৌ রথাৎ সিংহসঙ্কাশৌ লোহিতাক্ষৌ মহাভুজৌ।
রাজন্ সম্পেততুর্বীরৌ সোদর্য্যাবেকলক্ষণৌ ॥ ১২
তয়োর্ভূমিং গতৌ দেহৌ রথাদ্ বন্ধুজনপ্রিয়ৌ।
যশো দশ দিশঃ পুণ্যং গময়িত্বা ব্যবস্থিতৌ ॥ ১৩
দৃষ্ট্বা বিনিহতৌ সংখ্যে মাতুলাবপলায়িনৌ।
ভৃশং মুমুচুরশ্রূণি পুত্রাস্তব বিশাম্পতে ॥ ১৪
নিহতৌ ভ্রাতরৌ দৃষ্ট্বা মায়াশতবিশারদঃ।
কৃষ্ণৌ সম্মোহয়ন্ মায়াং বিদধে শকুনিস্ততঃ ॥ ১৫
লগুড়ায়োগুড়াশ্মানঃ শতঘ্ন্যশ্চ সশক্তয়ঃ।
গদাপরিঘনিস্ত্রিংশশূলমুদ্গরপট্টিশাঃ ॥১৬
সকম্পনর্ষ্টিনখরা মুসলানি পরশ্বধাঃ।
ক্ষুরাঃ ক্ষুরপ্রনালীকা বৎসদন্তাস্থিসন্ধয়ঃ ॥ ১৭
চক্রাণি বিশিখাঃ প্রাসা বিবিধান্যায়ুধানি চ।
প্রপেতুঃ শতশো দিগ্ভ্যঃ প্রদিগ্ভ্যশ্চার্জুনং প্রতি ॥ ১৮

তাহার পর অর্জুন নিজের বাণসকলে ও অন্যান্য অস্ত্রসকলে সুবলপুত্রাদি সমস্ত গান্ধার যোদ্ধাদিগকে পুনরায় ব্যাকুল করিয়া তুলিলেন ॥ ৫

অনন্তর কুপিত হইয়া অর্জুন অস্ত্র উত্তোলনকারী পাঁচশত গান্ধারদেশীয় বীরগণকে নিহত করিয়া যমলোকে প্রেরণ করিলেন ॥ ৬

মহাবাহু বৃষক সেই অশ্বহীন রথ হইতে শীঘ্র নামিয়া ভ্রাতা অচলের রথে আরোহণ করিলেন এবং সেখানে অন্য একটি ধনু হাতে গ্রহণ করিলেন ॥ ৭

এইভাবে এক রথে উপবিষ্ট থাকিয়া সেই দুই ভ্রাতা বৃষক ও অচল বারংবার বাণবর্ষণ করিয়া অর্জুনকে বিদ্ধ করিতে লাগিলেন ॥ ৮

মহারাজ! আপনার দুই শ্যালক মহামনস্বী রাজকুমার বৃষক ও অচল বৃত্রাসুর এবং বলাসুর কর্তৃক ইন্দ্রকে অস্ত্রবিদ্ধ করিবার ন্যায় অর্জুনকে অত্যন্ত আহত করিয়া ফেলিলেন ॥ ৯

যেরূপ গ্রীষ্মকালের দুই মাস সূর্য্যদেব স্বীয় উষ্ণ কিরণাবলিতে সকল লোককে সন্তাপিত করিয়া থাকেন, সেইরূপ এই দুই ভ্রাতা গান্ধাররাজকুমার লক্ষ্যবেধে সফল হইয়া পাণ্ডুপুত্র অর্জুনকে বারংবার আঘাত করিতে লাগিলেন ॥ ১০

রাজন্! এই দুই নরশ্রেষ্ঠ রাজকুমার বৃষক ও অচল পরস্পর মিলিত দেহ হইয়া রথে উপবেশন করিয়াছিলেন। এরূপ অবস্থাতেই অর্জুন একটি বাণে ইঁহাদের দুইজনকে বধ করিলেন ॥১১

মহারাজ! ইঁহারা দুইজনে সহোদর ভ্রাতা বলিয়া একই লক্ষণে যুক্ত ছিলেন। ইঁহারা উভয়ে সিংহসদৃশ পরাক্রমী, লোহিতলোচন ও বিশাল বাহুতে সুশোভিত ছিলেন। ইঁহারা দুইজনে একই সঙ্গে ভূতলে পতিত হইলেন ॥ ১২

বন্ধুজনগণের প্রিয় এই দুই বীরের শরীর রথ হইতে ধরাতলে পতিত হইল। ইঁহারা উভয়ে নিজেদের পবিত্র যশকে চারিদিকে বিস্তৃত করিয়া ভূতলশায়ী হইলেন ॥ ১৩

প্রজানাথ! যুদ্ধ হইতে যাঁহারা কখনও পলায়ন করেন না, সেই বীর মাতুলদ্বয়কে নিহত হইতে দেখিয়া আপনার পুত্রগণ সকলে অতিশয় অশ্রুবিসর্জন করিতে লাগিলেন ॥ ১৪

নিজের দুই ভ্রাতাকে নিহত হইতে দেখিয়া শত শত মায়ার প্রয়োগে নিপুণ শকুনি শ্রীকৃষ্ণ ও অর্জুনকে মোহিত করিতে করিতে তাঁহাদের উপর মায়াপ্রয়োগ করিলেন ॥ ১৫

তখন অর্জুনের উপর দণ্ড, লোহার গোলা, প্রস্তর, শতঘ্নী, শক্তি, গদা, পরিঘ, খড়্গ, শূল, মুদ্গর, পট্টিশ, কম্পন, ঋষ্টি, নখর, মুসল, পরশু, ক্ষুর, ক্ষুরপ্র, নালীক, বৎসদন্ত, অস্থিসন্ধি, চক্র, বাণ, প্রাস এবং অন্য নানাপ্রকার শত শত অস্ত্র শস্ত্র সমস্ত দিক্ ও বিদিক্ হইতে আসিয়া পতিত হইতেছিল ॥ ১৬-১৮

খরোষ্ট্রমহিষাঃ সিংহা ব্যাঘ্রাঃ সৃমরচিত্রকাঃ।
ঋক্ষাঃ শালাবৃকা গৃধ্রাঃ কপয়শ্চ সরীসৃপাঃ ॥ ১৯
বিবিধানি চ রক্ষাংসি ক্ষুধিতান্যর্জুনং প্রতি।
সংক্রুদ্ধান্যভ্যধাবন্ত বিবিধানি বয়াংসি চ ॥ ২০
ততো দিব্যাস্ত্রবিচ্ছূরঃ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
বিসৃজন্নিষুজালানি সহসা তান্যতাড়য়ৎ ॥ ২১
তে হন্যমানাঃ শূরেণ প্রবরৈঃ সায়কৈর্দৃঢ়ৈঃ।
বিরুবন্তো মহারাবান্ বিনেশুঃ সর্বতো হতাঃ ॥ ২২
ততস্তমঃ প্রাদুরভূদর্জুনস্য রথং প্রতি।
তস্মাচ্চ তমসো বাচঃ ক্রূরাঃ পার্থমভর্ৎসয়ন্ ॥ ২৩
তৎ তমো ভৈরবং ঘোরং ভয়কর্তৃ মহাহবে।
উত্তমাস্ত্রেণ মহতা জ্যোতিষেণার্জুনোঽবধীৎ ॥ ২৪
হতে তস্মিন্ জলৌঘাস্তু প্রাদুরাসন্ ভয়ানকাঃ।
অম্ভসস্তস্য নাশার্থমাদিত্যাস্ত্রমথার্জুনঃ ॥ ২৫
প্রাযুঙ্ক্তাম্ভস্ততস্তেন প্রায়শোঽস্ত্রেণ শোষিতম্।
এবং বহুবিধা মায়াঃ সৌবলস্য কৃতাঃ কৃতাঃ ॥ ২৬
জঘানাস্ত্রবলেনাশু প্রহসন্নর্জুনস্তদা।
তদা হতাসু মায়াসু ত্রস্তোঽর্জুনশরাহতঃ ॥ ২৭
অপায়াজ্জবনৈরশ্বৈঃ শকুনিঃ প্রাকৃতো যথা।
ততোঽর্জুনোঽস্ত্রবিচ্ছ্রেষ্ঠাং দর্শয়ন্নাত্মনোঽরিষু ॥ ২৮
অভ্যবর্ষচ্ছরৌঘেণ কৌরবাণামনীকিনীম্।
সা হন্যমানা পার্থেন তব পুত্রস্য বাহিনী ॥ ২৯
দ্বৈধীভূতা মহারাজ গঙ্গেবাসাদ্য পর্বতম্।
দ্রোণমেবান্বপদ্যন্ত কেচিৎ তত্র নরর্ষভাঃ ॥ ৩০
কেচিদ্ দুর্য্যোধনং রাজন্নর্দ্যমানাঃ কিরীটিনা।
নাপশ্যাম ততস্ত্বেনং সৈন্যে বৈ রজসাবৃতে ॥ ৩১
গাণ্ডীবস্য চ নির্ঘোষঃ শ্রুতো দক্ষিণতো ময়া।
শঙ্খদুন্দুভিনির্ঘোষং বাদিত্রাণাঞ্চ নিঃস্বনম্ ॥ ৩২

গর্দ্দভ, উষ্ট্র, মহিষ, সিংহ, ব্যাঘ্র, সৃমর, চিতাবাঘ, বরাহ, শৃগাল, শকুনি, বানর, সর্প ও নানাপ্রকার ক্ষুধিত রাক্ষস এবং বিবিধ পক্ষী অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অর্জুনের দিকে ধাবিত হইল॥

তখন দিব্যাস্ত্রে অভিজ্ঞ বীরবর কুন্তীনন্দন অর্জুন সহসা বাণসমূহ বর্ষণ করিতে করিতে ইহাদের সকলকে বধ করিতে আরম্ভ করিলেন॥ ১৯-২১

বীরবর অর্জুনের সুদৃঢ় ও শ্রেষ্ঠ বাণসমূহে আঘাতপ্রাপ্ত এই সব হিংস্র পশুরা সর্ব্বতোভাবে আহত হইয়া ভয়ঙ্কর চীৎকার করিতে করিতে সেইস্থানেই নষ্ট হইয়া যাইল॥ ২২

তদনন্তর অর্জুনের রথের নিকট অন্ধকার আবির্ভূত হইল এবং সেই অন্ধকার হইতে ক্রূরতাপূর্ণ বহু বাক্য উত্থিত হইয়া পার্থকে ভর্ৎসনা করিতে লাগিল॥ ২৩

সেই মহাসমরে আবির্ভূত ভয়প্রদ, ঘোর ও ভয়ানক অন্ধকারকে অর্জুন স্বীয় বিশাল উত্তম জ্যোতির্ম্ময় অস্ত্রের দ্বারা নষ্ট করিয়া দিলেন॥ ২৪

সেই অন্ধকার নষ্ট হইয়া যাইলে ভয়ঙ্কর জলপ্রবাহ প্রাদুর্ভূত হইল। তখন অর্জুন সেই জলপ্রবাহ নিবারণের জন্য অস্ত্রপ্রয়োগ করিলেন। এই অস্ত্র সমস্ত জলপ্রবাহ শোষণ করিয়া লইল।

এইরূপে সুবলপুত্র শকুনি কর্ত্তৃক বারংবার প্রযুক্ত নানা প্রকারের মায়াকে সেই সময় অর্জুন নিজ অস্ত্রবলে হাসিতে হাসিতেই অতিসত্বর নষ্ট করিয়া দিলেন।

তখন সমস্ত মায়া নাশপ্রাপ্ত হইলে অর্জুনের বাণসমূহে অত্যন্ত আহত হইয়া ভীত শকুনি অধম মনুষ্যের ন্যায় বেগগামী অশ্বের দ্বারা রণাঙ্গন হইতে পলায়ন করিলেন॥

তদনন্তর অস্ত্রসমূহে অভিজ্ঞ অর্জুন শত্রুদিগকে নিজের হস্তনৈপুণ্য দেখাইতে দেখাইতে কৌরবসৈন্যদের উপর বাণসকল বর্ষণ করিতে লাগিলেন॥

মহারাজ! অর্জুন কর্ত্তৃক প্রহৃত হইয়া আপনার পুত্রের বিশাল সৈন্যবাহিনী সেইভাবে দুইভাগে বিভক্ত হইয়া পড়িল, যেরূপ গঙ্গা বিশাল পর্ব্বতের নিকট যাইয়া দুইভাগে বিভক্ত হইয়া প্রবাহিতা হন॥

রাজন্! কিরীটধারী অর্জুনের দ্বারা পীড়িত হইয়া কতক সৈন্য দ্রোণাচার্য্যের পশ্চাতে যাইয়া আত্মগোপন করিল এবং কতক সৈন্য রাজা দুর্য্যোধনের নিকট পলায়ন করিল॥

মহারাজ! সেই সময় আমরা কেহই উত্থিত ধূলিজালে ব্যাপ্ত সৈন্যগণের মধ্যে অর্জুনকে দেখিতে পাইলাম না। আমি ত' কেবল দক্ষিণ হইতে উত্থিত গাণ্ডীবধনুর টঙ্কারধ্বনিই শুনিতে পাইতেছিলাম॥

শঙ্খ ও দুন্দুভিসকলের ধ্বনি, বাদ্যসমূহের শব্দ এবং গাণ্ডীবধনুর গম্ভীর শব্দ আকাশকে অতিক্রম করিয়া স্বর্গলোক পর্য্যন্ত গিয়া উপস্থিত হইল॥

গাণ্ডীবস্য তু নির্ঘোষো ব্যতিক্রম্যাস্পৃশদ্ দিবম্।
ততঃ পুনর্দক্ষিণতঃ সংগ্রামশ্চিত্রযোধিনাম্ ॥ ৩৩
সুযুদ্ধং চার্জ্জুনস্যাসীদহং তু দ্রোণমন্বিয়াম্।
যৌধিষ্ঠিরাণ্যনীকানি প্রহরন্তি ততস্ততঃ ॥ ৩৪
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তব ভারত।
অর্জ্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ ॥ ৩৫
তং বাসবমিবায়ান্তং ভূরিবর্ষং শরৌঘিণম্।
মহেষ্বাসা নরব্যাঘ্রা নোগ্রং কেচিদবারয়ন্ ॥ ৩৬
তে হন্যমানাঃ পার্থেন ত্বদীয়া ব্যথিতা ভৃশম্।
স্বানেব বহবো জঘ্নুর্বিদ্রবন্তস্ততস্ততঃ ॥ ৩৭
তেঽর্জ্জুনেন শরা মুক্তাঃ কঙ্কপত্রাস্তনুচ্ছিদঃ।
শলভা ইব সম্পেতুঃ সংবৃণ্বানা দিশো দশ ॥ ৩৮
তুরগং রথিনং নাগং পদাতিমপি মারিষ।
বিনির্ভিদ্য ক্ষিতিং জগ্মুর্বল্মীকমিব পন্নগাঃ ॥ ৩৯
ন চ দ্বিতীয়ং ব্যসৃজৎ কুঞ্জরাশ্বনরেষু সঃ।
পৃথগেকশরারুগ্ণা নিপেতুস্তে গতাসবঃ ॥ ৪০
হতৈর্মনুষ্যৈর্দ্বিরদৈশ্চ সর্বতঃ
শরাভিবৃষ্টৈশ্চ হয়ৈর্নিপাতিতৈঃ।
তদা শ্ব-গোমায়ুবলাভিনাদিতং
বিচিত্রমায়োধশিরো বভূব তৎ ॥ ৪১
পিতা সুতং ত্যজতি সুহৃদ্বরং সুহৃৎ
তথৈব পুত্রঃ পিতরং শরাতুরঃ।
স্বরক্ষণে কৃতমতয়স্তদা জনা-
স্ত্যজন্তি বাহানপি পার্থপীড়িতাঃ ॥ ৪২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্বণি সংশপ্তকবধপর্ব্বণি শকুনিপলায়নে
ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩০

তাহার পর পুনরায় দক্ষিণদিকে বিচিত্ররূপে যুদ্ধকারী যোদ্ধা-গণের অর্জ্জুনের সহিত ঘোরতর যুদ্ধ হইতে লাগিল এবং আমি দ্রোণাচার্য্যের নিকট চলিয়া যাইলাম ॥

হে ভারত! তখন যুধিষ্ঠিরের সৈন্যরা এদিকে ওদিকে সর্ব্বদা অস্ত্রপ্রহার করিতেছিল। যেরূপ বায়ু আকাশে মেঘমণ্ডলকে ছিন্ন-ভিন্ন করিয়া দেয়, সেইরূপ অর্জ্জুন সেই সময়ে আপনার পুত্রগণের বিভিন্ন সৈন্যদিগকে বিতাড়িত করিয়া দিলেন ॥২৫-৩৫

ইন্দ্রের ন্যায় বাণরূপী প্রভূত জলবর্ষণকারী ভয়ঙ্কর বীর অর্জ্জুনকে আসিতে দেখিয়া আপনার পুরুষশ্রেষ্ঠ মহাধনুর্দ্ধর যোদ্ধাদের মধ্যে কেহই তাঁহাকে রুদ্ধ করিতে পারিলেন না ॥ ৩৬

অর্জ্জুনের দ্বারা পুনঃ পুনঃ প্রহৃত হইয়া আপনার সৈন্যরা অত্যন্ত পীড়িত হইয়া পড়িল। তাহাদের মধ্যে অনেককে এদিকে ওদিকে পলায়ন করিবার সময় আপনার পক্ষেরই যোদ্ধা-গণ সংহার করিতে লাগিলেন। ৩৭

অর্জ্জুনকর্তৃক নিক্ষিপ্ত কঙ্কপত্রযুক্ত বাণসমূহ বিপক্ষ বীরগণের শিরশ্ছেদ করিতে লাগিল। এই বাণসকল সমস্ত দিককে আচ্ছাদিত করিয়া পতঙ্গদলের ন্যায় সেখানে সর্ব্বস্থানে পতিত হইতে থাকিল। ৩৮

আর্য্য! এই বাণসকল অশ্ব, রথী, হস্তী ও পদাতি সৈন্য দিগকেও বিদীর্ণ করিয়া সেইভাবে ভূতলে প্রবিষ্ট হইতেছিল, যেরূপ সর্পগণ বল্মীকের মধ্যে প্রবেশ করিয়া থাকে। ৩৯

হস্তী, অশ্ব ও মনুষ্যগণের উপর অর্জ্জুন দ্বিতীয় কোন বাণ নিক্ষেপ করিতেছিলেন না। তাহাদের সকলেই একই বাণের দ্বারা প্রাণহীন হইয়া ধরাশায়ী হইতেছিল। ৪০

তখন বাণসমূহের আঘাতে বহু মনুষ্যই মৃত্যুমুখে পতিত হইল, চারিদিকেই হাতীরা ধরাশায়ী হইয়াছিল এবং বহু অশ্বও নিহত হইয়াছিল। সেই সময় কুকুর ও শকুনিদলের দ্বারা কোলাহলপূর্ণ হইয়া যুদ্ধভূমির অধিকাংশভাগই অদ্ভুত বলিয়া মনে হইতেছিল ॥ ৪১

সেখানে পিতা পুত্রকে ত্যাগ করিতেছিল, সুহৃৎ সুহৃৎকে এবং পুত্র বাণসমূহের আঘাতে পীড়িত হইয়া পিতাকে ত্যাগ করিতে লাগিল। সেই সময় অর্জ্জুনের বাণসমূহে পীড়িত হইয়া সকল মানুষই নিজ নিজ প্রাণ রক্ষা করিবার জন্য বুদ্ধিস্থির করত যান-বাহন পরিত্যাগ করিয়াই পলায়ন করিতে লাগিল। ৪২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে শকুনির পলায়নবিষয়ক ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একত্রিংশোঽধ্যায়ঃ।

[কৌরব-পাণ্ডবসৈন্যানাং তুমুলং যুদ্ধম, অশ্বত্থাম্না রাজ্ঞো নীলস্য সংহারশ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।

তস্মিনীকেষু ভগ্নেষু পাণ্ডুপুত্রেণ সঞ্জয়।
চলিতানাং দ্রুতানাঞ্চ কথমাসীন্মনো হি বঃ॥
অনীকানাং প্রভগ্নানামবস্থানমপশ্যতাম্।
দুষ্করং প্রতিসন্ধানং তন্মমাচক্ষ্ব সঞ্জয়॥ ২

সঞ্জয় উবাচ।

তথাপি তব পুত্রস্য প্রিয়কামা বিশাম্পতে।
যশঃ প্রবীরা লোকেষু রক্ষন্তো দ্রোণমন্বয়ুঃ॥ ৩
সমুদ্যতেষু চাস্ত্রেষু সম্প্রাপ্তে চ যুধিষ্ঠিরে।
অকুর্বন্নার্য্যকর্মাণি ভৈরবে সত্যভীতবৎ॥ ৪
অন্তরং ভীমসেনস্য প্রাপতন্নমিতৌজসঃ।
সাত্যকেশ্চৈব বীরস্য ধৃষ্টদ্যুম্নস্য বা বিভো॥ ৫
দ্রোণং দ্রোণমিতি ক্রূরাঃ পাঞ্চালাঃ সমচোদয়ন্।
মা দ্রোণমিতি পুত্রাস্তে কুরূন্ সর্বানচোদয়ন্॥ ৬
দ্রোণং দ্রোণমিতি হ্যেকে মা দ্রোণমিতি চাপরে।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ দ্রোণদ্যূতমবর্ত্তত॥ ৭
যং যং প্রমথতে দ্রোণঃ পাঞ্চালানাং রথব্রজম্।
তত্র তত্র তু পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত॥ ৮
তথা ভাগবিপর্য্যাসৈঃ সংগ্রামে ভৈরবে সতি।
বীরাঃ সমাসদন্ বীরান্ কুর্বন্তো ভৈরবং রবম্॥ ৯
অকম্পনীয়াঃ শত্রূণাং বভূবুস্তত্র পাণ্ডবাঃ।
অকম্পয়ন্ননীকানি স্মরন্তঃ ক্লেশমাত্মনঃ॥ ১০
তে ত্বমর্ষবশং প্রাপ্তা হ্রীমন্তঃ সত্ত্বচোদিতাঃ।
ত্যক্ত্বা প্রাণান্ ন্যবর্ত্তন্ত ঘ্নন্তো দ্রোণং মহাহবে॥ ১১

একবিংশ অধ্যায়।

[কৌরব-পাণ্ডবসৈন্যদের মধ্যে তুমুল যুদ্ধ এবং অশ্বত্থামাকর্ত্তৃক রাজা নীলের সংহার।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! পাণ্ডুপুত্র অর্জুন কর্ত্তৃক পরাজিত হইয়া যখন সমস্ত সৈন্যরাই পলায়ন করিল, তখন বিচলিত হইয়া পলায়নপর তোমাদের মনের অবস্থা কিরূপ হইয়াছিল? ১

যখন পলায়নরত সৈন্যগণের কোথাও দাঁড়াইবার স্থান দেখা যাইল না, সেই সময় তাহাদিগকে পুনরায় সংগঠিত করা অতিশয় দুষ্কর কার্য; অতএব সঞ্জয়! তুমি আমাকে এই বৃত্তান্ত যথাযথভাবে বলিয়া শুনাও॥ ২

সঞ্জয় বলিলেন,—প্রজানাথ! যদিও সৈন্যদের মধ্যে ঘোরতর ভাঙনের সৃষ্টি হইয়াছিল, তথাপি বহুসংখ্যক বিশ্ববিখ্যাত বীর আপনার পুত্র দুর্য্যোধনের প্রিয় করিবার ইচ্ছায় যশ রক্ষা করিতে করিতে সেই সময় দ্রোণাচার্য্যের অনুগমন করিলেন॥ ৩

প্রভো! সেই ভয়ঙ্কর সংগ্রাম পুনরায় আরম্ভ হইলে পর সমস্ত যোদ্ধারা নির্ভয়চিত্তে আর্য্যজনোচিত পুরুষার্থ প্রকাশ করিতে লাগিলেন। যখন সকল যোদ্ধারাই অস্ত্র উত্তোলন করিলেন এবং যুধিষ্ঠিরও সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন, তখন ভীমসেন, সাত্যকি কিংবা বীর ধৃষ্টদ্যুম্নের অসাবধানতার সুযোগ পাইয়া অমিততেজস্বী কৌরব যোদ্ধারা পাণ্ডবসৈন্যদের উপর আক্রমণ করিলেন॥ ৪-৫

ক্রূরস্বভাব পাঞ্চাল সৈন্যগণ পরস্পরকে প্রেরিত করিতে থাকিলেন অরে, দ্রোণাচার্য্যকে বন্দী কর, দ্রোণাচার্য্যকে ধরিয়া ফেল এবং আপনার পুত্রগণ কৌরবসৈন্যদের আদেশ দিলেন যে, দেখ, কোনরূপেই যেন কেহ দ্রোণাচার্য্যকে বন্দী করিতে না পারে॥ ৬

এক দিক্ হইতে বীরত্বব্যঞ্জক শব্দ আসিতে লাগিল যে, 'দ্রোণকে বন্দী কর, দ্রোণকে বন্দী কর;' আর অপর দিক্ হইতে শব্দ উত্থিত হইতে থাকিল যে, 'দ্রোণকে কেহই বন্দী করিতে সমর্থ হইবে না।' এইরূপ সেখানে দ্রোণাচার্য্যকে পণ রাখিয়া কৌরব ও পাণ্ডব যোদ্ধাদের মধ্যে যুদ্ধরূপ পাশাখেলা আরম্ভ হইল॥ ৭

পাঞ্চাল সৈন্যদের যে যে রথসমুদায়কে দ্রোণাচার্য্য মথিত করিবার চেষ্টা করিতে লাগিলেন, সেই সেই স্থানেই পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্ন তাঁহার সম্মুখীন হইবার জন্য ছুটিয়া আসিলেন॥ ৮

এইভাবে ভাগ্যবিপর্য্যয়ের দ্বারা ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইয়া যাইলে ভয়ানক গর্জন করিতে করিতে উভয়পক্ষের বীর সৈন্যগণ বিপক্ষ বীরগণের উপর আক্রমণ করিলেন॥ ৯

সেই সময় পাণ্ডবগণকে শত্রুদল বিচলিত করিতে পারিল না। তাঁহারা নিজেদের উপর প্রদত্ত ক্লেশসমূহ স্মরণ করিতে করিতে আপনার সৈন্যদিগকে কাঁপাইয়া তুলিলেন॥ ১০

পাণ্ডবেরা লজ্জাশীল, সত্ত্বগুণপ্রেরিত ও অমর্ষের বশীভূত

অয়সামিব সম্পাতঃ শিলানামিব চাভবৎ।
দীব্যতাং তুমুলে যুদ্ধে প্রাণৈরমিততেজসাম্ ॥ ১২
ন তু স্মরন্তি সংগ্রামমপি বৃদ্ধাস্তথাবিধম্।
দৃষ্টপূর্বং মহারাজ শ্রুতপূর্বমথাপি বা ॥ ১৩
প্রাকম্পতেব পৃথিবী তস্মিন্ বীরাবসাদনে।
নিবর্ততা বলৌঘেন মহতা ভারপীড়িতা ॥ ১৪
ঘূর্ণতোঽপি বলৌঘস্য দিবং স্তব্ধ্বেব নিঃস্বনঃ।
অজাতশত্রোস্তৎসৈন্যমাবিবেশ সুভৈরবঃ ॥ ১৫
সমাসাদ্য তু পাণ্ডূনামনীকানি সহস্রশঃ।
দ্রোণেন চরতা সংখ্যে প্রভগ্নানি শিতৈঃ শরৈঃ ॥ ১৬
তেষু প্রমথ্যমানেষু দ্রোণেনাদ্ভুতকর্মণা।
পর্য্যবারয়দাসাদ্য দ্রোণং সেনাপতিঃ স্বয়ম্ ॥ ১৭
তদদ্ভুতমভূদ্ যুদ্ধং দ্রোণপাঞ্চালয়োস্তথা।
নৈব তস্যোপমা কাচিদিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৮
ততো নীলোঽনলপ্রখ্যো দদাহ কুরুবাহিনীম্।
শরস্ফুলিঙ্গশ্চাপার্চির্দহন্ কক্ষমিবানলঃ ॥ ১৯
তং দহন্তমনীকানি দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
পূর্বাভিভাষী সুশ্লক্ষ্ণং স্ময়মানোঽভ্যভাষত ॥ ২০
নীল কিং বহুভির্দগ্ধৈস্তব যোধৈঃ শরার্চিষা।
ময়ৈকেন হি যুধ্যস্ব ক্রুদ্ধঃ প্রহর চাশু মাম্ ॥ ২১
তং পদ্মনিকরাকারং পদ্মপত্রনিভেক্ষণম্।
ব্যাকোশপদ্মাভমুখো নীলো বিব্যাধ সায়কৈঃ ॥ ২২
তেনাপি বিদ্ধঃ সহসা দ্রৌণির্ভল্লৈঃ শিতৈস্ত্রিভিঃ।
ধনুর্ধ্বজঞ্চ ছত্রঞ্চ দ্বিষতঃ স ন্যকৃন্তত ॥ ২৩
স প্লুতঃ স্যন্দনাত্তস্মান্নীলশ্চর্মবরাসিভৃৎ।
দ্রৌণায়নেঃ শিরঃ কায়াদ্ধর্তুমৈচ্ছৎ পতত্রিবৎ ॥ ২৪

ছিলেন। তাঁহার প্রাণের মায়া না করিয়া সেই মহাসংগ্রামে দ্রোণাচার্য্যকে বধ করিবার জন্য ফিরিয়া আসিলেন ॥ ১১

সেই ভয়ঙ্কর যুদ্ধে প্রাণের পণ রাখিয়া যুদ্ধরূপ অক্ষক্রীড়াকারী অমিততেজস্বী বীরগণের সঙ্ঘর্ষ লৌহ ও পাথরের পরস্পর আঘাতজনিত শব্দের ন্যায় শব্দ করিতে লাগিল ॥ ১২

মহারাজ! বৃদ্ধগণ পর্য্যন্তও এরূপ ভয়ানক সংগ্রামের কথা পূর্বে কখনও হইয়াছে বলিয়া দেখেন নাই বা শ্রবণও করেন নাই এবং স্মরণ করিতেও পারেন না ॥ ১৩

বীরগণের বিনাশকর এই সংগ্রামে প্রত্যাবর্তনরত বিশাল সৈন্যবাহিনীর দ্বারা নিদারুণ ভাবে পীড়িত হইয়া এই পৃথিবী দেবী কাঁদিতে লাগিলেন ॥ ১৪

সেখানে চারিদিকে সৈন্যগণ ঘুরিতে থাকিলে তখন সৈন্যসমূহের অত্যন্ত ভয়ঙ্কর কোলাহল আকাশকে যেন স্তব্ধ করিতে করিতেই অজাতশত্রু যুধিষ্ঠিরের সৈন্যদের মধ্যে ব্যাপ্ত হইয়া পড়িল ॥ ১৫

রণাঙ্গনে বিচরণকারী দ্রোণাচার্য্য পাণ্ডব-সৈন্যদের মধ্যে প্রবেশ করিয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে সহস্র সহস্র সৈন্যের শরীর ভাঙ্গিয়া দিলেন ॥ ১৬

অদ্ভুত পরাক্রমকারী দ্রোণাচার্য্য কর্তৃক যখন সৈন্যদের মন্থন হইতেছিল, তখন স্বয়ং সেনাপতি ধৃষ্টদ্যুম্ন দ্রোণের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে রুদ্ধ করিলেন ১৭

তখন সেই স্থানে দ্রোণাচার্য্যও ধৃষ্টদ্যুম্নের মধ্যে অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল, যাহার কোন তুলনাই পাওয়া যায় না,—ইহাই আমার বিশ্বাস ॥ ১৮

তদনন্তর অগ্নিতুল্য কান্তিমান্ নীল বাণরূপী অগ্নিস্ফুলিঙ্গ ও ধনুরূপী অগ্নিশিখা বিস্তার করিতে করিতে কৌরব-সৈন্যদিগকে সেই ভাবে দগ্ধ করিতে আরম্ভ করিলেন, যেরূপ অগ্নি তৃণাদিকে দগ্ধ করিয়া থাকেন ॥ ১৯

রাজা নীলকে কৌরব-সৈন্যদিগকে দগ্ধ করিতে দেখিয়া দ্রোণপুত্র প্রভাবশালী অশ্বত্থামা স্বয়ংই প্রথমে বার্তালাপ পূর্বক হাস্য সহকারে মধুর ভাষায় বলিলেন ॥ ২০

নীল! বাণাগ্নির দ্বারা বহুসংখ্যক যোদ্ধাকে দগ্ধ করিয়া তোমার কি লাভ হইবে? তুমি একাকী আমার সহিত যুদ্ধ কর এবং ক্রুদ্ধ হইয়া সত্বর আমার উপর বাণবর্ষণ কর ॥ ২১

নীলের মুখ বিকসিত পদ্মের ন্যায় কান্তিমান্ ছিল। তিনি পদ্মদলসদৃশ আকৃতিবিশিষ্ট ও পদ্মপত্রতুল্য নেত্রসম্পন্ন অশ্বত্থামাকে স্বীয় তীক্ষ্ণ বাণসমূহে বিদ্ধ করিলেন ॥ ২২

ইহার দ্বারা আহত হইয়াও অশ্বত্থামা সহসা তীক্ষ্ণ তিনটি ভল্লের দ্বারা স্বীয় শত্রু নীলের ধনু ধ্বজ ও ছত্রকে ছেদন করিয়া ফেলিলেন ॥ ২৩

তখন নীল ঢাল ও সুন্দর তরবারি হাতে লইয়া সেই রথ হইতে লাফাইয়া পড়িলেন। যেরূপ কোন পক্ষী অভিলষিত বস্তু ঝাপটা দিয়া কাড়িয়া লইবার চেষ্টা করিয়া থাকে, সেইরূপ নীলও অশ্বত্থামার দেহ হইতে মস্তক বিচ্ছিন্ন করিবার ইচ্ছা করিলেন ॥২৪

তস্যোন্নতাংসং সুনসং শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ভল্লেনাপাহরদ্ দ্রৌণিঃ স্ময়মান ইবানঘ ॥ ২৫
সম্পূর্ণচন্দ্রাভমুখঃ পদ্মপত্রনিভেক্ষণঃ।
প্রাংশুরুৎপলপত্রাভো নিহতো ন্যপতদ্ ভুবি ॥ ২৬
ততঃ প্রবিব্যথে সেনা পাণ্ডবী ভৃশমাকুলা।
আচার্য্যপুত্রেণ হতে নীলে জ্বলিততেজসি ॥ ২৭
অচিন্তয়ংশ্চ তে সর্বে পাণ্ডবানাং মহারথাঃ।
কথং নো বাসবিস্ত্রায়াচ্ছত্রুভ্যো ইতি মারিষ ॥ ২৮
দক্ষিণেন তু সেনায়াঃ কুরুতে কদনং বলী।
সংশপ্তকাবশেষস্য নারায়ণবলস্য চ ॥ ২৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধপর্ব্বণি নীলবধে একত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩১

নিষ্পাপ নরেশ! সেই সময় অশ্বত্থামা হাসিতে হাসিতেই একটি ভল্ল প্রহার করিয়া তাহার দ্বারা নীলের উচ্চ স্কন্ধ, সুন্দর নাসিকা এবং কুণ্ডল সহ মস্তককে দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন ॥ ২৫

পূর্ণচন্দ্রসদৃশ কান্তিমান্ মুখ ও কমলদলতুল্য সুন্দর নেত্রবিশিষ্ট রাজা নীল অতিশয় দীর্ঘাকৃতি ছিলেন। তাঁহার অঙ্গকান্তি নীলপদ্মের ন্যায় ছিল। তিনি অশ্বত্থামা কর্তৃক নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥ ২৬

আচার্য্য দ্রোণের পুত্র অশ্বত্থামার দ্বারা প্রজ্বলিত অগ্নিতুল্য তেজস্বী রাজা নীল নিহত হইলে পাণ্ডব-সৈন্যরা অত্যন্ত ব্যাকুল ও ব্যথিত হইয়া পড়িলেন ॥ ২৭

আর্য্য! সেই সময় সমস্ত পাণ্ডব মহারথিগণ এই চিন্তা করিতে লাগিলেন যে, ইন্দ্রনন্দন অর্জুন শত্রুদিগের নিকট হইতে আমাদের কিরূপে রক্ষা করিবেন? ২৮

সেই বলবান্ অর্জুন এই সৈন্যবাহিনীর দক্ষিণ ভাগে হতাবশিষ্ট সংশপ্তক ও নারায়ণী সৈন্যদের সংহার করিতেছেন ॥ ২৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত সংশপ্তক-বধপর্ব্বে নীলের বধবিষয়ক একত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

[কৌরবপাণ্ডবসেনয়োস্তুমুলং যুদ্ধম, ভীমসেনস্য কৌরব মহারথিভিঃ সহ সংগ্রামে ঘোরঃ সংহারঃ, পাণ্ডবানাং দ্রোণং প্রত্যাক্রমণমর্জুন-কর্ণয়োর্যুদ্ধং, কর্ণভ্রাতৃণাং বধঃ, কর্ণসাত্যক্যোঃ সংগ্রামশ্চ।]

সঞ্জয় উবাচ।
প্রতিঘাতং তু সৈন্যস্য নামৃষ্যত্ত বৃকোদরঃ।
সোঽভ্যাহনদ্ গুরুং ষষ্ট্যা কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ ॥ ১
তস্য দ্রোণঃ শিতৈর্বাণৈস্তীক্ষ্ণধারৈরজিহ্মগৈঃ।
জীবিতান্তমভিপ্রেপ্সুর্মর্মাণ্যাশু জঘান হ ॥ ২
আনন্তর্য্যমভিপ্রেপ্সুঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ।
কর্ণো দ্বাদশভির্বাণৈরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥ ৩
ষড়্‌ভির্দুর্য্যোধনো রাজা তত এনমথাকিরৎ।
ভীমসেনোঽপি তান্ সর্বান্ প্রত্যবিধ্যন্মহাবলঃ ॥ ৪

দ্বাত্রিংশ অধ্যায়।

[কৌরব-পাণ্ডব সৈন্যদের মধ্যে তুমুল সংগ্রাম, কৌরব-মহারথী বীরগণের সহিত ভীমসেনের যুদ্ধে ভয়ানক লোকক্ষয়, দ্রোণাচার্য্যের উপর পাণ্ডবগণের আক্রমণ, অর্জুন ও কর্ণের যুদ্ধ, কর্ণের ভ্রাতাদের বিনাশ এবং কর্ণ ও সাত্যকির সংগ্রাম।]

সঞ্জয় বলিলেন,—মহারাজ! নিজের সৈন্যদের এই বিনাশ ভীমসেন সহ্য করিতে পারিলেন না। তিনি গুরুদেব দ্রোণাচার্য্যকে ষাট ও কর্ণকে দশ বাণে আহত করিয়া ফেলিলেন ॥ ১

তখন দ্রোণাচার্য্য সরলগামী, তীক্ষ্ণ ধারাল ও শানিত বাণসমূহের দ্বারা অতিক্রুদ্ধ ভীমসেনের মর্ম্মস্থানসকলের উপর আঘাত করিলেন। এই বাণগুলি সেই সময় ভীমের প্রাণনাশ করিতে অভিলাষী ছিল ॥ ২

এই আঘাত-প্রতিঘাতকে নিরন্তর চালাইয়া যাইবার ইচ্ছায় দ্রোণাচার্য্য ভীমসেনকে ছাব্বিশ, কর্ণ বার এবং অশ্বত্থামা সাতটি বাণপ্রহার করিলেন ॥ ৩

তদনন্তর রাজা দুর্য্যোধন তাঁহার উপর আরও ছয়টি বাণের দ্বারা বিদ্ধ করিলেন। তখন ভীমসেনও ইঁহাদের সকলকে নিজ বাণসমূহে প্রত্যাঘাত করিতে লাগিলেন ॥ ৪

দ্রোণং পঞ্চাশতেষূণাং কর্ণঞ্চ দশভিঃ শরৈঃ।
দুর্য্যোধনং দ্বাদশভির্দ্রৌণিমষ্টাভিরাশুগৈঃ ॥ ৫
আরাবং তুমুলং কুর্ব্বন্নভ্যবর্ত্তত তান্ রণে।
তস্মিন্ সংত্যজতি প্রাণান্ মৃত্যুসাধারণীকৃতে ॥ ৬
অজাতশত্রুস্তান্ যোধান্ ভীমং ত্রাতেত্যচোদয়ৎ।
তে যযুর্ভীমসেনস্য সমীপমমিতৌজসঃ ॥ ৭
যুযুধানপ্রভৃতয়ো মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
তে সমেত্য সুসংরব্ধাঃ সহিতাঃ পুরুষর্ষভাঃ ॥৮
মহেষ্বাসবরৈর্গুপ্তা দ্রোণানীকং বিভিৎসবঃ।
সমাপেতুর্মহাবীর্য্যা ভীমপ্রভৃতয়ো রথাঃ ॥ ৯
তান্ প্রত্যগৃহ্লাদব্যগ্রো দ্রোণোঽপি রথিনাং বরঃ।
মহারথানতিবলান্ বীরান্ সমরযোধিনঃ ॥ ১০
বাহ্যং মৃত্যুভয়ং কৃত্বা তাবকান্ পাণ্ডবা যযুঃ।
সাদিনঃ সাদিনোঽভ্যঘ্নংস্তথৈব রথিনো রথান ॥ ১১

তিনি দ্রোণাচার্য্যকে পঞ্চাশ, কর্ণকে দশ, দুর্য্যোধনকে বার এবং অশ্বত্থামাকে আটটী বাণ প্রহার করিলেন ॥ ৫

তাহার পর ভয়ঙ্কর গর্জন করিতে করিতে ভীমসেন রণাঙ্গনে তাঁহাদের সকলকে আক্রমণ করিলেন। যখন ভীমসেন এই সময় মৃত্যুতুল্য অবস্থায় উপস্থিত হইয়া পড়িলেন এবং মৃত্যুও তাঁহাকে সাধারণ যোদ্ধার ন্যায় গ্রাস করিতে উদ্যত হইল, তখন অজাতশত্রু যুধিষ্ঠির নিজের যোদ্ধাদের এই বলিয়া পাঠাইলেন যে, তোমরা সকলে ভীমসেনকে রক্ষা কর। এই কথা শ্রবণ করিয়া অমিত-তেজস্বী বীরগণ ভীমসেনের নিকটে গমন করিলেন ॥ ৬ ৭

সাত্যকি প্রভৃতি মহারথীরা এবং মাদ্রীনন্দন দুই পাণ্ডব নকুল সহদেব—এই সব পুরুষশ্রেষ্ঠ বীর পরস্পর একত্রে মিলিত হইয়া অতিশয় ক্রোধের সহিত প্রধান প্রধান ধনুর্দ্ধরগণ কর্ত্তৃক সুরক্ষিত থাকিয়া দ্রোণাচার্য্যের সৈন্যবাহিনীকে বিদীর্ণ করিবার ইচ্ছায় তাহাদের আক্রমণ করিলেন। এই ভীমাদি মহারথী বীরগণ অতিশয় পরাক্রমী ছিলেন ॥ ৮-৯

সেই সময় রথীদিগের মধ্যে শ্রেষ্ঠ আচার্য্য দ্রোণ ব্যাকুলতা ত্যাগ করিয়া সেই সমরাঙ্গণে যুদ্ধনিরত অত্যন্ত বলবান্ মহারথী বীরদিগকে রুদ্ধ করিলেন ॥ ১০

কিন্তু পাণ্ডব-যোদ্ধারা নিজেদের মৃত্যুভয়কে দূরে পরিত্যাগ করিয়া আপনার সৈন্যদের উপর আক্রমণ করিলেন। অশ্বারোহী যোদ্ধারা অশ্বারোহী যোদ্ধাদিগকে এবং রথারোহী যোদ্ধারা রথারোহী যোদ্ধাদিগকে সংহার করিতে লাগিলেন ॥ ১১

আসীচ্ছক্ত্যাসি সম্পাতো যুদ্ধমাসীৎ পরশ্বধৈঃ।
প্রকৃষ্টমসিযুদ্ধঞ্চ বভূব কটুকোদয়ম্ ॥ ১২
কুঞ্জরাণাঞ্চ সম্পাতে যুদ্ধমাসীৎ সুদারুণম্।
অপতৎ কুঞ্জরাদন্যো হয়াদন্যস্ত্ববাক্শিরাঃ ॥ ১৩
নরো বাণবিনির্ভিন্নো রথাদন্যশ্চ মারিষ।
তত্রান্যস্য চ সম্মর্দে পতিতস্য বিবর্ম্মণঃ ॥ ১৪
শিরঃ প্রধ্বংসয়ামাস বক্ষস্যাক্রম্য কুঞ্জরঃ।
অপরাংশ্চাপরেঽমৃদ্গন্ বারণাঃ পতিতান্ নরান্ ॥১৫
বিষাণৈশ্চাবনিং গত্বা ব্যভিন্দন্ রথিনো বহূন্।
নরান্ত্রৈঃ কেচিদপরে বিষাণালগ্নসংশ্রয়ৈঃ ॥ ১৬
বভ্রমুঃ সমরে নাগা মৃদ্গন্তঃ শতশো নরান্।
কার্ষ্ণায়সতনুত্রাণান্ নরাশ্ব-রথ-কুঞ্জরান্ ॥ ১৭
পতিতান্ পোথয়াঞ্চক্রুর্দ্বিপাঃ স্থূলনলানিব।
গৃধ্রপত্রাধিবাসাংসি শয়নানি নরাধিপাঃ ॥ ১৮

সেই যুদ্ধে প্রাণঘাতী শক্তি ও খড়্গসকলের প্রহার চলিতেছিল। পরশুর দ্বারাও হানাহানি হইতেছিল। তরবারি আকর্ষণ করিয়া তাহার এরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইতেছিল যে, তাহার কটু পরিণাম আমাদের সাক্ষাতেই আসিয়া উপস্থিত হইল ॥ ১২

হস্তীদের মধ্যে সংঘর্ষে অত্যন্ত দারুণ সংগ্রাম হইতে লাগিল। কোন ব্যক্তি হাতী হইতে পতিত হইল এবং কোন ব্যক্তি অধোমস্তকে ধরাশায়ী হইল ॥ ১৩

আর্য্য! এই যুদ্ধে বাণে বিদীর্ণ হইয়া রথী মানুষ রথ হইতে পতিত হইল। কোনস্থলে যোদ্ধা কবচশূন্য হইয়া ধরাতলে পতিত হইতে লাগিল এবং সহসা কোন হাতী তাহার বক্ষঃস্থলে পা রাখিয়া তাহার মস্তক বিধ্বস্ত করিয়া দিল ॥

অপর হাতীরা অন্য স্থলে পতিত যোদ্ধাদিগকে নিজ নিজ পায়ের চাপে মর্দ্দিত করিতে লাগিল এবং ভূতলে নিজেদের দন্তের আঘাত করিয়া বহুসংখ্যক রথকে বিদীর্ণ করিয়া দিল ॥

অপর কোন কোন হাতীরা নিজেদের দন্তে সংলগ্ন মানুষের অন্ত্রসমূহ লইয়া সমরাঙ্গণে শত শত যোদ্ধাকে মর্দ্দিত করিতে করিতে চারিদিকে ঘুরিতে লাগিল ॥

কৃষ্ণবর্ণের লৌহময় কবচধারণ করত রণাঙ্গনে পতিত বহু মনুষ্য, রথ, অশ্ব ও হাতীদিগকে বড় বড় গজরাজগণ স্থূল নলকুলের ন্যায় প্রোথিত করিয়া ফেলিল ॥

নরপতিগণ কালসংযোগবশতঃ অত্যন্ত দুঃখদায়িনী ও গৃধ্রপক্ষ-

স্ত্রীমন্তঃ কালসম্পর্কাৎ সুহৃঃখান্তনুশেরতে।
হন্তি স্মাত্র পিতা পুত্রং রথেনাভ্যেত্য সংযুগে ॥ ১৯
পুত্রশ্চ পিতরং মোহান্নির্মর্য্যাদমবর্ত্তত।
রথো ভগ্নো ধ্বজশ্ছিন্নশ্ছত্রমুর্ব্যাং নিপাতিতম্ ॥ ২০
যুগার্ধং ছিন্নমাদায় প্রদুদ্রাব তথা হয়ঃ।
সাসির্বাহুর্নিপতিতঃ শিরশ্ছিন্নং সকুণ্ডলম্ ॥ ২১
গজেনাক্ষিপ্য বলিনা রথঃ সঞ্চূর্ণিতঃ ক্ষিতৌ।
রথিনা তাডিতো নাগো নারাচেনাপতৎ ক্ষিতৌ ॥ ২২
সারোহশ্চাপতদ্ বাজী গজেনাভ্যাহতো ভৃশম্।
নির্মর্য্যাদং মহদ্ যুদ্ধমবর্ত্তত সুদারুণম্ ॥ ২৩
হা তাত হা পুত্র সখে ক্বাসি তিষ্ঠ ক্ব ধাবসি।
প্রহরাহর জহ্যেনং স্মিতক্ষ্বেড়িতগর্জ্জিতৈঃ ॥ ২৪

ইত্যেবমুচ্চরন্তি স্ম শ্রূয়ন্তে বিবিধা গিরঃ।
নরস্যাশ্বস্য নাগস্য সমসজ্জত শোণিতম্ ॥ ২৫
উপাশাম্যদ্ রজো ভৌমং ভীরূন্ কশ্মলমাবিশৎ।
চক্রেণ চক্রমাসাদ্য বীরো বীরস্য সংযুগে ॥ ২৬
অতীতেষুপথে কালে জহার গদয়া শিরঃ।
আসীৎ কেশপরামর্শো মুষ্টিযুদ্ধঞ্চ দারুণম্ ॥ ২৭
নখৈর্দন্তৈশ্চ শূরাণামদ্বীপে দ্বীপমিচ্ছতাম্।
তত্রাচ্ছিদ্যত শূরস্য সখড়্গো বাহুরুদ্যতঃ ॥২৮
সধনুশ্চাপরস্যাপি সশরঃ সাঙ্কুশস্তথা।
আক্রোশদন্যমন্যোঽত্র তথান্যো বিমুখোঽদ্রবৎ ॥ ২৯
অন্যঃ প্রাপ্তস্য চান্যস্য শিরঃ কায়াদপাহরৎ।
সশব্দমদ্রবচ্চান্যঃ শব্দাদন্যোঽত্রসদ্ ভৃশম্ ॥ ৩০

রূপী বিছানাসম্বলিত শয্যায় লজ্জার সহিত শয়ন করিতে লাগিলেন ॥

সেখানে পিতা রথের দ্বারা যুদ্ধক্ষেত্রে আসিয়া পুত্রকেই বধ করিয়া ফেলিলেন এবং কোথাও পুত্রও আবার মোহবশতঃ পিতার প্রাণহরণ করিতে লাগিল। এইভাবে সেখানে নিয়ম-শৃঙ্খলাহীন যুদ্ধ হইতে লাগিল ॥

তখন বহু রথ ভাঙিয়া যাইল, ধ্বজ ছিন্ন হইল, ছত্র ভূতলে পতিত হইল এবং যুগসকল খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। সেই খণ্ডিত অর্দ্ধযুগভাগকে লইয়াই অশ্বরা সবেগে পলায়ন করিতে লাগিল ॥

রণাঙ্গনে বহু বীর যোদ্ধার বাহু তরবারিসহ ছিন্ন হইয়া ভূতলে পতিত ছিল। বহু যোদ্ধার মস্তক কুণ্ডলসহ বিচ্ছিন্ন অবস্থায় ধরাশায়ী ছিল। কোনস্থলে বলশালী হাতী রথকে তুলিয়া লইয়া দূরে নিক্ষেপ করত চূর্ণ-বিচূর্ণ করিয়া দিল ॥

বহু রথী বীর গজরাজের উপর নারাচের আঘাত করিলে পর তাহাতে সেই গজরাজ ধরাতলে পতিত হইল। কোন হাতী প্রচণ্ড আঘাত করিলে পর আরোহীসহ অশ্ব ভূপতিত হইল। এইরূপে সেখানে নিয়ম-শৃঙ্খলাহীন অত্যন্ত ভয়ঙ্কর মহাসংগ্রাম চলিতে লাগিল ॥ ১৪-২৩

সেই সময় সকল সৈন্য 'হা তাত! হা পুত্র! হা সখে!' তুমি কোথায়? দাঁড়াও, পলাইয়া যাইতেছ! প্রহার কর, ধরিয়া আন, ইহাকে বধ কর" এইরূপ কথাবার্তা বলিতেছিল। হাস্য, লম্ফঝম্ফ ও গর্জনসহ নানাপ্রকার আলাপ তাহাদের মুখ হইতে শুনা যাইতেছিল ॥

মনুষ্য, অশ্ব ও হাতীর রক্ত পরস্পর মিলিত হইয়া যাইল। সেই রক্তপ্রবাহে সেখানকার উত্থিত ভয়ঙ্কর ধূলিরাশি শান্ত হইল। এই রক্তপ্রবাহকে দেখিয়া কাপুরুষগণ মোহাচ্ছন্ন হইয়া পড়িল ॥

কোন বীর নিজের চক্রের দ্বারা শত্রুপক্ষীয় বীরের চক্র নিবারণ করত যুদ্ধে বাণপ্রহারের যোগ্য অবকাশ না পাওয়ায় গদার আঘাতেই তাহার মস্তক উড়াইয়া দিলেন। কোনস্থলে পরস্পর কেশ ধরিয়া যুদ্ধ করিতেছিল। কোথাও অত্যন্ত ভয়ঙ্কর মুষ্টিযুদ্ধ হইতে লাগিল। বহু বীর সেই নিরাশ্রয় স্থানে আশ্রয়ের সন্ধান করিতেছিলেন এবং নখ ও দন্তের দ্বারাও কোথাও বীরগণের মধ্যে যুদ্ধ চলিতেছিল ॥

এই রণাঙ্গনে কোনস্থলে বীর যোদ্ধা আঘাত করিবার জন্য খড়্গাসহ স্বীয় হস্ত উপরে তুলিলে পর বিপক্ষ যোদ্ধা তাহার সেই হাত ছেদন করিয়া ফেলিল। কোনস্থলে ধনু, বাণ ও অঙ্কুশসহ বামহস্ত ছিন্ন হইয়া যাইল। সেখানে এক সৈন্য অপর সৈন্যকে আহ্বান করিতেছিল এবং অপর কেহ যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতে লাগিল ॥ ২৪-২৯

কোন বীর যোদ্ধা সম্মুখে আগত অপর যোদ্ধার মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন। ইহা দেখিয়া অন্য কোন যোদ্ধা চীৎকার করিতে করিতে পলায়ন করিল এবং তাহার এই আর্ত্তনাদে অন্য কোন যোদ্ধা আবার ভীত হইয়া পড়িল ॥ ৩০

অন্যস্ত্বোঽথ পরানন্তো জঘান নিশিতৈঃ শরৈঃ।
গিরিশৃঙ্গোপমশ্চাত্র নারাচেন নিপাতিতঃ ॥ ৩১
মাতঙ্গো ন্যপতদ্ ভূমৌ নদীরোধ ইবোষ্ণগে।
তথৈব রথিনং নাগঃ ক্ষরন্ গিরিরিবারুজন্ ॥ ৩২
অভ্যতিষ্ঠৎ পদা ভূমৌ সহাশ্বং সহসারথিম্।
শূরান্ প্রহরতো দৃষ্ট্বা কৃতাস্ত্রান্ রুধিরোক্ষিতান্ ॥ ৩৩
বহূনপ্যাবিশন্মোহো ভীরূন্ হৃদয়দুর্বলান্।
সর্বমাবিগ্নমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৩৪
সৈন্যেন রজসা ধ্বস্তং নির্মর্য্যাদমবর্তত।
ততঃ সেনাপতিঃ শীঘ্রময়ং কাল ইতি ব্রুবন্ ॥ ৩৫
নিত্যাভিত্বরিতানেব ত্বরয়ামাস পাণ্ডবান্।
কুর্বন্তঃ শাসনং তস্য পাণ্ডবা বাহুশালিনঃ ॥ ৩৬
সরো হংসা ইবাপেতুর্ঘ্নন্তো দ্রোণরথং প্রতি।

কোন সৈন্য নিজেদেরই সৈন্যদিগকে এবং কোন সৈন্য শত্রু-সৈন্যদিগকে তীক্ষ্ণ বাণসমূহে সংহার করিতে লাগিল। এই যুদ্ধে পর্ব্বতশিখরতুল্য বিশালদেহ হাতী নারাচের আঘাত পাইয়া বর্ষাকালে নদীর তীরের ন্যায় ভূতলে পতিত হইল এবং স্থির হইয়া পড়িল ॥

ঝরণাপ্রবাহকারী পর্ব্বতের ন্যায় কোন মদস্রাবী গজরাজ সারথি ও অশ্বগণসহ রথী বীরকে পায়ের দ্বারা ভূমিতলে পিষিয়া ফেলিল ॥

অস্ত্রবিদ্যায় নিপুণ এবং রক্তাপ্লুত শৌর্য্যশালী বীর যোদ্ধারা পরস্পর প্রহার করিতে থাকিলে তাহা দেখিয়া দুর্ব্বলচিত্ত ভীরু মনুষ্যগণ মোহাচ্ছন্ন হইয়া পড়িল ॥

সেই সময় সৈন্যগণের দ্বারা উত্থিত ধূলিরাশিতে ব্যাপ্ত হইয়া সমস্ত জনসমুদায় উদ্বিগ্ন হইয়া পড়িয়াছিল। কেহ আবার তখন কিছুই বুঝিতে পারিতেছিল না। এই যুদ্ধে তখন কোনও নিয়ম-শৃঙ্খলা পালিত হয় নাই ॥

তখন সেনাপতি ধৃষ্টদ্যুম্ন 'ইহাই উপযুক্ত সময়' এই কথা বলিয়া সর্ব্বদা ত্বরান্বিত পাণ্ডবদিগকে আরও ত্বরান্বিত হইবার জন্য প্রেরণা দিলেন ॥

তদনন্তর স্বীয় বাহুতে সুশোভিত পাণ্ডবগণ সেনাপতি ধৃষ্টদ্যুম্নের আজ্ঞা পালন করিবার জন্য সেখানে দ্রোণাচার্য্যের রথের উপর প্রহার করিতে করিতে সেইরূপে আক্রমণ করিলেন, যেরূপ বহুসংখ্যক হংস কোন এক সরোবরে চারিদিক্ হইতে উড়িয়া আসে ॥

গৃহ্ণীতাদ্রবতান্যোন্যং বিভীতা বিনিকৃন্তত ॥ ৩৭
ইত্যাসীৎ তুমুলঃ শব্দো দুর্ধর্ষস্য রথং প্রতি।
ততো দ্রোণঃ কৃপঃ কর্ণো দ্রৌণী রাজা জয়দ্রথঃ ॥ ৩৮
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ শল্যশ্চৈতান্ ন্যবারয়ন্।
তে ত্বার্য্যধর্মসংরব্ধা দুর্নিবারা দুরাসদাঃ ॥ ৩৯
শরার্ত্তা ন জহুর্দ্রোণং পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ততো দ্রোণোঽতিসংক্রুদ্ধো বিসৃজঞ্ছতশঃ শরান্ ॥ ৪০
চেদি-পাঞ্চাল-পাণ্ডূনামকরোৎ কদনং মহৎ।
তস্য জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে দিক্ষু মারিষ ॥ ৪১
বজ্রসংহ্রাদসঙ্কাশস্ত্রাসয়ন্ মানবান্ বহূন্।
এতস্মিন্নন্তরে জিষ্ণুর্জিত্বা সংশপ্তকান্ বহূন্ ॥ ৪২
অভ্যয়াৎ তত্র যত্রাসৌ দ্রোণঃ পাণ্ডূন্ প্রমর্দতি।
তাঞ্শরৌঘান্ মহাবর্তান্ শোণিতোদান্ মহাহ্রদান্ ॥ ৪৩

সেই সময় দুর্দ্ধর্ষ বীর দ্রোণাচার্য্যের রথের নিকটে সর্ব্ব দিক্ হইতে এই ভয়ানক শব্দ উত্থিত হইতে লাগিল যে, "ধাবিত হও, ধরিয়া ফেল এবং নির্ভয়চিত্তে শত্রুকে ছেদন কর" ॥

তখন দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, কর্ণ, অশ্বত্থামা, রাজা জয়দ্রথ, অবন্তীদেশের দুই রাজকুমার বিন্দ ও অনুবিন্দ এবং রাজা শল্য মিলিত হইয়া আক্রমণকারীদিগকে প্রতিরোধ করিলেন ॥

এই পাণ্ডবগণসহ পাঞ্চাল বীরগণ আর্য্যধর্ম্মানুসারে বিজয়ের জন্য চেষ্টা করিতেছিলেন। ইঁহাদিগকে প্রতিরোধ করা বা পরাজিত করা অতিশয় কঠিন ছিল। ইঁহারা বাণসমূহে পীড়িত হইলেও দ্রোণাচার্য্যকে ত্যাগ করিলেন না ॥

ইহা দেখিয়া দ্রোণাচার্য্য অত্যন্ত ক্রোধ সহকারে শত শত বাণ বর্ষণ করিয়া চেদি, পাঞ্চাল ও পাণ্ডব যোদ্ধাদিগের ভয়ঙ্কর সংহার আরম্ভ করিলেন ॥

আর্য্য! তাঁহার ধনুর গুণের গম্ভীর শব্দ তখন সকল দিকেই শোনা যাইতেছিল। বজ্রের গর্জনতুল্য এই ভয়ঙ্কর শব্দ বহু মানুষকেই ভীত করিয়া তুলিল ॥

এই সময় অর্জুন বহুসংখ্যক সংশপ্তককে জয় করিয়া সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন, যে স্থানে আচার্য্য দ্রোণ পাণ্ডব-সৈন্যদিগকে মর্দ্দিত করিতেছিলেন ॥

এই রণাঙ্গনে সংশপ্তক যোদ্ধারা এক বৃহৎ সরোবরসদৃশ ছিলেন। বাণসমূহ তাহার জলপ্রবাহ ছিল। ধনুসকল ইহাতে উত্থিত বড় বড় ঘূর্ণীর তুল্য দেখা যাইতেছিল এবং প্রবাহিত রক্ত-

তীর্ণঃ সংশপ্তকান্ হত্বা প্রত্যদৃশ্যত ফাল্গুনঃ।
তস্য কীর্তিমতো লক্ষ্ম সূর্য্যপ্রতিমতেজসঃ ॥৪৪
দীপ্যমানমপশ্যাম তেজসা বানরধ্বজম্।
সংশপ্তকসমুদ্রং তমুচ্ছোষ্যাস্ত্রগভস্তিভিঃ ॥ ৪৫
স পাণ্ডবযুগান্তার্কঃ কুরূনপ্যভ্যতীতপৎ।
প্রদদাহ কুরূন্ সর্বানর্জুনঃ শস্ত্রতেজসা ॥ ৪৬
যুগান্তে সর্বভূতানি ধূমকেতুরিবোত্থিতঃ।
তেন বাণসহস্রৌঘৈর্গজাশ্ব-রথযোধিনঃ ॥ ৪৭
তাড্যমানাঃ ক্ষিতিং জগ্মুর্মুক্তকেশাঃ শরার্দিতাঃ।
কেচিদার্তস্বনং চক্রুর্বিনেশুরপরে পুনঃ ॥ ৪৮
পার্থবাণহতাঃ কেচিন্নিপেতুর্বিগতাসবঃ।
তেষামুৎপতিতান্ কাংশ্চিৎ পতিতাংশ্চ পরাঙ্মুখান্ ॥৪৯
ন জঘানার্জুনো যোধান্ যোধব্রতমনুস্মরন্।
তে বিকীর্ণরথাশ্চিত্রাঃ প্রায়শশ্চ পরাঙ্মুখাঃ ॥ ৫০

রাশিই এই মহাসরোবরের জল ছিল। অর্জুন সেই সংশপ্তকগণকে বধ করিয়া এই মহাসরোবরকে পার হইয়া সেখানে আসিতেছেন—ইহা দেখা যাইল ॥

সূর্য্যসদৃশ তেজস্বী ও যশস্বী অর্জুনের চিহ্নস্বরূপ বানরধ্বজকে আমরা দূর হইতেই দেখিতে পাইলাম। এই ধ্বজ তখন স্বীয় দিব্য তেজে উদ্ভাসিত ছিল ॥

সেই পাণ্ডুবংশের যুগান্তকালীন অর্জুনরূপ সূর্য্য নিজ অস্ত্রময় কিরণাবলির দ্বারা সংশপ্তকরূপী সমুদ্রকে শুষ্ক করিয়া কৌরব-সৈন্যদিগকেও সন্তপ্ত করিতে লাগিলেন ॥

যেরূপ প্রলয়কালে উত্থিত অগ্নি সমস্ত ভূতদিগকে দগ্ধ করিয়া থাকে, সেইরূপ অর্জুন নিজের দিব্য অস্ত্রসকলের তেজে সমস্ত কৌরবগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥

হস্তী, অশ্ব ও রথে আরোহণ করিয়া যুদ্ধনিরত বহুসংখ্যক যোদ্ধা অর্জুনের সহস্র সহস্র বাণে আহত ও পীড়িত হইয়া মুক্তকেশে ভূতলে নিপতিত হইল ॥

তখন কেহ আর্তনাদ করিতে লাগিল, কেহ বিনষ্ট হইল এবং কেহ আবার অর্জুনের বাণে আহত অবস্থায় মৃত্যুবরণ করত প্রাণশূন্য হইয়া ধরাশায়ী হইল ॥

সেই সময় যোদ্ধাদের মধ্যে যাহারা রথ হইতে লাফাইয়া পড়িয়াছিল, ধরাতলে পতিত হইয়াছিল কিংবা যাহারা যুদ্ধবিমুখ হইয়া পলায়ন করিতেছিল, সেই সব যোদ্ধাদিগকে যুদ্ধব্রতের কথা স্মরণ করিয়া অর্জুন বধ করিলেন না ॥

কুরবঃ কর্ণ কর্ণেতি হা হেতি চ বিচুক্রুশুঃ।
তমাধিরথিরাক্রন্দং বিজ্ঞায় শরণৈষিণাম্ ॥ ৫১
মা ভৈষ্টেতি প্রতিশ্রুত্য যযাবভিমুখোঽর্জুনম্।
স ভারতরথশ্রেষ্ঠঃ সর্বভারতহর্ষণঃ ॥ ৫২
প্রাদুশ্চক্রে তদাগ্নেয়মস্ত্রমস্ত্রবিদাং বরঃ।
তস্য দীপ্তশরৌঘস্য দীপ্তচাপধরস্য চ ॥ ৫৩
শরৌঘাঞ্ছরজালেন বিদুধাব ধনঞ্জয়ঃ।
তথৈবাধিরথিস্তস্য বাণান্ জ্বলিততেজসঃ ॥ ৫৪
অস্ত্রমস্ত্রেণ সংবার্য্য প্রাণদদ্ বিসৃজঞ্ছরান্।
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥ ৫৫
বিব্যধুঃ কর্ণমাসাদ্য ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
অর্জুনাস্ত্রং তু রাধেয়ঃ সংবার্য্য শরবৃষ্টিভিঃ ॥৫৬
তেষাং ত্রয়াণাং চাপানি চিচ্ছেদ বিশিখৈস্ত্রিভিঃ।
তে নিকৃত্তায়ুধাঃ শূরা নির্বিষা ভুজগা ইব ॥ ৫৭

কৌরব-সৈন্যদের রথ চূর্ণ বিচূর্ণ হইয়া গিয়াছিল। তখন তাহাদের এক বিচিত্র অবস্থা দেখা যাইল। ইহারা প্রায় সকলেই সেই সময় যুদ্ধ হইতে পরাঙ্মুখ হইয়া পড়িল এবং "হা কর্ণ, এই কথা বলিয়া চীৎকার করিতে লাগিল ॥

তখন অধিরথ-পুত্র কর্ণ সেই শরণার্থী সৈন্যদিগের করুণ আর্তনাদ শ্রবণ করিয়া "ভীত হইও না" এইরূপ তাহাদিগকে আশ্বাস প্রদান করত অর্জুনের দিকে গমন করিলেন ॥

সেই সময় অস্ত্রজ্ঞগণের মধ্যে শ্রেষ্ঠ, ভরতবংশীয়গণের মুখ্য মহারথী এবং সমস্ত ভারতীয় সৈন্যদের আনন্দবর্দ্ধনকারী কর্ণ আগ্নেয়াস্ত্র প্রকাশিত করিলেন ॥

প্রজ্বলিত বাণসমূহ ও দেদীপ্যমান ধনুর্ধারণকারী কর্ণের সেই বাণসমূহকে অর্জুন নিজ বাণসকলের দ্বারা ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন ॥

সেইরূপ অধিরথপুত্র কর্ণও প্রজ্বলিত তেজস্বী অর্জুনের বাণসমূহকে এবং তাঁহার প্রত্যেক অস্ত্রকেই নিজ অস্ত্রসকলের দ্বারা নিবারণ করত বহু বাণবর্ষণ করিয়া কর্ণ সিংহনাদ করিয়া উঠিলেন ॥

এই সময় ধৃষ্টদ্যুম্ন, ভীম ও মহারথী সাত্যকিও কর্ণের নিকট উপস্থিত হইয়া তিনটি তিনটি বাণের দ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥

তখন রাধানন্দন কর্ণ নিজ বাণসমূহ বর্ষণের দ্বারা অর্জুনের

রথশক্তীঃ সমুৎক্ষিপ্য ভৃশং সিংহা ইবানদন্।
তা ভুজাগ্রৈর্মহাবেগা নিসৃষ্টা ভুজগোপমাঃ ॥ ৫৮
দীপ্যমানা মহাশক্ত্যো জগ্মুরাধিরথিং প্রতি।
তা নিকৃত্য শরব্রাতৈস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥ ৫৯
ননাদ বলবান্ কর্ণঃ পার্থায় বিসৃজঞ্ছরান্।
অর্জুনশ্চাপি রাধেয়ং বিদ্ধ্বা সপ্তভিরাশুগৈঃ ॥ ৬০
কর্ণাদবরজং বাণৈর্জঘান নিশিতৈঃ শরৈঃ।
ততঃ শত্রুঞ্জয়ং হত্বা পার্থঃ ষড্ভিরজিহ্মগৈঃ ॥ ৬১
জহার সদ্যো ভল্লেন বিপাটস্য শিরো রথাৎ।
পশ্যতাং ধার্তরাষ্ট্রাণামেকেনৈব কিরীটিনা ॥ ৬২
প্রমুখে সূতপুত্রস্য সোদর্য্যা নিহতাস্ত্রয়ঃ।
ততো ভীমঃ সমুৎপত্য স্বরথাদ্ বৈনতেয়বৎ ॥ ৬৩
বরাসিনা কর্ণপক্ষান্ জঘান দশ পঞ্চ চ।
পুনস্তু রথমাস্থায় ধনুরাদায় চাপরম্ ॥ ৬৪
বিব্যাধ দশভিঃ কর্ণং সূতমশ্বাংশ্চ পঞ্চভিঃ।
ধৃষ্টদ্যুম্নোঽপ্যসিবরং চর্ম চাদায় ভাস্বরম্ ॥ ৬৫
জঘান চন্দ্রবর্মাণং বৃহৎক্ষত্রঞ্চ নৈষধম্।
ততঃ স্বরথমাস্থায় পাঞ্চাল্যোঽন্যচ্চ কার্মুকম্ ॥ ৬৬
আদায় কর্ণং বিব্যাধ ত্রিসপ্তত্যা নদন্ রণে।
শৈনেয়োঽপ্যন্যদাদায় ধনুরিন্দুসমদ্যুতিঃ ॥ ৬৭
সূতপুত্রং চতুঃষষ্ট্যা বিদ্ধ্বা সিংহ ইবানদৎ।
ভল্লাভ্যাং সাধুমুক্তাভ্যাং ছিত্ত্বা কর্ণস্য কার্মুকম্ ॥ ৬৮
পুনঃ কর্ণং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চাপয়ৎ।
ততো দুর্য্যোধনো দ্রোণো রাজা চৈব জয়দ্রথঃ ॥ ৬৯
নিমজ্জমানং রাধেয়মুজ্জহ্রুঃ সাত্যকার্ণবাৎ।
পত্ত্যশ্বরথমাতঙ্গাস্ত্বদীয়াঃ শতশোঽপরে ॥ ৭০
কর্ণমেবাভ্যধাবন্ত ত্রাস্যমানাঃ প্রহারিণঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ ভীমশ্চ সৌভদ্রোঽর্জুন এব চ ॥ ৭১

বাণসকলকে নিবারণ করিয়া নিজের তিনটি বাণের দ্বারা ধৃষ্টদ্যুম্নাদি তিন বীরেরই ধনুকও ছেদন করিলেন।

নিজেদের ধনু ছিন্ন হইয়া যাইলে বিষহীন সর্পের ন্যায় এই তিন শৌর্য্যশালী বীর রথ-শক্তি উত্তোলন করিয়া সিংহসদৃশ ভয়ঙ্কর গর্জন করিতে লাগিলেন।

তারপর ইঁহাদের হস্ত হইতে নিক্ষিপ্ত সেই তীব্রবেগশালিনী সর্পাকারা তিনটি মহাশক্তি স্বীয় প্রভায় প্রকাশিত হইয়া কর্ণের দিকে গমন করিতে লাগিল।

কিন্তু বলবান্ কর্ণ সরলগামী তিনটি তিনটি বাণের দ্বারা এই শক্তিত্রয়কে খণ্ড খণ্ড করিয়া অর্জুনের উপর বাণসমূহ বর্ষণ করত সিংহনাদ করিয়া উঠিলেন।

তখন অর্জুনও রাধানন্দন কর্ণকে সাতটি শীঘ্রগামী বাণের দ্বারা বিদ্ধ করিয়া নিজের তীক্ষ্ণধার বাণসমূহে তাঁহার কনিষ্ঠ ভ্রাতাকে বধ করিলেন।

তাহার পর সরলগামী ছয়টি বাণের দ্বারা শত্রুঞ্জয়কে সংহার করত একটি ভল্লের সাহায্যে রথে উপবিষ্ট বিপাটের মস্তক তৎক্ষণাৎ উড়াইয়া দিলেন।

এইরূপ ধৃতরাষ্ট্রপুত্রগণের সাক্ষাতেই একমাত্র অর্জুন যুদ্ধের অগ্রবর্ত্তী স্থলে সূতপুত্র কর্ণের তিন ভ্রাতাকে বধ করিলেন॥

তদনন্তর ভীমসেন গরুড়ের ন্যায় নিজ রথ হইতে লাফাইয়া পড়িয়া একটি বিশাল তরবারির দ্বারা কর্ণপক্ষের পনের জন যোদ্ধাকে নিহত করিয়া ফেলিলেন॥

পুনরায় তিনি নিজের রথে উপবেশন করিয়া অপর একটি ধনু হস্তে গ্রহণ করত দশটি বাণের দ্বারা কর্ণকে ও পাঁচটি বাণের দ্বারা তাঁহার সারথি এবং অশ্বগণকেও বিদ্ধ করিলেন॥

ধৃষ্টদ্যুম্নও শ্রেষ্ঠ খড়্গ ও উজ্জ্বল ঢাল লইয়া চন্দ্রবর্ম্মা এবং নিষাধরাজ বৃহৎক্ষত্রকে সংহার করিলেন॥

তদনন্তর পাঞ্চালরাজকুমার ধৃষ্টদ্যুম্ন নিজ রথে উপবেশন করিয়া অপর একটি ধনু হাতে লইয়া রণাঙ্গনে গর্জন করিতে করিতে তিয়াত্তরটি বাণের দ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন॥

এই সময় চন্দ্রতুল্য কান্তিমান্ সাত্যকি ও অপর একটি ধনু হাতে লইয়া সূতপুত্র কর্ণকে চৌষট্টিটি বাণে বিদ্ধ করিয়া সিংহসদৃশ গর্জন করিতে লাগিলেন॥

তারপর তিনি উত্তমরূপে নিক্ষিপ্ত দুইটি ভল্লের দ্বারা কর্ণের ধনু ছেদন করিয়া পুনরায় তিনটি বাণে কর্ণের দুই বাহু ও বক্ষঃস্থলে গুরুতর আঘাত করিলেন॥

তখন দুর্য্যোধন, দ্রোণাচার্য্য ও রাজা জয়দ্রথ নিমজ্জমান কর্ণকে সাত্যকিরূপ সমুদ্র হইতে উদ্ধার করিলেন।

সেই সময় আপনার সৈন্যদের মধ্যে অন্য শত শত পদাতি, অশ্বারোহী, রথারোহী ও গজারোহী যোদ্ধারা সাত্যকির ভয়ে ভীত হইয়া কর্ণেরই পশ্চাদ্ভাগে দৌড়াইয়া যাইল।

নকুলঃ সহদেবশ্চ সাত্যকিং জুগুপু্ রণে।
এবমেষ মহারৌদ্রঃ ক্ষয়ার্থং সর্বধন্বিনাম্ ॥ ৭২

তাবকানাং পরেষাঞ্চ ত্যক্ত্বা প্রাণানভূদ্ রণঃ।
পদাতিরথনাগাশ্বা গজাশ্বরথপত্তিভিঃ ॥ ৭৩

রথিনো নাগপত্ত্যশ্বৈ রথপত্তী রথ-দ্বিপৈঃ।
অশ্বৈরশ্বা গজৈর্নাগা রথিনো রথিভিঃ সহ ॥ ৭৪

সংযুক্তাঃ সমদৃশ্যন্ত পত্তয়শ্চাপি পত্তিভিঃ।
এবং সুকলিলং যুদ্ধমাসীৎ ক্রব্যাদহর্ষণম্।
মহদ্ভিস্তৈরভীতানাং যমরাষ্ট্রবিবর্ধনম্ ॥ ৭৫

ততো হতা নর-রথ-বাজি-কুঞ্জরৈ-
রনেকশো দ্বিপ-রথ-পত্তি-বাজিনঃ।
গজৈর্গজা রথিভিরুদায়ুধা রথা
হয়ৈর্হয়াঃ পত্তিগণৈশ্চ পত্তয়ঃ ॥ ৭৬

রথৈর্দ্বিপা দ্বিরদবরৈর্মহাহয়া
হয়ৈর্নরা বররথিভিশ্চ বাজিনঃ।
নিরস্তজিহ্বাদশনেক্ষণাঃ ক্ষিতৌ
ক্ষয়ং গতাঃ প্রমথিতবর্মভূষণাঃ ॥ ৭৭

তথা পরৈর্বহুকরণৈরায়ুধৈ-
র্হতা গতাঃ প্রতিভয়দর্শনাঃ ক্ষিতিম্।
বিপোথিতা হয়-গজপাদতাড়িতা
ভৃশাকুলা রথমুখনেমিভিঃ ক্ষতাঃ ॥৭৮

প্রমোদনে শ্বাপদ-পক্ষি-রক্ষসাং
জনক্ষয়ে বর্ততি তত্র দারুণে।
মহাবলাস্তে কুপিতাঃ পরস্পরং
নিষূদয়ন্তঃ প্রবিচেরুরোজসা ॥ ৭৯

এদিকে ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, অভিমন্যু, অর্জুন, নকুল ও সহদেব রণাঙ্গনে সাত্যকিকে রক্ষা করিতে লাগিলেন।

মহারাজ! এইরূপ আপনার ও শত্রুপক্ষের মধ্যে সমস্ত ধনুর্দ্ধরগণের বিনাশের জন্য তাঁহারা পরস্পর প্রাণের মায়া না করিয়াই যুদ্ধ করিতে থাকিলেন।

পদাতি, রথ, হস্তী ও অশ্বগণ ক্রমশঃ হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈন্যদের সহিত যুদ্ধ করিতে লাগিল। রথী যোদ্ধা হস্তী, পদাতি ও অশ্বগণের সহিত যুদ্ধে মিলিত হইল। রথী ও পদাতি সৈন্যরা রথী ও হস্তী সৈন্যদের সম্মুখীন হইল।

অশ্বসকলের সহিত অশ্বগণ, হস্তীদিগের সহিত হস্তীরা, রথী বীরগণের সহিত রথী বীরগণ এবং পদাতি সৈন্যদের সহিত পদাতি সৈন্যরা যুদ্ধ করিতেছে দেখা যাইল।

এইভাবে সেই নির্ভীক সৈন্যগণের বিশেষ শক্তিশালী বিপক্ষ যোদ্ধাদের সহিত অতিশয় নিদারুণ যুদ্ধ হইতেছিল, যাহা কাঁচা মাংসখাদক পশু-পক্ষী ও পিশাচগণেরই হর্ষবর্দ্ধন করিতেছিল এবং যমরাজ্যের বৃদ্ধি করিতেছিল ॥ ৩১-৭৫

সেই সময় পদাতি, রথী, অশ্বারোহী ও গজারোহী যোদ্ধাদের দ্বারা বহুসংখ্যক গজারোহী, রথারোহী, পদাতি ও অশ্বারোহী যোদ্ধা নিহত হইল। হাতীরা হাতীদিগকে, রথী সৈন্যগণ অস্ত্র উত্তোলনকারী রথী সৈন্যদিগকে, অশ্বারোহী যোদ্ধারা অশ্বারোহী সৈন্যবৃন্দকে এবং পদাতি যোদ্ধাগণ পদাতি যোদ্ধাদিগকে সংহার করিতে লাগিল ॥ ৭৬

রথীরা হাতীদিগকে, গজরাজগণ বড় বড় অশ্ববৃন্দকে, অশ্বারোহী সৈন্যসকল পদাতি সৈন্যগণকে এবং শ্রেষ্ঠ রথী যোদ্ধারা অশ্বারোহী যোদ্ধাদিগকে ধরাশায়ী করিতে লাগিল। তখন ইহাদের জিহ্বা, দন্ত ও নেত্র বাহির হইয়া পড়িয়াছিল। কবচ ও ভূষণসমূহ খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। এরূপ অবস্থায় ঐ সকল যোদ্ধারা ভূতলে পতিত হইল ॥ ৭৭

শত্রুগণের নিকট বহু যুদ্ধ সামগ্রী ছিল। তাহাদের হাতে বহু অস্ত্রও ছিল। তাহাদের দ্বারা নিহত হইয়া ভূপতিত সৈন্যরা অতিশয় ভয়ঙ্কর দেখাইতে ছিল। বহুসংখ্যক যোদ্ধা হাতী ও অশ্বগণের দ্বারা আহত হইয়া ধরাতলে পতিত ছিলেন। বহু বড় বড় রথসকলের চক্রসমূহের আঘাতে ক্ষত বিক্ষত হইয়া যোদ্ধারা অত্যন্ত ব্যাকুল হইলেন ॥ ৭৮

সেখানে এই ভয়ঙ্কর জনসংহার হিংস্রক জন্তু, পক্ষী ও রাক্ষসগণকেই আনন্দদান করিতেছিল। এই যুদ্ধে মহাবলশালী বীরবর যোদ্ধারা কুপিত হইয়া পরস্পরকে অস্ত্রপ্রহারে বধ করিতে করিতে সবেগে বিচরণ করিতে লাগিলেন ॥ ৭৯

ততো বলে ভৃশলুলিতে পরস্পরং
নিরীক্ষমাণে রুধিরৌঘসম্প্লুতে।
দিবাকরেঽস্তংগিরিমাস্থিতে শনৈ-
রুভে প্রয়াতে শিবিরায় ভারত ॥ ৮০

ভরতনন্দন! উভয়পক্ষের সৈন্যগণই তখন গুরুতর আহত হইয়া রক্তাপ্লুত অবস্থায় পরস্পরের দিকে তাকাইতেছিল। এই সময় সূর্য্যদেব অস্তাচলে গমন করিলেন। ইহাতে উভয় পক্ষের সৈন্যরাই ধীরে ধীরে নিজেদের শিবির অভিমুখে গমন করিল ॥৮০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধপর্বণি দ্বাদশদিবসাবহারে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণ-পর্ব্বান্তর্গত সংশপ্তকবধপর্ব্বে দ্বাদশদিবসের যুদ্ধবিরতির পর শিবির অভিমুখে প্রস্থানবিষয়ক দ্বাত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

(অভিমন্যুবধপর্ব)

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

[দুর্যোধনস্য তিরস্কারঃ, দ্রোণাচার্য্যস্য প্রতিজ্ঞা, অভিমন্যুবধস্য সংক্ষিপ্তবিবরণঞ্চ।]

সঞ্জয় উবাচ।

পূর্বমস্মাসু ভগ্নেষু ফাল্গুনেনামিতৌজসা।
দ্রোণে চ মোঘসঙ্কল্পে রক্ষিতে চ যুধিষ্ঠিরে ॥ ১
সর্বে বিধ্বস্তকবচাস্তাবকা যুধি নির্জিতাঃ।
রজস্বলা ভৃশোদ্বিগ্না বীক্ষমাণা দিশো দশ ॥ ২
অবহারং ততঃ কৃত্বা ভারদ্বাজস্য সম্মতে।
লব্ধলক্ষ্যৈঃ শরৈর্ভিন্না ভৃশাবহসিতা রণে ॥ ৩
শ্লাঘমানেষু ভূতেষু ফাল্গুনস্যামিতান্ গুণান্।
কেশবস্য চ সৌহার্দে কীর্ত্যমানেঽর্জুনং প্রতি ॥ ৪
অভিশস্তা ইবাভূবন্ ধ্যানমূকত্বমাস্থিতাঃ।
ততঃ প্রভাতসময়ে দ্রোণং দুর্যোধনোঽব্রবীৎ ॥ ৫
প্রণয়াদভিমানাচ্চ দ্বিষদ্বৃদ্ধ্যা চ দুর্মনাঃ।
শৃণ্বতাং সর্বযোধানাং সংরব্ধো বাক্যকোবিদঃ ॥ ৬

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

[দুর্য্যোধনের তিরস্কার, দ্রোণাচার্য্যের প্রতিজ্ঞা এবং অভিমন্যু বধে সংক্ষিপ্ত বিবরণ।]

সঞ্জয় বলিলেন—মহারাজ! যখন অমিততেজস্বী অর্জ্জুন পূর্ব্বেই আমাদের সকলকে তাড়াইয়া দিলেন, দ্রোণাচার্য্যের সঙ্কল্প ব্যর্থ হইয়া যাইল এবং রাজা যুধিষ্ঠির সর্ব্বতোভাবে সুরক্ষিত থাকিয়া যাইলেন, তখন আপনার সমস্ত সৈন্যরা দ্রোণাচার্য্যের সম্মতি অনুসারে যুদ্ধ বন্ধ করিয়া ভয়ে অত্যন্ত উদ্বিগ্ন হইয়া পড়িল এবং চারিদিকে তাকাইতে তাকাইতে শিবির অভিমুখে গমন করিল। ইহারা সকলেই তখন যুদ্ধে পরাজিত হইয়া ধূলিতে পরিপূর্ণ ছিল। ইহাদের কবচ ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল এবং অর্জ্জুনের লক্ষ্যভেদে অব্যর্থ বাণসমূহে বিদীর্ণ হইয়া ইহারা সেই সময় রণাঙ্গনে অত্যন্ত উপহাসের পাত্র হইয়া পড়িয়াছিল ॥ ১-৩

সমস্ত প্রাণীরা তখন অর্জ্জুনের অসংখ্য গুণাবলির প্রশংসা এবং তাঁহার প্রতি ভগবান্ শ্রীকৃষ্ণের সৌহার্দ্দের কথা কীর্ত্তন করিতে লাগিল ॥ ৪

সেই সময় আপনার মহারথীরা কলঙ্কিত হইয়া গিয়াছিলেন। তাঁহারা তীব্র চিন্তা করিতে করিতে মূক (বোবা) হইয়া পড়িয়াছিলেন। তদনন্তর প্রাতঃকালে দুর্যোধন দ্রোণাচার্য্যের নিকট যাইয়া তাঁহাকে কিছু বলিবার জন্য উদ্যত হইলেন ॥ ৫

শত্রুদের অভ্যুদয়ে তিনি মনে মনে অত্যন্ত দুঃখিত হইয়াছিলেন। দ্রোণাচার্য্যের উপর ইঁহার হৃদয়ে অধিক প্রীতি ছিল। নিজের শৌর্য্যের উপর ইঁহার অভিমানও ছিল বেশী, তাই কুপিত হইয়া বাক্যালাপ করিতে নিপুণ রাজা দুর্যোধন সমস্ত যোদ্ধাগণকে শ্রবণ করাইতে করাইতে এই কথা বলিলেন ॥ ৬

নূনং বয়ং বধ্যপক্ষে ভবতো দ্বিজসত্তম।
তথা হি নাগ্রহীঃ প্রাপ্তং সমীপেঽস্য যুধিষ্ঠিরম্ ॥ ৭
ইচ্ছতস্তে ন মুচ্যেত চক্ষুঃপ্রাপ্তো রণে রিপুঃ।
জিঘৃক্ষতো রক্ষ্যমাণঃ সামরৈরপি পাণ্ডবৈঃ ॥ ৮
বরং দত্ত্বা মম প্রীতঃ পশ্চাদ্ বিকৃতবানসি।
আশাভঙ্গং ন কুর্ব্বন্তি ভক্তস্যার্য্যাঃ কথঞ্চন ॥ ৯
ততোঽপ্রীতস্তথোক্তঃ সন্ ভারদ্বাজোঽব্রবীন্নৃপম্।
নার্হসে মাং তথা জ্ঞাতুং ঘটমানং তব প্রিয়ে ॥ ১০
সসুরাসুর-গন্ধর্ব্বাঃ সযক্ষোরগ-রাক্ষসাঃ।
নালং লোকা রণে জেতুং পাল্যমানং কিরীটিনা ॥ ১১
বিশ্বসৃগ্ যত্র গোবিন্দঃ পৃতনানীস্তথার্জ্জুনঃ।
তত্র কস্য বলং ক্রামেদন্যত্র ত্র্যম্বকাৎ প্রভোঃ ॥ ১২
সত্যং তাত ব্রবীম্যদ্য নৈতজ্জাত্বন্যথা ভবেৎ।
অদ্যৈকং প্রবরং কঞ্চিৎ পাতয়িষ্যে মহারথম্ ॥ ১৩
তঞ্চ ব্যূহং বিধাস্যামি যোঽভেদ্যস্ত্রিদশৈরপি।
যোগেন কেনচিদ্ রাজন্নর্জ্জুনস্ত্বপনীয়তাম্ ॥ ১৪
ন হ্যজ্ঞাতমসাধ্যং বা তস্য সংখ্যেঽস্তি কিঞ্চন।
তেন হ্যুপাত্তং সকলং সর্ব্বজ্ঞানমিতস্ততঃ ॥ ১৫
দ্রোণেন ব্যাহৃতে ত্বেবং সংশপ্তকগণাঃ পুনঃ।
আহ্বয়ন্নর্জ্জুনং সংখ্যে দক্ষিণামভিতো দিশম্ ॥ ১৬
ততোঽর্জ্জুনস্যাথ পরৈঃ সার্দ্ধং সমভবদ্ রণঃ।
তাদৃশো যাদৃশো নান্যঃ শ্রুতো দৃষ্টোঽপি বা কচিৎ ॥
তত্র দ্রোণেন বিহিতো ব্যূহো রাজন্ ব্যরোচত।
চরন্ মধ্যন্দিনে সূর্য্যঃ প্রতপন্নিব দুর্দ্দশঃ ॥ ১৮
তং চাভিমন্যুর্বচনাৎ পিতুর্জ্যেষ্ঠস্য ভারত।
বিভেদ দুর্ভিদং সংখ্যে চক্রব্যূহমনেকধা ॥ ১৯

দ্বিজশ্রেষ্ঠ! নিশ্চয়ই আমরা আপনার দৃষ্টিতে শত্রুবর্গের অন্তর্গত, ইহার কারণ হইল—রাজা যুধিষ্ঠির আপনার অত্যন্ত নিকটে আসিলেও আপনি তাহাকে বন্দী করেন নাই ॥ ৭

রণাঙ্গনে কোন শত্রু যদি আপনার দৃষ্টিপথে আসে এবং তাহাকে যদি আপনি ধরিয়া ফেলিবার চেষ্টা করেন, তবে দেবগণের সহিত পাণ্ডবেরা তাহাকে রক্ষা করিতে থাকিলেও সে আপনার নিকট হইতে মুক্ত হইতে পারিবে না ॥ ৮

আপনি প্রসন্ন হইয়া প্রথমে আমাকে এই বর দিয়াছিলেন এবং পরে তাহার বিপরীত আচরণ করেন, কিন্তু শ্রেষ্ঠ পুরুষগণ কোন প্রকারেই নিজেদের ভক্তের আশাভঙ্গ করেন না ॥ ৯

দুর্য্যোধন এই কথা বলিলে পর ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্য অপ্রসন্ন হইয়া রাজাকে বলিলেন—রাজন্! আমাকে এরূপ প্রতিজ্ঞাভঙ্গকারী মনে করা তোমার উচিত নহে। আমি পূর্ণ শক্তি প্রয়োগ করিয়া তোমার প্রিয় করিবার চেষ্টা করিয়া যাইতেছি ॥ ১০

কিন্তু একটি কথা তোমার স্মরণ করা কিরীটধারী অর্জ্জুন রণাঙ্গনে যাহাকে রক্ষা করিবে, তাহাকে দেবতা, অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, নাগ এবং রাক্ষসগণের সহিত লোকসমূহও জয় করিতে সমর্থ হয় না ॥ ১১

যেখানে জগৎস্রষ্টা ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন সেনানায়ক, সেখানে ত্রিলোচন ভগবান্ শঙ্কর ব্যতীত অন্য কাহারও বল কার্য্য করিতে সমর্থ হয় ॥ ১২

বৎস! আজ আমি একটি সত্য কথা বলিব, যাহা কখনই মিথ্যা হইবে না। আজ আমি পাণ্ডবপক্ষের কোন এক শ্রেষ্ঠ মহারথীকে অবশ্যই বধ করিব ॥ ১৩

রাজন্! আজ আমি সেই ব্যূহ নির্ম্মাণ করিব, যাহাকে দেবগণও ভেদ করিতে সমর্থ হইবেন না, কিন্তু যে কোন উপায়ে অর্জ্জুনকে দূরে সরাইয়া লইয়া যাও ॥ ১৪

যুদ্ধসম্বন্ধে এরূপ কোন বিষয়ই নাই, যাহা অর্জ্জুনের অজ্ঞাত অথবা অসাধ্য, কারণ, সে এই ভূলোকে ও স্বর্গলোকে যুদ্ধের সকল বিষয়েরই জ্ঞান লাভ করিয়াছে ॥ ১৫

দ্রোণাচার্য্য এই কথা বলিলে পর পুনরায় সংশপ্তকগণ দক্ষিণ দিকে যাইয়া অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিতে লাগিলেন ॥ ১৬

সেখানে অর্জ্জুনের শত্রুগণের সহিত এরূপ ঘোর সংগ্রাম হইয়াছিল, যেরূপ সংগ্রাম অন্য কোথাও আর হইয়াছে বলিয়া দেখা ও শোনা যায় নাই ॥ ১৭

রাজন্! সেই সময় সেখানে দ্রোণাচার্য্য যে ব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন, উহা মধ্যাহ্নকালে বিচরণকারী সূর্য্যতুল্য শত্রুদিগকে সন্তাপদান করিতে করিতে শোভা পাইতেছিল এই ব্যূহ এরূপ বিস্তৃত ছিল, যাহাকে দর্শন করাই কঠিন ছিল ॥ ১৮

ভারত! যদিও সেই চক্রব্যূহকে ভেদ করা অত্যন্ত দুষ্কর কার্য্য ছিল, তথাপি বীর অভিমন্যু পিতা অর্জ্জুনের জ্যেষ্ঠ ভ্রাতা রাজা যুধিষ্ঠিরের আজ্ঞায় সেই ব্যূহকে বারংবার ভেদ করিয়াছিলেন ॥ ১৯

স কৃত্বা দুষ্করং কর্ম হত্বা বীরান্ সহস্রশঃ।
ষট্‌সু বীরেষু সংসক্তো দৌঃশাসনিবশং গতঃ ॥ ২০
সৌভদ্রঃ পৃথিবীপাল জহৌ প্রাণান্ পরন্তপঃ।
বয়ং পরমসংহৃষ্টাঃ পাণ্ডবাঃ শোককর্শিতাঃ।
সৌভদ্রে নিহতে রাজন্নবহারমকুর্ম্মহি ॥ ২১
ধৃতরাষ্ট্র উবাচ।
পুত্রং পুরুষসিংহস্য সঞ্জয়াপ্রাপ্তযৌবনম্।
রণে বিনিহতং শ্রুত্বা ভৃশং মে দীর্য্যতে মনঃ ॥ ২২
দারুণঃ ক্ষত্রধর্ম্মোঽয়ং বিহিতো ধর্মকর্তৃভিঃ।
যত্র রাজ্যেপ্সবঃ শূরা বালে শস্ত্রমপাতয়ন্ ॥ ২৩
বালমত্যন্তসুখিনং বিচরন্তমভীতবৎ।
কৃতাস্ত্রা বহবো জঘ্নুর্ব্রূহি গাবল্‌গণে কথম্ ॥ ২৪

অভিমন্যু এই দুষ্কর কার্য্য করিয়া সহস্র সহস্র বীরকে বধ করিয়াছিলেন এবং শেষে ছয় বীরের সহিত একাকী যুদ্ধ করিতে থাকিয়া দুঃশাসনের পুত্রহস্তে নিহত হন। ২০

ভূপাল! শত্রুতাপন সুভদ্রাকুমার অভিমন্যু যখন প্রাণত্যাগ করিলেন, তখন আমাদের সকলের অত্যন্ত আনন্দ হইল এবং পাণ্ডবগণ শোকে ব্যাকুল হইয়া পড়িলেন। রাজন্! সুভদ্রাকুমার নিহত হইবার পর আমরা যুদ্ধ বন্ধ করিয়া দিলাম। ২১

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! পুরুষশ্রেষ্ঠ অর্জুনের এই পুত্র এখনও যুবক অবস্থা প্রাপ্ত হয়নি। সে যুদ্ধে নিহত হইয়াছে শুনিয়া আমার হৃদয় বিদীর্ণ হইয়া যাইতেছে। ২২

ধর্ম্মশাস্ত্রকারগণ এই ক্ষত্রিয়ধর্ম্মকে অত্যন্ত কঠোর করিয়া নির্ম্মাণ করিয়াছেন, যে ধর্ম্মে থাকিয়া রাজ্যলোভী বীর পুরুষগণ এক বালকের উপর অস্ত্রসকল প্রহার করিলেন। ২৩

সঞ্জয়! সেই অতিশয় আনন্দিত বালক অভিমন্যু যখন নির্ভয় হইয়া যুদ্ধ করিতেছিল, সেই সময় অস্ত্রবিদ্যায় পারদর্শী বহুসংখ্যক বীর তাহাকে কিভাবে বধ করিলেন—ইহা আমাকে বল। ২৪

বিভিৎসতা রথানীকং সৌভদ্রেণামিতৌজসা।
বিক্রীড়িতং যথা সংখ্যে তন্মমাচক্ষ্ব সঞ্জয় ॥ ২৫
সঞ্জয় উবাচ।
যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র সৌভদ্রস্য নিপাতনম্।
তৎ তে কাৎস্ন্যেন বক্ষ্যামি শৃণু রাজন্ সমাহিতঃ ॥ ২৬
বিক্রীড়িতং কুমারেণ যথানীকং বিভিৎসতা।
আরুগ্নাশ্চ যথা বীরা দুঃসাধ্যাশ্চাপি বিপ্লবে ॥ ২৭
দাবাগ্ন্যভিপরীতানাং ভূরিগুল্মতৃণদ্রুমে।
বনৌকসামিবারণ্যে ত্বদীয়ানামভূদ্ ভয়ম্ ॥ ২৮
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধসংক্ষেপকথনে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

সঞ্জয়! অমিততেজস্বী সুভদ্রানন্দন অভিমন্যু রণাঙ্গনে রথী সৈন্যগণকে বিদীর্ণ করিবার ইচ্ছায় যেরূপে যুদ্ধে খেলা করিবার ন্যায় বিচরণ করিতেছিল, তাহা আমাকে বল। ২৫

সঞ্জয় বলিলেন,—রাজেন্দ্র! আপনি আমাকে সুভদ্রাকুমার অভিমন্যুর যে মৃত্যু সংবাদের কথা জিজ্ঞাসা করিলেন, তাহা সম্পূর্ণরূপে আমি আপনাকে বলিব। রাজন্! একাগ্রচিত্ত হইয়া তাহা শ্রবণ করুন। ২৬

আপনার সৈন্যদের ব্যূহ ভেদ করিবার ইচ্ছায় কুমার অভিমন্যু যেরূপে রণক্রীড়া করিয়াছিলেন এবং সেই প্রলয়ঙ্কর সংগ্রামমধ্যে যেরূপ দুর্জ্জয় বীরগণেরও সন্তাপকারক হইয়াছিলেন, তাহা সবই বলিতেছি শ্রবণ করুন। ২৭

যেরূপ প্রচুর লতা-গুল্ম, ঘাস-পাতা ও বৃক্ষশ্রেণীতে পরিপূর্ণ বনে দাবানল-পরিবৃত বনবাসীরা মহা ভীত হইয়া পড়ে, সেইরূপ অভিমন্যুর নিকট হইতেও আপনার সৈন্যদের মহা ভয় উপস্থিত হইয়াছিল। ২৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুবধের সংক্ষিপ্ত বর্ণনা-বিষয়ক ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

(সঞ্জয়েনাভিমন্যোঃ প্রশংসা তথা দ্রোণাচার্য্যকর্তৃকং চক্রব্যূহনির্ম্মাণম্।)

সঞ্জয় উবাচ।

সমরেঽত্যুগ্রকর্ম্মাণঃ কর্ম্মভির্ব্যঞ্জিতশ্রমাঃ।
সকৃষ্ণাঃ পাণ্ডবাঃ পঞ্চ দেবৈরপি দুরাসদাঃ॥ ১

সত্ত্বকর্ম্মান্বয়ৈর্বুদ্ধ্যা কীর্ত্ত্যা চ যশসা শ্রিয়া।
নৈব ভূতো ন ভবিতা নৈব তুল্যগুণঃ পুমান্॥ ২

সত্যধর্ম্মরতো দান্তো বিপ্রপূজাদিভির্গুণৈঃ।
সদৈব ত্রিদিবং প্রাপ্তো রাজা কিল যুধিষ্ঠিরঃ॥ ৩

যুগান্তে চান্তকো রাজন্ জামদগ্ন্যশ্চ বীর্য্যবান্।
রথস্থো ভীমসেনশ্চ কথ্যন্তে সদৃশাস্ত্রয়ঃ॥ ৪

প্রতিজ্ঞাকর্ম্মদক্ষস্য রণে গাণ্ডীবধন্বনঃ।
উপমাং নাধিগচ্ছামি পার্থস্য সদৃশীং ক্ষিতৌ॥ ৫

গুরুবাৎসল্যমত্যন্তং নৈভৃত্যং বিনয়ো দমঃ।
নকুলেঽপ্রাতিরূপ্যঞ্চ শৌর্য্যঞ্চ নিয়তানি ষট্॥ ৬

শ্রুতগাম্ভীর্য্যমাধুর্য্যসত্যরূপপরাক্রমৈঃ।
সদৃশো দেবয়োর্বীরঃ সহদেবঃ কিলাশ্বিনোঃ॥ ৭

যে চ কৃষ্ণে গুণাঃ স্ফীতাঃ পাণ্ডবেষু চ যে গুণাঃ।
অভিমন্যৌ কিলৈকস্থা দৃশ্যন্তে গুণসঞ্চয়াঃ॥ ৮

যুধিষ্ঠিরস্য বীর্য্যেণ কৃষ্ণস্য চরিতেন চ।
কর্ম্মভির্ভীমসেনস্য সদৃশো ভীমকর্ম্মণঃ॥ ৯

ধনঞ্জয়স্য রূপেণ বিক্রমেণ শ্রুতেন চ।
বিনয়াৎ সহদেবস্য সদৃশো নকুলস্য চ॥ ১০

ধৃতরাষ্ট্র উবাচ।

অভিমন্যুমহং সূত সৌভদ্রমপরাজিতম্।
শ্রোতুমিচ্ছামি কার্ৎস্ন্যেন কথমায়োধনে হতঃ॥ ১১

সঞ্জয় উবাচ।

স্থিরো ভব মহারাজ শোকং ধারয় দুর্ধরম্।
মহান্তং বন্ধুনাশং তে কথয়িষ্যামি তচ্ছৃণু॥ ১২

চতুস্ত্রিংশ অধ্যায়।

[সঞ্জয়কর্তৃক অভিমন্যুর প্রশংসা এবং দ্রোণাচার্য্যের দ্বারা চক্রব্যূহ নির্ম্মাণ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! শ্রীকৃষ্ণসহ পঞ্চ পাণ্ডব দেবগণের পক্ষেও দুর্জ্জয়। তাঁহারা রণাঙ্গনে অত্যন্ত ভয়ঙ্কর কর্ম্মকারী ছিলেন। ইঁহাদের কর্ম্মসকলের দ্বারাই ইঁহাদের পরিশ্রম অভিব্যক্ত হয়॥ ১

সত্ত্বগুণ, কর্ম্ম, কুল, বুদ্ধি, কীর্ত্তি, যশ ও শ্রীর দ্বারা যুধিষ্ঠিরের তুল্য অন্য কোন দ্বিতীয় পুরুষ হয় নাই এবং ভবিষ্যতেও হইবে না॥ ২

সত্যধর্ম্মপরায়ণ ও জিতেন্দ্রিয় এই রাজা যুধিষ্ঠির ব্রাহ্মণপূজাদি বহু সদ্‌গুণসমূহের সর্ব্বদা স্বর্গ-লাভের যোগ্যতা অর্জ্জন করিয়াছেন॥ ৩

রাজন্! প্রলয়কালে যমরাজ, পরাক্রমশালী পরশুরাম ও রথে উপবিষ্ট ভীমসেন—ইঁহারা তিনজনেই সমান বলিয়া কথিত হইয়া থাকেন॥ ৪

রণাঙ্গণে প্রতিজ্ঞাপূর্ব্বক কর্ম্ম করিতে নিপুণ, গাণ্ডীবধারী কুন্তি-কুমার অর্জ্জুনের পক্ষে যোগ্য উপমা আমি এ জগতে দেখিতে পাইতেছি না॥ ৫

জ্যেষ্ঠ ভ্রাতার উপর অত্যন্ত ভক্তিমান্, নিজের পরাক্রম প্রকাশ না করা, বিনয়, ইন্দ্রিয়সংযম, অতুলনীয় রূপ ও শৌর্য্য—এই ছয়টি গুণ নকুলে নিশ্চিতরূপে বিদ্যমান আছে॥ ৬

বেদাধ্যয়ন, গাম্ভীর্য্য, মধুরতা, সত্য, রূপ ও পরাক্রমের দৃষ্টিতে বীর সহদেব সর্ব্বথা অশ্বিনীকুমারদ্বয়ের তুল্য—এই কথা সর্ব্বত্রই প্রসিদ্ধ আছে॥ ৭

ভগবান্ শ্রীকৃষ্ণে যে সমস্ত ভাস্বর গুণাবলি আছে এবং পাণ্ডব-গণের মধ্যে যেসব গুণাবলি আছে, সেই সমস্ত গুণসমুদায়ই একাকী অভিমন্যুর মধ্যে নিশ্চিতরূপে দেখা যায়॥ ৮

যুধিষ্ঠিরের পরাক্রম, শ্রীকৃষ্ণের উত্তম চরিত্র এবং ভয়ঙ্কর কর্ম্মকারী ভীমসেনের বীরোচিত কর্ম্মসমূহের তুল্য অভিমন্যুর পরাক্রম, চরিত্র ও কর্ম্ম॥ ৯

তিনি রূপ, পরাক্রম ও শাস্ত্রজ্ঞানে অর্জ্জুনের সমান এবং বিনয়ে নকুল ও সহদেবের তুল্য ছিলেন॥ ১০

ধৃতরাষ্ট্র বলিলেন,—সূত! আমি অপরাজিত বীর সুভদ্রা-কুমার অভিমন্যুর সম্পূর্ণ বৃত্তান্ত শুনিতে অভিলাষী হইয়াছি। যুদ্ধে সে কিরূপে নিহত হইল? ১১

সঞ্জয় বলিলেন,—মহারাজ! আপনি স্থির হউন এবং ধারণ করা কঠিন হইলেও সেই শোককে আপনি হৃদয়ে ধারণ

চক্রব্যূহো মহারাজ আচার্য্যেণাভিকল্পিতঃ।
তত্র শক্রোপমাঃ সর্বে রাজানো বিনিবেশিতাঃ ॥ ১৩
অরাস্থানেষু বিন্যস্তাঃ কুমারাঃ সূর্য্যবর্চসঃ।
সঙ্ঘাতো রাজপুত্রাণাং সর্বেষামভবৎ তদা ॥ ১৪
কৃতাভিসময়াঃ সর্বে সুবর্ণবিকৃতধ্বজাঃ।
রক্তাম্বরধরাঃ সর্বে সর্বে রক্তবিভূষণাঃ ॥ ১৫
সর্বে রক্তপতাকাশ্চ সর্বে বৈ হেমমালিনঃ।
চন্দনাগুরুদিগ্ধাঙ্গাঃ স্রগ্বিণঃ সূক্ষ্মবাসসঃ ॥১৬
সহিতাঃ পর্য্যধাবন্ত কার্ষ্ণিং প্রতি যুযুৎসবঃ।
তেষাং দশ সহস্রাণি বভূবুর্দৃঢ়ধন্বিনাম্ ॥১৭
পৌত্রং তব পুরস্কৃত্য লক্ষ্মণং প্রিয়দর্শনম্।
অন্যোন্যসমদুঃখাস্তে অন্যোন্যসমসাহসাঃ ॥ ১৮
অন্যোন্যং স্পর্ধমানাশ্চ অন্যোন্যস্য হিতে রতাঃ।
দুর্য্যোধনস্তু রাজেন্দ্র সৈন্যমধ্যে ব্যবস্থিতঃ ॥ ১৯
কর্ণ-দুঃশাসন-কৃপৈর্বৃতো রাজা মহারথৈঃ।
দেবরাজোপমঃ শ্রীমান্ শ্বেতচ্ছত্রাভিসংবৃতঃ ॥ ২০
চামরব্যজনক্ষেপৈরুদয়ন্নিব ভাস্করঃ।
প্রমুখে তস্য সৈন্যস্য দ্রোণোঽবস্থিতনায়কঃ ॥ ২১
সিন্ধুরাজস্তথাতিষ্ঠচ্ছ্রীমান্ মেরুরিবাচলঃ।
সিন্ধুরাজস্য পার্শ্বস্থা অশ্বত্থামপুরোগমাঃ ॥ ২২
সুতাস্তব মহারাজ ত্রিংশৎত্রিদশসন্নিভাঃ।
গান্ধাররাজঃ কিতবঃ শল্যো ভূরিশ্রবাস্তথা ॥ ২৩
পার্শ্বতঃ সিন্ধুরাজস্য ব্যরাজন্ত মহারথাঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ॥ ২৪
তাবকানাং পরেষাঞ্চ মৃত্যুং কৃত্বা নিবর্তনম্ ॥ ২৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি চক্রব্যূহনির্মাণে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৪

করুন। আমি আপনার নিকট বন্ধু-বান্ধবগণের সামগ্রিক বিনাশের কথা বর্ণনা করিব, শ্রবণ করুন ॥ ১২

রাজন্! আচার্য্য দ্রোণ যে চক্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন, তাহাতে ইন্দ্রতুল্য পরাক্রমশালী সমস্ত রাজগণকে সন্নিবেশিত করা হইয়াছিল ॥ ১৩

ইহার অরাস্থানসমূহে সূর্য্যসদৃশ তেজস্বী রাজকুমারগণ দণ্ডায়মান ছিলেন। সেই সময় সেখানে সমস্ত রাজকুমারগণের একটি সমবায় উৎপন্ন হইয়াছিল ॥ ১৪

ইহারা সকলেই প্রাণ থাকিতে যুদ্ধ ত্যাগ না করিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন। ইহাদের সকলের ধ্বজ সুবর্ণনির্ম্মিত ছিল ইহারা সকলেই রক্তবর্ণ বস্ত্র পরিধান করিয়াছিলেন এবং রক্তবর্ণ ভূষণসমূহ ধারণ করিয়াছিলেন ॥ ১৫

সকলের রথের উপর রক্তবর্ণের পতাকা উড়িতেছিল। সকলে স্বর্ণের মাল্য ধারণ করিয়াছিলেন ; সকলের শরীরে চন্দন ও অগুরু লেপন করা হইয়াছিল এবং পুষ্পমাল্যে শোভিত ইহারা সকলেই সূক্ষ্ম বস্ত্র পরিধান করিয়াছিলেন ॥ ১৬

এই সকল রাজপুত্র যুদ্ধের জন্য উৎসুক হইয়া অর্জ্জুননন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন। সুদৃঢ়-ধনুর্ধারণকারী এই বীরগণের সংখ্যা ছিল দশ হাজার ॥ ১৭

ইহারা আপনার প্রিয়দর্শন পৌত্র লক্ষ্মণকে অগ্রে করিয়া ধাবিত হইলেন। ইহারা সকলে পরস্পরের দুঃখ সমভাবে বুঝিতেন এবং সকলেই সমান সাহসী ছিলেন ॥ ১৮

ইহারা পরস্পর পরস্পরকে স্পর্ধা করিতে ও পরস্পর পরস্পরের হিতসাধনে তৎপর ছিলেন। রাজেন্দ্র! রাজা দুর্য্যোধন সৈন্যের মধ্যভাগে বিরাজমান ছিলেন ॥ ১৯

তাঁহার উপর শ্বেতচ্ছত্র ধারণ করা হইয়াছিল। তিনি কর্ণ, দুঃশাসন ও কৃপাচার্য্য প্রভৃতি মহারথী বীরগণে পরিবৃত হইয়া দেবরাজ ইন্দ্রের ন্যায় শোভা পাইতেছিলেন ॥ ২০

ইহার উভয় দিকে চামরব্যজন করা হইতেছিল। তখন তিনি উদয়কালীন সূর্য্যতুল্য শোভাপ্রাপ্ত হইয়াছিলেন। এই সৈন্যবাহিনীর অগ্রভাগে দ্রোণাচার্য্য দণ্ডায়মান ছিলেন ॥ ২১

সেই স্থানে সিন্ধুরাজ শ্রীমান্ জয়দ্রথও মেরু পর্ব্বতের ন্যায় অবস্থান করিতেছিলেন। ইহার পার্শ্বভাগে অশ্বত্থামাদি মহারথীরা বিদ্যমান ছিলেন ॥ ২২

মহারাজ! দেবতুল্যসুশোভিত আপনার ত্রিশ জন পুত্র, পাশাখেলায় নিপুণ গান্ধাররাজ শকুনি, শল্য এবং ভূরিশ্রবা—এই সব মহারথী বীরবৃন্দ সিন্ধুরাজ জয়দ্রথের পার্শ্বভাগে সুশোভিত ছিলেন।

তদনন্তর "মরণের পরই যুদ্ধ হইতে নিবৃত্ত হইব" এরূপ নিশ্চয় করিয়া আপনার ও শত্রুপক্ষের যোদ্ধাদের মধ্যে অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল, যাহা সকলেরই রোমাঞ্চকর ছিল ॥ ২৩-২৫

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে চক্রব্যূহ-নির্ম্মাণবিষয়ক চতুস্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ

[যুধিষ্ঠিরাভিমন্যুসংবাদঃ, ব্যূহভেদায়াভিমন্যোঃ প্রতিজ্ঞা চ।]

সঞ্জয় উবাচ।

তদনীকমনাধৃষ্যং ভারদ্বাজেন রক্ষিতম্।
পার্থাঃ সমভ্যবর্তন্ত ভীমসেনপুরোগমাঃ ॥ ১
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
কুন্তিভোজশ্চ বিক্রান্তো দ্রুপদশ্চ মহারথঃ ॥ ২
আর্জুনিঃ ক্ষত্রধর্মা চ বৃহৎক্ষত্রশ্চ বীর্য্যবান্।
চেদিপো ধৃষ্টকেতুশ্চ মাদ্রীপুত্রৌ ঘটোৎকচঃ ॥ ৩
যুধামন্যুশ্চ বিক্রান্তঃ শিখণ্ডী চাপরাজিতঃ।
উত্তমৌজাশ্চ দুর্দ্ধর্ষো বিরাটশ্চ মহারথঃ ॥ ৪
দ্রৌপদেয়াশ্চ সংরব্ধাঃ শৈশুপালিশ্চ বীর্য্যবান্।
কেকয়াশ্চ মহাবীর্য্যাঃ সৃঞ্জয়াশ্চ সহস্রশঃ ॥ ৫
এতে চান্যে চ সগণাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্মদাঃ।
সমভ্যধাবন্ সহসা ভারদ্বাজং যুযুৎসবঃ ॥ ৬
সমীপে বর্তমানাংস্তান্ ভারদ্বাজোঽতিবীর্য্যবান্।
অসম্ভ্রান্তঃ শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥ ৭
মহৌঘঃ সলিলস্যেব গিরিমাসাদ্য দুর্ভিদম্।
দ্রোণং তে নাভ্যবর্তন্ত বেলামিব জলাশয়াঃ ॥ ৮
পীড্যমানাঃ শরৈ রাজন্ দ্রোণচাপবিনিঃসৃতৈঃ।
ন শেকুঃ প্রমুখে স্থাতুং ভারদ্বাজস্য পাণ্ডবাঃ ॥ ৯
তদদ্ভুতমপশ্যাম দ্রোণস্য ভুজয়োর্বলম্।
যদেনং নাভ্যবর্তন্ত পাঞ্চালাঃ সৃঞ্জয়ৈঃ সহ ॥১০
তমায়ান্তমভিক্রুদ্ধং দ্রোণং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
বহুধা চিন্তয়ামাস দ্রোণস্য প্রতিবারণম্ ॥ ১১
অশক্যং তু তমন্যেন দ্রোণং মত্বা যুধিষ্ঠিরঃ।
অবিষহ্যং গুরুং ভারং সৌভদ্রং সমবাসৃজৎ ॥ ১২
বাসুদেবাদনবরং ফাল্গুনাচ্চামিতৌজসম্।
অব্রবীৎ পরবীরঘ্নমভিমন্যুমিদং বচঃ ॥ ১৩

পঞ্চত্রিংশ অধ্যায়।

[যুধিষ্ঠির ও অভিমন্যুর পরস্পর আলোচনা এবং ব্যূহভেদ করিবার জন্য অভিমন্যুর প্রতিজ্ঞা।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! দ্রোণাচার্য্যকর্তৃক সুরক্ষিত এই দুর্দ্ধর্ষ সৈন্যবাহিনীকে ভীমসেন প্রভৃতি কুন্তীপুত্রগণ সম্মুখসমরে আক্রমণ করিলেন ॥১

সাত্যকি, চেকিতান, দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন, পরাক্রমশালী কুন্তিভোজ, মহারথী দ্রুপদ, অভিমন্যু, ক্ষত্রধর্ম্মা, শক্তিশালী বৃহৎক্ষত্র, চেদিরাজ ধৃষ্টকেতু, মাদ্রীনন্দন নকুল-সহদেব, ঘটোৎকচ, পরাক্রমশালী যুধামন্যু, অপরাজিত বীর শিখণ্ডী, দুর্দ্ধর্ষ বীর উত্তমৌজা, মহারথী বিরাট, ক্রুদ্ধ দ্রৌপদীপুত্রগণ, বলবান্ শিশুপালপুত্র, মহাপরাক্রমশালী কেকয়রাজকুমারগণ এবং সহস্র সহস্র সৃঞ্জয়বংশীয় ক্ষত্রিয়বর্গ—ইঁহারা ও অন্যান্য অস্ত্রবিদ্যায় পারদর্শী এবং রণদুর্মদ বহুসংখ্যক বীরগণ নিজ দলবলের সহিত সেখানে উপস্থিত ছিলেন। ইঁহারা সকলে যুদ্ধ করিতে অভিলাষী হইয়া সহসা দ্রোণাচার্য্যের উপর ধাবিত হইলেন। ২-৬

ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্য অতিশয় পরাক্রমী ছিলেন, সুতরাং শত্রুগণের এই আক্রমণে তিনি অল্পও বিভ্রান্ত হইলেন না। তিনি নিকটে আগত পাণ্ডবসৈন্যদিগকে প্রভূত বাণসমূহ বর্ষণ করত আবৃত করিয়া ফেলিলেন। ৭

যেরূপ দুর্ভেদ্য পর্ব্বতের নিকট উপস্থিত হইয়া জলের প্রবল প্রবাহ অবরুদ্ধ হইয়া যায় এবং সমুদ্র যেরূপ নিজের তীরভূমিকে অতিক্রম করিতে পারে না, সেইরূপ পাণ্ডবসৈন্যরা দ্রোণাচার্য্যের অতিশয় নিকটে উপস্থিত হইতে পারিলেন না। ৮

রাজন্! দ্রোণাচার্য্যের ধনু হইতে নিক্ষিপ্ত বাণসমূহে অত্যন্ত পীড়িত হইয়া পাণ্ডব-বীরগণ তাঁহার সম্মুখে দাঁড়াইয়া থাকিতে সমর্থ হইলেন না। ৯

সেই সময় আমরা দ্রোণাচার্য্যের বাহুদ্বয়ের এই অদ্ভুত পরাক্রম দেখিলাম যে, তখন তাঁহার বাহুবল অতিক্রম করিয়া সৃঞ্জয়সহ সমস্ত পাঞ্চালবীরগণ তাঁহার সম্মুখে থাকিতেই পারিলেন না। ১০

অতিশয় ক্রুদ্ধ দ্রোণাচার্য্যকে আসিতে দেখিয়া রাজা যুধিষ্ঠির তাঁহাকে রুদ্ধ করিবার উপায় সম্বন্ধে পুনঃ পুনঃ চিন্তা করিতে লাগিলেন। ১১

সেই সময় দ্রোণাচার্য্যের সম্মুখীন হওয়া অপরের পক্ষে অসম্ভব জানিয়া যুধিষ্ঠির এই দুঃসহ ও গুরুভার সুভদ্রাকুমার অভিমন্যুর উপর অর্পণ করিলেন। ১২

অমিততেজস্বী অভিমন্যু বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ এবং অর্জুন

এতত্য নো নাজু নো গর্হেদ্ যথা তাত তথা কুরু।
চক্রব্যূহস্য ন বয়ং বিদ্মো ভেদং কথঞ্চন ॥ ১৪
ত্বং বাৰ্জুনো বা কৃষ্ণো বা ভিন্দ্যাৎ প্রদ্যুম্ন এব বা।
চক্রব্যূহং মহাবাহো পঞ্চমো নোপপদ্যতে ॥ ১৫
অভিমন্যো বরং তাত যাচতাং দাতুমর্হসি।
পিতৄণাং মাতুলানাঞ্চ সৈন্যানাং চৈব সর্বশঃ ॥ ১৬
ধনঞ্জয়ো হি নস্তাত গর্হয়েদেত্য সংযুগাৎ।
ক্ষিপ্রমস্ত্রং সমাদায় দ্রোণানীকং বিশাতয় ॥১৭

অভিমন্যুরুবাচ।

দ্রোণস্য দৃঢ়মত্যুগ্রমনীকপ্রবরং যুধি।
পিতৄণাং জয়মাকাঙ্ক্ষন্নবগাহেঽবিলম্বিতম্ ॥ ১৮
উপদিষ্টো হি মে পিত্রা যোগোঽনীকবিশাতনে।
নোৎসহে হি বিনির্গন্তুমহং কস্যাঞ্চিদাপদি ॥ ১৯

যুধিষ্ঠির উবাচ।

ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ দ্বারং সঞ্জনয়স্ব নঃ।
বয়ং ত্বানুগমিষ্যামো যেন ত্বং তাত যাস্যসি ॥ ২০
ধনঞ্জয়সমং যুদ্ধে ত্বাং বয়ং তাত সংযুগে।
প্রণিধায়ানুযাস্যামো রক্ষন্তঃ সর্বতোমুখাঃ ॥ ২১

ভীম উবাচ।

অহং ত্বানুগমিষ্যামি ধৃষ্টদ্যুম্নোঽথ সাত্যকিঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাস্তথা সর্বে প্রভদ্রকাঃ ॥ ২২
সকৃদ্ ভিন্নং ত্বয়া ব্যূহং তত্র তত্র পুনঃ পুনঃ।
বয়ং প্রধ্বংসয়িষ্যামো নিঘ্নমানা বরান্ বরান্ ॥ ২৩

অভিমন্যুরুবাচ।

অহমেতৎ প্রবেক্ষ্যামি দ্রোণানীকং দুরাসদম্।
পতঙ্গ ইব সংক্রুদ্ধো জ্বলিতং জাতবেদসম্ ॥ ২৪
তৎ কর্মাদ্য করিষ্যামি হিতং যদ্ বংশয়োর্দ্বয়োঃ।
মাতুলস্য চ যৎ প্রীতিং করিষ্যতি পিতুশ্চ মে ॥ ২৫

অপেক্ষা কোন অংশেই ন্যূন (কম) ছিলেন না। তিনি শত্রু-বীরগণকে সংহার করিতে সমর্থ ছিলেন, তাই যুধিষ্ঠির তাঁহাকে এই কথা বলিলেন ॥ ১৩

বৎস! সংশপ্তকগণের সহিত যুদ্ধ করিবার পর ফিরিয়া আসিয়া অর্জুন যাহাতে আমাদের নিন্দা না করে (অর্থাৎ আমাদের সকলকে অসমর্থ না বলিতে পারে), সেইরূপ কার্য্য কর। আমরা ত' কেহই কোনরূপে চক্রব্যূহ ভেদ করিবার প্রক্রিয়া জানি না ॥ ১৪

মহাবাহো! তুমি, অর্জুন, কৃষ্ণ ও প্রদ্যুম্ন—এই চারজনেই চক্রব্যূহ ভেদ করিতে সমর্থ। পঞ্চম কোন যোদ্ধাই ইহাকে ভেদ করিতে জানে না ॥১৫

বৎস অভিমন্যু! তোমার পিতা ও মামার পক্ষের সমস্ত যোদ্ধারা এবং এই সকল সৈন্যরা তোমার নিকট প্রার্থনা করিতেছে। তুমিই ইহাদের বরদান করিবার যোগ্য ॥ ১৬

বৎস! যদি আমরা জয়লাভ না করি, তবে যুদ্ধ হইতে ফিরিয়া আসিয়া অর্জুন আমাদিগের নিন্দা করিবে, অতএব তুমি শীঘ্রই অস্ত্রধারণ করত দ্রোণাচার্য্যের সৈন্যদিগকে বিনাশ কর ॥ ১৭

অভিমন্যু বলিলেন,—রাজন্! আমি আমার পিতৃবর্গের জয়-লাভের আশা রাখিয়া রণাঙ্গনে দ্রোণাচার্য্যের অত্যন্ত ভয়ঙ্কর, সুদৃঢ় এবং শ্রেষ্ঠ সৈন্যদলের মধ্যে সত্বরই প্রবেশ করিব ॥ ১৮

পিতৃদেব আমাকে চক্রব্যূহ ভেদ করিবার বিধি বলিয়াছেন, কিন্তু কোনরূপে বিপন্ন হইয়া পড়িলে আমি সেই ব্যূহ হইতে বাহির হইয়া আসিতে পারিব না ॥ ১৯

যুধিষ্ঠির বলিলেন,—যোদ্ধাদের মধ্যে শ্রেষ্ঠ বীর! তুমি ব্যূহকে ভেদ কর এবং আমাদের জন্য দ্বার প্রশস্ত করিয়া দাও। তাত! তারপর তুমি যে পথ দিয়া যাইবে, আমরা সকলে সেই পথ দিয়াই তোমার পশ্চাতে পশ্চাতে গমন করিব।

বৎস! আমরা রণাঙ্গনে তোমাকে অর্জুনের তুল্য বলিয়াই মনে করি। আমরা সকলে আমাদের চিন্তা তোমার উপরেই রাখিয়া সর্ব্বতোভাবে তোমাকে রক্ষা করিতে করিতে তোমার পশ্চাতে পশ্চাতে গমন করিব ॥ ২০-২১

ভীম বলিলেন,—পুত্র! আমি তোমার সহিত গমন করিব। ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, পাঞ্চালদেশীয় যোদ্ধারা, কেকয়রাজকুমারগণ, মৎস্যদেশের সৈন্যসকল এবং প্রভদ্রকগণও তোমারই অনুসরণ করিবেন ॥ ২২

তুমি যেখানে যেখানে ব্যূহকে একবার ভেদ করিবে, সেখানে সেখানে আমরা মুখ্য মুখ্য যোদ্ধাগণকে বধ করিয়া সেই ব্যূহকে বারংবার নষ্ট করিতে থাকিব ॥ ২৩

অভিমন্যু বলিলেন,—যেরূপ পতঙ্গ প্রজ্বলিত অগ্নির উপর পতিত হয়, সেইরূপ আমিও ক্রুদ্ধ হইয়া দ্রোণাচার্য্যের দুর্গম সৈন্য-ব্যূহমধ্যে প্রবেশ করিব ॥ ২৪

আজ আমি এরূপ পরাক্রম প্রকাশ করিব, যাহা পিতা ও

শিশুনৈকেন সংগ্রামে কাল্যমানানি সজ্ঘশঃ।
দ্রক্ষ্যন্তি সর্বভূতানি দ্বিষৎসৈন্যানি বৈ ময়া ॥ ২৬

নাহং পার্থেন জাতঃ স্যাং ন চ জাতঃ সুভদ্রয়া।
যদি মে সংযুগে কশ্চিজ্জীবিতো নাদ্য মুচ্যতে ॥ ২৭

যদি চৈকরথেনাহং সমগ্রং ক্ষত্রমণ্ডলম্।
ন করোম্যষ্টধা যুদ্ধে ন ভবাম্যর্জুনাত্মজঃ ॥ ২৮

যুধিষ্ঠির উবাচ।

এবং তে ভাষমাণস্য বলং সৌভদ্র বর্ধতাম্।
যৎ সমুৎসহসে ভেত্তুং দ্রোণানীকং দুরাসদম্ ॥ ২৯

রক্ষিতং পুরুষব্যাঘ্রৈর্মহেষ্বাসৈর্মহাবলৈঃ।
সাধ্য-রুদ্র-মরুত্তুল্যৈর্বস্বগ্ন্যাদিত্যবিক্রমৈঃ ॥ ৩০

সঞ্জয় উবাচ।

তস্য তদ্ বচনং শ্রুত্বা স যন্তারমচোদয়ৎ।
সুমিত্রাশ্বান্ রণে ক্ষিপ্রং দ্রোণানীকায় চোদয় ॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াংবৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধপর্ব্বণি অভিমন্যুপ্রতিজ্ঞায়াং পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৫

মাতা উভয়েরই বংশের পক্ষে হিতকর হইবে এবং মামা শ্রীকৃষ্ণ এবং পিতা অর্জুন এই দুইজনকেই প্রসন্ন করিবে ॥ ২৫

যদিও আমি এখন বালক, তথাপি আজ সমস্ত প্রাণী দেখিবে যে, আমি একাকীই যুদ্ধে দলে দলে শত্রুগণকে সংহার করিতে থাকিব ॥ ২৬

যদি আজ আমার সহিত যুদ্ধ করিয়া কোনও সৈন্য জীবিত থাকিয়া যায়, তবে আমি অর্জুনের পুত্রই নই এবং সুভদ্রাদেবীর উদর হইতে জন্মগ্রহণ করি নাই ॥ ২৭

যদি আমি একমাত্র রথের সহায়তায় সমস্ত ক্ষত্রিয়মণ্ডলকে খণ্ড খণ্ড করিয়া না ফেলি, তবে আমি অর্জুনের পুত্রই নই ॥ ২৮

যুধিষ্ঠির বলিলেন,—সুভদ্রানন্দন! এরূপ ওজস্বী বাক্য বলিতে বলিতে তোমার বল নিরন্তর বর্দ্ধিত হউক; কারণ, একমাত্র তুমিই দ্রোণাচার্য্যের দুর্গম সৈন্যমধ্যে প্রবেশ করিবার উৎসাহ রাখ ॥ ২৯

দ্রোণাচার্য্যের এই সৈন্যগণ তাদৃশ মহাবলশালী মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠ বীরগণকর্ত্তৃক সুরক্ষিত, যাঁহারা সাধ্য, রুদ্র ও মরুদ্গণ তুল্য বলবান্ এবং বসু, অগ্নি ও সূর্য্যসদৃশ পরাক্রমশালী ॥৩০

সঞ্জয় বলিলেন,—রাজন্! মহারাজ যুধিষ্ঠিরের এই বাক্য শ্রবণ করিয়া অভিমন্যু নিজের সারথিকে এই আদেশ করিলেন—সুমিত্র! তুমি অতি সত্বর অশ্বগণকে দ্রোণাচার্য্যের সৈন্যগণের দিকে চালনা কর ॥ ৩১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর প্রতিজ্ঞাবিষয়ক পঞ্চত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যোরুৎসাহস্তেন চতুরঙ্গসেনায়া বধশ্চ]

সঞ্জয় উবাচ।

সৌভদ্রস্তদ্ বচঃ শ্রুত্বা ধর্মরাজস্য ধীমতঃ।
অচোদয়ত যন্তারং দ্রোণানীকায় ভারত ॥ ১

তেন সংচোদ্যমানস্তু যাহি যাহীতি সারথিঃ।
প্রত্যুবাচ ততো রাজন্নভিমন্যুমিদং বচ ॥ ২

অতিভারোঽয়মায়ুষ্মন্নাহিতস্ত্বয়ি পাণ্ডবৈঃ।
সম্প্রধার্য্য ক্ষণং বুদ্ধ্যা ততস্ত্বং যোদ্ধুমর্হসি ॥ ৩

ষট্‌ত্রিংশ অধ্যায়।

[অভিমন্যুর উৎসাহ এবং তাঁহার দ্বারা কৌরবগণের চতুরঙ্গিণী সৈন্যসংহার।]

সঞ্জয় বলিলেন,—ভারত! বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়া সুভদ্রাকুমার অভিমন্যু নিজের সারথিকে দ্রোণাচার্য্যের দিকে যাইতে আদেশ করিলেন ॥ ১

রাজন্! 'চল, চল' এই কথা বলিয়া অভিমন্যু বারংবার প্রেরিত করিতে থাকিলে সারথি সুমিত্র তাঁহাকে বলিলেন ॥ ২

আয়ুষ্মন্! পাণ্ডবগণ আপনার উপর এই গুরু দায়িত্ব অর্পণ করিয়াছেন। প্রথমে আপনি ক্ষণকাল অবস্থান করত বুদ্ধি অনুসারে আপনার কর্ত্তব্য স্থির করিয়া লউন। তাহার পর যুদ্ধ করুন ॥ ৩

আচার্য্যো হি কৃতী দ্রোণঃ পরমাস্ত্রে কৃতশ্রমঃ।
অত্যন্তসুখসংবৃদ্ধস্ত্বং চাযুদ্ধবিশারদঃ ॥ ৪
ততোঽভিমন্যুঃ প্রহসন্ সারথিং বাক্যমব্রবীৎ।
সারথে কো ন্বয়ং দ্রোণঃ সমগ্রং ক্ষত্রমেব বা ॥ ৫
ঐরাবতগতং শক্রং সহামরগণৈরহম্।
অথবা রুদ্রমীশানং সর্বভূতগণার্চিতম্।
যোধয়েয়ং রণমুখে ন মে ক্ষত্রেঽদ্য বিস্ময়ঃ ॥ ৬
ন মমৈতদ্ দ্বিষৎসৈন্যং কলামর্হতি ষোড়শীম্।
অপি বিশ্বজিতং বিষ্ণুং মাতুলং প্রাপ্য সূতজ ॥ ৭
পিতরং চার্জুনং যুদ্ধে ন ভীর্মামুপযাস্যতি।
অভিমন্যুশ্চ তাং বাচং কদর্থীকৃত্য সারথেঃ ॥ ৮
যাহীত্যেবাব্রবীদেনং দ্রোণানীকায় মা চিরম্।
ততঃ সংনোদয়ামাস হয়ানাশু ত্রিহায়নান্ ॥ ৯
নাতিহৃষ্টমনাঃ সূতো হেমভাণ্ডপরিচ্ছদান্।
তে প্রেষিতাঃ সুমিত্রেণ দ্রোণানীকায় বাজিনঃ ॥ ১০
দ্রোণমভ্যদ্রবন্ রাজন্ মহাবেগপরাক্রমম্।
তমুদীক্ষ্য তথায়ান্তং সর্বে দ্রোণপুরোগমাঃ ॥
অভ্যবর্তন্ত কৌরব্যাঃ পাণ্ডবাশ্চ তমন্বয়ুঃ ॥ ১১
স কর্ণিকারপ্রবরোচ্ছ্রিতধ্বজঃ
সুবর্ণবর্মার্জুনিরর্জুনাদ্ বরঃ।
যুযুৎসয়া দ্রোণমুখান্ মহারথান্
সমাসদৎ সিংহশিশুর্যথা দ্বিপান্ ॥ ১২
তে বিংশতিপদে যত্তাঃ সম্প্রহারং প্রচক্রিরে।
আসীদ্ গাঙ্গ ইবাবর্তো মুহূর্তমুদধাবিব ॥ ১৩
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
সংগ্রামস্তুমুলো রাজন্ প্রাবর্তত সুদারুণঃ ॥ ১৪
প্রবর্তমানে সংগ্রামে তস্মিন্নতিভয়ঙ্করে।
দ্রোণস্য মিষতো ব্যূহং ভিত্ত্বা প্রাবিশদার্জুনিঃ ॥ ১৫

দ্রোণাচার্য্য অস্ত্রবিদ্যায় বিশেষজ্ঞ এবং উত্তম অস্ত্রসকলের অভ্যাসের জন্য তিনি অতিশয় পরিশ্রমও করিয়াছেন। এদিকে আপনি অতিশয় সুখে প্রিয়জনের দ্বারা পরিবর্দ্ধিত হইয়াছেন। যুদ্ধবিদ্যায় আপনি তাঁহার ন্যায় বিজ্ঞ নন্ ॥৪

তখন অভিমন্যু হাসিতে হাসিতে সারথিকে এই কথা বলিলেন,—সারথে! এই দ্রোণাচার্য্য বা এই সব ক্ষত্রিয়মণ্ডলের কথা আর কি বলিব, আমি ত' ঐরাবত হস্তীতে আরূঢ় সমস্ত দেবগণের সহিত ইন্দ্র কিংবা সকল প্রাণিগণের দ্বারা পূজিত ও সকলের ঈশ্বর রুদ্রদেবের সহিতও সম্মুখে থাকিয়া যুদ্ধ করিতে সমর্থ; অতএব বর্ত্তমানে এই সব ক্ষত্রিয়বর্গের সহিত যুদ্ধ করাকে আমার আজ কোন বিস্ময়ই হইতেছে না ॥ ৫-৬

শত্রুগণের এই সৈন্যবাহিনী আমার ষোল ভাগের একভাগও হইবে না। সূতপুত্র! বিশ্ববিজয়ী বিষ্ণুস্বরূপ মামা শ্রীকৃষ্ণ এবং পিতা অর্জুনও যদি বিপক্ষরূপে আমার সম্মুখে আসেন, তথাপি আমার ভয় হইবে না ॥ ৭

অভিমন্যু সারথির পূর্ব্বোক্ত বাক্য অবহেলা করিয়া তাহাকে বলিলেন—তুমি শীঘ্র দ্রোণাচার্য্যের সৈন্যদের দিকে চল ॥ ৮

তখন সারথি সুবর্ণময় ভূষণে বিভূষিত ও তিন বৎসর বয়স্ক অশ্বদিগকে শীঘ্র চালাইয়া দিল। সেই সময় তাহার মন অধিক প্রসন্ন ছিল না ॥ ৯

রাজন্! সারথি সুমিত্র কর্ত্তৃক দ্রোণাচার্য্যের সৈন্যের দিকে প্রেরিত হইয়া মহাবেগশালী ও পরাক্রমী অশ্বগণ দ্রোণাচার্য্যের দিকে দৌড়াইয়া যাইতে লাগিল ॥ ১০

অভিমন্যুকে এইভাবে আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য প্রভৃতি কৌরব-বীরগণ তাঁহার সম্মুখে আসিয়া দাঁড়াইলেন এবং পাণ্ডব-যোদ্ধারা তাঁহার অনুসরণ করিয়া চলিলেন ॥ ১১

অভিমন্যুর উচ্চ ও শ্রেষ্ঠ ধ্বজ কর্ণিকার-বৃক্ষচিহ্নে সুশোভিত ছিল। তিনি সুবর্ণনির্ম্মিত কবচধারণ করিয়াছিলেন। এই অর্জুননন্দন অভিমন্যু নিজের পিতা অর্জুন অপেক্ষাও শ্রেষ্ঠ বীর ছিলেন। যেরূপ সিংহশাবক হস্তীদের উপর আক্রমণ করিয়া থাকে, সেইরূপ অভিমন্যুও যুদ্ধের ইচ্ছায় দ্রোণাদি মহারথী বীরগণের দিকে ধাবিত হইলেন ॥ ১২

অভিমন্যু বিশ পদ মাত্র অগ্রসর হইলেই যুদ্ধ করিতে উদ্যত দ্রোণাচার্য্যাদি যোদ্ধারা তাঁহার উপর অস্ত্রপ্রহার আরম্ভ করিয়া দিলেন। সেই সময় এই সৈন্যগণ মধ্যে অভিমন্যু প্রবেশ করিতে যাইলে মুহূর্ত্তকালেই সৈন্যদের মধ্যে সেইরূপ সঙ্ঘর্ষ বাধিয়া যাইল, যেরূপ সমুদ্রের সহিত গঙ্গার আবর্ত্তযুক্ত (ঘোলা) জলরাশির সঙ্ঘাত হইয়া থাকে ॥ ১৩

রাজন্! যুদ্ধে তৎপর থাকিয়া পরস্পর পরস্পরের উপর প্রাণঘাতী প্রহার করিতে করিতে সেই বীরগণের মধ্যে অত্যন্ত নিদারুণ ও ভয়ঙ্কর সঙ্ঘর্ষ আরম্ভ হইয়া যাইল ॥ ১৪

যখন এই অতিশয় ভয়ঙ্কর সংগ্রাম চলিতেছিল, তখন দ্রোণাচার্য্যের সাক্ষাতেই অর্জুননন্দন অভিমন্যু ব্যূহ ভেদ করিয়া প্রবেশ করিলেন ॥ ১৫

(তদভেদ্যমনাধৃষ্যং দ্রোণানীকং সুদুর্জয়ম্।
ভিত্ত্বার্জুনিরসম্ভ্রান্তো বিবেশাচিন্ত্যবিক্রমঃ ॥)
তং প্রবিষ্টং বিনিঘ্নন্তং শত্রুসঙ্ঘান্ মহাবলম্।
হস্ত্যশ্ব-রথ-পত্ত্যোঘাঃ পরিবব্রুরুদায়ুধাঃ ॥ ১৬
নানাবাদিত্রনিনদৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টগর্জ্জিতৈঃ।
হুঙ্কারৈঃ সিংহনাদৈশ্চ তিষ্ঠ তিষ্ঠেতি নিঃস্বনৈঃ ॥ ১৭
ঘোরৈর্হলহলাশব্দৈর্মা গাস্তিষ্ঠৈহি মামিতি।
অসাবহমমুত্রেতি প্রবদন্তো মুহুর্মুহুঃ ॥ ১৮
বৃংহিতৈঃ শিঞ্জিতৈর্হাসৈঃ করনেমিস্বনৈরপি।
সন্নাদয়ন্তো বসুধামভিদুদ্রুবুরার্জুনিম্ ॥ ১৯
তেষামাপততাং বীরঃ শীঘ্রযোধী মহাবলঃ।
ক্ষিপ্রাস্ত্রো ন্যবধীদ্ রাজন্ মর্ম্মজ্ঞো মর্ম্মভেদিভিঃ ॥ ২০
তে হন্যমানা বিবশা নানালিঙ্গৈঃ শিতৈঃ শরৈঃ।
অভিপেতুঃ সুবহুশঃ শলভা ইব পাবকম্ ॥ ২১
ততস্তেষাং শরীরৈশ্চ শরীরাবয়বৈশ্চ সঃ।
সন্তস্তার ক্ষিতিং ক্ষিপ্রং কুশৈর্বেদিমিবাধ্বরে ॥ ২২
বদ্ধগোধাঙ্গুলিত্রাণান্ সশরাসন-সায়কান্।
সাসি-চর্ম্মাঙ্কুশাভীষূন্ সতোমর-পরশ্বধান্ ॥২৩
সগদায়োগুড়-প্রাসান্ সর্ষ্টি-তোমর-পট্টিশান্।
সভিন্দিপালপরিঘান্ সশক্তিবরকম্পনান্ ॥ ২৪
সপ্রতোদ-মহাশঙ্খান্ সকুন্তান্ সকচগ্রহান্।
সমুদ্গরক্ষেপণীয়ান্ সপাশ-পরিঘোপমান্ ॥ ২৫
সকেয়ূরাঙ্গদান্ বাহূন্ হৃদ্যগন্ধানুলেপনান্।
সংচিচ্ছেদার্জুনিস্তূর্ণং ত্বদীয়ানাং সহস্রশঃ ॥ ২৬
তৈ স্ফুরদ্ভির্মহারাজ শুশুভে ভূঃ সুলোহিতৈঃ।
পঞ্চাস্যৈঃ পন্নগৈশ্ছিন্নৈর্গরুড়েনেব মারিষ ॥ ২৭

(অভিমন্যুর পরাক্রম অচিন্তনীয় ছিল। তিনি কোনরূপ বিচলিত না হইয়াই অত্যন্ত দুর্জয় ও দুর্ধর্ষ সৈন্যব্যূহ ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিলেন।)

ব্যূহের মধ্যে প্রবেশ করিয়া শত্রুগণকে সংহার করিতে করিতে যুদ্ধরত মহাবল অভিমন্যুকে গজারোহী, অশ্বারোহী ও পদাতি যোদ্ধারা অস্ত্রউত্তোলনপূর্ব্বক বিভিন্ন দলে বিভক্ত হইয়া চারিদিকে আবৃত করিয়া ফেলিল ॥ ১৬

নানাপ্রকার বাদ্যধ্বনি, কোলাহল, চীৎকার, গর্জন, হুঙ্কার, সিংহনাদ, 'দাঁড়াও, দাঁড়াও' এরূপ শব্দ এবং হলাহল শব্দসহ 'যাইও না, দাঁড়াও, আমার নিকট এস, তোমার শত্রু আমি ত' এখানেই আছি' ইত্যাদি বাক্য বারংবার বলিতে বলিতে বীর সৈন্যগণ হস্তীদিগের চীৎকার, ঘুঙ্গুরের ঝন্ ঝন্ শব্দ, অট্টহাস্য, হস্ততালি-শব্দ এবং চক্রসকলের ঘর্ঘর শব্দে চারিদিক্ নিনাদিত করিতে করিতে অর্জুননন্দন অভিমন্যুর উপর আক্রমণ করিলেন ॥ ১৭-১৯

রাজন্! মহাবলশালী বীর অভিমন্যু দ্রুততার সহিত যুদ্ধ করিতে নিপুণ ছিলেন, ক্ষিপ্রতাসহকারে অস্ত্রচালনায় দক্ষ ছিলেন এবং শত্রুগণের মর্ম্মস্থানসকল জানিতেন। তিনি নিজের দিকে আগত শত্রুসৈন্যদিগকে মর্ম্মভেদী বাণসমূহের দ্বারা বধ করিতে লাগিলেন ॥ ২০

নানাপ্রকার চিহ্নসমূহে সুশোভিত তীক্ষ্ণ বাণসমূহের প্রহার খাইয়া সেই বহুসংখ্যক কৌরব-বীর বিবশ হইয়া ধরাতলে পতিত হইতে থাকিলে তখন মনে হইতেছিল যে, পতঙ্গসকল দলে দলে আসিয়া যেন অগ্নিতে পতিত হইতেছে ॥ ২১

যেরূপ যজ্ঞে বেদীর উপর কুশ পাতা হইয়া থাকে, সেইরূপ অভিমন্যুও অতিসত্বর শত্রুগণের শরীরসকল ও বিভিন্ন অবয়বের দ্বারা সম্পূর্ণ রণভূমি আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২২

মহারাজ! অর্জুনকুমার অভিমন্যু আপনার সহস্র সহস্র সৈন্যদের সেই বাহুসমূহকে দ্রুত ছেদন করিতে লাগিলেন, যে সকল বাহুর মধ্যে সুগন্ধযুক্ত চন্দন লেপন করা ছিল। বীরগণের এই হস্তসমূহে গোধার চর্ম্মনির্ম্মিত দস্তানা বাঁধা ছিল, ধনু ও বাণ শোভা পাইতেছিল। কাহারও হাতে ঢাল, তরবারি, অঙ্কুশ ও অশ্বমুখরজ্জু আছে দেখা যাইল। কাহাদেরও হাতে তোমর এবং পরশু ছিল, কাহারও হাতে গদা, লোহার গোলা, প্রাস, ঋষ্টি, তোমর, পট্টিশ, ভিন্দিপাল, পরিঘ, শ্রেষ্ঠ শক্তি, কম্পন, প্রতোদ (চাবুক), মহাশঙ্খ ও কুম্ভ—এসকল অস্ত্র আছে দেখা যাইতেছিল। কাহাদেরও হাতে শত্রুসকলের কচগ্রহ ধরা ছিল। কাহাদেরও হাতে মুদ্গর, ক্ষেপণযোগ্য আক্রান্ত অস্ত্রসকল, পাশ, পরিঘ এবং প্রস্তর-খণ্ড দেখা যাইল। বীরগণের এই সকল হস্ত কেয়ূর ও অঙ্গদাদিভূষণসমূহে বিভূষিত ছিল ॥ ২৩-২৬

আদরণীয় মহারাজ! রক্তে আপ্লুত হইয়া কম্পমান এই সকল হস্তে রণভূমি সেইরূপ শোভা পাইতেছিল, যেরূপ গরুড়-কর্তৃক ছিন্ন-ভিন্ন পঞ্চমুখবিশিষ্ট সর্পগণের দেহে আচ্ছাদিত হইয়া বসুধা শোভা পাইয়া থাকেন ॥ ২৭

সুনাসাননকেশান্তৈরব্রণৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দষ্টৌষ্ঠপুটৈঃ ক্রোধাৎ ক্ষরদ্ভিঃ শোণিতং বহু ॥ ২৮

স চারুমুকুটোষ্ণীষৈর্মণিরত্নবিভূষিতৈঃ।
বিনালনলিনাকারৈর্দিবাকরশশিপ্রভৈঃ ॥ ২৯

হিত-প্রিয়ংবদৈঃ কালে বহুভিঃ পুণ্যগন্ধিভিঃ।
দ্বিষচ্ছিরোভিঃ পৃথিবীং স বৈ তস্তার ফাল্গুনিঃ ॥ ৩০

গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্।
বীষামুখান্ দ্বিত্রিবেণূন্ ন্যস্তদণ্ডকবন্ধুরান্ ॥ ৩১

বিজঙ্ঘাকূবরাংস্তত্র বিনেমিদশনানপি।
বিচক্রোপস্করোপস্থান্ ভগ্নোপকরণানপি ॥ ৩২

প্রপাতিতোপস্তরণান্ হতযোধান্ সহস্রশঃ।
শরৈর্বিশকলীকুর্বন্ দিক্ষু সর্বাস্বদৃশ্যত ॥ ৩৩

পুনর্দ্বিপান্ দ্বিপারোহান্ বৈজয়ন্ত্যঙ্কুশ ধ্বজান্।
তূণান্ বর্মাণ্যথো কক্ষ্যা গ্রৈবেয়াংশ্চ সকম্বলান্ ॥ ৩৪

ঘণ্টাঃ শুণ্ডাবিষাণাগ্রান্ ছত্রমালাঃ পদানুগান্।
শরৈর্নিশিতধারাগ্রৈঃ শাত্রবাণামশাতয়ৎ ॥ ৩৫

বনায়ুজান্ পর্বতীয়ান কাম্বোজানথ বাহ্লিকান্।
স্থিরবালধিকর্ণাক্ষান্ জবনান্ সাধুবাহিনঃ ॥ ৩৬

আরূঢান্ শিক্ষিতৈর্যোধৈঃ শক্ত্যৃষ্টি-প্রাসযোধিভিঃ।
বিধ্বস্তচামরমুখান্ বিপ্রবিদ্ধপ্রকীর্ণকান্ ॥ ৩৭

নিরস্তজিহ্বানয়নান্ নিষ্কীর্ণান্ত্রযকৃদ্ঘনান্।
হতারোহাংশ্ছিন্নঘণ্টান্ ক্রব্যাদগণমোদকান ॥ ৩৮

নিকৃত্তচর্মকবচান্ শকৃন্মূত্রাসৃগাপ্লুতান্।
নিপাতয়ন্নশ্ববরাংস্তাবকান স ব্যরোচত ॥ ৩৯

যাহাদের সুন্দর নাসিকা, সুন্দর মুখ এবং সুন্দর কেশান্ত-ভাগের অদ্ভুত শোভা যাইতেছিল, যাহাদের কোনরূপ অস্ত্রাঘাতের চিহ্ন ছিল না, মনোহর কুণ্ডলসমূহে যাহারা প্রকাশিত হইতেছিল, ক্রোধবশতঃ যাহাদের ওষ্ঠভাগ দাঁতের দ্বারা পিষ্ট ছিল, যাহারা অত্যধিক রক্তধারা বহন করিতেছিল, যাহাদের উপর মনোহর মুকুট ও পাগড়ী শোভা পাইতেছিল, যাহাদের প্রভা সূর্য্য ও চন্দ্র সদৃশ ছিল, যাহারা নালরহিত প্রফুল্ল কমলের ন্যায় প্রতীত হইতেছিল, যাহারা মধ্যে মধ্যে প্রিয় ও হিতকর বাক্য বলিতে-ছিল, যাহাদের সংখ্যা ছিল বহু এবং যাহারা পবিত্র গন্ধে সুবাসিত ছিল, শত্রুগণের সেই সব মস্তকে অভিমন্যু সেখানকার রণভূমি আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ২৮-৩০

এইরূপে অভিমন্যু স্বীয় বাণসমূহে শত্রুগণের গন্ধর্বনগরতুল্য বিশাল ও বিধিপূর্ব্বক সুসজ্জিত বহুসংখ্যক রথকে খণ্ড খণ্ড করিতে করিতে চারিদিকেই দৃষ্টিগোচর হইতেছিলেন। এই সকল রথের প্রধান ঈষাদণ্ড নষ্ট হইয়া গিয়াছিল। ত্রিবেণু চূর্ণ বিচূর্ণ হইয়া পড়িয়াছিল। স্তম্ভদণ্ডসকল উৎপাটিত হইয়াছিল। ইহাদের বন্ধনসমূহ শ্লথ হইয়া গিয়াছিল। এই সকল রথের জঙ্ঘা (নিম্নস্থান) এবং কূবর (জোয়াল রাখিবার কাষ্ঠ) ভাঙ্গিয়া গিয়াছিল। চক্রের উপরিভাগ ও অরা বিধ্বস্ত হইয়াছিল। চক্র, উপস্কর ও বসিবার আসনসমূহ স্থানভ্রষ্ট হইয়া গিয়াছিল। সমস্ত সামগ্রী ও রথের অবয়ব চূর্ণ বিচূর্ণ হইয়া গিয়াছিল। রথের ছত্রী ও আবরণ ভূপাতিত হইয়াছিল এবং এই সব রথের সমস্ত যোদ্ধাই নিহত হইয়াছিল। এইরূপ সহস্র সহস্র রথের খণ্ড উড়িয়া গিয়াছিল ॥ ৩১-৩৩

রথসমূহকে নষ্ট করিয়া অভিমন্যু পুনরায় তীক্ষ্ণধার বাণসকলে শত্রুগণের বহু হস্তী, গজারোহী, ইহাদের পতাকা, অঙ্কুশ, ধ্বজ, তূণীর, কবচ, রজ্জু, কণ্ঠাভরণ, কম্বল, ঘণ্টা, শুণ্ড, দন্ত, ছত্র, মালা ও পাদরক্ষকগণকেও ছেদন করিয়া ফেলিলেন ॥ ৩৪-৩৫

রাজন্! আপনার বনায়ুজ, পর্ব্বতীয়, কাম্বোজ ও বাহ্লীক-দেশীয় শ্রেষ্ঠ অশ্বগণ—যাহারা পুচ্ছ, কর্ণ ও নেত্র নিশ্চল করিয়া ধাবিত হয়, যাহারা বেগবান্ ও আরোহীদের উত্তম কার্য্যের উপযোগী যাহাদের উপর শক্তি, ঋষ্টি ও প্রাসের দ্বারা যুদ্ধ করিতে সমর্থ সুশিক্ষিত যোদ্ধারা আরোহণ করিয়া আছেন, এই সব অশ্বদিগকে ধরাশায়ী করিতে করিতে একাকী বীর অভিমন্যু একমাত্র ভগবান্ বিষ্ণুর ন্যায় অচিন্ত্য ও দুষ্কর কর্ম্ম করিয়া অতিশয় শোভা পাইতে লাগিলেন। এই সকল অশ্বের মস্তক ও গলদেশে চামরের ন্যায় বড় বড় কেশসমূহ এবং মুখমণ্ডল বাণসকলের আঘাতে নষ্ট হইয়া গিয়াছিল। ইহারা সকলেই তখন আহত হইয়া পড়িয়াছিল। বহু অশ্বের মস্তক ছিন্ন-ভিন্ন হইয়া গিয়াছিল। কতক অশ্বের জিহ্বা ও নেত্র বাহির হইয়া আসিয়াছিল, অন্ত্র ও যকৃৎ খণ্ড খণ্ড হইয়াছিল এবং সকলেরই আরোহী যোদ্ধা নিহত হইয়াছিল। ইহাদের গলদেশের ঘুঙ্গুর বিচ্ছিন্ন হইয়া গিয়াছিল। এই সকল অশ্ব মৃত্যুর অধীনস্থ হইয়া মাংসভক্ষী প্রাণিগণের হর্ষবর্দ্ধন করিতেছিল। ইহাদের চামর ও কবচ খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল এবং ইহারা মল, মূত্র ও রক্তে নিমজ্জিত হইয়াছিল ॥

একো বিষ্ণুরিবাচিন্ত্যং কৃত্বা কর্ম সুদুষ্করম্।
তথা নির্মথিতং তেন ত্র্যঙ্গং তব বলং মহৎ ॥ ৪০
যথাসুরবলং ঘোরং ত্র্যম্বকেণ মহৌজসা।
কৃত্বা কর্ম রণেঽসহ্যং পরৈরাজু নিরাহবে ॥ ৪১
অভিনচ্চ পদাত্যোঘাংস্ত্বদীয়ানেব সর্বশঃ।
এবমেকেন তাং সেনাং সৌভদ্রেণ শিতৈঃ শরৈঃ ॥ ৪২
ভৃশং বিপ্রহতাং দৃষ্ট্বা স্কন্দেনেবাসুরীং চমূম্।
ত্বদীয়াস্তব পুত্রাশ্চ বীক্ষমাণা দিশো দশ ॥ ৪৩

সংশুষ্কাস্যাশ্চলন্নেত্রাঃ প্রস্বিন্না রোমহর্ষিণঃ।
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে ॥ ৪৪
গোত্রনামভিরন্যোন্যং ক্রন্দন্তো জীবিতৈষিণঃ।
হতান্ পুত্রান্ পিতৄন্ ভ্রাতৄন্ বন্ধূন্ সম্বন্ধিনস্তথা ॥ ৪৫
প্রাতিষ্ঠন্ত সমুৎসৃজ্য ত্বরয়ন্তো হয়-দ্বিপান্ ॥৪৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ৩৬

যেরূপ মহাতেজস্বী ত্রিলোচন ভগবান্ রুদ্রদেব অসুরদের সৈন্যবাহিনীকে মথিত করিয়া থাকেন, সেইরূপ অভিমন্যু রথ, হাতী ও অশ্ব—এই তিন অঙ্গযুক্ত আপনার বিশাল সৈন্যবাহিনীকে মথিত করিয়া ফেলিলেন ॥

এইরূপ অর্জুননন্দন অভিমন্যু রণাঙ্গনে শত্রুগণের অসহ্য পরাক্রম করিয়া আপনার পদাতি যোদ্ধাদিগকে সর্ব্বতোভাবে বিনাশ করিতে লাগিলেন ॥

যেরূপ কার্ত্তিকেয় অসুরদিগের সৈন্যবাহিনীকে নষ্ট ভ্রষ্ট করিয়া থাকেন, সেইরূপ একমাত্র সুভদ্রাকুমার অভিমন্যু নিজের তীক্ষ্ণধার বাণসমূহে সমস্ত কৌরব-সৈন্যদিগকে সর্ব্বপ্রকারে ছিন্ন-ভিন্ন করিয়া দিলেন। ইহা দেখিয়া আপনার পুত্র ও সৈন্যগণ সকলে ভীত হইয়া চারিদিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন। ইঁহাদের মুখ শুষ্ক হইয়া গিয়াছিল, সর্ব্বাঙ্গ বিবর্ণ হইয়া পড়িয়াছিল এবং রোমাঞ্চ হইতে লাগিল। শত্রুগণকে জয় করিবার জন্য ইঁহাদের মনে অল্পও উৎসাহ ছিল না ॥ ৩৬-৪৪

ইঁহারা জীবনের বাসনা লইয়া নিজ নিজ বন্ধু-বান্ধব ও সম্বন্ধিগণের গোত্র এবং নাম উচ্চারণ করিতে করিতে পরস্পর ক্রন্দন করিতে থাকিলেন। সেই সময় আপনার সৈন্যরা এতাদৃশ ভীত হইয়া পড়িয়াছিলেন যে, তাঁহারা মৃত নিজেদের পুত্র, পিতৃতুল্য সম্বন্ধবিশিষ্ট ব্যক্তি, ভ্রাতা, বন্ধু ও অন্যান্য আত্মীয়গণকে পরিত্যাগ করিয়া নিজেদের অশ্ব ও হস্তীদিগকে অতিক্রত চালনা করিয়া রণভূমি হইতে পলায়ন করিলেন ॥ ৪৫-৪৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক ষট্‌ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ

[অভিমন্যোঃ পরাক্রমস্তেনাশ্মকপুত্রস্য বধঃ, শল্যস্য মোহঃ, কৌরবসেনানাং পলায়নঞ্চ।]

সঞ্জয় উবাচ।
তাং প্রভগ্নাং চমূং দৃষ্ট্বা সৌভদ্রেণামিতৌজসা।
দুর্য্যোধনো ভৃশং ক্রুদ্ধঃ স্বয়ং সৌভদ্রমভ্যয়াৎ। ১
ততো রাজানমাবৃত্তং সৌভদ্রং প্রতি সংযুগে।
দৃষ্ট্বা দ্রোণোঽব্রবীদ্ যোধান্ পরীপ্সধ্বং নরাধিপম্ ॥২
পুরাভিমন্যুর্লক্ষ্যং নঃ পশ্যতাং হন্তি বীর্য্যবান্।
তমাদ্রবত মা ভৈষ্ট ক্ষিপ্রং রক্ষত কৌরবম্। ৩

সপ্তত্রিংশ অধ্যায়।

[অভিমন্যুর পরাক্রম, তাঁহার দ্বারা অশ্মকপুত্রের সংহার, শল্যের মোহ এবং কৌরবসৈন্যদের পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! অমিততেজস্বী সুভদ্রানন্দন অভিমন্যু কৌরবসৈন্য বিতাড়িত করিয়া দিলেন। ইহা দেখিয়া স্বয়ং দুর্য্যোধন সুভদ্রাকুমারের সহিত সম্মুখসমরে মিলিত হইলেন। ১

সেই রণাঙ্গনে রাজা দুর্য্যোধনকে অভিমন্যুর দিকে ফিরিয়া আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য সমস্ত যোদ্ধাগণকে বলিলেন—বীরগণ! নরপতি দুর্য্যোধনকে তোমরা সর্ব্বদিকে রক্ষা কর ॥ ২

বলবান্ অভিমন্যু আমাদের সাক্ষাতেই নিজের লক্ষ্যভূত রাজা দুর্য্যোধনকে প্রথমেই বধ করিয়া ফেলিবে; অতএব তোমরা সকলে ধাবিত হইয়া গমন কর, ভয় করিও না, শীঘ্রই কুরুবংশীয় দুর্য্যোধনকে রক্ষা কর ॥ ৩

ততঃ কৃতজ্ঞা বলিনঃ সুহৃদো জিতকাশিনঃ।
ত্রাস্যমানা ভয়াদ্ বীরং পরিবব্রুস্তবাত্মজম্ ॥ ৪
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ কর্ণঃ কৃতবর্মা চ সৌবলঃ।
বৃহদ্বলো মদ্ররাজো ভূরিভূরিশ্রবাঃ শলঃ ॥ ৫
পৌরবো বৃষসেনশ্চ বিসৃজন্তঃ শিতাঞ্শরান্।
সৌভদ্রং শরবর্ষেণ মহতা সমবাকিরন্ ॥ ৬
সম্মোহয়িত্বা তমথ দুর্যোধনমমোচয়ন্।
আস্যাদ্ গ্রাসমিবাক্ষিপ্তং মমৃষে নার্জুনাত্মজঃ ॥ ৭
তাঞ্শরৌঘেণ মহতা সাশ্ব-সূতান্ মহারথান্।
বিমুখীকৃত্য সৌভদ্রঃ সিংহনাদমথানদৎ ॥ ৮
তস্য নাদং ততঃ শ্রুত্বা সিংহস্যেবামিষৈষিণঃ।
নামৃষ্যন্ত সুসংরব্ধাঃ পুনর্দ্রোণমুখা রথাঃ ॥ ৯
ত এনং কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ।
ব্যসৃজন্নিষুজালানি নানালিঙ্গানি সঙ্ঘশঃ ॥ ১০
তান্যন্তরিক্ষে চিচ্ছেদ পৌত্রস্তে নিশিতৈঃ শরৈঃ।
তাংশ্চৈব প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥ ১১
ততস্তে কোপিতাস্তেন শরৈরাশীবিষোপমৈঃ।
পরিবব্রুর্জিঘাংসন্তঃ সৌভদ্রমপরাজিতম্ ॥ ১২
সমুদ্রমিব পর্যস্তং ত্বদীয়ং তং বলার্ণবম্।
দধারৈকোঽর্জুনির্বাণৈর্বেলেব ভরতর্ষভ ॥ ১৩
শূরাণাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্।
অভিমন্যোঃ পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥১৪
তস্মিংস্তু ঘোরে সংগ্রামে বর্তমানে ভয়ঙ্করে।
দুঃসহো নবভির্বাণৈরভিমন্যুমবিধ্যত ॥ ১৫
দুঃশাসনো দ্বাদশভিঃ কৃপঃ শারদ্বতস্ত্রিভিঃ।
দ্রোণস্তু সপ্তদশভিঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥ ১৬
বিবিংশতিস্তু সপ্তত্যা কৃতবর্মা স সপ্তভিঃ।
বৃহদ্বলস্তথাষ্টাভিরশ্বত্থামা চ সপ্তভিঃ ॥ ১৭
ভূরিশ্রবাস্ত্রিভির্বাণৈর্মদ্রেশঃ ষড়্ভিরাশুগৈঃ।
দ্বাভ্যাং শরাভ্যাং শকুনিস্ত্রিভির্দুর্যোধনো নৃপঃ ॥১৮

মহারাজ! তদনন্তর অস্ত্রশিক্ষায় নিপুণ, বলবান্, হিতৈষী ও বিজয়শীল যোদ্ধারা (রক্ষার জন্য) আপনার বীর পুত্রকে চারিদিকে ঘিরিয়া রাখিলেন, যদিও তাঁহারা অভিমন্যুর ভয়ে ভীত হইয়া পড়িয়াছিলেন ॥ ৪

দ্রোণ, অশ্বত্থামা, কৃপাচার্য্য, কর্ণ, কৃতবর্ম্মা, সুবলপুত্র শকুনি বৃহদ্বল, মদ্ররাজ শল্য, ভূরি, ভূরিশ্রবা, শল, পৌরব ও বৃষসেন— ইঁহারা সকলে অভিমন্যুর উপর তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। ইঁহারা প্রভূত বাণবর্ষণ করিয়া অভিমন্যুকে আচ্ছাদিত করিয়াছিলেন ॥ ৫-৬

এইভাবে তাঁহাকে মোহিত করিয়া বীর যোদ্ধারা দুর্য্যোধনকে মুক্ত করিয়া লইলেন। ইহাতে মনে হইল—মুখ হইতে গ্রাস অপহৃত হইয়া পড়িল, কিন্তু অর্জুনপুত্র অভিমন্যু ইহা সহ্য করিতে পারিলেন না ॥ ৭

তখন ভয়ঙ্কর বাণবর্ষণের দ্বারা সেই মহারথীদিগকে সারথি ও অশ্বগণসহ যুদ্ধ হইতে বিমুখ করিয়া দিয়া সুভদ্রানন্দন অভিমন্যু সিংহের গর্জনের ন্যায় গর্জন করিতে লাগিলেন ॥ ৮

মাংসাশী সিংহসদৃশ অভিমন্যুর এই গর্জন শ্রবণ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ দ্রোণাদি মহারথী বীরবৃন্দ সহ্য করিতে পারিলেন না ॥৯

আর্য্য! তখন সেই মহারথী বীরগণ রথসমূহের দ্বারা তাঁহাকে কোষ্ঠে আবদ্ধ করিবার ন্যায় আবদ্ধ করিয়া তাঁহার উপর নানাপ্রকার চিহ্নযুক্ত শ্রেণীবদ্ধভাবে বহু বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন ॥ ১০

কিন্তু আপনার সেই বীর পৌত্র অভিমন্যু নিজের তীক্ষ্ণধার বাণসমূহে শত্রুগণের ঐ সকল বাণকে আকাশপথেই ছেদন করিয়া ফেলিলেন এবং এই মহারথীদিগকে আহতও করিলেন—ইহা তখন যেন এক অদ্ভুত ঘটনা ঘটিয়া গেল ॥ ১১

সেই সময় অভিমন্যুকর্তৃক বাণাবদ্ধ এই সব যোদ্ধারা বিষধর সর্পসদৃশ ভয়ঙ্কর বাণসমূহের দ্বারা অপরাজিত বীর অভিমন্যুকে বধ করিবার ইচ্ছায় তাঁহাকে আবৃত করিলেন ॥ ১২

ভরতশ্রেষ্ঠ! যেরূপ উত্তাল সমুদ্রকে তীরভূমি রোধ করিয়া থাকে, সেইরূপ আপনার সৈন্য-সাগরকে একাকী অর্জুনকুমার অভিমন্যু প্রতিরোধ করিলেন ॥ ১৩

সেই সময় পরস্পরের উপর অস্ত্রপ্রহারকারী যুদ্ধরত বিপক্ষীয় বীরগণ এবং অভিমন্যু কেহই যুদ্ধ হইতে পরাঙ্মুখ হইলেন না ॥১৪

এইভাবে তখন অতিশয় ভয়ঙ্কর ও ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল। ইহার মধ্যে আপনার পুত্র দুঃসহ নয়, দুঃশাসন বার, শরদ্বানের পুত্র কৃপাচার্য্য তিন এবং দ্রোণাচার্য্য বিষধর সর্পসদৃশ ভয়ঙ্কর সতেরটি বাণে অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥ ১৫-১৬

এইরূপে বিবিংশতি সত্তর, কৃতবর্ম্মা সাত, বৃহদ্বল আট, অশ্বত্থামা সাত, ভূরিশ্রবা তিন, মদ্ররাজ শল্য ছয়, শকুনি দুই এবং রাজা দুর্য্যোধন তিন বাণে অভিমন্যুকে আহত করিলেন ॥১৭-১৮

স তু তান্ প্রতিবিব্যাধ ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
নৃত্যন্নিব মহারাজ চাপহস্তঃ প্রতাপবান্॥ ১৯
ততোঽভিমন্যুঃ সংক্রুদ্ধস্ত্রাস্যমানস্তবাত্মজৈঃ।
বিদর্শয়ন্ বৈ সুমহচ্ছিক্ষৌরসকৃতং বলম্॥ ২০
গরুডানিলরংহোভির্যন্তুর্বাক্যকরৈর্হয়ৈঃ।
দান্তৈরশ্মকদায়াদস্তরমাণো ন্যবারয়ৎ॥ ২১
বিব্যাধ দশভির্বাণৈস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ।
তস্যাভিমন্যুর্দশভির্হয়ান্ সূতং ধ্বজং শরৈঃ॥ ২২
বাহূ ধনুঃ শিরশ্চোর্ব্যাং স্ময়মানোঽভ্যপাতয়ৎ।
ততস্তস্মিন্ হতে বীরে সৌভদ্রেণাশ্মকেশ্বরে॥ ২৩
সঞ্চচাল বলং সর্বং পলায়নপরায়ণম্।
ততঃ কর্ণঃ কৃপো দ্রোণো দ্রৌণির্গান্ধাররাট্ শলঃ॥ ২৪
শল্যো ভূরিশ্রবাঃ ক্রাথঃ সোমদত্তো বিবিংশতিঃ।
বৃষসেনঃ সুষেণশ্চ কুণ্ডভেদী প্রতর্দনঃ॥ ২৫
বৃন্দারকো ললিত্থশ্চ প্রবাহুর্দীর্ঘলোচনঃ।
দুর্যোধনশ্চ সংক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্॥ ২৬
সোঽতিবিদ্ধো মহেষ্বাসৈরভিমন্যুরজিহ্মগৈঃ।
শরমাদত্ত কর্ণায় বর্মকায়াবভেদিনম্॥ ২৭
তস্য ভিত্ত্বা তনুত্রাণং দেহং নির্ভিদ্য চাশুগঃ।
প্রাবিশদ্ ধরণীং বেগাদ্ বল্মীকমিব পন্নগঃ॥ ২৮
স তেনাতিপ্রহারেণ ব্যথিতো বিহ্বলন্নিব।
সঞ্চচাল রণে কর্ণঃ ক্ষিতিকম্পে যথাচলঃ॥ ২৯
তথান্যৈর্নিশিতৈর্বাণৈঃ সুষেণং দীর্ঘলোচনম্।
কুণ্ডভেদিঞ্চ সংক্রুদ্ধস্ত্রিভিস্ত্রীনবধীদ্ বলী॥ ৩০
কর্ণস্তং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
অশ্বত্থামা চ বিংশত্যা কৃতবর্মা চ সপ্তভিঃ॥ ৩১
স শরাচিতসর্বাঙ্গঃ ক্রুদ্ধঃ শক্রাত্মজাত্মজঃ।
বিচরন্ দদৃশে সৈন্যে পাশহস্ত ইবান্তকঃ॥ ৩২
শল্যঞ্চ শরবর্ষেণ সমীপস্থমবাকিরৎ।
উদক্রোশন্মহাবাহুস্তব সৈন্যানি ভীষয়ন্ ৩৩

মহারাজ! সেই সময় হাতে ধনু লইয়া প্রতাপশালী অভিমন্যু যেন নৃত্য করিতে করিতেই চারিদিকে ঘুরিয়া এই সব মহারথী বীরবৃন্দকে তিনটি তিনটি বাণে প্রতিবিদ্ধ করিলেন। ১৯

তখন আপনার সকল পুত্রগণ একত্রে মিলিয়া অভিমন্যুকে ভয় দেখাইতে আরম্ভ করিলেন। ইহাতে তিনি যেন ক্রোধে জলিয়া উঠিলেন এবং নিজের অস্ত্রশিক্ষা ও হৃদয়ের সর্ব্বোৎকৃষ্ট বল দেখাইতে লাগিলেন। ২০

এই সময় অশ্মকের পুত্র সারথির বাক্য পালনকারী, গরুড় ও বায়ুতুল্য বেগগামী এবং সুশিক্ষিত অশ্বগণের দ্বারা তীব্রগতিতে রণস্থলে আসিয়া অভিমন্যুকে রুদ্ধ করিলেন এবং দশটি বাণ বিদ্ধ করিলেন। তারপর বলিলেন,—দাঁড়াও, দাঁড়াও।

তখন অভিমন্যু হাস্য করিতে করিতেই অশ্মকপুত্রের অশ্বগণ, সারথি, ধ্বজ, বাহুদ্বয়, ধনু ও মস্তক দশটি বাণের দ্বারা ছেদন করিয়া ভূপাতিত করিলেন।

সুভদ্রাকুমার অভিমন্যুকর্ত্তৃক বীর অশ্মকপুত্র নিহত হইলে আপনার সকল সৈন্যই বিচলিত হইয়া পলায়ন করিতে লাগিল।

তদনন্তর কর্ণ, কৃপাচার্য্য, দ্রোণাচার্য্য, অশ্বত্থামা, গান্ধাররাজ শকুনি, শল, শল্য, ভূরিশ্রবা, সোমদত্ত, বিবিংশতি, বৃষসেন, কুণ্ডভেদী, প্রতর্দ্দন, বৃন্দারক, ললিত্থ, প্রবাহু, দীর্ঘলোচন এবং অত্যন্ত ক্রুদ্ধ দুর্য্যোধন অভিমন্যুর উপর বাণবর্ষণ আরম্ভ করিয়া দিলেন। ২১-২৬

এই মহাধনুর্দ্ধর বীরগণের দ্বারা নিক্ষিপ্ত বাণসমূহে অত্যন্ত আহত হইয়া অভিমন্যু কর্ণকে লক্ষ্য করিয়া এমন এক বাণ গ্রহণ করিলেন, যাহা তাঁহার কবচ ও দেহকে বিদীর্ণ করিতে সমর্থ ছিল। ২৭

যেরূপ সর্প বল্মীকের মধ্যে প্রবেশ করে, সেইরূপ অভিমন্যু কর্ত্তৃক নিক্ষিপ্ত সেই বাণ কর্ণের শরীর ও কবচ বিদীর্ণ করিয়া ধরাতলে প্রবেশ করিল। ২৮

যেরূপ ভূমিকম্প আরম্ভ হইলে পর্ব্বতও দুলিতে থাকে, সেইরূপ এই অত্যন্ত গুরুতর আঘাতে ব্যথিত ও যেন বিহ্বল হইয়াই কর্ণ সেই রণাঙ্গনে বিচলিত হইয়া উঠিলেন। ২৯

তারপর বলবান্ অভিমন্যু অত্যন্ত কুপিত হইয়া অন্য তীক্ষ্ণধার তিনটি বাণে সুষেণ, দীর্ঘলোচন ও কুণ্ডভেদী—এই তিন বীরকে আহত করিয়া ফেলিলেন। ৩০

তখন কর্ণ পঁচিশ, অশ্বত্থামা বিশ এবং কৃতবর্ম্মা সাতটি নারাচের দ্বারা আঘাত করিলেন। ৩১

যদিও সেই সময় ইন্দ্রনন্দন অর্জুনের পুত্র অভিমন্যুর সমস্ত অঙ্গই বাণে বাণে পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছিল, তথাপি তিনি ক্রুদ্ধ হইয়া পাশহস্ত যমরাজের ন্যায় শত্রু-সৈন্যমধ্যে বিচরণ করিতে লাগিলেন। ৩২

রাজা শল্য অভিমন্যুর পার্শ্বেই ছিলেন, তখন এই মহাবাহু বীর অভিমন্যু শল্যের উপর বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন।

ততঃ স বিদ্ধোঽস্ত্রবিদা মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ।
শল্যো রাজন্ রথোপস্থে নিষসাদ মুমোহ চ ॥ ৩৪
তং হি দৃষ্ট্বা তথা বিদ্ধং সৌভদ্রেণ যশস্বিনা।
সম্প্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ভারদ্বাজস্য পশ্যতঃ ॥ ৩৫
সম্প্রেক্ষ্য তং মহাবাহুং রুক্মপুঙ্খৈঃ সমাবৃতম্।
ত্বদীয়াঃ প্রপলায়ন্তে মৃগাঃ সিংহার্দ্দিতা ইব ॥ ৩৬

তিনি আপনার সৈন্যদিগকে ভীত করিতে করিতে উচ্চৈঃস্বরে গর্জ্জন করিতে থাকিলেন। ৩৩

রাজন্! অস্ত্রজ্ঞ অভিমন্যু কর্তৃক নিক্ষিপ্ত মর্ম্মভেদী বাণসমূহের দ্বারা আহত হইয়া রাজা শল্য রথে বসিবার আসনে বসিয়া পড়িলেন এবং মূর্চ্ছিত হইলেন। ৩৪

যশস্বী সুভদ্রানন্দন অভিমন্যু কর্তৃক শল্যকে এইভাবে বাণবিদ্ধ হইতে দেখিয়া দ্রোণাচার্য্যের সাক্ষাতেই তাঁহার সৈন্যগণ পলায়ন করিল। ৩৫

স তু রণযশসাভিপূজ্যমানঃ
পিতৃ-সুর-চারণ-সিদ্ধ-যক্ষসঙ্ঘৈঃ।
অবনিতলগতৈশ্চ ভূতসঙ্ঘৈ-
রতিবিবভৌ হুতভুগ্ যথাজ্যসিক্তঃ ॥ ৩৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৭

মহাবাহু শল্যকে অভিমন্যুর স্বর্ণময় পঙ্খযুক্ত বাণসমূহে ব্যাপ্ত হইতে দেখিয়া আপনার সকল সৈন্যই সিংহপীড়িত মৃগগণের ন্যায় তীব্র বেগে পলাইতে আরম্ভ করিল। ৩৬

দেবতাবৃন্দ, পিতৃগণ, চারণ ও সিদ্ধসকল, যক্ষগণ, ভূতলবর্ত্তী ভূতসমুদয় কর্তৃক প্রশংসিত হইয়া যুদ্ধবিষয়ক সুযশে প্রকাশিত অভিমন্যু ঘৃতধারায় অভিষিক্ত অগ্নিদেবের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ৩৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক সপ্তত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা শল্যভ্রাতুর্বধো দ্রোণাচার্য্যস্য রথসেনানাং পলায়নঞ্চ।]

ধৃতরাষ্ট্র উবাচ।
তথা প্রমথমানং তং মহেষ্বাসানজিহ্মগৈঃ।
আর্জ্জুনিং মামকাঃ সংখ্যে কে ত্বেনং সমবারয়ন্ ॥ ১
সঞ্জয় উবাচ।
শৃণু রাজন্ কুমারস্য রণে বিক্রীড়িতং মহৎ।
বিভিৎসতো রথানীকং ভারদ্বাজেন রক্ষিতম্ ॥ ২
মদ্রেশং সাদিতং দৃষ্ট্বা সৌভদ্রেণাশুগৈ রণে।
শল্যাদবরজঃ ক্রুদ্ধঃ কিরন্ বাণান্ সমভ্যয়াৎ ॥ ৩
স বিদ্ধ্বা দশভির্বাণৈঃ সাশ্ব-যন্তারমার্জ্জুনিম্।
উদক্রোশন্মহাশব্দং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ৪
তস্যার্জ্জুনিঃ শিরোগ্রীবং পাণিপাদং ধনুর্হয়ান্।
ছত্রং ধ্বজং নিয়ন্তারং ত্রিবেণুং তল্পমেব চ ॥ ৫

৩৮শ অধ্যায়।

[অভিমন্যু কর্তৃক শল্যের ভ্রাতাকে সংহার এবং দ্রোণাচার্য্যের রথী সৈন্যদের পলায়ন।]

ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন,—সঞ্জয়! অর্জ্জুনকুমার অভিমন্যু যখন এইভাবে নিজের বাণসমূহের দ্বারা প্রধান প্রধান ধনুর্দ্ধর বীরগণকেও মথিত করিতে লাগিলেন, তখন আমার পক্ষের কোন্ যোদ্ধারা তাহাকে যুদ্ধে প্রতিরোধ করিয়াছিল? ১

সঞ্জয় বলিলেন,—রাজন্! রণাঙ্গনে কুমার অভিমন্যুর বিশাল রণক্রীড়ার বর্ণনা শ্রবণ করুন। তিনি দ্রোণাচার্য্য কর্তৃক সুরক্ষিত রথী সৈন্যদিগকে বিদীর্ণ করিতে ইচ্ছুক হইয়াছিলেন। ২

সুভদ্রাকুমার রণাঙ্গনে স্বীয় শীঘ্রগামী বাণসমূহের দ্বারা আহত করিয়া মদ্ররাজ শল্যকে ধরাশায়ী করিয়া দিলেন, ইহা দেখিয়া তাঁহার কনিষ্ঠ ভ্রাতা কুপিতচিত্তে বাণবর্ষণ করিতে করিতে অভিমন্যুর উপর আক্রমণ করিলেন। ৩

তিনি তখন দশটি বাণে অশ্বগণ ও সারথি সহ অভিমন্যুকে ক্ষত-বিক্ষত করিয়া তীব্রস্বরে গর্জ্জন করিলেন এবং বলিলেন,—দাঁড়াও, দাঁড়াও। ৪

সেই সময় শীঘ্রতা সহকারে হস্ত চালাইতে নিপুণ অর্জ্জুননন্দন

চক্রং যুগঞ্চ তূণীরং হ্যনুকর্ষঞ্চ সায়কৈঃ।
পতাকাং চক্রগোপ্তারৌ সর্ব্বোপকরণানি চ ॥ ৬
লঘুহস্তঃ প্রচিচ্ছেদ দদৃশে তং ন কশ্চন।
স পপাত ক্ষিতৌ ক্ষীণঃ প্রবিদ্ধাভরণাম্বরঃ ॥ ৭
বায়ুনেব মহাশৈলঃ সম্ভগ্নোঽমিততেজসা।
অনুগাস্তস্য বিত্রস্তাঃ প্রাদ্রবন্ সর্ব্বতো দিশঃ ॥ ৮
আর্জ্জুনেঃ কর্ম তদ্ দৃষ্ট্বা সম্প্রণেদুঃ সমন্ততঃ।
নাদেন সর্ব্বভূতানি সাধু সাধ্বিতি ভারত ॥ ৯
শল্যভ্রাতর্য্যথারুগ্নে বহুশস্তস্য সৈনিকাঃ।
কুলাধিবাসনামানি শ্রাবয়ন্তোঽর্জ্জুনাত্মজম্ ॥ ১০
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
রথৈরশ্বৈর্গজৈশ্চান্যে পত্তিশ্চান্যে বলোৎকটাঃ ॥ ১১
বাণশব্দেন মহতা রথনেমিস্বনেন চ।
হুঙ্কারৈঃ ক্ষ্বেড়িতোৎক্রুষ্টৈঃ সিংহনাদৈঃ সগর্জ্জিতৈঃ ॥১২

জ্যাতলত্রস্বনৈরন্যে গর্জ্জন্তোঽর্জ্জুননন্দনম্।
ব্রুবন্তশ্চ ন নো জীবন্ মোক্ষ্যসে জীবিতাদিতি ॥ ১৩
তাংস্তথা ব্রুবতো দৃষ্ট্বা সৌভদ্রঃ প্রহসন্নিব।
যো যোঽস্মৈ প্রাহরৎ পূর্ব্বং তং তং বিব্যাধ পত্রিভিঃ ॥১৪
সন্দর্শয়িষ্যন্নস্ত্রাণি বিচিত্রাণি লঘূনি চ।
আর্জ্জুনিঃ সমরে শূরো মৃদুপূর্ব্বমযুধ্যত ॥ ১৫
বাসুদেবাদুপাত্তং যদস্ত্রং যচ্চ ধনঞ্জয়াৎ।
অদর্শয়ত তৎ কার্ষ্ণিঃ কৃষ্ণাভ্যামবিশেষবৎ ॥ ১৬
দূরমস্য গুরুং ভারং সাধ্বসঞ্চ পুনঃ পুনঃ।
সন্দধদ্ বিসৃজংশ্চেষূন্ নির্ব্বিশেষমদৃশ্যত ॥ ১৭
চাপমণ্ডলমেবাস্য বিস্ফুরদ্ দিক্ষ্বদৃশ্যত।
সুদীপ্তস্য শরৎকালে সবিতুর্ম্মণ্ডলং যথা ॥ ১৮
জ্যাশব্দঃ শুশ্রুবে তস্য তলশব্দশ্চ দারুণঃ।
মহাশনিমুচঃ কালে পয়োদস্যেব নিঃস্বনঃ ॥১৯

নিজের বাণসমূহে শল্যের ভ্রাতার মস্তক, গ্রীবা, হস্তদ্বয়, পাদদ্বয়, ধনু, অশ্বগণ, ছত্র, ধ্বজ, সারথি, ত্রিবেণু, শয্যা, চক্র, যুগ (জোয়াল), তূণ, অনুকর্ষ, পতাকা, চক্ররক্ষক এবং যুদ্ধের অন্যান্য উপকরণ সামগ্রী কাটিয়া ফেলিলেন। যেরূপ বায়ুর বেগে কোন বিশাল পর্ব্বত ভগ্ন হইয়া পতিত হয়, সেইরূপ অমিততেজস্বী অভিমন্যুর অস্ত্রাঘাতে শল্যরাজের ভ্রাতা ছিন্ন ভিন্ন হইয়া ভূপতিত হইলেন। তখন তাঁহার বস্ত্র ও আভরণ সকলও খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল।

ইহা দেখিয়া তাঁহার অনুগামী যোদ্ধারা ভীত হইয়া চারিদিকে পলায়ন করিল। ভারত! অর্জ্জুনকুমারের এই অদ্ভুত পরাক্রম দেখিয়া সমস্ত প্রাণী তাঁহাকে 'সাধুবাদ' প্রদান পূর্ব্বক চারিদিকে হর্ষধ্বনি করিতে লাগিল। ৫-৯

শল্যের ভ্রাতা নিহত হইলে পর তাঁহার বহুসংখ্যক সৈন্য নিজেদের বংশ ও নিবাস স্থানের নাম শুনাইতে শুনাইতে ক্রুদ্ধ হইয়া হস্তে নানাপ্রকার অস্ত্র-শস্ত্র গ্রহণ করত অর্জ্জুননন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন।

বহু বীর রথ, অশ্ব ও হাতীতে আরোহণ করিয়া যুদ্ধে উপস্থিত হইলেন। অন্য বহুসংখ্যক প্রচণ্ড বলশালী যোদ্ধা পদব্রজেই দৌড়াইয়া আসিলেন। বাণসমূহের শন্‌শন্ শব্দ, রথ-চক্রসকলের ঘর্ঘর তীব্র শব্দ, হুঙ্কার, কোলাহল, আহ্বান, সিংহনাদ, গর্জ্জন, ধনুর টঙ্কার ধ্বনি এবং হস্তত্রাণের চট্ চটাচট্ শব্দের সহিত তর্জ্জন গর্জ্জন করিতে করিতে অন্যান্য বহুসংখ্যক যোদ্ধাও অর্জ্জুনপুত্রকে এই কথা বলিয়া আক্রমণ করিলেন যে, আমরা তোমাকে এখন জীবিত ছাড়িব না। তোমাকে এখন অবশ্যই প্রাণত্যাগ করিতে হইবে। ১০-১৩

ইঁহাদিগকে এই কথা বলিতে দেখিয়া সুভদ্রাকুমার অভিমন্যু উচ্চৈঃস্বরে হাস্য করিতে করিতে যে যে যোদ্ধারা প্রথমে তাঁহাকে অস্ত্রপ্রহার করিয়াছিলেন, তাঁহাদের সকলকেই তিনি পক্ষযুক্ত বাণসমূহের দ্বারা বিদ্ধ করিলেন। ১৪

বীরবর অর্জ্জুননন্দন সমরাঙ্গণে স্বীয় বিচিত্র ও শীঘ্রগামী অস্ত্র-সমূহের প্রয়োগ দেখাইতে দেখাইতে প্রথমে মৃদুভাবে যুদ্ধ করিতে লাগিলেন। ১৫

ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন হইতে অভিমন্যু যে যে অস্ত্রসকল লাভ করিয়াছিলেন, সেই সেই অস্ত্র সকলকে তিনি তাঁহাদের উভয়েরই ন্যায় যুদ্ধস্থলে প্রয়োগ দেখাইতে লাগিলেন। ১৬

গুরু (অতিশয় ভারী) ভার ও ভয় ইঁহার দূর হইয়া গিয়াছিল। তিনি সেই সময় পুনঃ পুনঃ বাণসন্ধান এবং নিক্ষেপ করিতে থাকিলে কেবল একভাবেই দৃষ্ট হইতেছিলেন। ১৭

যেরূপ শরৎকালে অতিশয় প্রদীপ্ত সূর্য্যদেবের মণ্ডল দেখা যায়, সেইরূপ অভিমন্যুর মণ্ডলাকার ধনুটিকে চারিদিকেই যেন উদ্ভাসিত হইতে দেখা যাইল। ১৮

ইঁহার ধনুর গুণ এবং হস্ততলের শব্দ বর্ষাকালে ভয়ঙ্কর বজ্র-পাতকারী মেঘের গর্জ্জনের ন্যায় ভয়ঙ্কর শুনা যাইতেছিল। ১৯

শ্রীমানমর্ষী সৌভদ্রো মানকৃৎ প্রিয়দর্শনঃ।
সম্মিমানয়িষুর্বীরানিষ্বস্ত্রৈশ্চাপ্যযুধ্যত ॥ ২০

মৃদুর্ভূত্বা মহারাজ দারুণঃ সমপদ্যত।
বর্ষাভ্যতীতো ভগবাঞ্ছরদীব দিবাকরঃ ॥ ২১

শরান্ বিচিত্রান্ সুবহূন্ রুক্মপুঙ্খাঞ্ছিলাশিতান্।
মুমোচ শতশঃ ক্রুদ্ধো গভস্তীনিব ভাস্করঃ ॥ ২২

ক্ষুরপ্রৈর্বৎসদন্তৈশ্চ বিপাঠৈশ্চ মহাযশাঃ।
নারাচৈরর্ধচন্দ্রাভৈর্ভল্লৈরঞ্জলিকৈরপি ॥ ২৩

অবাকিরদ্ রথানীকং ভারদ্বাজস্য পশ্যতঃ।
ততস্তৎসৈন্যমভবদ্ বিমুখং শরপীড়িতম্ ॥ ২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮

লজ্জাশীল, অমর্ষপূর্ণ, অপরকে মানদানকারী এবং দেখিতে সকলেরই প্রিয় সুভদ্রাকুমার অভিমন্যু বিপক্ষ বীরগণের সম্মানদানের জন্যই ধনুর্বাণ ধারণ করত যুদ্ধ করিতেছিলেন ॥ ২০

মহারাজ! যেরূপ বর্ষাকাল অতিবাহিত হইলে শরৎকালে ভগবান্ সূর্য্যদেব প্রচণ্ড হইয়া উঠেন, সেইরূপ অভিমন্যু প্রথমে মৃদু থাকিলেও পরে শত্রুগণের পক্ষে অতিশয় উগ্র হইয়া উঠিলেন ॥ ২১

যেরূপ সূর্য্যদেব নিজ শত শত কিরণাবলিকে চারিদিকেই বিচ্ছুরিত করিয়া থাকেন, সেইরূপ কুপিত অভিমন্যু শিলাতে শান দিয়া ধারালকৃত, সুবর্ণময় পঙ্খভূষিত ও শত শত বিচিত্র বহুসংখ্যক বাণবর্ষণ করিতে লাগিলেন ॥ ২২

সেই মহাযশস্বী বীর অভিমন্যু দ্রোণাচার্য্যকে দেখিতে দেখিতেই তাঁহার রথসৈন্যদের উপর ক্ষুরপ্র, বৎসদন্ত, বিপাঠ, নারাচ, অর্দ্ধচন্দ্রাকার বাণ, ভল্ল এবং আঞ্জলিকাদি অস্ত্রসকল বর্ষণ করিতে লাগিলেন। ইহাতে সেই সৈন্যগণ উক্ত বাণসমূহে পীড়িত হইয়া যুদ্ধ হইতে বিমুখ হইয়া পলায়ন করিলেন ॥ ২৩-২৪

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক অষ্টত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ।

[দ্রোণাচার্য্যেণাভিমন্যুপরাক্রমস্য প্রশংসা, দুর্য্যোধনানুজ্ঞয়াভিমন্যুনা সহ দুঃশাসনস্য যুদ্ধারম্ভশ্চ]

ধৃতরাষ্ট্র উবাচ।

দ্বৈধীভবতি মে চিত্তং হ্রিয়া তুষ্ট্যা চ সঞ্জয়।
মম পুত্রস্য যৎ সৈন্যং সৌভদ্রঃ সমবারয়ৎ ॥ ১

বিস্তরেণৈব মে শংস সর্বং গাবল্গণে পুনঃ।
বিক্রীড়িতং কুমারস্য স্কন্দস্যেবাসুরৈঃ সহ ॥ ২

সঞ্জয় উবাচ।

হন্ত তে সম্প্রবক্ষ্যামি বিমর্দমতিদারুণম্।
একস্য চ বহূনাঞ্চ যথাসীৎ তুমুলো রণঃ ॥ ৩

অভিমন্যুঃ কৃতোৎসাহঃ কৃতোৎসাহানরিন্দমান্।
রথস্থো রথিনঃ সর্বাংস্তাবকানভ্যবর্ষয়ৎ ॥ ৪

একোনচত্বারিংশ অধ্যায়।

[দ্রোণাচার্য্যকর্ত্তৃক অভিমন্যুর পরাক্রমের প্রশংসা এবং দুর্য্যোধনের আদেশে অভিমন্যুর সহিত দুঃশাসনের যুদ্ধ আরম্ভ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! সুভদ্রাকুমার অভিমন্যু যে আমার সৈন্যদের অগ্রগতি রোধ করিয়া ফেলিল; ইহা শুনিয়া লজ্জা ও প্রসন্নতা—এই উভয়ে আমার চিত্ত উভয় অবস্থা প্রাপ্ত (অথবা দ্বিধাগ্রস্ত) হইল ॥ ১

গবল্গণপুত্র! যেরূপ কুমার কার্ত্তিকেয় অসুরগণের সহিত রণক্রীড়া করিয়াছিলেন, সেইরূপ কুমার অভিমন্যু যে রণক্রীড়া করিয়াছিল, তাহা তুমি আমাকে সবিস্তারে বল ॥ ২

সঞ্জয় বলিলেন,—মহারাজ! আমি অত্যন্ত খেদের সহিত আপনার সেই মহাভয়ঙ্কর জনক্ষয়ের বৃত্তান্ত বলিতেছি, যেখানে এক বীরের বহুসংখ্যক মহারথী বীরের সহিত তুমুল যুদ্ধ হইয়াছিল ॥ ৩

অভিমন্যু যুদ্ধের জন্য অতিশয় উৎসাহী ছিলেন। তিনি রথে উপবেশন করিয়া আপনার উৎসাহশালী শত্রুদমন সমস্ত রথী বীরগণের উপর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥ ৪

দ্রোণং কর্ণং কৃপং শল্যং দ্রৌণিং ভোজং বৃহদ্বলম্।
দুর্য্যোধনং সৌমদত্তিং শকুনিঞ্চ মহাবলম্॥ ৫
নানানৃপান্ নৃপসুতান্ সৈন্যানি বিবিধানি চ।
অলাতচক্রবৎ সর্ব্বাংশ্চরন্ বাণৈঃ সমার্পয়ৎ॥ ৬
নিঘ্নন্নমিত্রান্ সৌভদ্রঃ পরমাস্ত্রৈঃ প্রতাপবান্।
অদর্শয়ত তেজস্বী দিক্ষু সর্ব্বাসু ভারত॥ ৭
তদ্ দৃষ্ট্বা চরিতং তস্য সৌভদ্রস্যামিতৌজসঃ।
সমকম্পন্ত সৈন্যানি ত্বদীয়ানি সহস্রশঃ॥ ৮
অথাব্রবীন্মহাপ্রাজ্ঞো ভারদ্বাজঃ প্রতাপবান্।
হর্ষেণোৎফুল্লনয়নঃ কৃপমাভাষ্য সত্বরম্॥ ৯
ঘট্টয়ন্নিব মর্ম্মাণি পুত্রস্য তব ভারত।
অভিমন্যুং রণে দৃষ্ট্বা তদা রণবিশারদম্॥ ১০
এষ গচ্ছতি সৌভদ্রঃ পার্থানাং প্রথিতো যুবা।
নন্দয়ন্ সুহৃদঃ সর্ব্বান্ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্॥ ১১

দ্রোণ, কর্ণ, কৃপ, শল্য, অশ্বত্থামা, ভোজবংশীয় কৃতবর্ম্মা, বৃহদ্বল, দুর্য্যোধন, ভূরিশ্রবা, মহাবল শকুনি, বহুসংখ্যক নরপতি ও রাজকুমার এবং তাঁহাদের নানাপ্রকার সৈন্যবাহিনীর উপর অভিমন্যু অলাতচক্রের ন্যায় চারিদিকে ঘুরিতে ঘুরিতে বাণসমূহ প্রহার করিতেছিলেন। ৫-৬

ভারত! প্রতাপশালী ও তেজস্বী বীর সুভদ্রানন্দন নিজের দিব্যাস্ত্রসমূহের দ্বারা শত্রুদিগকে নাশ করিতে করিতে চারিদিকেই দৃষ্টিগোচর হইতেছিলেন। ৭

অমিততেজস্বী সুভদ্রাকুমার অভিমন্যুর এই চরিত্র দেখিয়া আপনার সহস্র সহস্র সৈন্য ভয়ে কাঁপিতে লাগিল। ৮

তদনন্তর পরম বুদ্ধিমান্ ও প্রতাপশালী বীর দ্রোণাচার্য্যের নেত্র হর্ষে উৎফুল্ল হইয়া উঠিল। ভারত! তিনি যুদ্ধবিশারদ অভিমন্যুকে যুদ্ধে অবস্থিত দেখিয়া আপনার পুত্র দুর্য্যোধনের মর্ম্মস্থলে আঘাত করিতে করিতেই যেন সেই সময় অতি সত্বর কৃপাচার্য্যকে সম্বোধিত করিয়া বলিলেন। ৯-১০

এই পার্থবংশের (কুন্তীপুত্রকুলের) প্রসিদ্ধ তরুণ বীর সুভদ্রানন্দন অভিমন্যু নিজের সমস্ত সুহৃদ্গণকে এবং রাজা যুধিষ্ঠির, নকুল, সহদেব পাণ্ডুপুত্র ভীমসেন, অন্যান্য ভ্রাতাদি বন্ধুবর্গ, সম্বন্ধী ও মধ্যস্থ সুহৃদ্গণকে আনন্দদান করিতে করিতে অগ্রসর হইতেছে। ১১-১২

নকুলং সহদেবঞ্চ ভীমসেনঞ্চ পাণ্ডবম্।
বন্ধূন্ সম্বন্ধিনশ্চান্যান্ মধ্যস্থান্ সুহৃদস্তথা॥ ১২
নাস্য যুদ্ধে সমং মন্যে কঞ্চিদন্যং ধনুর্ধরম্।
ইচ্ছন্ হন্যাদিমাং সেনাং কিমর্থমপি নেচ্ছতি॥ ১৩
দ্রোণস্য প্রীতিসংযুক্তং শ্রুত্বা বাক্যং তবাত্মজঃ।
আর্জুনিং প্রতি সংক্রুদ্ধো দ্রোণং দৃষ্ট্বা স্ময়ন্নিব॥ ১৪
অথ দুর্য্যোধনঃ কর্ণমব্রবীদ্ বাহ্লীকং নৃপঃ।
দুঃশাসনং মদ্ররাজং তাংস্তথান্যান্ মহারথান্॥ ১৫
সর্ব্বমূর্ধাভিষিক্তানামাচার্য্যো ব্রহ্মবিত্তমঃ।
অর্জুনস্য সুতং মূঢ়ং নায়ং হন্তুমিহেচ্ছতি॥ ১৬
ন হ্যস্য সমরে মুচ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ।
কিমঙ্গং পুনরেবান্যো মর্ত্যঃ সত্যং ব্রবীমি বঃ॥ ১৭
অর্জুনস্য সুতং ত্বেষ শিষ্যত্বাদভিরক্ষতি।
শিষ্যাঃ পুত্রাশ্চ দয়িতাস্তদপত্যঞ্চ ধর্মিণাম্॥ ১৮

আমি অন্য কোনও ধনুর্দ্ধর বীরকে ইঁহার সদৃশ বীর বলিয়া মনে করি না। যদি সে ইচ্ছা করে, তবে সমস্ত সৈন্যবাহিনীকেই বিনাশ করিতে পারিবে; কিন্তু জানি না, কেন সে এরূপ ইচ্ছা করিতেছে না। ১৩

অভিমন্যুর সম্বন্ধে দ্রোণাচার্য্যের এই প্রীতিপূর্ণ বাক্য শ্রবণ করিয়া আপনার পুত্র রাজা দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া উঠিলেন এবং দ্রোণাচার্য্যের দিকে দৃষ্টিপাতপূর্ব্বক ঈষৎ হাস্যসহকারে কর্ণ, বাহ্লীক, দুঃশাসন, মদ্ররাজ শল্য এবং অন্যান্য মহারথীদিগকে বলিলেন। ১৪-১৫

এই সমস্ত মূর্দ্ধাভিষিক্ত নৃপগণের আচার্য্য ও সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মবিদ্ দ্রোণ অর্জুনের এই মূঢ় পুত্রকে বধ করিতে অভিলাষী নন্। ১৬

বীরগণ! আমি আপনাদের এই সত্য কথা বলিতেছি যে, যদি ইনি যুদ্ধে বধ করিবার ইচ্ছা করিয়া থাকেন, তবে ইঁহার সম্মুখে যদি সাক্ষাৎ যমরাজও উপস্থিত হন; তাহা হইলে তিনি ইঁহার নিকটে অবস্থান করিতে সমর্থ হন্ না, এরূপ স্থলে মরণধর্ম্মশীল মনুষ্যদিগের কথা আর কি বলিবার আছে? ১৭

কিন্তু ইনি অর্জুনের পুত্রকে রক্ষা করিয়া যাইতেছেন; কারণ, অর্জুন ইঁহার শিষ্য। শিষ্য আর পুত্র ইঁহারা উভয়ে ত' সকলেরই প্রিয়; এমন কি ইঁহাদের সন্তানগণও ধর্ম্মাত্মা পুরুষের প্রিয় হইয়া থাকে। ১৮

সংরক্ষ্যমাণো দ্রোণেন মন্যতে বীর্য্যমাত্মনঃ।
আত্মসম্ভাবিতো মূঢ়স্তং প্রমথ্নীত মা চিরম্ ॥১৯

এবমুক্তাস্তু তে রাজ্ঞা সাত্বতীপুত্রমভ্যয়ুঃ।
সংরব্ধাস্তে জিঘাংসন্তো ভারদ্বাজস্য পশ্যতঃ ॥ ২০

দুঃশাসনস্তু তচ্ছ্রুত্বা দুর্য্যোধনবচস্তদা।
অব্রবীৎ কুরুশার্দূল দুর্য্যোধনমিদং বচঃ ॥২১

অহমেনং হনিষ্যামি মহারাজ ব্রবীমি তে।
মিষতাং পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ পশ্যতাম্ ॥ ২২

গ্রসিষ্যাম্যদ্য সৌভদ্রং যথা রাহুর্দিবাকরম্।
উৎক্রুশ্য চাব্রবীদ্ বাক্যং কুরুরাজমিদং পুনঃ ॥ ২৩

শ্রুত্বা কৃষ্ণৌ ময়া গ্রস্তং সৌভদ্রমতিমানিনৌ।
গমিষ্যতঃ প্রেতলোকং জীবলোকান্ন সংশয়ঃ ॥ ২৪

তৌ চ শ্রুত্বা মৃতৌ ব্যক্তং পাণ্ডোঃ ক্ষেত্রোদ্ভবাঃ সুতাঃ।
একাহ্না সসুহৃদ্বর্গাঃ ক্লৈব্যাদ্ধাস্যন্তি জীবিতম্ ॥ ২৫

তস্মাদস্মিন্ হতে শত্রৌ হতাঃ সর্বেঽহিতাস্তব।
শিবেন মাং ধ্যাহি রাজন্নেষ হন্মি রিপুংস্তব ॥ ২৬

এবমুক্ত্বানদদ্ রাজন্ পুত্রো দুঃশাসনস্তব।
সৌভদ্রমভ্যয়াৎ ক্রুদ্ধঃ শরবর্ষৈরবাকিরন্ ॥ ২৭

তমতিক্রুদ্ধমায়ান্তং তব পুত্রমরিন্দমঃ।
অভিমন্যুঃ শরৈস্তীক্ষ্ণৈঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥ ২৮

দুঃশাসনস্তু সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অযোধয়ত সৌভদ্রমভিমন্যুশ্চ তং রণে ॥ ২৯

তৌ মণ্ডলানি চিত্রাণি রথাভ্যাং সব্য-দক্ষিণাম্।
চরমাণাবযুধ্যেতাং রথশিক্ষাবিশারদৌ ॥ ৩০

এই অভিমন্যু দ্রোণাচার্য কর্ত্তৃক রক্ষিত হইতেছে বলিয়া সে যুদ্ধে নিজের বল ও পরাক্রমের অভিমান করিতেছে। এই মূর্খ অভিমন্যু অকারণ আত্মশ্লাঘাকারী, সুতরাং আপনারা সকলে মিলিত হইয়া ইহাকে বিনাশ করুন। ১৯

রাজা দুর্য্যোধন এই কথা বলিলে পর সেই সকল বীরগণ অত্যন্ত কুপিত হইয়া সুভদ্রাকুমার অভিমন্যুকে বধ করিবার ইচ্ছায় দ্রোণাচার্য্যকে দেখিতে দেখিতেই তাঁহার উপর আক্রমণ করিলেন ॥ ২০

কুরুশ্রেষ্ঠ! সেই সময় দুর্য্যোধনের পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়া দুঃশাসন তাঁহাকে এই কথা বলিলেন ॥ ২১

মহারাজ! আমি আপনাকে (প্রতিজ্ঞাপূর্ব্বক) বলিতেছি যে, আমি পাঞ্চাল ও পাণ্ডবগণের সাক্ষাতেই এই অভিমন্যুকে বধ করিব ॥ ২২

যেরূপ রাহু সূর্য্যকে গ্রাস করিয়া থাকে, সেইরূপ আজ আমি সুভদ্রানন্দন অভিমন্যুকে গ্রাস করিয়া লইব। এই কথা বলিয়াই তিনি উচ্চৈঃস্বরে গর্জন করিতে করিতে পুনরায় কুরুরাজ দুর্য্যোধনকে এই কথা বলিলেন ॥ ২৩

সুভদ্রানন্দন অভিমন্যুকে আমার দ্বারা কাল-কবলিত হইতে শুনিয়া অত্যন্ত অভিমানী শ্রীকৃষ্ণ ও অর্জুন এই জীবলোক হইতে প্রেতলোকে গমন করিবে—ইহাতে কোনও সংশয় নাই ॥ ২৪

ইহাদের দুইজনকে (শ্রীকৃষ্ণ ও অর্জুনকে) নিহত শুনিয়া পাণ্ডুর ক্ষেত্রে উৎপন্ন অন্য চারিজন পাণ্ডব কাপুরুষতা-বশতঃ নিজের সুহৃদ্‌বর্গের সহিত একই দিনে প্রাণত্যাগ করিবে ॥ ২৫

অতএব এই আমাদের একমাত্র শত্রু অভিমন্যু নিহত হইলেই আপনার সমস্ত অন্য শত্রুরাও স্বতই নষ্ট হইয়া যাইবে। রাজন্! আপনি আমার কল্যাণ কামনা করুন। এই আমি এখনই আপনার শত্রুদিগকে বধ করিবে। ২৬

মহারাজ! এই কথা বলিয়া আপনার পুত্র দুঃশাসন উচ্চৈঃস্বরে গর্জন করিতে আরম্ভ করিলেন। তিনি ক্রুদ্ধ হইয়া সুভদ্রানন্দন অভিমন্যুর উপর বাণ বর্ষণ করিতে করিতে তাঁহার সম্মুখে গমন করিলেন। ২৭

আপনার পুত্র দুঃশাসনকে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আসিতে দেখিয়া শত্রুদমন অভিমন্যু ছাব্বিশটি তীক্ষ্ণধার বাণে তাঁহাকে আহত করিয়া ফেলিলেন। ২৮

মদধারাবাহী গজরাজ-সদৃশ ক্রুদ্ধ দুঃশাসন সেই রণাঙ্গনে অভিমন্যুর সহিত এবং অভিমন্যু দুঃশাসনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥ ২৯

রথ-যুদ্ধে নিপুণ এই উভয় যোদ্ধাই রথের দ্বারা দক্ষিণে বামে বিচিত্র মণ্ডলাকার গতিতে বিচরণ করিতে করিতে যুদ্ধ করিতেছিলেন। ৩০

অথ পণব-মৃদঙ্গ-দুন্দুভীনাং
ক্রকচ-মহানক-ভেরি-ঝর্ঝরাণাম্।
নিনদমতিভৃশং নরাঃ প্রচক্রু-
র্লবণজলোদ্ভবসিংহনাদমিশ্রম্॥ ৩১

সেই সময় বাদ্যবাদকগণ ঢোল, মৃদঙ্গ, দুন্দুভি, ক্রকচ, বড় ঢোল, ভেরি ও ঝর্ঝরসকলের অত্যন্ত ভয়ঙ্কর শব্দ করিতে লাগিলেন। ইহার সহিত শঙ্খ ও সিংহনাদের ধ্বনিও মিলিত হইয়াছিল॥ ৩১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি দুঃশাসনযুদ্ধে একোনচত্বারিংশোঽধ্যায়ঃ॥

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে দুঃশাসনের একোনচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা দুঃশাসনস্য কর্ণস্য চ পরাজয়ঃ]

সঞ্জয় উবাচ।

(ততঃ সমভবদ্ যুদ্ধং তয়োঃ পুরুষসিংহয়োঃ।
তস্মিন্ কালে মহাবাহুঃ সৌভদ্রঃ পরবীরহা॥
সশরং কার্ম্মুকং ছিত্ত্বা লাঘবেন ব্যপাতয়ৎ।
দুঃশাসনং শরৈর্ঘোরৈঃ সন্ততক্ষ সমন্ততঃ॥)
শরবিক্ষতগাত্রং তু প্রত্যমিত্রমবস্থিতম্।
অভিমন্যুঃ স্ময়ন্ ধীমান্ দুঃশাসনমথাব্রবীৎ॥ ১
দিষ্ট্যা পশ্যামি সংগ্রামে মানিনং শূরমাগতম্
নিষ্ঠুরং ত্যক্তধর্মাণমাক্রোশনপরায়ণম্॥
যৎ সভায়াং ত্বয়া রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য শৃণ্বতঃ।
কোপিতঃ পরুষৈর্বাক্যৈর্ধর্মরাজো যুধিষ্ঠিরঃ॥ ৩
জয়োন্মত্তেন ভীমশ্চ বহ্ববদ্ধং প্রভাষিতঃ।
অক্ষকূটং সমাশ্রিত্য সৌবলস্যাত্মনো বলম্॥ ৪
তৎ ত্বয়েদমনুপ্রাপ্তং তস্য কোপান্মহাত্মনঃ।
পরবিত্তাপহারস্য ক্রোধস্যাপ্রশমস্য চ॥ ৫
লোভস্য জ্ঞাননাশস্য দ্রোহস্যাত্যাহিতস্য চ।
পিতৄণাং মম রাজ্যস্য হরণস্যোগ্রধন্বিনাম্॥ ৬
তৎ ত্বয়েদমনুপ্রাপ্তং প্রকোপাদ্ বৈ মহাত্মনাম্।
স তস্যোগ্রমধর্মস্য ফলং প্রাপ্নুহি দুর্মতে॥ ৭

চত্বারিংশ অধ্যায়

[অভিমন্যু কর্তৃক দুঃশাসন ও কর্ণের পরাজয়।]

(সঞ্জয় বলিলেন,—রাজন্! তদনন্তর এই দুই পুরুষশ্রেষ্ঠের মধ্যে ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল। সেই সময় শত্রুবীরগণের সংহারকারী মহাবাহু সুভদ্রানন্দন অভিমন্যু অতিশয় দক্ষতার সহিত দুঃশাসনের বাণ সহ ধনুটিকে ছেদন করিয়া ফেলিলেন এবং তাঁহাকে নিজের ভয়ঙ্কর বাণসমূহের দ্বারা ক্ষত বিক্ষত করিয়া দিলেন।)

তাহার পর বুদ্ধিমান্ অভিমন্যু ঈষৎ হাস্য সহকারে বিপক্ষরূপে সম্মুখে স্থিত এবং বাণসমূহে অত্যন্ত ক্ষত-বিক্ষত দেহ দুঃশাসনকে এই কথা বলিলেন॥ ১

ভাগ্যবশতঃ আজ আমি যুদ্ধের সম্মুখে উপস্থিত এবং নিজেকে শূরবীর বলিয়া অভিমানকারী তোমার ন্যায় নিষ্ঠুর, ধর্মত্যাগী ও অপরের নিন্দায় সর্বদা তৎপর শত্রুকে প্রত্যক্ষ দেখিতে পাইলাম॥ ২

অরে মূর্খ! তুমি পাশাখেলায় জয়লাভ করিয়া উন্মত্ত হইয়া সভাস্থলে রাজা যুধিষ্ঠিরকে শুনাইতে শুনাইতে নিজের নিষ্ঠুর বাক্যের দ্বারা ধর্মরাজ যুধিষ্ঠিরকে যে ক্রুদ্ধ করিয়াছিলে এবং শকুনির আত্মবল—পাশাখেলায় ছল কপটতার সাহায্য লইয়া ভীমসেনের প্রতি যে সমস্ত কটুবাক্য বলিয়াছিলে, ইহাতে সেই মহাত্মা ধর্মরাজের যে ক্রোধ হইয়াছিল, তাহারই সেই ফলের জন্য আজ তোমাকে এরূপে দুর্দিনে পড়িতে হইয়াছে॥

অপরের ধন অপহরণ, ক্রোধ, অশান্তি, লোভ, জ্ঞানলোপ, দ্রোহ, দুঃসাহসিকতা পূর্ণ ব্যবহার এবং আমার উগ্র ধনুর্দ্ধর পিতৃগণের রাজ্য অপহরণ—এ সমস্ত অপকর্মের ফলস্বরূপ সেই মহাত্মা পাণ্ডবগণের ক্রোধে আজ তোমাকে এই দুর্দিন লাভ করিতে হইয়াছে॥

দুর্মতি! তুমি তোমার সেই অধর্মের ভয়ঙ্কর ফল আজ প্রাপ্ত হও। আজ আমি সমস্ত সৈন্যবাহিনীর সাক্ষাতেই

শাসিতাস্ম্যস্ত তে বাণৈঃ সর্বসৈন্যস্য পশ্যতঃ।
অদ্যাহমনৃণস্তস্য কোপস্য ভবিতা রণে ॥ ৮
অমর্ষিতায়াঃ কৃষ্ণায়াঃ কাঙ্ক্ষিতস্য চ মে পিতুঃ।
অদ্য কৌরব্য ভীমস্য ভবিতাস্ম্যনৃণো যুধি ॥৯
ন হি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎসৃজসে রণম্।
এবমুক্ত্বা মহাবাহুর্বাণং দুঃশাসনান্তকম্ ॥ ১০
সন্দধে পরবীরঘ্নঃ কালাগ্ন্যানিলবর্চসম্।
তস্যোরস্তূর্ণমাসাদ্য জত্রুদেশে বিভিদ্য তম্ ॥ ১১
জগাম সহ পুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ।
অথৈনং পঞ্চবিংশত্যা পুনরেব সমার্পয়ৎ ॥ ১২
শরৈরগ্নিসমস্পর্শৈরাকর্ণসমচোদিতৈঃ।
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ ॥ ১৩
দুঃশাসনো মহারাজ কশ্মলং চাবিশন্মহৎ।
সারথিস্ত্বরমাণস্তু দুঃশাসনমচেতনম্ ॥ ১৪
রণমধ্যাদপোবাহ সৌভদ্রশরপীড়িতম্।
পাণ্ডবা দ্রৌপদেয়াশ্চ বিরাটশ্চ সমীক্ষ্য তম্ ॥ ১৫
পাঞ্চালাঃ কেকয়াশ্চৈব সিংহনাদমথানদন্।
বাদিত্রাণি চ সর্বাণি নানালিঙ্গানি সর্বশঃ ॥ ১৬
প্রাবাদয়ন্ত সংহৃষ্টাঃ পাণ্ডূনাং তত্র সৈনিকাঃ।
অপশ্যন্ স্ময়মানাশ্চ সৌভদ্রস্য বিচেষ্টিতম্ ॥ ১৭
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্বা শত্রুং পরাজিতম্।
ধর্মমারুতশক্রাণামশ্বিনোঃ প্রতিমাস্তথা ॥ ১৮
ধারয়ন্তো ধ্বজাগ্রেষু দ্রৌপদেয়া মহারথাঃ।
সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্ন-শিখণ্ডিনৌ ॥ ১৯
কেকয়া ধৃষ্টকেতুশ্চ মৎস্যাঃ পাঞ্চাল-সৃঞ্জয়াঃ।
পাণ্ডবাশ্চ মুদা যুক্তা যুধিষ্ঠিরপুরোগমাঃ ॥ ২০
অভ্যদ্রবন্ত ত্বরিতা দ্রোণানীকং বিভিৎসবঃ।
ততোঽভবন্মহাযুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ ॥ ২১

নিজের তীক্ষ্ণ বাণসমূহে তোমাকে দণ্ড দান করিব। আজ আমি যুদ্ধে সেই মহাত্মা পিতৃগণের ক্রোধের প্রতিশোধ গ্রহণ করিয়া তাঁহাদের নিকট হইতে ঋণমুক্ত হইব। ৩-৮

কুরুকুলকলঙ্ক! আজ অমর্ষপূর্ণা মাতা দ্রৌপদী ও পিতৃতুল্য ভীমসেনের অভীষ্ট মনোরথ পূর্ণ করিয়া এই যুদ্ধে তাঁহাদের ঋণ হইতে আমি মুক্ত হইব। ৯

যদি তুমি যুদ্ধ ত্যাগ করিয়া পলাইয়া না যাও, তবে আজ তোমাকে আমার নিকট হইতে জীবন লইয়া যাইতে হইবে না। এই কথা বলিয়া শত্রুবীরনাশকারী মহাবাহু অভিমন্যু কাল, অগ্নি ও বায়ুতুল্য তেজস্বী একটি বাণ সন্ধান করিলেন, যাহা দুঃশাসনের প্রাণ হরণ করিতে সমর্থ ছিল।

এই বাণ অতিক্রত তাঁহার বক্ষঃস্থলে যাইয়া তাঁহার কণ্ঠদেশ-সংলগ্ন স্থান বিদীর্ণ করিতে করিতে পক্ষসহ অন্তরে প্রবিষ্ট হইল ইহাতে তখন মনে হইতেছিল—কোন একটি সর্প বল্মীক-গর্ত্তে প্রবেশ করিতেছে। তারপর অভিমন্যু দুঃশাসনকে আরও পঁচিশটি বাণ প্রহার করিলেন। ১০-১২

ধনুটিকে কর্ণ পর্য্যন্ত আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত অগ্নিতুল্য স্পর্শ-যুক্ত সেই সমস্ত বাণে গভীর আঘাত পাইয়া দুঃশাসন ব্যথিতচিত্তে রথের বসিবার আসনে বসিয়া পড়িলেন। ১৩

মহারাজ! সেই সময় দুঃশাসন অতিশয় মোহাবিষ্ট হইলেন। তখন অভিমন্যুর বাণসমূহে পীড়িত এবং অচেতন দুঃশাসনকে সারথি অত্যন্ত ব্যগ্রতার সহিত যুদ্ধস্থল হইতে বাহিরে লইয়া যাইল॥

সেই সময় পাণ্ডবগণ, পঞ্চ দ্রৌপদীনন্দন, রাজা বিরাট, পাঞ্চাল যোদ্ধারা ও কেকয়-যোদ্ধারা দুঃশাসনকে পরাজিত হইতে দেখিয়া উচ্চৈঃস্বরে সিংহনাদ করিতে লাগিলেন।

পাণ্ডব সৈন্যগণ তখন সেই স্থানে অতিশয় হৃষ্ট হইয়া নানা-প্রকার রণ-বাদ্যসমূহ বাজাইতে আরম্ভ করিলেন এবং হাস্য করিতে করিতে সুভদ্রানন্দন অভিমন্যুর যুদ্ধ দেখিতে লাগিলেন। ১৪-১৭

গর্ব্বিত নিজের অত্যন্ত শত্রু দুঃশাসনকে পরাজিত হইতে দেখিয়া নিজেদের ধ্বজার অগ্রভাবে ধর্ম, বায়ু, ইন্দ্র ও অশ্বিনী-কুমারদ্বয়ের প্রতিমা ধারণকারী মহারথী দ্রৌপদী কুমারগণ, সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, কেকয়-রাজকুমারবৃন্দ, ধৃষ্টকেতু, মৎস্য, পাঞ্চাল, সৃঞ্জয় ও যুধিষ্ঠিরাদি পাণ্ডবেরা হর্ষের সহিত অতি সত্বর দ্রোণাচার্য্যের ব্যূহ ভেদ করিবার ইচ্ছায় তাঁহার উপর আক্রমণ করিলেন।

তদনন্তর বিজয়াভিলাষী ও অপরাজিত আপনার বীর সৈন্যদের সহিত শত্রুগণের ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল॥

মহারাজ! যখন এইরূপে অত্যন্ত ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইয়া যাইল, তখন দুর্য্যোধন রাধাপুত্র কর্ণকে এই কথা বলিলেন॥

জয়মাকাঙ্ক্ষমাণানাং শূরাণামনিবর্তিনাম্।
তথা তু বর্তমানে বৈ সংগ্রামেঽতিভয়ঙ্করে ॥ ২২
দুর্য্যোধনো মহারাজ রাধেয়মিদমব্রবীৎ।
পশ্য দুঃশাসনং বীরমভিমন্যুবশং গতম্ ॥ ২৩
প্রতপন্তমিবাদিত্যং নিঘ্নন্তং শাত্রবান্ রণে।
অথ চৈতে সুসংরব্ধাঃ সিংহা ইব বলোৎকটাঃ ॥ ২৪
সৌভদ্রমুদ্যতাস্ত্রাতুমভ্যধাবন্ত পাণ্ডবাঃ।
ততঃ কর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈরভিমন্যুং দুরাসদম্ ॥ ২৫
অভ্যবর্ষত সংক্রুদ্ধঃ পুত্রস্য হিতকৃৎ তব।
তস্য চানুচরাংস্তীক্ষ্ণৈর্বিব্যাধ পরমেষুভিঃ ॥ ২৬
অবজ্ঞাপূর্বকং শূরঃ সৌভদ্রস্য রণাজিরে।
অভিমন্যুস্তু রাধেয়ং ত্রিসপ্তত্যা শিলীমুখৈঃ ॥ ২৭
অবিধ্যৎ ত্বরিতো রাজন্ দ্রোণং প্রেপ্সুর্মহামনাঃ।
তং তথা নাশকৎ কশ্চিদ্ দ্রোণাদ্ বারয়িতুং রথী ॥২৮
আরুজন্তং রথব্রাতান্ বজ্রহস্তাত্মজাত্মজম্।

কর্ণ! দেখুন, বীর দুঃশাসন সূর্য্যতুল্য শত্রুসৈন্যদিগকে সন্তপ্ত করিতে করিতে তাহাদের সংহার করিতেছিল, এই অবস্থায় সে অভিমন্যুর বশীভূত হইয়া পড়ে ॥

অন্য দিকে অতিশয় ক্রুদ্ধ পাণ্ডবগণ সুভদ্রানন্দন অভিমন্যুকে রক্ষা করিবার জন্য উদ্যত হইয়া প্রচণ্ড বলশালী সিংহের ন্যায় ধাবিত হইতেছে ॥

ইহা শুনিয়া আপনার পুত্রের হিতকামী কর্ণ অত্যন্ত ক্রোধের সহিত দুর্দ্ধর্ষ বীর অভিমন্যুর অনুগামীদিগকেও তীক্ষ্ণ এবং উত্তম বাণসমূহের দ্বারা অবহেলাক্রমে বিদ্ধ করিলেন ॥

রাজন্! সেই সময় মহামনা অভিমন্যু দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইবার ইচ্ছায় অতি সত্বর তিয়াত্তরটি বাণের দ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥

এই সময় কোনও বীর রথী রথসমূহ বিধ্বস্তকারী ইন্দ্রপুত্র অর্জ্জুনের সেই তনয়কে দ্রোণাচার্য্যের নিকটে যাইতে বাধা দিতে সমর্থ হইল না ॥

জয়াভিলাষী, সমস্ত ধনুর্দ্ধরগণের মধ্যে মানী, অস্ত্রবিদ্‌বৃন্দের মধ্যে শ্রেষ্ঠ, পরশুরামের শিষ্য এবং প্রতাপশালী বীর কর্ণ নিজের উত্তম অস্ত্রসকলের প্রয়োগ দেখাইতে থাকিয়া শত শত বাণের দ্বারা শত্রুদুর্জ্জয় সুভদ্রানন্দন অভিমন্যুকে বিদ্ধ করিলেন এবং রণাঙ্গনে তাঁহাকে পীড়িত করিতে লাগিলেন ॥

ততঃ কর্ণো জয়প্রেপ্সুর্মানী সর্বধনুষ্মতাম্ ॥২৯
সৌভদ্রং শতশোঽবিধ্যদুত্তমাস্ত্রাণি দর্শয়ন্।
সোঽস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো রামশিষ্যঃ প্রতাপবান্ ॥ ৩০
সমরে শত্রুদুর্ধর্ষমভিমন্যুমপীড়য়ৎ।
স তথা পীড্যমানস্তু রাধেয়েনাস্ত্রবৃষ্টিভিঃ ॥ ৩১
সমরেঽমরসঙ্কাশঃ সৌভদ্রো ন ব্যশীর্য্যত।
ততঃ শীলাশিতৈস্তীক্ষ্ণৈর্ভল্লৈরানতপর্বভিঃ ॥ ৩২
ছিত্ত্বা ধনূংষি শূরাণামার্জুনিঃ কর্ণমার্দয়ৎ।
ধনুর্মণ্ডলনির্মুক্তৈঃ শরৈরাশীবিষোপমৈঃ ॥ ৩৩
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব।
কর্ণোঽপি চাস্য চিক্ষেপ বাণান্ সন্নতপর্বণঃ ॥ ৩৪
অসম্ভ্রান্তশ্চ তান্ সর্বানগৃহ্নাৎ ফাল্গুনাত্মজঃ।
ততো মুহূর্তাৎ কর্ণস্য বাণেনৈকেন বীর্য্যবান্ ॥৩৫
সধ্বজং কার্মুকং বীরশ্ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ।
ততঃ কৃচ্ছ্রগতং কর্ণং দৃষ্ট্বা কর্ণাদনন্তরঃ ॥৩৬

কর্ণকর্ত্তৃক অস্ত্রবৃষ্টিতে পীড়িত হইতে থাকিলেও দেবতুল্য অভিমন্যু সমরাঙ্গণে শিথিল হইয়া পড়িলেন না ॥

তাহারপর অর্জ্জুনকুমার অভিমন্যু শিলাতে শান দিয়া ধারালকৃত তীক্ষ্ণ আনতপর্ব্বযুক্ত ভল্লসমূহের দ্বারা বীরশ্রেষ্ঠগণের ধনু ছেদন করিয়া কর্ণকে সর্ব্বতোভাবে পীড়িত করিতে লাগিলেন ॥

তিনি ঈষৎ হাস্যসহকারে নিজের মণ্ডলাকার শ্রেষ্ঠ ধনু হইতে নিক্ষিপ্ত বিষধর সর্পসদৃশ ভয়ানক বাণসমূহের দ্বারা ছত্র, ধ্বজ, সারথি এবং অশ্বগণসহ কর্ণকে অতিসত্বর আহত করিয়া ফেলিলেন ॥

কর্ণও এই সময় ইহার উপর বহুসংখ্যক আনতপর্ব্বযুক্ত বাণ নিক্ষেপ করিলেন, কিন্তু অর্জ্জুননন্দন অভিমন্যু কোনরূপ বিভ্রান্ত না হইয়াই এ সমস্ত সহ্য করিয়া লইলেন ॥

তারপর মুহূর্ত্তকালের মধ্যে পরাক্রমশালী বীর অভিমন্যু একটি বাণ প্রহার করিয়া কর্ণের ধ্বজসহ ধনুকে ছেদন করিয়া ভূতলে পাতিত করিলেন ॥

কর্ণকে সঙ্কটাপন্ন দেখিয়া তাঁহার কনিষ্ঠ ভ্রাতা সুদৃঢ় ধনু ধারণ করত অতিক্রান্ত সুভদ্রাকুমার অভিমন্যুর সম্মুখীন হইলেন ॥১৮-৩৬

সৌভদ্রমভ্যয়াৎ তূর্ণং দৃঢ়মুদ্যম্য কার্মুকম্।
তত উচ্চুক্রুশুঃ পার্থাস্তেষাং চানুচরা জনাঃ।
বাদিত্রাণি চ সঞ্জঘ্নুঃ সৌভদ্রং চাপি তুষ্টুবুঃ॥ ৩৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াংবৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি কর্ণদুঃশাসনপরাভবে চত্বারিংশোঽধ্যায়ঃ॥ ৪০

তারপর সেই সময় কুন্তীদেবীর সকল পুত্রগণ ও তাঁহাদের অনুগামী সৈন্যরা উচ্চৈঃস্বরে গর্জন, বাদ্যবাদন এবং অভিমন্যুর ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন। ৩৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে কর্ণ ও দুঃশাসনের পরাভব বিষয়ক চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একচত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা কর্ণভ্রাতৃবধঃ, কৌরবসেনানাং সংহারঃ পলায়নঞ্চ]

সঞ্জয় উবাচ।

ততোঽতিগর্জন্ ধনুষ্পাণির্জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ।
তয়োর্মহাত্মনোস্তূর্ণং রথান্তরমবাপতৎ॥ ১
সোঽবিধ্যদ্ দশভির্বাণৈরভিমন্যুং দুরাসদম্।
সচ্ছত্রধ্বজযন্তারং সাশ্বমাশু স্ময়ন্নিব॥ ২
পিতৃপৈতামহং কর্ম কুর্বাণমতিমানুষম্।
দৃষ্ট্বার্দিতং শরৈঃ কার্ষ্ণিং ত্বদীয়া হৃষিতাভবন্॥ ৩
তস্যাভিমন্যুরায়ম্য স্ময়ন্নেকেন পত্রিণা।
শিরঃ প্রচ্যাবয়ামাস তদ্রথাৎ প্রাপতদ্ ভুবি॥ ৪
কর্ণিকারমিবাধূতং বাতেনাপতিতং নগাৎ।
ভ্রাতরং নিহতং দৃষ্ট্বা রাজন্ কর্ণো ব্যথাং যযৌ॥ ৫
বিমুখীকৃত্য কর্ণং তু সৌভদ্রঃ কঙ্কপত্রিভিঃ।
অন্যানপি মহেষ্বাসাংস্তূর্ণমেবাভিদুদ্রুবে॥ ৬
ততস্তদ্ বিততং সৈন্যং হস্ত্যশ্বরথপত্তিমৎ।
ক্রুদ্ধোঽভিমন্যুরভিনৎ তিগ্মতেজা মহারথঃ॥ ৭
কর্ণস্তু বহুভির্বাণৈরর্দ্যমানোঽভিমন্যুনা।
অপায়াজ্জবনৈরশ্বৈস্ততোঽনীকমভজ্যত॥ ৮

একচত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুকর্তৃক কর্ণভ্রাতাকে বিনাশ এবং কৌরবসৈন্যদের সংহার ও পলায়ন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! কর্ণের সেই ভ্রাতা হাতে ধনু লইয়া অত্যন্ত গর্জন করিতে করিতে এবং গুণকে বারংবার আকর্ষণ করিতে করিতে অতিসত্বরই এই দুই মহামনস্বী বীরের রথের মধ্যভাগে আসিয়া উপস্থিত হইলেন। ১

তিনি তখন হাসিতে হাসিতেই দশটি বাণ প্রহার করিয়া দুর্জয় বীর অভিমন্যুকে ছত্র, ধ্বজ, সারথি ও অশ্বগণসহ বিদ্ধ করিয়া ফেলিলেন। ২

স্বীয় পিতা পিতামহগণের আচরিত মানবীয় কর্ম-পরাক্রম অপেক্ষা অধিক পরাক্রমপ্রকাশকারী অর্জুনকুমার অভিমন্যুকে সেই সময় বাণসমূহে পীড়িত দেখিয়া আপনার সৈন্যরা হর্ষোল্লাস করিতে লাগিলেন। ৩

তখন অভিমন্যু হাসিতে হাসিতে নিজের ধনুটিকে আকর্ষণ করিয়া একটি বাণের দ্বারাই কর্ণের এই ভ্রাতার মস্তক দেহ হইতে বিচ্ছিন্ন করিয়া দিলেন। ইহাতে সেই মস্তক রথ হইতে ভূতলে পতিত হইল। সেই সময় মনে হইল—বায়ুবেগে আন্দোলিত হইয়া উৎপাটিত কর্ণিকার বৃক্ষ পর্ব্বতশিখর হইতে অধঃপতিত হইল। ৪

রাজন্! নিজের ভ্রাতাকে নিহত হইতে দেখিয়া কর্ণ অত্যন্ত ব্যথিত হইলেন। এদিকে সুভদ্রাকুমার অভিমন্যুর গৃধ্রপক্ষযুক্ত বাণসমূহে কর্ণকে যুদ্ধস্থল হইতে বিতাড়িত করিয়া অপরাপর মহাধনুর্দ্ধর বীরগণের উপরও অতিক্রুত আক্রমণ করিলেন। ৫-৬

সেই সময় ক্রুদ্ধ ও প্রচণ্ড তেজস্বী মহারথী অভিমন্যু হস্তী, অশ্ব, রথ ও পদাতি সৈন্যবাহিনীতে পরিপূর্ণ বিশাল চতুরঙ্গিণী কৌরব-সৈন্যদিগকে বিদীর্ণ করিতে লাগিলেন। ৭

অভিমন্যুকর্তৃক নিক্ষিপ্ত বহুসংখ্যক বাণে পীড়িত হইয়া কর্ণ স্বীয় বেগশালী অশ্বের সহায়তায় অতিসত্বর রণভূমি হইতে পলায়ন করিলেন। তখন সকল সৈন্যবাহিনী ছিন্ন-ভিন্ন হইয়া যাইল। ৮

শলভৈরিব চাকাশে ধারাভিরিব চাবৃতে।
অভিমন্যোঃ শরৈ রাজন্ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥ ৯
তাবকানাং তু যোধানাং বধ্যতাং নিশিতৈঃ শরৈঃ।
অন্যত্র সৈন্ধবাদ্ রাজন্ ন স্ম কশ্চিদতিষ্ঠত ॥ ১০
সৌভদ্রস্তু ততঃ শঙ্খং প্রধ্মাপ্য পুরুষর্ষভঃ।
শীঘ্রমভ্যপতৎ সেনাং ভারতীং ভরতর্ষভ ॥ ১১
স কক্ষেঽগ্নিরিবোৎসৃষ্টো নির্দহংস্তরসা রিপূন্।
মধ্যে ভারতসৈন্যানামার্জুনিঃ পর্য্যবর্ত্তত ॥ ১২
রথ-নাগাশ্বমনুজানর্দয়ন্ নিশিতৈঃ শরৈঃ।
সম্প্রবিশ্যাকরোদ্ ভূমিং কবন্ধগণসঙ্কুলাম্ ॥ ১৩
সৌভদ্রচাপপ্রভবৈর্নিকৃত্তাঃ পরমেষুভিঃ।
স্বানেবাভিমুখান্ ঘ্নন্তঃ প্রাদ্রবন্ জীবিতার্থিনঃ ॥ ১৪
তে ঘোরা রৌদ্রকর্মাণো বিপাঠা বহবঃ শিতাঃ।
নিঘ্নন্তো রথনাগাশ্বান্ জগ্মুরাশু বসুন্ধরাম্ ॥১৫

রাজন্! সেইদিনে সম্পূর্ণ আকাশমণ্ডল সেইরূপ আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল, যেরূপ পতঙ্গদলে কিংবা ঘোরতর বর্ষার বৃষ্টিধারায় আকাশ ব্যাপ্ত হইয়া থাকে। তখন সেখানে কিছুই বুঝা যাইতেছিল না ॥ ৯

মহারাজ! তীক্ষ্ণধার বাণসমূহে নিহত হইতে থাকিলে সেই সময় আপনার সৈন্যদের মধ্যে একমাত্র সিন্ধুরাজ জয়দ্রথ ব্যতীত অন্য কেহই রণাঙ্গনে থাকিতে পারিল না। ১০

ভরতশ্রেষ্ঠ! তখন পুরুষপ্রবর সুভদ্রাকুমার অভিমন্যু শঙ্খবাদ্য করিতে করিতে পুনরায় অতিক্রুত ভারতীয় সৈন্যদের উপর ধাবিত হইলেন। ১১

শুষ্ক বনে নিক্ষিপ্ত অগ্নিসদৃশ বাণে সবেগে শত্রুদিগকে দগ্ধ করিতে থাকিয়া অভিমন্যু কৌরব-সৈন্যদের মধ্যে বিচরণ করিতে লাগিলেন। ১২

তিনি সৈন্যদের মধ্যে প্রবেশ করিয়া স্বীয় তীক্ষ্ণ বাণসমূহের দ্বারা রথ, হস্তী, অশ্ব ও পদাতি সৈন্যদিগকে পীড়িত করিতে করিতে সমস্ত রণভূমিকেই মস্তকহীন শবদেহ আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ১৩

সুভদ্রাকুমার অভিমন্যুর ধনু হইতে নিক্ষিপ্ত উত্তমবাণসমূহে ক্ষত-বিক্ষত হইয়া আপনার সৈন্যরা নিজেদের জীবন রক্ষা করিবার জন্য সম্মুখে আগত নিজেদের সৈন্যগণকেই বধ করিতে করিতে পলায়ন করিতে লাগিল ॥ ১৪

অভিমন্যুর সেই ভয়ঙ্কর কর্ম্মকারী, ভয়ানক, তীক্ষ্ণ ও বহুসংখ্যক বিপাঠ নামক বাণ আপনার রথ, হস্তী এবং অশ্বারোহী

সায়ুধাঃ সাঙ্গুলিত্রাণাঃ সগদাঃ সাঙ্গদা রণে।
দৃশ্যন্তে বাহবশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥ ১৬
শরাশ্চাপানি খড়্গাশ্চ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ভূমাবাসন্ সহস্রশঃ ॥ ১৭
সোপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডৈশ্চ বন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্বহুধা পতিতৈর্যুগৈঃ ॥ ১৮
শক্তিচাপাসিভিশ্চৈব পতিতৈশ্চ মহাধ্বজৈঃ।
চর্মচাপশরৈশ্চৈব ব্যবকীর্ণৈঃ সমন্ততঃ ॥ ১৯
নিহতৈঃ ক্ষত্রিয়ৈরশ্বৈর্বারণৈশ্চ বিশাম্পতে।
অগম্যরূপা পৃথিবী ক্ষণেনাসীৎ সুদারুণা ॥ ২০
বধ্যতাং রাজপুত্রাণাং ক্রন্দতামিতরেতরম্।
প্রাদুরাসীন্মহাশব্দো ভীরূণাং ভয়বর্ধনঃ ॥ ২১
স শব্দো ভরতশ্রেষ্ঠ দিশঃ সর্বা ব্যনাদয়ৎ।
সৌভদ্রশ্চাদ্রবৎ সেনাং ঘ্নন্ বরাশ্বরথদ্বিপান্ ॥ ২২

সৈন্যগণকে বধ করিতে থাকিয়া অতিক্রুত ধরাতলে প্রবিষ্ট হইতে লাগিল ॥ ১৫

সেই যুদ্ধে আয়ুধ, হস্তত্রাণ (দস্তানা), গদা এবং অঙ্গদ সহ বীরগণের স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত বাহুসকল ছিন্ন হইয়া ভূপতিত হইতে দেখা যাইল ॥ ১৬

সেই রণাঙ্গনে ধনু, বাণ, খড়্গ, শরীর এবং হার ও কুণ্ডলে বিভূষিত মস্তক সহস্র সহস্র সংখ্যায় ছিন্ন-ভিন্ন হইয়া পড়িয়া আছে ॥ ১৭

আবশ্যক সামগ্রী, বসিবার আসন (চেয়ার প্রভৃতি), ঈষাদণ্ড, বন্ধুর, অক্ষ এবং চক্রসকল চূর্ণ বিচূর্ণ এবং খণ্ড খণ্ড হইয়া পতিত হইতে লাগিল। শক্তি, ধনু, খড়্গ, পতিত বিশাল ধ্বজ, ঢাল এবং বাণসকলও ছিন্ন-ভিন্ন হইয়া চারিদিকে পড়িয়াছিল। প্রজানাথ! বহুসংখ্যক ক্ষত্রিয়, অশ্ব এবং হস্তীও নিষ্প্রাণ হইয়া পতিত ছিল। এই সব কারণে সেখানকার রণভূমি ক্ষণকালের মধ্যেই অত্যন্ত ভয়ঙ্কর ও অগম্য হইয়া পড়িল। ১৮-২০

বাণসকলের আঘাত পাইয়া পরস্পর ক্রন্দন করিতে করিতে রাজকুমারগণের মহাশব্দ উত্থিত হইল, যে শব্দ কাপুরুষদিগের ভয়বর্দ্ধন করিয়াছিল। ২১

ভরতশ্রেষ্ঠ! এই শব্দ সমস্ত দিঙ্মণ্ডলকে প্রতিধ্বনিত করিয়া তুলিল। সুভদ্রাকুমার অভিমন্যু এই সময় শ্রেষ্ঠ অশ্ব, রথ ও হস্তীদিগকে সংহার করিতে করিতে কৌরবসৈন্যদের উপর আক্রমণ করিলেন। ২২

কক্ষমগ্নিরিবোৎসৃষ্টো নির্দহংস্তরসা রিপূন্ ।
মধ্যে ভারতসৈন্যানামার্জুনিঃ প্রত্যদৃশ্যত ॥ ২৩
বিচরন্তং দিশঃ সর্বাঃ প্রদিশশ্চাপি ভারত ।
তং তদা নানুপশ্যামঃ সৈন্যে চ রজসাবৃতে ॥ ২৪
আদদানং গজাশ্বানাং নৃণাং চায়ুংষি ভারত ।
ক্ষণেন ভূয়ঃ পশ্যামঃ সূর্য্যং মধ্যন্দিনে যথা ॥ ২৫
অভিমন্যুং মহারাজ প্রতপন্তং দ্বিষদ্গণান্ ।

শুষ্ক বনভূমিতে নিক্ষিপ্ত অনলসদৃশ অর্জ্জুনকুমার অভিমন্যু বেগের সহিত শত্রুগণকে বিনাশ করিতে থাকিয়া কৌরবসৈন্যদের মধ্যে বিচরণ করিতে লাগিলেন ॥ ২৩

ভারত ! ধূলিজালে আচ্ছাদিত সৈন্যবাহিনীর মধ্যে সমস্ত দিক্ ও বিদিক্ (কোণ)-সমূহে বিচরণকারী অভিমন্যুকে সেই সময় আমরা দেখিতে পাইলাম না ॥ ২৪

ভরতনন্দন ! হস্তী, অশ্ব এবং পদাতি সৈন্যগণের আয়ু (প্রাণ)-হরণকারী অভিমন্যুকে আমরা ক্ষণকালের মধ্যেই

স বাসবসমঃ সংখ্যে বাসবস্যাত্মজাত্মজঃ ॥
অভিমন্যুর্মহারাজ সৈন্যমধ্যে ব্যরোচত ॥২৬
(যথা পুরা বহ্নিসুতোঽসুরসৈন্যেষু বীর্য্যবান্ ।

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি অভিমন্যুপরাক্রমে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪১

দ্বিপ্রহরস্থিত সূর্য্যের ন্যায় শত্রুসৈন্যগণকে পুনরায় সন্তাপিত করিতে দেখিলাম। মহারাজ ! ইন্দ্রনন্দন অর্জ্জুনের এই পুত্র অভিমন্যু যুদ্ধে ইন্দ্রসদৃশ পরাক্রমী ছিলেন বলিয়া মনে হইতে লাগিল। যেরূপ পুরাকালে পরাক্রমশালী কুমার কার্ত্তিকেয় অসুরদের সৈন্যবাহিনীকে সংহার করিতে করিতে শোভাপ্রাপ্ত হইয়াছিলেন, সেইরূপ অভিমন্যু কৌরবসৈন্যমধ্যে বিচরণ করিতে করিতে শোভা পাইতে লাগিলেন ॥ ২৫-২৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক একচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ।

[অভিমন্যুমনুগচ্ছতাং পাণ্ডবানাং বরপ্রভাবেণ জয়দ্রথেনাবরোধঃ]

ধৃতরাষ্ট্র উবাচ ।

বালমত্যন্তসুখিনং স্ববাহুবলদর্পিতম্ ।
যুদ্ধেষু কুশলং বীরং কুলপুত্রং তনুত্যজম্ ॥ ১
গাহমানমনীকানি সদশ্বৈশ্চ ত্রিহায়নৈঃ ।
অপি যৌধিষ্ঠিরাৎ সৈন্যাৎ কশ্চিদন্বপতদ্ বলী ॥ ২

সঞ্জয় উবাচ ।

যুধিষ্ঠিরো ভীমসেনঃ শিখণ্ডী সাত্যকির্যমৌ ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ দ্রুপদশ্চ সকেকয়ঃ ॥ ৩
ধৃষ্টকেতুশ্চ সংরব্ধো মৎস্যাশ্চাভ্যপতন্ রণে ।
তেনৈব তু পথা যান্তঃ পিতরো মাতুলৈঃ সহ ॥৪

দ্বিচত্বারিংশ অধ্যায়

[অভিমন্যুর পশ্চাতে গমনকারী পাণ্ডব-যোদ্ধাদিগকে বর-প্রভাবে জয়দ্রথের প্রতিরোধ ।]

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয় ! অত্যন্ত সুখে সংবর্দ্ধিত বালক অভিমন্যু যুদ্ধে অতিশয় নিপুণ ছিলেন। নিজের বাহুবলের উপর ইহার গর্ব্বও ছিল। সে উত্তমকুলে উৎপন্ন হওয়ায় শরীরকে পরিত্যাগ করিতে কৃতসঙ্কল্প হইয়া যুদ্ধ করিতেছিল। যে সময় তিনবৎসর বয়স্ক উত্তম অশ্বগণের দ্বারা আমার সৈন্যমধ্যে প্রবেশ করিতেছিল, সেই সময় যুধিষ্ঠিরের সৈন্যদের মধ্যে কোন্ কোন্ বলবান্ বীর যোদ্ধা তাহার পশ্চাতে পশ্চাতে ব্যূহের মধ্যে প্রবেশ করিতে পারিয়াছিল ? ১-২

সঞ্জয় বলিলেন,—রাজন্ ! যুধিষ্ঠির, ভীমসেন, শিখণ্ডী, সাত্যকি, নকুল-সহদেব, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, দ্রুপদ, কেকয়রাজকুমার-গণ, রোষপূর্ণ ধৃষ্টকেতু এবং মৎস্যদেশীয় যোদ্ধারা—ইহারা সকলেই যুদ্ধস্থলে অগ্রসর হইতে লাগিলেন। অভিমন্যুর পিতৃব্যগণ ও মাতুলগণ নিজ সৈন্যদিগকে ব্যূহাকারে সংগঠিত করিয়া প্রহার করিতে উদ্যত অভিমন্যুকে রক্ষা করিবার জন্য তাহার রচিত পথে ব্যূহের মধ্যে প্রবেশ করিবার উদ্দেশ্যে একসঙ্গে ধাবিত হইলেন ॥

অভ্যদ্রবন্ পরাক্রান্তো ব্যূঢানীকাঃ প্রহারিণঃ।
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরাংস্ত্বদীয়া বিমুখাভবন্॥ ৫
ততস্তদ্ বিমুখং দৃষ্ট্বা তব সূনোর্ম্মহদ্ বলম্।
জামাতা তব তেজস্বী সংস্তম্ভয়িষুরাদ্রবৎ॥ ৬
সৈন্ধবস্তু মহারাজ পুত্রো রাজা জয়দ্রথঃ।
স পুত্রগৃদ্ধিনঃ পার্থান্ সহসৈন্যানবারয়ৎ॥ ৭
উগ্রধন্বা মহেষ্বাসো দিব্যমস্ত্রমুদীরয়ন্।
বার্দ্ধক্ষত্রিরুপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরঃ॥ ৮

ধৃতরাষ্ট্র উবাচ।

অতিভারমহং মন্যে সৈন্ধবে সঞ্জয়াহিতম্।
যদেকঃ পাণ্ডবান্ ক্রুদ্ধান্ পুত্রপেপ্সুর্নবারয়ৎ॥ ৯
অত্যদ্ভুতমহং মন্যে বলং শৌর্য্যঞ্চ সৈন্ধবে।
তস্য প্রব্রূহি মে বীর্য্যং কর্ম চাগ্র্যং মহাত্মনঃ॥১০
কিং দত্তং হুতমিষ্টং বা কিং সুতপ্তমথো তপঃ।
সিন্ধুরাজো হি যেনৈকঃ পাণ্ডবান্ সমবারয়ৎ॥ ১১
(দমো বা ব্রহ্মচর্য্যং বা সূত যচ্চাস্য সত্তম।
দেবং কতমমারাধ্য বিষ্ণুমীশানমব্জজম্॥
সিন্ধুরাট্ তনয়ে সক্তান্ ক্রুদ্ধঃ পার্থানবারয়ৎ।
নৈবং কৃতং মহৎ কর্ম ভীষ্মেণাজ্ঞাসিষং তথা॥)

সঞ্জয় উবাচ।

দ্রৌপদীহরণে যৎ তদ্ ভীমসেনেন নির্জ্জিতঃ।
মানাৎ স তপ্তবান্ রাজা বরার্থী সুমহৎ তপঃ॥ ১২
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্ত্য সঃ।
ক্ষুৎপিপাসাতপসহঃ কৃশো ধমনিসন্ততঃ॥ ১৩
দেবমারাধয়চ্ছর্বং গৃণন্ ব্রহ্ম সনাতনম্।
ভক্তানুকম্পী ভগবাংস্তস্য চক্রে ততো দয়াম্॥ ১৪
স্বপ্নান্তেঽপ্যথ চৈবাহ হরঃ সিন্ধুপতেঃ সুতম্।
বরং বৃণীষ্ব প্রীতোঽস্মি জয়দ্রথ কিমিচ্ছসি॥ ১৫

এই বীরগণকে আক্রমণ করিতে দেখিয়া আপনার পুত্র রণবিমুখ হইয়া পড়িল। আপনার পুত্র দুর্য্যোধনের বিশাল সৈন্যবাহিনীকে রণবিমুখ দেখিয়া তাহাদিগকে স্থিরতাপূর্ব্বক স্থাপিত করিবার ইচ্ছায় আপনার তেজস্বী জামাতা জয়দ্রথ সেখানে ধাবিত হইয়া আসিলেন। ৩-৬

মহারাজ! সিন্ধুদেশপতির পুত্র রাজা জয়দ্রথ নিজেদের পুত্রের জীবন রক্ষা করিতে অভিলাষী সৈন্যসহ কুন্তীপুত্রগণের অগ্রগতি রুদ্ধ করিলেন। ৭

যেরূপ হাতী নিম্নভূমিতে আসিয়া শত্রুগণকে নিবারণ করিয়া থাকে, সেইরূপ ভয়ঙ্কর ও মহাধনুর্দ্ধর বৃদ্ধক্ষত্রপুত্র জয়দ্রথ দিব্যাস্ত্রসকল প্রয়োগ করিয়া শত্রুগণের অগ্রগমন প্রতিরোধ করিলেন॥৮

ধৃতরাষ্ট্র বলিলেন,—সঞ্জয়! আমি ত' মনে করি—সিন্ধুরাজ জয়দ্রথের উপর এই অতিশয় গুরুতর ভার অর্পিত হইয়াছে, যে একাকী হইয়াও পুত্রকে রক্ষা করিবার জন্য উদ্‌যুক্ত ও ক্রুদ্ধ পাণ্ডবগণকে রুদ্ধ করিয়াছিল। ৯

সিন্ধুরাজ জয়দ্রথে এই বল ও শৌর্য্য থাকা অতিশয় আশ্চর্য্যের কথা বলিয়াই আমি মনে করি। মহাত্মা জয়দ্রথের বল ও শ্রেষ্ঠ পরাক্রম আমার নিকট সবিস্তারে বল॥ ১০

সিন্ধুরাজ এমন কি দান, হোম, যজ্ঞ অথবা উত্তম তপস্যা করিয়াছিলেন, যাহার ফলে সে একাকীই সমস্ত পাণ্ডবগণকে রুদ্ধ করিতে সমর্থ হইয়াছিল? ১১

(সজ্জনশ্রেষ্ঠ সূত! জয়দ্রথে যে ইন্দ্রিয়সংযম কিংবা ব্রহ্মচর্য্য আছে, তাহা আমাকে বল। বিষ্ণু, শিব অথবা ব্রহ্মা কোন দেবতার আরাধনা করিয়া সিন্ধুরাজ জয়দ্রথ স্বপুত্রকে রক্ষা করিতে উদ্যত পাণ্ডবগণকে ক্রোধের সহিত প্রতিরোধ করিলেন। ভীষ্মও যে কখনও এরূপ পরাক্রম করিয়াছেন, সেইরূপ কোন বিষয় আমার জানা নাই।)

সঞ্জয় বলিলেন,—মহারাজ! দ্রৌপদীহরণপ্রসঙ্গে জয়দ্রথকে যে ভীমসেনের নিকট পরাজিত করা হইয়াছিল, তাহাতেই অভিমানবশতঃ অপমান অনুভব করিয়া রাজা জয়দ্রথ বরলাভ কামনা করিয়া অতিশয় কঠোর তপস্যা করিয়াছিলেন॥ ১২

প্রিয় বিষয়সমূহ হইতে সমস্ত ইন্দ্রিয়গণকে নিবৃত্ত করিয়া ক্ষুধা-তৃষ্ণা এবং উত্তাপের কষ্ট সহ্য করিতে করিতে জয়দ্রথ অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িলেন। তখন তাঁহার শরীরে নাড়ীগুঁড়িও দেখা যাইতে লাগিল॥ ১৩

তিনি সনাতন ব্রহ্মস্বরূপ ভগবান্ শঙ্করের স্তুতি করিতে করিতে তাঁহার আরাধনা করিতে থাকিলেন। তখন ভক্তের প্রতি অনুগ্রহকারী ভগবান্ শঙ্কর তাঁহার উপর কৃপা করিলেন এবং স্বপ্নে জয়দ্রথকে দর্শন দিয়া তাঁহাকে বলিলেন—জয়দ্রথ! তুমি কি চাও? বর প্রার্থনা কর। আমি তোমার উপর প্রসন্ন হইয়াছি॥ ১৪-১৫

এবমুক্তস্তু শর্বেণ সিন্ধুরাজো জয়দ্রথঃ।
উবাচ প্রণতো রুদ্রং প্রাঞ্জলির্নিয়তাত্মবান্ ॥ ১৬
পাণ্ডবেয়ানহং সংখ্যে ভীমবীর্য্যপরাক্রমান্।
বারয়েয়ং রথেনৈকঃ সমস্তানিতি ভারত ॥ ১৭
এবমুক্তস্তু দেবেশো জয়দ্রথমথাব্রবীৎ।
দদামি তে বরং সৌম্য বিনা পার্থং ধনঞ্জয়ম্ ॥ ১৮
বারয়িষ্যসি সংগ্রামে চতুরঃ পাণ্ডুনন্দনান্।
এবমস্ত্বিতি দেবেশমুক্ত্বাবুধ্যত পার্থিবঃ ॥ ১৯
স তেন বরদানেন দিব্যেনাস্ত্রবলেন চ।
একঃ সংবারয়ামাস পাণ্ডবানামনীকিনীম্ ॥ ২০
তস্য জ্যাতলঘোষেণ ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ।
পরাংস্তু তব সৈন্যস্য হর্ষঃ পরমকোঽভবৎ ॥ ২১
দৃষ্ট্বা তু ক্ষত্রিয়া ভারং সৈন্ধবে সর্বমাহিতম্।
উৎক্রুশ্যাভ্যদ্রবন্ রাজন্ যেন যৌধিষ্ঠিরং বলম্ ॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্বণি জয়দ্রথযুদ্ধে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪২

ভগবান্ শঙ্কর এই কথা বলিলে পর সিন্ধুরাজ জয়দ্রথ নিজের মন ও ইন্দ্রিয়গ্রামকে সংযমে রাখিয়া সেই রুদ্রদেবকে প্রণাম করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া বলিলেন। ১৬

প্রভো! আমি যুদ্ধে ভয়ঙ্কর বলপরাক্রমশালী সমস্ত পাণ্ডবগণকে একাকীই কেবল রথের দ্বারা পরাজিত করিয়া তাহাদের অগ্রগতি রুদ্ধ করিতে পারি। ভারত! তিনি এই কথা বলিলে পর দেবেশ্বর ভগবান্ শিব জয়দ্রথকে বলিলেন—সৌম্য! আমি তোমাকে বর প্রদান করিলাম। তুমি কুন্তীপুত্র অর্জুন ব্যতীত শেষ চারিজন পাণ্ডবকে (এক দিন) যুদ্ধে অগ্রগতি হইতে নিবারিত করিতে পারিবে। তখন দেবেশ্বর মহাদেবকে "এবমস্তু" (ইহাই হউক) বলিয়া জয়দ্রথ জাগিয়া উঠিলেন ॥১৭-১৯

সেই বরদান ও দিব্য অস্ত্র-বলের দ্বারা জয়দ্রথ একাকীই আজ পাণ্ডবসৈন্যদিগকে প্রতিরোধ করিলেন। ২০

তাঁহার ধনুর টঙ্কারধ্বনি শ্রবণ করিয়া শত্রুপক্ষের ক্ষত্রিয়গণের মনে ভয় উপস্থিত হইল; কিন্তু আপনার সৈন্যরা অত্যন্ত হৃষ্ট হইলেন। ২১

রাজন্! সেই সময় যুদ্ধের সমস্ত ভার জয়দ্রথের উপরই পতিত হইয়াছে দেখিয়া আপনার ক্ষত্রিয় বীরগণ হর্ষে কোলাহল করিতে করিতে যে দিকে যুধিষ্ঠিরের সৈন্যরা অবস্থান করিতেছে, সেইদিকে ধাবিত হইলেন। ২২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে জয়দ্রথের যুদ্ধবিষয়ক দ্বিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ

পাণ্ডবৈঃ সহ জয়দ্রথস্য যুদ্ধম্, ব্যূহদ্বারে পাণ্ডবানাং গতিরোধশ্চ]

সঞ্জয় উবাচ।

যন্মাং পৃচ্ছসি রাজেন্দ্র সিন্ধুরাজস্য বিক্রমম্।
শৃণু তৎ সর্বমাখ্যাস্যে যথা পাণ্ডুনযোধয়ৎ ॥ ১
তমূহুর্বাজিনো বশ্যাঃ সৈন্ধবাঃ সাধুবাহিনঃ।
বিকুর্বাণা বৃহন্তোঽশ্বাঃ শ্বসনোপমরংহসঃ ॥ ২
গন্ধর্বনগরাকারং বিধিবৎ কল্পিতং রথম্।
তস্যাভ্যশোভয়ৎ কেতুর্বারাহো রাজতো মহান্ ॥ ৩

ত্রিচত্বারিংশ অধ্যায়

[পাণ্ডবগণের সহিত জয়দ্রথের যুদ্ধ এবং ব্যূহদ্বারে পাণ্ডবগণের গতিরোধ।]

সঞ্জয় বলিলেন,—রাজেন্দ্র! আপনি আমাকে যে সিন্ধুরাজ জয়দ্রথের পরাক্রমের সংবাদ জিজ্ঞাসা করিলেন, তাহা শ্রবণ করুন। তিনি যেরূপে পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, সেই সমস্ত বৃত্তান্ত আমি আপনাকে বলিতেছি। ১

সারথির বশীভূত, উত্তমরূপে বহন করিতে অভ্যস্ত, বায়ুতুল্য বেগশালী এবং নানাপ্রকার গমনভঙ্গী প্রদর্শনকারী সিন্ধুদেশীয় বিশাল অশ্বগণ সেই সময় জয়দ্রথকে বহন করিতেছিল। ২

বিধি অনুসারে সজ্জিত তাঁহার রথ গন্ধর্ব্বনগরের ন্যায় মনে হইতেছিল। ইহার রজতনির্ম্মিত এবং বরাহ চিহ্নযুক্ত বিশাল ধ্বজ ইঁহার রথের শোভাবর্দ্ধন করিতেছিল। ৩

শ্বেতচ্ছত্রপতাকাভিশ্চামরব্যজনেন চ।
স বভৌ রাজলিঙ্গৈস্তৈস্তারাপতিরিবাম্বরে ॥ ৪
মুক্তাবজ্রমণিস্বর্ণৈর্ভূষিতং তদয়স্ময়ম্।
বরূথং বিবভৌ তস্য জ্যোতির্ভিঃ খমিবাবৃতম্ ॥ ৫
স বিস্ফার্য্য মহচ্চাপং কিরন্নিষুগণান্ বহূন্।
তৎ খণ্ডং পূরয়ামাস যদ্ ব্যদারয়দার্জুনিঃ ॥ ৬
স সাত্যকিং ত্রিভির্বাণৈরষ্টভিশ্চ বৃকোদরম্।
ধৃষ্টদ্যুম্নং তথা ষষ্ট্যা বিরাটং দশভিঃ শরৈঃ ॥ ৭
দ্রুপদং পঞ্চভিস্তীক্ষ্ণৈঃ সপ্তভিশ্চ শিখণ্ডিনম্।
কেকয়ান্ পঞ্চবিংশত্যা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥ ৮
যুধিষ্ঠিরং তু সপ্তত্যা ততঃ শেষানপানুদৎ।
ইষুজালেন মহতা তদদ্ভুতমিবাভবৎ ॥ ৯
অথাস্য শিতপীতেন ভল্লেনাদিশ্য কার্মুকম্।
চিচ্ছেদ প্রহসন্ রাজা ধর্মপুত্রঃ প্রতাপবান্ ॥ ১০

শ্বেতচ্ছত্র, পতাকা, চামর ও ব্যজন—এই সব রাজচিহ্নে সংযুক্ত থাকিয়া তিনি আকাশে চন্দ্রের ন্যায় সুশোভিত ছিলেন ॥৪

মুক্তা, মণি, স্বর্ণ ও হীরকে বিভূষিত ইঁহার রথের লৌহময় আবরণ নক্ষত্রমণ্ডলে পরিব্যাপ্ত আকাশের সদৃশ শোভা পাইতেছিল ॥ ৫

তিনি স্বীয় বিশাল ধনু বিস্ফারিত করিয়া বহুসংখ্যক বাণসমূহ বর্ষণ করিতে করিতে ব্যূহের সেই ভাগকে যোদ্ধাগণের দ্বারা পূর্ণ করিয়া দিলেন, যে ভাগকে অভিমন্যু বিদারিত করিয়া ছিলেন ॥ ৬

সেই সময় তিনি সাত্যকিকে তিন, ভীমসেনকে আট, ধৃষ্টদ্যুম্নকে ষাট্, বিরাটকে দশ, দ্রুপদকে পাঁচ, শিখণ্ডীকে সাত, কেকয়রাজকুমারগণকে পঁচিশ, দ্রৌপদীর পুত্রদিগকে তিনটি তিনটি এবং যুধিষ্ঠিরকে সত্তরটি তীক্ষ্ণ বাণে বিদ্ধ করিলেন। তারপর বাণসমূহের জাল পাতিয়া তিনি শেষ সৈন্যটিকেও পশ্চাদপসরণে বাধ্য করিলেন। ইহা যেন তখন এক অদ্ভুত ঘটনা ঘটিয়া যাইল ॥ ৭-৯

এই সময় প্রতাপশালী রাজা ধর্মপুত্র যুধিষ্ঠির একটি তীক্ষ্ণ ও পীত বর্ণের ভল্লের দ্বারা তাঁহার ধনু ছেদন করিবার কথা ঘোষণা করিয়া উহা ছেদন করিলেন ॥ ১০

তখন জয়দ্রথও নিমেষকালের মধ্যেই অপর ধনু হাতে লইয়া যুধিষ্ঠিরকে দশ এবং অন্য বীরগণকে তিনটি তিনটি বাণে বিদ্ধ করিলেন ॥ ১১

অক্ষোনিমেষমাত্রেণ সোঽন্যদাদায় কার্মুকম্।
বিব্যাধ দশভিঃ পার্থং তাংশ্চৈবান্যাংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥ ১১
তৎ তস্য লাঘবং জ্ঞাত্বা ভীমো ভল্লৈস্ত্রিভিস্ত্রিভিঃ।
ধনুর্ধ্বজঞ্চ ছত্রঞ্চ ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ ॥ ১২
সোঽন্যদাদায় বলবান্ সজ্যং কৃত্বা চ কার্মুকম্।
ভীমস্যাপাতয়ৎ কেতুং ধনুরশ্বাংশ্চ মারিষ ॥ ১৩
স হতাশ্বাদবপ্লুত্য ছিন্নধন্বা রথোত্তমাৎ।
সাত্যকেরাপ্লুতো যানং গির্য্যগ্রমিব কেশরী ॥ ১৪
ততস্ত্বদীয়াঃ সংহৃষ্টাঃ সাধু সাধ্বিতি বাদিনঃ।
সিন্ধুরাজস্য তৎ কর্ম প্রেক্ষ্যাশ্রদ্ধেয়মদ্ভুতম্ ॥১৫
সংক্রুদ্ধান্ পাণ্ডবানেকো যদ্ দধারাস্ত্রতেজসা।
তৎ তস্য কর্ম ভূতানি সর্বণ্যেবাভ্যপূজয়ন্ ॥ ১৬
সৌভদ্রেণ হতৈঃ পূর্বং সোত্তরায়োধিভির্দ্বিপৈঃ।
পাণ্ডূনাং দর্শিতঃ পন্থাঃ সৈন্ধবেন নিবারিতঃ ॥ ১৭

তাঁহার এই নিপুণতা দেখিয়া ও বুঝিয়া ভীমসেন তিনটি তিনটি ভল্লের দ্বারা তাঁহার ধনু, ধ্বজ এবং ছত্রকে অতি সত্বর ছেদন করিয়া ভূপাতিত করিলেন ॥ ১২

আর্য্য! সেই সময় সেই বলবান্ বীর জয়দ্রথ অপর ধনু গ্রহণ করত তাহার উপর গুণারোপণ করিলেন এবং ভীমের ধনু, ধ্বজ এবং অশ্বদলকে ধরাশায়ী করিয়া দিলেন ॥ ১৩

ধনু ছিন্ন হইয়া যাইলে নিজের অশ্বহীন রথ হইতে লাফাইয়া পড়িয়া ভীমসেন সাত্যকির রথে গিয়া উপবেশন করিলেন ইহাতে মনে হইলে—কোন সিংহ পর্ব্বতশিখরে গিয়া আরোহণ করিলেন ॥ ১৪

সিন্ধুরাজ জয়দ্রথের এই পরাক্রম, যাহা শ্রবণ করিলে বিশ্বাস করা হয় না, তাহা প্রত্যক্ষ দেখিয়া আপনার সকল সৈন্যই অত্যন্ত হৃষ্ট হইয়া তাঁহাকে সাধুবাদ প্রদান করিতে লাগিল ॥ ১৫

জয়দ্রথ একাকীই নিজের দিব্যাস্ত্রসকলের তেজে ক্রুদ্ধ পাণ্ডবগণকে যে রুদ্ধ করিয়া ছিলেন, তাঁহার এই পরাক্রমকে সকল প্রাণীই প্রশংসা করিতে লাগিল ॥ ১৬

সুভদ্রাকুমার অভিমন্যু প্রথমে গজারোহী ব্যক্তিগণের সহিত বহুসংখ্যক গজরাজকে বধ করিয়া ব্যূহ প্রবেশ করিবার জন্য পাণ্ডবদিগকে পথ প্রদর্শন করিতে লাগিলেন, কিন্তু জয়দ্রথ তাহা বন্ধ করিয়া দিলেন ॥ ১৭

যতমানাস্তু তে বীরা মৎস্য-পাঞ্চাল-কেকয়াঃ।
পাণ্ডবাশ্চাম্বপদ্যন্ত প্রতিশেকুর্ন সৈন্ধবম্ ॥ ১৮
যো যো হি যততে ভেত্তুং দ্রোণানীকং তবাহিতঃ।
তং তমেব বরং প্রাপ্য সৈন্ধবঃ প্রত্যবারয়ৎ ॥ ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি জয়দ্রথযুদ্ধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৩

বীর মৎস্য, পাঞ্চাল, কেকয় ও পাণ্ডবগণ তখন বারংবার বিশেষ যত্ন করিয়া ব্যূহের উপর আক্রমণ করিলেন; কিন্তু সিন্ধুরাজের সম্মুখে থাকিতেই পারিলেন না ॥ ১৮

আপনার যে যে শত্রু দ্রোণাচার্য্যের ব্যূহকে ভেদ করিবার যত্ন করিতেছিল, সেই সেই শ্রেষ্ঠ বীরগণের নিকট উপস্থিত হইয়া জয়দ্রথ তাহাদিগকে রুদ্ধ করিতে লাগিলেন ॥ ১৯

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে জয়দ্রথের যুদ্ধবিষয়ক ত্রিচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যোঃ পরাক্রমঃ, তেন বসাতীয়াদি-যোদ্ধৃণাং বিনাশশ্চ]

সঞ্জয় উবাচ।
সৈন্ধবেন নিরুদ্ধেষু জয়গৃদ্ধিষু পাণ্ডুষু।
সুঘোরমভবদ্ যুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ ॥ ১
প্রবিশ্যাথার্জ্জুনিঃ সেনাং সত্যসন্ধো দুরাসদঃ।
ব্যক্ষোভয়ত তেজস্বী মকরঃ সাগরং যথা ॥ ২
তং তথা শরবর্ষেণ ক্ষোভয়ন্তমরিন্দমম্।
যথা প্রধানাঃ সৌভদ্রমভ্যয়ূ রথসত্তমাঃ ॥ ৩
তেষাং তস্য চ সম্মর্দো দারুণঃ সমপদ্যত।
সৃজতাং শরবর্ষাণি প্রসক্তমমিতৌজসাম্ ॥ ৪
রথব্রজেন সংরুদ্ধস্তৈরমিত্রৈস্তথার্জ্জুনিঃ।
বৃষসেনস্য যন্তারং হত্বা চিচ্ছেদ কার্ম্মুকম্ ॥ ৫
তস্য বিব্যাধ বলবান্ শরৈরশ্বানজিহ্মগৈঃ।
বাতায়মানৈরথ তৈরশ্বৈরপহৃতো রণাৎ ॥ ৬
তেনান্তরেণাভিমন্যোর্যন্তাপাসারয়দ্ রথম্।
রথব্রজাস্ততো হৃষ্টাঃ সাধু সাধ্বিতি চুক্রুশুঃ ॥ ৭

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যুর পরাক্রম এবং তাঁহার দ্বারা বসাতীয় প্রভৃতি যোদ্ধাগণের বিনাশ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! জয়লাভ করিতে অভিলাষী পাণ্ডবগণকে যখন সিন্ধুরাজ জয়দ্রথ রুদ্ধ করিয়া ফেলিলেন, সেই সময় আপনার সৈন্যদের শত্রুদিগের সহিত অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল ॥ ১

তদনন্তর সত্যপ্রতিজ্ঞ দুর্দ্ধর্ষ ও তেজস্বী বীর অভিমন্যু আপনার সৈন্যদের মধ্যে প্রবেশ করিয়া তাহাদিগকে সেইভাবে বিক্ষুভিত করিয়া তুলিলেন, যেরূপ মকর সাগরকে বিক্ষুভিত করিয়া থাকে ॥ ২

এইভাবে বাণবর্ষণের দ্বারা কৌরবসৈন্যদিগকে বিক্ষুভিত করিতে করিতে যুদ্ধরত শত্রুদমন সুভদ্রাকুমার অভিমন্যুকে আপনার সৈন্যদের মধ্যে প্রধান প্রধান মহারথী বীরগণ একসঙ্গে আক্রমণ করিলেন ॥ ৩

সেই সময় অত্যন্ত তেজস্বী কৌরব যোদ্ধারা পরস্পর শ্রেণীবদ্ধভাবে বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন। ইঁহাদের সহিত তখন অভিমন্যুর ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥ ৪

যদিও শত্রুগণ নিজেদের রথসমূহের দ্বারা অর্জ্জুনকুমার অভিমন্যুকে সর্ব্বদিক্ দিয়াই ঘিরিয়া ফেলিয়াছিল, তথাপি তিনি বৃষসেনের সারথিকে আহত করিয়া তাঁহার ধনুটিকে ছেদন করিয়া ফেলিলেন ॥ ৫

তখন বলবান্ বৃষসেন নিজের সরলগামী বাণসমূহের দ্বারা অভিমন্যুর অশ্বগণকে বিদ্ধ করিতে লাগিলেন। ইহাতে তাঁহার অশ্বগণ বায়ুবেগে পলায়ন করিতে লাগিল এইভাবে তিনি অশ্বগণের দ্বারা বহু দূরে নীত হইলেন ॥ ৬

অভিমন্যুর কার্য্যে এইরূপে বিঘ্ন উপস্থিত হইলে সেই সময় বৃষসেনের সারথি তাঁহার রথকে সেখান হইতে দূরে লইয়া যাইল। ইহাতে সেখানে সমবেত রথিসমুদায় হৃষ্ট হইয়া 'উত্তমকার্য্য, উত্তমকার্য্য' এই কথা বলিয়া কোলাহল করিতে লাগিলেন ॥ ৭

তং সিংহমিব সংক্রুদ্ধং প্রমথ্নন্তং শরৈররীন্।
আরাদায়ান্তমভ্যেত্য বসাতীয়োঽভ্যায়াদ্ ক্রতম্ ॥ ৮
সোঽভিমন্যুং শরৈঃ ষষ্ট্যা রুক্মপুঙ্খৈরবাকিরৎ।
অব্রবীচ্চ ন মে জীবন্ জীবতো যুধি মোক্ষ্যসে ॥ ৯
তময়স্ময়বর্মাণমিষুণা দূরপাতিনা।
বিব্যাধ হৃদি সৌভদ্রঃ স পপাত ব্যসুঃ ক্ষিতৌ ॥ ১০
বসাতীয়ং হতং দৃষ্ট্বা ক্রুদ্ধাঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
পরিবব্রুস্তদা রাজংস্তব পৌত্রং জিঘাংসবঃ ॥ ১১
বিস্ফারয়ন্তশ্চাপানি নানারূপাণ্যনেকশঃ।
তদ্ যুদ্ধমভবদ্ রৌদ্রং সৌভদ্রস্যারিভিঃ সহ ॥ ১২
তেষাং শরান্ সেষ্বসনান্ শরীরাণি শিরাংসি চ।
সকুণ্ডলানি স্রগ্বীণি ক্রুদ্ধশ্চিচ্ছেদ ফাল্গুনিঃ ॥ ১৩
সখড়্গাঃ সাঙ্গুলিত্রাণাঃ সপট্টিশ-পরশ্বধাঃ।
অদৃশ্যন্ত ভুজাশ্ছিন্না হেমাভরণভূষিতাঃ ॥ ১৪
স্রগ্ভিরাভরণৈর্বস্ত্রৈঃ পাতিতৈশ্চ মহাভুজৈঃ।
বর্মভিশ্চর্মভির্হারৈর্মুকুটৈশ্ছত্র-চামরৈঃ ॥১৫
উপস্করৈরধিষ্ঠানৈরীষাদণ্ডকবন্ধুরৈঃ।
অক্ষৈর্বিমথিতৈশ্চক্রৈর্ভগ্নৈশ্চ বহুধা যুগৈঃ ॥ ১৬
অনুকর্ষৈঃ পতাকাভিস্তথা সারথি-বাজিভিঃ।
রথৈশ্চ ভগ্নৈর্নাগৈশ্চ হতৈঃ কীর্ণাভবন্মহী ॥ ১৭
নিহতৈঃ ক্ষত্রিয়ৈঃ শূরৈর্নানাজনপদেশ্বরৈঃ।
জয়গৃদ্ধৈর্বৃতা ভূমির্দারুণা সমপদ্যত ॥ ১৮
দিশো বিচরতস্তস্য সর্বাশ্চ প্রদিশস্তথা।
রণেঽভিমন্যোঃ ক্রুদ্ধস্য রূপমন্তরধীয়ত ॥ ১৯
কাঞ্চনং যদ্যদস্যাসীদ্ বর্ম চাভরণানি চ।
ধনুষশ্চ শরাণাঞ্চ তদপশ্যাম কেবলম্ ॥ ২০
তং তদা নাশকৎ কশ্চিচ্চক্ষুর্ভ্যামভিবীক্ষিতুম্।
আদদানং শরৈর্যোধান্ মধ্যে সূর্যমিব স্থিতম্ ॥ ২১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি অভিমন্যুপরাক্রমে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪৪

তারপর সিংহের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নিজের বাণসমূহের দ্বারা শত্রুগণের মর্দ্দনকারী অভিমন্যুকে নিকটে আসিতে দেখিয়া বসাতীয় অতিক্রত উপস্থিত হইয়া যুদ্ধের জন্য তাঁহার সম্মুখীন হইলেন ॥ ৮

তিনি অভিমন্যুর উপর স্বর্ণময় পক্ষযুক্ত ষাটটি বাণবর্ষণ করিলেন এবং বলিলেন—তুমি আজ জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবে না ॥ ৯

তখন অভিমন্যু বহু দূরে স্থিত লক্ষ্য বস্তুতে ভেদ করিয়া পাতিত করিতে সমর্থ একটি বাণের দ্বারা লৌহময় কবচধারণকারী বসাতীয়ের বক্ষঃস্থলে আঘাত করিলেন, তাহাতে তিনি প্রাণহীন হইয়া ধরাশায়ী হইলেন ॥ ১০

রাজন্! বসাতীয়কে নিহত দেখিয়া ক্রুদ্ধ ক্ষত্রিয়শ্রেষ্ঠগণ আপনার পৌত্র অভিমন্যুকে বধ করিবার জন্য তাঁহাকে চারিদিকে ঘিরিয়া ফেলিলেন ॥ ১১

তাঁহারা সেই সময় নিজেদের ধনুসকলকে বারংবার টঙ্কারিত করিতে লাগিলেন। সেই সময় শত্রুগণের সহিত সুভদ্রাকুমারের ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল ॥ ১২

তখন অর্জুনকুমার অভিমন্যু কুপিত হইয়া ইঁহাদের ধনু, বাণ, শরীর এবং হার ও কুণ্ডলমণ্ডিত মস্তকসমূহ ছেদন করিয়া দিলেন ॥ ১৩

স্বর্ণনির্মিত অলঙ্কারে অলঙ্কৃত তাঁহাদের হস্তসমূহ খড়্গ, হস্তত্রাণ (দস্তানা), পট্টিশ ও পরশুসহ ছিন্ন হইয়া পড়িয়া আছে দেখা যাইল ॥ ১৪

ছিন্ন হইয়া পতিত হার, আভরণ, বস্ত্র, বিশাল বাহু; কবচ, ঢাল, মনোহর মুকুট, ছত্র, চামর, আবশ্যক দ্রব্য, রথের আসন, ঈষাদণ্ড, বন্ধুর, চূর্ণ-বিচূর্ণ অক্ষ, ভগ্নচক্র, খণ্ড-বিখণ্ড যুগ, অনুকর্ষ, পতাকা, সারথি, অশ্ব, ভগ্ন রথ এবং নিহত বহু হাতী দ্বারা সেখানকার রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িয়াছিল ॥ ১৫-১৭

জয়লাভ করিতে ইচ্ছুক বিভিন্ন জনপদের অধিপতি ক্ষত্রিয় বীরগণ এই যুদ্ধে নিহত হইয়াছিলেন। ইঁহাদের মৃতদেহ পরিবৃতা হইয়া সেই রণভূমি ভয়ঙ্করী হইয়া উঠিল ॥ ১৮

সেই রণাঙ্গনে কুপিত হইয়া নানা দিক্-বিদিক্‌সমূহে বিচরণকারী অভিমন্যুর রূপ তখন অদৃশ্য হইয়া পড়িল ॥ ১৯

তাঁহার কবচ, আভরণ, ধনু ও বাণসকলের যে যে অবয়ব স্বর্ণময় ছিল, কেবল সেই সকল অবয়বকেই আমরা দূর হইতে দেখিতে পাইতেছিলাম ॥ ২০

অভিমন্যু যে সময় বাণসমূহের দ্বারা যোদ্ধাগণের প্রাণহরণ করিতেছিলেন এবং ব্যুহের মধ্যভাগে সূর্যসদৃশ অবস্থান করিতেছিলেন, সেই সময় কোন বীরই চক্ষু তুলিয়া তাঁহাকে দেখিবারই সাহস করিলেন না ॥ ২১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে অভিমন্যুর পরাক্রমবিষয়ক চতুশ্চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

[অভিমন্যুনা সত্যশ্রবসঃ, ক্ষত্রিয়াণাম্, রুক্মরথস্য তন্মিত্রাণাম্, শতশো রাজকুমারাণাঞ্চ সংহারঃ, দুর্য্যোধনস্য পরাজয়শ্চ]

সঞ্জয় উবাচ।

আদদানস্তু শূরাণামায়ুংষ্যভবদার্জুনিঃ।
অন্তকঃ সর্বভূতানাং প্রাণান্ কাল ইবাগতে ॥ ১

স শক্র ইব বিক্রান্তঃ শক্রসূনোঃ সুতো বলী।
অভিমন্যুস্তদানীকং লোড়য়ন্ সমদৃশ্যত ॥ ২

প্রবিশ্যৈব তু রাজেন্দ্র ক্ষত্রিয়েন্দ্রান্তকোপমঃ।
সত্যশ্রবসমাদত্ত ব্যাঘ্রো মৃগমিবোল্বণঃ ॥ ৩

সত্যশ্রবসি চাক্ষিপ্তে ত্বরমাণা মহারথাঃ।
প্রগৃহ্য বিপুলং শস্ত্রমভিমন্যুমুপাদ্রবন্ ॥ ৪

অহং পূর্বমহং পূর্বমিতি ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
স্পর্ধমানাঃ সমাজগ্মুর্জিঘাংসন্তোঽর্জুনাত্মজম্ ॥ ৫

ক্ষত্রিয়াণামনীকানি প্রদ্রুতান্যভিধাবতাম্।
জগ্রাস তিমিরাসাদ্য ক্ষুদ্রমৎস্যানিবার্ণবে ॥ ৬

যে কেচন গতাস্তস্য সমীপমপলায়িনঃ।
ন তে প্রতিন্যবর্তন্ত সমুদ্রাদিব সিন্ধবঃ ॥ ৭

মহাগ্রাহগৃহীতেব বাতবেগভয়ার্দিতা।
সমকম্পত সা সেনা বিভ্রষ্টা নৌরিবার্ণবে ॥ ৮

অথ রুক্মরথো নাম মদ্রেশ্বরসুতো বলী।
ত্রস্তামাশ্বাসয়ন্ সেনামত্রস্তো বাক্যমব্রবীৎ ॥ ৯

অলং ত্রাসেন বঃ শূরা নৈষ কশ্চিন্ময়ি স্থিতে।
অহমেনং গ্রহীষ্যামি জীবগ্রাহং ন সংশয়ঃ ॥ ১০

এবমুক্ত্বা তু সৌভদ্রমভিদুদ্রাব বীর্য্যবান্।
সুকল্পিতেনোহ্যমানঃ স্যন্দনেন বিরাজতা ॥ ১১

পঞ্চচত্বারিংশ অধ্যায়।

[অভিমন্যু কর্তৃক সত্যশ্রবা, বহু ক্ষত্রিয়, রুক্মরথ এবং তাঁহার মিত্রগণ ও শত শত রাজকুমারের সংহার এবং দুর্যোধনের পরাজয়।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! মৃত্যুকাল উপস্থিত হইলে যেরূপ যমরাজ সকল প্রাণীর প্রাণ হরণ করিয়া থাকেন, সেইরূপ অর্জুনকুমার অভিমন্যুও বীরগণের আয়ু অপহরণ করিতে থাকিয়া তাঁহাদের নিকট সাক্ষাৎ যমরাজের ন্যায় হইয়া যাইলেন। ১

ইন্দ্রনন্দন অর্জুনের বলবান্ পুত্র অভিমন্যু ইন্দ্রতুল্য পরাক্রমী ছিলেন। তিনি সেই সময় যেন সমস্ত ব্যূহকেই মথিত করিতে লাগিলেন ॥ ২

রাজেন্দ্র! শ্রেষ্ঠ ক্ষত্রিয় বীরগণের পক্ষে সাক্ষাৎ যমতুল্য অভিমন্যু সেই সৈন্যমধ্যে প্রবেশ করিয়া উন্মত্ত ব্যাঘ্র কর্তৃক হরিণকে গ্রহণের ন্যায় সত্যশ্রবাকে গ্রহণ করিলেন অর্থাৎ তাঁহাকে বধ করিলেন ॥ ৩

এই ভাবে সত্যশ্রবা নিহত হইলে পর অন্যান্য মহারথী বীরগণ প্রচুর অস্ত্র-শস্ত্র ধারণ করিয়া অতি দ্রুতগতিতে অভিমন্যুর উপর আক্রমণ করিলেন। ৪

সেই সব ক্ষত্রিয়শ্রেষ্ঠ বীরগণ "প্রথমে আমি, প্রথমে আমি" এইরূপে স্পর্দ্ধা দেখাইতে দেখাইতে অর্জুনকুমার অভিমন্যুকে আক্রমণ করিলেন। ৫

সেই সময় ধাবিত ক্ষত্রিয়গণের অগ্রসরমাণ সৈন্যদিগকে সেই ভাবে অভিমন্যু কালের গ্রাসে পরিণত করিয়া দিলেন, যেরূপ সাগরে তিমিনামক মহামৎস্য ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্যগণকে গ্রাস করিয়া থাকে। ৬

যুদ্ধ হইতে পলায়ন করেন নাই, এমন যে সব বীর সেই সময় অভিমন্যুর নিকট গিয়াছিলেন, তাঁহাদের কেহই আর ফিরিয়া আসিতে সমর্থ হন্ নাই, যেরূপ সমুদ্রে মিশিয়া গিয়া নদীসকল পুনরায় সেখান হইতে ফিরিয়া আসেনা। ৭

যাহার সমুদ্রে পথ ভুল হইয়া গিয়াছে, যে বায়ুর বেগে ভয়াক্রান্ত হইয়াছে এবং যাহাকে অতিশয় বৃহৎ গ্রাহ (হিংস্র জলজন্তু) ধরিয়া ফেলিয়াছে, এরূপ নৌকা যেমন চারিদিকে বিচালিত হইতে থাকে, সেইরূপ এই সব সৈন্য কাঁপিতে লাগিল। ৮

এই সময় মদ্ররাজ শল্যের বলবান্ পুত্র রুক্মরথ উপস্থিত হইয়া ভীত সৈন্যদিগকে আশ্বাস প্রদান করিতে করিতে নির্ভয় চিত্তে বলিতে লাগিলেন। ৯

বীরগণ! তোমরা ভীত হইওনা। আমি থাকিতে এই অভিমন্যু কিছুই নহে। আমি এখনই ইহাকে জীবিত অবস্থায় বন্দী করিব—ইহাতে কোনও সংশয় নাই। ১০

এই কথা বলিয়া পরাক্রমশালী রুক্মরথ সুন্দর ও বিধি অনুসারে সুসজ্জিত রথে আরোহণ করিয়া সুভদ্রানন্দন অভিমন্যুর দিকে ধাবিত হইলেন। ১১

সোঽভিমন্যুং ত্রিভির্বাণৈর্বিদ্ধ্বা বক্ষস্যথানদৎ।
ত্রিভিশ্চ দক্ষিণ বাহৌ সব্যে চ নিশিতৈস্ত্রিভিঃ॥ ১২
স তস্যেষ্বসনং ছিত্ত্বা ফাল্গুনিঃ সব্য-দক্ষিণৌ।
ভুজৌ শিরশ্চ স্বক্ষিভ্রু ক্ষিতৌ ক্ষিপ্রমপাতয়ৎ॥ ১৩
দৃষ্ট্বা রুক্মরথং রুগ্নং পুত্রং শল্যস্য মানিনম্।
জীবগ্রাহং জিঘৃক্ষন্তং সৌভদ্রেণ যশস্বিনা॥ ১৪
সংগ্রামদুর্মদা রাজন্ রাজপুত্রাঃ প্রহারিণঃ।
বয়স্যাঃ শল্যপুত্রস্য সুবর্ণবিকৃতধ্বজাঃ॥ ১৫
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহাবলাঃ।
আর্জুনিং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ন্॥ ১৬
শূরৈঃ শিক্ষাবলোপেতৈস্তরুণৈরত্যমর্ষণৈঃ।
দৃষ্ট্বৈকং সমরে শূরং সৌভদ্রমপরাজিতম্॥ ১৭
ছাদ্যমানং শরব্রাতৈর্হৃষ্টো দুর্য্যোধনোঽভবৎ।
বৈবস্বতস্য ভবনং গতং হ্যেনমমন্যত॥ ১৮

তিনি অভিমন্যুর বক্ষঃস্থলে তিনটি বাণে বিদ্ধ করিয়া সিংহনাদ করিতে লাগিলেন। তারপর তিনটি বাণে দক্ষিণ বাহু অপর তিনটি বাণে বাম বাহুতে বিদ্ধ করিলেন॥ ১২

তখন অর্জ্জুনপুত্র অভিমন্যু রুক্মরথের ধনু ছেদন করিয়া তাঁহার বাম-দক্ষিণ বাহুদ্বয় এবং সুন্দর নেত্রদ্বয় ও ভ্রূদ্বয়ে সুশোভিত মস্তককে অতি সত্বর ছেদন করিয়া ভূপাতিত করিলেন॥ ১৩

রাজন্! রাজা শল্যের এই অভিমানী পুত্র রুক্মরথ, যিনি অভিমন্যুকে জীবিত অবস্থায় বন্দী করিতে অভিলাষী হইয়াছিলেন, তাঁহাকে যুদ্ধে সুভদ্রানন্দন অভিমন্যু কর্তৃক নিহত হইতে দেখিয়া শল্যপুত্রের বহুসংখ্যক মিত্র রাজকুমার, যাঁহারা প্রহার করিতে নিপুণ ছিলেন এবং যুদ্ধে উন্মত্ত হইয়া সংগ্রাম করিয়া থাকেন, তাঁহারা সকলেই অভিমন্যুকে চারিদিকে ঘিরিয়া বাণ-বর্ষণ করিতে লাগিলেন। ইঁহাদের সকলেরই ধ্বজ স্বর্ণনির্ম্মিত ছিল এবং ইঁহারা চারিহাত লম্বা ধনু তখন আকর্ষণ করিতেছিলেন॥ ১৪-১৬

শিক্ষা ও বলসম্পন্ন, তরুণ, অত্যন্ত অমর্ষশীল এবং বীরবর রাজকুমারগণ কর্ত্তৃক অপরাজিত ও শৌর্য্যশালী একাকী বীর অভিমন্যুকে সমরাঙ্গনে বাণসমূহে আচ্ছাদিত হইতে দেখিয়া রাজা দুর্য্যোধনের অত্যন্ত আনন্দ হইল। তখন তিনি মনে করিলেন—অতঃপর অভিমন্যু শমনভবনে চলিয়াই গিয়াছে॥ ১৭-১৮

সেই রাজকুমারগণ স্বর্ণপঙ্খ ভূষিত, নানাপ্রকার চিহ্নে

সুবর্ণপুঙ্খৈরিষুভির্নানালিঙ্গৈঃ সুতেজনৈঃ।
অদৃশ্যমার্জুনিং চক্রুর্নিমেষাৎ তে নৃপাত্মজাঃ॥ ১৯
সসূতাশ্বধ্বজং তস্য স্যন্দনং তঞ্চ মারিষ।
আচিতং সমপশ্যাম শ্বাবিধং শললৈরিব॥ ২০
স গাঢ়বিদ্ধঃ ক্রুদ্ধশ্চ তোত্ত্রৈর্গজ ইবার্দিতঃ।
গান্ধর্বমস্ত্রমযচ্ছদ্ রথমায়াঞ্চ ভারত॥ ২১
অর্জুনেন তপস্তপ্ত্বা গন্ধর্বেভ্যো যদাহৃতম্।
তুম্বুরুপ্রমুখেভ্যো বৈ তেনামোহয়তাহিতান্॥ ২২
একধা শতধা রাজন্ দৃশ্যতে স্ম সহস্রধা।
অলাতচক্রবৎ সংখ্যে ক্ষিপ্রমস্ত্রাণি দর্শয়ন্॥ ২৩
রথচর্য্যাস্ত্রমায়াভির্মোহয়িত্বা পরন্তপঃ।
বিভেদ শতধা রাজন্ শরীরাণি মহীক্ষিতাম্॥ ২৪
প্রাণাঃ প্রাণভৃতাং সংখ্যে প্রেষিতানি শিতৈঃ শরৈঃ।
রাজন্ প্রাপুরমুং লোকং শরীরাণ্যবনিং যযুঃ॥ ২৫

সুশোভিত ও অতিশয় তীক্ষ্ণধার বাণসমূহের দ্বারা অর্জ্জুননন্দন অভিমন্যুকে নিমেষকালের মধ্যেই অদৃশ্য করিয়া ফেলিলেন॥ ১৯

আর্য্য! সারথি, অশ্ব ও ধ্বজ সহ অভিমন্যুর রথকে আমি সেইরূপে বাণসমূহে ব্যাপ্ত দেখিলাম, যেরূপ শ্বাবিধের দেহ কণ্টকে ব্যাপ্ত থাকে॥ ২০

ভারত! বাণসমূহের গুরুতর আঘাত খাইয়া অভিমন্যু অঙ্কুশের আঘাতে পীড়িত গজরাজের ন্যায় কুপিত হইয়া উঠিলেন। তখন তিনি গান্ধর্ব্ব অস্ত্র প্রয়োগ করিলেন এবং রথমায়া (রথ-যুদ্ধের নিপুণতা) প্রকাশ করিলেন॥ ২১

অর্জ্জুন তপস্যা করিয়া তুম্বুরু প্রভৃতি গন্ধর্ব্বগণের নিকট হইতে যে সমস্ত লাভ করিয়াছিলেন, সেই সব অস্ত্রের দ্বারা অভিমন্যু শত্রুগণকে মোহিত করিয়া ফেলিলেন॥ ২২

রাজন্! তখন তিনি শীঘ্রতার সহিত অস্ত্রসঞ্চালনের কৌশল দেখাইতে থাকিয়া যুদ্ধে অলাতচক্রের ন্যায় এক, শত ও সহস্র প্রকারে দৃষ্টিগোচর হইতে লাগিলেন॥ ২৩

মহারাজ! শত্রুসন্তাপক অভিমন্যু রথচর্য্যা ও অস্ত্রসকলের মায়ায় মোহিত করিয়া মহীপতিগণের শরীরসকলকে শত শত খণ্ডে খণ্ডিত করিয়া দিলেন॥ ২৪

অবালসদৃশং কর্ম কৃত্বা বৈ পুরুষোত্তমঃ ॥ ১০

অনতিক্রমণীয়ো বৈ বিধিরেষ যুধিষ্ঠির ।
দেব-দানব-গন্ধর্বান্ মৃত্যুর্হরতি ভারত ॥ ১১

দ্বিপঞ্চাশতম অধ্যায়

[বিলাপরত যুধিষ্ঠিরের নিকট ব্যাসদেবের আগমন এবং অকম্পন ও নারদের সংবাদ বলিতে বলিতে ব্যাসকর্তৃক মৃত্যুর উৎপত্তির প্রসঙ্গবর্ণন ।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! তারপর এইরূপে বিলাপরত কুন্তীপুত্র যুধিষ্ঠিরের নিকট সে স্থলে মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব শুভাগমন করিলেন ॥ ১

সেইসময় যুধিষ্ঠির তাঁহার যথাযোগ্য পূজা করিলেন। তারপর তিনি যখন উপবিষ্ট হইলেন, তখন ভ্রাতা অর্জুনের পুত্র অভিমন্যুর বিনাশে শোকসন্তপ্ত রাজা যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন ॥ ২

মুনে! অধর্মপরায়ণ অথচ মহাধনুর্দ্ধর বহুসংখ্যক মহারথী চারিদিক্ দিয়া ঘিরিয়া রণাঙ্গনে যুদ্ধ করত একাকী সুভদ্রাকুমার অভিমন্যুকে অসহায় অবস্থায় বধ করিয়াছেন ॥ ৩

শত্রুবীরনাশী অভিমন্যু এখনও বালক ও বালকসুলভ বুদ্ধি-সম্পন্ন ছিল। বিশেষতঃ সে সংগ্রামে উপযুক্ত দ্রব্যসামগ্রীহীন হইয়াই যুদ্ধ করিতেছিল ॥ ৪

আমি যুদ্ধস্থলে তাহাকে বলিয়াছিলাম যে, তুমি ব্যূহমধ্যে প্রবেশ করিবার জন্য আমাদের দ্বার উন্মোচন করিয়া দাও। তখন সে দ্বার উন্মোচন করিয়া ব্যূহমধ্যে প্রবেশ করিয়া যাইল। তারপর যখন আমরা সেই দ্বার দিয়া ব্যূহের মধ্যে প্রবেশ কারতেছিলাম, তখন সিন্ধুরাজ জয়দ্রথ আসিয়া আমাদের প্রতি-রোধ করিল ॥ ৫

যুদ্ধজীবী ক্ষত্রিয়গণের স্বীয় তুল্য অস্ত্রাদি সাধনসম্পন্ন বীরের সহিতই যুদ্ধ করিবার বাসনা করা উচিত। শত্রুরা যে অভিমন্যুর সহিত এতাদৃশ যুদ্ধ করিল, তাহা কখনই সমান হইতে পারে না ॥ ৬

সেইজন্য আমি অত্যন্ত সন্তপ্ত, শোকাশ্রুতে সদা আমার চক্ষু পূর্ণ হইয়া যাইতেছে। আমি বারংবার চিন্তায় নিমগ্ন হইয়া পড়িতেছি এবং আমি কোনরূপেই শান্তিলাভ করিতে পারিতেছি না ॥ ৭

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপে শোকে ব্যাকুল হইয়া বিলাপরত রাজা যুধিষ্ঠিরকে ভগবান্ ব্যাসদেব এই কথা বলিলেন ॥৮

ব্যাসদেব বলিলেন,—সমস্ত শাস্ত্রে বিশেষজ্ঞ, মহামতি, ভরত-কুলভূষণ যুধিষ্ঠির! তোমার ন্যায় পুরুষের পক্ষে সঙ্কটের সময় মোহগ্রস্ত হওয়া উচিত নহে ॥ ৯

সেই পুরুষোত্তম অভিমন্যু শৌর্য্যশালী বীর। সে রণাঙ্গনে অবালোকচিত পরাক্রম প্রকাশ করত বহুসংখ্যক শত্রুকে বধ করিয়া স্বর্গলোকে গমন করিয়াছে ॥ ১০

ভরতবংশধর যুধিষ্ঠির! ইহা বিধাতারই বিধান। ইহাকে কেহই উল্লঙ্ঘন করিতে পারিবে না। মৃত্যু দেবতা, দানব ও গন্ধর্বগণকেও হরণ করিয়া থাকে ॥ ১১

যুধিষ্ঠির উবাচ।

ইমে বৈ পৃথিবীপালাঃ শেরতে পৃথিবীতলে।
নিহতাঃ পৃতনামধ্যে মৃতসংজ্ঞা মহাবলাঃ ॥ ১২
নাগাযুতবলাশ্চান্যে বায়ুবেগবলাস্তথা।
ত এতে নিহতাঃ সংখ্যে তুল্যরূপা নরৈর্নরাঃ ॥ ১৩
নৈষাং পশ্যামি হন্তারং প্রাণিনাং সংযুগে ক্বচিৎ।
বিক্রমেণোপসম্পন্নাস্তপোবলসমান্বিতাঃ ॥ ১৪
জেতব্যামিতি চান্যোন্যং যেষাং নিত্যং হৃদি স্থিতম্।
অথ চেমে হতাঃ প্রাজ্ঞাঃ শেরতে বিগতায়ুষঃ ॥ ১৫
মৃতা ইতি চ শব্দোঽয়ং বর্ত্ততে চ ততোঽর্থবৎ।
ইমে মৃতা মহীপালাঃ প্রায়শো ভীমবিক্রমাঃ ॥ ১৬
নিশ্চেষ্টা নিরভীমানাঃ শূরাঃ শক্রবশংগতাঃ।
রাজপুত্রাশ্চ সংরব্ধা বৈশ্বানরমুখং গতাঃ ॥ ১৭
অত্র মে সংশয়ঃ প্রাপ্তঃ কুতঃ সংজ্ঞা মৃতা ইতি।
কস্য মৃত্যুঃ কুতো মৃত্যুঃ কেন মৃত্যুরিমাঃ প্রজাঃ ॥ ১৮
হরত্যমরসঙ্কাশঃ তন্মে ব্রূহি পিতামহ।

সঞ্জয় উবাচ।

তং তথা পরিপৃচ্ছন্তং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
আশ্বাসনমিদং বাক্যমুবাচ ভগবানৃষিঃ ॥ ১৯

ব্যাস উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
অকম্পনস্য কথিতং নারদেন পুরা নৃপ ॥ ২০
স চাপি রাজা রাজেন্দ্র পুত্রব্যসনমুত্তমম্।
অপ্রসহ্যতমং লোকে প্রাপ্তবানিতি মে মতিঃ ॥ ২১
তদহং সম্প্রবক্ষ্যামি মৃত্যোঃ প্রভবমুত্তমম্।
ততস্ত্বং মোক্ষ্যসে দুঃখাৎ স্নেহবন্ধনসংশ্রয়াৎ ॥ ২২
সমস্তপাপরাশিঘ্নং শৃণু কীর্তয়তো মম।
ধন্যমাখ্যানমায়ুষ্যং শোকঘ্নং পুষ্টিবর্ধনম্ ॥ ২৩
পবিত্রমরিসংঘঘ্নং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
যথৈব বেদাধ্যয়নমুপাখ্যানমিদং তথা ॥ ২৪

যুধিষ্ঠির বলিলেন,—মুনে! এই মহাবল ভূপালগণ সৈন্যদের মধ্যভাগে নিহত হইয়া "মৃত" নাম ধারণ করত ভূতলে শয়ন করিয়া আছে। ১২

ইহাদের মধ্যে বহু রাজাই দশ হাজার হস্তিতুল্য বলশালী এবং বহু রাজার বেগ ও বল বায়ুসদৃশ। এই সব তুল্যরূপবিশিষ্ট মনুষ্যগণ অপর মনুষ্যদের দ্বারা যুদ্ধস্থলে নিহত হইয়াছে। ১৩

এই সকল প্রাণশক্তিসম্পন্ন বীরগণের যুদ্ধে কোন হন্তাকে আমি কোথাও দেখিতে পাইতেছি না; কারণ, ইঁহারা সকলেই পরাক্রমশালী ও তপোবলান্বিত। ১৪

যাহাদের হৃদয়ে পরস্পরকে জয়লাভ করিবার বাসনা বর্ত্তমান ছিল, সেই সব নরপতিগণও আয়ু শেষ হইয়া যাওয়ায় যুদ্ধে নিহত হইয়া ধরাতলে শয়ন করিয়া আছে। ১৫

অতএব ইঁহাদের প্রতি "মৃত"-এই শব্দ সার্থকভাবে বর্ত্তমান আছে। এই ভয়ঙ্কর পরাক্রমশালী ভূপালগণকে প্রায় মৃতই বলা হইয়াছে। ১৬

এই শৌর্য্যশালী বীর রাজকুমারগণ চেষ্টা ও অভিমানশূন্য হইয়া শত্রুদিগের অধীনস্থ হইয়াছে। ইহারা কুপিত হইয়া বাণবর্ষণরূপ অগ্নিমুখে প্রবেশ করিতেছে। ১৭

এবিষয়ে আমার এতাদৃশ সংশয় জন্মিয়াছে যে, ইহাকে কেন এই কথা বলা হয়? মৃত্যু নাম কোথা হইতে আসিল? কাহার মৃত্যু হয়? কি হেতু মৃত্যু হয়? এই মৃত্যু কি জন্য সকল প্রজাকে (প্রাণীকে) অপহরণ করিয়া থাকে? দেবতুল্য পিতামহ! এই সব বৃত্তান্ত আপনি আমাকে বলুন। ১৮

সঞ্জয় বলিলেন,—রাজন্! এইরূপ প্রশ্নকারী কুন্তীপুত্র যুধিষ্ঠিরকে মুনিবর ভগবান্ ব্যাসদেব এই আশ্বাসজনক বাক্য বলিলেন। ১৯

ব্যাসদেব বলিলেন,—নরেশ্বর! জ্ঞানী পুরুষগণ এবিষয়ে একটি প্রাচীন ইতিহাস দৃষ্টান্তরূপে উপস্থাপন করেন। এই ইতিহাস বহু পূর্ব্বে দেবর্ষি নারদ রাজা অকম্পনকে বলিয়াছিলেন। রাজেন্দ্র! রাজা অকম্পনও নিজ পুত্রের মৃত্যুতে অত্যন্ত শোকলাভ করিয়াছিলেন; যাহা আমার বিচারেও এজগতে সর্ব্বাপেক্ষা অধিক অসহ্য দুঃখকর ছিল। ২০-২১

এইজন্য আমি তোমাকে মৃত্যুর উৎপত্তিবিষয়ক উত্তম বৃত্তান্ত আজ বর্ণনা করিব, ইহা শ্রবণ করিয়া তুমি স্নেহবন্ধনের কারণ উৎপন্ন দুঃখ হইতে মুক্তিলাভ করিতে পারিবে। ২২

এই উপাখ্যান সমস্ত পাপরাশিনাশক। আমি ইহার বর্ণনা করিতেছি, তুমি শ্রবণ কর। ইহা ধন ও আয়ুর বৃদ্ধিকারক, শোকনাশী, পুষ্টিবর্দ্ধক, পবিত্র, শত্রুসমূহনিবারক এবং সমস্ত মঙ্গলকারী কার্য্য হইতে সর্ব্বাপেক্ষা অধিক মঙ্গলকারক। যেরূপ বেদসমূহের অধ্যায় পুণ্যদায়ক, সেইরূপ এই উপাখ্যানও পুণ্যপ্রদ বলিয়া জানিবে। ২৩-২৪

শ্রবণীয়ং মহারাজ প্রাতর্নিত্যং নৃপোত্তমৈঃ।
পুত্রানায়ুষ্মতো রাজ্যমীহমানৈঃ শ্রিয়ং তথা ॥ ২৫
পুরা কৃতযুগে তাত আসীদ্ রাজা হ্যকম্পনঃ।
স শত্রুবশমাপন্নো মধ্যে সংগ্রামমূর্ধনি ॥ ২৬
তস্য পুত্রো হরির্নাম নারায়ণসমো বলে।
শ্রীমান্ কৃতাস্ত্রো মেধাবী যুধি শক্রোপমো বলী ॥ ২৭
স শত্রুভিঃ পরিবৃতো বহুধা রণমূর্ধনি।
ব্যস্যন্ বাণসহস্রাণি যোধেষু চ গজেষু চ ॥ ২৮
স কর্ম দুষ্করং কৃত্বা সংগ্রামে শত্রুতাপনঃ।
শত্রুভির্নিহতঃ সংখ্যে পৃতনায়াং যুধিষ্ঠির ॥ ২৯
স রাজা প্রেতকৃত্যানি তস্য কৃত্বা শুচান্বিতঃ।
শোচন্নহনি রাত্রৌ চ নালভৎ সুখমাত্মনঃ ॥ ৩০
তস্য শোকং বিদিত্বা তু পুত্রব্যসনসম্ভবম্।
আজগামাথ দেবর্ষির্নারদোঽস্য সমীপতঃ ॥ ৩১

মহারাজ! দীর্ঘায়ু পুত্র, রাজ্য এবং ধন সম্পত্তি কামনাকারী শ্রেষ্ঠ রাজগণের প্রত্যহ প্রাতঃকালে এই উপাখ্যান শ্রবণ করা উচিত ॥ ২৫

তাত! প্রাচীনকালের কথা, সত্যযুগে অকম্পননামক এক প্রসিদ্ধ রাজা ছিলেন। তিনি যুদ্ধে শত্রুদিগের বশীভূত হইয়া পড়িয়াছিলেন ॥ ২৬

রাজার এক পুত্র ছিল, যাঁহার নাম হইল হরি। তিনি বলে ভগবান্ নারায়ণের তুল্য ছিলেন। তিনি অস্ত্রবিদ্যায় পারদর্শী, মেধাবী, শ্রীসম্পন্ন এবং যুদ্ধে ইন্দ্রসদৃশ পরাক্রমী ॥ ২৭

তিনি এক সময় শত্রুগণকর্তৃক পরিবৃত হইয়া শত্রুপক্ষের যোদ্ধাদের ও গজারোহী সৈন্যদের উপর বারংবার সহস্র সহস্র বাণবর্ষণ করিতে লাগিলেন ॥ ২৮

যুধিষ্ঠির! সেই শত্রুতাপন বীর রাজকুমার সংগ্রামে দুষ্কর পরাক্রম দেখাইয়া শেষে সৈন্যগণের মধ্যে শত্রুসকলের দ্বারা নিহত হন ॥ ২৯

তখন রাজা অকম্পন শোকগ্রস্ত হইয়া পড়িলেন। তিনি পুত্রের অন্ত্যেষ্টি কার্য্য সমাধা করিয়া দিবারাত্র তাঁহারই শোকে নিমগ্ন রহিলেন। তাঁহার মনে তখন অল্পও শান্তি ছিল না ॥ ৩০

স্বীয় পুত্রের মৃত্যুতে রাজা অকম্পন অত্যন্ত শোকাকুল হইয়াছেন, ইহা জানিয়া দেবর্ষি নারদ তাঁহার নিকট আসিলেন ॥ ৩১

স তু রাজা মহাভাগো দৃষ্ট্বা দেবর্ষিসত্তমম্।
পূজয়িত্বা যথান্যায়ং কথামকথয়ৎ তদা ॥ ৩২
তস্য সর্বং সমাচষ্ট যথাবৃত্তং নরেশ্বরঃ।
শত্রুভির্বিজয়ং সংখ্যে পুত্রস্য চ বধং তথা ॥ ৩৩
মম পুত্রো মহাবীর্য্য ইন্দ্র-বিষ্ণুসমদ্যুতিঃ।
শত্রুভির্বহুভিঃ সংখ্যে পরাক্রম্য হতো বলী ॥ ৩৪
ক এষ মৃত্যুর্ভগবন্ কিং বীর্য্যবলপৌরুষঃ।
এতদিচ্ছামি তত্ত্বেন শ্রোতুং মতিমতাং বর ॥ ৩৫
তস্য তদ্ বচনং শ্রুত্বা নারদো বরদঃ প্রভুঃ।
আখ্যানমিদমাচষ্ট পুত্রশোকাপহং মহৎ ॥ ৩৬

নারদ উবাচ।

শৃণু রাজন্ মহাবাহো আখ্যানং বহুবিস্তরম্।
যথাবৃত্তং শ্রুতং চৈব ময়াপি বসুধাধিপ ॥ ৩৭

সেই সময় মহাভাগ রাজা অকম্পন দেবর্ষিপ্রবর নারদকে শুভাগমন করিতে দেখিয়া তাঁহার যথাযোগ্য পূজা করত তাঁহাকে নিজের পুত্রের মৃত্যুবৃত্তান্ত বলিলেন ॥ ৩২

রাজা অকম্পন ক্রমশঃ শত্রুগণের বিজয় এবং যুদ্ধস্থলে নিজ পুত্রের মৃত্যুবৃত্তান্ত এ সমস্ত বিষয়ই নারদকে যথাযথভাবে বলিয়া শুনাইলেন ॥ ৩৩

তিনি বলিলেন,—দেবর্ষে! আমার পুত্র ইন্দ্র ও বিষ্ণুর ন্যায় তেজস্বী, মহাপরাক্রমশালী এবং বলবান্ ছিল, কিন্তু যুদ্ধে বহু শত্রু একত্রে মিলিত হইয়া পরাক্রমপ্রকাশ করত তাহাকে বধ করিয়াছে ॥ ৩৪

ভগবন্! এই মৃত্যু কে? ইহার বীর্য্য, বল ও পৌরুষ কিরূপ? বুদ্ধিমান্দিগের মধ্যে শ্রেষ্ঠ নারদ! আমি এই সব বিষয় যথাযথভাবে শুনিতে চাই ॥ ৩৫

রাজা অকম্পনের এই কথা শ্রবণ করিয়া বরদান করিতে সমর্থ ও প্রভাবশালী নারদ এই পুত্রশোকনাশক উত্তম উপাখ্যান বলিতে আরম্ভ করিলেন ॥ ৩৬

নারদ বলিলেন,—ভূপাল! তোমার পুত্রের মৃত্যু যেভাবে হইয়াছে, তাহার বৃত্তান্ত আমিও যথাযথরূপে পূর্ব্বেই শ্রবণ করিয়াছি। মহাবাহু রাজন্! এখন আমি তোমার নিকট এক বিস্তৃত উপাখ্যান আরম্ভ করিতেছি। তুমি ইহা একাগ্রচিত্তে শ্রবণ কর ॥ ৩৭

প্রজাঃ সৃষ্ট্বা তদা ব্রহ্মা আদিসর্গে পিতামহঃ।
অসংহৃতং মহাতেজা দৃষ্ট্বা জগদিদং প্রভুঃ ॥ ৩৮
তস্য চিন্তা সমুৎপন্না সংহারং প্রতি পাথিব।
চিন্তয়ন্ন হ্যসৌ বেদ সংহারং বসুধাধিপ ॥ ৩৯
তস্য রোষান্ মহারাজ খেভ্যোঽগ্নিরুদতিষ্ঠত।
তেন সর্বা দিশো ব্যাপ্তাঃ সান্তর্দেশা দিধক্ষতা ॥ ৪০
ততো দিবং ভুবং চৈব জ্বালামালাসমাকুলম্।
চরাচরং জগৎ সর্বং দদাহ ভগবান্ প্রভুঃ ॥ ৪১
ততো হতানি ভূতানি চরাণি স্থাবরাণি চ।
মহতা ক্রোধবেগেন ত্রাসয়ন্নিব বীর্য্যবান্ ॥ ৪২
ততো রুদ্রো জটী স্থাণুর্নিশাচরপতির্হরঃ।
জগাম শরণং দেবং ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্ ॥ ৪৩
তস্মিন্নাপতিতে স্থাণৌ প্রজানাং হিতকাম্যয়া।
অব্রবীৎ পরমো দেবো জ্বলন্নিব মহামুনিঃ ॥ ৪৪
কিং কুর্মঃ কামং কামার্হ কামাজ্জাতোঽসি পুত্রক।
করিষ্যামি প্রিয়ং সর্বং ব্রূহি স্থাণো যদীচ্ছসি ॥ ৪৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি
দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫২

সৃষ্টির আদিতে মহাতেজস্বী ও শক্তিশালী পিতামহ ব্রহ্মা যখন প্রজাগণের সৃষ্টি করিলেন, তখন সংহারের কোনই ব্যবস্থা ছিল না, সুতরাং এই সম্পূর্ণ জগৎকে প্রাণিগণে পরিপূর্ণ ও মৃত্যু-রহিত দেখিয়া প্রাণিগণের সংহারের জন্য চিন্তিত হইলেন। রাজন্! ভূপাল! বহু কিছু চিন্তা করিবার পরেও ব্রহ্মার প্রাণিগণের সংহারের বিষয়ে কোন উপায় স্থির করিতে পারিলেন না ॥৩৮-৩৯

মহারাজ! সেই সময় ক্রোধবশতঃ ব্রহ্মার নেত্রাদি ইন্দ্রিয়-দ্বারসমূহ দিয়া অগ্নি উৎপন্ন হইল। সেই অগ্নি এই জগৎকে দগ্ধ করিবার ইচ্ছায় সমস্ত দিক্ ও বিদিক্‌সমূহে ব্যাপ্ত হইয়া পড়িলেন ॥ ৪০

তদনন্তর আকাশ ও পৃথিবীতে সর্ব্বত্রই অগ্নির প্রচণ্ড শিখা ব্যাপ্ত হইল। দাহ করিতে সমর্থ এবং অত্যন্ত শক্তিশালী ভগবান্ অগ্নিদেব তীব্র ক্রোধবেগে সকলকে সন্ত্রস্ত করিতে করিতে সম্পূর্ণ চরাচর (স্থাবর-জঙ্গমাত্মক) জগৎকে দগ্ধ করিতে লাগিলেন। ইহাতে বহু স্থাবর-জঙ্গমপ্রাণী নষ্ট হইয়া যাইল ॥৪১-৪২

তাহার পর রাক্ষসগণের অধিপতি, জটাধারী, দুঃখহর্ত্তা স্থাণু-নামধারী ভগবান্ রুদ্র পরমেষ্ঠী ভগবান্ ব্রহ্মার শরণগ্রহণ করিলেন ॥ ৪৩

প্রজাসকলের হিতাকাঙ্ক্ষী ভগবান্ রুদ্রদেব আগমন করিলে পর মহামুনি ব্রহ্মা স্বীয় তেজে দেদীপ্যমান হইয়া এইরূপ বলিলেন ॥ ৪৪

স্বীয় অভীষ্ট মনোরথ লাভ করিবার যোগ্য পুত্র! তুমি আমার মানসিক সঙ্কল্প হইতে উৎপন্ন হইয়াছ; আমি তোমার কোন্ কামনা পূর্ণ করিব? তুমি যাহা পাইতে ইচ্ছুক, তাহা বল। আমি তোমার সকল মনোরথানুকূল প্রিয় কার্য্য করিব ॥৪৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে দ্বিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[শঙ্কর-ব্রহ্মণোঃ সংবাদঃ, মৃত্যোরুৎপত্তিঃ, তদুপরি প্রজাসংহারভারার্পণঞ্চ।]

স্থাণুরুবাচ।
প্রজাসর্গনিমিত্তং হি কৃতো যত্নস্ত্বয়া বিভো।
ত্বয়া সৃষ্টাশ্চ বৃদ্ধাশ্চ ভূতগ্রামাঃ পৃথগ্বিধাঃ ॥ ১
তাস্তবেহ পুনঃ ক্রোধাৎ প্রজা দহ্যন্তি সর্বশঃ।
তা দৃষ্ট্বা মম কারুণ্যং প্রসীদ ভগবন্ প্রভো ॥ ২

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

[শঙ্কর ও ব্রহ্মার সংবাদ, মৃত্যুর উৎপত্তি এবং তাহার উপর প্রজাসংহারের ভার অর্পণ।

স্থাণু (রুদ্রদেব) বলিলেন,—প্রভো! আপনি প্রজাগণের সৃষ্টির জন্য স্বয়ংই যত্ন করিয়াছেন। আপনি স্বয়ংই নানাপ্রকার প্রাণিগণের সৃষ্টি ও বৃদ্ধি করিয়াছেন ॥ ১

আপনার সেই সৃষ্ট প্রজাগণ পুনরায় আপনারই ক্রোধে এখন দগ্ধ হইতেছে। ইহাতে তাহাদের জন্য আমার হৃদয় করুণায় পূর্ণ হইয়া উঠিয়াছে। ভগবন্! প্রভো! সেইজন্য আপনি এই প্রজাগণের কৃপাদৃষ্টি করিয়া প্রসন্ন হউন ॥ ২

ব্রহ্মোবাচ।

সংহর্তুং ন চ মে কাম এতদেবং ভবেদিতি।
পৃথিব্যা হিতকামং তু ততো মাং মন্যুরাবিশৎ॥ ৩

ইয়ং হি মাং সহা দেবী ভারার্তা সমচূচুদৎ।
সংহারার্থং মহাদেব ভারেণাভিহতা সতী॥ ৪

ততোহহং নাধিগচ্ছামি তথা বহুবিধং তদা।
সংহারমপ্রমেয়স্য ততো মাং মন্যুরাবিশৎ॥ ৫

রুদ্র উবাচ।

সংহারার্থং প্রসীদস্ব মা রুষো বসুধাধিপ।
মা প্রজাঃ স্থাবরাশ্চৈব জঙ্গমাশ্চ ব্যনীনশঃ॥ ৬

তব প্রসাদাদ্ ভগবন্নিদং বর্তেৎ ত্রিধা জগৎ।
অনাগতমতীতঞ্চ যচ্চ সম্প্রতি বর্ততে॥ ৭

ভগবন্ ক্রোধসন্দীপ্তঃ ক্রোধাদগ্নিমবাসৃজৎ।
স দহত্যশ্মকূটানি দ্রুমাংশ্চ সরিতস্তথা॥ ৮

পল্বলানি চ সর্বাণি সর্বাংশ্চৈব তৃণোলপান্।
স্থাবরং জঙ্গমং চৈব নিঃশেষং কুরুতে জগৎ॥ ৯

তদেতদ্ ভস্মসাদ্ভূতং জগৎ স্থাবর-জঙ্গমম্।
প্রসীদ ভগবন্ স ত্বং রোষো ন স্যাদ্ বরো মম॥ ১০

সর্বে হি সৃষ্টা নশ্যন্তি তব দেব কথঞ্চন।
তস্মান্নিবর্ততাং তেজস্ত্বয্যেবেদং প্রলীয়তাম্॥ ১১

তৎ পশ্য দেব সুভৃশং প্রজানাং হিতকাম্যয়া।
যথেমে প্রাণিনঃ সর্বে নিবর্তেরংস্তথা কুরু॥১২

অভাবং নেহ গচ্ছেয়ুরুৎসন্নজননাঃ প্রজাঃ।
আদিদেব নিযুক্তোঽস্মি ত্বয়া লোকেষু লোককৃৎ॥ ১৩

মা বিনশ্যেজ্জগন্নাথ জগৎ স্থাবরজঙ্গমম্।
প্রসাদাভিমুখং দেবং তস্মাদেবং ব্রবীম্যহম্॥ ১৪

নারদ উবাচ।

শ্রুত্বা হি বচনং দেবঃ প্রজানাং হিতকারণে।
তেজঃ সন্ধারয়ামাস পুনরেবান্তরাত্মনি॥ ১৫

ততোঽগ্নিমুপসংহৃত্য ভগবাঁল্লোকসৎকৃতঃ।
প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কথয়ামাস বৈ প্রভুঃ॥ ১৬

ব্রহ্মা বলিলেন,—রুদ্র! আমার ইচ্ছা এরূপ নহে যে, এই প্রজাগণ এইভাবে বিনষ্ট হউক। জগতের হিত কামনা করিয়াই আমার মনে এই ক্রোধ আবিষ্ট হইয়াছে। ৩

মহাদেব! এই পৃথিবীদেবী প্রজাগণের ভারে পীড়িত হইয়া জগতের সংহারের জন্য আমাকে প্রেরণাদান করিয়াছে। এই সতী-সাধ্বীদেবী গুরুতরভাবে অবনত হইয়া পড়িয়াছে। ৪

আমি অনেক প্রকার এই অনন্ত জগতের সংহারের জন্য চেষ্টা করিয়াছি, কিন্তু কোন উপায়ই আমি উদ্ভাবন করিতে পারি নাই। এজন্য আজ আমার মনে ক্রোধের সমাবেশ হইয়াছে। ৫

রুদ্র বলিলেন,—বসুধার অধিপতি পিতামহ! আপনি ক্রোধ করিবেন না। জগতের সংহার নিবারণের জন্য আপনি প্রসন্ন হউন। এই স্থাবর-জঙ্গম প্রাণিগণকে বিনাশ করিবেন না। ৬

ভগবন্! আপনার কৃপায় এই জগৎ যাহা পূর্বে ছিল, সেই ভূত, যাহা ভবিষ্যতে থাকিবে, সেই ভবিষ্যৎ ও যাহা সম্প্রতি আছে, সেই বর্তমান—এই তিন রূপে বিভক্ত হইয়া তিন ভাবে পরিচালিত হইতেছে। ৭

প্রভো! আপনি ক্রোধে প্রজ্বলিত হইয়া ক্রোধপূর্বক যে অগ্নির সৃষ্টি করিয়াছেন, তিনি পর্বতশিখর, বৃক্ষ ও নদীসমূহকে দগ্ধ করিতেছেন। ৮

এই অগ্নি সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়, সর্বপ্রকার তৃণ ও লতাসমূহ এবং গতিশীল জগৎকে সম্পূর্ণরূপে ধ্বংস করিতেছে। এইরূপে এই সমগ্র চরাচর জগৎ প্রজ্বলিত হইয়া ভস্মীভূত হইয়াছে। ভগবন্! আপনি প্রসন্ন হউন। আপনার মনে যেন আর কোন রোষ না থাকে, ইহাই আপনার নিকট আমার বর প্রার্থনা। ৯-১০

দেব! আপনার সৃষ্ট এই সমস্ত প্রাণী যে কোনরূপে নষ্ট হইয়া থাকে; অতএব আপনার এই তেজস্বরূপ ক্রোধ জগতের সংহার হইতে নিবৃত্ত হইয়া আপনার মধ্যে বিলীন হউক। ১১

প্রভো! আপনার প্রজাবর্গের অত্যন্ত হিত কামনা করিয়া ইহাদের উপর কৃপাপূর্ণ দৃষ্টিতে অবলোকন করুন। যাহাতে এই সমস্ত প্রাণী ধ্বংস হইতে রক্ষা পায়, আপনি তাহাই করুন। ১২

সন্তানসকল নষ্ট হইয়া যাওয়ায় যাহাতে সকল প্রাণী লুপ্ত হইয়া না পড়ে। আদিদেব! আপনি লোকসমূহের মধ্যে আমাকে লোকস্রষ্টার পদে নিযুক্ত করিয়াছেন। ১৩

জগন্নাথ! এই চরাচর জগৎ যাহাতে নষ্ট না হয়, সেইজন্য সদা করুণা করিতে উদ্যত প্রভুর সম্মুখে আমার এইরূপ প্রার্থনা আমি নিবেদন করিলাম। ১৪

নারদ বলিলেন,—রাজন্! প্রজাগণের হিতের জন্য মহাদেবের এই বাক্য শ্রবণ করিয়া ভগবান্ ব্রহ্মা পুনরায় স্বীয় অন্তরাত্মায় সেই তেজ (ক্রোধ) ধারণ করিলেন। ১৫

তখন বিশ্ববন্দিত ভগবান্ ব্রহ্মা সেই ক্রোধাগ্নির উপসংহার

উপসংহরতস্তস্য তমগ্নিং রোষজং তথা।
প্রাদুর্ব্বভূব বিশ্বেভ্যো গোভ্যো নারী মহাত্মনঃ ॥ ১৭
কৃষ্ণরক্তা তথা পিঙ্গরক্তজিহ্বাস্যলোচনা।
কুণ্ডলাভ্যাঞ্চ রাজেন্দ্র তপ্তাভ্যাং তপ্তভূষণা ॥১৮
সা নিঃসৃত্য তথা খেভ্যো দক্ষিণাং দিশমাশ্রিতা।
স্ময়মানা চ সাবেক্ষ্য দেবৌ বিশ্বেশ্বরাবুভৌ ॥ ১৯
তামাহূয় তদা দেবো লোকাদিনিধনেশ্বরঃ।
(উক্তবান্ মধুরং বাক্যং সান্ত্বয়িত্বা পুনঃ পুনঃ।)
মৃত্যো ইতি মহীপাল জহি চেমাঃ প্রজা ইতি ॥ ২০
ত্বং হি সংহারবুদ্ধ্যাথ প্রাদুর্ভূতা রুষো মম।
তস্মাৎ সংহর সর্বাস্ত্বং প্রজাঃ সজড়পণ্ডিতাঃ ॥ ২১
মম ত্বং হি নিয়োগেন ততঃ শ্রেয়ো হ্যবাপ্স্যসি।
এবমুক্তা তু সা তেন মৃত্যুঃ কমললোচনা ॥ ২২
দধ্যৌ চাত্যর্থমবলা প্ররুরোদ চ সুস্বরম্।
পাণিভ্যাং প্রতিজগ্রাহ তান্যশ্রূণি পিতামহঃ।
সর্বভূতহিতার্থায় তাং চাপ্যনুনয়ৎ তদা ॥ ২৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি অভিমন্যুবধপর্বণি মৃত্যুকথনে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৩

করিয়া মনুষ্যগণের জন্য প্রবৃত্তি (কর্ম্ম) ও নিবৃত্তি (জ্ঞান) মার্গের উপদেশ দান করিলেন ॥ ১৬

সেই ক্রোধাগ্নির উপসংহার করিবার সময় মহাত্মা ব্রহ্মার সকল ইন্দ্রিয়বর্গ হইতে এক নারী প্রাদুর্ভূতা হইলেন। তিনি কৃষ্ণ ও রক্তবর্ণবিশিষ্টা ছিলেন। ইঁহার জিহ্বা, মুখ এবং নেত্র পীতবর্ণ ও রক্তবর্ণ ছিল। রাজেন্দ্র! তিনি তপ্ত সুবর্ণনির্ম্মিত কুণ্ডলে সুশোভিত এবং তাঁহার সমস্ত আভরণই তপ্ত সুবর্ণে নির্ম্মিত ছিল ॥ ১৭-১৮

তিনি ব্রহ্মার ইন্দ্রিয়সমূহ হইতে নির্গত হইয়া দক্ষিণদিকে অবস্থান করিতে লাগিলেন এবং সেই দুই বিশ্বেশ্বর দেবতার দিকে নিরীক্ষণ করিতে করিতে মৃদু হাস্য করিতে লাগিলেন ॥ ১৯

মহীপাল! সেই সমস্ত জগতের আদি ও অন্তের অধিপতি স্বামী ব্রহ্মা সেই নারীকে নিজের নিকটে আহ্বান করিয়া আনিয়া তাঁহাকে বারংবার সান্ত্বনাদান করিতে করিতে মধুর বাণীতে "হে মৃত্যু" এই কথা বলিয়া তাঁহাকে বলিলেন—তুমি এই সমস্ত প্রজাগণকে সংহার কর ॥ ২০

দেবি! তুমি সংহার বুদ্ধিদ্বারা প্রেরিত হইয়া আমার রোষ হইতে উৎপন্না হইয়াছ, সেইজন্য মূর্খ ও পণ্ডিত সকল প্রজাকে সংহার করিতে থাক, আমার আজ্ঞায় তোমায় এই কার্য্য করিয়া যাইতে হইবে। ইহাতেই তোমার কল্যাণ হইবে ॥ ২১

ব্রহ্মা এই কথা বলিলে পর মৃত্যুনাম্নী সেই কমলনয়না নারী অত্যন্ত চিন্তান্বিতা হইয়া পড়িলেন এবং ধীরস্বরে ক্রন্দন করিতে লাগিলেন ॥ ২২

পিতামহ ব্রহ্মা তাঁহার সেই অশ্রু সমস্ত প্রাণিগণের হিতের জন্য স্বীয় দুই হস্তে গ্রহণ করিলেন এবং সেই নারীকেও অনুনয় সহকারে প্রসন্ন করিলেন ॥ ২৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে মৃত্যুর বর্ণনবিষয়ক ত্রিপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[মৃত্যোরুগ্রং তপঃ, ব্রহ্মণঃ সমীপতো বরলাভঃ, নারদাকম্পনসংবাদোপসংহারশ্চ।]

নারদ উবাচ।

বিনীয় দুঃখমবলা আত্মন্যেব প্রজাপতিম্।
উবাচ প্রাঞ্জলির্ভূত্বা লতেবাবর্জিতা পুনঃ॥ ১

মৃত্যুরুবাচ।

ত্বয়া সৃষ্টা কথং নারী ঈদৃশী বদতাং বর।
ক্রূরং কর্মাহিতং কুর্য্যাং তদেব কিমু জানতী॥ ২

বিভেম্যহমধর্মাদ্ধি প্রসীদ ভগবন্ প্রভো।
প্রিয়ান্ পুত্রান্ বয়স্যাংশ্চ ভ্রাতৄন্ মাতৄঃ পিতৄন্ পতীন্॥৩

অপধ্যাস্যন্তি মে দেব মৃতেষ্বেভ্যো বিভেম্যহম্।
কৃপণানাং হি রুদতাং যে পতন্ত্যশ্রুবিন্দবঃ॥ ৪

তেভ্যোঽহং ভগবন্ ভীতা শরণং ত্বাহমাগতা।
যমস্য ভবনং দেব গচ্ছেয়ং ন সুরোত্তম॥ ৫

কায়েন বিনয়োপেতা মূর্দ্ধোদগ্রনখেন চ।
এতদিচ্ছাম্যহং কামং ত্বত্তো লোকপিতামহ॥ ৬

ইচ্ছেয়ং ত্বৎপ্রসাদাদ্ধি তপস্তপ্তুং প্রজেশ্বর।
প্রদিশেমং বরং দেব ত্বং মহ্যং ভগবন্ প্রভো॥ ৭

ত্বয়া হ্যুক্তা গমিষ্যামি ধেনুকাশ্রমমুত্তমম্।
তত্র তপ্স্যে তপস্তীব্রং তবৈবারাধনে রতা॥ ৮

ন হি শক্ষ্যামি দেবেশ প্রাণান্ প্রাণভৃতাং প্রিয়ান্।
হর্ত্তুং বিলপমানানামধর্মাদভিরক্ষ মাম্॥ ৯

ব্রহ্মোবাচ।

মৃত্যো সঙ্কল্পিতাসি ত্বং প্রজাসংহারহেতুনা।
গচ্ছ সংহর সর্বাস্ত্বং প্রজা মা তে বিচারণা॥ ১০

ভবিতা ত্বেতদেবং হি নৈতজ্জাত্বন্যথা ভবেৎ।
ভব ত্বনিন্দিতা লোকে কুরুষ্ব বচনং মম॥ ১১

চতুঃপঞ্চাশত্তম অধ্যায়।

[মৃত্যুর ঘোর তপস্যা, ব্রহ্মার নিকট হইতে তাঁহার বরলাভ এবং নারদ-অকম্পনসংবাদের উপসংহার।]

নারদ বলিলেন,—রাজন্! তদনন্তর সেই অবলা নিজের অন্তরেই স্ব-দুঃখকে ধারণ করিয়া অবনতা লতার ন্যায় বিনম্র হইয়া কৃতাঞ্জলিপুটে ব্রহ্মাকে বলিলেন। ১

মৃত্যু বলিলেন,—বক্তাগণের মধ্যে শ্রেষ্ঠ প্রজাপতি! আপনি আমাকে এরূপ নারীরূপে কেন উৎপন্ন করিলেন? আমি জানিয়া শুনিয়া এই ক্রূরতাপূর্ণ কার্য্য কিরূপে করিব? ২

ভগবন্! আমি অধর্ম্ম হইতে ভীত হইয়াছি। প্রভো! আপনি আমার উপর প্রসন্ন হউন। যখন আমি প্রাণিগণের প্রিয় পুত্র, মিত্র, ভ্রাতা, মাতা, পিতা এবং পতিদিগকে নিধন করিতে থাকিব, দেব! তখন সেই নিহত ব্যক্তির আত্মীয়রা আমার সর্ব্বদা অনিষ্ট চিন্তা করিতে থাকিবে। অতএব আমি ইহাদের সকলের নিকট হইতে ভীত হইতেছি।

ভগবন্! রোদনপরায়ণ দীন-দুঃখী প্রাণিগণের নেত্র হইতে যে অশ্রুবিন্দু পতিত হইবে, আমি তাহা হইতে ভীতা হইয়া আপনার শরণাগতা হইলাম।

হে দেব! হে সুরশ্রেষ্ঠ! আমি শরীর ও মস্তক নত করিয়া এবং কৃতাঞ্জলি হইয়া বিনীতভাবে আপনার শরণগ্রহণ করত এই অভিলাষ পূর্ণ করিতে চাই যে, আমি যেন যমালয়ে গমন না করি। ৩-৬

প্রজেশ্বর! আমি আপনার করুণায় তপস্যা করিতে ইচ্ছুক হইয়াছি। দেব! ভগবন্! প্রভো! আপনি আমাকে এই বর-প্রদান করুন। ৭

আপনার আজ্ঞা লইয়া আমি উত্তম ধেনুকাশ্রমে গমন করিব এবং সেখানে আপনারই আরাধনায় নিরত থাকিয়া কঠোর তপস্যা করিব। ৮

দেবেশ্বর! আমি ক্রন্দন করিতে করিতে বিলাপরত প্রাণি-গণের প্রিয় প্রাণকে অপহরণ করিতে পারিব না। আপনি আমাকে এই অধর্ম্ম হইতে রক্ষা করুন। ৯

ব্রহ্মা বলিলেন,—মৃত্যো! প্রজাগণের সংহারের জন্যই আমি সঙ্কল্প করত তোমাকে সৃষ্টি করিয়াছি। যাও, তুমি সকল প্রজাকে সংহার কর। তোমার মনে আর অন্য কোন বিচার করা উচিত নহে। ১০

এই কার্য্য করিবার জন্যই তোমার এই জন্ম। ইহা কখনও অন্যথা হইবে না। তুমি লোকে অনিন্দিতা থাকিয়া আমার আদেশ পালন কর। ১১

নারদ উবাচ।

এবমুক্তাভবৎ প্রীতা প্রাঞ্জলির্ভগবন্মুখী।
সংহারে নাকরোদ্ বুদ্ধিং প্রজানাং হিতকাম্যয়া ॥ ১২
তূষ্ণীমাসীৎ তদা দেবঃ প্রজানামীশ্বরেশ্বরঃ।
প্রসাদং চাগমৎ ক্ষিপ্রমাত্মনৈব প্রজাপতিঃ ॥ ১৩
স্ময়মানশ্চ দেবেশো লোকান্ সর্বানবেক্ষ্য চ।
লোকাস্ত্বাসন্ যথাপূর্বং দৃষ্টাস্তেনাপমন্যুনা ॥১৪
নিবৃত্তরোষে তস্মিংস্তু ভগবত্যপরাজিতে।
সা কন্যাপি জগামাথ সমীপাৎ তস্য ধীমতঃ ॥ ১৫
অপসৃত্যাপ্রতিশ্রুত্য প্রজাসংহরণং তদা।
ত্বরমাণা চ রাজেন্দ্র মৃত্যুর্ধেনুকমভ্যগাৎ ॥ ১৬
সা তত্র পরমং তীব্রং চচার ব্রতমুত্তমম্।
সা তদা হ্যেকপাদেন তস্থৌ পদ্মানি ষোড়শ ॥ ১৭
পঞ্চ চাব্দানি কারুণ্যাৎ প্রজানাং তু হিতৈষিণী।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রিয়েভ্যঃ সন্নিবর্ত্য সা ॥ ১৮

নারদ বলিলেন,—রাজন্! ভগবান্ ব্রহ্মা এই কথা বলিলে পর তাঁহার দিকে মুখ করত কৃতাঞ্জলি হইয়া সেই নারী মনে মনে অত্যন্ত প্রসন্ন হইলেন। কিন্তু তিনি প্রজাগণের হিতকামনায় তাহাদের সংহার করিতে মনোনিবেশ করিলেন না। ১২

তখন প্রজাপতিগণের অধিপতি ভগবান্ ব্রহ্মা নীরব হইয়া যাইলেন। তারপর সেই ভগবান্ প্রজাপতি ব্রহ্মা অতিসত্বর নিজেকে নিজেই প্রসন্নতালাভ করিলেন। ১৩

দেবেশ্বর ব্রহ্মা সমস্ত লোকসমূহের দিকে দৃষ্টিপাত করত ঈষৎ হাস্য করিলেন। তিনি ক্রোধহীন হইয়া দেখিলেন বলিয়া সকল লোকই পূর্ব্বের ন্যায় পরিপূর্ণ হইয়া যাইল। ১৪

সেই অপরাজিত ভগবান্ ব্রহ্মার রোষ প্রশমিত হইয়া যাইলে সেই কন্যাও এই পরমবুদ্ধিমান্ দেবেশ্বর ব্রহ্মার নিকট হইতে অন্যত্র চলিয়া যাইলেন। ১৫

রাজেন্দ্র! সেই সময় প্রজাগণকে সংহার করিবার বিষয়ে কোন প্রতিজ্ঞা না করিয়া মৃত্যু সেখান হইতে চলিয়া যাইলেন এবং অতিসত্বর ধেনুকাশ্রমে উপস্থিত হইলেন। ১৬

তিনি সেখানে অত্যন্ত কঠোর ও উত্তম ব্রতের পালন আরম্ভ করিলেন। সেই সময় তিনি দয়াবশতঃ প্রজাবর্গের হিত কামনা করিবার ইচ্ছায় স্বীয় ইন্দ্রিয়গণকে প্রিয় বিষয়সমূহ হইতে সরাইয়া লইয়া একুশ পদ্মবর্ষ পর্য্যন্ত একপদে দাঁড়াইয়া রহিলেন। ১৭-১৮

ততস্ত্বেকেন পাদেন পুনরন্যানি সপ্ত বৈ।
তস্থৌ পদ্মানি ষট্ চৈব সপ্ত চৈকঞ্চ পার্থিব ॥ ১৯
ততঃ পদ্মাযুতং তাত মৃগৈঃ সহ চচার সা।
পুনর্গত্বা ততো নন্দাং পুণ্যাং শীতামলোদকাম্ ॥ ২০
অপ্সু বর্ষসহস্রাণি সপ্ত চৈকঞ্চ সানয়ৎ।
ধারয়িত্বা তু নিয়মং নন্দায়াং বীতকল্মষা ॥ ২১
সা পূর্বং কৌশিকীং পুণ্যাং জগাম নিয়মৈধিতা।
তত্র বায়ুজলাহারা চচার নিয়মং পুনঃ ॥ ২২
পঞ্চগঙ্গাসু সা পুণ্যা কন্যা বেতসকেষু চ।
তপোবিশেষৈর্বহুভিঃ কর্ষয়দ্ দেহমাত্মনঃ ॥ ২৩
ততো গত্বা তু সা গঙ্গাং মহামেরুঞ্চ কেবলম্।
তস্থৌ চাশ্মেব নিশ্চেষ্টা প্রাণায়ামপরায়ণা ॥ ২৪
পুনর্হিমবতো মূর্ধ্নি যত্র দেবাঃ পুরাযজন্।
তত্রাঙ্গুষ্ঠেন সা তস্থৌ নিখর্বং পরমা শুভা ॥ ২৫

নরেশ্বর! তদনন্তর পুনরায় অপর একুশ পদ্মবর্ষ সেখানে একপদে দণ্ডায়মানা থাকিয়া তপস্যা করিতে লাগিলেন। ১৯

তাত! তাহার পর দশ হাজার পদ্ম বৎসরকাল তিনি মৃগগণের সহিত বিচরণ করিলেন। তারপর শীতল ও নির্ম্মল জলপূর্ণা পুণ্যময়ী নন্দানদীতে যাইয়া তাঁহার জলে আট হাজার বৎসর অতিবাহিত করিলেন।

এইরূপে নন্দানদীতে নিয়মপূর্ব্বক অবস্থান করিয়া তিনি নিষ্পাপ হইয়া যাইলেন। তদনন্তর ব্রত নিয়ম অবলম্বন পূর্ব্বক মৃত্যু পুণ্যময়ী কৌশিকী নদীতে গমন করিলেন এবং সেখানে বায়ু ও জল আহার করত পুনরায় কঠোর নিয়ম পালন করিতে লাগিলেন। ২০-২২

সেই পবিত্র কন্যা পঞ্চগঙ্গা ও বেতসবনে বহু ভিন্ন ভিন্ন তপস্যার দ্বারা নিজের শরীরকে অত্যন্ত দুর্ব্বল করিয়া ফেলিলেন। ২৩

তাহার পর তিনি গঙ্গাতীরে এবং প্রধানতীর্থ মহামেরু-পর্ব্বতের শিখরে যাইয়া প্রাণায়াম করত প্রস্তরমূর্ত্তির ন্যায় নিশ্চেষ্ট-ভাবে অবস্থান করিতে লাগিলেন। ২৪

তারপর দেবতাগণ পূর্ব্বে হিমালয়ের যে শিখরে যজ্ঞ করিয়াছিলেন, সেখানে যাইয়া এই পরম শুভলক্ষণা কন্যা এক নিখর্ব্ব বর্ষ পর্য্যন্ত কেবল পায়ের বৃদ্ধাঙ্গুলির সাহায্যে দাঁড়াইয়া রহিলেন। ২৫

পুষ্করেষ্বথ গোকর্ণে নৈমিষে মলয়ে তদা।
অপাকর্ষৎ স্বকং দেহং নিয়মৈর্মানসপ্রিয়ৈঃ ॥ ২৬
অনন্যদেবতা নিত্যং দৃঢ়ভক্তা পিতামহে।
তস্থৌ পিতামহং চৈব তোষয়ামাস ধর্মতঃ ॥ ২৭
ততস্তামব্রবীৎ প্রীতো লোকানাং প্রভবোঽব্যয়ঃ।
সৌম্যেন মনসা রাজন্ প্রীতঃ প্রীতমনাস্তদা ॥ ২৮
মৃত্যো কিমিদমত্যন্তং তপাংসি চরসীতি হ।
ততোঽব্রবীৎ পুনর্মৃত্যুর্ভগবন্তং পিতামহম্ ॥ ২৯
নাহং হন্যাং প্রজা দেব স্বস্থাশ্চাক্রোশতীস্তথা।
এতদিচ্ছামি সর্বেশ ত্বত্তো বরমহং প্রভো ॥ ৩০
অধর্মভয়ভীতাস্মি ততোঽহং তপ আস্থিতা।
ভীতায়াস্তু মহাভাগ প্রযচ্ছাভয়মব্যয় ॥ ৩১
আর্তা চানাগসী নারী যাচামি ভব মে গতিঃ।
তামব্রবীৎ ততো দেবো ভূত-ভব্য-ভবিষ্যবিৎ ॥ ৩২

অধর্মো নাস্তি তে মৃত্যো সংহরন্ত্যা ইমাঃ প্রজাঃ।
ময়া চোক্তং মৃষা ভদ্রে ভবিতা ন কথঞ্চন ॥৩৩
তস্মাৎ সংহর কল্যাণি প্রজাঃ সর্বাশ্চতুর্বিধাঃ।
ধর্মঃ সনাতনশ্চ ত্বাং সর্বথা পাবয়িষ্যতি ॥ ৩৪
লোকপালো যমশ্চৈব সহায়া ব্যাধয়শ্চ তে।
অহঞ্চ বিবুধাশ্চৈব পুনর্দাস্যাম তে বরম্ ॥ ৩৫
যথা ত্বমেনসা মুক্তা বিরজাঃ খ্যাতিমেষ্যতি।
সৈবমুক্তা মহারাজ কৃতাঞ্জলিরিদং বিভুম্ ॥ ৩৬
পুনরেবাব্রবীদ্ বাক্যং প্রসাদ্য শিরসা তদা।
যদ্যেবমেতৎ কর্তব্যং ময়া ন স্যাদ্ বিনা প্রভো ॥ ৩৭
তবাজ্ঞা মূর্ধ্নি মে ন্যস্তা যৎ তে বক্ষ্যামি তচ্ছৃণু।
লোভঃ ক্রোধোঽভ্যসূয়ের্ষ্যা
দ্রোহো মোহশ্চ দেহিনাম্ ॥ ৩৮

অনন্তর পুষ্কর, গোকর্ণ, নৈমিষারণ্য ও মলয়াচল তীর্থসমূহে গমন করত সেখানে মনের প্রিয় নিয়মসমূহের দ্বারা তিনি স্বীয় শরীরকে অত্যন্ত ক্ষীণ করিয়া ফেলিলেন ॥ ২৬

অন্যকোন দেবতার প্রতি আসক্ত না থাকিয়া তিনি সর্ব্বদা পিতামহ ব্রহ্মার উপরই সুদৃঢ় ভক্তিভাব ধারণ করিয়াছিলেন। সেই কন্যা স্বীয় ধর্ম্মাচরণের দ্বারা পিতামহকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥ ২৭

রাজন্! লোকসকলের উৎপত্তির কারণভূত অবিনাশী ব্রহ্মা সেই সময় মনে মনে অত্যন্ত প্রসন্ন হইয়া সরলহৃদয়ে প্রীতি-সহকারে তাঁহাকে বলিলেন ॥ ২৮

মৃত্যো! তুমি কি হেতু এরূপ অত্যন্ত কঠোর তপস্যা করিতেছ? তখন মৃত্যু ভগবান্ পিতামহ ব্রহ্মাকে পুনরায় এই কথা বলিলেন ॥ ২৯

দেব! প্রভো! সর্ব্বেশ্বর! আমি আপনার নিকট হইতে এই বরলাভ করিতে চাই যে, আমাকে যেন বিলাপরত ও স্বস্থ প্রজাদিগকে বধ করিতে না হয় ॥ ৩০

মহাভাগ! আমি অধর্ম্মের ভয়ে অত্যন্ত ভীত হইয়া পড়িয়াছি সেইজন্য আমি তপস্যা করিতেছি। অবিনাশী পরমেশ্বর! আপনি ভয়ভীতা এই অবলাকে অভয়দান করুন ॥ ৩১

নাথ! আমি এক নিরপরাধা নারী, আমি এখন আর্ত্তভাবে আপনার নিকট প্রার্থনা করিতেছি—আপনি আমার আশ্রয়দাতা হউন। তখন ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের জ্ঞাতা ভগবান্ ব্রহ্মা তাঁহাকে বলিলেন ॥ ৩২

মৃত্যো! এই প্রজাগণকে সংহার করিলে তোমার অধর্ম্ম হইবে না। ভদ্রে! আমি যে কথা বলিয়াছি, তাহা কখনও মিথ্যা হইবে না ॥ ৩৩

কল্যাণি! সেইজন্য তুমি চারিভাগে বিভক্ত সমস্ত প্রাণি-গণকে সংহার কর। সনাতন ধর্ম্ম তোমাকে সর্ব্বপ্রকারে পবিত্রা করিয়া রাখিবেন ॥ ৩৪

লোকপাল, যম ও নানাপ্রকারের ব্যাধিসমূহ তোমার সাহায্য করিবে। আমি এবং অন্যান্য দেবগণ তোমাকে পুনরায় তাদৃশ বরদান করিব, যাহাতে তুমি পাপমুক্ত হইয়া নিজে নির্ম্মলভাবে জগতে বিখ্যাত হইবে।

মহারাজ! তিনি এই কথা বলিলে পর মৃত্যু কৃতাঞ্জলি হইয়া মস্তক অবনত করত ভগবান্ ব্রহ্মাকে প্রসন্ন করিয়া সেই সময় পুনরায় তাঁহাকে বলিলেন।

প্রভো! যদি এই কার্য্য আমি বিনা সম্পন্ন নাই-ই হয়, তবে আমি আপনার এই আজ্ঞা শিরোধার্য্য করিলাম। কিন্তু এ-বিষয়ে আমি আপনাকে যাহা কিছু বলিব, তাহা শ্রবণ করুন।

লোভ, ক্রোধ, অসূয়া ঈর্ষ্যা, দ্রোহ, মোহ, নির্লজ্জতা এবং পরস্পরের প্রতি কথিত কঠোর বাক্য—এই বিভিন্ন দোষসমূহই দেহধারিগণের দেহ ভেদ করুক ॥ ৩৫-৩৮

অস্রাশ্চান্যোন্যপরুষা দেহং ভিন্দ্যুঃ পৃথগ্বিধাঃ।

ব্রহ্মোবাচ।

তথা ভবিষ্যতে মৃত্যো সাধু সংহর ভোঃ প্রজাঃ।
অধর্মস্তে ন ভবিতা নাপধ্যাস্যাম্যহং শুভে ॥ ৩৯

যান্যশ্রুবিন্দূনি করে মমাসং-
স্তে ব্যাধয়ঃ প্রাণিনামাত্মজাতাঃ।
তে মারয়িষ্যন্তি নরান্ গতাসূন্
নাধর্মস্তে ভবিতা মা স্ম ভৈষীঃ ॥ ৪০

নাধর্মস্তে ভবিতা প্রাণিনাং বৈ
ত্বং বৈ ধর্মস্ত্বং হি ধর্মস্য চেশা।
ধর্ম্যা ভূত্বা ধর্মনিত্যা ধরিত্রী
তস্মাৎ প্রাণান্ সর্বথেমান্ নিযচ্ছ ॥ ৪১

সর্বেষাং বৈ প্রাণিনাং কাম-রোষৌ
সন্ত্যজ্য ত্বং সংহরস্বেহ জীবান্।
এবং ধর্মস্ত্বাং ভবিষ্যত্যনন্তো
মিথ্যাবৃত্তান্ মারয়িষ্যত্যধর্মঃ ॥ ৪২

তেনাত্মানং পাবয়স্বাত্মনা ত্বং
পাপেঽঽত্মানং মজ্জয়িষ্যন্ত্যসত্যাৎ।
তস্মাৎ কামং রোষমপ্যাগতং ত্বং
সন্ত্যজ্যান্তঃ সংহরস্বেতি জীবান্ ॥ ৪৩

নারদ উবাচ।

সা বৈ ভীতা মৃত্যুসংজ্ঞোপদেশা-
চ্ছাপাদ্ ভীতা বাঢ়মিত্যব্রবীৎ তম্।
সা চ প্রাণং প্রাণিনামন্তকালে
কাম-ক্রোধৌ ত্যজ্য হরত্যসক্তা ॥ ৪৪

মৃত্যুস্ত্বেষাং ব্যাধয়স্তৎপ্রসূতা
ব্যাধী রোগো রুজ্যতে যেন জন্তুঃ।
সর্বেষাঞ্চ প্রাণিনাং প্রায়ণান্তে
তস্মাচ্ছোকং মা কৃথা নিষ্ফলং ত্বম্ ॥ ৪৫

সর্বে দেবাঃ প্রাণিভিঃ প্রায়ণান্তে
গত্বা বৃত্তাঃ সংনিবৃত্তাস্তথৈব।
এবং সর্বে প্রাণিনস্তত্র গত্বা
বৃত্তা দেবা মর্ত্যবদ্ রাজসিংহ ॥ ৪৬

ব্রহ্মা বলিলেন,—মৃত্যু! তাহাই হইবে। তুমি উত্তম রীতি অনুসরণ করিয়া প্রাণিগণকে সংহার কর। শুভে! ইহাতে তোমার কোন অধর্ম হইবে না এবং আমিও তোমার কোন অনিষ্ট চিন্তা করিব না। ৩৯

তোমার অশ্রুবিন্দুসমূহ, যাহাদের আমি হস্তে ধারণ করিয়াছিলাম, তাহারা প্রাণিগণের নিজ নিজ শরীর হইতে উৎপন্ন ব্যাধিরূপে উপস্থিত হইয়া আয়ুশূন্য প্রাণীদিগকে বিনাশ করিবে, সুতরাং তুমি ভীত হইও না ॥৪০

তোমার কোন অধর্মই হইবে না। তুমিই প্রাণিগণের ধর্ম ও সেই ধর্ম্মের ঈশ্বরী হইবে। অতএব সর্ব্বদা ধর্ম্মে তৎপর এবং ধর্ম্মানুকূল জীবন যাপন করিতে থাকিয়া ধরিত্রী হইয়া এই সমস্ত জীবগণের প্রাণকে নিয়ন্ত্রণ করিতে থাক। ৪১

কাম ও ক্রোধ পরিত্যাগ করত এই জগতের সমস্ত প্রাণিগণের প্রাণকে সংহার কর। ইহা করিলে তুমি অক্ষয় ধর্ম্মলাভ করিতে সমর্থ হইবে। মিথ্যাচারী পুরুষকে ত তাহার অধর্ম্মই নাশ করিয়া থাকিবে। ৪২

তুমি ধর্ম্মাচরণের দ্বারা স্বয়ংই নিজেকে নিজে পবিত্র কর। অসত্যের আশ্রয় গ্রহণ করিলে পর প্রাণী স্বয়ংই নিজেকে পাপ-পঙ্কে নিমজ্জিত করিবে। সেইজন্য নিজের মনে উৎপন্ন কাম ও ক্রোধ পরিত্যাগ করত তুমি সকল জীবকে সংহার কর। ৪৩

নারদ বলিলেন,—রাজন্! সেই মৃত্যুনামধারিণী নারী ব্রহ্মার সেই উপদেশ, বিশেষতঃ তাঁহার শাপের ভয়ে ভীত হইয়া বলিলেন—আচ্ছা, আপনার আদেশ আমি স্বীকার করিয়া লইলাম। সেই মৃত্যু অন্তকাল আসিলেই কাম ও ক্রোধ পরিহার করত অনাসক্তভাবে সমস্ত প্রাণীদিগের প্রাণ হরণ করিয়া থাকেন। ৪৪

ইহাই হইল প্রাণিগণের মৃত্যু, ইহার জন্য ব্যাধিসমূহের উৎপত্তি হইয়াছে। রোগের নাম হইল ব্যাধি, যাহার জন্য প্রাণিগণ রুগ্ন হইয়া যায় (অর্থাৎ তাহাদের স্বাস্থ্যভঙ্গ হইয়া যায়)। আয়ু শেষ হইলে সমস্ত প্রাণীগণের মৃত্যু এইভাবে হইয়া থাকে। রাজন্! অতএব তুমি বৃথা শোক করিও না। ৪৫

আয়ু শেষ হইয়া যাইলে সমস্ত ইন্দ্রিয়বর্গ প্রাণিগণের সহিত পরলোকে যাইয়া অবস্থান করে এবং পুনরায় তাহাদের সহিতই এই লোকে প্রত্যাবর্ত্তন করে। নৃপশ্রেষ্ঠ! এইরূপে সকল প্রাণী কর্ম্মবলে দেবলোকে যাইয়া সেখানে দেবতারূপে অবস্থান করিয়া থাকে এবং সেই কর্ম্মদেবতা মনুষ্যগণের ন্যায় ভোগ সমাপ্ত হইলেই পুনরায় এ-জগতে ফিরিয়া আসে। ৪৬

বায়ুর্ভীমো ভীমনাদো মহৌজা
ভেত্তা দেহান্ প্রাণিনাং সর্বগোঽসৌ।
নো বাবৃত্তিং নৈব বৃত্তিং কদাচিৎ
প্রাপ্নোত্যুগ্রোঽনন্ততেজোবিশিষ্টঃ ॥ ৪৭
সর্বে দেবা মর্ত্যসংজ্ঞাবিশিষ্টা-
স্তস্মাৎ পুত্রং মা শুচো রাজসিংহ।
স্বর্গং প্রাপ্তো মোদতে তে তনুজো
নিত্যং রম্যান্ বীরলোকানবাপ্য ॥ ৪৮
ত্যক্ত্বা দুঃখং সঙ্গতঃ পুণ্যকৃদ্ভি-
রেষা মৃত্যুর্দৈবদিষ্টা প্রজানাম্।
প্রাপ্তে কালে সংহরন্তী যথাবৎ
স্বয়ং কৃতা প্রাণহরা প্রজানাম্ ॥ ৪৯
আত্মানং বৈ প্রাণিনো ঘ্নন্তি সর্বে
নৈতান্ মৃত্যুর্দণ্ডপাণির্হিনস্তি।
তস্মাম্ তান্ নানুশোচন্তি ধীরা
মৃত্যুং জ্ঞাত্বা নিশ্চয়ং ব্রহ্মসৃষ্টম্।
ইত্থং সৃষ্টিং দেবকৢপ্তাং বিদিত্বা
পুত্রান্নষ্টাচ্ছোকমাশু ত্যজস্ব ॥ ৫০
দ্বৈপায়ন উবাচ।
এতচ্ছ্রুত্বার্থবদ্ বাক্যং নারদেন প্রকাশিতম্।
উবাচাকম্পনো রাজা সখায়ং নারদং তথা ॥ ৫১
ব্যপেতশোকঃ প্রীতোঽস্মি ভগবন্নৃষিসত্তম।
শ্রুত্বেতিহাসং ত্বত্তস্তু কৃতার্থোঽস্ম্যভিবাদয়ে ॥ ৫২
তথোক্তো নারদস্তেন রাজ্ঞা ঋষিবরোত্তমঃ।
জগাম নন্দনং শীঘ্রং দেবর্ষিরমিতাত্মবান্ ॥ ৫৩
পুণ্যং যশস্যং স্বর্গ্যঞ্চ ধন্যমায়ুষ্যমেব চ।
অস্যেতিহাসস্য সদা শ্রবণং শ্রাবণং তথা ॥ ৫৪
এতদর্থপদং শ্রুত্বা তদা রাজা যুধিষ্ঠির।
ক্ষত্রধর্মঞ্চ বিজ্ঞায় শূরাণাঞ্চ পরাং গতিম্ ॥ ৫৫
সম্প্রাপ্তোঽসৌ মহাবীর্য্যঃ স্বর্গলোকং মহারথঃ।
অভিমন্যুঃ পরান্ হত্বা প্রমুখে সর্বধন্বিনাম্ ॥৫৬

ভয়ঙ্কর শব্দকারী মহাবলশালী ভয়ানক প্রাণবায়ু প্রাণিগণের দেহকেই ভেদ করিয়া থাকে (চেতন আত্মাকে নহে ; কারণ;), তিনি সর্ব্বব্যাপী, উগ্রপ্রভাবশালী এবং অনন্ত তেজঃসম্পন্ন, তাঁহার কখনও বৃত্তি ও আবৃত্তি (গমনাগমন) হয় না ॥ ৪৭

রাজশ্রেষ্ঠ অকম্পন ! সমস্ত দেবগণও মর্ত্ত্য (মরণধর্ম্মা) নামে বিভূষিত, সেইজন্য তুমি নিজের পুত্রের জন্য শোক করিও না। তোমার পুত্র স্বর্গলোকে গমন করিয়াছে এবং নিত্য রমণীয় বীর-লোকে অবস্থান করত আনন্দ অনুভব করিতেছে ॥ ৪৮

সে দুঃখ পরিত্যাগ করিয়া পুণ্যাত্মা পুরুষগণের সহিত যাইয়া মিলিত হইয়াছে। প্রাণিগণের জন্য এই মৃত্যু শ্রীভগবানের দান। সময় আসিলেই সে যথোচিতরূপে প্রাণিগণকে সংহার করিয়া থাকে। প্রজাবর্গের প্রাণহরণকারিণী এই মৃত্যুকে স্বয়ং ব্রহ্মাই সৃষ্টি করিয়াছেন ॥ ৪৯

সমস্ত প্রাণী স্বয়ংই নিজেকে নিজেই মৃত্যু বরণ করিয়া থাকে ; মৃত্যু হাতে দণ্ড লইয়া ইহাদের বধ করেন না। অতএব ধীর পুরুষ মৃত্যুকে ব্রহ্মার দ্বারা সৃষ্ট নিশ্চিত বিধান জানিয়া মৃত প্রাণিগণের জন্য কখনও শোকপ্রকাশ করেন না। এইরূপ ব্রহ্মা-কর্তৃক সৃষ্ট সমস্ত বস্তুকে মৃত্যুর বশীভূত জানিয়া তুমি নিজের পুত্রের মৃত্যুতে উৎপন্ন শোককে সত্বর পরিত্যাগ কর ॥ ৫০

শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব বলিলেন,—যুধিষ্ঠির ! নারদের কথিত এই অর্থপূর্ণ বাক্য শ্রবণ করিয়া রাজা অকম্পন স্বীয় মিত্র নারদকে এই বলিলেন ॥ ৫১

ভগবন্ ! মুনিশ্রেষ্ঠ ! আপনার মুখ হইতে এই ইতিহাস শ্রবণ করিয়া আমার শোক দূরীভূত হইয়াছে আমি প্রসন্ন ও কৃতার্থ হইলাম। আমি আপনার চরণে প্রণাম করিতেছি ॥ ৫২

রাজা অকম্পনকে এই কথা বলিয়া ঋষিগণের মধ্যে শ্রেষ্ঠতম অমিতাত্মা দেবর্ষি নারদ অতিসত্বর নন্দনবন অভিমুখে গমন করিলেন ॥ ৫৩

যে ব্যক্তি ইহা সর্ব্বদা শ্রবণ করেন ও অপরকে শ্রবণ করান, তাঁহাকে এই ইতিহাস পুণ্য, যশ, স্বর্গ, ধন এবং আয়ু প্রদান করিয়া থাকে ॥ ৫৪

যুধিষ্ঠির ! সেই সময় মহারথী ও মহাপরাক্রমী রাজা অকম্পন এই উত্তম অর্থপ্রকাশকারী বৃত্তান্ত শ্রবণ করিয়া এবং ক্ষত্রিয় ধর্ম্ম শূর বীরগণের পরম গতিবিষয়ে জ্ঞানলাভ করত যথাসময়ে স্বর্গলোকে গমন করিলেন ॥

মহাধনুর্দ্ধর অভিমন্যু পূর্ব্বজন্মে চন্দ্রের পুত্র ছিলেন। এই মহারথী বীর সমরাঙ্গণে সমস্ত ধনুর্দ্ধরগণের সম্মুখে শত্রুদিগকে

যুধ্যমানো মহেষ্বাসো হতঃ সোঽভিমুখো রণে।
অসিনা গদয়া শক্ত্যা ধনুষা চ মহারথঃ।
বিরজাঃ সোমসূনুঃ স পুনস্তত্র প্রলীয়তে ॥ ৫৭
তস্মাৎ পরাং ধৃতিং কৃত্বা ভ্রাতৃভিঃ সহ পাণ্ডব।
অপ্রমত্তঃ সুসন্নদ্ধঃ শীঘ্রং যোদ্ধুমুপাক্রম ॥ ৫৮

বধ করিয়া খড়্গ, শক্তি, গদা ও ধনুর্দ্বারা সম্মুখযুদ্ধ করিতে করিতে নিহত হইয়াছে এবং দুঃখরহিত হইয়া পুনরায় সে চন্দ্রলোকে চলিয়া গিয়াছে ॥ ৫৫-৫৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি মৃত্যুপ্রজাপতিসংবাদে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫৪

পাণ্ডুনন্দন! অতএব তুমি ভ্রাতৃবৃন্দের সহিত উত্তম ধৈর্য্যধারণ করত প্রমাদ (অনবধানতা) পরিহার করিয়া উত্তমরূপে কবচাদিতে সুসজ্জিত হইয়া পুনরায় অতিসত্বর যুদ্ধের জন্য প্রস্তুত হও ॥ ৫৮

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে মৃত্যু-প্রজাপতি-সংবাদবিষয়ক চতুঃপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[ষোড়শ-রাজকীয়োপাখ্যানারম্ভঃ, নারদস্য করুণয়া রাজ্ঞঃ সৃঞ্জয়স্য পুত্রলাভঃ, দস্যু ভিস্তস্য বিনাশঃ, পুত্রশোকসন্তপ্তস্য সৃঞ্জয়স্য সবিধে নারদস্য মরুত্তচরিত্রকথনঞ্চ।]

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা মৃত্যুসমুৎপত্তিং কর্ম্মাণ্যনুপমানি চ।
ধর্ম্মরাজঃ পুনর্বাক্যং প্রসাদ্যৈনমথাব্রবীৎ ॥ ১

যুধিষ্ঠির উবাচ।

গুরবঃ পুণ্যকর্ম্মাণঃ শক্রপ্রতিমবিক্রমাঃ।
স্থানে রাজর্ষয়ো ব্রহ্মন্ননঘাঃ সত্যবাদিনঃ ॥ ২
ভূয় এব তু মাং তথ্যৈর্বচোভিরভিবৃংহয়।
রাজর্ষীণাং পুরাণানাং সমাশ্বাসয় কর্ম্মভিঃ ॥ ৩
কিয়ন্ত্যো দক্ষিণা দত্তাঃ কৈশ্চ দত্তা মহাত্মভিঃ।
রাজর্ষিভিঃ পুণ্যকৃদ্ভিস্তদ্ ভবান্ প্রব্রবীতু মে ॥ ৪

ব্যাস উবাচ।

শৈব্যস্য নৃপতেঃ পুত্রঃ সৃঞ্জয়ো নাম নামতঃ।
সখায়ৌ তস্য চৈবোভৌ ঋষী পর্বত-নারদৌ ॥ ৫
তৌ কদাচিদ্ গৃহং তস্য প্রবিষ্টৌ তদ্দিদৃক্ষয়া।
বিধিবচ্চার্চিতৌ তেন প্রীতৌ তত্রোষতুঃ সুখম্ ॥ ৬
তং কদাচিৎ সুখাসীনং তাভ্যাং সহ শুচিস্মিতা।
দুহিতাভ্যাগমৎ কন্যা সৃঞ্জয়ং বরবর্ণিনী ॥ ৭

পঞ্চপঞ্চাশত্তম অধ্যায়।

[ষোড়শরাজকীয়োপাখ্যান আরম্ভ, নারদের কৃপায় রাজা সঞ্জয়ের পুত্রলাভ, দস্যুগণকর্ত্তৃক তাহার বধ এবং পুত্রশোকসন্তপ্ত সঞ্জয়ের নিকট নারদের মরুত্ত চরিত্র কথন।]

সঞ্জয় বলিলেন,—রাজন্! মৃত্যুর উৎপত্তি ও তাঁহার অনুপম কর্ম্মের কথা শ্রবণ করিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির পুনরায় ব্যাসদেবকে প্রসন্ন করিয়া এই কথা বলিলেন। ১

যুধিষ্ঠির বলিলেন,—ব্রহ্মন্! ইন্দ্রতুল্য পরাক্রমী, শ্রেষ্ঠ, পুণ্যকর্ম্মা, নিষ্পাপ এবং সত্যবাদী রাজর্ষিগণ নিজেদের যোগ্য উত্তম স্থানে নিবাস করিতেছেন। ২

অতএব আপনি পুনরায় সেই সব প্রাচীন রাজর্ষিগণের সৎকর্ম্মসমূহের বোধক আপনার যথার্থ বচন দ্বারা আমার সৌভাগ্যবর্দ্ধন করুন এবং আমাকে আশ্বাসপ্রদান করুন। ৩

পূর্ব্বকালে কোন কোন পুণ্যকর্ম্মকারী মহাত্মা রাজর্ষিগণ যজ্ঞে কত দক্ষিণা দান করিয়াছিলেন? এই সব বৃত্তান্ত আপনি আমাকে বলুন। ৪

ব্যাসদেব বলিলেন,—রাজন্! রাজা শৈব্যের সৃঞ্জয় নামে এক প্রখ্যাত পুত্র ছিলেন। পর্ব্বত ও নারদ এই দুই জন দেবর্ষি তাঁহার মিত্র ছিলেন। ৫

একদিন সেই দুই দেবর্ষি সৃঞ্জয়কে দর্শন করিবার ইচ্ছায় তাঁহার নিকট উপস্থিত হইলেন। তখন তিনি ইঁহাদের দুই জনকে বিধি অনুসারে পূজা করিলেন এবং তাঁহারাও উভয়ে সুখের সহিত বাস করিতে লাগিলেন। ৬

এক সময় যখন এই দুই দেবর্ষির সহিত রাজা সৃঞ্জয় বসিয়া

তয়াভিবাদিতঃ কন্যামভ্যনন্দদ্ যথাবিধি।
তৎসলিঙ্গাভিরাশীর্ভিরিষ্টাভিরভিতঃ স্থিতাম্ ॥ ৮
তাং নিরীক্ষ্যাব্রবীদ্ বাক্যং পর্বতঃ প্রহসন্নিব।
কস্যেয়ং চঞ্চলাপাঙ্গী সর্বলক্ষণসম্মতা ॥ ৯
উতাহো ভাঃ স্বিদর্কস্য জ্বলনস্য শিখা ত্বিয়ম্।
শ্রীর্হ্রীঃ কীর্তির্ধৃতিঃ পুষ্টিঃ সিদ্ধিশ্চন্দ্রমসঃ প্রভা ॥ ১০
এবং ব্রুবাণং দেবর্ষিং নৃপতিঃ সৃঞ্জয়োঽব্রবীৎ।
মমেয়ং ভগবন্ কন্যা মত্তো বরমভীপ্সতি ॥ ১১
নারদস্ত্বব্রবীদেনং দেহি মহ্যমিমাং নৃপ।
ভার্য্যার্থং সুমহচ্ছ্রেয়ঃ প্রাপ্তুং চেদিচ্ছসে নৃপ ॥ ১২
দদানীত্যেব সংহৃষ্টঃ সৃঞ্জয়ঃ প্রাহ নারদম্।
পর্বতস্তু সুসংক্রুদ্ধো নারদং বাক্যমব্রবীৎ ॥ ১৩
হৃদয়েন ময়া পূর্বং বৃতাং বৈ বৃতবানসি।
যস্মাদ্ বৃতা ত্বয়া বিপ্র মা গাঃ স্বর্গং যথেপ্সয়া ॥ ১৪
এবমুক্তো নারদস্তং প্রত্যুবাচোত্তরং বচঃ।
মনোবাগ্-বুদ্ধিসম্ভাষা দত্তা চোদকপূর্বকম্ ॥ ১৫
পাণিগ্রহণমন্ত্রাশ্চ প্রথিতং বরলক্ষণম্।
ন ত্বেষা নিশ্চিতা নিষ্ঠা নিষ্ঠা সপ্তপদী স্মৃতা ॥১৬
অনুৎপন্নে চ কার্য্যার্থে মাং ত্বং ব্যাহৃতবানসি।
তস্মাৎ ত্বমপি ন স্বর্গং গমিষ্যসি ময়া বিনা ॥ ১৭
অন্যোন্যমেবং শপ্ত্বা বৈ তস্থতুস্তত্র তৌ তদা।
অথ সোঽপি নৃপো বিপ্রান্ পানাচ্ছাদন-ভোজনৈঃ ॥১৮
পুত্রকামঃ পরং শক্ত্যা যত্নাচ্চোপাচরচ্ছুচিঃ।
তস্য প্রসন্না বিপ্রেন্দ্রাঃ কদাচিৎ পুত্রমীপ্সবঃ ॥ ১৯
তপঃস্বাধ্যায়নিরতা বেদবেদাঙ্গপারগাঃ।
সহিতা নারদং প্রাহুর্দেহ্যস্মৈ পুত্রমীপ্সিতম্ ॥ ২০

-ছিলেন, তখন সৃঞ্জয়ের পবিত্র হাস্যময়ী পরমা সুন্দরী কন্যা সেখানে আসিয়া উপস্থিত হইলেন। ৭

তিনি আসিয়া রাজাকে প্রণাম করিলেন। তখন রাজাও তাঁহাকে অভীষ্ট আশীর্ব্বাদ দান করত স্বীয় পার্শ্বভাগে দণ্ডায়মানা সেই কন্যাকে বিধিপূর্ব্বক অভিনন্দিত করিলেন ॥ ৮

তখন দেবর্ষি পর্ব্বত সেই কন্যার দিকে নিরীক্ষণ করিয়া হাস্য করিতে করিতে বলিলেন,—রাজন্! সমস্ত শুভলক্ষণসমূহে সম্মানিতা চঞ্চলদৃষ্টিসম্পন্না এই কন্যা কাহার পুত্রী? ৯

অহো! এই কন্যা সূর্য্যের প্রভা অথবা অগ্নিদেবের শিখা? কিংবা শ্রী, হ্রী, কীর্ত্তি. ধৃতি, পুষ্টি, সিদ্ধি ও চন্দ্রের প্রভা। ১০

এইরূপ জিজ্ঞাসাকারী দেবর্ষি পর্ব্বতকে রাজা সৃঞ্জয় বলিলেন,—ভগবন্! এ আমারই কন্যা, সে আমার নিকট হইতে বরলাভ করিতে ইচ্ছুক হইয়াছে। ১১

এই সময়ে নারদ রাজাকে বলিলেন,—হে নৃপ! যদি তুমি পরম কল্যাণলাভ করিতে অভিলাষী হও, তবে তোমার এই কন্যাকে ধর্ম্মপত্নী করিবার জন্য আমাকে প্রদান কর। ১২

তখন সৃঞ্জয় অত্যন্ত প্রসন্ন হইয়া নারদকে বলিলেন—আচ্ছা, প্রদান করিব। ইহা শুনিয়া পর্ব্বতমুনি অত্যন্ত কুপিত হইয়া নারদকে বলিলেন। ১৩

ব্রহ্মন্! আমি মনে মনে প্রথমেই যে কন্যাকে বরণ করিয়াছি, তাহাকেই তুমি এখন বরণ করিলে। যেহেতু তুমি আমার মনোনীত পত্নীকে বরণ করিয়াছ, সেইহেতু তুমি এখন স্বীয় ইচ্ছানুসারে স্বর্গে গমন করিতে পারিবে না। ১৪

তিনি এই কথা বলিলে পর নারদ তাঁহাকে এই উত্তর প্রদান করিলেন—মনে সঙ্কল্প করিয়া. বাক্যে প্রতিজ্ঞা করিয়া, বুদ্ধির দ্বারা পূর্ণ নিশ্চয় করিয়া, পরস্পর সম্ভাষণপূর্ব্বক এবং সঙ্কল্পের জল হাতে লইয়া যে কন্যাদান করা হয়, বরকর্ত্তৃক যে কন্যার পাণি-গ্রহণ করা হয় এবং বৈদিক মন্ত্রপাঠ করা হয়, এই সকল বিধি-বিহিত বিধানই কন্যার পরিগ্রহের সাধকরূপে প্রসিদ্ধ, কিন্তু কেবল ইহার দ্বারা পাণিগ্রহের পূর্ণতার নিশ্চয় হয় না। ইহার পূর্ণ নিষ্ঠা (পরিসমাপ্তি) তে সপ্তপদী গমনই উল্লিখিত হইয়াছে। ১৫-১৬

অতএব এই কন্যার উপরে পতিরূপে তোমার কোন অধিকার নাই—এরূপ অবস্থায় তুমি আমাকে শাপদান করিয়াছ, সেইজন্য তুমিও আমার সাহায্য ব্যতীত স্বর্গলোকে যাইতে পারিবে না ॥ ১৭

এইভাবে পরস্পর পরস্পরকে শাপদান করিয়া সেই দুই দেবর্ষি সেখানে বাস করিতে লাগিলেন। অন্যদিকে রাজা সৃঞ্জয় পুত্রলাভ করিবার ইচ্ছায় পবিত্রচিত্তে পূর্ণ শক্তি প্রয়োগ করিয়া অতিশয় যত্নের সহিত ভোজন, পান করিবার যোগ্য পদার্থ এবং বস্ত্রাদি দান করিয়া ব্রাহ্মণগণের আরাধনা করিতে লাগিলেন।

একদিন রাজার প্রতি প্রসন্ন হইয়া তাঁহাকে পুত্রদান করিতে অভিলাষী সমস্ত শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ—যাঁহারা তপস্যা ও স্বাধ্যায়ে সম্পন্ন আছেন এবং বেদ-বেদাঙ্গসমূহের পারগামী বিদ্বান্ ছিলেন, ইঁহারা একসঙ্গে নারদকে বলিলেন—দেবর্ষে! আপনি এই রাজা সৃঞ্জয়ের অভীষ্ট পুত্র প্রদান করুন। ১৮-২০

তথেত্যুক্ত্বা দ্বিজৈরুক্তঃ সৃঞ্জয়ং নারদোঽব্রবীৎ।
তুভ্যং প্রসন্না রাজর্ষে পুত্রমীপ্সন্তি ব্রাহ্মণাঃ॥ ২১
বরং বৃণীষ ভদ্রং তে যাদৃশং পুত্রমীপ্সিতম্।
তথোক্তঃ প্রাঞ্জলী রাজা পুত্রং বব্রে গুণান্বিতম্॥ ২২
যশস্বিনং কীর্তিমন্তং তেজস্বিনমরিন্দমম্।
যস্য মূত্রং পুরীষঞ্চ ক্লেদঃ স্বেদশ্চ কাঞ্চনম্॥ ২৩
(সর্বং ভবেৎ প্রসাদাদ্ বৈ তাদৃশং তনয়ং বৃণে।)

ব্যাস উবাচ।

তথা ভবিষ্যতীত্যুক্তে জজ্ঞে তস্যেপ্সিতঃ সুতঃ॥
কাঞ্চনস্যাকরঃ শ্রীমান্ প্রসাদাচ্চ সুকাঙ্ক্ষিতঃ।
অপতৎ তস্য নেত্রাভ্যাং রুদতস্তস্য নেত্রজম্॥)
সুবর্ণষ্ঠীবিরিত্যেবং তস্য নামাভবৎ কৃতম্।
তস্মিন্ বরপ্রদানেন বর্ধয়ত্যমিতং ধনম্॥ ২৪
কারয়ামাস নৃপতিঃ সৌবর্ণং সর্বমীপ্সিতম্।
গৃহপ্রাকারদুর্গাণি ব্রাহ্মণাবসথান্যপি॥ ২৫
শয্যাসনানি যানানি স্থালী পিঠরভাজনম্।
তস্য রাজ্ঞোঽপি যদ্ বেশ্ম বাহ্যাশ্চোপস্করাশ্চ যে॥২৬
সর্বং তৎ কাঞ্চনময়ং কালেন পরিবর্ধিতম্।
অথ দস্যুগণাঃ শ্রুত্বা দৃষ্ট্বা চৈনং তথাবিধম্॥ ২৭
সম্ভূয় তস্য নৃপতেঃ সমারব্ধাশ্চিকীর্ষিতুম্।
কেচিৎ তত্রাব্রুবন্ রাজ্ঞঃ পুত্রং গৃহ্ণীম বৈ স্বয়ম্॥ ২৮
সোঽস্যাকরঃ কাঞ্চনস্য তস্য যত্নং চরামহে।
ততস্তে দস্যবো লুব্ধাঃ প্রবিশ্য নৃপতের্গৃহম্॥ ২৯
রাজপুত্রং তথা জহ্রুঃ সুবর্ণষ্ঠীবিনং বলাৎ।
গৃহ্যৈনমনুপায়জ্ঞা নীত্বারণ্যমচেতসঃ॥ ৩০
হত্বা বিশস্য চাপশ্যন্ লুব্ধা বসু ন কিঞ্চন।
তস্য প্রাণৈর্বিমুক্তস্য নষ্টং তদ্ বরদং বসু॥ ৩১
দস্যবশ্চ তদান্যোন্যং জঘ্নুর্মূর্খা বিচেতসঃ।
হত্বা পরস্পরং নষ্টাঃ কুমারং চাদ্ভুতং ভুবি॥ ৩২

ব্রাহ্মণগণ এই কথা বলিলে পর নারদ 'তথাস্তু' বলিয়া তাঁহাদের সেই অনুরোধ স্বীকার করিয়া লইলেন। তারপর সৃঞ্জয়কে পুনরায় এই কথা বলিলেন—রাজর্ষে! এই ব্রাহ্মণগণ প্রসন্ন হইয়া তোমাকে অভীষ্ট পুত্রলাভ করাইতে বাসনা করিতেছেন॥২১

তোমার কল্যাণ হউক। তোমার যেরূপ পুত্র অভীষ্ট, সেরূপ পুত্রের জন্য আজ বর প্রার্থনা কর। নারদ এই কথা বলিলে পর রাজা সৃঞ্জয় কৃতাঞ্জলি হইয়া তাঁহার নিকট সমস্ত সদ্গুণসম্পন্ন, যশস্বী, কীর্ত্তিমান্, তেজস্বী এবং শত্রুদমন পুত্রের বর প্রার্থনা করিলেন। তিনি বলিলেন,—মুনে! আমি এরূপ পুত্র প্রার্থনা করিতেছি, যাহার মল, মূত্র, থুথু ও প্রস্রাব প্রভৃতি সবই আপনার করুণায় স্বর্ণময় হইয়া যাইবে॥ ২২-২৩

ব্যাসদেব বলিলেন,—রাজন্! তখন নারদ মুনি কহিলেন, 'তাহাই হইবে'। তিনি এই কথা বলিলে পর রাজা সৃঞ্জয় মনোবাঞ্ছিত পুত্র লাভ করিলেন। মুনির প্রসাদে শোভাশালী পুত্র স্বর্ণের খনিস্বরূপ হইল। রাজা ইহাই কামনা করিয়াছিলেন। এই পুত্র যখন রোদন করিত, তখন তাহার চক্ষু হইতে স্বর্ণময় অশ্রু নির্গত হইত। এই কারণে সেই পুত্রের 'সুবর্ণ ষ্ঠীবী' এই নাম প্রসিদ্ধ হইয়া যাইল। বরদানের প্রভাবে সে অনন্ত ধনরাশি বৃদ্ধি করিতে লাগিল॥ ২৪

রাজা সৃঞ্জয় তখন গৃহ, প্রাসাদ, প্রাচীর, দুর্গ এবং ব্রাহ্মণগণের নিবাসস্থান এ সমস্ত অভীষ্ট বস্তু স্বর্ণের দ্বারা নির্ম্মাণ করাইলেন। শয্যা, আসন, যান, স্থালী, অন্যান্য বাসনপত্র, রাজার অন্তঃপুর এবং অন্যান্য বাহ্য উপকরণ সকল—এ সমস্তই স্বর্ণের দ্বারা নির্ম্মিত হইয়াছিল, যাহা সময়ানুসারে বৃদ্ধি পাইতে লাগিল।

তদনন্তর দস্যুগণ রাজার বৈভবের কথা শ্রবণ করিয়া এবং তাঁহাকে সেইরূপ ঐশ্বর্য্য সম্পন্ন দেখিয়া একত্রে মিলিতভাবে রাজার সেখানে ধনাদি অপহরণ করিতে লাগিল।

সেই দস্যুগণের মধ্যে কেহ কেহ এরূপ বলিল যে, আমরা সকলে স্বয়ংই এই রাজপুত্রকে নিজেদের অধিকারে লইয়া যাইব; কারণ, এই পুত্রই স্বর্ণের খনিতুল্য। অতএব আমরা তাহাকে ধরিয়া ফেলিবার জন্য যত্ন করিব।

তখন সেই সব দস্যুরা রাজান্তঃপুরে প্রবেশ করিয়া রাজকুমার সুবর্ণষ্ঠীবীকে বলপূর্ব্বক অপহরণ করিয়া লইয়া যাইল।

যোগ্য উপায়সম্বন্ধে অনভিজ্ঞ সেই বিবেকহীন দস্যুরা তাহাকে বনে লইয়া যাইয়া হত্যা করিল এবং তাহার দেহকে খণ্ড খণ্ড করিয়া দেখিতে লাগিল; কিন্তু তাহাতে অল্পও ধন দেখিতে পাওয়া যাইল না। সেই পুত্র প্রাণহীন হইলেই তাহার বরদায়ক বৈভব নষ্ট হইয়া যাইল॥ ২৫-৩১

সেই সময় এই বিচারশক্তিশূন্য, মূর্খ এবং দুরাচারী দস্যুগণ ভূমণ্ডলের এই অদ্ভুত ও অসম্ভব কুমারকে বধ করত পরস্পর

অসম্ভাব্যং গতা ঘোরং নরকং দুষ্টকারিণঃ।
তং দৃষ্ট্বা নিহতং পুত্রং বরদত্তং মহাতপাঃ॥ ৩৩
বিললাপ সুদুঃখার্তো বহুধা করুণং নৃপঃ।
বিলপন্তং নিশম্যাথ পুত্রশোকহতং নৃপম্॥ ৩৪
প্রত্যদৃশ্যত দেবর্ষির্নারদস্তস্য সন্নিধৌ।
উবাচ চৈনং দুঃখার্তং বিলপন্তমচেতসম্॥ ৩৫
সৃঞ্জয়ং নারদোঽভ্যেত্য তন্নিবোধ যুধিষ্ঠির।
(নারদ উবাচ।
ত্যজ শোকং মহারাজ বৈক্লব্যং ত্যজ বুদ্ধিমন্।
ন মৃতঃ শোচতো জীবেন্মুহ্যতো বা জনাধিপ॥
ত্যজ মোহং নৃপশ্রেষ্ঠ ন হি মুহ্যন্তি ত্বদ্বিধাঃ।
ধীরো ভব মহারাজ জ্ঞানবৃদ্ধোঽসি মে মতঃ॥)
কামানামবিতৃপ্তস্ত্বং সৃঞ্জয়েহ মরিষ্যসি॥ ৩৬
যস্য চৈতে বয়ং গেহে উষিতা ব্রহ্মবাদিনঃ।

পরস্পরকে বধ করিতে লাগিল। এইভাবে তাহারা পরস্পর কর্তৃক নিহত হইয়া ভয়ঙ্কর নরকে পতিত হইল।

মুনির বরে প্রাপ্ত সেই পুত্রকে নিহত দেখিয়া সেই মহাতপস্বী নরপতি অত্যন্ত দুঃখে পীড়িত হইয়া নানাপ্রকার করুণাজনক বিলাপ করিতে লাগিলেন।

পুত্রশোকে পীড়িত রাজা সৃঞ্জয় বিলাপ করিতেছেন ইহা শ্রবণ করিয়া দেবর্ষি নারদ তাঁহার নিকট উপস্থিত হইয়া তাঁহাকে দর্শনদান করিলেন।

যুধিষ্ঠির! দুঃখপীড়িত অচেতন হইয়া বিলাপকারী রাজা সৃঞ্জয়ের নিকট আসিয়া নারদ যাহা কিছু বলিয়াছিলেন, তাহা শ্রবণ কর।

(নারদ বলিলেন,—মহারাজ! শোক পরিত্যাগ কর। বুদ্ধিমান্ জননাথ! ব্যাকুলতা পরিহার কর। কোন ব্যক্তি যতই শোক করুন কিংবা তিনি দুঃখে মূর্চ্ছিতই হন্, ইহাতে মৃত মনুষ্য জীবিত হয় না।

নৃপশ্রেষ্ঠ! মোহ ত্যাগ কর, তোমার ন্যায় ব্যক্তির পক্ষে মোহিত হওয়া উচিত নহে। মহারাজ! ধৈর্য্যধারণ কর; কারণ, আমি তোমাকে জ্ঞানবৃদ্ধ বলিয়া মনে করি।)

সৃঞ্জয়! যাহার গৃহে ব্রহ্মবাদী মুনি আমরা বাস করি, সেই তুমি এখানে একদিন ভোগে অতৃপ্ত হইয়া মৃত্যুলাভ করিবে। সৃঞ্জয়! অবিক্ষিতের পুত্র রাজা মরুত্তও নিহত হইয়াছেন, ইহা

আবিক্ষিতং মরুত্তঞ্চ মৃতং সৃঞ্জয় শুশ্রুম॥ ৩৭
সংবর্তো যাজয়ামাস স্পর্দ্ধয়া বৈ বৃহস্পতেঃ।
যস্মৈ রাজর্ষয়ে প্রাদাদ্ ধনং স ভগবান্ প্রভুঃ॥ ৩৮
হৈমং হিমবতঃ পাদং যিযক্ষোর্বিবিধৈঃ স বৈ।
যস্য সেন্দ্রামরগণা বৃহস্পতিপুরোগমাঃ॥ ৩৯
দেবা বিশ্বসৃজঃ সর্বে যজনাস্তে সমাসতে।
যজ্ঞবাটস্য সৌবর্ণাঃ সর্বে চাসন্ পরিচ্ছদাঃ॥ ৪০
যস্য সর্বং তদা হ্যন্নং মনোঽভিপ্রায়গং শুচি।
কামতো বুভুজুর্বিপ্রাঃ সর্বে চান্নার্থিনো দ্বিজাঃ॥ ৪১
পয়ো দধি ঘৃতং ক্ষৌদ্রং ভোক্ষ্যং ভোজ্যঞ্চ শোভনম্।
যস্য যজ্ঞেষু সর্বেষু বাসাংস্যাহরণানি চ॥ ৪২
ঈপ্সিতান্যুপতিষ্ঠন্তে প্রহৃষ্টান্ বেদপারগান্।
মরুতঃ পরিবেষ্টারো মরুত্তস্যাভবন্ গৃহে॥ ৪৩
আবিক্ষিতস্য রাজর্ষের্বিশ্বে দেবাঃ সভাসদঃ।
যস্য বীর্য্যবতো রাজ্ঞঃ সুবৃষ্ট্যা শস্যসম্পদঃ॥ ৪৪

আমরা শ্রবণ করিয়াছি। ৩২-৩৭

বৃহস্পতির সহিত স্পর্দ্ধা করিয়া সংবর্তমুনি রাজর্ষি মরুত্তকে দিয়া যজ্ঞ করাইয়া ছিলেন। নানাবিধ যজ্ঞের দ্বারা শ্রীভগবান্‌কে আরাধনা করিবার ইচ্ছা পোষণ করিলে যাঁহাকে ভগবান্ শঙ্কর প্রচুর ধনরাশিরূপে হিমালয়ের এক সুবর্ণময় শিখর প্রদান করিয়াছিলেন এবং প্রতিদিন যজ্ঞকার্য্যের শেষে যাঁহার সভায় ইন্দ্রাদি দেবগণ এবং বৃহস্পতি প্রভৃতি প্রজাপতিগণ সভাসদ্‌রূপে উপবিষ্ট থাকিতেন। যাঁহার যজ্ঞে মণ্ডপের সর্ব্বাংশ ও সমস্ত দ্রব্যই স্বর্ণনির্ম্মিত ছিল। যাঁহার যজ্ঞস্থানে সকল দিনেই সর্ব্বপ্রকার অন্ন মনের ইচ্ছানুযায়ী পবিত্ররূপে উপভোগের জন্য পাওয়া যাইত। সমস্ত ভোজনার্থী ব্রাহ্মণগণ এবং দ্বিজগণ সেখানে নিজেদের ইচ্ছানুসারে দুধ, দধি, ঘৃত, মধু এবং সুন্দর সুন্দর ভক্ষ্য-ভোজ্য পদার্থসমূহ ভোজন করিতেন। যাঁহারা সকল যজ্ঞে অতিশয় প্রসন্ন, বেদসমূহের পারগামী বিদ্বান্ ব্রাহ্মণগণ নিজেদের কামনা অনুসারে বহু বস্ত্র ও অলঙ্কার লাভ করিতেন। যে রাজর্ষি মরুত্তের গৃহে মরুদ্‌গণ পক্ব অন্নাদি পরিবেশনের কার্য্য করিতেন। ৩৮-৪৩

সেই অবিক্ষিতপুত্র মরুত্তের ভবনে বিশ্বেদেবগণ সভাসদ্ ছিলেন। এই পরাক্রমশালী নরপতির রাজ্যে উত্তম বৃষ্টি হইত বলিয়া ক্ষেত্রে বহু শস্য উৎপন্ন হইত। যিনি উত্তম বিধি অনুসারে

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[রাজ্ঞঃ পৌরবস্যাদ্ভুতদানবৃত্তান্ত-কথনম্।]

নারদ উবাচ।

রাজানং পৌরবং বীরং মৃতং সৃঞ্জয় শুশ্রুম।
সহস্রং যঃ সহস্রাণাং শ্বেতানশ্বানবাসৃজৎ॥ ১
তস্যাশ্বমেধে রাজর্ষের্দেশাদ্দেশাৎ সমীয়ুষাম্।
শিক্ষাক্ষরবিধিজ্ঞানাং নাসীৎ সংখ্যা বিপশ্চিতাম্॥ ২
বেদবিদ্যাব্রতস্নাতা বদান্যাঃ প্রিয়দর্শনাঃ।
সুভিক্ষাচ্ছাদনগৃহাঃ সুশয্যাসনভোজনাঃ॥ ৩
নট-নর্ত্তক-গন্ধর্বৈঃ পূর্ণৈ কৈর্বর্ধমানকৈঃ।
নিত্যোদ্যোগৈশ্চ ক্রীড়দ্ভিস্তত্র স্ম পরিহর্ষিতাঃ॥ ৪
যজ্ঞে যজ্ঞে যথাকালং দক্ষিণাঃ সোঽত্যকালয়ৎ।
দ্বিপা দশসহস্রাখ্যাঃ প্রমদাঃ কাঞ্চনপ্রভাঃ॥ ৫
সধ্বজাঃ সপতাকাশ্চ রথা হেমময়াস্তথা।
যঃ সহস্রং সহস্রাণি কন্যা হেমবিভূষিতাঃ॥ ৬
ধূর্ষু জাশ্বগজারূঢ়াঃ সগৃহক্ষেত্রগোশতাঃ।
শতং শতসহস্রাণি স্বর্ণমালিমহাত্মনাম্॥ ৭
গবাং সহস্রানুচরান্ দক্ষিণামত্যকালয়ৎ।
হেমশৃঙ্গ্যো রৌপ্যখুরাঃ সবৎসাঃ কাংস্যদোহনাঃ॥ ৮
দাসীদাসখরোষ্ট্রাংশ্চ প্রাদাদাজাবিকং বহু।
রত্নানাং বিবিধানাঞ্চ বিবিধাংশ্চান্নপর্বতান্॥ ৯
তস্মিন্ সংবিততে যজ্ঞে দক্ষিণামত্যকালয়ৎ।
তত্রাস্য গাথা গায়ন্তি যে পুরাণবিদো জনাঃ॥ ১০
অঙ্গস্য যজমানস্য স্বধর্মাধিগতাঃ শুভাঃ।
গুণোত্তরাস্তু ক্রতবস্তস্যাসন্ সার্বকামিকাঃ॥ ১১
স চেন্মমার সৃঞ্জয় চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ॥ ১২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধপর্ব্বণি ষোড়শরাজকীয়ে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ॥ ৫৭

সপ্তপঞ্চাশত্তম অধ্যায়।

[রাজা পৌরবের অদ্ভুত দানবৃত্তান্ত কথন।]

নারদ বলিলেন,—সৃঞ্জয়! আমরা বীর রাজা পৌরবেরও মৃত্যুর কথা শ্রবণ করিয়াছি, যিনি দশলক্ষ শ্বেত বর্ণের অশ্ব দান করিয়াছিলেন। ১

এই রাজর্ষি পৌরবের অশ্বমেধ যজ্ঞে নানাদেশ হইতে আগত শিক্ষাশাস্ত্র, অক্ষর (বিভিন্ন দেশের লিপি) ও যজ্ঞবিধিতে অভিজ্ঞ বিদ্বান্‌গণের কোন সংখ্যাই ছিল না। ২

বেদবিদ্যার অধ্যয়নরূপ ব্রত শেষ করিয়া স্নাতক, উদার ও প্রিয়দর্শন পণ্ডিতগণ রাজার নিকট হইতে উত্তম অন্ন, বস্ত্র, গৃহ, সুন্দর শয্যা, আসন ও ভোজন লাভ করিতেন। ৩

নিত্য উদ্যোগী এবং ক্রীড়া অভিজ্ঞ নট, নর্ত্তক ও গন্ধর্ব্বগণ গন্ধদ্রব্যপূর্ণ শরাব (আরতির শরা) দ্বারা নিজেদের কলা-নৈপুণ্য দেখাইয়া সেই বিদ্বান্‌গণের মনোরঞ্জন ও হর্ষবর্দ্ধন করিত।

রাজা পৌরব প্রত্যেক যজ্ঞে যথাসময়ে প্রচুর দক্ষিণা বিভাগ করিয়া প্রদান করিতেন। তিনি স্বর্ণের ন্যায় কান্তিবিশিষ্ট দশ হাজার মদমত্ত হাতী, ধ্বজ এবং পতাকাশ্রেণীসহ স্বর্ণময় বহু-সংখ্যক রথ ও এক লক্ষ স্বর্ণভূষিত কন্যাদান করিয়াছিলেন। ৪-৬

সেই কন্যাগণ রথ, অশ্ব ও হস্তীর উপর আরূঢ় ছিল। ইহাদের সহিতই তিনি শত শত গৃহ, ক্ষেত্র ও গাভী প্রদান করিয়াছিলেন। রাজা পৌরব সুবর্ণমালামণ্ডিত বিশাল দেহ এক কোটি গরু এবং তাহাদের সহস্র সহস্র অনুচরগণকে দক্ষিণা রূপে দান করিয়াছিলেন।

স্বর্ণময় শৃঙ্গ, রজতময় খুর ও কাংস্যনির্ম্মিত দুগ্ধপাত্রসমন্বিত এবং বহু বৎসযুক্ত গাভীসকল ও দাস, দাসী, উট এবং ভেঁড়া প্রভৃতি প্রচুর সংখ্যায় দান করিলেন।

সেই বিশাল যজ্ঞে নানাপ্রকার রত্নরাজি এবং বিবিধ অন্ন-সমূহের পর্ব্বততুল্যরাশি তিনি দক্ষিণারূপে দান করিয়াছিলেন। সেই যজ্ঞের সম্বন্ধে প্রাচীন ইতিহাস বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ এই গাথা গান করেন। ৭-১০

যজমান অঙ্গাধিপতি পৌরবের সকল যজ্ঞই স্বধর্ম্মানুসারে প্রাপ্ত ও শুভ ছিল। ইহারা উত্তরোত্তর গুণবান্ ও সম্পূর্ণ কামনাসমূহের সিদ্ধিকারক ছিল॥ ১১

সৃঞ্জয়! রাজা পৌরব ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য—এই চারিটি বিষয়েই তোমা অপেক্ষা অধিক ছিলেন এবং তোমার পুত্র অপেক্ষাও অধিক পুণ্যাত্মা ছিলেন। শ্বৈত্য সৃঞ্জয়! যখন ইনিও নিহত হইয়াছেন, তখন তুমি যজ্ঞ ও দক্ষিণারহিত নিজ পুত্রের জন্য শোক করিও না। নারদ সৃঞ্জয়কে এই কথা বলিয়াছিলেন। ১২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের দ্রোণপর্ব্বান্তর্গত অভিমন্যুবধপর্ব্বে ষোড়শরাজকীয়োপাখ্যানবিষয়ক সপ্তপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।